

无边风月

রবীন্দ্র-রচনাবলী



রবীন্দ্র-রচনাবলী

প্রথম খণ্ড

বিশ্বভারতী



বিশ্বভারতী

৬ আচার্য জগদীশচন্দ্র বসু রোড। কলকাতা ১৭

১২৫তম রবীন্দ্রজন্মজয়ন্তী উপলক্ষে প্রকাশিত সূত্র সংস্করণ
শ্রাবণ ১৩৯৩
পুনর্মুদ্রণ পৌষ ১৪০২, বৈশাখ ১৪০৯
পৌষ ১৪১০

© বিশ্বভারতী

ISBN-81-7522-356-1 (V.1)
ISBN-81-7522-289-1 (Set)

প্রকাশক অধ্যাপক সুধেন্দু মণ্ডল
বিশ্বভারতী গ্রন্থনবিভাগ। ৬ আচার্য জগদীশচন্দ্র বসু রোড। কলকাতা ১৭

মুদ্রক ট্রায়ো প্রসেস
পি ১২৮ সি. আই. টি. রোড। কলকাতা ১৪

বিষয়সূচী

নিবেদন	[৭
ভূমিকা	[৯
প্রথম খণ্ডের বিজ্ঞপ্তি : প্রচলিত সংস্করণ	[১৩
অবতরণিকা	[১৫
কবিতা ও গান	
সঙ্ক্যাসংগীত	৩
প্রভাতসংগীত	৪৭
ছবি ও গান	৯১
ভানুসিংহ ঠাকুরের পদাবলী	১৩৯
কড়ি ও কোমল	১৬১
মানসী	২৩১
নাটক ও প্রহসন	
প্রকৃতির প্রতিশোধ	৩৫৫
বাল্মীকিপ্রতিভা	৩৯৩
মায়ার খেলা	৪১৯
রাজা ও রানী	৪৪৭
বিসর্জন	৫৩৭
উপন্যাস ও গল্প	
বউ-ঠাকুরানীর হাট	৬০৭
রাজর্ষি	৬৯৯
প্রবন্ধ	
যুরোপ-প্রবাসীর পত্র	৭৯৭
যুরোপ-যাত্রীর ডায়ারি	৮৩৫
চিঠিপত্র	৮৫৯
পঞ্চভূত	৮৮৫
গ্রন্থপরিচয়	৯৫১
বিজ্ঞপ্তি : সুলভ সংস্করণ	৯৬৫
বর্ণানুক্রমিক সূচী	৯৬৭

চিত্রসূচী

রবীন্দ্রনাথ

রবীন্দ্রনাথ

রবীন্দ্রনাথ

বিলাতে রবীন্দ্রনাথ

রবীন্দ্রনাথ : জ্যেষ্ঠা কন্যা মাধুরীলতা ও জ্যেষ্ঠ পুত্র রথীন্দ্রনাথ -সহ

'মানসী'র পাণ্ডুলিপির একটি পৃষ্ঠার প্রতিলিপি

'বাল্মীকিপ্রতিভা'-অভিনয়ে বাল্মীকির ভূমিকায় রবীন্দ্রনাথ

'বাল্মীকিপ্রতিভা'-অভিনয়

'ভগ্নহৃদয়' গ্রন্থের পাণ্ডুলিপির একটি পৃষ্ঠার প্রতিলিপি

রবীন্দ্রনাথ ও তাঁহার সহধর্মিণী

জয়সিংহের ভূমিকায় রবীন্দ্রনাথ

রঘুপতির ভূমিকায় রবীন্দ্রনাথ

বিলাতে রবীন্দ্রনাথ

যৌবনে রবীন্দ্রনাথ

রবীন্দ্রনাথ : ভ্রাতৃস্পুত্রী ইন্দিরাদেবী ও ভ্রাতৃস্পুত্র সুরেন্দ্রনাথ -সহ

নিবেদন

রবীন্দ্রনাথের সমগ্র বাংলা রচনার একটি নূতন সংস্করণ খণ্ডে খণ্ডে প্রকাশের আয়োজন হইল। প্রত্যেক খণ্ডে চারিটি ভাগ থাকিবে— ১. কবিতা ও গান ২. নাটক ও প্রহসন ৩. উপন্যাস ও গল্প ৪. প্রবন্ধ। রচনাগুলি যথাসম্ভব গ্রন্থপ্রকাশের কালানুক্রম অনুসারে মুদ্রিত হইবে।

এইখানে একটি কথা উল্লেখ প্রয়োজন। বিভিন্ন সময়ে বিভিন্ন পত্রিকায় প্রকাশিত কবির অনেক রচনা কোনো পুস্তকে সন্নিবিষ্ট হয় নাই। সেই-সকল রচনা সংগৃহীত হইতেছে, সর্বশেষ খণ্ডে সেগুলি সন্নিবিষ্ট হইবে। প্রকাশকাল অনুসারে সেগুলি যথাস্থানে যোজনা করা এখন আর সম্ভব হইল না।

আর-একটি কথা কবি তাঁহার ভূমিকায় উল্লেখ কবিয়াছেন। তিনি তাঁহার প্রথম-বয়সের অনেক রচনা অত্যন্ত অপরিণত বলিয়া বর্জন করিতে ইচ্ছা করেন, এই রচনাবলীতে সেগুলিকে স্থান দিতে চাহেন না। এই প্রসঙ্গে তিনি আমাদেরকে জানাইয়াছেন—

‘ভূরিপরিমাণ যে-সকল লেখাকে আমি ত্যাজ্য বলে গণ্য করি আপনাদের সম্মিলিত নির্বন্ধে সেগুলিকেও স্বীকার করে নিতে হবে। আমার লজ্জা চিরন্তন হয়ে যাবে এবং তাতে আমার নাম-স্বাক্ষর থাকবে। অর্থাৎ ভাবী কালের সামনে যখন দাঁড়াব তখন গাধার টুপিটা খুলতে পারব না। আপনারা তর্ক করে থাকেন, ইতিহাসের আবর্জনা দিয়ে যে গাধার টুপিটা বানানো হয়, ইতিহাসের খাতিরে সেটা মহাকালের আসরে পরে আসতেই হবে। কবির তাতে মাথা হেঁট হয়ে যায়। ইতিহাসও বহু অবাস্তবকে বর্জন করতে করতে তবে সত্য ইতিহাস হয়। মানুষের অতিবৃদ্ধপ্রপিতামহের দেহে যে একটা লম্বমান প্রত্যঙ্গ ছিল সেটাকে সর্বদা পশ্চাতে যোজনা করে বেড়ালে মানুষের ইতিহাস উজ্জ্বল হয় না, এ কথা মানব সন্তান মাত্রেই স্বীকার করে থাকে।’

ভূমিকাতেও তিনি এইরূপ যুক্তি দিয়াছেন। তবে শেষ অবধি একটা আপস-নিষ্পত্তি হইয়াছে, যে-সব রচনা তিনি বর্জনীয় বলিয়া মনে করেন তাহার অধিকাংশই পরিশিষ্ট খণ্ডে স্থান পাইবে।

বিভিন্ন সংস্করণে অনেক গ্রন্থের স্থানে স্থানে কবি অল্পবিস্তর পরিবর্তন করিয়াছেন। বর্তমানে যে পাঠ তাঁহার অনুমোদিত, এই রচনাবলীতে সেই পাঠই অনুসৃত হইল।

আশ্বিন ১৩৪৬

শ্রীচাক্রচন্দ্র ভট্টাচার্য

ভূমিকা

বিশ্বভারতী গ্রন্থপ্রকাশ-সমিতির অধ্যক্ষেরা আমার গদ্য পদ্য সমস্ত লেখা একসঙ্গে জড়ো করে বিশেষভাবে সাজিয়ে ছাপাবার সংকল্প করেছেন। কাজটি পরিমাণে বৃহৎ এবং সম্পাদনায় দুঃখসাধ্য; এরকম অনুষ্ঠান আমাদের দেশের সকল শ্রেণীর সাহিত্যবিচারকদের সম্পূর্ণ মনের মতো করে তোলা কারও শক্তিতে নেই এ কথা নিশ্চিত জেনে নিজে এর দায়িত্ব থেকে নিষ্কৃতি নিয়েছি। যারা সাহস করে এর ভার বহন করতে প্রস্তুত তাঁদের জন্যে উদ্ভিগ্ন রইলুম।

অতি অল্প বয়স থেকে স্বভাবতই আমার লেখার ধারা আমার জীবনের ধারার সঙ্গে সঙ্গেই অবিচ্ছিন্ন এগিয়ে চলেছে। চারি দিকের অবস্থা ও আবহাওয়ার পরিবর্তনে এবং অভিজ্ঞতার নূতন আমদানি ও বৈচিত্র্যে রচনার পরিণতি নানা ঝাঁক নিয়েছে ও রূপ নিয়েছে; একটা কোনো ঐক্যের স্বাক্ষর তাদের সকলের মধ্যে অঙ্কিত হয়ে নিশ্চয়ই পরস্পরের আত্মীয়তার প্রমাণ দিতে থাকে। যারা বাইরে থেকে সন্ধান ও চর্চা করেন তাঁদের বিচারবুদ্ধির কাছে সেটা ধরা পড়ে। কিন্তু লেখকের কাছে সেটা স্পষ্ট গোচর হয় না। মনের ভিন্ন ভিন্ন ঋতুতে যখন ফুল ফোটায়, ফল ফলায়, তখন সেইটের আবেগ ও বাস্তবতাই কবির কাছে হয় একান্ত প্রত্যক্ষ। তার মাঝে মাঝে সময় আসে যখন ফলন যায় কমে, যখন হাওয়ার মধ্যে প্রাণশক্তির প্রেরণা হয় ক্ষীণ। তখন ইতস্তত যে ফসলের চিহ্ন দেখা দেয় সে আগেকার কাটা শসোর পোড়ো বীজের অঙ্কুর। এই অফলা সময়গুলো ভোলবার যোগ্য। এটা হল উৎসবস্তির ক্ষেত্র তাঁদেরই কাছে যারা ঐতিহাসিক সংগ্রহকর্তা। কিন্তু ইতিহাসের সম্বল আর কাবোর সম্পত্তি এক জাতের নয়।

ইতিহাস সবই মনে রাখতে চায় কিন্তু সাহিত্য অনেক ভোলে। ছাপাখানা ঐতিহাসিকের সহায়। সাহিত্যের মধ্যে আছে বাছাই করার ধর্ম, ছাপাখানা তার প্রবল বাধা। কবির রচনাক্ষেত্রকে তুলনা করা যেতে পারে নীহারিকার সঙ্গে। তার বিস্তীর্ণ ঝাপসা আলোর মাঝে মাঝে ফুটে উঠেছে সংহত ও সমাপ্ত সৃষ্টি। সেইগুলিই কাব্য। আমার রচনায় আমি তাদেরই স্বীকার করতে চাই। বাকি যত ক্ষীণ বাষ্পীয় ফাঁকগুলি যথার্থ সাহিত্যের শামিল নয়। ঐতিহাসিক জ্যোতির্বিজ্ঞানী; বাষ্প, নক্ষত্র, ফাঁক, কোনোটাকেই সে বাদ দিতে চায় না।

আমার আয়ু এখন পরিণামের দিকে এসেছে। আমার মতে আমার শেষ কর্তব্য হচ্ছে, যে লেখাগুলিকে মনে করি সাহিত্যের লক্ষ্যে এসে পৌঁছেছে তাদের রক্ষা করে বাকিগুলোকে বর্জন করা। কেননা রসসৃষ্টির সত্য পরিচয়ের সেই একমাত্র উপায়। সব-কিছুকে নির্বিচারে রাশীকৃত করলে সমগ্রকে চেনা যায় না। সাহিত্যরচয়িতারূপে আমার চিন্তের যে একটি চেহারা আছে সেইটেকে স্পষ্ট করে প্রকাশ করা যেতে পারলেই আমার সার্থকতা। অরণ্যকে চেনাতে গেলেই জঙ্গলকে সাফ করা চাই, কুঠারের দরকার।

একেবারে শ্রেষ্ঠ লেখাগুলিকে নিয়েই আঁট করে তোড়া বাঁধতে হবে এ কথা আমি বলি নে। একটা আদর্শ আছে সেটা নিছক পয়লা শ্রেণীর আদর্শ নয়, সেটা সাধারণ চলতি শ্রেণীর আদর্শ। তার মধ্যে পরস্পরের মূল্যের কমবেশি আছে। রেলগাড়িতে যেমন প্রথম দ্বিতীয় তৃতীয় শ্রেণীর কামরা। তাদের রূপের ও ব্যবহারের আদর্শ ঠিক এক নয় কিন্তু চাকায় চাকায় মিল আছে। একটা সাধারণ সমাপ্তির আদর্শ তারা সকলেই রক্ষা করেছে। যারা অসম্পূর্ণ, কারখানা-ঘরের বাইরে তাদের আনা উচিত হয় না। কিন্তু তারা যে অনেকে এসে পড়েছে, তা এই বইয়ের গোড়ার দিকের কবিতাগুলি দেখলে ধরা পড়বে। কুয়াশা যেমন বৃষ্টি নয় এরাও তেমনি কবিতা নয়। যারা পড়বেন তারা এই-সব কাঁচা বয়সের অকালজাত অসহীনতার নমুনা দেখে যদি হাসতে হয় তো হাসবেন, তবু একটুখানি দয়া রাখবেন মনে এই ভেবে যে, ভাগ্যক্রমে এই

আরম্ভই শেষ নয়। এই প্রসঙ্গে একটা কথা জানিয়ে রাখি এই বইয়ে যে গীতিনাট্য ছাপানো হয়েছে তার গানগুলিকে কেউ যেন কবিতা বলে সন্দেহ না করেন।

সাহিত্য রচনার মধ্যে জীবধর্ম আছে। নানা কারণে তারা সবাই একই পূর্ণতায় দেখা দেয় না। তাদের সবাইকে একত্রে এলোমেলো বাড়তে দিলে সবারই ক্ষতি হয়। মনে আছে এক সময়ে বিজয়া পত্রে বিপিনচন্দ্র পাল আমার রচিত গানের সমালোচনা করেছিলেন। সে সমালোচনা অনুকূল হয় নি। তিনি আমার যে-সব গানকে তলব দিয়ে বিচারকক্ষে দাঁড় করিয়েছিলেন তাদের মধ্যে বিস্তর ছেলেমানুষি ছিল। তাদের সাক্ষা সংশয় এনেছিল সমস্ত রচনার 'পরে। তারা সেই পরিণতি পায় নি যার জোরে গীতসাহিত্যসভায় তারা আপনাদের লজ্জা নিবারণ করতে পারে। ইতিহাসের রসদ জোগাবার কাজে ছাপাখানার আড়কাঠির হাতে সাহিত্যমহলে তাদের চালান দেওয়া হয়েছে। তাদের সরিয়ে আনতে গেলে ইতিহাস আপন পুরাতন দাবির দোহাই পেড়ে আপত্তি পেশ করে।

আজ যদি আমার সমস্ত রচনার সমগ্র পরিচয় দেবার সময় উপস্থিত হয়ে থাকে তবে তাদের মধ্যে ভালো মন্দ মাঝারি আপন আপন স্থান পাবে এ কথা মানা যেতে পারে। তারা সবাই মিলেই সমষ্টির স্বাভাবিকতা রক্ষা করে। কেবল যাদের মধ্যে পরিণতি ঘটে নি তারা কোনো এক সময়ে দেখা দিয়েছিল বলেই যে ইতিহাসের খাতিরে তাদের অধিকার স্বীকার করতে হবে এ কথা শ্রদ্ধেয় নয়। সেগুলোকে চোখের আড়াল করে রাখতে পারলেই সমস্তগুলোর সম্মান থাকে।

অতএব আমার সমস্ত লেখা সংগ্রহ করার মানে হচ্ছে এই যে, যে-সব লেখা অন্তত আমারই রচনার আদর্শ অনুসারে লেখায় প্রস্ফুট হয়ে দাঁড়িয়েছে তাদের একত্র করা। বিধাতার হাতের কাজে অসম্পূর্ণ সৃষ্টি মাঝে মাঝে দেখা দেয়, কিন্তু দেখা দিয়েছে বলেই যে টিকে যায় তা নয়, সম্পূর্ণ সৃষ্টির সঙ্গে সামঞ্জস্য হয় না বলেই তাদের জবাব দেওয়া হয়। সেইরকম জবাব-দেওয়া লাঞ্ছন-ধারী রচনা অনেকগুলিই পাওয়া যাবে এই গ্রন্থের শুরু থেকেই, তাদের ভিড় ঠেলে পাঠকেরা আপন চেষ্টায় যদি পথ করে চলে যান তবে তাদের প্রতি সদ্ব্যবহার করা হবে। প্রথম বুনোনির সময় যে মাটি বৃষ্টি পায় নি, তার তৃষার্ত পীড়িত বীজ থেকে কুঞ্চিত হয়ে যে অঙ্কুর বেরোয় সে যেমন কিছু একটা প্রকাশ করতে চায় কিন্তু তার পূর্বেই ব্যর্থ হয়ে যায় মরে। সঙ্ক্যাসংগীতের কবিতা সেই জাতের। একে সংগ্রহ করে রাখবার মূল্য নেই। এর কেবল একটা দাম আছে, সে হচ্ছে চিত্তচাঞ্চল্যের আবেগে বাঁধা ছন্দের শিকল ভাঙা।

অনেক দিনের রচনাগুলো যখন একত্র জমা করা যায় তখন এই ভাবনাটা মনে আসে। তারা নানা বয়সের ও মনের নানা অবস্থার সামগ্রী। শুধু নিজের মনের নয় চারি দিকের মনের। ইতিহাসের এই অনিবার্য বৈচিত্র্যের ভিতর দিয়েই সাহিত্যের তরী চলে আপন তীরে। সকলের চেয়ে ভেদ ঘটায় রচনাশক্তির কমিবেশিতে। এক সময়ে বিশেষ রসের আয়োজন মনকে যা টেনেছিল, আর-এক সময়ে তা টানে না, কিংবা অন্যরকম করে টানে। তাতে কোনো ক্ষতি হয় না যদি তার তৎকালীন প্রকাশটা হয় সম্পূর্ণ জোরের সঙ্গে। অনেক সময়ে সেইটেই হয় না। আমরা যাকে বলি ছেলেমানুষি, কাব্যের বিষয় হিসাবে সেটা অতি উত্তম, রচনার রীতি হিসাবে সেটা উপেক্ষার যোগ্য। বয়সের এক পর্বে যা লিখেছি অন্য পর্বে তা লিখি নে কিংবা হয়তো অন্যরকম করে লিখি। সেই তার রূপ ও রসের পরিবর্তন যদি যথাসময়ে আপন প্রকাশরীতির যোগ্য বাহন পেয়ে থাকে তা হলে কোনো নালিশ থাকে না। যুগপরিবর্তন ইতিহাসের অঙ্গ, কিন্তু সাহিত্যের একটা মূলনীতি সকল পরিবর্তনের ভিতর দিয়ে মানুষের মনকে আনন্দের জোগান দিয়ে থাকে, সেটা হচ্ছে আমাদের অলংকারশাস্ত্রে যাকে বলে রসতত্ত্ব। এই রস আধুনিকী বা সনাতনী কোনো বিশেষ মালমসলার ফরমাশে তৈরি হয় না। কখনো কখনো কোনো অর্থনৈতিক রাষ্ট্রনৈতিক সমাজনৈতিক গাঁড়ামি জেগে উঠে রসসৃষ্টিশালায় ডিক্টেটরি করতে আসে, বাইরে

থেকে দণ্ড হাতে তাদের শাসন চালায়, মনে করে চিরকালের মতো অপ্রতিহত তাদের প্রভাব। তাদের তকমা চোখ ভোলায় যাদের, তারা রসরাজ্যের বাইরের লোক, তারা রবাহূত; এক-একটা বিশেষ রব শুনে অভিভূত হয়, ভিড় করে। রসের প্রকৃতি হচ্ছে যাকে বলা যায় গুহাহিত, অভাবনীয়, সে কোনো বিশেষ উদ্বেজিত সাময়িকতার আইনকানূনের অধীন নয়। তার প্রকাশ এবং তার লুপ্তি মানবপ্রকৃতির যে নিগূঢ় বিশেষত্বের সঙ্গে জড়িত তা কেউ স্পষ্ট নির্ণয় করতে পারে না। স্বভাবের গহন সৃষ্টিশালার গভীর প্রেরণায় মানুষ আপন খেলনা গড়ে আবার খেলনা ভাঙে। আমরা কারিগররা তার সেই ভাঙাগড়ার লীলায় উপকরণ জুগিয়ে আসছি। কিন্তু সেগুলো নিতান্ত খেলনা নয়, সেগুলো কীর্তি, প্রত্যেকবার মানুষ এই আশা করে, নইলে তার হাত চলে না। অথচ সেইসঙ্গেই একটা নিরাসক্ত বৈরাগ্যকে রক্ষা করতে পারলেই ভালো।

আমার আশি বছর বয়সের সাহিত্যিক প্রয়াসকে সম্পূর্ণ আকারে পুঞ্জিত করবার এই যে চেষ্টা আজ দেখছি, এর মধ্যে নিশ্চিত অনুমান করছি অনেক গাঁথুনি আছে, যার উপরে, আগামী কালের বিস্মরণের দূত প্রত্যহ অদৃশ্য কালিতে আসন্ন লুপ্তির চিহ্ন অঙ্কিত করে চলেছে। এ সম্বন্ধে আমার মনে কোনো মোহ নেই, এবং ক্ষোভ করাও বৃথা বলে মনে করি।

এই যদি সত্য হয়, তবে যে সুহৃদ্রা আমার রচনাগুলি রক্ষণীয় বলে গণ্য করছেন তাঁদের ইচ্ছাকে কী বলে সম্মান করা যায়। এ উপলক্ষে পৃথিবীতে জীববংশধারার ইতিহাস স্মরণের যোগ্য। কালের পরিবর্তিত গতির সঙ্গে অনেক জীব তাল রেখে চলতে পারে নি। প্রাণরঙ্গশালা থেকে সেই বেতালাদের সরিয়ে দেওয়া হয়েছে। কিন্তু সবাই তো সরে নি। অনেক আছে কালের সঙ্গে তাদের মিল ভাঙে নি। আজ নূতনও তাদের দাবি করে, পুরাতনও তাদের ত্যাগ করে নি। কি শিল্পকলায় কি সাহিত্যে, যদি তার যথেষ্ট প্রমাণ না থাকত তা হলে বলতে হত— সৃষ্টিকর্তা মানুষের মন আপন পিছনের রাস্তা ক্রমাগত পুড়িয়ে ফেলতে ফেলতেই চলেছে। কথাটা তো সত্য নয়। মানুষ সামনের দিকে যেমন অগ্রসরণ করে তেমনি অনুসরণ করে পিছনের, নইলে তার চলাই হয় না। পিছনহারা সাহিত্য বলে যদি কিছু থাকে সে কবন্ধ, সে অস্বাভাবিক।

তাই বলছি, আজ যারা আমার রচনাকে স্থায়ী সম্মানের রূপ দিতে প্রবৃত্ত হয়েছেন তাঁরা আপন রুচি ও সংস্কৃতি-অনুসারে তার স্থায়িত্ব উপলব্ধি করেছেন। মানুষ আপনার এই উপলব্ধিকে বিশ্বাস করেই পাকা ইমারতের কাজ ফাঁদে, ভুল হতে পারে, কিন্তু ভুল না হওয়ার সম্ভাবনাকে মানুষ যে আস্থা করে সেই আস্থারই মূল্য বেশি। বর্তমান অনুষ্ঠানকর্তাদের সম্বন্ধে এই হচ্ছে বলবার কথা। আর আমার কথা যদি বল, আমি মনুর উপদেশ মানব— নাভিনন্দেত মরণং নাভিনন্দেত জীবিতং। যে যায় যাক্, যে থাকে থাক্। সেইসঙ্গে মিথ্যা বিনয়ের ভান করব না। বন্ধুরা আমার এতকালের অধ্যবসায়কে যে নিশ্চিত শ্রদ্ধার মূল্য দিতে প্রবৃত্ত হয়েছেন আমিও তাকে শ্রদ্ধা করে সেই দানের মধ্যে আমার শেষ পুরস্কার গ্রহণ করব। কাল তাঁদের ফাঁকি দেবে না এবং বিড়ম্বনা করবে না কবিকেও, এই কথায় সংশয় করার চেয়ে বিশ্বাস করাতে উপস্থিত লাভ, কেননা কালের দরবারে এর শেষ মীমাংসার সম্ভাবনা দূরে আছে।

সবশেষে এই কথা জানিয়ে রাখছি, যারা এই গ্রন্থপ্রকাশের ভার নিয়েছেন তাঁদের দুঃসাধ্য কাজে আমি যথাসাধ্য দৃষ্টি রাখব এবং তাঁরা আমার সমর্থনের অনুসরণ করবেন।

প্রথম খণ্ডের বিজ্ঞপ্তি

কবির সপ্ততিতম জয়ন্তী উপলক্ষে ছাত্রছাত্রীগণের সংবর্ধনার উত্তরে তিনি যে প্রতিভাষণ পাঠ করেন বালক-কবির সাহিত্যক্ষেত্রে প্রথম প্রবেশ হইতে আরম্ভ করিয়া নানা পর্বের মধ্য দিয়া তাঁহার কবিজীবনের পরিণতির কথা অল্পপরিসরের মধ্যে তাহাতে লিপিবদ্ধ হইয়াছে। রবীন্দ্র-রচনাবলীর অবতরণিকারূপে এই প্রতিভাষণটি মুদ্রিত হইল।

প্রথম খণ্ডের চারিটি ভাগে যথাক্রমে সঙ্কাসংগীত, প্রকৃতির প্রতিশোধ, বউ-ঠাকুরানীর হাট ও যুরোপ-প্রবাসীর পত্র প্রথম স্থান পাইয়াছে। ইহার পূর্বে লিখিত অনেক রচনা আমাদের প্রস্তাবিত ব্যবস্থা-অনুসারে পরিশিষ্ট খণ্ডে প্রকাশিত হইবে।

এই রচনাবলী প্রকাশকল্পে বিশেষ শ্রম স্বীকার করিয়া ও সর্বদা আমাদের উপদেশ দিয়া শ্রীযুক্ত রাজশেখর বসু আমাদের একান্ত কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। শ্রীযুক্ত কিশোরীমোহন সাতরা, শ্রীযুক্ত বিজনবিহারী ভট্টাচার্য ও শ্রীযুক্ত পুলিনবিহারী সেন এই রচনাবলীর সম্পাদনায় সহযোগিতা করিয়া গ্রন্থপ্রকাশ সহজসাধা করিয়াছেন। রবীন্দ্রনাথের বিভিন্ন গ্রন্থের প্রকাশকাল ইত্যাদি সম্বন্ধে শ্রীযুক্ত প্রভাতকুমার মুখোপাধ্যায়, শ্রীযুক্ত প্রশান্তচন্দ্র মহলানবীশ ও শ্রীযুক্ত অমলচন্দ্র হোমের রচনা হইতে কোনো কোনো বিষয়ে সাহায্য লইয়াছি। শ্রীযুক্ত নন্দলাল বসু, শ্রীযুক্ত অনিলকুমার চন্দ, শ্রীযুক্ত ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত যতীন্দ্রকুমার সেন, শ্রীযুক্ত সজনীকান্ত দাস, শ্রীযুক্ত পৃথ্বীসিং নাহার ও শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ কর নানা বিষয়ে আমাদের আনুকূলা ও সহায়তা করিয়াছেন। ইহাদের সকলের নিকট আমাদের আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করি।

রবীন্দ্রনাথের সমগ্র বাংলা রচনাবলীর সম্পাদন সহজসাধা ও সর্বাঙ্গসুন্দর করিবার জন্য রবীন্দ্র-সাহিত্যানুরাগী সকলেরই সাহায্য ও সহযোগিতা প্রার্থনা করি।

[১৩৪৬]

শ্রীচরুচন্দ্র ভট্টাচার্য



অবতরণিকা

যে সংসারে প্রথম চোখ মেলেছিলুম সে ছিল অতি নিভৃত । শহরের বাইরে শহরতলীর মতো, চারি দিকে প্রতিবেশীর ঘরবাড়িতে কলরবে আকাশটাকে ঝাঁট করে ঝাড়ে নি ।

আমাদের পরিবার আমার জন্মের পূর্বেই সমাজের নোঙর তুলে দূরে ঝাড়া-ঘাটের বাইরে এসে ভিড়েছিল । আচার-অনুশাসন ক্রিয়াকর্ম সেখানে সমস্তই বিরল ।

আমাদের ছিল মস্ত একটা সাবেক কালের বাড়ি, তার ছিল গোটাকতক ভাঙা ঢাল বর্শা ও মরচে-পড়া তলোয়ার -খাটানো দেউড়ি, ঠাকুরদালান, তিন-চারটে উঠোন, সদর-অন্দরের বাগান, সংবৎসরের গঙ্গাজল ধরে রাখবার মোটা মোটা জালা-সাজানো অঙ্ককার ঘর । পূর্বযুগের নানা পালপার্বণের পর্যায় নানা কলেবরে সাজে সজ্জায় তার মধ্য দিয়ে একদিন চলাচল করেছিল, আমি তার স্মৃতিরও বাইরে পড়ে গেছি । আমি এসেছি যখন, এ বাসায় তখন পুরাতন কাল সদা বিদায় নিয়েছে, নতুন কাল সবে এসে নামল, তার আসবাবপত্র তখনো এসে পৌঁছয় নি ।

এ বাড়ি থেকে এ-দেশীয় সামাজিক জীবনের শ্রোত যেমন সরে গেছে তেমনি পূর্বতন ধনের শ্রোতেও পড়েছে ভাঁটা । পিতামহের ঐশ্বর্য দীপাবলী নানা শিখায় একদা এখানে দীপ্যমান ছিল, সেদিন বাকি ছিল দহনশেষের কালো দাগগুলো, আর ছাই, আর একটিমাত্র কম্পমান ক্ষীণ শিখা । প্রচুর উপকরণসমাকীর্ণ পূর্বকালের আমোদ-প্রমোদ-বিলাস-সমারোহের সরঞ্জাম কোণে কোণে ধূলিমলিন জীর্ণ অবস্থায় কিছু কিছু বাকি যদি বা থাকে তাদের কোনো অর্থ নেই । আমি ধনের মধ্যে জন্মাই নি, ধনের স্মৃতির মধ্যেও না ।

নিরালায় এই পরিবারে যে স্বাতন্ত্র্য জেগে উঠেছিল সে স্বাভাবিক, মহাদেশ থেকে দূরবিচ্ছিন্ন দ্বীপের গাছপালা জীবজন্তুরই স্বাতন্ত্র্যের মতো । তাই আমাদের ভাষায় একটা কিছু ভঙ্গি ছিল কলকাতার লোক যাকে ইশারা করে বলত ঠাকুরবাড়ির ভাষা । পুরুষ ও মেয়েদের বেশভূষাতেও তাই, চালচলনেও ।

বাংলা ভাষাটাকে তখন শিক্ষিতসমাজ অন্দরে মেয়েমহলে ঠেলে রেখেছিলেন ; সদরে ব্যবহার হত ইংরেজি— চিঠিপত্রে, লেখাপড়ায়, এমন-কি, মুখের কথায় । আমাদের বাড়িতে এই বিকৃতি ঘটতে পারে নি । সেখানে বাংলা ভাষার প্রতি অনুরাগ ছিল সুগভীর, তার ব্যবহার ছিল সকল কাজেই ।

আমাদের বাড়িতে আর-একটি সমাবেশ হয়েছিল সেটি উল্লেখযোগ্য । উপনিষদের ভিতর দিয়ে প্রাক্‌পৌরাণিক যুগের ভারতের সঙ্গে এই পরিবারের ছিল ঘনিষ্ঠ সম্বন্ধ । অতি বাল্যকালেই প্রায় প্রতিদিনই বিশুদ্ধ উচ্চারণে অনর্গল আবৃত্তি করেছি উপনিষদের শ্লোক । এর থেকে বুঝতে পারা যাবে সাধারণত বাংলাদেশে ধর্মসাধনায় ভাবাবেগের যে উদ্বেলতা আছে আমাদের বাড়িতে তা প্রবেশ করে নি । পিতৃদেবের প্রবর্তিত উপাসনা ছিল শাস্ত সমাহিত ।

এই যেমন এক দিকে তেমনি অন্য দিকে আমার গুরুজনদের মধ্যে ইংরেজি সাহিত্যের আনন্দ ছিল নিবিড় । তখন বাড়ির হাওয়া শেকস্পীয়রের নাট্যরস-সঙ্কোচে আন্দোলিত, সার ওঅল্টার স্কটের প্রভাবও প্রবল । দেশপ্ৰীতির উদ্দাদনা তখন দেশে কোথাও নেই । রঙ্গলালের “স্বাধীনতাহীনতায় কে ঝাঁচিতে চায় রে” আর তার পরে হেমচন্দ্রের “বিংশতি কোটি মানবের বাস” কবিতায় দেশমুক্তি-কামনার সুর ভোরের পাখির কাকলির মতো শোনা যায় । হিন্দুমেলার পরামর্শ ও আয়োজনে আমাদের বাড়ির সকলে তখন উৎসাহিত, তার প্রধান কর্মকর্তা ছিলেন নবগোপাল মিত্র । এই মেলার গান ছিল মেজদাদার লেখা “জয় ভারতের জয়”, গগদাদার লেখা “লজ্জায় ভারত-যশ গাইব কী করে”, বড়দাদার “মলিন মুখচন্দ্রমা ভারত তোমারি” ।

জ্যোতিদাদা এক গুপ্তসভা স্থাপন করেছেন— একটি পোড়ো বাড়িতে তার অধিবেশন ; ঋগবেদের পুঁথি, মড়ার মাথার খুলি আর খোলা তলোয়ার নিয়ে তার অনুষ্ঠান ; রাজনারায়ণ বসু তার পুরোহিত ; সেখানে আমরা ভারত-উদ্ধারের দীক্ষা পেলেম ।

এই-সকল আকাঙ্ক্ষা উৎসাহ উদ্যোগ এর কিছুই ঠেলাঠেলি ভিড়ের মধ্যে নয় । শান্ত অবকাশের ভিতর দিয়ে ধীরে ধীরে এর প্রভাব আমাদের অন্তরে প্রবেশ করেছিল । রাজসরকারের কোতোয়াল হয় তখন সতর্ক ছিল না, নয় উদাসীন ছিল, তারা সভার সভ্যদের মাথার খুলি ভঙ্গ বা রসভঙ্গ করতে আসে নি ।

কলকাতা শহরের বক্ষ তখন পাথরে বাঁধানো হয় নি, অনেকখানি কাঁচা ছিল । তেল কলের ধোঁওয়ায় আকাশের মুখে তখনো কালি পড়ে নি । ইমারত-অরণ্যের ফাঁকায় ফাঁকায় পুকুরের জলের উপর সূর্যের আলো ঝিকিয়ে যেত, বিকেলবেলায় অশথের ছায়া দীর্ঘতর হয়ে পড়ত, হাওয়ায় দুলত নারকেল গাছের পত্র-ঝালর, বাঁধা নালা বেয়ে গঙ্গার জল ঝরনার মতো ঝরে পড়ত আমাদের দক্ষিণ বাগানের পুকুরে, মাঝে মাঝে গলি থেকে পালকি-বেহারার হাঁইহাঁই শব্দ আসত কানে, আর বড়ো রাস্তা থেকে সহিসের হেইও হাঁক । সন্ধ্যাবেলায় জ্বলত তেলের প্রদীপ, তারই ক্ষীণ আলোয় মাদুর পেতে বুড়ি দাসীর কাছে শুনতুম রূপকথা । এই নিস্তব্ধপ্রায় জগতের মধ্যে আমি ছিলাম এক কোণের মানুষ— লাজুক, নীরব, নিশ্চঞ্চল ।

আরো একটা কারণে আমাকে খাপছাড়া করেছিল । আমি ইস্কুলপালানো ছেলে, পরীক্ষা দিই নি, পাস করি নি, মাস্টার আমার ভাবীকালের সম্বন্ধে হতাশ্বাস । ইস্কুলঘরের বাইরে যে অবকাশটা বাধাহীন সেইখানে আমার মন হাঘরেদের মতো বেরিয়ে পড়েছিল ।

ইতিপূর্বেই কোন্ একটা ভরসা পেয়ে হঠাৎ আবিষ্কার করেছিলুম, লোকে যাকে বলে কবিতা সেই ছন্দ-মেলানো মিল-করা ছড়াগুলো সাধারণ কলম দিয়েই সাধারণ লোকে লিখে থাকে । তখন দিনও এমন ছিল, ছড়া যারা বানাতে পারত তাদের দেখে লোক বিস্মিত হত । এখন যারা না পারে তারাই অসাধারণ বলে গণ্য । পয়ার-ত্রিপদী মহলে আপন অবাধ অধিকারবোধের অক্লান্ত উৎসাহে লেখায় মাতলুম । আট অক্ষর দশ অক্ষরের চৌকো-চৌকো কত রকম শব্দভাগ নিয়ে চলল ঘরের কোণে আমার ছন্দ-ভাঙাগড়ার খেলা । ক্রমে প্রকাশ পেল দশজনের সামনে ।

এই লেখাগুলি যেমনি হোক এর পিছনে একটি ভূমিকা আছে— সে হচ্ছে একটি বালক, সে কুনো, সে একলা, সে একঘরে, তার খেলা নিজের মনে । সে ছিল সমাজের শাসনের অতীত, ইস্কুলের শাসনের বাইরে । বাড়ির শাসনও তার হালকা । পিতৃদেব ছিলেন হিমালয়ে, বাড়িতে দাদারা ছিলেন কর্তৃপক্ষ । জ্যোতিদাদা, যাকে আমি সকলের চেয়ে মানতুম, বাইরে থেকে তিনি আমাকে কোনো বাঁধন পরান নি । তাঁর সঙ্গে তর্ক করেছি, নানা বিষয়ে আলোচনা করেছি বয়সের মতো । তিনি বালককেও শ্রদ্ধা করতে জানতেন । আমার আপন মনের স্বাধীনতার দ্বারাই তিনি আমার চিন্তাবিকাশের সহায়তা করেছেন । তিনি আমার 'পরে কর্তৃত্ব করবার ঔৎসুক্যে যদি দৌরাখ্যা করতেন তা হলে ভেঙে-চুরে তেড়ে-বঁেকে যা-হয়-একটা-কিছু হতুম, সেটা হয়তো ভদ্রসমাজের সম্ভ্রামজনকও হত, কিন্তু আমার মতো একেবারেই হত না ।

শুরু হল আমার ভাঙাছন্দে টুকরো কাবোর পালা, উচ্চাবৃষ্টির মতো ; বালকের যা-তা ভাবের এলোমেলো কাঁচা গাঁথুনি । এই রীতি-ভঙ্গের ঝোকটা ছিল সেই একঘরে ছেলের মজ্জাগত । এতে যথেষ্ট বিপদের শঙ্কা ছিল । কিন্তু এখানেও অপঘাত থেকে রক্ষা পেয়ে গেছি । তার কারণ, আমার ভাগ্যক্রমে এককালে বাংলা সাহিত্যে খ্যাতির হাটে ভিড় ছিল অতি সামান্য— প্রতিযোগিতার উদ্বেজনা উত্তপ্ত হয়ে ওঠে নি । বিচারকের দণ্ড থেকে অপ্রশংসার অপ্রিয় আঘাত নামত, কিন্তু কটুক্তি ও কুৎসার উদ্বেজনা তখনো সাহিত্যে ঝাঝিয়ে ওঠে নি ।

সেদিনকার অল্পসংখ্যক সাহিত্যিকের মধ্যে আমি ছিলাম বয়সে সব চেয়ে ছোটো, শিক্ষায়

সব চেয়ে কাঁচা। আমার ছন্দগুলি লাগাম-হেঁড়া, লেখবার বিষয় ছিল অস্ফুট উক্তিতে ঝাপসা, ভাষার ও ভাবের অপরিণতি পদে পদে। তখনকার সাহিত্যিকেরা মুখের কথায় বা লেখায় প্রায়ই আমাকে প্রশ্ন দেন নি— আধো-আধো বাধো-বাধো কথা নিয়ে বেশ একটু হেসেছিলেন। সে হাসি বিদূষকের নয়, সেটা বিদূষণ-বাবসায়ের অঙ্গ ছিল না। তাঁদের লেখায় শাসন ছিল, অসৌজন্য ছিল না লেশমাত্র। বিমুখতা যেখানে প্রকাশ পেয়েছে সেখানেও বিদ্বেষ দেখা দেয় নি। তাই প্রশ্নের অভাব সত্ত্বেও, বিরুদ্ধ রীতির মধ্য দিয়েও, আপন লেখা আপন মতে গড়ে তুলেছিলেন।

সেদিনকার খ্যাতিহীনতার স্নিগ্ধ প্রথম প্রহর কেটে গেল। প্রকৃতির শুষ্কতা ও আত্মীয়দের স্নেহের ঘনচ্ছায়ায় ছিলেম বসে। কখনো কাটিয়েছি তেতালার ছাদের প্রান্তে কমহীন অবকাশে মনে মনে আকাশ-কুসুমের মালা গুঁথে, কখনো গাজিপুর্বে বৃদ্ধ নিমগাছের তলায় বসে ইদারার জলে বাগান সৈঁচ দেবার করুণধ্বনি শুনতে শুনতে অদূর গঙ্গার শ্রোতে কল্পনাকে অহৈতুক বেদনায় বোঝাই করে দূরে ভাসিয়ে দিয়ে। নিজের মনের আলো-আধারের মধ্যে থেকে হঠাৎ পরের মনের কনুইয়ের ধাক্কা খাবার জন্যে বড়ো রাস্তায় বেরিয়ে পড়তে হবে এমন কথা সেদিন ভাবিও নি। অবশেষে একদিন খ্যাতি এসে অনাবৃত মধ্যাহ্নরৌদ্রে টেনে বের করলে। তাপ ক্রমেই বেড়ে উঠল, আমার কোণের আশ্রয় একেবারে ভেঙে গেল। খ্যাতির সঙ্গে সঙ্গে যে গ্লানি এসে পড়ে আমার ভাগ্যে অন্যদের চেয়ে তা অনেক বেশি আবিল হয়ে উঠেছিল। এমন অনবরত, এমন অকুণ্ঠিত, এমন অকরণ, এমন অপ্রতিহত অসম্মাননা আমার মতো আর কোনো সাহিত্যিককেই সহিতে হয় নি। এও আমার খ্যাতি-পরিমাপের বৃহৎ মাপকাঠি। এ কথা বলবার সুযোগ পেয়েছি যে, প্রতিকূল পরীক্ষায় ভাগ্য আমাকে লাঞ্ছিত করেছে, কিন্তু পরাভবের অগৌরবে লজ্জিত করে নি। এ ছাড়া আমার দুর্গ্রহ কালো বর্ণের এই যে পটটি ঝুলিয়েছেন এরই উপরে আমার বন্ধুদের সুপ্রসন্ন মুখ সমুজ্জ্বল হয়ে উঠেছে। তাঁদের সংখ্যা অল্প নয়, সে কথা বুঝতে পারি আজকের এই অনুষ্ঠানেই। বন্ধুদের কাউকে জানি, অনেককেই জানি নে। তাঁরাই কেউ কাছে থেকে কেউ দূরে থেকে এই উৎসবে মিলিত হয়েছেন, সেই উৎসাহে আমার মন আনন্দিত। আজ আমার মনে হচ্ছে তাঁরা আমাকে জাহাজে তুলে দিতে ঘাটে এসে দাঁড়িয়েছেন— আমার খেয়াতরী পাড়ি দেবে দিবালোকের পরপারে তাঁদের মঙ্গলধ্বনি কানে নিয়ে।

আমার কর্মপথের যাত্রা সত্তর বছরের গোধূলিবেলায় একটা উপসংহারে এসে পৌঁছল। আলো ম্লান হবার শেষ মুহূর্তের এই জয়ন্তী অনুষ্ঠানের দ্বারা দেশ আমার দীর্ঘজীবনের মূল্য স্বীকার করবেন।

ফসল যতদিন মাঠে ততদিন সংশয় থেকে যায়। বুদ্ধিমান মহাজন খেতের দিকে তাকিয়েই আগাম দাদন দিতে দ্বিধা করে, অনেকটা হাতে রেখে দেয়। যখন গোলায় উঠল তখনই ওজন বুঝে দামের কথা পাকা হতে পারে। আজ আমার বৃষ্টি সেই ফলন-শেষের হিসাব চুকিয়ে দেবার দিন।

যে মানুষ অনেক কাল বেঁচে আছে সে অতীতেরই শামিল। বুঝতে পারছি, আমার সাবেক বর্তমান এই হাল বর্তমান থেকে বেশ খানিকটা তফাতে। যে-সব কবি পালা শেষ করে লোকান্তরে তাঁদেরই আঙিনার কাছটায় আমি এসে দাঁড়িয়েছি, তিরোভাবের ঠিক পূর্ব-সীমানায়। বর্তমানের চলতি রথের বেগের মুখে কাউকে দেখে নেবার যে অস্পষ্টতা সেটা আমার বেলা এতদিনে কেটে যাবার কথা। যতখানি দূরে এলে কল্পনার ক্যামেরায় মানুষের জীবনটাকে সমগ্রলক্ষ্যবদ্ধ করা যায় আধুনিকের পুরোভাগ থেকে আমি ততটা দূরেই এসেছি।

পঞ্চাশের পরে বানপ্রস্থের প্রস্তাব মনু করেছেন। তার কারণ মনুর হিসাবমত পঞ্চাশের পরে

মানুষ বর্তমানের থেকে পিছিয়ে পড়ে। তখন কোমর বেঁধে ধাবমান কালের সঙ্গে সমান ঝোঁকে পা ফেলে চলার বেগে যতটা ক্লাস্তি ততটা সফলতা থাকে না, যতটা ক্ষয় ততটা পূরণ হয় না। অতএব তখন থেকে স্বতঃপ্রবৃত্ত হয়ে থাকে সেই সর্বকালের মোহানার দিকে যাত্রা করতে হবে যেখানে কাল স্তব্ধ। গতির সাধনা শেষ করে তখন স্থিতির সাধনা।

মনু যে মেয়াদ ঠিক করে দিয়েছেন এখন সেটাকে ঘড়ি ধরে খাটানো প্রায় অসাধ্য। মনুর যুগের নিশ্চয়ই জীবনে এত দায় ছিল না, তার গ্রহি ছিল কম। এখন শিক্ষা বল, কর্ম বল, এমন-কি, আমোদপ্রমোদ খেলাধুলা, সমস্তই বহুব্যাপক। তখনকার সম্রাটেরও রথ যত বড়ো যত জমকালো হোক, এখনকার রেলগাড়ির মতো তাতে বহু গাড়ির এমন দ্বন্দ্বসমাস ছিল না। এই গাড়ির মাল খালাস করতে বেশ একটু সময় লাগে। পাঁচটায় আপিসে ছুটি শাস্ত্রনির্দিষ্ট বটে, কিন্তু খাতাপত্র বন্ধ করে দীর্ঘনিশ্বাস ফেলে বাড়িমুখো হবার আগেই বাতি জ্বালতে হয়। আমাদের সেই দশা। তাই পঞ্চাশের মেয়াদ বাড়িয়ে না নিলে ছুটি মঞ্জুর অসম্ভব। কিন্তু সত্তরের কোঠায় পড়লে আর ওজর চলে না। বাইরের লক্ষণে বুঝতে পারছি, আমার সময় চলল আমাকে ছাড়িয়ে— কম করে ধরলেও অন্তত দশ বছর আগেকার তারিখে আমি বসে আছি। দূরের নক্ষত্রের আলোর মতো, অর্থাৎ সে যখনকার সে তখনকার নয়।

তবু একেবারে থামবার আগে চলার ঝোঁকে অতীত কালের খানিকটা ধাক্কা এসে পড়ে বর্তমানের উপরে। গান সমস্তটাই সমে এসে পৌঁছেলে তার সমাপ্তি; তবু আরো কিছুক্ষণ ফরমাশ চলে পালটিয়ে গাবার জন্যে। সেটা অতীতেরই পুনরাবৃত্তি। এর পরে বড়োজোর দুটো-একটা তান লাগানো চলে, কিন্তু চূপ করে গেলেও লোকসান নেই। পুনরাবৃত্তিকে দীর্ঘকাল তাজা রাখবার চেষ্টাও যা আর কইমাছটাকে ডাঙায় তুলে মাসখানেক ঝাঁচিয়ে রাখবার চেষ্টাও তাই।

এই মাছটার সঙ্গে কবির তুলনা আরো একটু এগিয়ে নেওয়া যাক। মাছ যতক্ষণ জলে আছে ওকে কিছু কিছু খোরাক জোগানো সংকর্ম, সেটা মাছের নিজের প্রয়োজনে। পরে যখন তাকে ডাঙায় তোলা হল তখন প্রয়োজনটা তার নয়, অপর কোনো জীবের। তেমনি কবি যতদিন না একটা স্পষ্ট পরিণতিতে পৌঁছয় ততদিন তাকে কিছু কিছু উৎসাহ দিতে পারলে ভালোই— সেটা কবির নিজেরই প্রয়োজনে। তার পরে তার পূর্ণতায় যখন একটা সমাপ্তির যতি আসে তখন তার সম্বন্ধে যদি কোনো প্রয়োজন থাকে সেটা তার নিজের নয়, প্রয়োজন তার দেশের।

দেশ মানুষের সৃষ্টি। দেশ মৃন্ময় নয়, সে চিন্ময়। মানুষ যদি প্রকাশমান হয় তবেই দেশ প্রকাশিত। সুজলা সুফলা মলয়জশীতলা ভূমির কথা যতই উচ্চকণ্ঠে রটাব ততই জবাবদিহির দায় বাড়বে। প্রকৃত উঠবে প্রাকৃতিক দান তো উপাদান মাত্র, তা নিয়ে মানবিক সম্পদ কতটা গড়ে তোলা হল। মানুষের হাতে দেশের জল যদি যায় শুকিয়ে, ফল যদি যায় মরে, মলয়জ যদি বিষিয়ে ওঠে মারীষীজে, শস্যের জমি যদি হয় বন্ধা, তবে কাব্যকথায় দেশের লজ্জা চাপা পড়বে না। দেশ মাটিতে তৈরি নয়, দেশ মানুষে তৈরি।

তাই দেশ নিজের সত্তা প্রমাণেরই খাতিরে অহরহ তাকিয়ে আছে তাদেরই জন্যে যারা কোনো সাধনায় সার্থক। তারা না থাকলেও গাছপালা জীবজন্তু জন্মায়, বৃষ্টি পড়ে, নদী চলে, কিন্তু দেশ আচ্ছন্ন থাকে মরুবালুতলে ভূমির মতো।

এই কারণেই দেশ যার মধ্যে আপন ভাষাবান্ প্রকাশ অনুভব করে তাকে সর্বজনসমক্ষে নিজের বলে চিহ্নিত করবার উপলক্ষ রচনা করতে চায়। যেদিন তাই করে, যেদিন কোনো মানুষকে আনন্দের সঙ্গে সে অঙ্গীকার করে, সেদিনই মাটির কোল থেকে দেশের কোলে সেই মানুষের জন্ম।

আমার জীবনের সমাপ্তিদশায় এই জয়ন্তী অনুষ্ঠানের যদি কোনো সত্য থাকে তবে তা এই

তাৎপর্য নিয়ে । আমাকে গ্রহণ করার দ্বারা দেশ যদি কোনো ভাবে নিজেকে লাভ না করে থাকে তবে আজকের এই উৎসব অর্থহীন । যদি কেউ এ কথায় অহংকারের আশঙ্কা করে আমার জন্যে উদ্বেগ হন তবে তাঁদের উদ্বেগ অনাবশ্যক । যে খ্যাতির সম্বল অল্প তার সমারোহ যতই বেশি হয়, ততই তার দেউলে হওয়া দ্রুত ঘটে । ভুল মস্ত হয়েই দেখা দেয়, চুকে যায় অতি ক্ষুদ্র হয়ে । আতশবাজির অপ্রবিদারক আলোটাই তার নির্বাণের উজ্জ্বল তর্জনীসংকেত ।

এ কথায় সন্দেহ নেই যে, পুরস্কারের পাত্র-নির্বাচনে দেশ ভুল করতে পারে । সাহিত্যের ইতিহাসে ক্ষণমুখরা খ্যাতির মৌনসাধন বার বার দেখা গেছে । তাই আজকের দিনের আয়োজনে আজই অতিশয় উল্লাস যেন না করি, এই উপদেশের বিরুদ্ধে যুক্তি চলে না । তেমনি তা নিয়ে এখনই তাড়াতাড়ি বিমর্ষ হবারও আশু কারণ দেখি না । কালে কালে সাহিত্যবিচারের রায় একবার উলটিয়ে আবার পালটিয়েও থাকে । অব্যবস্থিতচিত্ত মন্দগতি কালের সবশেষ বিচারে আমার ভাগ্যে যদি নিঃশেষে ফাঁকিই থাকে তবে এখনই আগাম শোচনা করতে বসা কিছু নয় । এখনকার মতো এই উপস্থিত অনুষ্ঠানটাই নগদ লাভ । তার পরে চরম জবাবদিহির জন্যে প্রপৌত্রেরা রইলেন । আপাতত বন্ধুদের নিয়ে আশ্বস্তচিত্তে আনন্দ করা যাক, অপর পক্ষে যাদের অভিরুচি হয় তাঁরা ফুৎকারে বুদ্ধি বিদীর্ণ করার উৎসাহে আনন্দ করতে পারেন । এই দুই বিপরীত ভাবের কালোয় সাদায় সংসারের আনন্দধারায় যমের ভগ্নী যমুনা ও শিবজটানিঃসূতা গঙ্গা মিলে থাকে । ময়ূর আপন পুচ্ছগর্বে নৃত্য করে খুশি, আবার শিকারি আপন লক্ষ্যবেধগর্বে তাকে গুলি করে মহা আনন্দিত ।

আধুনিক কালে পাশ্চাত্য দেশে সাহিত্যে কলাসৃষ্টিতে লোকচিত্তের সম্মতি অতি ঘন ঘন বদল হয়, এটা দেখা যাচ্ছে । বেগ বেড়ে চলেছে মানুষের যানে-বাহনে, বেগ অবিশ্রাম ঠেলা দিচ্ছে মানুষের মনপ্রাণকে ।

যেখানে বৈষয়িক প্রতিযোগিতা উগ্র সেখানে এই বেগের মূল্য বেশি । ভাগ্যের হরির লুট নিয়ে হাটের ভিড়ে ধুলার পরে যেখানে সকলে মিলে কাড়াকাড়ি, সেখানে যে মানুষ বেগে জেতে মালেও তার জিত । তৃপ্তিহীন লোভের বাহন বিরামহীন বেগ । সমস্ত পশ্চিম মাতালের মতো টলমল করছে সেই লোভে । সেখানে বেগবৃদ্ধি ক্রমে লোভের উপলক্ষ না হয়ে স্বয়ং লক্ষ্য হয়ে উঠছে । বেগেরই লোভ আজ জলে স্থলে আকাশে হিস্টিরিয়ার চীৎকার করতে করতে ছুটে বেরোল ।

কিন্তু প্রাণপদার্থ তো বাষ্পবিদ্যুতের-ভূতে-তাড়া-করা লোহার এঞ্জিন নয় । তার একটি আপন ছন্দ আছে । সেই ছন্দে দুই-এক মাত্রা টান সয়, তার বেশি নয় । মিনিট কয়েক ডিগবাজি খেয়ে চলা সাধ্য হতে পারে, কিন্তু দশ মিনিট যেতে না যেতে প্রমাণ হবে যে মানুষ বাইসিকেলের চাকা নয়, তার পদাতিকের চাল পদাবলীর ছন্দে । গানের লয় মিষ্টি লাগে যখন সে কানের সজীব ছন্দ মেনে চলে । তাকে দূন থেকে চৌদুনে চড়ালে সে কলাদেহ ছেড়ে কৌশলদেহ নেবার জন্যেই হাঁসফাঁস করতে থাকে । তাগিদ যদি আরো বাড়াও তা হলে রাগিণীটা পাগলা-গারদের সদর গেটের উপর মাথা ঠুকে মারা যাবে । সজীব চোখ তো ক্যামেরা নয়, ভালো করে দেখে নিতে সে সময় নেয় । ঘণ্টায় বিশ-পঁচিশ মাইল দৌড়ের দেখা তার পক্ষে কুয়াশা দেখা । একদা তীর্থযাত্রা বলে একটা সজীব পদার্থ আমাদের দেশে ছিল, ভ্রমণের পূর্ণস্বাদ নিয়ে সেটা সম্পন্ন হত । কলের গাড়ির আমলে তীর্থ রইল, যাত্রা রইল না ; ভ্রমণ নেই, পৌছনো আছে— শিক্কাটা বাদ দিয়ে পরীক্ষাটা পাস করা যাকে বলে । রেল-কোম্পানির কারখানায় কলেঠাসা তীর্থযাত্রার ভিন্ন ভিন্ন দামের বটিকা সাজানো, গিলে ফেললেই হল— কিন্তু হলই না যে, সে কথা বোঝবারও ফুরসত নেই । কালিদাসের যক্ষ যদি মেঘদূতকে বরখাস্ত করে দিয়ে এরোপ্লেন-দূতকে অলকায় পাঠাতেন তা হলে অমন দুই-সর্গ-ভরা মন্দাক্রান্তা ছন্দ দু-চারটে শ্লোক পার না হতেই অপঘাতে মরত ।

কলে-ঠাসা বিরহ তো আজ পর্যন্ত বাজারে নামে নি ।

মেঘদূতের শোকাবহ পরিণামে শোক করবে না এমনতরো বলবান পুরুষ আজকাল দেখতে পাওয়া যাচ্ছে । কেউ কেউ বলছেন, এখন কবিতার যে আওয়াজটা শোনা যাচ্ছে সে নাভিশ্বাসের আওয়াজ । ওর সময় হয়ে এল । যদি তা সত্য হয় তবে সেটা কবিতার দোষে নয়, সময়ের দোষে । মানুষের প্রাণটা চিরদিনই ছন্দে-বাধা, কিন্তু তার কালটা কলের তাড়ায় সম্প্রতি ছন্দ-ভাঙা ।

আঙুরের খেতে চাষি কাঠি পুতে দেয়, তারই উপর আঙুর লতিয়ে উঠে আশ্রয় পায়, ফল ধরায় । তেমনি জীবনযাত্রাকে সবল ও সফল করার জন্যে কতকগুলি রীতিনীতি বেঁধে দিতে হয় । এই রীতিনীতির অনেকগুলিই নিজীব নীরস, উপদেশ-অনুশাসনের খুঁটি । কিন্তু বেড়ায় লাগানো জিয়লকাঠের খুঁটি যেমন রস পেলেই বেঁচে ওঠে, তেমনি জীবনযাত্রা যখন প্রাণের ছন্দে শান্তগমনে চলে তখন শুকনো খুঁটিগুলো অন্তরের গভীরে পৌঁছবার অবকাশ পেয়ে ক্রমেই প্রাণ পেতে থাকে । সেই গভীরেই সঞ্জীবনরস । সেই রসে তত্ত্ব ও নীতির মতো পদার্থও হৃদয়ের আপন সামগ্রীরূপে সজীব ও সজ্জিত হয়ে ওঠে, মানুষের আনন্দের রঙ তাতে লাগে । এই আনন্দের প্রকাশের মধোই চিরন্তনতা । একদিনের নীতিকে, আর-একদিন আমরা গ্রহণ নাও করতে পারি, কিন্তু সেই নীতি যে প্রীতিকে, যে সৌন্দর্যকে, আনন্দের সত্য ভাষায় প্রকাশ করেছে সে আমাদের কাছে নূতন থাকবে । আজও নূতন আছে মোগল সাম্রাজ্যের শিল্প— সেই সাম্রাজ্যকে, তার সাম্রাজ্যনীতিকে আমরা পছন্দ করি আর না করি ।

কিন্তু যে যুগে দলে দলে গরজের তাড়ায় অবকাশ ঠাসা হয়ে নিরেট হয়ে যায় সে যুগ প্রয়োজনের, সে যুগ প্রীতির নয় । প্রীতি সময় নেয় গভীর হতে । আধুনিক এই ত্বরা-তাড়িত যুগে প্রয়োজনের তাগিদ কচুরিপানার মতোই সাহিত্যধারার মধ্যও ভূরি ভূরি ঢুকে পড়েছে । তারা বাস করতে আসে না, সমস্যাসমাধানের দরখাস্ত হাতে ধরা দিয়ে পড়ে । সে দরখাস্ত যতই অলংকৃত হোক তবু সে খাটি সাহিত্য নয়, সে দরখাস্তই । দাবি মিটলেই তার অন্তর্ধান ।

এমন অবস্থায় সাহিত্যের হাওয়াবদল হয় এ-বেলা ও-বেলা । কোথাও আপন দরদ রেখে যায় না । পিছনটাকে লাথি মেরেই চলে, যাকে উচু করে গড়েছিল তাকে ধূলিসাৎ করে তার 'পরে অটুহাসি । আমাদের মেয়েদের পাড়ওয়ালা শাড়ি, তাদের নীলাধরী, তাদের বেনারসি চেলি মোটের উপর দীর্ঘকাল বদল হয় নি ; কেননা ওরা আমাদের অন্তরের অনুরাগকে আঁকড়ে আছে । দেখে আমাদের চোখের ক্লান্তি হয় না । হত ক্লান্তি, মনটা যদি রসিয়ে দেখবার উপযুক্ত সময় না পেয়ে বেদরদি ও অশ্রদ্ধাপরায়ণ হয়ে উঠত । হৃদয়হীন অগভীর বিলাসের আয়োজনে অকারণে অনায়াসে ঘন ঘন ফ্যাশনের বদল । এখনকার সাহিত্যে তেমনি রীতির বদল । হৃদয়টা দৌড়তে দৌড়তে প্রীতিসম্বন্ধের রাখী গাঁথতে ও পরাতে পারে না । যদি সময় পেত সুন্দর করে বিনিয়ে বিনিয়ে গাঁথত । এখন ওকে ব্যস্ত লোকেরা ধমক দিয়ে বলে, রেখে দাও তোমার সুন্দর । সুন্দর পুরোনো, সুন্দর সেকলে । আনো একটা যেমন-তেমন-করে-পাক-দেওয়া শণের দড়ি— সেটাকে বলব রিয়ালিজম্ । এখনকার দুন্দাড়-দৌড়ওআলা লোকের ঐটেই পছন্দ । স্বল্পায়ু হঠাৎ-নবাবের মতো উদ্ধত— তার প্রধান অহংকার এই যে, সে অধুনাতন ; অর্থাৎ তার বড়াই গুণ নিয়ে নয়, কাল নিয়ে ।

বেগের এই মোটর-কলটা পশ্চিমদেশের মর্মস্থানে । ওটা এখনো পাকা দলিলে আমাদের নিজস্ব হয় নি । তবু আমাদেরও দৌড় আরম্ভ হল । ওদেরই হাওয়া-গাড়ির পায়দানের উপর লাফ দিয়ে আমরা উঠে পড়েছি । আমরাও খর্বকেশিনী খর্ববেশিনী সাহিত্যকীর্তির টেকনিকের হাল ফ্যাশন নিয়ে গম্ভীরভাবে আলোচনা করি, আমরাও অধুনাতনের স্পর্ধা নিয়ে পুরাতনের মানহানি করতে অত্যন্ত খুশি হই ।

এই-সব চিন্তা করেই বলেছিলুম, আমার এ বয়সে খ্যাতিকে আমি বিশ্বাস করি নে। এই মায়ামগীর শিকারে বনে-বাদাড়ে ছুটে বেড়ানো যৌবনেই সাজে। কেননা, সে বয়সে মৃগ যদি বা না'ও মেলে মৃগয়াটাই যথেষ্ট। ফুল থেকে ফল হতেও পারে, না হতেও পারে, তবু আপন স্বভাবকেই চাঞ্চল্যে সার্থক করতে হয় ফুলকে। সে অশান্ত, বাইরের দিকেই তার বর্ণগঞ্জের নিত্য উদ্যম। ফলের কাজ অন্তরে, তার স্বভাবের প্রয়োজন অপ্রগল্ভ শান্তি। শাখা থেকে মুক্তির জন্যেই তার সাধনা— সেই মুক্তি নিজেই আন্তরিক পরিণতির যোগে।

আমার জীবনে আজ সেই ফলেরই ঋতু এসেছে, যে ফল আশু বৃষ্টিচ্যুতির অপেক্ষা করে। এই ঋতুটির সুযোগ সম্পূর্ণ গ্রহণ করতে হলে বাহিরের সঙ্গে অন্তরের শান্তি-স্থাপন চাই। সেই শান্তি খ্যাতি-অখ্যাতির দ্বন্দ্বের মধ্যে বিধ্বস্ত হয়।

খ্যাতির কথা থাক। ওটার অনেকখানিই অস্বস্তির বাষ্প পরিস্ফীত। তার সংকোচন-প্রসারণ নিয়ে যে-মানুষ অতিমাত্র ক্ষুব্ধ হতে থাকে সে অভিশপ্ত। ভাগ্যের পরম দান প্রীতি, কবির পক্ষে শ্রেষ্ঠ পুরস্কার তাই। যে-মানুষ কাজ দিয়ে থাকে খ্যাতি দিয়ে তার বেতন শোধ চলে, আনন্দ দেওয়াই যার কাজ প্রীতি না হলে তার প্রাপ্য শোধ হয় না।

অনেক কীর্তি আছে যা মানুষকেই উপকরণ করে গড়ে তোলা, যেমন রাষ্ট্র। কর্মের বল সেখানে জনসংখ্যায়, তাই সেখানে মানুষকে দলে টানা নিয়ে কেবলই দ্বন্দ্ব চলে। বিস্তারিত খ্যাতির বেড়া জাল ফেলে মানুষ ধরা নিয়ে ব্যাপার। মনে করো, লয়েড জর্জ। তাঁর বুদ্ধিকে তাঁর শক্তিকে অনেক লোকে যখন মানে তখনই তাঁর কাজ চলে। বিশ্বাস আলাগা হলে বেড়া জাল গেল ছিড়ে, মানুষ-উপকরণ পুরোপুরি জোটে না।

অপর পক্ষে, কবির সৃষ্টি যদি সত্য হয়ে থাকে সেই সত্যের গৌরব সেই সৃষ্টির নিজেই মধ্যে, দশজনের সম্মতির মধ্যে নয়। দশজনে তাকে স্বীকার করে নি এমন প্রায়ই ঘটে থাকে। তাতে বাজারদরের ক্ষতি হয়, কিন্তু সত্য মূল্যের কমতি হয় না।

ফুল ফুটেছে, এইটেই ফুলের চরম কথা। যার ভালো লাগল সেই জিতল, ফুলের জিত তার আপন আবির্ভাবেই। সুন্দরের অন্তরে আছে একটি রসময় রহস্যময় আয়ত্তের অতীত সত্য, আমাদের অন্তরেরই সঙ্গে তার অনির্বচনীয় সম্বন্ধ। তার সম্পর্কে আমাদের আত্মচেতনা হয় মধুর, গভীর, উজ্জ্বল। আমাদের ভিতরের মানুষ বেড়ে ওঠে, রঙিয়ে ওঠে, রসিয়ে ওঠে। আমাদের সস্তা যেন তার সঙ্গে রঙে রসে মিলে যায়— একেই বলে অনুরাগ।

কবির কাজ এই অনুরাগে মানুষের চৈতন্যকে উদ্দীপ্ত করা, ঔদাসীনা থেকে উদ্‌বোধিত করা। সেই কবিকেই মানুষ বড়ো বলে যে এমন-সকল বিষয়ে মানুষের চিন্তাকে আলিঙ্গিত করেছে যার মধ্যে নিত্যতা আছে, মহিমা আছে, মুক্তি আছে, যা ব্যাপক এবং গভীর। কলা ও সাহিত্যের ভাণ্ডারে দেশে দেশে কালে কালে মানুষের অনুরাগের সম্পদ রচিত ও সঞ্চিত হয়ে উঠছে। এই বিশাল ভূবনে বিশেষ দেশের মানুষ বিশেষ কাকে ভালোবেসেছে সে তার সাহিত্য দেখলেই বুঝতে পারি। এই ভালোবাসার দ্বারাই তো মানুষকে বিচার করা।

বীণাপাণির বীণায় তার অনেক। কোনোটা সোনার, কোনোটা তামার, কোনোটা ইস্পাতের। সংসারের কণ্ঠে হালকা ও ভারী, আনন্দের ও প্রমোদের যতরকমের সুর আছে সবই তাঁর বীণায় বাজে। কবির কাব্যেও সুরের অসংখ্য বৈচিত্র্য। সবই যে উদাস্ত ধ্বনির হওয়া চাই এমন কথা বলি নে। কিন্তু সমস্তের সঙ্গে সঙ্গেই এমন কিছু থাকা চাই যার ইঙ্গিত ধ্রুবের দিকে, সেই বৈরাগ্যের দিকে যা অনুরাগকেই বীর্যবান ও বিশুদ্ধ করে। ভর্তৃহরির কাব্যে দেখি ভোগের মানুষ আপন সুর পেয়েছে, কিন্তু সেইসঙ্গেই কাব্যের গভীরের মধ্যে বসে আছে ত্যাগের মানুষ আপন একতারা নিয়ে— এই দুই সুরের সমবায়ই রসের ওজন ঠিক থাকে, কাব্যেও মানবজীবনেও। দুর্কাল ও বহুজনকে যে সম্পদ দান করার দ্বারা সাহিত্য স্থায়ীভাবে সার্থক হয়, কাগজের

নৌকায় বা মাটির গামলায় তো তার বোঝাই সইবে না । আধুনিক-কাল-বিলাসীরা অবজ্ঞার সঙ্গে বলতে পারেন এ-সব কথা আধুনিক কালের বুলির সঙ্গে মিলছে না— তা যদি হয় তা হলে সেই আধুনিক কালটারই জন্যে পরিতাপ করতে হবে । আশ্বাসের কথা এই যে, সে চিরকালই আধুনিক থাকবে এত আয়ু তার নয় ।

কবি যদি ক্লাস্ত মনে এমন কথা মনে করে যে, কবিত্বের চিরকালের বিষয়গুলি আধুনিক কালে পুরোনো হয়ে গেছে তা হলে বুঝব আধুনিক কালটাই হয়েছে বৃদ্ধ ও রসহীন । চিরপরিচিত জগতে তার সহজ অনুরাগের রস পৌঁছে না, তাই জগৎটাকে আপনার মধ্যে নিতে পারল না । যে কল্পনা নিজের চারি দিকে আর রস পায় না, সে যে কোনো চেষ্টাকৃত রচনাকেই দীর্ঘকাল সরস রাখতে পারবে এমন আশা করা বিড়ম্বনা । রসনায় যার রুচি মরেছে চিরদিনের অঙ্গে সে তৃপ্তি পায় না, সেই একই কারণে কোনো একটা আজগবি অঙ্গেও সে চিরদিন রস পাবে এমন সম্ভাবনা নেই ।

আজ সস্তুর বছর বয়সে সাধারণের কাছে আমার পরিচয় একটা পরিণামে এসেছে । তাই আশা করি, যারা আমাকে জানবার কিছুমাত্র চেষ্টা করেছেন এতদিনে অন্তত তাঁরা এ কথা জেনেছেন যে, আমি জীর্ণ জগতে জন্মগ্রহণ করি নি । আমি চোখ মেলে যা দেখলুম চোখ আমার কখনো তাতে ক্লাস্ত হল না । বিশ্বয়ের অন্ত পাই নি । চরাচরকে বেষ্টন করে অনাদিকালের যে অনাহত বাণী অনন্তকালের অভিমুখে ধ্বনিত তাতে আমার মনপ্রাণ সাড়া দিয়েছে, মনে হয়েছে যুগে যুগে এই বিশ্ববাণী শুনে এলুম । সৌরমণ্ডলীর প্রাপ্তে এই আমাদের ছোটো শ্যামলা পৃথিবীকে স্বত্বের আকাশদূতগুলি বিচিত্র রসের বর্ণসজ্জায় সাজিয়ে দিয়ে যায়, এই আদরের অনুষ্ঠানে আমার হৃদয়ের অভিষেকবারি নিয়ে ষোগ দিতে কোনোদিন আলস্য করি নি । প্রতিদিন উষাকালে অন্ধকার রাত্রির প্রাপ্তে স্তব্ধ হয়ে দাঁড়িয়েছি এই কথাটি উপলব্ধি করবার জন্যে যে, যত্নে রূপং কল্যাণতমং তত্ত্ব পশ্যামি । আমি সেই বিরাট সত্তাকে আমার অনুভবে স্পর্শ করতে চেয়েছি যিনি সকল সত্তার আত্মীয়সম্বন্ধের ঐক্যতত্ত্ব ; যার খুশিতেই নিরন্তর অসংখ্যরূপের প্রকাশে বিচিত্রভাবে আমার প্রাণ খুশি হয়ে উঠেছে— বলে উঠেছে— কোহোবান্যাৎ কঃ প্রাণ্যাৎ যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ ; যাতে কোনো প্রয়োজন নেই তাও আনন্দের টানে টানবে, এই অত্যাশ্চর্য ব্যাপারের চরম অর্থ যার মধ্যে ; যিনি অন্তরে অন্তরে মানুষকে পরিপূর্ণ করে বিদ্যমান বলেই প্রাণপণ কঠোর আত্মত্যাগকে আমরা আত্মঘাতী পাগলের পাগলামি বলে হেসে উঠলুম না ।

ঈশোপনিষদের প্রথম যে মন্ত্রে পিতৃদেব দীক্ষা পেয়েছিলেন সেই মন্ত্রটি বারবার নতুন নতুন অর্থ নিয়ে আমার মনে আন্দোলিত হয়েছে, বারবার নিজেকে বলেছি— তেন ত্যক্তেন ভূঞ্জীথাঃ, মা গৃধঃ । আনন্দ করো তাই নিয়ে যা তোমার কাছে সহজে এসেছে— যা রয়েছে তোমার চার দিকে তারই মধ্যে চিরন্তন— লোভ কোরো না । কাব্যসাধনায় এই মন্ত্র মহামূল্য । আসক্তি যাকে মাকড়সার মতো জালে জড়ায় তাকে জীর্ণ করে দেয় ; তাতে গ্নানি আসে, ক্লাস্তি আনে । কেননা, আসক্তি তাকে সমগ্র থেকে উৎপাটন করে নিজের সীমার মধ্যে বাঁধে— তার পরে তোলা ফুলের মতো অল্পক্ষণেই সে ম্লান হয় । মহৎ সাহিত্য ভোগকে লোভ থেকে উদ্ধার করে, সৌন্দর্যকে আসক্তি থেকে, চিন্তকে উপস্থিত গরজের দণ্ডধারীদের কাছ থেকে । রাবণের ঘরে সীতা লোভের দ্বারা বন্দী ; রামের ঘরে সীতা প্রেমের দ্বারা মুক্ত, সেখানেই তাঁর সত্য প্রকাশ । প্রেমের কাছে দেহের অপরাধ রূপ প্রকাশ পায়, লোভের কাছে তার স্থূল মাংস ।

অনেক দিন থেকেই লিখে আসছি, জীবনের নানা পর্বে নানা অবস্থায় । শুরু করেছি কাঁচা বয়সে— তখনো নিজেকে বুঝি নি । তাই আমার লেখার মধ্যে বাহুল্য এবং বর্জনীয় জিনিস ভুরি ভুরি আছে তাতে সন্দেহ নেই । এ-সমস্ত আবর্জনা বাদ দিয়ে বাকি যা পাকে আশা করি তার

মধ্যে এই ঘোষণাটি স্পষ্ট যে, আমি ভালোবেসেছি এই জগৎকে, আমি প্রণাম করেছি মহৎকে, আমি কামনা করেছি মুক্তিকে— যে মুক্তি পরমপুরুষের কাছে আত্মনিবেদনে, আমি বিশ্বাস করেছি মানুষের সত্য সেই মহামানবের মধ্যে যিনি সদা জনানাং হৃদয়ে সন্নিবিষ্টঃ । আমি আবালা-অভ্যস্ত ঐকান্তিক সাহিত্য-সাধনার গণ্ডিকে অতিক্রম করে একদা সেই মহামানবের উদ্দেশ্যে যথাসাধ্য আমার কর্মের অর্ঘ্য আমার ত্যাগের নৈবেদ্য আহরণ করেছি— তাতে বাইরের থেকে যদি বাধা পেয়ে থাকি অন্তরের থেকে পেয়েছি প্রসাদ । আমি এসেছি এই ধরণীর মহাতীর্থে— এখানে সর্বদেশ সর্বজাতি ও সর্বকালের ইতিহাসের মহাকেন্দ্রে আছেন নরদেবতা— তাঁরই বেদীমূলে নিভৃত বসে আমার অহংকার আমার ভেদবুদ্ধি ক্ষালন করবার দুঃসাধ্য চেষ্টায় আজও প্রবৃত্ত আছি ।

আমার যা-কিছু অকিঞ্চিৎকর তাকে অতিক্রম করেও যদি আমার চরিত্রের অন্ততম প্রকৃতি ও সাধনা লেখায় প্রকাশ পেয়ে থাকে, আনন্দ দিয়ে থাকে, তবে তার পরিবর্তে আমি প্রীতি কামনা করি, আর-কিছু নয় । এ কথা যেন জেনে যাই, অকৃত্রিম সৌহার্দ্য পেয়েছি সেই তাঁদের কাছে যারা আমার সমস্ত ক্রটি সত্ত্বেও জেনেছেন সমস্ত জীবন আমি কী চেয়েছি, কী পেয়েছি, কী দিয়েছি, আমার অপূর্ণ জীবনে অসমাপ্ত সাধনায় কী ইঙ্গিত আছে ।

সাহিত্যে মানুষের অনুরাগসম্পদ সৃষ্টি করাই যদি কবির যথার্থ কাজ হয়, তবে এই দান গ্রহণ করতে গেলে প্রীতিরই প্রয়োজন । কেননা, প্রীতিই সমগ্র করে দেখে । আজ পর্যন্ত সাহিত্যে যারা সম্মান পেয়েছেন তাঁদের রচনাকে আমরা সমগ্রভাবে দেখেই শ্রদ্ধা অনুভব করি । তাকে টুকরো টুকরো ছিঁড়ে ছিঁড়ে ছিদ্রসন্ধান বা ছিদ্রখনন করতে স্ভাবত প্রবৃত্তি হয় না । জগতে আজ পর্যন্ত অতিবড়ো সাহিত্যিক এমন কেউ জন্মায় নি, অনুরাগবর্ধিত পরুষ চিত্ত নিয়ে যার শ্রেষ্ঠ রচনাকেও বিদ্রূপ করা, তার কদর্থ করা, তার প্রতি অশোভন মুখবিকৃতি করা, যে-কোনো মানুষ না পারে । প্রীতির প্রসন্নতাই সেই সহজ ভূমিকা, যার উপরে কবির সৃষ্টি সমগ্র হয়ে সম্পূর্ণ হয়ে প্রকাশমান হয় ।

মর্তলোকের শ্রেষ্ঠ দান এই প্রীতি আমি পেয়েছি এ কথা প্রণামের সঙ্গে বলি । পেয়েছি পৃথিবীর অনেক বরণীয়দের হাত থেকে— তাঁদের কাছে কৃতজ্ঞতা নয়, আমার হৃদয় নিবেদন করে দিয়ে গেলেন । তাঁদের দক্ষিণ হাতের স্পর্শে বিরাট মানবেরই স্পর্শ লেগেছে আমার ললাটে ; আমার যা-কিছু শ্রেষ্ঠ তা তাঁদের গ্রহণের যোগ্য হোক ।

আর আমার স্বদেশের লোক যারা অতিনিকটের অতিপরিচয়ের অস্পষ্টতা ভেদ করেও আমাকে ভালোবাসতে পেরেছেন আজ এই অনুষ্ঠানে তাঁদেরই বহুযত্নরচিত অর্ঘ্য সজ্জিত । তাঁদের সেই ভালোবাসা হৃদয়ের সঙ্গে গ্রহণ করি ।



রবীন্দ্রনাথ
আনুমানিক বারো বৎসর

কবিতা ও গান

সন্ধ্যাসংগীত

সূচনা

এই গ্রন্থাবলীতে আমার কাব্যরচনার প্রথম পরিচয় নিয়ে দেখা দিয়েছে সঙ্ক্যাসংগীত । তার পূর্বেও অনেক লেখা লিখেছি, কিন্তু সেগুলিকে লুপ্ত করবার চেষ্টা করেছি অনাদরে । হাতের অক্ষর পাকাবার যে খাতা ছিল বাল্যকালে সেগুলিকে যেমন অনাদরে রাখি নি, এও তেমনি । সেগুলিও ছিল যাকে বলে কপিবুক, বাইরে থেকে মডেল-লেখা নকল করবার সাধনায় । কাঁচা বয়সে পরের লেখা মক্শ করে আমরা অক্ষর ফেঁদে থাকি বটে, কিন্তু ভিতরে ভিতরে তার মধ্যেও নিজের স্বাভাবিক ছাঁদ একটা প্রকাশ হতে থাকে । অবশেষে পরিণতিক্রমে সেইটেই বাইরের নকল খোলসটাকে বিদীর্ণ করে স্বরূপকে প্রকাশ করে দেয় । প্রথম বয়সের কবিতাগুলি সেইরকম কপিবুকের কবিতা ।

সেই কপিবুক-যুগের চৌকাঠ পেরিয়েই প্রথম দেখা দিল সঙ্ক্যাসংগীত । তাকে আমার বোলের সঙ্গে তুলনা করব না, করব কচি আমার গুটির সঙ্গে, অর্থাৎ তাতে তার আপন চেহারাটা সবে দেখা দিয়েছে শ্যামল রঙে । রস ধরে নি, তাই তার দাম কম । কিন্তু সেই কবিতাই প্রথম স্বকীয় রূপ দেখিয়ে আমাকে আনন্দ দিয়েছিল । অতএব সঙ্ক্যাসংগীতেই আমার কাব্যের প্রথম পরিচয় । সে উৎকৃষ্ট নয়, কিন্তু আমারই বটে । সে সময়কার অন্য সমস্ত কবিতা থেকে আপন ছন্দের বিশেষ সাজ পরে এসেছিল । সে সাজ বাজারে চলিত ছিল না ।

সন্ধ্যাসংগীত

সন্ধ্যা

অয়ি সন্ধ্যা,

অনন্ত আকাশতলে বসি একাকিনী,
কেশ এলাইয়া
মৃদু মৃদু ও কী কথা কহিস আপন মনে
গান গেয়ে গেয়ে,
নিখিলের মুখপানে চেয়ে ।
প্রতিদিন শুনিয়াছি, আজও তোর কথা
নারিনু বৃষ্টিতে ।
প্রতিদিন শুনিয়াছি, আজও তোর গান
নারিনু শিখিতে ।
চোখে লাগে ঘুমঘোর,
প্রাণ শুধু ভাবে হয় ভোর ।
হৃদয়ের অতিদূর দূর দূরান্তরে
মিলাইয়া কণ্ঠস্বর তোর কণ্ঠস্বরে
উদাসী প্রবাসী যেন
তোর সাথে তোরি গান করে ।

অয়ি সন্ধ্যা, তোরি যেন স্বদেশের প্রতিবেশী
তোরি যেন আপনার ভাই
প্রাণের প্রবাসে মোর দিশা হারাইয়া
বেড়ায় সদাই ।

শোনে যেন স্বদেশের গান,
দূর হতে কার পায় সাড়া
খুলে দেয় প্রাণ ।

যেন কী পুরানো স্মৃতি
জাগিয়া উঠে রে ওই গানে ।

ওই তারকার মাঝে যেন তার গৃহ ছিল,
হাসিত কাঁদিত ওইখানে ।
আরবার ফিরে যেতে চায়
পথ তবু খুঁজিয়া না পায় ।

কত-না পুরানো কথা, কত-না হারানো গান,
কত-না প্রাণের দীর্ঘশ্বাস,

রবীন্দ্র-রচনাবলী

শরমের আধো হাসি, সোহাগের আধো বাণী,
 প্রণয়ের আধো মৃদু ভাষ,
 সঙ্ঘা, তোর ওই অঙ্ককারে
 হারাইয়া গেছে একেবারে ।
 পূর্ণ করি অঙ্ককার তোর
 তারা সবে ভাসিয়া বেড়ায়
 যুগান্তের প্রশান্ত হৃদয়ে
 ভাঙাচোরা জগতের প্রায় ।
 যবে এই নদীতীরে বসি তোর পদতলে
 তারা সবে দলে দলে আসে,
 প্রাণেরে ঘেরিয়া চারি পাশে ;
 হয়তো একটি হাসি একটি আধেক হাসি
 সমুখেতে ভাসিয়া বেড়ায়,
 কভু ফোটে কভু বা মিলায় ।

আজি আসিয়াছি সঙ্ঘা, বসি তোর অঙ্ককারে
 মুদিয়া নয়ান
 সাধ গেছে গাহিবারে— মৃদু স্বরে শুনাবারে
 দু-চারিটি গান ।
 যেথায় পুরানো গান যেথায় হারানো হাসি
 যেথা আছে বিস্মৃত স্বপন
 সেইখানে সযতনে রেখে দিস গানগুলি,
 রচে দিস সমাধিশয়ন ।
 জানি সঙ্ঘা, জানি তোর স্নেহ,
 গোপনে ঢাকিবি তার দেহ—
 বসিয়া সমাধি-পরে নিষ্ঠুরকৌতুকভরে
 দেখিস হাসে না যেন কেহ ।
 ধীরে শুধু ঝরিবে শিশির,
 মৃদু শ্বাস ফেলিবে সমীর ।
 স্তব্ধতা কপোলে হাত দিয়ে
 একা সেথা রহিবে বসিয়া,
 মাঝে মাঝে দু-একটি তারা
 সেথা আসি পড়িবে খসিয়া ।

গান আরম্ভ

চারি দিকে খেলিতেছে মেঘ,
 বায়ু আসি করিছে চূষন—
 সীমাহারা নভস্তল দুই বাহু পসারিয়া
 হৃদয়ে করিছে আলিঙ্গন ।

অনন্ত এ আকাশের কোলে
 টলমল মেঘের মাঝার
 এইখানে বাঁধিয়াছি ঘর
 তোর তরে কবিতা আমার !
 যবে আমি আসিব হেথায়
 মন্ত্র পড়ি ডাকিব তোমায় ।
 বাতাসে উড়িবে তোর বাস,
 ছড়ায়ে পড়িবে কেশপাশ,
 ঈষৎ মেলিয়া আঁখিপাতা
 মৃদু হাসি পড়িবে ফুটিয়া—
 হৃদয়ের মৃদুল কিরণ
 অধরেতে পড়িবে লুটিয়া ।
 এলোথেলো কেশপাশ লয়ে
 বসে বসে খেলিবি হেথায়,
 উষার অলক দুলাইয়া
 সমীরণ যেমন খেলায় ।
 চুমিয়া চুমিয়া ফুটাইব
 আধোফোটা হাসির কুসুম,
 মুখ লয়ে বুকের মাঝারে
 গান গেয়ে পাড়াইব ঘুম ।
 কৌতুকে করিয়া কোলাকুলি
 আসিবে মেঘের শিশুগুলি,
 ঘিরিয়া দাঁড়াবে তারা সবে
 অবাক হইয়া চেয়ে রবে ।

মেঘ হতে নেমে ধীরে ধীরে
 আয় লো কবিতা, মোর বামে—
 চম্পক-অঙ্গুলি দুটি দিয়ে
 অঙ্ককার ধীরে সরাইয়ে
 যেমন করিয়া উষা নামে ।

বায়ু হতে আয় লো কবিতা,
 আসিয়া বসিবি মোর পাশে—
 কে জানে বনের কোথা হতে
 ভেসে ভেসে সমীরণশ্রোতে
 সৌরভ যেমন করে আসে ।
 হৃদয়ের অন্তঃপুর হতে
 বধু মোর, ধীরে ধীরে আয়—
 ভীকু প্রেম যেমন করিয়া
 ধীরে ওঠে হৃদয় ধরিয়া,

রবীন্দ্র-রচনাবলী

ঐধুর পায়ের কাছে গিয়ে
অমনি মুরছি পড়ে যায় ।

অথবা শিথিল কলেবরে
এসো তুমি, বোসো মোর পাশে—
মরণ যেমন করে আসে,
শিশির যেমন করে ঝরে,
পশ্চিমের আধারসাগরে
তারাটি যেমন করে যায়,
অতি ধীরে মৃদু হেসে সিদুর সীমন্তদেশে
দিবা সে যেমন করে আসে
মরিবারে স্বামীর চিতায়
পশ্চিমের জ্বলন্ত শিখায় ।
পরবাসী ক্ষীণ-আয়ু একটি মুমূর্ষু বায়ু
শেষ কথা বলিতে বলিতে
তখনি যেমন মরে যায়
তেমনি, তেমনি করে এসো—
কবিতা রে, বধূটি আমার,
দুটি শুধু পড়িবে নিশ্বাস,
দুটি শুধু বাহিরিবে বাণী,
বাহু দুটি হৃদয়ে জড়িয়ে
মরমে রাখিবি মুখখানি ।

তারকার আত্মহত্যা

জ্যোতির্ময় তীর হতে আধারসাগরে
ঝাপায়ে পড়িল এক তারা,
একেবারে উন্মাদের পারা ।
চৌদিকে অসংখ্য তারা রহিল চাহিয়া
অবাক হইয়া—
এই-যে জ্যোতির বিন্দু আছিল তাদের মাঝে
মুহূর্তে সে গেল মিশাইয়া ।
যে সমুদ্রতলে
মনোদুঃখে আত্মঘাতী
চির-নির্বাণিত-ভাতি
শত মৃত তারকার
মৃতদেহ রয়েছে শয়ান
সেথায় সে করেছে পয়ান ।

কেন গো, কী হয়েছিল তার ।
একবার শুধালে না কেহ—
কী লাগি সে তেয়গিল দেহ ।

যদি কেহ শুধাইত
আমি জানি কী যে সে কহিত ।
যতদিন বেঁচে ছিল
আমি জানি কী তারে দহিত ।
সে কেবল হাসির যন্ত্রণা,
আর কিছু না !

জ্বলন্ত অঙ্গারখণ্ড ঢাকিতে আধার হৃদি
অনিবার হাসিতেই রহে,
যত হাসে ততই সে দহে ।
তেমনি, তেমনি তারে হাসির অনল
দারুণ উজ্জ্বল—

দহিত, দহিত তারে, দহিত কেবল ।
জ্যোতির্ময় তারাপূর্ণ বিজ্ঞন তেয়গি
তাই আজ ছুটেছে সে নিতান্ত মনের ক্রেশে
আধারের তারাহীন বিজ্ঞনের লাগি ।

কেন গো, তোমরা যত তারা
উপহাস করি তারে হাসিছ অমন ধারা ।
তোমাদের হয় নি তো ক্ষতি,
যেমন আছিল আগে তেমনি রয়েছে জ্যোতি ।
সে কি কভু ভেবেছিল মনে—
(এত গর্ব আছিল কি তার)
আপনারে নিবাইয়া তোমাদের করিবে আধার ।

গেল, গেল, ডুবে গেল, তারা এক ডুবে গেল,
আধারসাগরে—
গভীর নিশীথে
অতল আকাশে ।

হৃদয়, হৃদয় মোর, সাধ কি রে যায় তোর
ঘুমাইতে ওই মৃত তারাটির পাশে
ওই আধারসাগরে
এই গভীর নিশীথে
ওই অতল আকাশে ।

আশার নৈরাশ্য

ওরে আশা, কেন তোর হেন দীনবেশ !
 নিরাশারই মতো যেন বিষণ্ণ বদন কেন—
 যেন অতি সংগোপনে
 যেন অতি সন্তুর্পণে
 অতি ভয়ে ভয়ে প্রাণে করিস প্রবেশ ।
 ফিরিবি কি প্রবেশিবি ভাবিয়া না পাস,
 কেন, আশা, কেন তোর কিসের তরাস ।

আজ আসিয়াছ দিতে যে সুখ-আশ্বাস,
 নিজে তাহা কর না বিশ্বাস,
 তাই হেন মৃদু গতি,
 তাই উঠিতেছে ধীরে দুখের নিশ্বাস ।
 বসিয়া মরমস্থলে কহিছ চোখের জলে—
 “বুঝি হেন দিন রহিবে না,
 আজ যাবে, আসিবে তো কাল,
 দুঃখ যাবে, ঘুচিবে যাতনা ।”
 কেন, আশা, মোরে কেন হেন প্রতারণা ।
 দুঃখক্লেশে আমি কি ডরাই,
 আমি কি তাদের চিনি নাই ।
 তারা সবে আমারি কি নয় ।
 তবে, আশা, কেন এত ভয় ।
 তবে কেন বসি মোর পাশ
 মোরে, আশা, দিতেছ আশ্বাস ।

বলো, আশা, বসি মোর চিতে,
 “আরো দুঃখ হইবে বহিতে,
 হৃদয়ের যে প্রদেশ হয়েছিল ভস্মশেষ
 আর যারে হত না সহিতে,
 আবার নূতন প্রাণ পেয়ে
 সেও পুন থাকিবে দহিতে ।”

করিয়ো না ভয়,
 দুঃখ-ছালা আমারি কি নয় ?
 তবে কেন হেন স্নান মুখ,
 তবে কেন হেন দীন বেশ ?
 তবে কেন এত ভয়ে ভয়ে
 এ হৃদয়ে করিস প্রবেশ ?

পরিত্যক্ত

চলে গেল, আর কিছু নাই কহিবার ।
 চলে গেল, আর কিছু নাই গাহিবার ।
 শুধু গাহিতেছে আর শুধু কাঁদিতেছে
 দীনহীন হৃদয় আমার, শুধু বলিতেছে,
 “চলে গেল সকলেই চলে গেল গো,
 বুক শুধু ভেঙে গেল দলে গেল গো ।”

বসন্ত চলিয়া গেলে বর্ষা কেঁদে কেঁদে বলে,
 “ফুল গেল, পাখি গেল—
 আমি শুধু রহিলাম, সবই গেল গো ।”
 দিবস ফুরালে রাতি স্তব্ধ হয়ে রহে,
 শুধু কেঁদে কহে,
 “দিন গেল, আলো গেল, রবি গেল গো—
 কেবল একেলা আমি, সবই গেল গো ।”
 উত্তরবায়ুর সম প্রাণের বিজনে মম
 কে যেন কাঁদেছে শুধু,
 “চলে গেল, চলে গেল,
 সকলেই চলে গেল গো ।”

উৎসব ফুরায়ে গেলে ছিন্ন শুষ্ক মালা
 পড়ে থাকে হেথায় হোথায়—
 তৈলহীন শিখাহীন ভগ্ন দীপগুলি
 ধুলায় লুটায়—
 একবার ফিরে কেহ দেখে নাকো ভুলি,
 সবে চলে যায় ।

পুরানো মলিন ছিন্ন বসনের মতো
 মোরে ফেলে গেল,
 কাতর নয়নে চেয়ে রহিলাম কত—
 সাথে না লইল ।

তাই প্রাণ গাহে শুধু, কাঁদে শুধু, কহে শুধু,
 “মোরে ফেলে গেল,
 সকলেই মোরে ফেলে গেল
 সকলেই চলে গেল গো ।”

একবার ফিরে তারা চেয়েছিল কি ?
 বুঝি চেয়েছিল ।

একবার ভুলে তারা কেঁদেছিল কি ?
 বুঝি কেঁদেছিল ।
 বুঝি ভেবেছিল—
 লয়ে যাই— নিতান্ত কি একেলা কাঁদিবে ?
 তাই বুঝি ভেবেছিল ।
 তাই চেয়েছিল ।
 তার পরে ? তার পরে !
 তার পরে বুঝি হেসেছিল ।
 একফোঁটা অশ্রুবারি মুহূর্তেই শুকাইল ।
 তার পরে ? তার পরে !
 চলে গেল ।
 তার পরে ? তার পরে !
 ফুল গেল, পাখি গেল, আলো গেল, রবি গেল,
 সবই গেল, সবই গেল গো—
 হৃদয় নিশ্বাস ছাড়ি কাঁদিয়া কহিল,
 “সকলেই চলে গেল গো,
 আমারেই ফেলে গেল গো ।”

সুখের বিলাপ

অবশ নয়ন নিম্নলিয়া
 সুখ কহে নিশ্বাস ফেলিয়া,
 “এমন জোছনা সুমধুর,
 বাশরি বাজিছে দূর দূর,
 যামিনীর হসিত নয়নে
 লেগেছে মৃদুল ঘুমঘোর ।
 নদীতে উঠেছে মৃদু ঢেউ,
 গাছেতে নড়িছে মৃদু পাতা,
 লতায় ফুটিয়া ফুল দুটি
 পাতায় লুকায় তার মাথা :
 মলয় সুদূর বনভূমে
 কাঁপায়ে গাছের ছায়াগুলি
 লাজুক ফুলের মুখ হতে
 ঘোমটা দিতেছে খুলি খুলি ।
 এমন মধুর রজনীতে
 একেলা রয়েছি বসিয়া,
 যামিনীর হৃদয় হইতে
 জোছনা পড়িছে খসিয়া ।”

হৃদয়ে একেলা শুয়ে শুয়ে
 সুখ শুধু এই গান গায়,
 “নিতান্ত একেলা আমি যে
 কেহ, কেহ, কেহ নাই হয় ।”
 আমি তারে শুধাইনু গিয়া,
 “কেন, সুখ, কার কর আশা ?”
 সুখ শুধু কাঁদিয়া কহিল,
 “ভালোবাসা, ভালোবাসা গো ।
 সকলি, সকলি হেথা আছে—
 কুসুম ফুটেছে গাছে গাছে,
 আকাশে তারকা রাশি রাশি,
 জোছনা ঘুমায় হাসি হাসি ।
 সকলি, সকলি হেথা আছে—
 সেই শুধু, সেই শুধু নাই,
 ভালোবাসা নাই শুধু কাছে !”

অবশ নয়ন নিমীলিয়া
 সুখ কহে নিশ্বাস ফেলিয়া,
 “এই তটিনীর ধারে, এই শুভ্র জোছনায়,
 এই কুসুমিত বনে, এই বসন্তের বায়,
 কেহ মোর নাই একেবারে,
 তাই সাধ গেছে কাঁদিবারে ।
 তাই সাধ যায় মনে মনে—
 মিশাব এ যামিনীর সনে,
 কিছুই রবে না আর প্রাতে,
 শিশির রহিবে পাতে পাতে ।
 সাধ যায় মেঘটির মতো
 কাঁদিয়া মরিয়া গিয়া আজি
 অশ্রুজলে হই পরিণত ।”

সুখ বলে, “এ জন্ম ঘুচায়ে
 সাধ যায় হইতে বিবাদ ।”
 “কেন সুখ, কেন হেন সাধ ?”
 “নিতান্ত একা যে আমি গো
 কেহ যে, কেহ যে নাই মোর ।”
 “সুখ, কারে চায় প্রাণ তোর ?
 সুখ, কার করিস রে আশা ?”
 সুখ শুধু কেঁদে কেঁদে বলে,
 “ভালোবাসা, ভালোবাসা গো ।”

হৃদয়ের গীতিধ্বনি

ও কী সুরে গান গাস, হৃদয় আমার ?
 শীত নাই গ্রীষ্ম নাই, বসন্ত শরৎ নাই,
 দিন নাই রাত্রি নাই— অবিরাম অনিবার
 ও কী সুরে গান গাস, হৃদয় আমার ?
 বিরলে বিজন বনে বসিয়া আপন মনে
 ভূমি-পানে চেয়ে চেয়ে, একই গান গেয়ে গেয়ে—
 দিন যায়, রাত যায়, শীত যায়, গ্রীষ্ম যায়,

তবু গান ফুরায় না আর ?

মাথায় পড়িছে পাতা, পড়িছে শুকানো ফুল,
 পড়িছে শিশিরকণা, পড়িছে রবির কর,
 পড়িছে বরষা-জল ঝরঝর ঝরঝর,
 কেবলি মাথার 'পরে করিতেছে সমস্বরে
 বাতাসে শুকানো পাতা মরমর মরমর—
 বসিয়া বসিয়া সেথা, বিশীর্ণ মলিন প্রাণ
 গাহিতেছে একই গান একই গান একই গান ।

পারি নে শুনিতে আর একই গান একই গান ।
 কখন থামিবি তুই, বল্ মোরে বল্ প্রাণ !

একেলা ঘুমায়ে আছি—

সহসা স্বপন টুটি

সহসা জাগিয়া উঠি

সহসা শুনিতে পাই

হৃদয়ের এক ধারে

সেই স্বর ফুটিতেছে,

সেই গান উঠিতেছে—

কেহ শুনিলে না যবে

চারি দিকে স্তব্ধ সবে

সেই স্বর সেই গান অবিরাম অবিশ্রাম
 অচেতন আধারের শিরে শিরে চেতনা সঞ্চারে ।

দিবসে মগন কাজে, চারি দিকে দলবল,

চারি দিকে কোলাহল ।

সহসা পাতিলে কান শুনিতে পাই সে গান,

নানাশব্দময় সেই জনকোলাহল ।

তাহারি প্রাণের মাঝে একমাত্র শব্দ বাজে—

এক সুর, এক ধ্বনি, অবিরাম অবিরল—

যেন সে কোলাহলের হৃদয়স্পন্দন-ধ্বনি—

সমস্ত ভুলিয়া যাই, বসে বসে তাই গনি ।

ঘুমাই বা জেগে থাকি, মনের দ্বারের কাছে
 কে যেন বিষণ্ণ প্রাণী দিনরাত বসে আছে—
 চিরদিন করিতেছে বাস,
 তারি শুনতেছি যেন নিশ্বাস-প্রশ্বাস ।
 এ প্রাণের ভাঙা ভিতে স্তব্ধ দ্বিপ্রহরে
 ঘুঘু এক বসে বসে গায় একস্বরে,
 কে জানে কেন সে গান গায় ।
 বলি সে কাতর স্বরে স্তব্ধতা কাঁদিয়া মরে,
 প্রতিধ্বনি করে হায়-হায় ।

হৃদয় রে, আর কিছু শিখিলি নে তুই,
 শুধু ওই গান !
 প্রকৃতির শত শত রাগিণীর মাঝে
 শুধু ওই তান !

তবে থাম্ থাম্ ওরে প্রাণ,
 পারি নে শুনতে আর একই গান, একই গান ।

দুঃখ-আবাহন

আয় দুঃখ, আয় তুই,
 তোর তরে পেতেছি আসন,
 হৃদয়ের প্রতি শিরা টানি টানি উপাড়িয়া
 বিচ্ছিন্ন শিরার মুখে তৃষিত অধর দিয়া
 বিন্দু বিন্দু রক্ত তুই করিস শোষণ ;
 জননীর স্নেহে তোরে করিব পোষণ ।
 হৃদয়ে আয় রে তুই হৃদয়ের ধন ।

নিভতে ঘুমাবি তুই হৃদয়ের নীড়ে ;
 অতি গুরু তোর ভার—
 দু-একটি শিরা তাহে যাবে বুঝি ছিড়ে,
 যাক ছিড়ে ।
 জননীর স্নেহে তোরে করিব বহন
 দুর্বল বৃকের 'পরে করিব ধারণ,
 একেলা বসিয়া ঘরে অবিরল একস্বরে
 গাব তোর কানে কানে ঘুম পাড়াবার গান ।
 মুদিয়া আসিবে তোর শ্রান্ত দু-নয়ান ।
 প্রাণের ভিতর হতে উঠিয়া নিশ্বাস,
 শ্রান্ত কপালেতে তোর করিবে বাতাস,
 তুই নীরবে ঘুমাস ।

আয়, দুঃখ, আয় তুই, ব্যাকুল এ হিয়া ।
 দুই হাতে মুখ চাপি হৃদয়ের ভূমি-'পরে
 পড় আছাড়িয়া ।
 সমস্ত হৃদয় ব্যাপি একবার উচ্চস্বরে
 অনাথ শিশুর মতো ওঠ রে কাঁদিয়া
 প্রাণের মর্মের কাছে
 একটি যে ভাঙা বাদ্য আছে
 দুই হাতে তুলে নে রে, সবলে বাজায়ে দে রে
 নিতান্ত উন্মাদ-সম ঝন্ ঝন্ ঝন্ ঝন্ ।
 ভাঙে তো ভাঙবে বাদ্য, ছেঁড়ে তো ছিঁড়বে তন্ত্রী—
 নে রে তবে তুলে নে রে, সবলে বাজায়ে দে রে
 নিতান্ত উন্মাদ-সম ঝন্ ঝন্ ঝন্ ঝন্ ।
 দারুণ আহত হয়ে দারুণ শব্দের ঘায়,
 যত আছে প্রতিধ্বনি বিষম প্রমাদ গনি
 একেবারে সমস্বরে
 কাঁদিয়া উঠবে যন্ত্রণায়—
 দুঃখ, তুই আয় তুই আয় ।

নিতান্ত একেলা এ হৃদয় ।
 আর কিছু নয়,
 কাছে আয় একবার, তুলে ধর মুখ তার,
 মুখে তার আঁখি দুটি রাখ,
 একদৃষ্টে চেয়ে শুধু থাক ।
 আর কিছু নয়,
 নিরালয় এ হৃদয়
 শুধু এক সহচর চায় ।
 তুই দুঃখ, তুই কাছে আয় ।
 কথা না কহিস যদি বসে থাক নিরবধি
 হৃদয়ের পাশে দিনরাতি ।
 যখনি খেলাতে চাস হৃদয়ের কাছে যাস,
 হৃদয় আমার চায় খেলাবার সাথি ।

আয় দুঃখ হৃদয়ের ধন,
 এই হেথা পেতেছি আসন ।
 প্রাণের মর্মের কাছে
 এখনো যা রক্ত আছে
 তাই তুই করিস শোষণ ।

শান্তিগীত

ঘুমা দুঃখ হৃদয়ের ধন,
 ঘুমা তুই; ঘুমা রে এখন ।
 সুখে সারা দিনমান শোণিত করিয়া পান
 এখন তো মিটেছে তিয়াষ ?
 দুঃখ, তুই সুখেতে ঘুমাস ।

আজ জোছনার রাত্রে বসন্তপবনে,
 অতীতের পরলোক ত্যজি শূন্যমানে,
 বিগত দিবসগুলি শুধু একবার
 পুরানো খেলার ঠাই দেখিতে এসেছে

এই হৃদয়ে আমার—

যবে বেঁচেছিল তারা এই এ শ্মশানে
 দিন গেলে প্রতিদিন পুড়াত যেখানে
 একেকটি আশা আর একেকটি সুখ,
 সেইখানে আসি তারা বসিয়া রয়েছে
 অতি ম্লান মুখ ।

সেখানে বসিয়া তারা সকলে মিলিয়া
 অতি মৃদু স্বরে
 পুরানো কালের গীতি নয়ন মুদিয়া
 ধীরে গান করে ।

দুঃখ, তুই ঘুমা ।
 ধীরে উঠিতেছে গান,
 ক্রমে ছাইতেছে প্রাণ,
 নীরবতা ছায় যথা সঙ্ঘ্যার গগন ।
 গানের প্রাণের মাঝে তোর তীব্র কণ্ঠস্বর
 ছুরির মতন ।

তুই থাম্ দুঃখ, থাম্ ।
 তুই ঘুমা দুঃখ, ঘুমা ।

কাল উঠিস আবার,
 খেলিস দূরস্ত খেলা হৃদয়ে আমার ;
 হৃদয়ের শিরাগুলি ছিড়ি ছিড়ি মোর
 তাইতে রচিস তন্ত্রী বীণাটির তোর,
 সারাদিন বাজাস বসিয়া
 ধ্বনিয়া হৃদয় ।
 আজ রাত্রে রব শুধু চাহিয়া চাঁদের পানে,
 আর কিছু নয় ।

অসহ্য ভালোবাসা

বুঝেছি গো বুঝেছি সজনি,
 কী ভাব তোমার মনে জাগে—
 বুক-ফাটা প্রাণ-ফাটা মোর ভালোবাসা
 এত বুঝি ভালো নাহি লাগে ।
 এত ভালোবাসা বুঝি পার না সহিতে,
 এত বুঝি পার না বহিতে ।

যখনি গো নেহারি তোমায়—
 মুখ দিয়া আঁখি দিয়া বাহিরিতে চায় হিয়া,
 শিরার শৃঙ্খলগুলি ছিড়িয়া ফেলিতে চায়,
 ওই মুখ বুক ঢাকে, ওই হাতে হাত রাখে,
 কী করিবে ভাবিয়া না পায়,
 যেন তুমি কোথা আছ খুঁজিয়া না পায় ।
 মন মোর পাগলের হেন প্রাণপণে শুধায় সে যেন,
 “প্রাণের প্রাণের মাঝে কী করিলে তোমারে গো পাই,
 যে ঠাই রয়েছে শূন্য কী করিলে সে শূন্য পুরাই !”

এইরূপে দেহের দুয়ারে
 মন যবে থাকে যুঝিবারে,
 তুমি চেয়ে দেখ মুখ-বাগে—
 এত বুঝি ভালো নাহি লাগে ।
 তুমি চাও যবে মাঝে মাঝে
 অবসর পাবে তুমি কাজে
 আমারে ডাকিবে একবার—
 কাছে গিয়া বসিব তোমার,
 মৃদু মৃদু সুমধুর বাণী
 কব তব কানে কানে রানী ।
 তুমিও কহিবে মৃদু ভাষ,
 তুমিও হাসিবে মৃদু হাস,
 হৃদয়ের মৃদু খেলাখেলি—
 ফুলেতে ফুলেতে হেলাহেলি ।

চাও তুমি দুখহীন প্রেম
 ছুটে যেথা ফুলের সুবাস,
 উঠে যেথা জোছনালহরী,
 বহে যেথা বসন্তবাতাস ।
 নাহি চাও আত্মহারা প্রেম
 আছে যেথা অনন্ত পিয়াস,
 বহে যেথা চোখের সলিল,
 উঠে যেথা দুখের নিশ্বাস ।

প্রাণ যেথা কথা ভুলে যায়,
আপনারে ভুলে যায় হিয়া,
অচেতন চেতনা যেথায়
চরাচর ফেলে হারাইয়া ।

এমন কি কেহ নাই, বল মোরে বল আশা,
মার্জনা করিবে মোর অতি— অতি ভালোবাসা !

হলাহল

এমন ক'দিন কাটে আর !
ললিত গলিত হাস, জাগরণ, দীর্ঘশ্বাস,
সোহাগ, কটাক্ষ, মান, নয়নসলিলধার,
মৃদু হাসি— মৃদু কথা— আদরের, উপেক্ষার—
এই শুধু, এই শুধু, দিনরাত এই শুধু—
এমন ক'দিন কাটে আর !

কটাক্ষে মরিয়া যায়, কটাক্ষে ঝাঁচিয়া উঠে,
হাসিতে হৃদয় জ্বড়ে, হাসিতে হৃদয় টুটে,
ভীকুর মতন আসে দাঁড়িয়ে রহে গো পাশে,
ভয়ে ভয়ে মৃদু হাসে, ভয়ে ভয়ে মুখ ফুটে,
একটু আদর পেলে অমনি চরণে লুটে,
অমনি হাসিটি জাগে মলিন অধরপুটে,
একটু কটাক্ষ হেরি অমনি সরিয়া যায়—
অমনি জগৎ যেন শূন্য মরুভূমি-হেন,
অমনি মরণ যেন প্রাণের অধিক ভায় ।

প্রণয় অমৃত এ কি ? এ যে ঘোর হলাহল—
হৃদয়ের শিরে শিরে প্রবেশিয়া ধীরে ধীরে
অবশ করেছে দেহ, শোণিত করেছে জল ।
কাজ নাই, কর্ম নাই বসে আছে এক ঠাই,
হাসি ও কটাক্ষ লয়ে খেলেনা গড়িছে যত,
কভু ঢুলে পড়া আঁখি কভু অশ্রুভারে নত ।

দূর করো, দূর করো, বিকৃত এ ভালোবাসা,
জীবনদায়িনী নহে, এ যে গো হৃদয়নাশা ।
কোথায় প্রণয়ে মন যৌবনে ভরিয়া উঠে,
জগতের অধরেতে হাসির জোছনা ফুটে,
চোখেতে সকলি ঠেকে বসন্ত হিম্মোলময়,
হৃদয়ের শিরে শিরে শোণিত সতেজে বয়—

তা নয়, একি এ হল, একি এ জর্জর মন !
 হাসিহীন দু অধর, জ্যোতিহীন দু নয়ন !
 দূরে যাও, দূরে যাও, হৃদয় রে দূরে যাও—
 ভুলে যাও, ভুলে যাও, ছেলেখেলা ভুলে যাও ।
 দূর করো, দূর করো, বিকৃত এ ভালোবাসা—
 জীবনদায়িনী নহে, এ যে গো হৃদয়নাশা ।

অনুগ্রহ

এই-যে জগৎ হেরি আমি,
 মহাশক্তি জগতের স্বামী,
 এ কি হে তোমার অনুগ্রহ ?
 হে বিধাতা কহো মোরে কহো ।
 ওই-যে সমুখে সিদ্ধ, এ কি অনুগ্রহবিন্দু
 ওই-যে আকাশে শোভে চন্দ্র সূর্য গ্রহ,
 ক্ষুদ্র ক্ষুদ্র তব অনুগ্রহ ?
 ক্ষুদ্র হতে ক্ষুদ্র একজন
 আমারে যে করেছ সৃজন,
 এ কি শুধু অনুগ্রহ করে
 ঋণপাশে বাঁধিবারে মোরে ?
 করিতে করিতে যেন খেলা
 কটাক্ষে করিয়া অসহেলা,
 হেসে ক্ষমতার হাসি অসীম ক্ষমতা হতে
 ব্যয় করিয়াছ এক রতি
 অনুগ্রহ করে মোর প্রতি ?
 শুভ্র শুভ্র জুঁই দুটি ওই-যে রয়েছে ফুটি
 ও কি তব অতি শুভ্র ভালোবাসা নয় ?
 বলো মোরে, মহাশক্তিময়,
 ওই-যে জোছনা-হাসি ওই-যে তারকারাশি,
 আকাশে হাসিয়া ফুটে রয়,
 ও কি তব ভালোবাসা নয় ?
 ও কি তব অনুগ্রহহাসি
 কঠোর পাষণ লৌহময় ?
 তবে হে হৃদয়হীন দেব,
 জগতের রাজ-অধিরাজ,
 হানো তব হাসিময় বাজ,
 মহা অনুগ্রহ হতে তব
 মুছে তুমি ফেলহ আমারে—
 চাহি না থাকিতে এ সংসারে ।

ভালোবাসি আপনা ভুলিয়া,
গান গাহি হৃদয় খুলিয়া,
ভক্তি করি পৃথিবীর মতো,
স্নেহ করি আকাশের প্রায় ।
আপনারে দিয়েছি ফেলিয়া
আপনারে গিয়েছি ভুলিয়া,
যারে ভালোবাসি তার কাছে
প্রাণ শুধু ভালোবাসা চায় ।

সাক্ষী আছ তুমি অন্তর্যামী
কতখানি ভালোবাসি আমি,
দেখি যবে তার মুখ হৃদয়ে দারুণ সুখ
ভেঙে ফেলে হৃদয়ের দ্বার,
বলে, “এ কী ঘোর কারাগার !”

প্রাণ বলে, “পারি নে সহিতে,
এ দুরন্ত সুখে বহিতে ।”
আকাশে হেরিলে শশী আনন্দে উথলি উঠি
দেয় যথা মহাপারাবার
অসীম আনন্দ উপহার,
তেমনি সমুদ্র-ভরা আনন্দ তাহারে দিই
হৃদয় যাহারে ভালোবাসে,
হৃদয়ের প্রতি ঢেউ উথলি গাহিয়া উঠে
আকাশ পুরিয়া গীতোচ্ছ্বাসে ।
ভেঙে ফেলি উপকূল পৃথিবী ডুবাতে চাহে,
আকাশে উঠিতে চায় প্রাণ—
আপনারে ভুলে গিয়ে হৃদয় হইতে চাহে
একটি জগতব্যাপী গান ।
তাহারে কবির অশ্রু হাসি
দিয়েছি কত-না রাশি রাশি,
তাহারি কিরণে ফুটিতেছে
হৃদয়ের আশা ও ভরসা,
তাহারি হাসি ও অশ্রুজল
এ প্রাণের বসন্ত বরষা ।

ভালোবাসি, আর গান গাই—
কবি হয়ে জন্মেছি ধরায়—
রাত্রি এত ভালো নাহি বাসে,
উষা এত গান নাহি গায় ।

ভালোবাসা স্বাধীন মহান,
 ভালোবাসা পর্বত-সমান ।
 ভিক্ষাবৃত্তি করে না তপন
 পৃথিবীতে চাহে সে যখন—
 সে চাহে উজ্জ্বল করিবারে,
 সে চাহে উর্বর করিবারে,
 জীবন করিতে প্রবাহিত,
 কুসুম করিতে বিকশিত ।
 চাহে সে বাসিতে শুধু ভালো,
 চাহে সে করিতে শুধু আলো,
 স্বপ্নেও কি ভাবে কভু ধরা,
 তপনেরে অনুগ্রহ করা ?
 যবে আমি যাই তার কাছে
 সে কি মনে ভাবে গো তখন
 অনুগ্রহ ভিক্ষা মাগিবারে
 এসেছে ভিক্ষুক একজন ?
 অনুগ্রহ পাষণমমতা,
 করুণার কঙ্কাল কেবল,
 ভাবহীন বজ্রে গড়া হাসি—
 স্ফটিককঠিন অশ্রুজল ।
 অনুগ্রহ বিলাসী গর্বিত,
 অনুগ্রহ দয়ালু কৃপণ—
 বহু কষ্টে অশ্রুবিन्दু দেয়
 শুষ্ক আঁখি করিয়া মছন ।
 নীচ হীন দীন অনুগ্রহ
 কাছে যবে আসিবারে চায়,
 প্রণয় বিলাপ করি উঠে—
 গীতগান ঘুণায় পলায় ।

হে দেবতা, অনুগ্রহ হতে
 রক্ষা করো অভাগা কবিরে,
 অপযশ অপমান দাও—
 দুঃখ জ্বালা বহিব এ শিরে ।
 সম্পদের স্বর্ণকারাগারে,
 গরবের অঙ্ককার-মাঝ,
 অনুগ্রহ রাজার মতন
 চিরকাল করুক বিরাজ ।
 সোনার শৃঙ্খল ঝংকারিয়া
 গরবের স্ফীত দেহ লয়ে
 অনুগ্রহ আসে নাকো যেন
 আমাদের স্বাধীন আলয়ে ।

গান আসে বলে গান গাই,
ভালোবাসি বলে ভালোবাসি,
কেহ যেন মনে নাহি করে
মোরা কারো কপার প্রয়াসী ।
নাহয় শুনো না মোর গান,
ভালোবাসা ঢাকা রবে মনে ।
অনুগ্রহ করে এই কোরো—
অনুগ্রহ কোরো না এ জনে ।

আবার

তুমি কেন আসিলে হেথায়
এ আমার সাধের আবাসে ?
এ আলায়ে যে নিবাসী থাকে,
এ আলায়ে যে অতিথি আসে,
সবাই আমার সখা, সবাই আমার ঝু,
সবারেই আমি ভালোবাসি,
তারাও আমারে ভালোবাসে—
তুমি তবে কেন এলে হেথা
এ আমার সাধের আবাসে ?

এ আমার প্রেমের আলায়,
এ মোর স্নেহের নিকেতন ;
বেছে বেছে কুসুম তুলিয়া
রচিয়াছি কোমল আসন ।
কেহ হেথা নাইকো নিষ্ঠুর,
কিছু হেথা নাইকো কঠিন,
কবিতা আমার প্রণয়িনী
এইখানে আসে প্রতিদিন ।

সমীর কোমলমন আসে হেথা অনুক্ষণ
যখনি সে পায় অবকাশ,
যখনি প্রভাত ফুটে, যখনি সে জেগে উঠে
ছুটিয়া সে আসে মোর পাশ ।
দুই বাহু প্রসারিয়া আমারে বুকতে নিয়া
কত শত বারতা শুধায়,
সখা মোর প্রভাতের বায় ।
আকাশেতে তুলে আঁখি বাতায়নে বসে থাকি
নিশি যবে পোহায়-পোহায়,
উষার আলোকে হারা সখী মোর শুকতারা
আমার এ মুখপানে চায় ।

নীরবে চাহিয়া রহে, নীরব নয়নে কহে,
“সখা, আজ বিদায়, বিদায় ।”

ধীরে ধীরে সঙ্ঘার বাতাস
প্রতিদিন আসে মোর পাশ ।
দেখে, আমি বাতায়নে, অশ্রু ঝরে দু নয়নে,
ফেলিতেছি দুখের নিশ্বাস ।
অতি ধীরে আলিঙ্গন করে,
কথা কহে সক্রুণ স্বরে,
কানে কানে বলে, “হায় হায় !”

কোমল কপোল দিয়া কপোল চুম্বন করি
অশ্রুবিन्दু সুধীরে শুকায় ।
সবাই আমার মন বুঝে,
সবাই আমার দুঃখ জানে,
সবাই করুণ আঁখি মেলি
চেয়ে থাকে এই মুখপানে ।
যে কেহ আমার ঘরে আসে
সবাই আমারে ভালোবাসে—
তবে কেন তুমি এলে হেথা
এ আমার সাধের আবাসে ?

ফেরো ফেরো, ও নয়ন রসহীন ও বয়ন
আনিয়ো না এ মোর আলয়ে—
আমরা সখারা মিলি আছি হেথা নিরিবিলি
আপনার মনোদুঃখ লয়ে ।
এমনি হয়েছে শান্ত মন,
ঘুচেছে দুঃখের কঠোরতা ;
ভালো লাগে বিহঙ্গের গান,
ভালো লাগে তটিনীর কথা ।
ভালো লাগে কাননে দেখিতে
বসন্তের কুসুমের মেলা,
ভালো লাগে সারাদিন বসে
দেখিতে মেঘের ছেলেখেলা ।
এইরূপে সায়াহ্নের কোলে
রচেছি গোধূলি-নিকেতন,
দিবসের অবসান-কালে
পশে হেথা রবির কিরণ ।
আসে হেথা অতি দূর হতে
পাখিদের বিরামের তান,
শ্রিয়মাণ সঙ্ঘা-বাতাসের
থেকে থেকে মরণের গান ।

পরিশ্রান্ত অবশ পরানে
বসিয়া রয়েছি এইখানে ।

যাও মোরে যাও ছেড়ে, নিয়ো না নিয়ো না কেড়ে,
নিয়ো না নিয়ো না মন মোর ।
সখাদের কাছ হতে ছিনিয়া নিয়ো না মোরে,
ছিড়ো না এ প্রণয়ের ডোর ।
আবার হারাই যদি এই গিরি এই নদী
মেঘ বায়ু কানন নির্ঝর,
আবার স্বপন ছুটে একেবারে যায় টুটে
এ আমার গোধূলির ঘর,
আবার আশ্রয়হারা ঘুরে ঘুরে হই সারা
ঝটিকার মেঘখণ্ড-সম,
দুঃখের বিদ্যুৎ-ফণা ভীষণ ভূজঙ্গ এক
পোষণ করিয়া বক্ষে মম—
তাহা হলে এ জনমে নিরাশ্রয় এ জীবনে
ভাঙা ঘর আর গড়িবে না,
ভাঙা হৃদি আর জুড়িবে না ।
কাল সবে গড়েছি আলায়,
কাল সবে জুড়েছি হৃদয়—
আজি তা দিয়ো না যেন ভেঙে,
রাখো তুমি রাখো এ বিনয় ।

পাষণী

জগতের বাতাস করুণা,
করুণা সে রবিশশী তারা,
জগতের শিশির করুণা—
জগতের বৃষ্টিবারিধারা ।
জননীর স্নেহধারা-সম
এই-যে জাহ্নবী বহিতেছে,
মধুরে তটের কানে কানে
আশ্বাস-বচন কহিতেছে—
এও সেই বিমল করুণা
হৃদয় ঢালিয়া বহে যায়,
জগতের তৃষা নিবারিয়া
গান গাহে করুণ ভাষায় ।
কাননের ছায়া সে করুণা,

করুণা সে উষার কিরণ,
 করুণা সে জননীর আঁখি,
 করুণা সে প্রেমিকের মন ।
 এমন যে মধুর করুণা,
 এমন যে কোমল করুণা,
 জগতের হৃদয়-জুড়ানো
 এমন যে বিমল করুণা—
 দিন দিন বুক ফেটে যায়,
 দিন দিন দেখিবারে পাই,
 যারে ভালোবাসি প্রাণপণে
 সে করুণা তার মনে নাই ।

পরের নয়নজলে তার না হৃদয় গলে,
 দুখে সে করে উপহাস,
 দুখে সে করে অবিশ্বাস ।
 দেখিয়া হৃদয় মোর তরাসে শিহরি উঠে,
 প্রেমের কোমল প্রাণে শত শত শেল ফুটে,
 হৃদয় কাতর হয়ে নয়ন মুদিত চায়,
 কাঁদিয়া সে বলে, “হায় হায়,
 এ তো নহে আমার দেবতা,
 তবে কেন রয়েছে হেথায় ?”

তুমি নও, সে জন তো নও,
 তবে তুমি কোথা হতে এলে ?
 এলে যদি এসো তবে কাছে,
 এ হৃদয়ে যত অশ্রু আছে
 একবার সব দিই ঢেলে,
 তোমার সে কঠিন পরান
 যদি তাহে একতিল গলে,
 কোমল হইয়া আসে মন
 সিক্ত হয়ে অশ্রুজলে-জলে ।
 কাঁদিবারে শিখাই তোমায়—
 পরদুঃখে ফেলিতে নিশ্বাস,
 করুণার সৌন্দর্য অতুল
 ও নয়নে করে যেন বাস ।
 প্রতিদিন দেখিয়াছি আমি
 করুণারে করেছ পীড়ন,
 প্রতিদিন ওই মুখ হতে
 ভেঙে গেছে রূপের মোহন ।
 কুবলয়-আঁখির মাঝারে
 সৌন্দর্য পাই না দেখিবারে,

হাসি তব আলোকের প্রায়
কোমলতা নাহি যেন তায়,
তাই মন প্রতিদিন কহে,
“নহে নহে, এ জন সে নহে ।”

শোনো বন্ধু, শোনো, আমি করুণারে ভালোবাসি ।
সে যদি না থাকে তবে ধূলিময় রূপরাশি ।
তোমাতে যে পূজা করি, তোমাতে যে দিই ফুল,
ভালোবাসি বলে যেন কখনো কোরো না ভুল ।
যে জন দেবতা মোর কোথা সে আছে না জানি,
তুমি তো কেবল তার পাষণ প্রতিমাখানি ।
তোমার হৃদয় নাই, চোখে নাই অশ্রুধার,
কেবল রয়েছে তব পাষণ-আকার তার ।

দুদিন

আরম্ভিছে শীতকাল, পরিছে নীহারজাল,
শীর্ণ বৃক্ষশাখা যত ফুলপত্রহীন ;
মৃতপ্রায় পৃথিবীর মুখের উপরে
বিষাদে প্রকৃতিমাতা শুভ্র বাষ্পজালে-গাথা
কুণ্ডলটি-বসনখানি দেখেন টানিয়া ।
পশ্চিমে গিয়েছে রবি, স্তব্ধ সঙ্ক্যাবেলা,
বিদেশে আসিনু শ্রান্ত পথিক একেলা ।

রহিনু দুদিন ।

এখনো রয়েছে শীত, বিহঙ্গ গাহে না গীত,
এখনো ঝরিছে পাতা, পড়িছে তুহিন ।
বসন্তের প্রাণভরা চুম্বন-পরশে
সর্ব অঙ্গ শিহরিয়া পুলকে-আকুল-হিয়া
মৃতশয্যা হতে ধরা জাগে নি হরষে ।
এক দিন দুই দিন ফুরাইল শেষে,
আবার উঠিতে হল, চলিনু বিদেশে ।

এই-যে ফিরানু মুখ, চলিনু পুরবে,
আর কি রে এ জীবনে ফিরে আসা হবে !
কত মুখ দেখিয়াছি দেখিব না আর ।

ঘটনা ঘটিবে কত, বরষ বরষ শত
জীবনের 'পর দিয়া হয়ে যাবে পার—
হয়তো-বা একদিন অতি দূর দেশে,
আসিয়াছে সঙ্ক্যা হয়ে, বাতাস যেতেছে বয়ে,
একেলা নদীর ধারে রহিয়াছি বসে—

ছ ছ করে উঠিবেক সহসা এ হিয়া,
 সহসা এ মেঘাচ্ছন্ন স্মৃতি উজলিয়া
 একটি অক্ষুট রেখা সহসা দিবে যে দেখা,
 একটি মুখের ছবি উঠিবে জাগিয়া,
 একটি গানের ছত্র পড়িবেক মনে,
 দু-একটি সুর তার উদিবে স্মরণে,
 অবশেষে একেবারে সহসা সবলে
 বিস্মৃতির বাধগুলি ভাঙিয়া চূর্ণিয়া ফেলি
 সেদিনের কথাগুলি বন্যার মতন
 একেবারে বিপ্লাবিয়া ফেলিবে এ মন ।

শতফুলদলে গড়া সেই মুখ তার
 স্বপনেতে প্রতিনিশি হৃদয়ে উদিবে আসি
 এলানো আকুল কেশে, আকুল নয়নে ।
 সেই মুখ সঙ্গী মোর হইবে বিজনে,
 নিশীথের অন্ধকার আকাশের পটে
 নক্ষত্র-গ্রহের মতো উঠিবেক ফুটে
 ধীরে ধীরে রেখা রেখা সেই মুখ তার
 নিঃশব্দে মুখের পানে চাহিয়া আমার ।
 চমকি উঠিব জাগি শুনি ঘুমঘোরে
 “যাবে তবে ? যাবে ?” সেই ভাঙা-ভাঙা স্বরে ।

ফুরাল দু'দিন—
 শরতে যে শাখা হয়েছিল পত্রহীন
 এ দু'দিনে সে শাখা উঠে নি মুকুলিয়া,
 অচল শিখর-'পরি যে তুষার ছিল পড়ি
 এ দু'দিনে কণা তার যায় নি গলিয়া,
 কিন্তু এ দু'দিন তার শত বাহু দিয়া
 চিরটি জীবন মোর রহিবে বেষ্টিয়া ।
 দু'দিনের পদচিহ্ন চিরদিন-তরে
 অঙ্কিত রহিবে শত বরষের শিরে ।

পরাজয়-সংগীত

ভালো করে যুঝিলি নে, হল তোরি পরাজয়—
 কী আর ভাবিতেছিস, স্রিয়মাণ, হা হৃদয় !
 কাঁদ তুই, কাঁদ, হেথা আয়,
 একা বসে বিজনে বিদেশে ।
 জানিতাম জানিতাম হা রে
 এমনি ঘটিবে অবশেষে ।

সংসারে যাহারা ছিল সকলেই জয়ী হল,
 তোরি শুধু হল পরাজয়—
 প্রতি রণে প্রতি পদে একে একে ছেড়ে দিলি
 জীবনের রাজ্য সমুদয় ।
 যতবার প্রতিজ্ঞা করিলি
 ততবার পড়িল টুটিয়া,
 ছিন্ন আশা ঝাধিয়া তুলিলি
 বার বার পড়িল লুটিয়া ।
 “সাস্তুনা সাস্তুনা” করি ফিরি
 সাস্তুনা কি মিলিল রে মন ?
 জুড়াইতে ক্ষত বক্ষঃস্থল
 ছুরিরে করিলি আলিঙ্গন ।
 ইচ্ছা, সাধ, আশা যাহা ছিল
 অদৃষ্ট সকলি লুটে নিল ।

মনে হইতেছে আজি জীবন হারায়ে গেছে,
 মরণ হারায়ে গেছে হায় !
 কে জানে এ কী এ ভাব ? শূন্যপানে চেয়ে আছি
 মৃত্যুহীন মরণের প্রায় ।
 পরাজিত এ হৃদয় জীবনের দুর্গ মম
 মরণে করিল সমর্পণ,
 তাই আজ জীবনে মরণ ।

জাগ্ জাগ্ জাগ্ ওরে, গ্রাসিতে এসেছে তোরে
 নিদারুণ শূন্যতার ছায়া,
 আকাশ-গরাসী তার কায়া ।
 গেল তোর চন্দ্র সূর্য, গেল তোর গ্রহ তারা,
 গেল তোর আত্ম আর পর ।
 এইবেলা প্রাণপণ কর ।
 এইবেলা ফিরে দাঁড়া তুই,
 স্রোতোমুখে ভাসিস নে আর ।
 যাহা পাস ঠাঁকড়িয়া ধর—
 সম্মুখে অসীম পারাবার,
 সম্মুখেতে চির অমানিশি,
 সম্মুখেতে মরণ বিনাশ !
 গেল, গেল, বুঝি নিয়ে গেল
 আবর্ত করিল বুঝি গ্রাস !

শিশির

শিশির কাঁদিয়া শুধু বলে,
 “কেন মোর হেন ক্ষুদ্র প্রাণ—
 শিশুটির কল্পনার মতো
 জনমি অমনি অবসান ?
 ঘুম-ভাঙা উষা-মেয়েটির
 একটি সুখের অশ্রু হয়,
 হাসি তার ফুরাতে ফুরাতে
 এ অশ্রুটি শুকাইয়া যায় ।
 টুকটুকে মুখখানি নিয়ে
 গোলাপ হাসিছে মুচকিয়ে,
 বকুল প্রাণের সুধা দিয়ে,
 বায়ুরে মাতাল করি তুলে—
 প্রজাপতি ভাবিয়া না পায়
 কাহারে তাহার প্রাণ চায়,
 তুলিয়া অলস পাখা দুটি
 ভ্রমিতেছে ফুল হতে ফুলে—
 সেই হাসি-রাশির মাঝারে
 আমি কেন থাকিতে না পাই !
 যেমনি নয়ন মেলি, হয়,
 সুখের নিমেষটির প্রায়,
 অতৃপ্ত হাসিটি মুখে লয়ে
 অমনি কেন গো মরে যাই !”

শুয়ে শুয়ে অশোক-পাতায়
 মুমূর্ষু শিশির বলে, “হায়,
 কোনো সুখ ফুরায় নি যার
 তার কেন জীবন ফুরায় ?”

“আমি কেন হই নি শিশির ?”
 কহে কবি নিশ্বাস ফেলিয়া ।
 “প্রভাতেই যেতেম শুকায়ে
 প্রভাতেই নয়ন মেলিয়া ।
 হে বিধাতা, শিশিরের মতো
 গড়েছ আমার এই প্রাণ,
 শিশিরের মরণটি কেন
 আমারে কর নি তবে দান ?”

সংগ্রাম-সংগীত

হৃদয়ের সাথে আজি
করিব রে করিব সংগ্রাম ।
এতদিন কিছু না করিনু,
এতদিন বসে রহিলাম,
আজি এই হৃদয়ের সাথে
একবার করিব সংগ্রাম ।

বিদ্রোহী এ হৃদয় আমার
জগৎ করিছে ছারখার ।
গ্রাসিছে চাঁদের কায়া ফেলিয়া আধার ছায়া
সুবিশাল রাহুর আকার ।
মেলিয়া আধার গ্রাস দিনেরে দিতেছে ত্রাস,
মলিন করিছে মুখ তার ।
উষার মুখের হাসি লয়েছে কাড়িয়া,
গভীর বিরামময় সঙ্ঘার প্রাণের মাঝে
দুরন্ত অশান্তি এক দিয়াছে ছাড়িয়া ।
প্রাণ হতে মুছিতেছে অরুণের রাগ,
দিতেছে প্রাণের মাঝে কলঙ্কের দাগ ।
প্রাণের পাখির গান দিয়াছে থামায়ে,
বেড়াত যে সাধগুলি মেঘের দোলায় দুলি
তাদের দিয়াছে হায় ভূতলে নামায়ে ।
ক্রমশই বিছাইছে অন্ধকার পাখা,
আঁখি হতে সব-কিছু পড়িতেছে ঢাকা ।
ফুল ফুটে, আমি আর দেখিতে না পাই ;
পাখি গাহে, মোর কাছে গাহে না সে আর ;
দিন হল, আলো হল, তবু দিন নাই,
আমি শুধু নেহারি পাখার অন্ধকার ।
মিছা বসে রহিব না আর,
চরাচর হারায় আমার ।
রাজ্যহারা ভিখারির সাজে
দঙ্ক ধ্বংস-ভস্ম-'পরি ভ্রমিব কি হাহা করি
জগতের মরুভূমি-মাঝে ?
আজ তব হৃদয়ের সাথে
একবার করিব সংগ্রাম ।
ফিরে নেব, কেড়ে নেব আমি
জগতের একেকটি গ্রাম ।
ফিরে নেব রবিশশীতারা,

ফিরে নেব সন্ধ্যা আর উষা,
 পৃথিবীর শ্যামল যৌবন,
 কাননের ফুলময় ভূষা ।
 ফিরে নেব হারানো সংগীত,
 ফিরে নেব মৃতের জীবন,
 জগতের ললাট হইতে
 ংধার করিব প্রক্ষালন ।
 আমি হব সংগ্রামে বিজয়ী,
 হৃদয়ের হবে পরাজয়,
 জগতের দূর হবে ভয় ।

হৃদয়ে রেখে দেব বেঁধে,
 বিরলে মরিবে কেঁদে কেঁদে ।
 দুঃখে বিধি কষ্টে বিধি জর্জর করিব হৃদি—
 বন্দী হয়ে কাটাবে দিবস,
 অবশেষে হইবে সে বশ,
 জগতে রটিবে মোর যশ ।
 বিশ্বচরাচরময় উচ্ছ্বসিবে জয় জয়,
 উল্লাসে পুরিবে চারি ধার,
 গাবে রবি, গাবে শশী, গাবে তারা শূন্যে বসি,
 গাবে বায়ু শত শত বার ।
 চারি দিকে দিবে ছলুধ্বনি,
 বরষিবে কুসুম-আসার,
 বেঁধে দেব বিজয়ের মালা
 শাস্তিময় ললাটে আমার ।

আমি-হারা

হায় হায়,
 জীবনের তরুণ বেলায়,
 কে ছিল রে হৃদয়-মাঝারে,
 দুর্লভ রে অরুণ-দোলায় !
 হাসি তার ললাটে ফুটিত,
 হাসি তার ভাসিত নয়নে,
 হাসি তার ঘুমায়ে পড়িত
 সুকোমল অধরশয়নে ।
 ঘুমাইলে, নন্দনবালিকা
 গৌণে দিত স্বপনমালিকা ;
 জাগরণে, নয়নে তাহার
 ছায়াময় স্বপন জাগিত ;

আশা তার পাখা প্রসারিয়া
 উড়ে যেত উধাও হইয়া,
 চাঁদের পায়ের কাছে গিয়ে
 জ্যোৎস্নাময় অমৃত মাগিত ।
 বনে সে তুলিত শুধু ফুল,
 শিশির করিত শুধু পান,
 প্রভাতের পাখিটির মতো
 হরষে করিত শুধু গান ।
 কে গো সেই, কে গো হয় হয়,
 জীবনের তরুণ বেলায়
 খেলাইত হৃদয়-মাঝারে
 দুলিত রে অরুণ-দোলায় ?
 সচেতন অরুণকিরণ
 কে সে প্রাণে এসেছিল নামি ?
 সে আমার শৈশবের কুঁড়ি,
 সে আমার সুকুমার আমি ।

প্রতিদিন বাড়িল আধার,
 পথমাঝে উড়িল রে ধূলি,
 হৃদয়ের অরণ্য-আধারে
 দুজনে আইনু পথ ভুলি ।
 নয়নে পড়িছে তার রেণু,
 শাখা বাজে সুকুমার কায়,
 ঘন ঘন বহিছে নিশ্বাস
 কাঁটা বিধে সুকোমল গায় ।
 ধুলায় মলিন হল দেহ,
 সভয়ে মলিন হল মুখ,
 কেঁদে সে চাহিল মুখপানে
 দেখে মোর ফেটে গেল বুক ।

কেঁদে সে কহিল মুখ চাহি,
 “ওগো মোরে আনিলে কোথায় ?
 পায় পায় বাজিতেছে বাধা,
 তরুশাখা লাগিছে মাথায় ।
 চারি দিকে মলিন আধার,
 কিছু হেথা নাহি যে সুন্দর,
 কোথা গো শিশির-মাখা ফুল,
 কোথা গো প্রভাতরবিকর ?”
 কেঁদে কেঁদে সাথে সে চলিল,
 কহিল সে সক্রুণ স্বর,
 “কোথা গো শিশির-মাখা ফুল,

রবীন্দ্র-রচনাবলী

কোথা গো প্রভাত রবিকর ।”
 প্রতিদিন বাড়িল আধার,
 পথ হল পঙ্কিল মলিন—
 মুখে তার কথাটিও নাই,
 দেহ তার হল বলহীন ।

অবশেষে একদিন, কেমনে, কোথায়, কবে
 কিছুই যে জানি নে গো হয়,
 হারাইয়া গেল সে কোথায় ।

রাখো দেব, রাখো, মোরে রাখো,
 তোমার স্নেহেতে মোরে ঢাকো,
 আজি চারি দিকে মোর এ কী অঙ্ককার ঘোর,
 একবার নাম ধরে ডাকো ।
 পারি না যে সামালিতে, কাঁদি গো আকুল চিতে,
 কত রব মৃত্তিকা বহিয়া ।
 ধূলিময় দেহখানি ধুলায় আনিছে টানি,
 ধুলায় দিতেছে ঢাকি হিয়া ।

হারায়েছি আমার আমারে,
 আজি আমি আমি অঙ্ককারে ।
 কখনো বা সঙ্ঘ্যাবেলা আমার পুরানো সাথি
 মুহূর্তের তরে আসে প্রাণে,
 চারি দিকে নিরখে নয়ানে ।
 প্রণয়ীর শ্মশানেতে একেলা বিরলে আসি
 প্রণয়ী যেমন কেঁদে যায়,
 নিজের সমাধি-পরে নিজে বসি উপছায়া
 যেমন নিশ্বাস ফেলে হয়,
 কুসুম শুকায়ে গেলে যেমন সৌরভ তার
 কাছে কাছে কাঁদিয়া বেড়ায়,
 সুখ ফুরাইয়া গেলে একটি মলিন হাসি
 অধরে বসিয়া কেঁদে চায়,
 তেমনি সে আসে প্রাণে চায় চারি দিক-পানে,
 কাঁদে, আর কেঁদে চলে যায় ।
 বলে শুধু, “কী ছিল, কী হল,
 সে-সব কোথায় চলে গেল !”

বহুদিন দেখি নাই তারে,
 আসে নি এ হৃদয়-মাঝারে ।
 মনে করি মনে আনি তার সেই মুখখানি,
 ভালো করে মনে পড়িছে না ।
 হৃদয়ে যে ছবি ছিল ধুলায় মলিন হল,
 আর তাহা নাহি যায় চেনা ।

ভুলে গেছি কী খেলা খেলিত,
ভুলে গেছি কী কথা বলিত ।
যে গান গাহিত সদা সুর তার মনে আছে,
কথা তার নাহি পড়ে মনে ।
যে আশা হৃদয়ে লয়ে উড়িত সে মেঘ চেয়ে
আর তাহা পড়ে না স্মরণে ।
শুধু যবে হৃদি-মাঝে চাই
মনে পড়ে— কী ছিল, কী নাই ।

গান-সমাপন

জনমিয়া এ সংসারে কিছুই শিখি নি আর,
শুধু গাই গান ।
স্নেহময়ী মার কাছে শৈশবে শিখিয়াছি
দু-একটি তান ।
শুধু জানি তাই,
দিবানিশি তাই শুধু গাই ।
শতছিন্নময় এই হৃদয়-বাঁশিটি লয়ে
বাজাই সতত—
দুঃখের কঠোর স্বর রাগিনী হইয়া যায়,
মৃদুল নিশ্বাসে পরিণত ।
আধার জলদ যেন ইন্দ্রধনু হয়ে যায়,
ভুলে যাই সকল যাতনা ।
ভালো যদি না লাগে সে গান
ভালো সখা, তাও গাহিব না ।

এমন পণ্ডিত কত রয়েছেন শত শত
এ সংসারতলে,
আকাশের দৈত্যবালা উন্মাদিনী চপলারে
বৈধে রাখে দাসত্বের লোহার শিকলে ।
আকাশ ধরিয়া হাতে নক্ষত্র-অক্ষর দেখি
গ্রন্থ পাঠ করিছেন তাঁরা,
জ্ঞানের বন্ধন যত ছিন্ন করে দিতেছেন
ভাঙি ফেলি অতীতের কারা ।
আমি তার কিছুই করি না,
আমি তার কিছুই জানি না ।
এমন মহান্ এ সংসারে
জ্ঞানরত্নরাশির মাঝারে
আমি দীন শুধু গান গাই,
তোমাদের মুখপানে চাই ।

আকাশের পানে চাই, সেই সুরে গান গাই
একেলা বসিয়া ।
একে একে সুরগুলি, অনন্তে হারায়ে যায়
আধারে পশিয়া ।

বলো দেখি কতদিন
আস নি এ শূন্য প্রাণে ।
বলো দেখি কতদিন
চাও নি হৃদয়পানে,
বলো দেখি কতদিন
শোনো নি এ মোর গান—
তবে সখী গান-গাওয়া
হল বুঝি অবসান ।

যে রাগ শিখায়েছিলে সে কি আমি গেছি ভুলে ?
তার সাথে মিলিছে না সুর ?
তাই কি আস না প্রাণে, তাই কি শোন না গান—
তাই সখী, রয়েছ কি দূর ?
ভালো সখী, আবার শিখাও,
আরবার মুখপানে চাও,
একবার ফেলো অশ্রুজল,
আঁখিপানে দুটি আঁখি তুলি ।
তা হলে পুরানো সুর আবার পড়িবে মনে,
আর কভু যাইব না ভুলি ।

সেই পুরাতন চোখে মাঝে মাঝে চেয়ো সখী,
উজলিয়া স্মৃতির মন্দির ।
এই পুরাতন প্রাণে মাঝে মাঝে এসো সখী,
শূন্য আছে প্রাণের কুটির ।
নহিলে আধার মেঘরাশি
হৃদয়ের আলোক নিবাবে,
একে একে ভুলে যাব সুর,
গান গাওয়া সাক্ষ হয়ে যাবে ।

প্রভাতসংগীত

श्रीमती इन्दिरादेवी
प्राणाधिकासू
रबिकाका

সূচনা

‘কড়ি ও কোমল’ রচনার পূর্বে কাব্যের ভাষা আমার কাছে ধরা দেয় নি। কাঁচা বয়সে মনের ভাবগুলো নূতনত্বের আবেগ নিয়ে রূপ ধরতে চাচ্ছে, কিন্তু যে উপাদানে তাদেরকে শরীরের বাঁধন দিতে পারত তারই অবস্থা তখন তরল; এইজন্যে ওগুলো হয়েছে ঢেউওয়ালা জলের উপরকার প্রতিবিম্বের মতো আঁকাবাঁকা, ওরা মূর্ত হয়ে ওঠে নি, সুতরাং কাব্যের পদবীতে পৌঁছতে পারে নি। সেইজন্যে আমার মত এই যে, কড়ি ও কোমলের পর থেকেই আমার কাব্যরচনা ভালো মন্দ সব-কিছু নিয়ে একটা স্পষ্ট সৃষ্টির ধারা অবলম্বন করেছে।

প্রভাতসংগীতে যে অবস্থায় আমার প্রথম বিকাশোন্মুখ মন অপরিণত ভাবনা নিয়ে অপরিষ্কৃত রচনায় প্রবৃত্ত হয়েছিল, তার কথা আজও আমার মনে আছে। তার পূর্বে সঙ্ক্যাসংগীতের পর্বে আমার মনে কেবলমাত্র হৃদয়াবেগের গদগদভাষী আন্দোলন চলছিল। প্রভাতসংগীতের ঋতুতে আপনা-আপনি দেখা দিতে আরম্ভ করেছে একটা-আধটা মননের রূপ, অর্থাৎ ফুল নয় সে, ফসলের পালা, সেও অশিক্ষিত বিনা চাষের জমিতে।

সেই সময়কার কথা মনে পড়ছে যখন কোথা থেকে কতকগুলো মত মনের অন্দর-মহলে জেগে উঠে সদরের দরজায় ধাক্কা দিচ্ছিল। ঐগুলোর নাম— অনন্ত জীবন, অনন্ত মরণ, প্রতিধ্বনি। ‘অনন্ত জীবন’ বলতে আমার মনে এই একটা ভাব এসেছিল— বিশ্বজগতে আসা এবং যাওয়া দুটোই থাকারই অন্তর্গত, ঢেউয়ের মতো আলোতে ওঠা এবং অন্ধকারে নামা। ক্ষণে ক্ষণে হাঁ এবং ক্ষণে ক্ষণে না নিয়ে এই জগৎ নয়, বিশ্বচরাচর গোচর-অগোচরের নিরবচ্ছিন্ন মালা গাঁথা। এই ভাবনাটা ভিতরে ভিতরে মনকে খুব দোলা দিয়েছিল। নিজের অন্তরের দিকে চেয়ে একটা ধারণা আমার মধ্যে জেগে উঠেছিল যে, আমার প্রতি মুহূর্তের সমস্ত ভালোমন্দ, আমার প্রতি দিনের সুখদুঃখের সমস্ত অভিজ্ঞতা চিরকালের মতো অনবরত একটা সৃষ্টিরূপ ধরছে, প্রকাশ-অপ্রকাশের নিত্য ওঠাপড়া নিয়ে যে সৃষ্টির স্বরূপ। এই কথাটা ভাবতে ভাবতেই মনে হল, মৃত্যু তা হলে কী। একরকম করে তার উত্তর এসেছিল এই যে, জীবন সব-কিছুকে রাখে আর মৃত্যু সব-কিছুকে চালায়। প্রতি মুহূর্তেই মরছি আমি, আর সেই মরার ভিতর দিয়েই আমি বাঁচার রাস্তায় এগোচ্ছি, যেন আমার মধ্যে সেলাইয়ের কাজ চলছে— গাঁথা পড়ছে অতীত ভবিষ্যৎ বর্তমান। মুহূর্তকালীন মৃত্যুপরম্পরা দিয়ে মর্তজীবন এই যেমন বেড়ে চলেছে প্রবালদ্বীপের মতো, তেমনি মৃত্যুর পর মৃত্যু আমাকে দিয়ে লোক-লোকান্তরের অভিজ্ঞতার জাল বিস্তার করে চলবে— আমার চেতনার সূত্রটিকে নিয়ে মৃত্যু এক-এক ফোঁড়ে এক-এক লোককে সম্বন্ধসূত্রে গাঁথবে। মনে আছে, এই চিন্তায় আমার মনকে খুব আনন্দ দিয়েছিল। ‘প্রতিধ্বনি’ কবিতা লিখেছিলুম যখন প্রথম গিয়েছিলুম দার্জিলিঙে। যে ভাবে তখন আমাকে আবিষ্কৃত করেছিল সেটা এই যে— বিশ্বসৃষ্টি হচ্ছে একটা ধ্বনি, আর সে প্রতিধ্বনিরূপে আমাকে মুগ্ধ করছে, ক্ষুব্ধ করছে, আমাকে জাগিয়ে রাখছে, সেই সুন্দর, সেই ভীষণ। সৃষ্টির সমস্ত গতিপ্রবাহ নিত্যই একটা কোন্ কেন্দ্রস্থলে গিয়ে পড়ছে আর সেখান থেকে প্রতিধ্বনিরূপে নিষ্করিত হচ্ছে আলো হয়ে, রূপ হয়ে, ধ্বনি হয়ে। এই ভাবগুলো যদিও অস্পষ্ট, তবু আমার মনের মধ্যে খুব প্রবল হয়ে আন্দোলিত হচ্ছিল, মুখে মুখে কোনো কোনো বন্ধুর সঙ্গে আলোচনাও করেছি। কিন্তু এ-সকল ভাবনা তখন কী গদ্যে কী পদ্যে আলোচনা করবার সময় হয় নি, তখনো পাই নি ভাষাভারতীর প্রসাদ। তাই বলে রাখছি, প্রভাতসংগীতে এ-সমস্ত লেখার আর-কোনো মূল্য যদি থাকে, সে ষোলো-আনা সাহিত্যিক মূল্য নয়।

প্রভাতসংগীত

আহ্বানসংগীত

ওরে তুই জগৎ-ফুলের কীট,
জগৎ যে তোর শুকায়ে আসিল,
মাটিতে পড়িল খসে—
সারা দিন রাত গুমরি গুমরি
কেবলি আছিস বসে ।
মড়কের কণা, নিজ হাতে তুই
রচিলি নিজের কারা,
আপনার জালে জড়িয়ে পড়িয়া
আপনি হইলি হারা ।
অবশেষে কারে অভিশাপ দিস
হাছতাশ করে সারা,
কোণে বসে শুধু ফেলিস নিশাস,
ঢালিস বিষের ধারা ।

জগৎ যে তোর মুদিয়া আসিল,
ফুটিতে নারিল আর,
প্রভাত হইলে প্রাণের মাঝারে
ঝরে না শিশিরধার ।
ফেলিস নিশাস, মরুর বাতাস
জ্বলিস জ্বালাস কত,
আপন জগতে আপনি আছিস
একটি রোগের মতো ।
হৃদয়ের ভার বহিতে পার না,
আছ মাথা নত করে—
ফুটিবে না ফুল, ফলিবে না ফল,
শুকায়ে পড়িবে মরে ।

রোদন, রোদন, কেবলি রোদন,
কেবলি বিষাদশ্বাস—
লুকায়ে, শুকায়ে, শরীর গুটায়
কেবলি কোটরে বাস ।
নাই কোনো কাজ— মাঝে মাঝে চাস
মলিন আপনা-পানে,

রবীন্দ্র-রচনাবলী

আপনার স্নেহে কাতর বচন
কহিস আপন কানে ।
দিবস রজনী মরীচিকাসূরা
কেবলি করিস পান ।
বাড়িতেছে তৃষা, বিকারের তৃষা—
ছট্ফট্ করে প্রাণ ।
'দাও দাও' ব'লে সকলি যে চাস,
জঠর জ্বলিছে ভুখে—
মুঠি মুঠি ধুলা তুলিয়া লইয়া
কেবলি পুরিস মুখে ।
নিজের নিশাসে কুয়াশা ঘনায়ে
ঢেকেছে নিজের কায়া,
পথ আধারিয়া পড়েছে সমুখে
নিজের দেহের ছায়া ।
ছায়ার মাঝারে দেখিতে না পাও,
শব্দ শুনিলে ডর'—
বাহু প্রসারিয়া চলিতে চলিতে
নিজেরে আকড়ি ধর' ।
চারি দিকে শুধু ক্ষুধা ছড়াইছে
যে দিকে পড়িছে দিঠ,
বিষেতে ভরিলি জগৎ রে তুই
কীটের অধম কীট ।

আজিকে বারেক ভ্রমরের মতো
বাহির হইয়া আয়,
এমন প্রভাতে এমন কুসুম
কেন রে শুকায়ে যায় ।
বাহিরে আসিয়া উপরে বসিয়া
কেবলি গাহিবি গান,
তবে সে কুসুম কহিবে রে কথা,
তবে সে খুলিবে প্রাণ ।
আকাশে হাসিবে তরুণ তপন,
কাননে ছুটিবে বায়,
চারি দিকে তোর প্রাণের লহরী
উথলি উথলি যায় ।
বায়ুর হিল্লোলে ধরিবে পল্লব
মরমর মৃদু তান,
চারি দিক হতে কিসের উল্লাসে
পাখিতে গাহিবে গান ।
নদীতে উঠিবে শত শত ঢেউ,

গাবে তারা কল কল,
 আকাশে আকাশে উথলিবে শুধু
 হরষের কোলাহল ।
 কোথাও বা হাসি কোথাও বা খেলা
 কোথাও বা সুখগান—
 মাঝে বসে তুই বিভোর হইয়া,
 আকুল পরানে নয়ান মুদিয়া
 অচেতন সুখে চেতনা হারায়ে
 করিবি রে মধুপান ।
 ভুলে যাবি ওরে আপনারে তুই
 ভুলে যাবি তোর গান ।
 মোহ ছুটিবে রে নয়নেতে তোর,
 যে দিকে চাহিবি হয়ে যাবি ভোর,
 যাহারে হেরিবি তাহারে হেরিয়া
 মজিয়া রহিবে প্রাণ ।
 ঘুমের ঘোরেতে গাহিবে পাখি
 এখনো যে পাখি জাগে নি,
 ভোরের আকাশ ধ্বনিয়া ধ্বনিয়া
 উঠিবে বিভাসরাগিনী ।
 জগৎ-অতীত আকাশ হইতে
 বাজিয়া উঠিবে বাঁশি,
 প্রাণের বাসনা আকুল হইয়া
 কোথায় যাইবে ভাসি ।
 উদাসিনী আশা গৃহ তেয়াগিয়া
 অসীম পথের পথিক হইয়া
 সুদূর হইতে সুদূরে উঠিয়া
 আকুল হইয়া চায়,
 যেমন বিভোর চকোরের গান
 ভেদিয়া ভেদিয়া সুদূর বিমান
 চাঁদের চরণে মরিতে গিয়া
 মেঘেতে হারায়ে যায় ।
 মুদিত নয়ান, পরান বিভল,
 স্তব্ধ হইয়া শুনিবি কেবল,
 জগতেরে সদা ডুবায়ে দিতেছে
 জগৎ-অতীত গান—
 তাই শুনি যেন জাগিতে চাহিছে
 ঘুমেতে-মগন প্রাণ ।
 জগৎ বাহিরে যমুনাপুলিনে
 কে যেন বাজায় বাঁশি,
 স্বপন-সমান পশিতেছে কানে
 ভেদিয়া নিশীথরাশি—

না জানি কেমনে পশিল হেথায়
 পথহারা তার একটি তান,
 আধার গুহায় ভ্রমিয়া ভ্রমিয়া
 গভীর গুহায় নামিয়া নামিয়া
 আকুল হইয়া কাঁদিয়া কাঁদিয়া
 ছুঁয়েছে আমার প্রাণ ।

আজি এ প্রভাতে সহসা কেন রে
 পথহারা রবিকর
 আলয় না পেয়ে পড়েছে আসিয়ে
 আমার প্রাণের 'পর !

বহুদিন পরে একটি কিরণ
 গুহায় দিয়েছে দেখা,
 পড়েছে আমার আধার সলিলে
 একটি কনকরেখা ।

প্রাণের আবেগ রাখিতে নারি
 থর থর করি কাঁপিছে বারি,
 টলমল জল করে থল থল,
 কল কল করি ধরেছে তান ।

আজি এ প্রভাতে কী জানি কেন রে
 জাগিয়া উঠেছে প্রাণ ।
 জাগিয়া দেখিনু চারি দিকে মোর
 পাষাণে রচিত কারাগার ঘোর,
 বুকের উপরে আধার বসিয়া
 করিছে নিজের ধ্যান ।

না জানি কেন রে এতদিন পরে
 জাগিয়া উঠেছে প্রাণ ।

জাগিয়া দেখিনু আমি আধারে রয়েছি আধা,
 আপনারি মাঝে আমি আপনি রয়েছি বাঁধা ।
 রয়েছি মগন হয়ে আপনারি কলস্বরে,
 ফিরে আসে প্রতিধ্বনি নিজেরি শ্রবণ-'পরে ।
 দূর দূর দূর হতে ভেদিয়া আধার কারা
 মাঝে মাঝে দেখা দেয় একটি সন্ধ্যার তারা ।
 তারি মুখ দেখে দেখে আধার হাসিতে শেখে,
 তারি মুখ চেয়ে চেয়ে করে নিশি অবসান ।
 শিহরি উঠে রে বারি, দোলে রে দোলে রে প্রাণ,
 প্রাণের মাঝারে ভাসি দোলে রে দোলে রে হাসি,
 দোলে রে প্রাণের 'পরে আশার স্বপন মম,
 দোলে রে তারার ছায়া সুখের আভাস-সম ।

রবীন্দ্র-রচনাবলী

মাঝে মাঝে একদিন আকাশেতে নাই আলো,
 পড়িয়া মেঘের ছায়া কালো জল হয় কালো ।
 আধার সলিল-'পরে ঝর ঝর বারি ঝরে
 ঝর ঝর ঝর ঝর, দিবানিশি অবিরল—
 বরষার দুখ-কথা, বরষার আখিজল ।
 শুয়ে শুয়ে আনমনে দিবানিশি তাই শুনি
 একটি একটি ক'রে দিবানিশি তাই শুনি,
 তারি সাথে মিলাইয়া কল কল গান গাই—
 ঝর ঝর কল কল— দিন নাই, রাত নাই ।
 এমনি নিজে লয়ে রয়েছি নিজের কাছে,
 আধার সলিল-'পরে আধার জাগিয়া আছে ।
 এমনি নিজের কাছে খুলেছি নিজের প্রাণ,
 এমনি পরের কাছে শুনেছি নিজের গান ।

আজি এ প্রভাতে রবির কর
 কেমনে পশিল প্রাণের 'পর,
 কেমনে পশিল গুহার আধারে
 প্রভাত-পাখির গান ।
 না জানি কেন রে এতদিন পরে
 জাগিয়া উঠিল প্রাণ ।
 জাগিয়া উঠেছে প্রাণ,
 ওরে উথলি উঠেছে বারি,
 ওরে প্রাণের বাসনা প্রাণের আবেগ
 রুধিয়া রাখিতে নারি ।
 থর থর করি কাঁপিছে ভূধর,
 শিলা রাশি রাশি পড়িছে খসে,
 ফুলিয়া ফুলিয়া ফেনিল সলিল
 গরজি উঠিছে দারুণ রোষে ।
 হেথায় হোথায় পাগলের প্রায়
 ঘুরিয়া ঘুরিয়া মাতিয়া বেড়ায়,
 বাহিরিতে চায়, দেখিতে না পায়
 কোথায় কারার দ্বার ।
 প্রভাতে যেন লইতে কাড়িয়া
 আকাশেরে যেন ফেলিতে ছিড়িয়া
 উঠে শূন্যপানে— পড়ে আছাড়িয়া
 করে শেষে হাহাকার ।
 প্রাণের উল্লাসে ছুটিতে চায়,
 ভূধরের হিয়া টুটিতে চায়,
 আলিঙ্গন তরে উর্ধ্ব বাহু তুলি
 আকাশের পানে উঠিতে চায় ।

প্রভাতকিরণে পাগল হইয়া
 জগৎ-মাঝারে লুটিতে চায় ।
 কেন রে বিধাতা পাষণ হেন,
 চারি দিকে তার বাঁধন কেন ?
 ভাঙ রে হৃদয় ভাঙ রে বাঁধন,
 সাধ রে আজিকে প্রাণের সাধন,
 লহরীর পরে লহরী তুলিয়া
 আঘাতের পর আঘাত কর ।
 মাতিয়া যখন উঠিছে পরান
 কিসের আঁধার, কিসের পাষণ !
 উথলি যখন উঠিছে বাসনা,
 জগতে তখন কিসের ডর !

সহসা আজি এ জগতের মুখ
 নূতন করিয়া দেখিনু কেন ?
 একটি পাখির আধখানি তান
 জগতের গান গাহিল যেন !
 জগৎ দেখিতে হইব বাহির
 আজিকে করেছি মনে,
 দেখিব না আর নিজেদি স্বপন
 বসিয়া গুহার কোণে ।
 আমি ঢালিব করুণাধারা,
 আমি ভাঙিব পাষণকারা,
 আমি জগৎ প্লাবিয়া বেড়াব গাহিয়া
 আকুল পাগল পারা ;
 কেশ এলাইয়া, ফুল কুড়াইয়া,
 রামধনু-আঁকা পাখা উড়াইয়া,
 রবির কিরণে হাসি ছড়াইয়া,
 দিব রে পরান ঢালি ।
 শিখর হইতে শিখরে ছুটিব,
 ভূধর হইতে ভূধরে লুটিব,
 হেসে খলখল গেয়ে কলকল
 তালে তালে দিব তালি ।
 তটিনী হইয়া যাইব বহিয়া—
 যাইব বহিয়া— যাইব বহিয়া—
 হৃদয়ের কথা কহিয়া কহিয়া
 গাহিয়া গাহিয়া গান,
 যত দেব প্রাণ বহে যাবে প্রাণ
 ফুরাবে না আর প্রাণ ।
 এত কথা আছে এত গান আছে
 এত প্রাণ আছে মোর,

রবীন্দ্র-রচনাবলী

এত সুখ আছে এত সাধ আছে
প্রাণ হয়ে আছে ভোর ।

এত সুখ কোথা এত রূপ কোথা
এত খেলা কোথা আছে !
যৌবনের বেগে বহিয়া যাইব
কে জানে কাহার কাছে !
অগাধ বাসনা অসীম আশা
জগৎ দেখিতে চাই !
জাগিয়াছে সাধ চরাচরময়
প্লাবিয়া বহিয়া যাই ।
যত প্রাণ আছে ঢালিতে পারি,
যত কাল আছে বহিতে পারি,
যত দেশ আছে ডুবাতে পারি,
তবে আর কিবা চাই !
পরানের সাধ তাই ।

কী জানি কী হল আজি জাগিয়া উঠিল প্রাণ,
দূর হতে শুনি যেন মহাসাগরের গান—
'পাষণ-বাঁধন টুটি, ভিজায়ে কঠিন ধরা,
বনেরে শ্যামল করি, ফুলেরে ফুটায়ে ত্বরা,
সারাপ্রাণ ঢালি দিয়া,
জুড়িয়ে জগৎ-হিয়া—
আমার প্রাণের মাঝে কে আসিবি আয় তোরা !'

আমি যাব, আমি যাব, কোথায় সে, কোন্ দেশ—
জগতে ঢালিব প্রাণ,
গাহিব করুণাগান,
উদ্বেগ-অধীর হিয়া
সুদূর সমুদ্রে গিয়া
সে প্রাণ মিশাব আর সে গান করিব শেষ ।

ওরে, চারি দিকে মোর
এ কী কারাগার ঘোর !
ভাঙ্ ভাঙ্ ভাঙ্ কারা, আঘাতে আঘাত কর !
ওরে, আজ কী গান গেয়েছে পাখি,
এয়েছে রবির কর !

প্রভাত-উৎসব

হৃদয় আজি মোর কেমনে গেল খুলি !
 জগত আসি সেথা করিছে কোলাকুলি !
 ধরায় আছে যত মানুষ শত শত
 আসিছে প্রাণে মোর, হাসিছে গলাগলি ।
 এসেছে সখা সখী বসিয়া চোখোচোখি,
 দাঁড়ায়ে মুখোমুখি হাসিছে শিশুগুলি ।
 এসেছে ভাই বোন পুলকে ভরা মন,
 ডাকিছে, 'ভাই ভাই' আঁখিতে আঁখি তুলি ।
 সখারা এল ছুটে, নয়নে তারা ফুটে,
 পরানে কথা উঠে— বচন গেল ভুলি ।
 সখীরা হাতে হাতে ভ্রমিছে সাথে সাথে,
 দোলায় চড়ি তারা করিছে দোলাদুলি ।
 শিশুরে লয়ে কোলে জননী এল চলে,
 বুকতে চেপে ধরে বলিছে 'ঘুমো ঘুমো' ।
 আনত দু'নয়ানে চাহিয়া মুখপানে
 বাছুর চাঁদমুখে খেতেছে শত চুমো ।
 পুলকে পুরে প্রাণ, শিহরে কলেবর,
 প্রেমের ডাক শুনি এসেছে চরাচর—
 এসেছে রবি শশী, এসেছে কোটি তারা,
 ঘুমের শিয়রেতে জাগিয়া থাকে যারা ।
 পরান পুরে গেল হরষে হল ভোর
 জগতে যারা আছে সবাই প্রাণে মোর ।

প্রভাত হল যেই কী জানি হল এ কী !
 আকাশপানে চাই কী জানি কারে দেখি !
 প্রভাতবায়ু বহে কী জানি কী যে কহে,
 মরমমাবে মোর কী জানি কী যে হয় !
 এসো হে এসো কাছে সখা হে এসো কাছে—
 এসো হে ভাই এসো, বোসো হে প্রাণময় ।
 পূরব-মেঘমুখে পড়েছে রবিরেখা,
 অরুণরথচূড়া আধেক যায় দেখা ।
 তরুণ আলো দেখে পাখির কলরব—
 মধুর আহা কিবা মধুর মধু সব !
 মধুর মধু আলো, মধুর মধু বায়,
 মধুর মধু গানে তটিনী বয়ে যায় !
 যে দিকে আঁখি চায় সে দিকে চেয়ে থাকে,
 যাহারি দেখা পায় তারেই কাছে ডাকে,
 নয়ন ডুবে যায় শিশির-আঁখি-ধারে,
 হৃদয় ডুবে যায় হরষ-পারাবারে ।

রবীন্দ্র-রচনাবলী

আয় রে আয় বায়ু, যা রে যা প্রাণ নিয়ে,
 জগত-মাঝারেতে দে রে তা প্রসারিয়ে ।
 ভ্রমিবি বনে বনে, যাইবি দিশে দিশে,
 সাগরপারে গিয়ে পুরবে যাবি মিশে ।
 লইবি পথ হতে পাখির কলতান,
 যুথীর মৃদুশ্বাস, মালতীমৃদুবাস—
 অমনি তারি সাথে যা রে যা নিয়ে প্রাণ ।
 পাখির গীতধার ফুলের বাসভার
 ছড়াবি পথে পথে হরষে হয়ে ভোর,
 অমনি তারি সাথে ছড়াবি প্রাণ মোর ।
 ধরারে ঘিরি ঘিরি কেবলি যাবি বয়ে
 ধরার চারি দিকে প্রাণেরে ছড়াইয়ে ।

পেয়েছি এত প্রাণ যতই করি দান
 কিছুতে যেন আর ফুরাতে নারি তারে ।
 আয় রে মেঘ, আয় বারেক নেমে আয়,
 কোমল কোলে তুলে আমারে নিয়ে যা রে !
 কনক-পাল তুলে বাতাসে দুলে দুলে
 ভাসিতে গেছে সাধ আকাশ-পারাবারে ।

আকাশ, এসো এসো, ডাকিছ বুঝি ভাই—
 গেছি তো তোরি বৃকে, আমি তো হেথা নাই ।
 প্রভাত-আলো-সাথে ছড়ায় প্রাণ মোর,
 আমার প্রাণ দিয়ে ভরিব প্রাণ তোর ।

ওঠো হে ওঠো রবি, আমারে তুলে লও,
 অরুণতরী তব পুরবে ছেড়ে দাও,
 আকাশ-পারাবার বুঝি হে পার হবে—
 আমারে লও তবে, আমারে লও তবে ।

জগৎ আসে প্রাণে, জগতে যায় প্রাণ
 জগতে প্রাণে মিলি গাহিছে একি গান !
 কে তুমি মহাজ্ঞানী, কে তুমি মহারাজ,
 গরবে হেলা করি হেসো না তুমি আজ ।
 বারেক চেয়ে দেখো আমার মুখপানে—
 উঠেছে মাথা মোর মেঘের মাঝখানে,
 আপনি আসি উষা শিয়রে বসি ধীরে
 অরুণকর দিয়ে মুকুট দেন শিরে,

নিজের গলা হতে কিরণমালা খুলি
 দিতেছে রবি-দেব আমার গলে তুলি !
 ধূলির ধূলি আমি রয়েছি ধূলি-পরে,
 জেনেছি ভাই বলে জগৎ চরাচরে ।

অনন্ত জীবন

অধিক করি না আশা, কিসের বিষাদ,
 জনমেছি দু দিনের তরে—
 যাহা মনে আসে তাই আপনার মনে
 গান গাই আনন্দের ভরে ।
 এ আমার গানগুলি দু দণ্ডের গান
 রবে না রবে না চিরদিন—
 পূর্ব-আকাশ হতে উঠিবে উচ্ছ্বাস,
 পশ্চিমেতে হইবে বিলীন ।

তোরা ফুল, তোরা পাখি, তোরা খোলা প্রাণ,
 জগতের আনন্দ যে তোরা,
 জগতের বিষাদ-পাসরা ।
 পৃথিবীতে উঠিয়াছে আনন্দলহরী
 তোরা তার একেকটি ঢেউ,
 কখন উঠিলি আর কখন মিলালি
 জানিতেও পারিল না কেউ ।

নাই তোর নাই রে ভাবনা,
 এ জগতে কিছুই মরে না ।
 নদীস্রোতে কোটি কোটি মৃন্ডিকার কণা
 ভেসে আসে, সাগরে মিশায়—
 জান না কোথায় তারা যায় !
 একেকটি কণা লয়ে গোপনে সাগর
 রচিছে বিশাল মহাদেশ,
 না জানি কবে তা হবে শেষ !
 মুহূর্তেই ভেসে যায় আমাদের গান,
 জান না তো কোথায় তা যায় !
 আকাশের সাগরসীমায় !
 আকাশ-সমুদ্র-তলে গোপনে গোপনে
 গীতরাজ্য হতেছে সৃজন,
 যত গান উঠিতেছে ধরার আকাশে
 সেইখানে করিছে গমন ।

আকাশ পুরিয়া যাবে শেষ,
উঠিবে গানের মহাদেশ ।

নাই তোর নাই রে ভাবনা,
এ জগতে কিছুই মরে না ।
কাল দেখেছি পথে হরষে খেলিতেছিল
দুটি ভাই গলাগলি করি,
দেখেছি জানালায় নীরবে দাঁড়ায়েছিল
দুটি সখা হাতে হাতে ধরি,
দেখেছি কচি মেয়ে মায়ের বাহুতে শুয়ে
ঘুমায়ে করিছে স্তনপান,
ঘুমন্ত মুখের 'পরে বরষিছে স্নেহধারা
স্নেহমাখা নত দু'নয়ান,
দেখেছি রাজপথে চলেছে বালক এক
বৃদ্ধ জনকের হাত ধরি—
কত কী যে দেখেছি, হয়তো সে-সব ছবি
আজ আমি গিয়েছি পাসরি ।
তা বলে নাই কি তাহা মনে ?
ছবিগুলি মেশে নি জীবনে ?
স্মৃতির কণিকা তারা স্মরণের তলে পশি
রচিত্তেছে জীবন আমার—
কোথা যে কে মিশাইল, কেবা গেল কার পাশে
চিনিতে পারি নে তাহা আর ।
হয়তো অনেকদিন দেখেছি ছবি এক
দুটি প্রাণী বাহুর বাঁধনে—
তাই আজ ছুটাছুটি এসেছি প্রভাতে উঠি
সখারে বাঁধিতে আলিঙ্গনে ।
হয়তো অনেকদিন শুনেছি পাখি এক
আনন্দে গাহিছে প্রাণ খুলি,
সহসা রে তাই আজ প্রভাতের মুখ দেখি
প্রাণ মন উঠিছে উথুলি ।
সকলি মিশেছে আসি হেথা,
জীবনে কিছু না যায় ফেলা—
এই-যে যা-কিছু চেয়ে দেখি
এ নহে কেবলি ছেলেখেলা ।

এই জগতের মাঝে একটি সাগর আছে
নিস্তরু তাহার জলরাশি,
চারি দিক হতে সেথা অবিরাম অবিশ্রাম
জীবনের স্রোত মিশে আসি ।

সূর্য হতে ঝরে ধারা, চন্দ্র হতে ঝরে ধারা,
 কোটি কোটি তারা হতে ঝরে,
 জগতের যত হাসি যত গান যত প্রাণ
 ভেসে আসে সেই স্রোতোভরে—
 মেশে আসি সেই সিন্ধু-পরে ।
 পৃথ্বী হতে মহাস্রোত ছুটিতেছে অবিরাম
 সেই মহাসাগর-উদ্দেশে,
 আমরা মাটির কণা জলস্রোত ঘোলা করি
 অবিশ্রাম চলিয়াছি ভেসে—
 সাগরে পড়িব অবশেষে ।
 জগতের মাঝখানে সেই সাগরের তলে
 রচিত হতেছে পলে পলে
 অনন্ত-জীবন মহাদেশ,
 কে জানে হবে কি তাহা শেষ !

তাই বলি, প্রাণ ওরে, গান গা পাখির মতো,
 ক্ষুদ্র ক্ষুদ্র দুঃখ শোক ভুলি—
 তুই যাবি, গান যাবে, একসাথে ভেসে যাবে
 তুই আর তোর গানগুলি ।
 মিশিবি সে সিন্ধুজলে অনন্তসাগরতলে,
 একসাথে শুয়ে রবি প্রাণ,
 তুই আর তোর এই গান ।

অনন্ত মরণ

কোটি কোটি ছোটো ছোটো মরণেরে লয়ে
 বসুন্ধরা ছুটিছে আকাশে,
 হাসে খেলে মৃত্যু চারি পাশে ।
 এ ধরণী মরণের পথ,
 এ জগৎ মৃত্যুর জগৎ ।

যতটুকু বর্তমান, তারেই কি বল' প্রাণ ?
 সে তো শুধু পলক, নিমেষ ।
 অতীতের মৃত ভার পৃষ্ঠেতে রয়েছে তার,
 না জানি কোথায় তার শেষ ।
 যত বর্ষ বেঁচে আছি তত বর্ষ মরে গেছি,
 মরিতেছি প্রতি পলে পলে,
 জীবন্ত মরণ মোরা মরণের ঘরে থাকি
 জানি নে মরণ কারে বলে ।

রবীন্দ্র-রচনাবলী

একমুঠা মরণেরে জীবন বলে কি তবে,
 মরণের সমষ্টি কেবল ?
 একটি নিমেষ তুচ্ছ শত মরণের গুচ্ছ,
 নাম নিয়ে এত কোলাহল ।
 মরণ বাড়িবে যত জীবন বাড়িবে তত,
 পলে পলে উঠিব আকাশে
 নক্ষত্রের কিরণনিবাসে ।

মরণ বাড়িবে যত কোথায় কোথায় যাব,
 বাড়িবে প্রাণের অধিকার—
 বিশাল প্রাণের মাঝে কত গ্রহ কত তারা
 হেথা হোথা করিবে বিহার ।
 উঠিবে জীবন মোর কত-না আকাশ ছেয়ে,
 ঢাকিয়া ফেলিবে রবি শশী—
 যুগ-যুগান্তর যাবে, নব নব রাজ্য পাবে
 নব নব তারায় প্রবেশি ।

কবে রে আসিবে সেই দিন
 উঠিব সে আকাশের পথে,
 আমার মরণ-ডোর দিয়ে
 বেঁধে দেব জগতে জগতে ।
 আমাদের মরণের জালে
 জগৎ ফেলিব আবরিয়া,
 এ অনন্ত আকাশসাগরে
 দশ দিক রহিব ঘেরিয়া ।

জয় হোক জয় হোক মরণের জয় হোক—
 আমাদের অনন্ত মরণ,
 মরণের হবে না মরণ ।
 এ ধরায় মোরা সবে শতাব্দীর ক্ষুদ্র শিশু
 লইলাম তোমার শরণ ।
 এসো তুমি এসো কাছে, স্নেহ-কোলে লও তুমি,
 পিয়াও তোমার মাতৃস্তন,
 আমাদের করো হে পালন ।
 আনন্দে পুরেছে প্রাণ, হেরিতেছি এ জগতে
 মরণের অনন্ত উৎসব ।
 কার নিমন্ত্রণে মোরা মহাযজ্ঞে এসেছি রে,
 উঠেছে বিপুল কলরব ।

যে ডাকিছে ভালোবেসে, তারে চিনিস নে শিশু ?
 তার কাছে কেন তোর ডর ?

জীবন যাহারে বলে মরণ তাহারি নাম,
 মরণ তো নহে তোর পর ।
 আয়, তারে আলিঙ্গন কর—
 আয়, তার হাতখানি ধর ।

পুনর্মিলন

কিসের হরষ কোলাহল
 শুধাই তোদের, তোরা বল ।
 আনন্দ-মাঝারে সব উঠিতেছে ভেসে ভেসে
 আনন্দে হতেছে কভু লীন—
 চাহিয়া ধরণী-পানে নব আনন্দের গানে
 মনে পড়ে আর-এক দিন ।
 সে তখন ছেলেবেলা— রজনী প্রভাত হলে,
 তাড়াতাড়ি শয্যা ছাড়ি ছুটিয়া যেতেম চলে ;
 সারি সারি নারিকেল বাগানের এক পাশে,
 বাতাস আকুল করে আশ্রমুকুলের বাসে ।
 পথপাশে দুই ধারে
 বেলফুল ভারে ভারে
 ফুটে আছে, শিশুমুখে প্রথম হাসির প্রায়—
 বাগানে পা দিতে দিতে
 গন্ধ আসে আচম্বিতে,
 নরগেস্ কোথা ফুটে খুঁজে তারে পাওয়া দায় ।
 মাঝেতে বাঁধানো বেদী, জুঁইগাছ চারি ধারে—
 সূর্যোদয় দেখা দিত প্রাচীরের পরপারে ।
 নবীন রবির আলো
 সে যে কী লাগিত ভালো,
 সর্বান্তে সুবর্ণসুধা অজস্র পড়িত ঝরে—
 প্রভাত ফুলের মতো ফুটায় তুলিত মোরে ।

এখনো সে মনে আছে
 সেই জানালার কাছে
 বসে থাকিতাম একা জনহীন দ্বিপ্রহরে ।
 অনন্ত আকাশ নীল,
 ডেকে চলে যেত চিল
 জানায়ে সুতীর তৃষা সুতীক্ষ্ণ করুণ স্বরে ।
 পুকুর গলির ধারে,
 বাঁধা ঘাট এক পারে—
 কত লোক যায় আসে, স্নান করে, তোলে জল—

রবীন্দ্র-রচনাবলী

রাজহাস তীরে তীরে
 সারাদিন ভেসে ফিরে,
 ডানা দুটি ধুয়ে ধুয়ে করিতেছে নিরমল ।
 পূর্ব ধারে বৃদ্ধ বট
 মাথায় নিবিড় জট,
 ফেলিয়া প্রকাণ্ড ছায়া দাঁড়ায়ে রহস্যময় ।
 আঁকড়ি শিকড়-মুঠে
 প্রাচীর ফেলেছে টুটে,
 খোপেখোপে ঝোপেঝোপে কত-না বিস্ময় ভয় ।
 বসি শাখে পাখি ডাকে সারাদিন একতান—
 চারি দিক স্তব্ধ হেরি কী যেন করিত প্রাণ ।
 মৃদু তপ্ত সমীরণ গায়েতে লাগিত এসে,
 সেই সমীরণশ্রোতে কত কী আসিত ভেসে ।
 কোন্ সমুদ্রের কাছে
 মায়াময় রাজ্য আছে,
 সেথা হতে উড়ে আসে পাখির ঝাঁকের মতো
 কত মায়া, কত পরী, রূপকথা কত শত ।

আরেকটি ছোটো ঘর মনে পড়ে নদীকূলে,
 সম্মুখে পেয়ারাগাছ ভরে আছে ফলে ফুলে ।
 বসিয়া ছায়াতে তারি ভুলিয়া শৈশবখেলা,
 জাহ্নবীপ্রবাহ-পানে চেয়ে আছি সারাবেলা ।
 ছায়া কাঁপে, আলো কাঁপে, বুরু বুরু বহে বায়—
 ঝর ঝর মর মর পাতা ঝরে পড়ে যায় ।
 সাধ যেত যাই ভেসে
 কত রাজ্যে কত দেশে,
 দুলায়ে দুলায়ে ঢেউ নিয়ে যাবে কত দূর—
 কত ছোটো ছোটো গ্রাম
 নূতন নূতন নাম,
 অপ্রভেদী শুভ্র সৌধ, কত নব রাজপুর ।
 কত গাছ, কত ছায়া জটিল বটের মূল—
 তীরে বালুকার 'পরে,
 ছেলেমেয়ে খেলা করে,
 সঙ্কায় ভাসায় দীপ, প্রভাতে ভাসায় ফুল ।
 ভাসিতে ভাসিতে শুধু দেখিতে দেখিতে যাব
 কত দেশ, কত মুখ, কত-কী দেখিতে পাব ।
 কোথা বালকের হাসি,
 কোথা রাখালের বাঁশি,
 সহসা সুদূর হতে অচেনা পাখির গান ।

কোথাও বা দাঁড় বেয়ে
 মাঝি গেল গান গেয়ে,
 কোথাও বা তীরে বসে পথিক ধরিল তান ।
 শুনিতে শুনিতে যাই আকাশেতে তুলে আঁখি—
 আকাশেতে ভাসে মেঘ, আকাশেতে ওড়ে পাখি ।
 হয়তো বরষা কাল— ঝর ঝর বারি ঝরে,
 পুলকরোমাঞ্চ ফুটে জাহ্নবীর কলেবরে—
 থেকে থেকে ঝন্ ঝন্
 ঘন বাজ-বরিষন,
 থেকে থেকে বিজলীর চমকিত চকমকি ।
 বহিছে পুরব বায়,
 শীতে শিহরিছে কায়,
 গহন জলদে দিবা হয়েছে আধারমুখী ।

সেই সেই ছেলেবেলা
 আনন্দে করেছি খেলা
 প্রকৃতি গো, জননী গো, কেবলি তোমারি কোলে ।
 তার পরে কী যে হল— কোথা যে গেলেম চলে ।
 হৃদয় নামেতে এক বিশাল অরণ্য আছে,
 দিশে দিশে নাহিকো কিনারা,
 তারি মাঝে হ'নু পথহারা ।
 সে বন আধারে ঢাকা
 গাছের জটিল শাখা
 সহস্র স্নেহের বাহু দিয়ে
 আধার পালিছে বুকুে নিয়ে ।
 নাহি রবি, নাহি শশী, নাহি গ্রহ, নাহি তারা,
 কে জানে কোথায় দিগ্বিদিক ।
 আমি শুধু একেলা পথিক ।
 তোমারে গেলেম ফেলে,
 অরণ্যে গেলেম চলে,
 কাটালেম কত শত দিন
 স্রিয়মাণ সুখশান্তিহীন ।

আজিকে একটি পাখি পথ দেখাইয়া মোরে
 আনিল এ অরণ্য-বাহিরে
 আনন্দের সমুদ্রের তীরে ।
 সহসা দেখিনু রবিকর,
 সহসা শুনি কত গান ।
 সহসা পাইনু পরিমল,
 সহসা খুলিয়া গেল প্রাণ ।

রবীন্দ্র-রচনাবলী

দেখিনু ফুটিছে ফুল, দেখিনু উড়িছে পাখি,
 আকাশ পুরেছে কলস্বরে ।
 জীবনের ঢেউগুলি ওঠে পড়ে চারি দিকে,
 রবিকর নাচে তার 'পরে ।
 চারি দিকে বহে বায়ু, চারি দিকে ফুটে আলো,
 চারি দিকে অনন্ত আকাশ,
 চারি দিক-পানে চাই— চারি দিকে প্রাণ ধায়,
 জগতের অসীম বিকাশ ।
 কেহ এসে বসে কোলে, কেহ ডাকে সখা ব'লে,
 কাছে এসে কেহ করে খেলা ।
 কেহ হাসে, কেহ গায়, কেহ আসে, কেহ যায়—
 এ কী হেরি আনন্দের মেলা !
 যুবক যুবতী হাসে, বালক বালিকা নাচে
 দেখে যে রে জুড়ায় নয়ন ।
 ও কে হোথা গান গায়, প্রাণ কেড়ে নিয়ে যায়,
 ও কী শুনি অমিয়-বচন ।

তাই আজি শুধাই তোমারে,
 কেন এ আনন্দ চারি ধারে !
 বুঝেছি গো বুঝেছি গো, এতদিন পরে বুঝি
 ফিরে পেলে হারানো সন্তান ।
 তাই বুঝি দুই হাতে জড়িয়ে লয়েছ বুক,
 তাই বুঝি গাহিতেছ গান ।
 ভালোবাসা খুঁজিবারে গেছিনু অরণ্যমাঝে,
 হৃদয়ে হইনু পথহারা,
 বরষিনু অশ্রুবারিধারা ।
 ভ্রমিলাম দূরে দূরে— কে জানিত বল্ দেখি
 হেথা এত ভালোবাসা আছে ।
 যে দিকেই চেয়ে দেখি সেই দিকে ভালোবাসা
 ভাসিতেছে নয়নের কাছে ।
 মা আমার, আজ আমি কত শত দিন পরে
 যখনি রে দাঁড়ানু সম্মুখে,
 অমনি চুমিলি মুখ, কিছু নাই অভিমান,
 অমনি লইলি তুলে বুক !
 ছাড়িব না তোর কোল, রব হেথা অবিরাম,
 তোর কাছে শিখিব রে স্নেহ,
 সবারে বাসিব ভালো— কেহ না নিরাশ হবে
 মোরে ভালো বাসিবে যে কেহ ।

প্রতিধ্বনি

অয়ি প্রতিধ্বনি,
 বুঝি আমি তোরে ভালোবাসি,
 বুঝি আর কারেও বাসি না ।
 আমারে করিলি তুই আকুল ব্যাকুল,
 তোরে লাগি কাঁদে মোর বীণা ।
 তোরে মুখে পাখিদের শুনিয়া সংগীত,
 নির্ঝরের শুনিয়া ঝর্ঝর,
 গভীর রহস্যময় অরণ্যের গান,
 বালকের মধুমাখা স্বর,
 তোরে মুখে জগতের সংগীত শুনিয়া,
 তোরে আমি ভালোবাসিয়াছি ;
 তবু কেন তোরে আমি দেখিতে না পাই,
 বিশ্বময় তোরে খুঁজিয়াছি ।

চিরকাল— চিরকাল—
 তুই কি রে চিরকাল
 সেই দূরে রবি,
 আধো সুরে গাবি শুধু গীতের আভাস,
 তুই চিরকবি ।
 দেখা তুই দিবি না কি ? নাহয় না দিলি
 একটি কি পুরাবি না আশ ?
 কাছে হতে একবার শুনিলে চাই
 তোরে গীতোচ্ছ্বাস ।
 অরণ্যের পর্বতের সমুদ্রের গান,
 ঝটিকার বজ্রগীতস্বর,
 দিবসের প্রদোষের রজনীর গীত,
 চেতনার নিদ্রার মর্মর,
 বসন্তের বরষার শরতের গান,
 জীবনের মরণের স্বর,
 আলোকের পদধ্বনি মহা অন্ধকারে
 ব্যাপ্ত করি বিশ্বচরাচর,
 পৃথিবীর চন্দ্রমার গ্রহ-তপনের,
 কোটি কোটি তারার সংগীত,
 তোরে কাছে জগতের কোন্ মাঝখানে
 না জানি রে হতেছে মিলিত ।
 সেইখানে একবার বসাইবি মোরে
 সেই মহা-আধার নিশায়,
 শুনিব রে আখি মুদি বিশ্বের সংগীত
 তোরে মুখে কেমন শুনায় ।

রবীন্দ্র-রচনাবলী

জোছনায় ফুলবনে একাকী বসিয়া থাকি,
 আঁখি দিয়া অশ্রুবারি ঝরে—
 বল্ মোরে বল্ অয়ি মোহিনী ছলনা,
 সে কি তোরি তরে ?
 বিরামের গান গেয়ে সায়াহ্নের বায়
 কোথা বহে যায়—
 তারি সাথে কেন মোর প্রাণ ছ ছ করে,
 সে কি তোরি তরে ?
 বাতাসে সৌরভ ভাসে, আধারে কত-না তারা,
 আকাশে অসীম নীরবতা—
 তখন প্রাণের মাঝে কত কথা ভেসে যায়,
 সে কি তোরি কথা ?
 ফুলের সৌরভগুলি আকাশে খেলাতে এসে
 বাতাসেতে হয় পথহারা,
 চারি দিকে ঘুরে হয় সারা,
 মার কোলে ফিরে যেতে চায়,
 ফুলে ফুলে খুঁজিয়া বেড়ায়,
 তেমনি প্রাণের মাঝে অশরীরী আশাগুলি
 ভ্রমে কেন হেথায় হোথায়—
 সে কি তোরে চায় ?
 আঁখি যেন কার তরে পথ-পানে চেয়ে আছে
 দিন গনি গনি,
 মাঝে মাঝে কারো মুখে সহসা দেখে সে যেন
 অতুল রূপের প্রতিধ্বনি,
 কাছে গেলে মিলাইয়া যায়
 নিরাশের হাসিটির প্রায়—
 সৌন্দর্যে মরীচিকা এ কাহার মায়া,
 এ কি তোরি ছায়া !

জগতের গানগুলি দূর-দূরান্তর হতে
 দলে দলে তোর কাছে যায়,
 যেন তারা বহি হেরি পতঙ্গের মতো
 পদতলে মরিবারে চায় ।
 জগতের মৃত গানগুলি
 তোর কাছে পেয়ে নব প্রাণ
 সংগীতের পরলোক হতে
 গায় যেন দেহমুক্ত গান ।
 তাই তার নব কণ্ঠধ্বনি
 প্রভাতের স্বপনের প্রায়,

কুসুমের সৌরভের সাথে

এমন সহজে মিশে যায় ।

আমি ভাবিতেছি বসে

গানগুলি তোরে

না জানি কেমনে খুঁজে পায়—

না জানি কোথায় খুঁজে পায় ।

না জানি কী গুহার মাঝারে

অক্ষুট মেঘের উপবনে,

স্মৃতি ও আশায় বিজড়িত

আলোক-ছায়ার সিংহাসনে,

ছায়াময়ী মূর্তিখানি

আপনে আপনি মিশি

আপনি বিস্মিত আপনায়,

কার পানে শূন্যপানে চায় !

সায়াহে প্রশান্ত রবি

স্বর্ণময় মেঘমাঝে

পশ্চিমের সমুদ্রসীমায়

প্রভাতের জন্মভূমি

শৈশব পূর্ব-পানে

যেমন আকুল নেত্রে চায়,

পূর্বের শূন্যপটে

প্রভাতের স্মৃতিগুলি

এখনো দেখিতে যেন পায়,

তেমনি সে ছায়াময়ী

কোথা যেন চেয়ে আছে

কোথা হতে আসিতেছে গান—

এলানো কুন্তলজালে

সঙ্ঘ্যার তারকাগুলি

গান শুনে মুদিছে নয়ান ।

বিচিত্র সৌন্দর্য জগতের

হেথা আসি হইতেছে লয় ।

সংগীত; সৌরভ, শোভা

জগতে যা-কিছু আছে

সবি হেথা প্রতিধ্বনিময় ।

প্রতিধ্বনি, তব নিকেতন,

তোমার সে সৌন্দর্য অতুল,

প্রাণে জাগে ছায়ার মতন—

ভাষা হয় আকুল ব্যাকুল ।

আমরণ চিরদিন

কেবলি খুঁজিব তোরে

কখনো কি পাব না সন্ধান ?

কেবলি কি রবি দূরে,

অতি দূর হতে

শুনিব রে ওই আধো গান ?

এই বিশ্বজগতের

মাঝখানে দাঁড়াইয়া

বাজাইবি সৌন্দর্যের বাঁশি,

অনন্ত জীবনপথে

খুঁজিয়া চলিব তোরে,

প্রাণমন হইবে উদাসী ।

তপনেরে ঘিরি ঘিরি

যেমন ঘুরিছে ধরা,

ঘুরিব কি তোর চারি দিকে ?

রবীন্দ্র-রচনাবলী

অনন্ত প্রাণের পথে বরষিবি গীতধারা,
 চেয়ে আমি রব অনিমিখে ।
 তোরি মোহময় গান শুনিতেছি অবিরত,
 তোরি রূপ কল্পনায় লিখা—
 করিস নে প্রবঞ্চনা সত্য করে বল্ দেখি
 তুই তো নহিস মরীচিকা ?
 কত বার আর্ত স্বরে শুধায়েছি প্রাণপণে,
 অয়ি তুমি কোথায়— কোথায়—
 অমনি সুদূর হতে কেন তুমি বলিয়াছ
 'কে জানে কোথায়' ?
 আশাময়ী, ও কী কথা তুমি কি আপনহারা—
 আপনি জান না আপনায় ?

মহাস্বপ্ন

পূর্ণ করি মহাকাল পূর্ণ করি অনন্ত গগন,
 নিদ্রামগ্ন মহাদেব দেখিছেন মহান্ স্বপন ।
 বিশাল জগৎ এই প্রকাশে স্বপন সেই,
 হৃদয়সমুদ্রে তাঁর উঠিতেছে বিশ্বের মতন ।
 উঠিতেছে চন্দ্র সূর্য, উঠিতেছে আলোক আধার,
 উঠিতেছে লক্ষ লক্ষ নক্ষত্রের জ্যোতি-পরিবার ।
 উঠিতেছে, ছুটিতেছে গ্রহ উপগ্রহ দলে দলে,
 উঠিতেছে ডুবিতেছে রাত্রি দিন আকাশের তলে ।
 একা বসি মহাসিদ্ধু চিরদিন গাইতেছে গান,
 ছুটিয়া সহস্র নদী পদতলে মিলাইছে প্রাণ ।
 তটিনীর কলরব, লক্ষ নির্ঝরির ঝর ঝর,
 সিদ্ধুর গম্ভীর গীত, মেঘের গম্ভীর কঠস্বর,
 ঝটিকা করিছে হা হা আশ্রয়-আলয় তার ছাড়ি
 বাজায়ে অরণ্যবীণা ভীমবল শত বাহু নাড়ি,
 রুদ্র রাগ আলাপিয়া গড়ায়ে পড়িছে হিমরাশ
 পর্বতদৈত্যের যেন ঘনীভূত ঘোর অট্টহাস,
 ধীরে ধীরে মহারণ্য নাড়িতেছে জটাময় মাথা—
 ঝর ঝর মর মর উঠিতেছে সুগম্ভীর গাথা ।
 চেতনার কোলাহলে দিবস পুরিছে দশ দিশি,
 ঝিল্লিরবে একমস্ত্র জপিতেছে তাপসিনী নিশি,
 সমস্ত একত্রে মিলি ধ্বনিয়া ধ্বনিয়া চারি ভিত
 উঠাইছে মহা-হৃদে মহা এক স্বপনসংগীত ।
 স্বপনের রাজ্য এই স্বপন-রাজ্যের জীবগণ
 দেহ ধরিতেছে কত মুহূর্মুহ নূতন নূতন ।

ফুল হয়ে যায় ফল, ফুল ফল বীজ হয় শেষে,
 নব নব বৃক্ষ হয়ে বেঁচে থাকে কানন-প্রদেশে ।
 বাষ্প হয়, মেঘ হয়, বিন্দু বিন্দু বৃষ্টিবারিধারা
 নির্ঝর তটিনী হয়, ভাঙি ফেলে শিলাময় কারা ।
 নিদাঘ মরিয়া যায়, বরষা শ্মশানে আসি তার
 নিবায় জ্বলন্ত চিতা বরষিয়া অশ্রুবারিধার ।
 বরষা হইয়া বৃক্ষ শ্বেতকেশ শীত হয়ে যায়,
 যযাতির মতো পুন বসন্তযৌবন ফিরে পায় ।
 এক শুধু পুরাতন, আর সব নূতন নূতন,
 এক পুরাতন হৃদে উঠিতেছে নূতন স্বপন ।
 অপূর্ণ স্বপন-সৃষ্ট মানুষেরা অভাবের দাস,
 জাগ্রত পূর্ণতা-তরে পাইতেছে কত-না প্রয়াস ।
 চেতনা ছিড়িতে চাহে আধো-অচেতন আবরণ—
 দিনরাত্রি এই আশা, এই তার একমাত্র পণ ।
 পূর্ণ আত্মা জাগিবেন, কভু কি আসিবে হেন দিন ?
 অপূর্ণ জগৎ-স্বপ্ন ধীরে ধীরে হইবে বিলীন ?
 চন্দ্র-সূর্য-তারকার অঙ্ককার স্বপ্নময়ী ছায়া
 জ্যোতির্ময় সে হৃদয়ে ধীরে ধীরে মিলাইবে কায়া ।
 পৃথিবী ভাঙিয়া যাবে, একে একে গ্রহতারাগণ
 ভেঙে ভেঙে মিলে যাবে একেকটি বিশ্বের মতন ।
 চন্দ্র-সূর্য-গ্রহ চেয়ে জ্যোতির্ময় মহান্ বৃহৎ
 জীব-আত্মা মিলাইবে একেকটি জলবিশ্ববৎ ।
 কভু কি আসিবে, দেব, সেই মহাস্বপ্ন-ভাঙা দিন—
 সত্যের সমুদ্র-মাঝে আধো সত্য হয়ে যাবে লীন ?
 আধেক প্রলয়জলে ডুবে আছে তোমার হৃদয়—
 বলো, দেব, কবে হেন প্রলয়ের হইবে প্রলয় ।

সৃষ্টি স্থিতি প্রলয়

দেশশূন্য কালশূন্য জ্যোতিঃশূন্য, মহাশূন্য-পরি
 চতুর্মুখ করিছেন ধ্যান,
 মহা অঙ্ক অঙ্ককার সভয়ে রয়েছে দাঁড়াইয়া—
 কবে দেব খুলিবে নয়ান ।
 অনন্ত হৃদয়-মাঝে আসন্ন জগৎ-চরাচর
 দাঁড়াইয়া স্তম্ভিত নিশ্চল,
 অনন্ত হৃদয়ে তাঁর ভূত ভবিষ্যৎ বর্তমান
 ধীরে ধীরে বিকাশিছে দল ।
 লেগেছে ভাবের ঘোর, মহানন্দে পূর্ণ তাঁর প্রাণ
 নিজের হৃদয়পানে চাহি,

নিস্তরঙ্গ রহিয়াছে অনন্ত আনন্দপারাবার—
 কুল নাহি, দিগ্বিদিক নাহি ।
 পুলকে পূর্ণিত তাঁর প্রাণ,
 সহসা আনন্দসিঙ্ঘু হৃদয়ে উঠিল উথলিয়া,
 আদিদেব খুলিলা নয়ান ;
 জনশূন্য জ্যোতিঃশূন্য অন্ধতম অন্ধকার-মাঝে
 উচ্ছ্বসি উঠিল বেদগান ।
 চারি মুখে বাহিরিল বাণী
 চারি দিকে করিল প্রয়াণ ।
 সীমাহারা মহা অন্ধকারে
 সীমাশূন্য ব্যোমপারাবারে
 প্রাণপূর্ণ ঝটিকার মতো,
 ভাবপূর্ণ ব্যাকুলতা-সম,
 আশাপূর্ণ অতৃপ্তির প্রায়,
 সঞ্চরিতে লাগিল সে ভাষা ।
 দূর দূর যত দূর যায়
 কিছুতেই অন্ত নাহি পায়—
 যুগ যুগ যুগ যুগান্তর
 ভ্রমিতেছে আজিও সে বাণী,
 আজিও সে অন্ত নাহি পায় ।

ভাবের আনন্দে ভোর, গীতিকবি চারি মুখে
 করিতে লাগিলা বেদগান ।
 আনন্দের আন্দোলনে ঘন ঘন বহে শ্বাস
 অষ্ট নেত্রে বিস্ফুরিল জ্যোতি ।
 জ্যোতির্ময় জটাজাল কোটিসূর্যপ্রভাসম
 দিগ্বিদিকে পড়িল ছড়িয়ে,
 মহান্ ললাটে তাঁর অযুত তড়িতস্ফুর্তি
 অবিরাম লাগিল খেলিতে ।
 অনন্ত ভাবের দল, হৃদয়-মাঝারে তাঁর
 হতেছিল আকুল ব্যাকুল—
 মুক্ত হয়ে ছুটিল তাহারা,
 জগতের গঙ্গোত্রীশিখর হতে
 শত শত স্রোতে
 উচ্ছ্বসিল অগ্নিময় বিশ্বের নিব্বার,
 বাহিরিল অগ্নিময়ী বাণী,
 উচ্ছ্বসিল বাষ্পময় ভাব ।
 উত্তরে দক্ষিণে গেল,
 পূরবে পশ্চিমে গেল,
 চারি দিকে ছুটিল তাহারা,

আকাশের মহাক্ষেত্রে শৈশব-উচ্ছ্বাস বেগে
নাচিতে লাগিল মহোন্মাদে ।

শব্দশূন্য শূন্যমাঝে সহসা সহস্র স্বরে
জয়ধ্বনি উঠিল উথলি,
হর্ষধ্বনি উঠিল ফুটিয়া,
স্তম্ভতার পাষণ্ডহৃদয়
শত ভাগে গেল রে ফাটিয়া ।
শব্দশ্রোত ঝরিল চৌদিকে
এক কালে সমস্বরে—

পুরবে উঠিল ধ্বনি, পশ্চিমে উঠিল ধ্বনি,
ব্যাপ্ত হল উত্তরে দক্ষিণে ।

অসংখ্য ভাবের দল খেলিতে লাগিল যত
উঠিল খেলার কোলাহল ।
শূন্যে শূন্যে মাতিয়া বেড়ায়—
হেথা ছোটে, হোথা ছুটে যায় ।
কী করিবে আপনা লইয়া
যেন তাহা ভাবিয়া না পায়,
আনন্দে ভাঙিয়া যেতে চায় ।
যে প্রাণ অনন্ত যুগ রবে
সেই প্রাণ পেয়েছে নূতন,
আনন্দে অনন্ত প্রাণ যেন
মুহূর্তে করিতে চায় ব্যয় ।
অবশেষে আকাশ ব্যাপিয়া
পড়িল প্রেমের আকর্ষণ ।
এ ধায় উহার পানে
এ চায় উহার মুখে,
আগ্রহে ছুটিয়া কাছে আসে ।
বাপ্পে বাপ্পে করে ছুটাছুটি,
বাপ্পে বাপ্পে করে আলিঙ্গন ।
অগ্নিময় কাতর হৃদয়
অগ্নিময় হৃদয়ে মিশিছে ।
জ্বলিছে দ্বিগুণ অগ্নিরাশি
আধার হতেছে চুর চুর ।
অগ্নিময় মিলন হইতে
জন্মিতেছে আগ্নেয় সন্তান,
অন্ধকার শূন্যমরুমাঝে
শত শত অগ্নি-পরিবার
দিশে দিশে করিছে ভ্রমণ ।

রবীন্দ্র-রচনাবলী

নূতন সে প্রাণের উল্লাসে
 নূতন সে প্রাণের উচ্ছ্বাসে
 বিশ্ব যবে হয়েছে উন্মাদ,
 চারি দিকে উঠিছে নিনাদ,
 অনন্ত আকাশে দাঁড়াইয়া
 চারি দিকে চারি হাত দিয়া
 বিষ্ণু আসি মন্ত্র পড়ি দিলা,
 বিষ্ণু আসি কৈলা আশীর্বাদ
 লইয়া মঙ্গলশঙ্খ করে,
 কাঁপায়ে জগৎ-চরাচরে
 বিষ্ণু আসি কৈলা শঙ্খনাদ ।
 থেমে এল প্রচণ্ড কল্লোল,
 নিবে এল জ্বলন্ত উচ্ছ্বাস,
 গ্রহগণ নিজ অক্ষুজলে
 নিবাইল নিজের হতাশ ।
 জগতের বাঁধিল সমাজ,
 জগতের বাঁধিল সংসার,
 বিবাহে বাহুতে বাহু বাঁধি
 জগৎ হইল পরিবার ।

বিষ্ণু আসি মহাকাশে, লেখনী ধরিয়া করে
 মহান্ কালের পত্র খুলি
 ধরিয়া ব্রহ্মার ধ্যানগুলি,
 একমনে পরম যতনে,
 লিখি লিখি যুগ-যুগান্তর
 বাঁধি দিলা ছন্দের বাঁধনে ।

জগতের মহা বেদব্যাস
 গঠিলা নিখিল উপন্যাস,
 বিশৃঙ্খল বিশ্বগীতি লয়ে
 মহাকাব্য করিলা রচন ।
 জগতের ফুলরাশি লয়ে
 গাঁথি মালা মনের মতন
 নিজ গলে কৈলা আরোপণ ।

জগতের মালাখানি জগৎ-পতির গলে
 মরি কিবা সেজেছে অতুল
 দেখিবারে হৃদয় আকুল ।
 বিশ্বমালা অসীম অক্ষয়,
 কত চন্দ্র কত সূর্য কত গ্রহ কত তারা
 কত বর্ণ কত গীত -ময় ।
 নিজ নিজ পরিবার লয়ে
 ভ্রমে সবে নিজ নিজ পথে,

বিষ্ণুদেব চক্র হাতে লয়ে,
 চক্রে চক্রে বাঁধিলা জগতে ।
 চক্রপথে ভ্রমে গ্রহ তারা,
 চক্রপথে রবি শশী ভ্রমে,
 শাসনের গদা হস্তে লয়ে
 চরাচর রাখিলা নিয়মে ।
 দুরন্ত প্রেমেরে মন্ত্র পড়ি
 বাঁধি দিলা বিবাহবন্ধনে ।
 মহাকায় শনিরে ঘেরিয়া
 হাতে হাতে ধরিয়া ধরিয়া
 নাচিতে লাগিল এক তালে
 সুধামুখ চাঁদ শত শত ।
 পৃথিবীর সমুদ্রহৃদয়
 চন্দ্রে হেরি উঠে উথলিয়া ।
 পৃথিবীর মুখপানে চেয়ে
 চন্দ্র হাসে আনন্দে গলিয়া ।
 মিলি যত গ্রহ ভাইবোন
 এক অঙ্গে হইল পালিত,
 তারা-সহোদর যত ছিল
 এক সাথে হইল মিলিত ।
 কত কত শত বর্ষ ধরি
 দূর পথ অতিক্রম করি
 পাঠাইছে বিদেশ হইতে
 তারাগুলি আলোকের দূত
 ক্ষুদ্র ওই দূরদেশবাসী
 পৃথিবীর বারতা লইতে ।
 রবি ধায় রবির চৌদিকে,
 গ্রহ ধায় রবিরে ঘেরিয়া,
 চাঁদ হাসে গ্রহমুখ চেয়ে,
 তারা হাসে তারায় হেরিয়া ।
 মহাছন্দ মহা অনুপ্রাস
 চরাচরে বিস্তারিল পাশ ।

পশিয়া মানসসরোবরে
 স্বর্ণপদ্ম করিলা চয়ন,
 বিষ্ণুদেব প্রসন্ন আননে
 পদ্মপানে মেলিল নয়ন ।
 ফুটিয়া উঠিল শতদল,
 বাহিরিল কিরণ বিমল,
 মাতিল রে দ্যলোক ভুলোক—
 আকাশে পুরিল পরিমল ।

চরাচরে উঠাইয়া গান
 চরাচরে জাগাইয়া হাসি
 কোমল কমলদল হতে
 উঠিল অতুল রূপরাশি ।
 মেলি দুটি নয়ন বিহুল
 ত্যজিয়া সে শতদলদল
 ধীরে ধীরে জগৎ-মাঝারে
 লক্ষ্মী আসি ফেলিলা চরণ—
 গ্রহে গ্রহে তারায় তারায়
 ফুটিল রে বিচিত্র বরন ।
 জগৎ মুখের পানে চায়,
 জগৎ পাগল হয়ে যায়,
 নাচিতে লাগিল চারি দিকে—
 আনন্দের অন্ত নাহি পায় ।
 জগতের মুখপানে চেয়ে
 লক্ষ্মী যবে হাসিলেন হাসি
 মেঘেতে ফুটিল ইন্দ্রধনু,
 কাননে ফুটিল ফুলরাশি—
 হাসি লয়ে করে কাড়াকাড়ি
 চন্দ্র সূর্য গ্রহ চারি ভিতে,
 চাহে তাঁর চরণছায়ায়
 যৌবনকুমুম ফুটাইতে ।
 জগতের হৃদয়ের আশা
 দশ দিকে আকুল হইয়া
 ফুল হয়ে পরিমল হয়ে
 গান হয়ে উঠিল ফুটিয়া ।
 একি হেরি যৌবন-উচ্ছ্বাস,
 একি রে মোহন ইন্দ্রজাল—
 সৌন্দর্যকুমুমে গেল ঢেকে
 জগতের কঠিন কঙ্কাল ।
 হাসি হয়ে ভাঙিল আকাশে
 তারকার রক্তিম নয়ান,
 জগতের হর্যকোলাহল
 রাগিনীতে হল অবসান ।
 কোমলে কঠিন লুকাইল,
 শক্তিরে ঢাকিল রূপরাশি
 প্রেমের হৃদয়ে মহা বল
 অশনির মুখে দিল হাসি ।
 সবলি হইল মনোহর
 সাজিল জগৎ-চরাচর ।

মহাছন্দে বাঁধা হয়ে যুগ যুগ যুগ যুগান্তর
 পড়িল নিয়ম-পাঠশালে
 অসীম জগৎ-চরাচর ।
 শ্রান্ত হয়ে এল কলেবর,
 নিদ্রা আসে নয়নে তাহার,
 আকর্ষণ হতেছে শিথিল,
 উত্তাপ হতেছে একাকার ।
 জগতের প্রাণ হতে
 উঠিল রে বিলাপসংগীত,
 কাঁদিয়া উঠিল চারি ভিত ।
 পুরবে বিলাপ উঠে, পশ্চিমে বিলাপ উঠে,
 কাঁদিল রে উত্তর দক্ষিণ,
 কাঁদে গ্রহ, কাঁদে তারা, শ্রান্তদেহে কাঁদে রবি—
 জগৎ হইল শান্তিহীন ।
 চারি দিক হতে উঠিতেছে
 আকুল বিশ্বের কণ্ঠস্বর,
 “জাগো জাগো জাগো মহাদেব,
 কবে মোরা পাব অবসর ?
 অলঙ্ঘ্য নিয়মপথে ভ্রমি
 হয়েছে হে শ্রান্ত কলেবর ।
 নিয়মের পাঠ সমাপিয়া
 সাধ গেছে খেলা করিবারে,
 একবার ছেড়ে দাও, দেব,
 অনন্ত এ আকাশ-মাঝারে ।”
 জগতের আত্মা কহে কাঁদি,
 “আমারে নৃতন দেহ দাও—
 প্রতিদিন বাড়িছে হৃদয়,
 প্রতিদিন বাড়িতেছে আশা,
 প্রতিদিন টুটিতেছে দেহ,
 প্রতিদিন ভাঙিতেছে বল ।
 গাও দেব মরণসংগীত
 পাব মোরা নৃতন জীবন ।”
 জগৎ কাঁদিল উচ্চরবে
 জাগিয়া উঠিলা মহেশ্বর,
 তিন কাল ত্রিনয়ন মেলি,
 হেরিলেন দিক দিগন্তর ।
 প্রলয়বিষাণ তুলি করে ধরিলেন শূলী,
 পদতলে জগৎ চাপিয়া—
 জগতের আদি অন্ত থরথর থরথর
 একবার উঠিল কাঁপিয়া ।
 বিষাণেতে পুরিলা নিশ্বাস,

ছিড়িয়া পড়িয়া গেল
 জগতের সমস্ত বাঁধন ।
 উঠিল রে মহাশূন্যে গরজিয়া তরঙ্গিয়া
 হৃদ্যমুক্ত জগতের উন্মত্ত আনন্দকোলাহল ।
 ছিড়ে গেল রবি শশী গ্রহ তারা ধূমকেতু,
 কে কোথায় ছুটে গেল,
 ভেঙে গেল, টুটে গেল,
 চন্দ্রে সূর্যে গুঁড়াইয়া
 চূর্ণ চূর্ণ হয়ে গেল ।
 মহা অগ্নি জ্বলিল রে,
 আকাশের অনন্ত হৃদয়—
 অগ্নি, অগ্নি, শুধু অগ্নিময় ।
 মহা অগ্নি উঠিল জ্বলিয়া
 জগতের মহা চিতানল ।
 খণ্ড খণ্ড রবি শশী, চূর্ণ চূর্ণ গ্রহ তারা
 বিন্দু বিন্দু আধারের মতো
 বরষিছে চারি দিক হতে,
 অনলের তেজোময় গ্রাসে
 নিমেষেতে যেতেছে মিশায়ে ।
 সৃজনের আরম্ভসময়ে
 আছিল অনাদি অঙ্ককার,
 সৃজনের ধবংসযুগান্তরে
 রহিল অসীম হতাশন ।
 অনন্ত আকাশগ্রাসী অনলসমুদ্রমাবে
 মহাদেব মুদি ত্রিনয়ান
 করিতে লাগিলা মহাধ্যান ।

শ্রোত

জগৎ-শ্রোতে ভেসে চলো, যে যেথা আছ ভাই !
 চলেছে যেথা রবি শশী চল রে সেথা যাই ।
 কোথায় চলে কে জানে তা, কোথায় যাবে শেষে,
 জগৎ-শ্রোত বহে গিয়ে কোন্ সাগরে মেশে ।
 অনাদি কাল চলে শ্রোত অসীম আকাশেতে,
 উঠেছে মহা কলরব অসীমে যেতে যেতে ।
 উঠিছে ঢেউ, পড়ে ঢেউ, গনিবে কেবা কত !
 ভাসিছে শত গ্রহ তারা, ডুবিছে শত শত ।
 ঢেউয়ের 'পরে খেলা করে আলোকে আধারেতে,
 জলের কোলে লুকাচুরি জীবনে মরণেতে ।

শতেক কোটি গ্রহ তারা যে স্রোতে তৃণপ্রায়
সে স্রোত-মাঝে অবহেলে ঢালিয়া দিব কায়,
অসীম কাল ভেসে যাব অসীম আকাশেতে,
জগৎ-কলকলরব শুনিব কান পেতে ।
দেখিব ঢেউ— উঠে ঢেউ, দেখিব মিশে যায়,
জীবন-মাঝে উঠে ঢেউ মরণ-গান গায় ।
দেখিব চেয়ে চারি দিকে, দেখিব তুলে মুখ—
কত-না আশা, কত হাসি, কত-না সুখ দুখ,
বিরাগ ঘেষ ভালোবাসা, কত-না হয়-হয়—
তপন ভাসে, তারা ভাসে, তা'রাও ভেসে যায় ।
কত-না যায়, কত চায়, কত-না কাঁদে হাসে—
আমি তো শুধু ভেসে যাব, দেখিব চারি পাশে ।

অবোধ ওরে, কেন মিছে করিস 'আমি আমি' ।
উজানে যেতে পারিবি কি সাগরপথগামী ?
জগৎ-পানে যাবি নে রে, আপনা-পানে যাবি—
সে যে রে মহামরুভূমি, কী জানি কী যে পারি ।
মাথায় করে আপনারে, সুখ-দুখের বোঝা,
ভাসাতে চাস প্রতিকূলে— সে তো রে নহে সোজা ।
অবশ দেহ, ক্ষীণ বল, সঘনে বহে শ্বাস,
লইয়া তোর সুখদুখ এখনি পারি নাশ ।

জগৎ হয়ে রব আমি, একেলা রহিব না ।
মরিয়া যাব একা হলে একটি জলকণা ।
আমার নাহি সুখ দুখ, পরের পানে চাই—
যাহার পানে চেয়ে দেখি তাহাই হয়ে যাই ।
তপন ভাসে, তারা ভাসে, আমিও যাই ভেসে—
তাদের গানে আমার গান, যেতেছি এক দেশে ।
প্রভাত সাথে গাই গান, সাঁঝের সাথে গাই,
তারার সাথে উঠি আমি— তারার সাথে যাই ।
ফুলের সাথে ফুটি আমি, লতার সাথে নাচি,
বায়ুর সাথে ঘুরি শুধু ফুলের কাছাকাছি ।
মায়ের প্রাণে স্নেহ হয়ে শিশুর পানে ধাই,
দুখীর সাথে কাঁদি আমি সুখীর সাথে গাই ।
সবার সাথে আছি আমি, আমার সাথে নাই,
জগৎ-স্রোতে দিবানিশি ভাসিয়া চলে যাই ।

চেয়ে থাকা

মনেতে সাধ যে দিকে চাই
 কেবলি চেয়ে রব ।
 দেখিব শুধু, দেখিব শুধু,
 কথাটি নাহি কব ।
 পরানে শুধু জাগিবে প্রেম,
 নয়নে লাগে ঘোর,
 জগতে যেন ডুবিয়া রব
 হইয়া রব ভোর ।
 তটিনী যায়, বহিয়া যায়,
 কে জানে কোথা যায় ;
 তীরেতে বসে রহিব চেয়ে,
 সারাটি দিন যায় ।
 সুদূর জলে ডুবিছে রবি
 সোনার লেখা লিখি,
 সাঝের আলো জলেতে শুয়ে
 করিছে ঝিকিমিকি ।
 সুধীর স্রোতে তরনীগুলি
 যেতেছে সারি সারি,
 বহিয়া যায়, ভাসিয়া যায়
 কত-না নরনারী ।
 না জানি তারা কোথায় থাকে
 যেতেছে কোন্ দেশে,
 সুদূর তীরে কোথায় গিয়ে
 থামিবে অবশেষে ।
 কত কী আশা গড়িছে বসে
 তাদের মনখানি,
 কত কী সুখ কত কী দুখ
 কিছুই নাহি জানি ।
 দেখিব পাখি আকাশে ওড়ে,
 সুদূরে উড়ে যায়,
 মিশায়ে যায় কিরণমাঝে,
 আধাররেখাপ্রায় !
 তাহারি সাথে সারাটি দিন
 উড়িবে মোর প্রাণ,
 নীরবে বসে তাহারি সাথে
 গাহিব তারি গান ।
 তাহারি মতো মেঘের মাঝে
 বাধিতে চাই বাসা,

তাহারি মতো ঠাঁদের কোলে
 গড়িতে চাহি আশা ।
 তাহারি মতো আকাশে উঠে,
 ধরার পানে চেয়ে
 ধরায় যারে এসেছি ফেলে
 ডাকিব গান গেয়ে ।
 তাহারি মতো, তাহারি সাথে
 উষার দ্বারে গিয়ে,
 ঘুমের ঘোর ভাঙায়ে দিব
 উষারে জাগাইয়ে !

পথের ধারে বসিয়া রব
 বিজন তরুছায়,
 সমুখ দিয়ে পথিক যত
 কত-না আসে যায় ।
 ধুলায় বসে আপন-মনে
 ছেলেরা খেলা করে,
 মুখেতে হাসি সখারা মিলে
 যেতেছে ফিরে ঘরে ।

পথের ধারে ঘরের দ্বারে
 বালিকা এক মেয়ে,
 ছোটো ভায়েরে পাড়ায় ঘুম
 কত কী গান গেয়ে ।
 তাহার পানে চাহিয়া থাকি
 দিবস যায় চলে,
 স্নেহেতে ভরা করুণ আঁখি—
 হৃদয় যায় গলে ।
 এতটুকু সে পরানটিতে
 এতটা সুধারাসি ।
 কাছেতে তাই দাঁড়ায়ে তারে
 দেখিতে ভালোবাসি ।

কোথা বা শিশু কাঁদছে পথে
 মায়েরে ডাকি ডাকি,
 আকুল হয়ে পথিকমুখে
 চাহিছে থাকি থাকি ।
 কাতর স্বর শুনিতে পেয়ে
 জননী ছুটে আসে,
 মায়ের বুক জড়ায়ে শিশু
 কাঁদিতে গিয়ে হাসে ।

রবীন্দ্র-রচনাবলী

অবাক হয়ে তাহাই দেখি
নিমেষ ভুলে গিয়ে,
দুইটি ফোঁটা বাহিরে জল
দুইটি আঁখি দিয়ে ।

যায় রে সাধ জগৎ-পানে
কেবলি চেয়ে রই
অবাক হয়ে, আপনা ভুলে,
কথাটি নাহি কই ।

সাধ

অরুণময়ী তরুণী উষা
জাগায়ে দিল গান ।
পুরব মেঘে কনকমুখী
বারেক শুধু মারিল উকি,
অমনি যেন জগৎ ছেয়ে
বিকশি উঠে প্রাণ ।
কাহার হাসি বহিয়া এনে
করিলি সুধা দান ।
ফুলেরা সব চাহিয়া আছে
আকাশপানে মগন-মনা,
মুখেতে মৃদু বিমল হাসি
নয়নে দুটি শিশির-কণা ।
আকাশ-পারে কে যেন ব'সে,
তাহারে যেন দেখিতে পায়,
বাতাসে দুলে বাহুটি তুলে
মায়ের কোলে ঝাঁপিতে যায় ।
কী যেন দেখে, কী যেন শোনে—
কে যেন ডাকে, কে যেন গায়—
ফুলের সুখ, ফুলের হাসি
দেখিবি তোরা আয় রে আয় ।
আ মরি মরি অমনি যদি
ফুলের মতো চাহিতে পারি ।
বিমল প্রাণে বিমল সুখে
বিমল প্রাতে বিমল মুখে
ফুলের মতো অমনি যদি
বিমল হাসি হাসিতে পারি ।
দুলিছে, মরি, হরষ-শ্রোতে,
অসীম স্নেহে আকাশ হতে

কে যেন তারে খেতেছে চুমো
 কোলেতে তারি পড়িছে লুটে ।
 কে যেন তারি নামটি ধ'রে
 ডাকিছে তারে সোহাগ ক'রে,
 শুনিতে পেয়ে ঘুমের ঘোরে
 মুখটি ফুটে হাসিটি ফোটে,
 শিশুর প্রাণে সুখের মতো
 সুবাসটুকু জাগিয়া ওঠে ।
 আকাশপানে চাহিয়া থাকে,
 না জানি তাহে কী সুখ পায় ।
 বলিতে যেন শেখে নি কিছু,
 কী যেন তবু বলিতে চায় ।
 আধার কোণে থাকিস তোরা,
 জানিস কি রে কত সে সুখ,
 আকাশপানে চাহিলে পরে
 আকাশপানে তুলিলে মুখ ।
 সুদূর দূর, সুনীল নীল,
 সুদূরে পাখি উড়িয়া যায় ।
 সুনীল দূরে ফুটিছে তারা
 সুদূর হতে আসিছে বায় ।
 প্রভাতকরে করি রে স্নান
 ঘুমাই ফুলবাসে,
 পাখির গান লাগে রে যেন
 দেহের চারি পাশে ।
 বাতাস যেন প্রাণের সখা,
 প্রবাসে ছিল, নতুন দেখা,
 ছুটিয়া আসে বুকের কাছে
 বারতা শুধাইতে ।
 চাহিয়া আছে আমার মুখে,
 কিরণময় আমারি সুখে
 আকাশ যেন আমারি তরে
 রয়েছে বুক পেতে ।
 মনেতে করি আমারি যেন
 আকাশ-ভরা প্রাণ,
 আমারি প্রাণ হাসিতে ছেয়ে
 জাগিছে উষা তরুণ মেয়ে,
 করুণ আঁখি করিছে প্রাণে
 অরুণসুধা দান ।
 আমারি বুক প্রভাতবেলা
 ফুলেরা মিলি করিছে খেলা,

রবীন্দ্র-রচনাবলী

হেলিছে কত, দুলিছে কত,
 পুলকে ভরা মন,
 আমারি তোরা বালিকা মেয়ে
 আমারি স্নেহধন ।
 আমারি মুখে চাহিয়া তোর
 আঁখিটি ফুটিফুটি ।
 আমারি বুকুে আলায় পেয়ে
 হাসিয়া কুটিকুটি ।
 কেন রে বাছা, কেন রে হেন
 আকুল কিলিবিলি,
 কী কথা যেন জানাতে চাস
 সবাই মিলি মিলি ।
 হেথায় আমি রহিব বসে
 আজি সকালবেলা,
 নীরব হয়ে দেখিব চেয়ে
 ভাইবোনের খেলা ।
 বুকুের কাছে পড়িবি ঢলে
 চাহিবি ফিরে ফিরে,
 পরশি দেহে কোমলদল
 স্নেহেতে চোখে আসিবে জল,
 শিশিরসম তোদের 'পরে
 ঝরিবে ধীরে ধীরে ।

হৃদয় মোর আকাশ-মাঝে
 তারার মতো উঠিতে চায়,
 আপন সুখে ফুলের মতো
 আকাশপানে ফুটিতে চায় ।
 নিবিড় রাতে আকাশে উঠে
 চারি দিকে সে চাহিতে চায়,
 তারার মাঝে হারিয়ে গিয়ে
 আপন মনে গাহিতে চায় ।
 মেঘের মতো হারায় দিশা
 আকাশ-মাঝে ভাসিতে চায়—
 কোথায় যাবে কিনারা নাই,
 দিবসনিশি চলেছে তাই,
 বাতাস এসে লাগিছে গায়ে,
 জোছনা এসে পড়িছে পায়ে,
 উড়িয়া কাছে গাহিছে পাখি,
 মুদিয়া যেন এসেছে আঁখি,

আকাশ-মাঝে মাথাটি থুয়ে
 আরামে যেন ভাসিয়া যায়,
 হৃদয় মোর মেঘের মতো
 আকাশ-মাঝে ভাসিতে চায় ।
 ধরার পানে মেলিয়া আঁখি
 উষার মতো হাসিতে চায় ।
 জগৎ-মাঝে ফেলিতে পা
 চরণ যেন উঠিছে না,
 শরমে যেন হাসিছে মৃদু হাস,
 হাসিটি যেন নামিল ভুঁয়ে,
 জাগায়ে দিল ফুলেরে ছুঁয়ে,
 মালতীবধূ হাসিয়া তারে
 করিল পরিহাস ।
 মেঘেতে হাসি জড়িয়ে যায়,
 বাতাসে হাসি গড়িয়ে যায়,
 উষার হাসি— ফুলের হাসি—
 কানন-মাঝে ছড়িয়ে যায় ।
 হৃদয় মোর আকাশে উঠে
 উষার মতো হাসিতে চায় ।

সমাপন

আজ আমি কথা কহিব না ।
 আর আমি গান গাহিব না ।
 হেরো আজি ভোরবেলা এসেছে রে মেলা লোক,
 ঘিরে আছে চারি দিকে
 চেয়ে আছে অনিমিখে,
 হেরে মোর হাসিমুখ ভুলে গেছে দুখশোক ।
 আজ আমি গান গাহিব না ।

সকাতরে গান গেয়ে পথপানে চেয়ে চেয়ে
 এদের ডেকেছি দিবানিশি ।
 ভেবেছিলাম মিছে আশা, বোঝে না আমার ভাষা,
 বিলাপ মিলায় দিশি দিশি ।
 কাছে এরা আসিত না, কোলে বসে হাসিত না,
 ধরিতে চকিতে হত লীন ।
 মরমে বাজিত ব্যথা— সাধিলে না কহে কথা—
 সাধিতে শিখি নি এতদিন ।
 দিত দেখা মাঝে মাঝে, দূরে যেন বাঁশি বাজে,
 আভাস শুনিব যেন হয় ।

রবীন্দ্র-রচনাবলী

মেঘে কভু পড়ে রেখা, ফুলে কভু দেয় দেখা,
প্রাণে কভু বহে চলে যায় ।

আজ তারা এসেছে রে কাছে
এর চেয়ে শোভা কিবা আছে ।
কেহ নাহি করে ডর, কেহ নাহি ভাবে পর,
সবাই আমাকে ভালোবাসে,
আগ্রহে ঘিরিছে চারি পাশে ।
এসেছিস তোরা যত জনা,
তোদের কাহিনী আজি শোনা ।
যার যত কথা আছে খুলে বল্ মোর কাছে,
আজ আমি কথা কহিব না ।

আয় তুই কাছে আয়, তোরে মোর প্রাণ চায়,
তোর কাছে শুধু বসে রই ।
দেখি শুধু, কথা নাহি কই ।
ললিত পরশে তোর পরানে লাগিছে ঘোর,
চোখে তোর বাজে বেণুবীণা—
তুই মোরে গান শুনাবি না ?
জেগেছে নূতন প্রাণ, বেজেছে নূতন গান,
ওই দেখ পোহায়েছে রাতি ।
আমারে বুকতে নে রে, কাছে আয়— আমি যে রে
নিখিলের খেলাবার সাথি ।
চারি দিকে সৌরভ, চারি দিকে গীতরব,
চারি দিকে সুখ আর হাসি,
চারি দিকে শিশুগুলি মুখে আধো আধো বুলি,
চারি দিকে স্নেহপ্রেমরাশি ।
আমারে ঘিরেছে কারা, সুখেতে করেছে সারা,
জগতে হয়েছে হারা প্রাণের বাসনা ।
আর আমি কথা কহিব না—
আর আমি গান গাহিব না ।

ছবি ও গান

উৎসর্গ

গত বৎসরকার বসন্তের ফুল লইয়া এ বৎসরকার
বসন্তে মালা গাঁথিলাম ।
যাঁহার নয়ন-কিরণে প্রতিদিন প্রভাতে এই ফুলগুলি
একটি একটি করিয়া ফুটিয়া উঠিত,
তাঁহারি চরণে ইহাদিগকে উৎসর্গ করিলাম ।

ছবি ও গান

কে ?

আমার প্রাণের 'পরে চলে গেল কে
বসন্তের বাতাসটুকুর মতো !
সে যে ছুঁয়ে গেল নুয়ে গেল রে,
ফুল ফুটিয়ে গেল শত শত ।

সে চলে গেল, বলে গেল না,
সে কোথায় গেল ফিরে এল না,
সে যেতে যেতে চেয়ে গেল,
 কী যেন গেয়ে গেল—

তাই আপন মনে বসে আছি
 কুসুম-বনেতে ।

সে চেউয়ের মতো ভেসে গেছে,
 চাঁদের আলোর দেশে গেছে,
 যেখান দিয়ে হেসে গেছে
 হাসি তার রেখে গেছে রে ।
মনে হল আঁখির কোণে
 আমায় যেন ডেকে গেছে সে ।

আমি কোথায় যাব কোথায় যাব,
 ভাবতেছি তাই একলা বসে ।

সে চাঁদের চোখে বুলিয়ে গেল
 ঘুমের ঘোর ।

সে প্রাণের কোথা দুলিয়ে গেল
 ফুলের ডোর ।

সে কুসুম-বনের উপর দিয়ে
 কী কথা যে বলে গেল,
 ফুলের গন্ধ পাগল হয়ে
 সঙ্গে তারি চলে গেল ।

হৃদয় আমার আকুল হল,
নয়ন আমার মুদে এল,
 কোথা দিয়ে কোথায় গেল সে !

সুখস্বপ্ন

ওই জানালার কাছে বসে আছে
 করতলে রাখি মাথা ।
 তার কোলে ফুল পড়ে রয়েছে,
 সে যে ভুলে গেছে মালা গাঁথা ।
 শুধু বুরু বুরু বায়ু বহে যায়,
 তার কানে কানে কী যে কহে যায়,
 তাই আধো শুয়ে আধো বসিয়ে
 কত ভাবিতেছে আনমনে ।
 উড়ে উড়ে যায় চুল,
 কোথা উড়ে উড়ে পড়ে ফুল,
 বুরু বুরু কাঁপে গাছপালা
 সমুখের উপবনে ।
 অধরের কোণে হাসিটি
 আধখানি মুখ ঢাকিয়া,
 কাননের পানে চেয়ে আছে
 আধমুকুলিত আঁখিয়া ।
 সুদূর স্বপন ভেসে ভেসে
 চোখে এসে যেন লাগিছে,
 ঘুমঘোরময় সুখের আবেশ
 প্রাণের কোথায় জাগিছে ।
 চোখের উপরে মেঘ ভেসে যায়,
 উড়ে উড়ে যায় পাখি,
 সারাদিন ধরে বকুলের ফুল
 ঝরে পড়ে থাকি থাকি ।
 মধুর আলস, মধুর আবেশ,
 মধুর মুখের হাসিটি,
 মধুর স্বপনে প্রাণের মাঝারে
 বাজিছে মধুর বাঁশিটি ।

জাগ্রত স্বপ্ন

আজ একেলা বসিয়া, আকাশে চাহিয়া,
 কী সাধ যেতেছে, মন !
 বেলা চলে যায়— আছিস কোথায় ?
 কোন্ স্বপনেতে নিমগন ?
 বসন্তবাতাসে আঁখি মুদে আসে,
 মৃদু মৃদু বহে শ্বাস,

গায়ে এসে যেন এলায়ে পড়িছে
 কুসুমের মৃদু বাস ।
 যেন সুদূর নন্দনকাননবাসিনী
 সুখঘুমঘোরে মধুরহাসিনী
 অজানা প্রিয়ার ললিত পরশ
 ভেসে ভেসে বহে যায়,
 অতি মৃদু মৃদু লাগে গায় ।
 বিস্মরণমোহে আধারে আলোকে
 মনে পড়ে যেন তায়,
 স্মৃতি-আশা-মাথা মৃদু সুখে দুখে
 পুলকিয়া উঠে কায় ।
 ভ্রমি আমি যেন সুদূর কাননে
 সুদূর আকাশতলে,
 আনমনে যেন গাহিয়া বেড়াই
 সরযুর কলকলে ।
 গহন বনের কোথা হতে শুনি
 বাঁশির স্বর-আভাস,
 বনের হৃদয় বাজাইছে যেন
 মরমের অভিলাষ ।
 বিভোর হৃদয়ে বুঝিতে পারি নে
 কে গায় কিসের গান,
 অজানা ফুলের সুরভি মাখানো
 স্বরসুধা করি পান ।

যেন রে কোথায় তরুর ছায়ায়
 বসিয়া রূপসী বালা,
 কুসুমশয়নে আধেক মগনা
 বাকলবসনে আধেক নগনা,
 সুখদুখগান গাইছে শুইয়া
 গাঁথিতে গাঁথিতে মাঙ্গা ।
 ছায়ায় আলোকে, নিঝরের ধারে,
 কোথা কোন্ গুপ্ত গুহার মাঝারে,
 যেন হেথা হোথা কে কোথায় আছে
 এখনি দেখিতে পাব—
 যেন রে তাদের চরণের কাছে
 বীণা লয়ে গান গাব ।
 শুনে শুনে তারা আনত নয়নে
 হাসিবে মুচুকি হাসি,
 শরমের আভা অধরে কপোলে
 বেড়াইবে ভাসি ভাসি ।

মাথায় বাঁধিয়া ফুলের মালা
 বেড়াইব বনে বনে ।
 উড়িতেছে কেশ, উড়িতেছে বেশ,
 উদাস পরান কোথা নিরুদ্দেশ,
 হাতে লয়ে বাঁশি মুখে লয়ে হাসি
 ভ্রমিতেছি আনমনে ।
 চারি দিকে মোর বসন্ত হসিত,
 যৌবনকুসুম প্রাণে বিকশিত,
 কুসুমের 'পরে ফেলিব চরণ
 যৌবনমাধুরীভরে ।
 চারি দিকে মোর মাধবী মালতী
 সৌরভে আকুল করে ।

কেহ কি আমারে চাহিবে না ?
 কাছে এসে গান গাহিবে না ?
 পিপাসিত প্রাণে চাহি মুখপানে
 কবে না প্রাণের আশা ?
 চাঁদের আলোতে দখিন বাতাসে
 কুসুমকাননে বাঁধি বাহুপাশে
 শরমে সোহাগে মৃদুমধুহাসে
 জানাবে না ভালোবাসা ?
 আমার যৌবনকুসুমকাননে
 ললিত চরণে বেড়াবে না ?
 আমার প্রাণের লতিকা-বাঁধন
 চরণে তাহার জড়াবে না ?
 আমার প্রাণের কুসুম গাঁথিয়া
 কেহ পরিবে না গলে ?
 তাই ভাবিতেছি আপনার মনে
 বসিয়া তরুর তলে ।

দোলা

ঝিকিঝিকি বেলা ;
 গাছের ছায়া কাঁপে জলে,
 সোনার কিরণ করে খেলা ।
 দুটিতে দোলার 'পরে দোলে রে,
 দেখে রবির আঁখি ভোলে রে ।
 গাছের ছায়া চারি দিকে আঁধার করে রেখেছে,
 লতাগুলি আঁচল দিয়ে ঢেকেছে ।

ফুল ধীরে ধীরে মাথায় পড়ে,
 পায়ে পড়ে, গায়ে পড়ে,
 থেকে থেকে বাতাসেতে বুরু বুরু পাতা নড়ে ।
 নিরালা সকল ঠাই,
 কোথাও সাজা নাই,
 শুধু নদীটি বহে যায় বনের ছায়া দিয়ে,
 বাতাস ছুঁয়ে যায় লতারে শিহরিয়ে ।
 দুটিতে বসে বসে দোলে,
 বেলা কোথায় গেল চলে ।
 হেরো, সুধামুখী মেয়ে
 কী চাওয়া আছে চেয়ে
 মুখানি খুয়ে তার বুকে ।
 কী মায়া মাখা চাঁদমুখে ।
 হাতে তার কঁকন দুগাছি,
 কানেতে দুলিছে তার দুল,
 হাসি-হাসি মুখখানি তার
 ফুটেছে সাঝের জুঁই ফুল ।
 গলেতে বাহু বেঁধে
 দুজনে কাছাকাছি—
 দুলিছে এলো চুল,
 দুলিছে মালাগাছি ।
 আধার ঘনাইল,
 পাখিরা ঘুমাইল,
 সোনার রবি-আলো আকাশে মিলাইল ।
 মেঘেরা কোথা গেল চলে,
 দুজনে বসে বসে দোলে ।
 ঘেঁষে আসে বুক বুক,
 মিলায়ে মুখে মুখে
 বাহুতে বাঁধি বাহুপাশ,
 সুধীর বহিতেছে শ্বাস ।
 মাঝে মাঝে থেকে থেকে
 আকাশেতে চেয়ে দেখে,
 গাছের আড়ালে দুটি তারা ।
 প্রাণ কোথা উড়ে যায়,
 সেই তারা পানে ধায়,
 আকাশের মাঝে হয় হারা ।
 পৃথিবী ছাড়িয়া যেন তা'রা
 দুটিতে হয়েছে দুটি তারা ।

একাকিনী

একটি মেয়ে একেলা,
 সাঁঝের বেলা,
 মাঠ দিয়ে চলেছে ।
 চারি দিকে সোনার ধান ফলেছে ।
 ওর মুখেতে পড়েছে সাঁঝের আভা,
 চুলেতে করিছে ঝিকিঝিকি ।
 কে জানে কী ভাবে মনে মনে
 আনমনে চলে ঝিকিঝিকি ।
 পশ্চিমে সোনায় সোনাময়,
 এত সোনা কে কোথা দেখেছে ।
 তারি মাঝে মলিন মেয়েটি
 কে যেন রে ঐকে রেখেছে ।
 মুখখানি কেন গো অমন ধারা,
 কোন্ খানে হয়েছে পথহারা,
 কারে যেন কী কথা শুধাবে,
 শুধাইতে ভয়ে হয় সারা ।
 চরণ চলিতে বাধে বাধে,
 শুধালে কথাটি নাহি কয় ।
 বড়ো বড়ো আকুল নয়নে
 শুধু মুখপানে চেয়ে রয় ।
 নয়ন করিছে ছলছল,
 এখনি পড়িবে যেন জল ।

সাঁঝেতে নিরালা সব ঠাই,
 মাঠে কোথাও জনপ্রাণী নাই—
 দূরে অতি দূরে দেখা যায়,
 মলিন সে সাঁঝের আলোতে
 ছায়া ছায়া গাছপালাগুলি
 মেশে মেশে মেঘের কোলেতে ।
 বড়ো তোর বাজিতেছে পায়,
 আয় রে আমার কোলে আয় ।
 আ মরি জননী তোর কে,
 বল্ রে কোথায় তোর ঘর ।
 তরাসে চাহিস কেন রে,
 আমারে বাসিস কেন পর ?

গ্রামে

নবীন প্রভাত-কনক-কিরণে
 নীরবে দাঁড়ায়ে গাছপালা—
 কাঁপে মৃদু মৃদু কী যেন আরামে,
 বায়ু বহে যায় সুধা-ঢালা ।
 নীল আকাশেতে নারিকেল-তরু,
 ধীরে ধীরে তার পাতা নড়ে—
 প্রভাত আলোতে কুঁড়েঘরগুলি,
 জলে ঢেউগুলি ওঠে পড়ে ।
 দুয়ারে বসিয়া তপনকিরণে
 ছেলেরা মিলিয়া করে খেলা,
 মনে হয় সবি কী যেন কাহিনী
 শুনেছিলু কোন্ ছেলেবেলা ।
 প্রভাতে যেন রে ঘরের বাহিরে
 সে কালের পানে চেয়ে আছি,
 পুরাতন দিন হোথা হতে এসে
 উড়িয়ে বেড়ায় কাছাকাছি ।
 ঘর-দ্বার সব মায়া-ছায়া-সম,
 কাহিনীতে গাঁথা খেলা-ধূলি—
 মধুর তপন, মধুর পবন,
 ছবির মতন কুঁড়েগুলি ।
 কেহ বা দোলায় কেহ বা দোলে,
 গাছতলে মিলে করে মেলা,
 বাঁশি হাতে নিয়ে রাখাল বালক
 কেহ নাচে-গায়, করে খেলা ।
 এমনি যেন রে কেটে যায় দিন,
 কারো যেন কোনো কাজ নাই,
 অসম্ভব যেন সকলি সম্ভব—
 পেতেছে যেন রে যাহা চাই ।
 কেবলি যেন রে প্রভাততপনে
 প্রভাতপবনে প্রভাতস্বপনে
 বিরামে কাটায়, আরামে ঘুমায়
 গাছপালা বন কুঁড়েগুলি ।
 কাহিনীতে ঘেরা ছোটো গ্রামখানি,
 মায়াদেবীদের মায়া-রাজধানী,
 পৃথিবী-বাহিরে কল্পনা-তীরে
 করিছে যেন রে খেলা-ধূলি ।

আদরিণী

একটুখানি সোনার বিন্দু, একটুখানি মুখ
 একা একটি বনফুল ফোটে-ফোটে হয়েছে,
 কচি কচি পাতার মাঝে মাথা থুয়ে রয়েছে ।
 চার দিকে তার গাছের ছায়া, চার দিকে তার নিশ্চিন্তি,
 চার দিকে তার ঝোপে-ঝোপে আঁধার দিয়ে ঢেকেছে—
 বনের সে যে স্নেহের ধন আদরিণী মেয়ে,
 তারে বৃকের কাছে লুকিয়ে যেন রেখেছে ।

একটুখানি রূপের হাসি আঁধারেতে ঘুমিয়ে আলা,
 বনের স্নেহ শিয়রেতে জেগে আছে ।
 সুকুমার প্রাণটুকু তার কিছু যেন জানে না,
 চোখে শুধু সুখের স্বপন লেগে আছে ।
 একটি যেন রবির কিরণ ভোরের বেলা বনের মাঝে
 খেলাতেছিল নেচে নেচে,
 নিরাতাতে গাছের ছায়ে আঁধারেতে শাস্তকায়
 সে যেন ঘুমিয়ে পড়েছে ।
 বনদেবী করুণ-হিয়ে তারে যেন কুড়িয়ে নিয়ে
 যতন করে আপন ঘরেতে ।
 থুয়ে কোমল পাতার পরে মায়ের মতো স্নেহভরে
 ছোঁয় তারে কোমল করেতে ।
 ধীরি ধীরি বাতাস গিয়ে আসে তারে দোলা দিয়ে,
 চোখেতে চুমো খেয়ে যায় ।
 ঘুরে ফিরে আশেপাশে বার বার ফিরে আসে,
 হাতটি বুলিয়ে দেয় গায় ।

একলা পাখি গাছের শাখে কাছে তোর বসে থাকে,
 সারা দুপুরবেলা শুধু ডাকে,
 যেন তার আর কেহ নাই, সারা দিন একলাটি তাই
 স্নেহভরে তোরে নিয়েই থাকে ।
 ও পাখির নাম জানি নে, কোথায় ছিল কে তা জানে,
 রাতের বেলায় কোথায় চলে যায়,
 দুপুরবেলা কাছে আসে— সারা দিন বসে পাশে
 একটি শুধু আদরের গান গায় ।
 রাতে কত তারা ওঠে, ভোরের বেলা চলে যায়—
 তোরে তো কেউ দেখে না, জানে না ।
 এক কালে তুই ছিলি যেন ওদেরই ঘরের মেয়ে,
 আজকে রে তুই অজানা অচেনা ।

নিতাই দেখি রাতের বেলা একটি শুধু জোনাই আসে,
 আলো দিয়ে মুখপানে তোর চায় ।
 কে জানে সে কী যে করে ! তারা-জন্মের কাহিনী তোর
 কানে বুঝি স্বপন দিয়ে যায় ।
 ভোরের বেলা আলো এল, ভাকছে রে তোর নামটি ধরে,
 আজকে তবে মুখখানি তোর তোল,
 আজকে তবে আঁখিটি তোর খোল,
 নৃত্য জাগে, পাখি জাগে, গায়ের কাছে বাতাস লাগে,
 দেখি রে— ধীরে ধীরে দোল দোল দোল ।

খেলা

ছেলেতে মেয়েতে করে খেলা
 ঘাসের 'পরে সাঝের বেলা ।

ঘোর ঘোর গাছের তলে তলে,
 ফাঁকায় পড়েছে মলিন আলো,
 কোথাও যেন সোনার ছায়া ছায়া
 কোথাও যেন আধার কালো কালো ।
 আকাশের ধারে ধারে ঘিরে
 বসেছে রাঙা মেঘের মেলা—
 শ্যামল ঘাসের 'পরে, সাঝে
 আলো-আধারের মাঝে মাঝে,
 ছেলেতে মেয়েতে করে খেলা ।
 ওরা যে কেন হেসে সারা,
 কেন যে করে অমন ধারা,
 কেন যে লুটোপুটি,
 কেন যে ছুটোছুটি,
 কেন যে আহ্লাদে কুটিকুটি !
 কেহ বা ঘাসে গড়ায়,
 কেহ বা নেচে বেড়ায়,
 সাঝের সোনা-আকাশে
 হাসির সোনা ছড়ায় ।
 আঁখি দুটি নৃত্য করে,
 নাচে চুল পিঠের 'পরে,
 হাসিগুলি চোখে মুখে লুকোচুরি খেলা করে ।
 যেন মেঘের কাছে ছুটি পেয়ে
 বিদ্যুতেরা এল ধেয়ে,
 আনন্দে হল রে আপন-হারা ।

ওদের হাসি দেখে খেলা দেখে
 আকাশের এক ধারে থেকে
 মৃদু মৃদু হাসছে একটি তারা ।
 ঝাউগাছে পাতাটি নড়ে না,
 কামিনীর পাপড়িটি পড়ে না ।
 আঁধার কাকের দল
 সাজ করি কোলাহল
 কালো কালো গাছের ছায়,
 কে কোথায় মিশায়ে যায়—
 আকাশেতে পাখিটি ওড়ে না ।
 সাড়াশব্দ কোথায় গেল,
 নিঝুম হয়ে এল এল
 গাছপালা বন গ্রামের আশেপাশে ।
 শুধু খেলার কোলাহল,
 শিশুকণ্ঠের কলকল,
 হাসির ধ্বনি উঠেছে আকাশে ।

কত আর খেলবি ও রে,
 নেচে নেচে হাতে ধ'রে
 যে যার ঘরে চলে আয় ঝাট্,
 আঁধার হয়ে এল পথঘাট ।
 সঙ্কাদীপ জ্বলল ঘরে,
 চেয়ে আছে তোদের তরে—
 তোদের না হেরিলে মার কোলে
 ঘরের প্রাণ কাঁদে সঙ্কে হলে ।

ঘুম

ঘুমিয়ে পড়েছে শিশুগুলি,
 খেলাধুলা সব গেছে ভুলি ।
 ধীরে নিশীথের বায় আসে খোলা জানালায়,
 ঘুম এনে দেয় আঁখিপাতে,
 শয্যায় পায়ের কাছে খেলনা ছড়ানো আছে,
 ঘুমিয়েছে খেলাতে-খেলাতে ।
 এলিয়ে গিয়েছে দেহ, মুখে দেবতার স্নেহ
 পড়েছে রে ছায়ার মতন,
 কালো কালো চুল তার বাতাসেতে বার বার
 উড়ে উড়ে ঢাকিছে বদন ।
 তারার আলোর মতো হাসিগুলি আসে কত,

আধো-খোলা অধরেতে তার
 চুমো খেয়ে যায় কত বার ।
 সারা রাত স্নেহসুখে তারাগুলি চায় মুখে,
 যেন তারা করে গলাগলি,
 কত কী যে করে বলাবলি !
 যেন তারা আঁচলেতে আঁধারে আলোতে গঁথে
 হাসিমাখা সুখের স্বপন,
 ধীরে ধীরে স্নেহভরে শিশুর প্রাণের 'পরে
 একে একে করে বরিষন ।
 কাল যবে রবিকরে কাননেতে থরে থরে
 ফুটে ফুটে উঠিবে কুসুম,
 ওদেরো নয়নগুলি ফুটিয়া উঠিবে খুলি,
 কোথায় মিলায়ে যাবে ঘুম ।
 প্রভাতের আলো জাগি যেন খেলাবার লাগি
 ওদের জাগায়ে দিতে চায়,
 আলোতে ছেলেতে ফুলে একসাথে আঁখি খুলে
 প্রভাতে পাখিতে গান গায় ।

বিদায়

সে যখন বিদায় নিয়ে গেল,
 তখন নবমীর চাঁদ অস্তাচলে যায় ।
 গভীর রাতি নিঝুম চারি দিক,
 আকাশেতে তারা অনিমিখ,
 ধরণী নীরবে ঘুমায় ।
 হাত দুটি তার ধ'রে দুই হাতে
 মুখের পানে চেয়ে সে রহিল,
 কাননে বকুল-তরুতলে
 একটিও সে কথা না কহিল ।
 অধরে প্রাণের মলিন ছায়া,
 চোখের জলে মলিন চাঁদের আলো,
 যাবার বেলা দুটি কথা ব'লে
 বনপথ দিয়ে সে চলে গেল ।
 ঘন গাছের পাতার মাঝে আঁধার পাখি গুটিয়ে পাখা,
 তারি উপর চাঁদের আলো শুয়েছে,
 ছায়াগুলি এলিয়ে দেহ আঁচলখানি পেতে যেন
 গাছের তলায় ঘুমিয়ে রয়েছে ।
 গভীর রাতে বাতাসটি নেই— নিশীথে সরসীর জলে
 কাঁপে না বনের কালো ছায়া,

ঘুম যেন ঘোমটা-পরা বসে আছে ঝোপে-ঝাপে,
পড়ছে বসে কী যেন এক মায়ী ।

চূপ করে হেলে সে বকুলগাছে,
রমণী একেলা দাঁড়িয়ে আছে ।
এলোথেলো চুলের মাঝে বিষাদমাখা সে মুখখানি,
চাঁদের আলো পড়েছে তার 'পরে ।
পথের পানে চেয়ে ছিল, পথের পানেই চেয়ে আছে,
পলক নাহি তিলেক কালের তরে ।
গেল রে কে চলে গেল, ধীরে ধীরে চলে গেল,
কী কথা সে বলে গেল হায়,
অতিদূর অশথের ছায়ে মিশ্রায় কে গেল রে,
রমণী দাঁড়িয়ে জোছনায় ।
সীমাহীন জগতের মাঝে আশা তার হারায় গেল,
আজি এই গভীর নিশীথে,
শূন্য অন্ধকারখানি মলিন মুখশ্রী নিয়ে
দাঁড়িয়ে রহিল এক ভিতে ।

পশ্চিমের আকাশসীমায়
চাঁদখানি অস্তে যায় যায় ।
ছোটো ছোটো মেঘগুলি সাদা সাদা পাখা তুলি
চলে যায় চাঁদের চুমো নিয়ে,
আধার গাছের ছায় ডুবু ডুবু জোছনায়
স্নানমুখী রমণী দাঁড়িয়ে ।

সুখের স্মৃতি

চেয়ে আছে আকাশের পানে
জোছনায় আঁচলটি পেতে,
যত আলো ছিল সে চাঁদের
সব যেন পড়েছে মুখেতে ।
মুখে যেন গলে পড়ে চাঁদ,
চোখে যেন পড়িছে ঘুমিয়ে,
সুকোমল শিথিল আঁচলে
পড়ে আছে আরামে চুমিয়ে ।
একটি মৃগাল-করে মাথা,
আরেকটি পড়ে আছে বুক,
বাতাসটি বহে গিয়ে গায়
শিহরি উঠিছে অতি সুখে ।

হেলে হেলে নুয়ে নুয়ে লতা
 বাতাসেতে পায়ে এসে পড়ে,
 বিস্ময়ে মুখের পানে চেয়ে
 ফুলগুলি দুলে দুলে নড়ে ।
 অতি দূরে বাজে ধীরে বাঁশি,
 অতি সুখে পরান উদাসী,
 অধরেতে স্থলিতচরণা
 মদিরহিল্লোলময়ী হাসি ।
 কে যেন রে চুমো খেয়ে তারে
 চলে গেছে এই কিছু আগে ;
 চুমোটিরে বাঁধি ফুলহারে
 অধরেতে হাসির মাঝারে,
 চুমোতে চাঁদের চুমো দিয়ে
 রেখেছে রে যতনে সোহাগে ।
 তাই সেই চুমোটিরে ঘিরে
 হাসিগুলি সারা রাত জাগে ।
 কে যেন রে বসে তার কাছে
 গুন গুন করে বলে গেছে
 মধুমাখা বাণী কানে কানে ।
 পরানের কুসুমকারায়
 কথাগুলি উড়িয়ে বেড়ায়,
 বাহিরিতে পথ নাহি জানে ।
 অতি দূর বাঁশরির গানে
 সে বাণী জড়িয়ে যেন গেছে,
 অবিরত স্বপনের মতো
 ঘুরিয়ে বেড়ায় কাছে কাছে ।
 মুখে নিয়ে সেই কথা ক'টি
 খেলা করে উলটি পালটি,
 আপনি আপন বাণী শুনে
 শরমে সুখেতে হয় সারা ।
 কার মুখ পড়ে তার মনে,
 কার হাসি লাগিছে নয়নে,
 স্মৃতির মধুর ফুলবনে
 কোথায় হয়েছে পথহারা !
 চেয়ে তাই সুনীল আকাশে
 মুখেতে চাঁদের আলো ভাসে,
 অবসান-গান আশেপাশে
 ভ্রমে যেন ভ্রমরের পারা ।

দুই সখাতে ভেসে চলে যৌবনসাগরের জলে,
 কোথাও যেন নাহি রে তার অন্ত ।
 আকাশ বলে 'এসো এসো', কানন বলে 'বোসো বোসো',
 সবাই যেন নাম ধরে তার ডাকে ।
 হেসে যখন কয় সে কথা মূর্ছা যায় রে বনের লতা,
 লুটিয়ে ভুঁয়ে চুপ করে সে থাকে ।
 বনের হরিণ কাছে আসে— সাথে সাথে ফিরে পাশে,
 স্তব্ধ হয়ে দাঁড়ায় দেহছায় ।
 পায়ের কাছে পড়ে লুটি, বড়ো বড়ো নয়ন দুটি
 তুলে তুলে মুখের পানে চায় ।
 আপনা-ভোলা সরল হাসি ঝরে পড়েছে রাশি রাশি,
 আপনি যেন জানতে নাহি পায় ।
 লতা তারে আটকে রেখে তারি কাছে হাসতে শেখে,
 হাসি যেন কুসুম হয়ে যায় ।
 গান গায় সে সাঁঝের বেলা, মেঘগুলি তাই ভুলে খেলা
 নেমে আসতে চায় রে ধরাপানে,
 একে একে সাঁঝের তারা গান শুনে তার অবাক-পারা
 আর সবারে ডেকে ডেকে আনে ।
 আপনি মাতে আপন স্বরে, আর সবারে পাগল করে,
 সাথে সাথে সবাই গাহে গান—
 জগতের যা কিছু আছে সব ফেলে দেয় পায়ের কাছে,
 প্রাণের কাছে খুলে দেয় সে প্রাণ ।

তোরাই শুধু শুনলি নে রে, কোথায় বসে রইলি যে রে,
 দ্বারের কাছে গেল গেয়ে গেয়ে,
 কেউ তাহারে দেখলি নে তো চেয়ে ।
 গাইতে গাইতে চলে গেল, কত দূর সে চলে গেল,
 গানগুলি তার হারিয়ে গেল বনে,
 দুয়ার দেওয়া তোদের পাষণ মনে ।

মাতাল

বুঝি রে,
 চাঁদের কিরণ পান করে ওর ঢুলু ঢুলু দুটি আঁখি,
 কাছে ওর যেয়ো না,
 কথাটি শুধায়ো না,
 ফুলের গন্ধে মাতাল হয়ে বসে আছে একাকী ।
 ঘুমের মতো মেয়েগুলি
 চোখের কাছে দুলি দুলি
 বেড়ায় শুধু নৃপূর রনরনি ।

আধেক মুদি আঁখির পাতা
 কার সাথে যে কচ্ছে কথা,
 শুনছে কাহার মৃদু মধুর ধ্বনি ।
 অতি সুদূর পরীর দেশে—
 সেখান থেকে বাতাস এসে
 কানের কাছে কাহিনী শুনায় ।
 কত কী যে মোহের মায়া,
 কত কী যে আলোক ছায়া,
 প্রাণের কাছে স্বপন ঘনায় ।
 কাছে ওর যেয়ো না,
 কথাটি শুধায়ো না,
 ঘুমের মেয়ে তরাস পেয়ে যাবে,
 মৃদু প্রাণে প্রমাদ গনি
 নৃপুরগুলি রনরনি
 চাঁদের আলোয় কোথায় কে লুকাবে ।

চলো দূরে নদীর তীরে,
 বসে সেথায় ধীরে ধীরে
 একটি শুধু বাঁশরি বাজাও ।
 আকাশেতে হাসবে বিধু,
 মধু কণ্ঠে মৃদু মৃদু
 একটি শুধু সুখেরই গান গাও ।
 দূর হতে আসিয়া কানে
 পশিবে সে প্রাণের প্রাণে
 স্বপনেতে স্বপন ঢালিয়ে ।
 ছায়াময়ী মেয়েগুলি
 গানের স্রোতে দুলি দুলি,
 বসে রবে গালে হাত দিয়ে ।
 গাহিতে গাহিতে তুমি বালা,
 গাঁথে রাখো মালতীর মালা ।
 ও যখন ঘুমাইবে, গলায় পরায়ে দিবে
 স্বপনে মিশিবে ফুলবাস ।
 ঘুমন্ত মুখের 'পরে চেয়ে থেকে প্রেমভরে
 মুখেতে ফুটিবে মৃদু হাস ।

বাদল

একলা ঘরে বসে আছি, কেউ নেই কাছে,
 সারাটা দিন মেঘ করে আছে ।
 সারাদিন বাদল হল,
 সারাদিন বৃষ্টি পড়ে,

সারাদিন বইছে বাদল-বায় !
 মেঘের ঘটা আকাশভরা,
 চারি দিকে আঁধার-করা,
 তড়িৎ-রেখা ঝলক মেরে যায় ।
 শ্যামল বনের শ্যামল শিরে
 মেঘের ছায়া নেমেছে রে,
 মেঘের ছায়া কুঁড়েঘরের 'পরে,
 ভাঙাচোরা পথের ধারে
 ঘন বাঁশের বনের ধারে
 মেঘের ছায়া ঘনিয়ে যেন ধরে ।

বিজন ঘরে বাতায়নে
 সারাটা দিন আপন মনে
 বসে বসে বাইরে চেয়ে দেখি,
 টুপুটুপু বৃষ্টি পড়ে,
 পাতা হতে পাতায় ঝরে,
 ডালে বসে ভেজে একটি পাখি ।
 তাল-পুকুরে জলের 'পরে
 বৃষ্টিবারি নেচে বেড়ায়,
 ছেলেরা মেতে বেড়ায় জলে,
 মেয়েগুলি কলসি নিয়ে
 চলে আসে পথ দিয়ে,
 আঁধারভরা গাছের তলে তলে !

কে জানে কী মনেতে আশ,
 উঠছে ধীরে দীর্ঘনিশাস,
 বায়ু উঠে স্বসিয়া স্বসিয়া ।
 ডালপালা হাহা ক'রে
 বৃষ্টিবিন্দু ঝরে পড়ে
 পাতা পড়ে খসিয়া খসিয়া ।

আর্তস্বর

শ্রাবণে গভীর নিশি দিগ্বিদিক আছে মিশি
 মেঘেতে মেঘেতে ঘন বাঁধা,
 কোথা শশী কোথা তারা মেঘারণ্যে পথহারা ।
 আঁধারে আঁধারে সব আঁধা ।

ছিড়ি ছিড়ি কেশপাশ কভু কান্না কভু হাস
 প্রাণ ভরে করিবে চীৎকার,
 বজ্র-আলিঙ্গন দিয়ে বুকে তোরে জড়াইয়ে
 ছুটিতে গিয়েছে সাধ তার ।

স্মৃতি-প্রতিমা

আজ কিছু করিব না আর,
 সমুখেতে চেয়ে চেয়ে গুন গুন গেয়ে গেয়ে
 বসে বসে ভাবি এক বার ।
 আজি বহু দিন পরে যেন সেই দ্বিপ্রহরে
 সেদিনের বায়ু বহে যায়,
 হা রে হা শৈশবমায়া অতীত প্রাণের ছায়া,
 এখনো কি আছিস হেথায় ?
 এখনো কি থেকে থেকে উঠিস রে ডেকে ডেকে,
 সাড়া দিবে সে কি আর আছে ?
 যা ছিল তা আছে সেই, আমি যে সে আমি নেই,
 কেন রে আসিস মোর কাছে ?
 কেন রে পুরানো স্নেহে পরানের শূন্য গেহে
 দাঁড়ায়ে মুখের পানে চাস ?
 অভিমানে ছলছল নয়নে কী কথা বল,
 কেঁদে ওঠে হৃদয় উদাস ।
 আছিল যে আপনার সে বুঝি রে নাই আর,
 সে বুঝি রে হয়ে গেছে পর—
 তবু সে কেমন আছে শুধাতে আসিস কাছে,
 দাঁড়ায়ে কাঁপিস থর থর ।
 আয় রে আয় রে অয়ি, শৈশবের স্মৃতিময়ী,
 আয় তোর আপনার দেশে—
 যে প্রাণ আছিল তোরি তাহারি দুয়ার ধরি
 কেন আজ ভিখারিনী-বেশে !
 আগুসরি ধীরি ধীরি বার বার চাস ফিরি,
 সংশয়েতে চলে না চরণ—
 ভয়ে ভয়ে মুখপানে— চাহিস আকুল প্রাণে,
 স্নান মুখে না সরে বচন ।
 দেহে যেন নাহি বল, চোখে পড়ে-পড়ে জল,
 এলো চূলে, মলিন বসনে—
 কথা কেহ বলে পাছে ভয়ে না আসিস কাছে,
 চেয়ে রোস আকুল নয়নে ।
 সেই ঘর সেই দ্বার মনে পড়ে বার বার
 কত যে করিলি খেলাধূলি—

খেলা ফেলে গেলি চলে, কথাটি না গেলি বলে,
 অভিমানে নয়ন আকুলি ।
 যেথা যা গেছিলি রেখে, ধুলায় গিয়েছে ঢেকে,
 দেখ রে তেমনি আছে পড়ি—
 সেই অশ্রু সেই গান সেই হাসি অভিমান,
 ধুলায় যেতেছে গড়াগড়ি ।
 তবে রে বারেক আয় বোস্ হেথা পুনরায়
 ধূলিমাখা অতীতের মাঝে—
 শূন্য গৃহ জনহীন পড়ে আছে কত দিন,
 আর হেথা বাঁশি নাহি বাজে ।
 কেন তবে আসিবি নে কেন কাছে বসিবি নে
 এখনো বাসিস যদি ভালো !
 আয় রে ব্যাকুল প্রাণে চাই দুঁছ মুখপানে,
 গোধূলিতে নিব-নিব আলো ।
 নিবিছে সাঝের ভাতি, আসিছে আঁধার রাত
 এখনি ছাইবে চারি ভিতে—
 রজনীর অন্ধকারে মরণসাগরপারে
 কেহ করে নারিব দেখিতে ।
 আকাশের পানে চাই— চন্দ্র নাই, তারা নাই,
 একটু না বহিছে বাতাস,
 শুধু দীর্ঘ দীর্ঘ নিশি দুজনে আধারে মিশি
 শুনিব দৌহার দীর্ঘশ্বাস ।
 এক বার চেয়ে দেখি কোন্‌খানে আছে যে কী,
 কোন্‌খানে করেছিলি খেলা—
 শুকানো এ মালাগুলি রাখি রে কঠেতে তুলি,
 কখন চলিয়া যাবে বেলা ।
 আয় তবে আয় হেথা, কোলে তোর রাখি মাথা,
 কেশপাশে মুখ দে রে ঢেকে—
 বিন্দু বিন্দু ধীরে ধীরে অশ্রু পড়ে অশ্রুণীরে,
 নিশ্বাস উঠিছে থেকে থেকে ।
 সেই পুরাতন স্নেহে হাতটি বুলাও দেহে,
 মাথাটি বুকেতে তুলে রাখি—
 কথা কও নাহি কও চোখে চোখে চেয়ে রও,
 আঁখিতে ডুবিয়া যাক আঁখি ।

আবছায়া

তারা সেই ধীরে ধীরে আসিত,
 মৃদু মৃদু হাসিত,
 তাদের পড়েছে আজ মনে ।

তারা কথাটি কহিত না,
 কাছেতে রহিত না,
 চেয়ে রহিত নয়নে নয়নে ।
 তারা চলে যেত আনমনে,
 বেড়াইত বনে বনে,
 আনমনে গাহিত রে গান ।
 চুল থেকে ঝরে ঝরে
 ফুলগুলি যেত পড়ে,
 কেশপাশে ঢাকিত বয়ান ।
 কাছে আমি যাইতাম,
 গানগুলি গাইতাম,
 সাথে সাথে যাইতাম পিছু—
 তারা যেন আনমনা,
 শুনিত কি শুনিত না
 বুঝিবারে নারিতাম কিছু ।
 কভু তারা থাকি থাকি
 আনমনে শূন্য-আঁখি
 চাহিয়া রহিত মুখপানে,
 ভালো তারা বাসিত কি,
 মৃদু হাসি হাসিত কি,
 প্রাণে প্রাণ দিত কি, কে জানে !
 গাঁথি ফুলে মালাগুলি
 যেন তারা যেত ভুলি
 পরাইতে আমার গলায় ।
 যেন যেতে যেতে ধীরে
 চায় তারা ফিরে ফিরে
 বকুলের গাছের তলায় ।
 যেন তারা ভালোবেসে
 ডেকে যেত কাছে এসে,
 চলে যেতে করিত রে মানা—
 আমার তরুণ প্রাণে
 তাদের হৃদয়খানি
 আধো-জানা আধেক-অজানা ।
 কোথা চলে গেল তারা,
 কোথা যেন পথহারা,
 তাদের দেখি নে কেন আর !
 কোথা সেই ছায়া-ছায়া
 কিশোর-কল্পনা-মায়া,
 মেঘমুখে হাসিটি উষার !
 আলোতে ছায়াতে ঘেরা

জাগরণ স্বপনেরা
আশেপাশে করিত রে খেলা—
একে একে পলাইল,
শূন্যে যেন মিলাইল,
বাড়িতে লাগিল যত বেলা ।

আচ্ছন্ন

লতার লাবণ্য যেন কচি কিশলয়ে ঘেরা,
সুকুমার প্রাণ তার মাধুরীতে ঢেকেছে—
কোমল মুকুলগুলি চারি দিকে আকুলিত
তারি মাঝে প্রাণ যেন লুকিয়ে রেখেছে ।
ওরে যেন ভালো করে দেখা যায় না,
আঁখি যেন ডুবে গিয়ে কূল পায় না ।
সাঁঝের আভা নেমে এল, জ্যোৎস্না পাশে ঘুমিয়ে প'ল,
ফুলের গন্ধ দেখতে এসেছে,
তারাগুলি ঘিরে বসেছে ।
পূরবী রাগিণীগুলি দূর হতে চলে আসে
ছুঁতে তারে হয় নাকো ভরসা—
কাছে কাছে ফিরে ফিরে মুখপানে চায় তারা,
যেন তারা মধুময়ী দুরাশা ।
ঘুমন্ত প্রাণেরে ঘিরে স্বপ্নগুলি ঘুরে ফিরে
গাঁথে যেন আলোকের কুয়াশা,
ঢেকে তারে আছে কত, চারি দিকে শত শত
অনিমিষ নয়নের পিয়াসা ।
ওদের আড়াল থেকে আবছায়া দেখা যায়
অতুলন প্রাণের বিকাশ,
সোনার মেঘের মাঝে কচি উষা ফোটে ফোটে
পুরবেতে তাহারি আভাস ।
আলোকবসনা যেন আপনি সে ঢাকা আছে
আপনার রূপের মাঝার,
রেখা রেখা হাসিগুলি আশেপাশে চমকিয়ে
রূপেতেই লুকায় আবার ।
আঁখির আলোকছায়া আঁখিরে রয়েছে ঘিরে,
তারি মাঝে দৃষ্টি পথহারা,
যেথা চলে স্বর্গ হতে অবিরাম পড়ে যেন
লাবণ্যের পুষ্পবারিধারা ।
ধরণীরে ছুঁয়ে যেন পা দুখানি ভেসে যায়,
কুসুমের স্রোত বহে যায়,

কুসুমেরে ফেলে রেখে খেলাধুলা ভুলে গিয়ে
মায়ামুগ্ধ বসন্তের বায় ।

ওরে কিছু শুধাইলে বুঝি রে নয়ন মেলি
দু দণ্ড নীরবে চেয়ে রবে,
অতুল অধর দুটি ঈষৎ টুটিয়ে বুঝি
অতি ধীরে দুটি কথা কবে ।
আমি কি বুঝি সে ভাষা, শুনিতো কি পাব বাণী
সে যেন কিসের প্রতিধ্বনি—
মধুর মোহের মতো যেমনি ছুঁইবে প্রাণ
ঘুমায়ে সে পড়িবে অমনি ।
হৃদয়ের দূর হতে সে যেন রে কথা কয়
তাই তার অতি মৃদুস্বর,
বায়ুর হিল্লোলে তাই আকুল কুমুদসম
কথাগুলি কাঁপে থর থর ।

কে তুমি গো উষাময়ী, আপন কিরণ দিয়ে
আপনারে করেছ গোপন,
রূপের সাগর-মাঝে কোথা তুমি ডুবে আছ
একাকিনী লক্ষ্মীর মতন !
ধীরে ধীরে ওঠো দেখি, একবার চেয়ে দেখি
স্বর্ণজ্যোতি-কমল আসন,
সুনীল সলিল হতে ধীরে ধীরে উঠে যথা
প্রভাতের বিমল কিরণ ।
সৌন্দর্যকোরক টুটে এসো গো বাহির হয়ে
অনুপম সৌরভের প্রায়,
আমি তাহে ডুবে যাব সাথে সাথে বহে যাব
উদাসীন বসন্তের বায় ।

স্নেহময়ী

হাসিতে ভরিয়ে গেছে হাসিমুখখানি—
প্রভাতে ফুলের বনে দাঁড়িয়ে আপন মনে,
মরি মরি, মুখে নাই বাণী ।
প্রভাতকিরণগুলি চৌদিকে যেতেছে খুলি
যেন শুভ্র কমলের দল,
আপন মহিমা লয়ে তারি মাঝে দাঁড়াইয়ে
কে তুই করুণাময়ী বল্ ।
স্নিগ্ধ ওই দু'নয়ানে চাহিলে মুখের পানে
সুধাময়ী শান্তি প্রাণে জাগে—

শুনি যেন স্নেহবাণী, কোমল ও হাতখানি
 প্রাণের গায়েতে যেন লাগে ।
 তোরে যেন চিনিতাম, তোর কাছে শুনিতাম
 কত কী কাহিনী সন্ধেবেলা ।
 যেন মনে নাই কবে কাছে বসি মোরা সবে
 তোর কাছে করিতাম খেলা ।
 অতি ধীরে তোর পাশে প্রভাতের বায়ু আসে,
 যেন ছোটো ভাইটির প্রায়,
 যেন তোর স্নেহ পেয়ে তোর মুখপানে চেয়ে
 আবার সে খেলাইতে যায় ।
 অমিয়-মাধুরী মাখি চেয়ে আছে দুটি আঁখি,
 জগতের প্রাণ জুড়াইছে—
 ফুলেরা আমোদে মেতে হলে দুলে বাতাসেতে
 আঁখি হতে স্নেহ কুড়াইছে ।
 কী যেন জান গো ভাষা, কী যেন দিতেছ আশা
 আঁখি দিয়ে পরান উথলে—
 চারি দিকে ফুলগুলি কচি কচি বাহু তুলি
 ‘কোলে নাও’ ‘কোলে নাও’ বলে ।
 কারে যেন কাছে ডাক, যেথা তুমি বসে থাক
 তার চারি দিকে থাক তুমি—
 তোমার আপনা দিয়ে হাসিময়ী শান্তি দিয়ে
 পূর্ণ কর চরাচরভূমি ।
 তোমাতে পুরেছে বন, পূর্ণ হল সমীরণ,
 তোমাতে পুরেছে লতাপাতা ।
 ফুল দূরে থেকে চায়— তোমার পরশ পায়,
 লুটায় তোমার কোলে মাথা ।
 তোমার প্রাণের বিভা চৌদিকে দুলিছে কিবা
 প্রভাতের আলোকহিল্লোলে,
 আজিকে প্রভাতে এ কি স্নেহের প্রতিমা দেখি
 বসে আছ জগতের কোলে !
 কেহ মুখে চেয়ে থাকে, কেহ তোরে কাছে ডাকে,
 কেহ তোর কোলে খেলা করে ।
 তুমি শুধু স্তব্ধ হয়ে একটি কথা না কয়ে
 চেয়ে আছ আনন্দের ভরে ।
 ওই-যে তোমার কাছে সকলে দাঁড়িয়ে আছে
 ওরা মোর আপনার লোক,
 ওরাও আমারি মতো তোর স্নেহে আছে রত
 জুঁই বেলা বকুল অশোক ।
 বড়ো সাধ যায় তোরে ফুল হয়ে থাকি ঘিরে
 কাননে ফুলের সাথে মিশে—

নয়নকিরণে তোর দুলিবে পরান মোর,
 সুবাস ছুটিবে দিশে দিশে ।
 তোমার হাসিটি লয়ে হরষে আকুল হয়ে
 খেলা করে প্রভাতের আলো—
 হাসিতে আলোটি পড়ে, আলোতে হাসিটি পড়ে,
 প্রভাত মধুর হয়ে গেল ।
 পরশি তোমার কায় মধুর প্রভাতবায়
 মধুময় কুসুমের বাস—
 ওই দৃষ্টিসুধা দাও, এই দিক-পানে চাও,
 প্রাণে হোক প্রভাতবিকাশ ।

রাহুর প্রেম

শুনেছি আমারে ভালোই লাগে না,
 নাই-বা লাগিল তোর,
 কঠিন বাঁধনে চরণ বেড়িয়া
 চিরকাল তোরে রব আঁকড়িয়া
 লৌহশৃঙ্খলের ডোর ।
 তুই তো আমার বন্দী অভাগিনী
 বাঁধিয়াছি কারাগারে,
 প্রাণের শৃঙ্খল দিয়েছি প্রাণেতে
 দেখি কে খুলিতে পারে ।

জগৎ-মাঝারে যেথায় বেড়াবি,
 যেথায় বসিবি, যেথায় দাঁড়াবি,
 কি বসন্ত শীতে দিবসে নিশীথে
 সাথে সাথে তোর থাকিবে বাজিতে
 এ পাষাণ প্রাণ অনন্ত শৃঙ্খল
 চরণ জড়ায়ে ধ'রে ।
 এক বার তোরে দেখেছি যখন
 কেমনে এড়াবি মোরে ।
 চাও নাই চাও, ডাক নাই ডাক,
 কাছেতে আমার থাক নাই থাক,
 যাব সাথে সাথে, রব পায় পায়,
 রব গায় গায় মিশি—
 এ বিষাদ ঘোর, এ আধার মুখ,
 হতাশ নিশ্বাস, এই ভাঙা বুক,
 ভাঙা বাদ্য-সম বাজিবে কেবল
 সাথে সাথে দিবানিশি ।
 অনন্ত কালের সঙ্গী আমি তোর

আমি যে রে তোর ছায়া—
 কিবা সে রোদনে কিবা সে হাসিতে
 দেখিতে পাইবি কখনো পাশেতে,
 কখনো সমুখে কখনো পশ্চাতে,
 আমার আধার কায়া ।
 গভীর নিশীথে একাকী যখন
 বসিয়া মলিনপ্রাণে,
 চমকি উঠিয়া দেখিবি তরাসে
 আমিও রয়েছি বসে তোর পাশে
 চেয়ে তোর মুখপানে ।
 যে দিকেই তুই ফিরাবি বয়ান,
 সেই দিকে আমি ফিরাব নয়ান,
 যে দিকে চাহিবি আকাশে আমার
 আধার মুরতি আঁকা ।
 সকলি পড়িবে আমার আড়ালে,
 জগৎ পড়িবে ঢাকা ।
 দুঃস্বপ্নের মতো, দুর্ভাবনাসম,
 তোমারে রহিব ঘিরে—
 দিবসরজনী এ মুখ দেখিব
 তোমার নয়ননীরে ।
 বিশীর্ণকঙ্কাল চিরভিক্ষাসম
 দাঁড়িয়ে সম্মুখে তোর
 'দাও দাও' বলে কেবলি ডাকিব,
 ফেলিব নয়নলোর ।
 কেবলি সাধিব, কেবলি কাঁদিব,
 কেবলি ফেলিব শ্বাস—
 কানের কাছেতে প্রাণের কাছেতে
 করিব রে হালুতাশ ।
 মোর এক নাম কেবলি বসিয়া
 জপিব কানেতে তব,
 কাঁটার মতন দিবসরজনী
 পায়েতে বিধিয়ে রব ।
 পূর্বজনমের অভিশাপসম
 রব আমি কাছে কাছে,
 ভাবী জনমের অদৃষ্টের মতো
 বেড়াইব পাছে পাছে ।
 ঢালিয়া আমার প্রাণের আধার
 বেড়িয়া রাখিব তোর চারি ধার
 নিশীথ রচনা করি ।
 কাছেতে দাঁড়িয়ে প্রেতের মতন

শুধু দুটি প্রাণী করিব যাপন
 অনন্ত সে বিভাবরী ।
 যেন রে অকূল সাগর-মাঝারে
 ডুবেছে জগৎ-তরী—
 তারি মাঝে শুধু মোরা দুটি প্রাণী
 রয়েছি জড়িয়ে তোর বাহুখানি,
 যুঝিস ছাড়াতে, ছাড়িব না তবু
 সে মহাসমুদ্র-পরি ।
 পলে পলে তোর দেহ হয় ক্ষীণ,
 পলে পলে তোর বাহু বলহীন,
 দুজনে অনন্তে ডুবি নিশিদিন—
 তবু আছি তোরে ধরি ।
 রোগের মতন বাঁধিব তোমারে
 নিদারুণ আলিঙ্গনে—
 মোর যাতনায় হইবি অধীর,
 আমারি অনলে দহিবে শরীর,
 অবিরাম শুধু আমি ছাড়া আর
 কিছু না রহিবে মনে ।
 গভীর নিশীথে জাগিয়া উঠিয়া
 সহসা দেখিবি কাছে,
 আড়ষ্ট কঠিন মৃত দেহ মোর
 তোর পাশে শুয়ে আছে ।
 ঘুমাবি যখন স্বপন দেখিবি,
 কেবল দেখিবি মোরে,
 এই অনিমেষ তৃষাতুর আঁখি
 চাহিয়া দেখিছে তোরে ।
 নিশীথে বসিয়া থেকে থেকে তুই
 শুনিবি আঁধারঘোরে,
 কোথা হতে এক কাতর উন্মাদ
 ডাকে তোর নাম ধরে ।
 সুবিজন পথে চলিতে চলিতে
 সহসা সভয় গনি,
 সাঁঝের আঁধারে শুনিতে পাইবি
 আমার হাসির ধ্বনি ।

হেরো অন্ধকার মরুময়ী নিশা—
 আমার পরান হারায়েছে দিশা,
 অনন্ত এ ক্ষুধা অনন্ত এ তৃষা
 করিতেছে হাহাকার ।
 আজিকে যখন পেয়েছি রে তোরে

এই মরীচিকাদেশে দুজনে বাসরবেশে
 ছায়ারাজ্যে করিব ভ্রমণ ।
 বাঁধিরে সে বাহুপাশে, চোখে তার স্বপ্ন ভাসে,
 মুখে তার হাসির মুকুল—
 কে জানে বুকের কাছে আঁচল আছে না আছে,
 পিঠেতে পড়েছে এলো চুল ।
 মুখে আধখানি কথা, চোখে আধখানি কথা,
 আধখানি হাসিতে জড়ানো—
 দুজনেতে চলে যাই, কে জানে কোথায় যাই
 পদতলে কুসুম ছড়ানো ।

বুঝি রে এমনি বেলা ছায়ায় করিত খেলা
 তপোবনে ঋষিবালিকারা—
 পরিয়া বাকলবাস, মুখেতে বিমল হাস,
 বনে বনে বেড়াইত তারা ।
 হরিণশিশুরা এসে কাছেতে বসিত ঘেঁষে,
 মালিনী বহিত পদতলে—
 দু-চারি সখীতে মেলি কথা কয় হাসি খেলি
 তরুতলে বসি কুতূহলে ।
 কারো কোলে কারো মাথা, সরল প্রাণের কথা
 নিরালায় কহে প্রাণ খুলি—
 লুকিয়ে গাছের আড়ে সাধ যায় শুনিবারে
 কী কথা কহিছে মেয়েগুলি ।
 লতার পাতার মাঝে ঘাসের ফুলের মাঝে
 হরিণশিশুর সাথে মিলি—
 অঙ্গে আভরণ নাই, বাকলবসন পরি
 রূপগুলি বেড়াইছে খেলি ।

ওই দূর বনছায়া ও যে কী জানে রে মায়া
 ও যেন রে রেখেছে লুকায়ে—
 সেই স্নিগ্ধ তপোবন, চিরফুল্ল তরুগণ
 হরিণশাবক তরুছায়ে ।
 হোথায় মালিনী নদী বহে যেন নিরবধি,
 ঋষিকন্যা কুটিরের মাঝে—
 কভু বসি তরুতলে স্নেহে তারে ভাই বলে,
 ফুলটি ঝরিলে ব্যথা বাজে ।
 কত ছবি মনে আসে, পরানের আশেপাশে
 কল্পনা কত যে করে খেলা—
 বাতাস লাগায়ে গায়ে বসিয়া তরুর ছায়ে
 কেমনে কাটিয়া যায় বেলা ।

পূর্ণিমায়

যাই যাই ডুবে যাই—
 আরো আরো ডুবে যাই,
 বিহ্বল অবশ অচেতন !
 কোন্ খানে, কোন্ দূরে,
 নিশীথের কোন্ মাঝে,
 কোথা হয়ে যাই নিমগন ।
 হে ধরণী, পদতলে
 দিয়ো না দিয়ো না বাধা,
 দাও মোরে দাও ছেড়ে দাও—
 অনন্ত দিবস-নিশি
 এমনি ডুবিতে থাকি,
 তোমরা সুদূরে চলে যাও ।
 এ কী রে উদার জ্যোৎস্না
 এ কী রে গভীর নিশি
 দিশে দিশে স্তব্ধতা বিস্তারি !
 আঁখি দুটি মুদে আমি
 কোথা আছি কোথা গেছি
 কিছু যেন বুঝিতে না পারি ।
 দেখি দেখি আরো দেখি,
 অসীম উদার শূন্যে
 আরো দূরে আরো দূরে যাই—
 দেখি আজি এ অনন্তে
 আপনা হারায়ে ফেলে
 আর যেন খুঁজিয়া না পাই ।
 তোমরা চাহিয়া থাকো
 জোছনা-অমৃত-পানে
 বিহ্বল বিলীন তারাগুলি ।
 অপার দিগন্ত ওগো,
 থাকো এ মাথার 'পরে
 দুই দিকে দুই পাখা তুলি ।

গান নাই, কথা নাই,
 শব্দ নাই, স্পর্শ নাই,
 নাই ঘুম, নাই জাগরণ—
 কোথা কিছু নাহি জাগে,
 সর্বাস্তে জোছনা লাগে;
 সর্বাস্ত পুলকে অচেতন ।
 অসীমে সুনীলে শূন্যে

বিশ্ব কোথা ভেসে গেছে
 তারে যেন দেখা নাহি যায়—
 নিশীথের মাঝে শুধু
 মহান একাকী আমি
 অতলেতে ডুবি রে কোথায় ।
 গাও বিশ্ব গাও তুমি
 সুদূর অদৃশ্য হতে
 গাও তব নাবিকের গান—
 শত লক্ষ যাত্রী লয়ে
 কোথায় যেতেছ তুমি
 তাই ভাবি মুদিয়া নয়ান ।
 অনন্ত রজনী শুধু
 ডুবে যাই নিভে যাই
 মরে যাই অসীম মধুরে—
 বিন্দু হতে বিন্দু হয়ে
 মিশায়ে মিলায়ে যাই
 অনন্তের সুদূর সুদূরে ।

পোড়ো বাড়ি

চারি দিকে কেহ নাই, একা ভাঙা বাড়ি,
 সন্কেবেলা ছাদে বসে ডাকিতেছে কাক ।
 নিবিড় আঁধার, মুখ বাড়িয়ে রয়েছে
 যেথা আছে ভাঙা ভাঙা প্রাচীরের ফাঁক ।
 পড়েছে সন্ধ্যার ছায়া অশথের গাছে,
 থেকে থেকে শাখা তার উঠিছে নড়িয়া ।
 ভগ্ন শুষ্ক দীর্ঘ এক দেবদারু তরু
 হেলিয়া ভিত্তির 'পরে রয়েছে পড়িয়া ।
 আকাশেতে উঠিয়াছে আধখানি চাঁদ,
 তাকায় চাঁদের পানে গৃহের আঁধার ।
 প্রাঙ্গণে করিয়া মেলা উর্ধ্বমুখ হয়ে
 চন্দ্রালোকে শৃগালেরা করিছে চীৎকার ।

শুধাই রে, ওই তোর ঘোর স্তম্ভ ঘরে
 কখনো কি হয়েছিল বিবাহ-উৎসব ?
 কোনো রজনীতে কি রে ফুল্ল দীপালোকে
 উঠেছিল প্রমোদের নৃত্যগীতরব ?
 হোথায় কি প্রতিদিন সন্ধ্যা হয়ে এলে
 তরুণীরা সন্ধ্যাদীপ জ্বালাইয়া দিত ?
 মায়ের কোলেতে শুয়ে চাঁদে রে দেখিয়া
 শিশুটি তুলিয়া হাত ধরিতে চাহিত ?

বালকেরা বেড়াত কি কোলাহল করি ?
 আঙিনায় খেলিত কি কোনো ভাইবোন ?
 মিলে মিশে স্নেহে প্রেমে আনন্দে উল্লাসে
 প্রতিদিবসের কাজ হত সমাপন ?
 কোন্ ঘরে কে ছিল রে ! সে কি মনে আছে ?
 কোথায় হাসিত বধু শরমের হাস—
 বিরহিণী কোন্ ঘরে কোন্ বাতায়নে
 রজনীতে একা বসে ফেলিত নিশ্বাস ?
 যেদিন শিয়রে তোর অশথের গাছ
 নিশীথের বাতাসেতে করে মর্ মর্,
 ভাঙা জানালার কাছে পশে অতি ধীরে
 জাহ্নবীর তরঙ্গের দূর কলস্বর—
 সে রাত্রে কি তাদের আবার পড়ে মনে
 সেই-সব ছেলেদের সেই কচি মুখ—
 কত স্নেহময়ী মাতা তরুণ তরুণী
 কত নিমেষের কত ক্ষুদ্র সুখ-দুখ ?
 মনে পড়ে সেই-সব হাসি আর গান—
 মনে পড়ে— কোথা তারা, সব অবসান !

অভিমানিনী

ও আমার অভিমানী মেয়ে
 ওরে কেউ কিছু বোলো না ।
 ও আমার কাছে এসেছে,
 ও আমায় ভালো বেসেছে
 ওরে কেউ কিছু বোলো না ।
 এলোথেলো চুলগুলি ছড়িয়ে
 ওই দেখো সে দাঁড়িয়ে রয়েছে,
 নিমেষহারা আঁখির পাতা দুটি
 চোখের জলে ভরে এয়েছে ।
 গ্রীবাখানি ঈষৎ ঝাঁকানো,
 দুটি হাতে মুঠি আছে চাপি,
 ছোটো ছোটো রাঙা রাঙা ঠোঁট
 ফুলে ফুলে উঠিতেছে কাঁপি ।
 সাধিলে ও কথা কবে না,
 ডাকিলে ও আসিবে না কাছে,
 ও সবার 'পরে অভিমান করে
 আপনা নিয়ে দাঁড়িয়ে শুধু আছে ।

কী হয়েছে কী হয়েছে বলে
 বাতাস এসে চুলগুলি দোলায়,
 রাঙা ওই কপোলখানিতে
 রবির হাসি হেসে চুমো খায় ।
 কচি হাতে ফুল দুখানি ছিল,
 রাগ করে ওই ফেলে দিয়েছে—
 পায়ের কাছে পড়ে পড়ে তারা
 মুখের পানে চেয়ে রয়েছে ।
 আয় বাছা, তুই কোলে বসে বল
 কী কথা তোর বলিবার আছে,
 অভিমানে রাঙা মুখখানি
 আন দেখি তুই এ বুকুর কাছে ।
 ধীরে ধীরে আধো আধো বল ।
 কেঁদে কেঁদে ভাঙা ভাঙা কথা,
 আমায় যদি না বলিবি তুই
 কে শুনিবে শিশুপ্রাণের ব্যথা ।

নিশীথজগৎ

জন্মেছি নিশীথে আমি, তারার আলোকে
 রয়েছি বসিয়া ।
 চারি দিকে নিশীথিনী মাঝে মাঝে হু হু করি
 উঠিছে স্বসিয়া ।
 পশ্চিমে করেছে মেঘ, নিবিড় মেঘের প্রান্তে
 স্ফুরিছে দামিনী,
 দুঃস্বপ্ন ভাঙিয়া যেন শিহরি মেলিছে আঁখি
 চকিত যামিনী ।
 আধারে অরণ্যভূমি নয়ন মুদিয়া
 করিতেছে ধ্যান,
 অসীম আধার নিশা আপনার পানে চেয়ে
 হারায়েছে জ্ঞান ।
 মাথার উপর দিয়া উড়িছে বাদুড়,
 কাঁদিছে পেচক—
 একেলা রয়েছি বসি, চেয়ে শূন্যপানে
 না পড়ে পলক ।
 আধারের প্রাণী যত ভূমিতলে হাত দিয়া
 ঘুরিয়া বেড়ায়—
 চোখে উড়ে পড়ে ধুলা, কোন্‌খানে কী যে আছে
 দেখিতে না পায় ।

চরণে বাধিছে বাধা, পাষাণে বাজিছে মাথা,
 কাঁদিছে বসিয়া—
 অগ্নিহাসি উপহাসি উল্কা অভিশাপশিখা
 পড়িছে খসিয়া ।
 তাদের মাথার 'পরে সীমাহীন অন্ধকার
 স্তব্ধ গগনেতে,
 আধারের ভারে যেন নুইয়া পড়িছে মাথা
 মাটির পানেতে ।
 নড়িলে গাছের পাতা চকিতে চমকি উঠে,
 চায় চারি ধারে—
 ঘোর আধারের মাঝে কোথা কী লুকায়ে আছে
 কে বলিতে পারে ।

গহন বনের মাঝে চলিয়াছে শিশু
 মার হাত ধরে,
 মুহূর্ত ছেড়েছে হাত, পড়েছে পিছায়ে
 খেলাবার তরে—
 অমনি হারিয়ে পথ কেঁদে ওঠে শিশু,
 ডাকে “মা মা” বলে—
 “আয় মা, আয় মা, আয়, কোথা চলে গেলি,
 মোরে নে মা কোলে ।”
 মা অমনি চমকিয়া “বাছা বাছা” বলে ছোট্টে,
 দেখিতে না পায়—
 শুধু সেই অন্ধকারে “মা মা” ধ্বনি পশে কানে,
 চারি দিকে চায় ।

সহসা সমুখ দিয়া কে গেল ছায়ার মতো,
 লাগিল তরাস,
 কে জানে সহসা যেন কোথা কোন্ দিক হতে
 শুনি দীর্ঘশ্বাস ।
 কে বসে রয়েছে পাশে ? কে ছুঁইল দেহ মোর
 হিমহস্তে তার ?
 ও কী ও ? এ কী রে শুনি ! কোথা হতে উঠিল রে
 ঘোর হাহাকার ?
 ও কী হোথা দেখা যায়— ওই দূরে অতি দূরে
 ও কিসের আলো ?
 ও কী ও উড়িছে শূন্যে দীর্ঘ নিশাচর পাখি ?
 মেঘ কালো কালো ?

এই আধারের মাঝে কত-না অদৃশ্য প্রাণী
 কাঁদিছে বসিয়া—

নীরবে টুটিছে প্রাণ, চাহিছে তারার পানে
 অরণ্যে পশিয়া ।
 কেহ বা রয়েছে শুয়ে দক্ষ হৃদয়ের 'পরে
 স্মৃতিরে জড়িয়ে—
 কেহ না দেখিছে তারে, অন্ধকারে অশ্রুধারা
 পড়িছে গড়িয়ে ।
 কেহ বা শুনিছে সাড়া, উর্ধ্বকণ্ঠে নাম ধরে
 ডাকিছে মরণে—
 পশিয়া হৃদয়মাবে আশার অক্ষুরগুলি
 দলিছে চরণে ।
 ও দিকে আকাশ-'পরে মাঝে মাঝে থেকে থেকে
 উঠে অট্টহাস,
 ঘন ঘন করতালি, উনমাদ কণ্ঠস্বরে
 কাঁপিছে আকাশ ।
 জ্বালিয়া মশাল আলো নাচিছে গাইছে তারা,
 ক্ষণিক উল্লাস—
 আধার মুহূর্ত-তরে হাসে যথা প্রাণপণে
 আলেয়ার হাস ।

অরণ্যের প্রান্তভাগে নদী এক চলিয়াছে
 বাঁকিয়া বাঁকিয়া—
 স্তব্ধ জল, শব্দ নাই, ফণীসম ফুঁসি উঠে
 থাকিয়া থাকিয়া ।
 আধারে চলিতে পাশ্চ দেখিতে না পায় কিছু
 জলে গিয়া পড়ে,
 মুহূর্তের হাহাকার মুহূর্তে ভাসিয়া যায়
 খরস্রোতভরে ।
 সখা তার তীরে বসি একেলা কাঁদিতে থাকে,
 ডাকে উর্ধ্বশ্বাসে—
 কাহারো না পেয়ে সাড়া শূন্যপ্রাণ প্রতিধ্বনি
 কেঁদে ফিরে আসে ।
 নিশীথের কাগারে কে বেঁধে রেখেছে মোরে
 রয়েছি পড়িয়া—
 কেবল রয়েছি বেঁচে স্বপন কুড়িয়ে লয়ে
 ভাঙিয়া গড়িয়া ।
 আধারে নিজের পানে চেয়ে দেখি, ভালো করে
 দেখিতে না পাই—
 হৃদয়ে অজানা দেশে পাখি গায়, ফুল ফোটে,
 পথ জানি নাই ।

অন্ধকারে আপনারে দেখিতে না পাই যত
 তত ভালোবাসি,
 তত তারে বুকে করে বাহুতে বাঁধিয়া লয়ে
 হরষেতে ভাসি ।
 তত যেন মনে হয় পাছে রে চলিতে পথে
 তৃণ ফুটে পায়,
 যতনের ধন পাছে চমকি কাঁদিয়া ওঠে
 কুসুমের ঘায় !
 সদা হয় অ বিশ্বাস করেও চিনি না হেথা,
 সবি অনুমান,
 ভালোবেসে কাছে গেলে দূরে চলে যায় সবে,
 ভয়ে কাঁপে প্রাণ ।
 গোপনেতে অশ্রু ফেলে মুছে ফেলে, পাছে কেহ
 দেখিবারে পায়—
 মরমের দীর্ঘশ্বাস মরমে রুধিয়া রাখে,
 পাছে শোনা যায় ।
 সখারে কাঁদিয়া বলে— “বড়ো সাধ যায় সখা,
 দেখি ভালো করে !
 তুই শৈশবের বঁধু, চিরজন্ম কেটে গেল
 দেখিনু না তোরে !
 বুঝি তুমি দূরে আছ, একবার কাছে এসে
 দেখাও তোমায় ।”
 সে অমনি কেঁদে বলে— “আপনারে দেখি নাই
 কী দেখাব হয় ।”

অন্ধকার ভাগ করি, আধারের রাজ্য লয়ে
 চলিছে বিবাদ ।
 সখারে বধিছে সখা, সন্তানে হানিছে পিতা—
 ঘোর পরমাদ ।
 মৃতদেহ পড়ে থাকে, শকুনি বিবাদ করে
 কাছে ঘুরে ঘুরে ।
 মাংস লয়ে টানাটানি, করিতেছে হানাহানি
 শৃগালে কুকুরে ।
 অন্ধকার ভেদ করি অহরহ শুনা যায়
 আকুল বিলাপ—
 আহতের আর্তস্বর, হিংসার উল্লাসধ্বনি,
 ঘোর অভিশাপ ।
 মাঝে মাঝে থেকে থেকে কোথা হতে ভেসে আসে
 ফুলের সুবাস—

প্রাণ যেন কেঁদে ওঠে, অশ্রুজলে ভাসে আঁখি,
উঠে রে নিশ্বাস ।

চারি দিক ভুলে যাই, প্রাণে যেন জেগে ওঠে
স্বপন-আবেশ—

কোথা রে ফুটেছে ফুল, আধারের কোন্ তীরে
কোথা কোন্ দেশ !

রুদ্ধপ্রাণ ক্ষুদ্র প্রাণী, রুদ্ধ প্রাণীদের সাথে
কত রে রহিব—

ছোটো ছোটো সুখ দুখ, ছোটো ছোটো আশাগুলি
পুষিয়া রাখিব !

নিদ্রাহীন আঁখি মেলি পুরব-আকাশ-পানে
রয়েছি চাহিয়া—

কবে রে প্রভাত হবে, আনন্দে বিহঙ্গগুলি
উঠবে গাহিয়া ।

ওই যে পুরবে হেরি অরুণকিরণে সাজে
মেঘমবীচিকা ।

না রে না, কিছুই নয়— পুরবশ্মশানে উঠে
চিতানলশিখা ।

নিশীথচেতনা

স্তব্ধ বাদুড়ের মতো জড়িয়ে অযুত শাখা
দলে দলে অন্ধকার ঘুমায় মুদিয়া পাখা ।
মাঝে মাঝে পা টিপিয়া বহিছে নিশীথবায়,
গাছে নড়ে ওঠে পাতা, শব্দটুকু শোনা যায় ।

আকাশের পানে চেয়ে জাগিয়া রয়েছি বসি,
মাঝে মাঝে দু-একটি তারা পড়িতেছে খসি ।
ঘুমাইছে পশুপাখি, বসুন্ধরা অচেতনা—
শুধু এবে দলে দলে আধারের তলে তলে
আকাশ করিয়া পূর্ণ স্বপ্ন করে আনাগোনা ।

স্বপ্ন করে আনাগোনা ! কোথা দিয়ে আসে যায় !
আধার আকাশ-মাঝে আঁখি চারি দিকে চায় ।
মনে হয় আসিতেছে শত স্বপ্ননিশাচরী
আকাশের পার হতে, আধার ফেলিছে ভারি ।
চারি দিকে ভাসিতেছে চারি দিকে হাসিতেছে,
এ উহারে ডাকিতেছে আকাশের পানে চেয়ে—
বলিতেছে, “আয় বোন, আয় তোরা আয় ধেয়ে ।”

হাতে হাতে ধরি ধরি নাচে যত সহচরী,
 চমকি ছুটিয়া যায় চপলা মায়ার মেয়ে ।
 যেন মোর কাছ দিয়ে এই তারা গেল চলে
 কেহ বা মাথায় মোর, কেহ বা আমার কোলে ।
 কেহ বা মারিছে উকি হৃদয়-মাঝারে পশি,
 আঁখির পাতার 'পরে কেহ বা দুলিছে বসি ।
 মাথার উপর দিয়া কেহ বা উড়িয়া যায়,
 নয়নের-পানে মোর কেহ বা ফিরিয়া চায় ।
 এখনি শুনিব যেন অতি মৃদু পদধ্বনি,
 ছোটো ছোটো নৃপুরের অতিমৃদু রনরনি ।
 রয়েছে চকিত হয়ে আঁখির নিমেষ ভুলি—
 এখনি দেখিব যেন স্বপ্নমুখী ছায়াগুলি ।

অয়ি স্বপ্নমোহময়ী, দেখা দাও একবার ।
 কোথা দিয়ে আসিতেছ, কোথা দিয়ে চলিতেছ,
 কোথা গিয়ে পশিতেছ বড়ো সাধ দেখিবার ।
 আঁধার পরানে পশি সারা রাত করি খেলা
 কোন্‌খানে কোন্‌ দেশে পালাও সকালবেলা !
 অরণের মুখ দেখে কেন এত হয় লাজ—
 সারা দিন কোথা বসে না জানি কী কর কাজ ।
 ঘুম-ঘুম আঁখি মেলি তোমরা স্বপ্নবালী,
 নন্দনের ছায়ে বসি শুধু বুঝি গাঁথ মালা ।
 শুধু বুঝি গুন্ গুন্ গুন্ গুন্ গান কর,
 আপনার গান শুনে আপনি ঘুমায়ে পড় ।
 আজি এই রজনীতে অচেতন চারি ধার—
 এই আবরণ ঘোর ভেদ করি মন মোর
 স্বপনের রাজ্যমাঝে দাঁড়া দেখি একবার ।
 নিদ্রার সাগরজলে মহা-আধারের তলে
 চারি দিকে প্রসারিত এ কী এ নূতন দেশ—
 একত্রে স্বরগ-মর্ত, নাহিকো দিকের শেষ ।
 কী যে যায় কী যে আসে চারি দিকে আশেপাশে—
 কেহ কাঁদে কেহ হাসে, কেহ থাকে কেহ যায় !
 মিশিতেছে, ফুটিতেছে, গড়িতেছে, টুটিতেছে,
 অবিশ্রাম লুকাচুরি— আঁখি না সন্ধান পায় ।
 কত আলো কত ছায়া, কত আশা কত মায়া,
 কত ভয় কত শোক, কত কী যে কোলাহল—
 কত পশু কত পাখি, কত মানুষের দল ।

উপরেতে চেয়ে দেখো কী প্রশান্ত বিভাবরী—
 নিশ্বাস পড়ে না, যেন জগৎ রয়েছে মরি ।

একবার করো মনে আধারের সংগোপনে
কী গভীর কলরব, চেতনার ছেলেখেলা,
সমস্ত জগৎ ব্যোপে স্বপনের মহামেলা ।
মনে মনে ভাবি তাই এও কি নহে রে ভাই,
চৌদিকে যা কিছু দেখি জাগিয়া সকালবেলা,
এও কি নহে রে শুধু চেতনার ছেলেখেলা !

স্বপ্ন, তুমি এসো কাছে, মোর মুখপানে চাও,
তোমার পাখার 'পরে মোরে তুলে লয়ে যাও ।
হৃদয়ের দ্বারে দ্বারে ভ্রমি মোরা সারা নিশি
প্রাণে প্রাণে খেলাইয়া প্রভাতে যাইব মিশি ।
ওই-যে মায়ের কোলে মেয়েটি ঘুমায়ে আছে,
একবার নিয়ে যাও ওদের প্রাণের কাছে ।
দেখিব কোমল প্রাণে সুখের প্রভাতহাসি
সুধায় ভরিয়া প্রাণ কেমনে বেড়ায় ভাসি ।
ওই-যে প্রেমিক দুটি কুসুমকাননে শুয়ে
ঘুমাইছে মুখে মুখে চরণে চরণ থুয়ে,
ওদের প্রাণের ছায়ে বসিতে গিয়েছে সাধ—
মায়া করি ঘটাইব বিরহের পরমাদ ।
ঘুমন্ত আঁখির কোণে দেখা দিবে আঁখিজল,
বিরহবিলাপগানে ছাইবে মরমতল ।
সহসা উঠিবে জাগি, চমকি শিহরি কাঁপি
দ্বিগুণ আদরে পুন বুকতে ধরিবে চাপি ।
ছোটো দুটি শিশু ভাই ঘুমাইছে গলাগলি,
তাদের হৃদয়-মাঝে আমরা যাইব চলি ।
কুসুমকোমল হিয়া কভু বা দুলিবে ভয়ে,
রবির কিরণে কভু হাসিবে আকুল হয়ে ।

আমি যদি হইতাম স্বপনবাসনাময়
কত বেশ ধরিতাম, কত দেশ ভ্রমিতাম,
বেড়াতেম সঁতারিয়া ঘুমের সাগরময় ।
নীরব চন্দ্রমা-তারা, নীরব আকাশ-ধরা—
আমি শুধু চুপি চুপি ভ্রমিতাম বিশ্বময় ।
প্রাণে প্রাণে রচিতাম কত আশা কত ভয়—
এমন করুণ কথা প্রাণে আসিতাম কয়ে,
প্রভাতে পুরবে চাহি ভাবিত তাহাই লয়ে ।
জাগিয়া দেখিত যারে বুকতে ধরিত তারে,
যতনে মুছায়ে দিত ব্যাথিতের অশ্রুজল,
মুমূর্ষু প্রেমের প্রাণ পাইত নূতন বল ।

রবীন্দ্র-রচনাবলী

ওরে স্বপ্ন, আমি যদি স্বপন হতেম হয়,
যাইতাম তার প্রাণে যে মোরে ফিরে না চায় ।
প্রাণে তার ভ্রমিতাম, প্রাণে তার গাহিতাম,
প্রাণে তার খেলাতেম অবিরাম নিশি নিশি ।
যেমনি প্রভাত হত আলোকে যেতাম মিশি ।
দিবসে আমার কাছে কভু সে খোলে না প্রাণ,
শোনে না আমার কথা, বোঝে না আমার গান ।
মায়ামস্ত্রে প্রাণ তার গোপনে দিতাম খুলি,
বুঝায়ে দিতেম তারে এই মোর গানগুলি ।
পরদিন দিবসেতে যাইতাম কাছে তার,
তা হলে কি মুখপানে চাহিত না একবার ?

ভানুসিংহ ঠাকুরের পদাবলী

উৎসর্গ

ভানুসিংহের কবিতাগুলি ছাপাইতে তুমি আমাকে অনেকবার
অনুরোধ করিয়াছিলে । তখন সে অনুরোধ পালন করি নাই ।
আজ ছাপাইয়াছি, আজ তুমি আর দেখিতে পাইলে না ।

সূচনা

অক্ষয়চন্দ্র সরকার মহাশয় পর্যায়ক্রমে বৈষ্ণব পদাবলী প্রকাশের কাজে যখন নিযুক্ত হয়েছিলেন আমার বয়স তখন যথেষ্ট অল্প । সময়নির্ণয় সম্বন্ধে আমার স্বাভাবিক অনামনস্কতা তখনো ছিল, এখনো আছে । সেই কারণে চিঠিতে আমার তারিখকে যারা ঐতিহাসিক বলে ধরে নেন তাঁরা প্রায়ই ঠকেন । বর্তমান আলোচ্য বিষয়ের কাল অনুমান করা অনেকটা সহজ । বোম্বাইয়ে মেজদাদার কাছে যখন গিয়েছিলুম তখন আমার বয়স যোলোর কাছাকাছি, বিলাতে যখন গিয়েছি তখন আমার বয়স সতেরো । নূতন-প্রকাশিত পদাবলী নিয়ে নাড়াচাড়া করছি, সে আরো কিছুকাল পূর্বের কথা । ধরে নেওয়া যাক, তখন আমি চোদ্দয় পা দিয়েছি । খণ্ড খণ্ড পদাবলীগুলি প্রকাশো ভোগ করবার যোগ্যতা আমার তখন ছিল না । অথচ আমাদের বাড়িতে আমিই একমাত্র তার পাঠক ছিলাম । দাদাদের ভেঙ্গ থেকে যখন সেগুলি অন্তর্ধান করত তখন তাঁরা তা লক্ষ্য করতেন না ।

পদাবলীর যে ভাষাকে ব্রজবুলি বলা হতো আমার কৌতূহল প্রধানত ছিল তাকে নিয়ে । শব্দতত্ত্বে আমার ঔৎসুক্য স্বাভাবিক । টীকায় যে শব্দার্থ দেওয়া হয়েছিল তা আমি নির্বিচারে ধরে নিই নি । এক শব্দ যতবার পেয়েছি তার সমুচ্চয় তৈরি করে যাচ্ছিলুম । একটি ভালো বাধানো খাতা শব্দে ভরে উঠেছিল । তুলনা করে আমি অর্থ নির্ণয় করেছি । পরবর্তীকালে কালীপ্রসন্ন কাব্যবিশারদ যখন বিদ্যাপতির সঠিক সংস্করণ প্রকাশ করতে প্রবৃত্ত হলেন তখন আমার খাতা তিনি সম্পূর্ণ ব্যবহার করতে পেরেছিলেন । তাঁর কাজ শেষ হয়ে গেলে সেই খাতা তাঁর ও তাঁর উত্তরাধিকারীর কাছ থেকে ফিরে পাবার অনেক চেষ্টা করেও কৃতকার্য হতে পারি নি । যদি ফিরে পেতুম তা হলে দেখাতে পারতুম কোথাও কোথাও যেখানে তিনি নিজের ইচ্ছামত মানে করেছেন ভুল করেছেন । এটা আমার নিজের মত ।

তার পরের সোপানে ওঠা গেল পদাবলীর জালিয়াতিতে । অক্ষয়বাবুর কাছে শুনেছিলুম বালক কবি চ্যাটাটনের গল্প । তাঁকে নকল করবার লোভ হয়েছিল । এ কথা মনেই ছিল না যে, ঠিকমত নকল করতে হলেও শুধু ভাষায় নয়, ভাবে খাঁটি হওয়া চাই । নইলে কথার গাঁথনিটা ঠিক হলেও সুরে তার ফাঁকি ধরা পড়ে । পদাবলী শুধু কেবল সাহিত্য নয়, তার রসের বিশিষ্টতা বিশেষ ভাবের সীমানার দ্বারা বেষ্টিত । সেই সীমানার মধ্যে আমার মন স্বাভাবিক স্বাধীনতার সঙ্গে বিচরণ করতে পারে না । তাই ভানুসিংহের সঙ্গে বৈষ্ণবচিত্তের অন্তরঙ্গ আত্মীয়তা নেই । এইজন্যে ভানুসিংহের পদাবলী বহুকাল সংকোচের সঙ্গে বহন করে এসেছি । একে সাহিত্যের একটা অনধিকার প্রবেশের দৃষ্টান্ত বলেই গণ্য করি ।

প্রথম গানটি লিখেছিলুম একটা স্নেটের উপরে, অন্তঃপুরের কোণের ঘরে—

গহনকুমুমকুঞ্জমাঝে

মৃদুল মধুর বংশি বাজে ।

মনে বিশ্বাস হল চ্যাটাটনের চেয়ে পিছিয়ে থাকব না ।

এ কথা বলে রাখি ভানুসিংহের পদাবলী ছোটো বয়স থেকে অপেক্ষাকৃত বড়ো বয়স পর্যন্ত দীর্ঘকালের সূত্রে গাঁথা । তাদের মধ্যে ভালোমন্দ সমান দরের নয় ।



श्रीगुरुभ्यो नमः

ভানুসিংহ ঠাকুরের পদাবলী

১

বসন্ত আওল রে !
মধুকর গুন গুন, অমুয়ামঞ্জরী
কানন ছাওল রে !
শুন শুন সজনী হৃদয় প্রাণ মম
হরখে আকুল ভেল,
জর জর রিকসে দুখ জ্বালা সব
দূর দূর চলি গেল ।
মরমে বহই বসন্তসমীরণ,
মরমে ফুটই ফুল,
মরমকুঞ্জ'পর বোলই কুছ কুছ
অহরহ কোকিলকুল ।
সখি রে উছসত প্রেমভরে অব
ঢলঢল বিহ্বল প্রাণ,
নিখিল জগত জনু হরখভোর ভই
গায় রভসরসগান ।
বসন্তভূষণভূষিত ত্রিভুবন
কহিছে, দুখিনী রাধা,
কঁহি রে সো প্রিয়, কঁহি সো প্রিয়তম,
হৃদিবসন্ত সো মাধা ?
ভানু কহত, অতি গহন রয়ন অব,
বসন্তসমীরস্বাসে
মোদিত বিহ্বল চিত্তকুঞ্জতল
ফুল্ল বাসনা-বাসে ।

২

শুনহ শুনহ বালিকা,
রাখ কুসুমমালিকা,
কুঞ্জ কুঞ্জ ফেরনু সখি শ্যামচন্দ্র নাহি রে ।
দুলই কুসুমমুঞ্জরী,

ভমর ফিরই গুঞ্জরি,
 অলস যমুনা বহয়ি যায় ললিত গীত গাহি রে ।
 শশিসনাথ যামিনী,
 বিরহবিধুর কামিনী,
 কুসুমহার ভইল ভার— হৃদয় তার দাহিছে ।
 অধর উঠই কাঁপিয়া
 সখিকরে কর আপিয়া,
 কুঞ্জভবনে পাপিয়া কাহে গীত গাহিছে ।
 মৃদু সমীর সঞ্চলে
 হরয়ি শিথিল অঞ্চলে,
 চকিত হৃদয় চঞ্চলে কাননপথ চাহি রে ।
 কুঞ্জপানে হেরিয়া
 অশ্রুবারি ডারিয়া
 ভানু গায় শূন্যকুঞ্জ শ্যামচন্দ্র নাহি রে !

৩

হৃদয়ক সাধ মিশাওল হৃদয়ে,
 কণ্ঠে বিমলিন মালা ।
 বিরহবিষে দহি বহি গল রয়নী,
 নহি নহি আওল কালা ।
 বুঝনু বুঝনু সখি বিফল বিফল সব,
 বিফল এ পীরিতি লেহা—
 বিফল রে এ মঝু জীবন যৌবন,
 বিফল রে এ মঝু দেহা !
 চল সখি গৃহ চল, মঞ্চ নয়নজল,
 চল সখি চল গৃহকাজে ।
 মালতিমালা রাখহ বালা,
 ছি ছি সখি মরু মরু লাজে ।
 সখি লো দারুণ আধিভরাতুর
 এ তরুণ যৌবন মোর,
 সখি লো দারুণ প্রণয়হলাহল
 জীবন করল অঘোর ।
 তৃষিত প্রাণ মম দিবসযামিনী
 শ্যামক দরশন আশে,
 আকুল জীবন থেহ ন মানে,
 অহরহ জ্বলত হুতাশে ।
 সজনি, সত্য কহি তোয়,
 খোয়াব কব হম শ্যামক প্রেম
 সদা ডর লাগয়ে মোয় ।

হিয়ে হিয়ে অব রাখত মাধব,
 সো দিন আসব সখি রে—
 বাত ন বোলবে, বদন ন হেরবে,
 মরিব হলাহল ভখি রে ।
 ঐস বৃথা ভয় না কর বালা,
 ভানু নিবেদয় চরণে,
 সুজনক পীরিতি নৌতুন নিতি নিতি,
 নহি টুটে জীবনমরণে ।

৪

শ্যাম রে, নিপট কঠিন মন তোর ।
 বিরহ সাথি করি সজনী রাধা
 রজনী করত হি ভোর ।
 একলি নিরল বিরল পর বৈঠত
 নিরখত যমুনা-পানে,
 বরখত অশ্রু, বচন নহি নিকসত,
 পরান থেহ ন মানে ।
 গহনতিমির নিশি ঝিল্লিমুখর দিশি
 শূন্য কদমতরুমূলে,
 ভূমিশয়ন-পর আকুল কুস্তল,
 কাঁদই আপন ভূলে ।
 মুগধ মৃগীসম চমকি উঠই কড়ু
 পরিহরি সব গৃহকাজে
 চাহি শূন্য-পর কহে করুণস্বর—
 বাজে রে বাঁশরি বাজে ।
 নিঠুর শ্যাম রে, কৈসন অব তুঁছ
 রহই দূর মথুরায়—
 রয়ন নিদারুণ কৈসন যাপসি,
 কৈস দিবস তব যায় !
 কৈস মিটাওসি প্রেমপিপাসা,
 কঁহা বজাওসি বাঁশি ?
 পীতবাস তুঁছ কথি রে ছোড়লি,
 কথি সো বঙ্কিম হাসি ?
 কনকহার অব পহিরলি কণ্ঠে,
 কথি ফেকলি বনমালা ?
 হৃদিকমলাসন শূন্য করলি রে,
 কনকাসন কর আলা !
 এ দুখ চিরদিন রহল চিত্তমে,
 ভানু কহে, ছি ছি কালা !

ঝটিতি আও তুঁহু হমারি সাথে,
বিরহব্যাকুলা বালা ।

৫

সজনি সজনি রাধিকা লো
দেখ অবহুঁ চাহিয়া,
মৃদুলগমন শ্যাম আওয়ে
মৃদুল গান গাহিয়া ।
পিনহ ঝটিত কুসুমহার,
পিনহ নীল আঙিয়া ।
সুন্দরি সিন্দূর দেকে
সীথি করহ রাঙিয়া ।
সহচরি সব, নাচ নাচ
মিলনগীতি গাও রে,
চঞ্চল মঞ্জীররাব
কুঞ্জগগন ছাও রে ।
সজনি অব উজার মদির
কনকদীপ জ্বালিয়া,
সুরভি করহ কুঞ্জভবন
গন্ধসলিল ঢালিয়া ।
মল্লিকা চমেলী বেলি
কুসুম তুলহ বালিকা,
গাঁথ যুঁথি, গাঁথ জাতি,
গাঁথ বকুলমালিকা ।
তৃষিতনয়ন ভানুসিংহ
কুঞ্জপথম চাহিয়া—
মৃদুলগমন শ্যাম আওয়ে
মৃদুল গান গাহিয়া ।

৬

ঝধুয়া, হিয়া'পর আও রে.
মিঠি মিঠি হাসয়ি, মৃদু মধু ভাষয়ি,
হমার মুখ'পর চাও রে !
যুগযুগসম কত দিবস বহয়ি গল,
শ্যাম তুঁ আওলি না,
চন্দ্র-উজর মধু-মধুর কুঞ্জ'পর
মুরলি বজাওলি না !

লয়ি গলি সাথ বয়ানক হাস রে,
 লয়ি গলি নয়নআনন্দ !
 শূন্য কুঞ্জবন, শূন্য হৃদয়মন,
 কঁহি তব ও মুখচন্দ ?
 ইথি ছিল আকুল গোপনয়নজল,
 কথি ছিল ও তব হাসি ?
 ইতি ছিল নীরব বংশীবটতট,
 কথি ছিল ও তব বাঁশি ?
 তুঝ মুখ চাহয়ি শতযুগভর দুখ
 নিমিখে ভেল অবসান ।
 লেশ হাসি তুঝ দূর করল রে
 সকল মানঅভিমান ।
 ধন্য ধন্য রে ভানু গাহিছে—
 প্রেমক নাহিক ওর ।
 হরখে পুলকিত জগতচরাচর
 দুঁহক প্রেমরস ভোর ।

৭

শুন সখি, বাজত বাঁশি
 গভীর রজনী, উজল কুঞ্জপথ,
 চন্দ্রম ডারত হাসি ।
 দক্ষিণপবনে কম্পিত তরুগণ,
 তস্তিত যমুনাবারি,
 কুসুমসুবাস উদাস ভইল, সখি,
 উদাস হৃদয় হমারি ।
 বিগলিত মরম, চরণ খলিতগতি,
 শরম ভরম গয়ি দূর,
 নয়ন বারিভর, গরগর অন্তর,
 হৃদয় পুলকপরিপূর ।
 কহ সখি, কহ সখি, মিনতি রাখ সখি,
 সো কি হমারই শ্যাম ?
 মধুর কাননে মধুর বাঁশরী
 বজায় হমারি নাম ?
 কত কত যুগ সখি, পূণ্য করনু হম,
 দেবত করনু ধেয়ান,
 তব ত মিলল সখি, শ্যামরতন মম,
 শ্যাম পরানক প্রাণ ।
 শ্যাম রে,
 শুনত শুনত তব মোহন বাঁশি,

জপত জপত তব নামে,
 সাধ ভইল ময় দেহ ডুবায়ব
 চাঁদউজল যমুনামে !
 'চলহ তুরিত গতি শ্যাম চকিত অতি,
 ধরহ সখীজন হাত,
 নীদমগন মহী, ভয় ডর-কছু নহি,
 ভানু চলে তব সাথ ।'

৮

গহন কুসুমকুঞ্জমাঝে
 মৃদুল মধুর বংশি বাজে,
 বিসরি ত্রাস-লোকলাজে
 সজনি, আও আও লো ।
 অঙ্গে চারু নীল বাস,
 হৃদয়ে প্রণয়কুসুমরাশ,
 হরিণনেত্রে বিমল হাস,
 কুঞ্জবনমে আও লো ।
 ঢালে কুসুম সুরভভার,
 ঢালে বিহগ সুরবসার,
 ঢালে ইন্দু অমৃতধার
 বিমল রজত ভাতি রে ।
 মন্দ মন্দ ভৃঙ্গ গুঞ্জে,
 অযুত কুসুম কুঞ্জে কুঞ্জে,
 ফুটল সজনি, পুঞ্জে পুঞ্জে
 বকুল যুথি জাতি রে ।
 দেখ সজনি, শ্যামরায়
 নয়নে প্রেম উথল যায়,
 মধুর বদন অমৃতসদন
 চন্দ্রমায় নিন্দিছে ।
 আও আও সজনিবন্দ,
 হেরব সখি শ্রীগোবিন্দ,
 শ্যামকো পদারবিন্দ
 ভানুসিংহ বন্দিছে ।

৯

সতিমির রজনী, সচকিত সজনী,
 শূন্য নিকুঞ্জঅরণ্য ।
 কলয়িত মলয়ে, সুবিজন নিলয়ে
 বালা বিরহবিষণ্ণ !

নীল আকাশে তারক ভাসে,
 যমুনা গাওত গান,
 পাদপ মরমর, নির্ঝর ঝরঝর,
 কুসুমিত বল্লিবিভান ।
 তৃষিত নয়ানে বনপথপানে
 নিরখে ব্যাকুল বালা,
 দেখ না পাওয়ে, আঁখ ফিরাওয়ে,
 গাঁথে বনফুলমালা ।
 সহসা রাধা চাহল সচকিত,
 দূরে খেপল মালা,
 कहल— সজনি শুন, বাঁশরি বাজে,
 কুঞ্জে আওল কালা ।
 চকিত গহন নিশি, দূর দূর দিশি
 বাজত বাঁশি সূতানে ।
 কণ্ঠ মিলাওল ঢলঢল যমুনা
 কল কল কল্লোলগানে ।
 ভণে ভানু, অব শুন গো কানু
 পিয়াসিত গোপিনী প্রাণ ।
 তৌহার পীরিত বিমল অমৃতরস
 হরষে করবে পান ।

১০

বজাও রে মোহন বাঁশি ।
 সারা দিবসক বিরহদহনদুখ,
 মরমক তিয়াষ নাশি ।
 রিঝমনভেদন বাঁশরিবাদন
 কঁহা শিখলি রে কান ?
 হানে থিরথির মরমঅবশকর
 লহ্ লহ্ মধুময় বাণ ।
 ধসধস করতহ উরহ বিয়াকুল,
 ঢুলু ঢুলু অবশনয়ান ;
 কত কত বরষক বাত সোয়ারয়,
 অধীর করয় পরান ।
 কত শত আশা পূরল না ঐধু,
 কত সুখ করল পয়ান ।
 পহ্ গো, কত শত পীরিতযাতন
 হিয়ে বিধাওল বাণ ।
 হৃদয় উদাসয়, নয়ন উছাসয়
 দারুণ মধুময় গান !

সাধ যায়, ঝুঁ, যমুনারিম
 ডারিব দগধপরান ।
 সাধ যায়, পছ, রাখি চরণ তব
 হৃদয়মাঝ, হৃদয়েশ,
 হৃদয়জুড়াওন বদনচন্দ্র তব
 হেরব জীবনশেষ ।
 সাধ যায়, ইহ চন্দ্রমকিরণে
 কুসুমিত কুঞ্জবিতানে
 বসন্তবায়ু প্রাণ মিশায়ব
 বাঁশিক সুমধুর গানে ।
 প্রাণ ভৈবে মঝু বেণুর্গীতময়,
 রাধাময় তব বেণু ।
 জয় জয় মাধব, জয় জয় রাধা,
 চরণে প্রণমে ভানু ।

১১

আজু সখি, মুছ মুছ
 গাহে পিক কুছ কুছ,
 কুঞ্জবনে দুঁছ দুঁছ
 দৌহার পানে চায় ।
 যুবনমদবিলসিত
 পুলকে হিয়া উলসিত,
 অবশ তনু অলসিত
 মূরছি জনু যায় ।
 আজু মধু চাঁদনী
 প্রাণউনমাদনী,
 শিথিল সব বাঁধনী,
 শিথিল ভই লাজ ।
 বচন মৃদু মরমর,
 কাঁপে রিঝ থরথর,
 শিহরে তনু জরজর
 কুসুমবনমাঝ ।
 মলয় মৃদু কলয়িছে,
 চরণ নহি চলয়িছে,
 বচন মুছ খলয়িছে,
 অঞ্চল লুটায় ।
 আধফুট শতদল
 বায়ুভরে টলমল

আঁখি জন্ম চলচল
 চাহিতে নাহি চায় ।
 অলকে ফুল কাঁপয়ি
 কপোলে পড়ে কাঁপয়ি,
 মধু-অনলে তাপয়ি,
 খসয়ি পড়ু পায় ।
 ঝরই শিরে ফুলদল,
 যমুনা বহে কলকল,
 হাসে শশি চলচল—
 ভানু মরি যায় ।

১২

শ্যাম, মুখে তব মধুর অধরমে
 হাস বিকাশত কায় ?
 কোন স্বপন অব দেখত মাধব,
 কহবে কোন হমায় !
 নীদমেঘ'পর স্বপনবিজলিসম
 রাধা বিলসত হাসি !
 শ্যাম, শ্যাম মম, কৈসে শোধব
 তুঁহক প্রেমঋণরাশি ।
 বিহঙ্গ, কাহ তু বোলন লাগলি ?
 শ্যাম ঘুমায় হমারা !
 রহ রহ চন্দ্রম, ঢাল ঢাল তব
 শীতল জোছনধারা ।
 তারকমালিনী সুন্দর যামিনী
 অবহঁ ন যাও রে ভাগি ।
 নিরদয় রবি, অব কাহ তু আওলি,
 জ্বাললি বিরহক আগি ।
 ভানু কহত— অব রবি অতি নিষ্ঠুর
 নলিনমিলনঅভিলাষে
 কত নরনারীক মিলন টুটাওত,
 ডারত বিরহহতাশে ।

১৩

সজ্জনি গো,
 শাওনগগনে ঘোর ঘনঘটা,
 নিশীথযামিনী রে ।
 কুঞ্জপথে, সখি, কৈসে যাওব
 অবলা কামিনী রে ।

উন্মদ পবনে যমুনা তর্জিত,
 ঘন ঘন গর্জিত মেহ ।
 দমকত বিদ্যুত, পথতরু লুণ্ঠত,
 থরহর কম্পত দেহ ।
 ঘন ঘন রিম্ ঝিম্ রিম্ ঝিম্ রিম্ ঝিম্
 বরখত নীরদপুঞ্জ ।
 ঘোর গহন ঘন তালতমালে
 নিবিড় তিমিরময় কুঞ্জ ।
 বোল ত সজনী, এ দুরূযোগে
 কুঞ্জে নিরদয় কান
 দারুণ বাঁশি কাহ বজায়ত
 স করুণ রাধা নাম ।

সজনি,

মোতিমহারে বৈশ বনা দে,
 সীথি লগা দে ভালে ।
 উরহি বিলোলিত শিথিল চিকুর মম
 বাঁধহ মালত'মালে ।
 খোল দুয়ার ত্বরা করি সখি রে,
 ছোড় সকল ভয়লাজে—
 হৃদয় বিহগসম ঝটপট করত হি
 পঞ্জরপিঞ্জরমাঝে !
 গহন রয়নমে ন যাও বালা
 নওলকিশোরক পাশ—
 গরজে ঘন ঘন, বহু ডর পাওব,
 কহে ভানু তব দাস ।

১৪

বাদরবরখন নীরদগরজন
 বিজুলীচমকন ঘোর,
 উপেখই কৈছে আও তু কুঞ্জে
 নিতি নিতি, মাধব মোর ।
 ঘন ঘন চপলা চমকয় যব পছ,
 বজ্রপাত যব হোয়,
 তুঁছক বাত তব সমরয়ি প্রিয়তম,
 ডর অতি লাগত মোয় ।
 অঙ্গবসন তব ভীখত মাধব,
 ঘন ঘন বরখত মেহ—
 ক্ষুদ্র বালি হম, হমকো লাগয়
 কাহ উপেখবি দেহ ?

বইস বইস পছ, কুসুমশয়ন'পর
 পদযুগ দেহ পসারি—
 সিদ্ধ চরণ তব মোছব যতনে—
 কুম্ভলভার উঘারি ।
 শ্রান্ত অঙ্গ তব হে ব্রজসুন্দর,
 রাখ বক্ষ-'পর মোর,
 তনু তব ঘেরব পুলকিত পরশে
 বাহুম্গালক ডোর ।
 ভানু কহে, বৃকভানুনন্দিনী,
 প্রেমসিদ্ধু মম কালা,
 তৌহার লাগয়, প্রেমক লাগয়
 সব কছু সহবে জ্বালা ।

১৫

মাধব, না কহ আদরবাণী,
 না কর প্রেমক নাম ।
 জানয়ি মুঝকো অবলা সরলা
 ছলনা না কর শ্যাম ।
 কপট, কাহ তুঁছ বৃট বোলসি,
 পীরিত করসি তু মোয় ?
 ভালে ভালে হম অলপে চিহ্নু,
 না পতিয়াব রে তোয় ।
 ছিদল তরী-সম কপট প্রেম'পর
 ডারনু যব মনপ্রাণ,
 ডুবনু ডুবনু রে ঘোর সায়রে
 অব কুত নাহিক ত্রাণ ।
 মাধব, কঠোর বাত হমারা
 মনে লাগল কি তোর ?
 মাধব, কাহ তু মলিন করলি মুখ,
 ক্ষমহ গো কুবচন মোর !
 নিদয় বাত অব কবছ ন বোলব,
 তুঁছ মম প্রাণক প্রাণ ।
 অতিশয় নির্মম ব্যাধিনু হিয়া তব
 ছোড়য়ি কুবচনবাণ ।
 মিটল মান অব— ভানু হাসতহি
 হেরই পীরিতলীলা ।
 কভু অভিমানিনী, আদরিণী কভু
 পীরিতিসাগর বালা ।

সখি লো, সখি লো, নিকরুণ মাধব
 মথুরাপুর যব যায়
 করল বিষম পণ মানিনী রাধা,
 রোয়বে না সো, না দিবে বাধা—
 কঠিনহিয়া সই, হাসয়ি হাসয়ি
 শ্যামক করক বিদায় ।
 মৃদু মৃদু গমনে আওল মাধা,
 বয়নপান তছু চাহল রাধা,
 চাহয়ি রহল স চাহয়ি রহল,
 দণ্ড দণ্ড সখি, চাহয়ি রহল,
 মন্দ মন্দ সখি, নয়নে বহল
 বিন্দু বিন্দু জলধার ।
 মৃদু মৃদু হাসে বৈঠল পাশে,
 কহল শ্যাম কত মৃদু মধু ভাষে,
 টুটয়ি গইল পণ, টুটইল মান,
 গদগদ আকুলব্যাকুলপ্রাণ
 ফুকরয়ি উছসয়ি কাঁদল রাধা,
 গদগদ ভাষ নিকাশল আধা,
 শ্যামক চরণে বাছ পসারি,
 কহল— শ্যাম রে, শ্যাম হমারি,
 রহ তুঁছ, রহ তুঁছ, ঝঁধু গো, রহ তুঁছ,
 অনুখন সাথ সাথ রে রহ পঁছ,
 তুঁছ বিনে মাধব, বল্লভ, বাঙ্কব,
 আছয় কোন হমার !
 পড়ল ভূমি'পর শ্যামচরণ ধরি,
 রাখল মুখ তছু শ্যামচরণ'পরি,
 উছসি উছসি কত কাঁদয়ি কাঁদয়ি
 রজনী করল প্রভাত ।
 মাধব বৈসল, মৃদু মধু হাসল,
 কত অশোয়াসবচন মিঠ ভাষল,
 ধরইল বালিক হাত ।
 সখি লো, সখি লো, বোল ত সখি লো,
 যত দুখ পাওল রাধা
 নিঠুর শ্যাম কিয়ে আপন মনমে
 পাওল তছু কছু আধা ?
 হাসয়ি হাসয়ি নিকটে আসয়ি
 বহুত স প্রবোধ দেল,
 হাসয়ি হাসয়ি পলটয়ি চাহয়ি
 দূর দূর চলি গেল ।

অব সো মথুরাপুরক পস্থমে,
 ইহ যব রোয়ত রাধা,
 মরমে কি লাগল তিলভর বেদন,
 চরণে কি তিলভর বাধা ?
 বরখি আখিজল ভানু কহে— অতি
 দুখের জীবন ভাই ।
 হাসিবার তর সঙ্গ মিলে বহু,
 কাঁদিবার কো নাই ।

১৭

বার বার সখি, বারণ করনু,
 ন যাও মথুরাধাম ।
 বিসরি প্রেমদুখ রাজভোগ যখি
 করত হমারই শ্যাম ।
 ধিক তুঁহু দান্তিক, ধিক রসনা ধিক,
 লইলি কাহারই নাম ?
 বোল ত সজনী, মথুরাঅধিপতি
 সো কি হমারই শ্যাম ?
 ধনকো শ্যাম সো, মথুরাপুরকো,
 রাজ্য-মানকো হোয় ।
 নহ পীরিতিকো, ব্রজকামিনীকো,
 নিচয় কহনু ময় তোয় ।
 যব তুঁহু ঠারবি সো নব নরপতি
 জনি রে করে অবমান,
 ছিন্নকুসুমসম ঝরব ধরা 'পর,
 পলকে খোয়ব প্রাণ ।
 বিসরল বিসরল সো সব বিসরল
 বৃন্দাবন, সুখসঙ্গ,
 নব নগরে সখি নবীন নাগর
 উপজল নব নব রঙ্গ ।
 ভানু কহত— অয়ি বিরহকাতরা
 মনমে বাঁধহ থেহ ।
 মুগুধা বালা, বুঝই বুঝলি না,
 হমার শ্যামক লেহ ।

১৮

হম যব না রব সজনী,
 নিভৃত বসন্ত-নিকুঞ্জবিতানে
 আসবে নির্মল রজনী,
 মিলনপিপাসিত আসবে যব সখি

রবীন্দ্র-রচনাবলী

শ্যাম হমারি আশে,
 ফুকারবে যব রাধা রাধা
 মুরলি উরধ স্বাসে,
 যব সব গোপিনী আসবে ছুটই,
 যব হম আসব না,
 যব সব গোপিনী জাগবে চমকই,
 যব হম জাগব না,
 তব কি কুঞ্জপথ হমারি আশে
 হেরবে আকুল শ্যাম ?
 বন বন ফেরই সো কি ফুকারবে
 রাধা রাধা নাম ?
 না যমুনা, সো এক শ্যাম মম,
 শ্যামক শত শত নারী—
 হম যব যাওব শত শত রাধা
 চরণে রহবে তারি ।
 তব সখি যমুনে, যাই নিকুঞ্জে,
 কাহ তয়াগব দে ?
 হমারি লাগি এ বৃন্দাবনমে,
 কহ সখি, রোয়ব কে ?
 ভানু কহে চুপি— মানভরে রহ,
 আও বনে, ব্রজনারী,
 মিলবে শ্যামক থরথর আদর
 ঝরঝর লোচনবারি ।

১৯

মরণ রে,
 তুঁহ মম শ্যামসমান ।
 মেঘবরণ তুঝ, মেঘজটাজুট,
 রক্ত কমলকর, রক্ত অধরপুট,
 তাপ-বিমোচন করুণ কোর তব
 মৃত্যু-অমৃত করে দান ।
 তুঁহ মম শ্যামসমান ।

মরণ রে,
 শ্যাম তোহারই নাম !
 চির বিসরল যব নিরদয় মাধব
 তুঁহ ন ভইবি মোয় বাম ।
 আকুল রাধা-রিঝ অতি জরজর,
 ঝরই নয়ন দউ অনুখন ঝরঝর ।

তুঁহ মম মাধব, তুঁহ মম দোসর,
তুঁহ মম তাপ ঘুচাও
মরণ, তু আও রে আও ।

ভুজপাশে তব লহ সম্বোধয়ি,
আখিপাত মঝু আসব মোদয়ি,
কোরউপর তুঝ রোদয়ি রোদয়ি
নীদ ভরব সব দেহ ।

তুঁহ নহি বিসরবি, তুঁহ নহি ছোড়বি,
রাধাহৃদয় তু কবছঁ ন তোড়বি,
হিয় হিয় রাখবি অনুদিন অনুখন,
অতুলন তোঁহার লেহ ।

দূর সঙে তুঁহ বাঁশি বজাওসি,
অনুখন ডাকসি, অনুখন ডাকসি
রাধা রাধা রাধা !

দিবস ফুরাওল, অবছঁ ম যাওব,
বিরহতাপ তব অবছঁ ঘুচাওব,
কুঞ্জবাট'পর অবছঁ ম ধাওব,
সব কছু টুটইব বাধা ।

গগন সঘন অব, তিমিরমগন ভব,
তড়িত চকিত অতি, ঘোর মেঘরব,
শালতালতরু সভয় তবধ সব,

পস্থ বিজন অতি ঘোর—
একলি যাওব তুঝ অভিসারে,
যা'ক' পিয়া তুঁহ কি ভয় তাহারে,
ভয় বাধা সব অভয় মুরতি ধরি.

পস্থ দেখাওব মোর ।
ভানুসিংহ কহে— ছিয়ে ছিয়ে রাধা,
চঞ্চল হৃদয় তোহারি,
মাধব পছ মম, পিয় স মরণসে
অব তুঁহ দেখ বিচারি ।

কো তুঁহ বোলবি মোয় !
হৃদয়মাহ মঝু জাগসি অনুখন,
আখউপর তুঁহ রচলহি আসন,
অরুণ নয়ন তব মরমসঙে মম
নিমিখ ন অন্তর হোয় ।
কো তুঁহ বোলবি মোয় !

রবীন্দ্র-রচনাবলী

হৃদয়কমল তব চরণে টলমল,
নয়নযুগল মম উছলে ছলছল,
প্রেমপূর্ণ তনু পুলকে ঢলঢল
চাহে মিলাইতে তোয় ।
কো তুঁহু বোলবি মোয় !

বাঁশরিধ্বনি তুহু অমিয় গরল রে,
হৃদয় বিদারয়ি হৃদয় হরল রে,
আকুল কাকলি ভুবন ভরল রে,
উতল প্রাণ উতরোয় ।
কো তুঁহু বোলবি মোয় !

হেরি হাসি তব মধুস্বাতু ধাওল,
শুনয়ি বাঁশি তব পিককুল গাওল,
বিকল ভ্রমরসম ত্রিভুবন আওল,
চরণকমলযুগ ছোঁয় ।
কো তুঁহু বোলবি মোয় !

গোপবধূজন বিকশিতযৌবন,
পুলকিত যমুনা, মুকুলিত উপবন,
নীলনীর'পর ধীর সমীরণ,
পলকে প্রাণমন খোয় ।
কো তুঁহু বোলবি মোয় !

ভূষিত আঁখি তব মুখ'পরে বিহরই,
মধুর পরশ তব রাধা শিহরই,
প্রেমরতন ভরি হৃদয় প্রাণ লই
পদতলে অপনা খোয় ।
কো তুঁহু বোলবি মোয় !

কো তুঁহু কো তুঁহু সব জন পুছয়ি,
অনুদিন সঘন নয়নজল মুছয়ি ।
যাচে ভানু— সব সংশয় ঘুচয়ি,
জনম চরণ 'পর গোয় ।
কো তুঁহু বোলবি মোয় !

কড়ি ও কোমল

উৎসর্গ

শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর
দাদা মহাশয়
করকমলেষু

কবির মন্তব্য

যৌবন হচ্ছে জীবনে সেই ঋতুপরিবর্তনের সময় যখন ফুল ও ফসলের প্রচ্ছন্ন প্রেরণা নানা বর্ণে ও রূপে অকস্মাৎ বাহিরে প্রত্যক্ষ হয়ে ওঠে। কড়ি ও কোমল আমার সেই নবযৌবনের রচনা। আত্মপ্রকাশের একটা প্রবল আবেগ তখন যেন প্রথম উপলব্ধি করেছিলুম। মনে পড়ে তখনকার দিনে নিজের মনের একটা উদ্বেল অবস্থা। তখন আমার বেশভূষায় আবরণ ছিল বিরল। গায়ে থাকত ধুতির সঙ্গে কেবল একটা পাতলা চাদর, তার খুঁটোয় বাঁধা ভোরবেলায় তোলা একমুঠো বেলফুল, পায়ে একজোড়া চটি। মনে আছে থাকাবের দোকানে বই কিনতে গেছি কিন্তু এর বেশি পরিচ্ছন্নতা নেই, এতে ইংরেজ দোকানদারের স্বীকৃত আদবকায়দার প্রতি উপেক্ষা প্রকাশ হত। এই আত্মবিস্মৃত বেআইনী প্রমত্ততা কড়ি ও কোমলের কবিতায় অবাধে প্রকাশ পেয়েছিল। এই প্রসঙ্গে একটা কথা মনে রাখতে হবে এই রীতির কবিতা তখনো প্রচলিত ছিল না। সেইজন্যেই কাব্যবিশারদ প্রভৃতি সাহিত্যবিচারকদের কাছ থেকে কটুভাষায় ভৎসনা সহ্য করেছিলুম। সে-সব যে উপেক্ষা করেছি অনায়াসে সে কেবল যৌবনের তেজে। আপনার মধ্যে থেকে যা প্রকাশ পাচ্ছিল, সে আমার কাছেও ছিল নূতন এবং আন্তরিক। তখন হেম বাঁড়ুজ্জ এবং নবীন সেন ছাড়া এমন কোনো দেশপ্রসিদ্ধ কবি ছিলেন না যারা নূতন কবিদের কোনো-একটা কাব্যরীতির বাঁধা পথে চালনা করতে পারতেন। কিন্তু আমি তাঁদের সম্পূর্ণই ভুলে ছিলাম। আমাদের পরিবারের বন্ধু কবি বিহারীলালকে ছেলেবেলা থেকে জানতুম এবং তাঁর কবিতার প্রতি অনুরাগ আমার ছিল অভ্যস্ত। তাঁর প্রবর্তিত কবিতার রীতি ইতিপূর্বেই আমার রচনা থেকে সম্পূর্ণ স্থলিত হয়ে গিয়েছিল। বড়োদাদার স্বপ্নপ্রয়াণের আমি ছিলাম অত্যন্ত ভক্ত, কিন্তু তাঁর বিশেষ কবিপ্রকৃতির সঙ্গে আমার বোধ হয় মিল ছিল না, সেইজন্য ভালো লাগা সত্ত্বেও তাঁর প্রভাব আমার কবিতা গ্রহণ করতে পারে নি। তাই কড়ি ও কোমলের কবিতা মনের অন্তঃস্তরের উৎসের থেকে উছলে উঠেছিল। তার সঙ্গে বাহিরের কোনো মিশ্রণ যদি ঘটে থাকে তো সে গৌণভাবে।

এই আমার প্রথম কবিতার বই যার মধ্যে বিষয়ের বৈচিত্র্য এবং বহির্দৃষ্টিপ্রবণতা দেখা দিয়েছে। আর প্রথম আমি সেই কথা বলেছি যা পরবর্তী আমার কাব্যের অন্তরে অন্তরে বারবার প্রবাহিত হয়েছে—

মরিতে চাই না আমি সুন্দর ভুবনে,
মানবের মাঝে আমি বাঁচিবারে চাই—

যা নৈবেদ্যে আর-এক ভাবে প্রকাশ পেয়েছে—

বৈরাগ্যসাধনে মুক্তি সে আমার নয়।

কড়ি ও কোমলে যৌবনের রসোচ্ছ্বাসের সঙ্গে আর-একটি প্রবল প্রবর্তনা প্রথম আমার কাব্যকে অধিকার করেছে, সে জীবনের পথে মৃত্যুর আবির্ভাব। যারা আমার কাব্য মন দিয়ে পড়েছেন তারা নিশ্চয় লক্ষ্য করে থাকবেন এই মৃত্যুর নিবিড় উপলব্ধি আমার কাব্যের এমন একটি বিশেষ ধারা, নানা বাণীতে যার প্রকাশ। কড়ি ও কোমলেই তার প্রথম উদ্ভব।



বিলাতে রবীন্দ্রনাথ

১২৯৭



রবীন্দ্রনাথ

জ্যেষ্ঠা কন্যা মাধুরীলতা ও জ্যেষ্ঠ পুত্র রবীন্দ্রনাথ সহ

কড়ি ও কোমল

প্রাণ

মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে,
মানবের মাঝে আমি বাঁচিবারে চাই,
এই সূর্যকরে এই পুষ্পিত কাননে
জীবন্ত হৃদয়-মাঝে যদি স্থান পাই ।
ধরায় প্রাণের খেলা চিরতরঙ্গিত,
বিরহ মিলন কত হাসি-অশ্রু-ময়,
মানবের সুখে দুঃখে গাঁথিয়া সংগীত
যদি গো রচিত পেরি অমর-আলয় ।
তা যদি না পারি তবে বাঁচি যত কাল
তোমাদেরি মাঝখানে লভি যেন ঠাই,
তোমরা তুলিবে বলে সকাল বিকাল
নব নব সংগীতের কুসুম ফুটাই ।
হাসিমুখে নিয়ো ফুল, তার পরে হায়
ফেলে দিয়ো ফুল, যদি সে ফুল শুকায় ।

পুরাতন

হেথা হতে যাও, পুরাতন !
হেথায় নূতন খেলা আরম্ভ হয়েছে ।
আবার বাজিছে বাঁশি, আবার উঠিছে হাসি,
বসন্তের বাতাস বয়েছে ।
সুনীল আকাশ-পরে শুভ্র মেঘ থরে থরে
শ্রান্ত যেন রবির আলোকে,
পাখিরা ঝাড়িছে পাখা, কাঁপিছে তরুর শাখা,
খেলাইছে বালিকা বালকে ।
সমুখের সরোবরে আলো ঝিকিঝিকি করে,
ছায়া কাঁপিতেছে থরথর,
জলের পানেতে চেয়ে ঘাটে বসে আছে মেয়ে,
শুনিছে পাতার মরমর ।

কী জানি কত কী আশে চলিয়াছে চারি পাশে
 কত লোক কত সুখে দুখে,
 সবাই তো ভুলে আছে, কেহ হাসে কেহ নাচে,
 তুমি কেন দাঁড়াও সমুখে ।
 বাতাস যেতেছে বহি, তুমি কেন রহি রহি
 তারি মাঝে ফেল দীর্ঘশ্বাস ।
 সুদূরে বাজিছে বাঁশি, তুমি কেন ঢাল আসি
 তারি মাঝে বিলাপ-উচ্ছ্বাস ।
 উঠেছে প্রভাতরবি, আঁকিছে সোনার ছবি,
 তুমি কেন ফেল তাহে ছায়া ।
 বারেক যে চলে যায় তারে তো কেহ না চায়,
 তবু তার কেন এত মায়্যা ।
 তবু কেন সন্ধ্যাকালে জলদের অন্তরালে
 লুকায়ে ধরার পানে চায়—
 নিশীথের অন্ধকারে পুরানো ঘরের দ্বারে
 কেন এসে পুন ফিরে যায় ।
 কী দেখিতে আসিয়াছ যাহা কিছু ফেলে গেছ
 কে তাদের করিবে যতন !
 স্মরণের চিহ্ন যত ছিল পড়ে দিন-কত
 ঝরে-পড়া পাতার মতন
 আজি বসন্তের বায় একেকটি করে হয়
 উড়ায় ফেলিছে প্রতিদিন—
 ধূলিতে মাটিতে রহি হাসির কিরণে দহি
 ক্ষণে ক্ষণে হতেছে মলিন ।
 ঢাকো তবে ঢাকো মুখ, নিয়ে যাও দুঃখ সুখ,
 চেয়ো না চেয়ো না ফিরে ফিরে ।
 হেথায় আলায় নাহি, অনন্তের পানে চাহি
 আধারে মিলাও ধীরে ধীরে ।

নূতন

হেথাও তো পশে সূর্যকর ।
 ঘোর ঝটিকার রাতে দারুণ অশনিপাতে
 বিদীরিল যে গিরিশিখর—
 বিশাল পর্বত কেটে পাষণহৃদয় ফেটে
 প্রকাশিল যে ঘোর গহ্বর—
 প্রভাতে পুলকে ভাসি বহিয়া নবীন হাসি
 হেথাও তো পশে সূর্যকর !

দুয়ারেতে উঁকি মেরে ফিরে তো যায় না সে রে,
 শিহরি উঠে না আশঙ্কায়,
 ভাঙা পাষাণের বুকে খেলা করে কোন্ সুখে
 হেসে আসে, হেসে চলে যায় ।
 হেরো হেরো হয় হয়, যত প্রতিদিন যায়—
 কে গাঁথিয়া দেয় তৃণজাল ।
 লতাগুলি লতাইয়া বাহুগুলি বিথাইয়া
 ঢেকে ফেলে বিদীর্ণ কঙ্কাল ।
 বজ্রদণ্ড অতীতের নিরাশার অতিথের
 ঘোর স্তম্ভ সমাধি-আবাস,
 ফুল এসে, পাতা এসে কেড়ে নেয় হেসে হেসে,
 অন্ধকারে করে পরিহাস ।
 এরা সব কোথা ছিল, কেই বা সংবাদ দিল,
 গৃহহারা আনন্দের দল—
 বিশ্বে তিল শূন্য হলে অনাহৃত আসে চলে,
 বাসা বাঁধে করি কোলাহল ।
 আনে হাসি, আনে গান, আনে রে নূতন প্রাণ,
 সঙ্গে করে আনে রবিকর—
 অশোক শিশুর প্রায় এত হাসে এত গায়,
 কাঁদিতে দেয় না অবসর ।
 বিষাদ বিশালকায়া ফেলেছে আঁধার ছায়া,
 তারে এরা করে না তো ভয়—
 চারি দিক হতে তারে ছোটো ছোটো হাসি মারে,
 অবশেষে করে পরাজয় ।
 এই যে রে মরুস্থল, দাবদণ্ড ধরাতল,
 এইখানে ছিল 'পুরাতন'—
 একদিন ছিল তার শ্যামল যৌবনভার,
 ছিল তার দক্ষিণপবন ।
 যদি রে সে চলে গেল, সঙ্গে যদি নিয়ে গেল
 গীত গান হাসি ফুল ফল—
 শুষ্ক স্মৃতি কেন মিছে রেখে তবে গেল পিছে,
 শুষ্ক শাখা শুষ্ক ফুলদল ।
 সে কি চায় শুষ্ক বনে গাহিবে বিহঙ্গগণে
 আগে তারা গাহিত যেমন ।
 আগেকার মতো করে স্নেহে তার নাম ধরে
 উচ্ছ্বসিবে বসন্তপবন ?
 নহে নহে, সে কি হয় ! সংসার জীবনময়,
 নাই হেথা মরণের স্থান ।
 আয় রে, নূতন, আয়, সঙ্গে করে নিয়ে আয়
 তোর সুখ, তোর হাসি গান ।

ফোটা নব ফুলচয়, ওঠা নব কিশলয়,
 নবীন বসন্ত আয় নিয়ে ।
 যে যায় সে চলে যাক, সব তার নিয়ে যাক,
 নাম তার যাক মুছে দিয়ে ।
 এ কি ঢেউ-খেলা হয়, এক আসে, আর যায়,
 কাঁদিতে কাঁদিতে আসে হাসি,
 বিলাপের শেষ তান না হইতে অবসান
 কোথা হতে বেজে ওঠে বাঁশি ।
 আয় রে কাঁদিয়া লই, শুকাবে দু-দিন বই
 এ পবিত্র অশ্রুবারিধারা ।
 সংসারে ফিরিব ভুলি, ছোটো ছোটো সুখগুলি,
 রচি দিবে আনন্দের কারা ।
 না রে, করিব না শোক, এসেছে নূতন লোক,
 তারে কে করিবে অবহেলা ।
 সেও চলে যাবে কবে, গীত গান সাজ হবে,
 ফুরাইবে দু-দিনের খেলা ।

উপকথা

মেঘের আড়ালে বেলা কখন যে যায় ।
 বৃষ্টি পড়ে সারাদিন থামিতে না চায় ।
 আর্দ্র-পাখা পাখিগুলি গীতগান গেছে ভুলি,
 নিস্তন্ধে ভিজিছে তরুলতা ।
 বসিয়া আঁধার ঘরে বরষার ঝরঝরে
 মনে পড়ে কত উপকথা ।
 কভু মনে লয় হেন এ-সব কাহিনী যেন
 সত্য ছিল নবীন জগতে ।
 উড়ন্ত মেঘের মতো ঘটনা ঘটিত কত,
 সংসার উড়িত মনোরথে ।
 রাজপুত্র অবহেলে কোন্ দেশে যেত চলে
 কত নদী কত সিঙ্কু -পার ।
 সরোবর-ঘাট আলা, মণি হাতে নাগবালা
 বসিয়া বাঁধিত কেশভার ।
 সিঙ্কুতীরে কত দূরে কোন্ রাক্ষসের পুরে
 ঘুমাইত রাজার ঝিয়ারি ।
 হাসি তার মণিকণা কেহ তাহা দেখিত না,
 মুকুতা ঢালিত অশ্রুবারি ।

সাত ভাই একত্বরে চাঁপা হয়ে ফুটিত রে,
 এক বোন ফুটিত পারুল ।
 সম্ভব কি অসম্ভব একত্রে আছিল সব—
 দুটি ভাই সত্য আর ভুল ।
 বিশ্ব নাহি ছিল বাঁধা, না ছিল কঠিন বাধা,
 নাহি ছিল বিধির বিধান,
 হাসিকান্না লঘুকায় শরতের আলোছায়া,
 কেবল সে ছুঁয়ে যেত প্রাণ !
 আজি ফুরিয়েছে বেলা, জগতের ছেলেখেলা
 গেছে আলো-আধারের দিন ।
 আর তো নাই রে ছুটি, মেঘরাজ্য গেছে টুটি,
 পদে পদে নিয়ম-অধীন ।
 মধ্যাহ্নে রবির দাপে বাহিরে কে রবে তাপে,
 আলায় গড়িতে সবে চায় ।
 যবে হয় প্রাণপণ করে তাহা সমাপন
 খেলারই মতন ভেঙে যায় ।

যোগিয়া

বহুদিন পরে আজি মেঘ গেছে চলে,
 রবির কিরণসুধা আকাশে উথলে ।
 স্নিগ্ধ শ্যাম পত্রপুটে আলোক ঝলকি উঠে
 পুলক নাচিছে গাছে গাছে ।
 নবীন যৌবন যেন প্রেমের মিলনে কাঁপে,
 আনন্দ বিদ্যুৎ-আলো নাচে ।
 জুঁই সরোবরতীরে নিশ্বাস ফেলিয়া ধীরে
 ঝরিয়া পড়িতে চায় ভুঁয়ে,
 অতি মৃদু হাসি তার, বরষার বৃষ্টিধার
 গন্ধটুকু নিয়ে গেছে ধুয়ে ।
 আজিকে আপন প্রাণে না জানি বা কোন্‌খানে
 যোগিয়া রাগিনী গায় কে রে ।
 ধীরে ধীরে সুর তার মিলাইছে চারি ধার,
 আচ্ছন্ন করিছে প্রভাতে ।
 গাছপালা চারি ভিতে সংগীতের মাধুরীতে
 মগ্ন হয়ে ধরে স্বপ্নছবি ।
 এ প্রভাত মনে হয় আরেক প্রভাতময়,
 রবি যেন আর কোনো রবি ।

উৎসবের হাসি-কোলাহল
 শুনতে পেয়েছে ভোরবেলা,
 নিরানন্দ গৃহ তেয়াগিয়া
 তাই আজ বাহির হইয়া
 আসিয়াছে ধনীর দুয়ারে
 দেখিবারে আনন্দের খেলা ।
 বাজিতেছে উৎসবের বাঁশি,
 কানে তাই পশিতেছে আসি,
 ম্লান চোখে তাই ভাসিতেছে
 দুরাশার সুখের স্বপন ;
 চারি দিকে প্রভাতের আলো
 নয়নে লেগেছে বড়ো ভালো,
 আকাশেতে মেঘের মাঝারে
 শরতের কনক তপন ।
 কত কে যে আসে, কত যায়,
 কেহ হাসে, কেহ গান গায়,
 কত বরনের বেশভূষা—
 ঝলকিছে কাঞ্চন-রতন,
 কত পরিজন দাসদাসী,
 পুষ্প পাতা কত রাশি রাশি
 চোখের উপরে পড়িতেছে
 মরীচিকা-ছবির মতন ।
 হেরো তাই রহিয়াছে চেয়ে
 শূন্যমনা কাঙালিনী মেয়ে ।
 শুনেছে সে, মা এসেছে ঘরে,
 তাই বিশ্ব আনন্দে ভেসেছে,
 মার মায়া পায় নি কখনো,
 মা কেমন দেখিতে এসেছে ।
 তাই বুঝি আঁখি ছলছল,
 বাষ্প ঢাকা নয়নের তারা !
 চেয়ে যেন মার মুখপানে
 বালিকা কাতর অভিমানে
 বলে, 'মা গো, এ কেমন ধারা ।
 এত বাঁশি, এত হাসিরাশি,
 এত তোর রতন-ভূষণ,
 তুই যদি আমার জননী
 মোর কেন মলিন বসন !'
 ছোটো ছোটো ছেলেমেয়েগুলি
 ভাইবোন করি গলাগলি
 অঙ্গনেতে নাচিতেছে ওই ;

বানিকা দুয়ারে হাত দিয়ে
 তাদের হেরিছে দাঁড়াইয়ে,
 ভাবিতেছে নিশ্বাস ফেলিয়ে—
 আমি তো ওদের কেহ নই ।
 স্নেহ ক'রে আমার জননী
 পরায়ে তো দেয় নি বসন,
 প্রভাতে কোলেতে করে নিয়ে
 মুছায় তো দেয় নি নয়ন ।
 আপনার ভাই নেই বলে
 ওরে কি রে ডাকিবে না কেহ ?
 আরো কারো জননী আসিয়া
 ওরে কি রে করিবে না স্নেহ ?
 ও কি শুধু দুয়ার ধরিয়া
 উৎসবের পানে রবে চেয়ে,
 শূন্যমনা কাঙালিনী মেয়ে ?

ওর প্রাণ আধার যখন
 করুণ শুনায় বড়ো বাঁশি,
 দুয়ারেতে সজল নয়ন,
 এ বড়ো নিষ্ঠুর হাসিরাশি ।
 আজি এই উৎসবের দিনে
 কত লোক ফেলে অশ্রুধার,
 গেহ নেই, স্নেহ নেই, আহা,
 সংসারেতে কেহ নেই তার ।
 শূন্য হাতে গৃহে যায় কেহ,
 ছেলেরা ছুটিয়া আসে কাছে,
 কী দিবে কিছুই নেই তার,
 চোখে শুধু অশ্রুজল আছে ।
 অনাথ ছেলেরে কোলে নিবি
 জননীরা, আয় তোরা সব ।
 মাতৃহারা মা যদি না পায়
 তবে আজ কিসের উৎসব !
 দ্বারে যদি থাকে দাঁড়াইয়া
 ম্লানমুখ বিষাদে বিরস,
 তবে মিছে সহকার-শাখা
 তবে মিছে মঙ্গল-কলস ।

ভবিষ্যতের রঙ্গভূমি

সম্মুখে রয়েছে পড়ি যুগ-যুগান্তর ।
 অসীম নীলিমে লুটে ধরণী ধাইবে ছুটে,
 প্রতিদিন আসিবে, যাইবে রবিকর ।
 প্রতিদিন প্রভাতে জাগিবে নরনারী,
 প্রতীক্ষা শ্রান্তদেহে ফিরিয়া আসিবে গেহে,
 প্রতিরাত্রে তারকা ফুটিবে সারি সারি ।
 কত আনন্দের ছবি, কত সুখ আশা
 আসিবে যাইবে হয়, সুখ-স্বপনের প্রায়
 কত প্রাণে জাগিবে, মিলাবে ভালোবাসা ।
 তখনো ফুটিবে হেসে কুসুম-কানন,
 তখনো রে কত লোকে কত স্নিগ্ধ চন্দ্রালোকে
 আঁকিবে আকাশ-পটে সুখের স্বপন ।
 নিবিলে দিনের আলো, সন্ধ্যা হলে, নিতি
 বিরহী নদীর ধারে না জানি ভাবিবে কারে,
 না জানি সে কী কাহিনী, কী সুখ, কী স্মৃতি ।

 দূর হতে আসিতেছে, শুন কান পেতে—
 কত গান, সেই মহা-রঙ্গভূমি হতে
 কত যৌবনের হাসি, কত উৎসবের বাঁশি,
 তরঙ্গের কলধ্বনি প্রমোদের স্রোতে ।
 কত মিলনের গীত, বিরহের শ্বাস,
 তুলেছে মর্মর তান বসন্ত-বাতাস,
 সংসারের কোলাহল ভেদ করি অবিরল
 লক্ষ নব কবি ঢালে প্রাণের উচ্ছ্বাস ।

 ওই দূর খেলাঘরে খেলাইছ কারা !
 উঠেছে মাথার 'পরে আমাদেরি তারা ।
 আমাদেরি ফুলগুলি সেথাও নাচিছে দুলি,
 আমাদেরি পাখিগুলি গেয়ে হল সারা ।
 ওই দূর খেলাঘরে করে আনাগোনা
 হাসে কাঁদে কত কে যে নাহি যায় গনা ।
 আমাদের পানে হয় ভুলেও তো নাহি চায়,
 মোদের ওরা তো কেউ ভাই বলিবে না ।
 ওই-সব মধুমুখ অমৃত-সদন
 না জানি রে আর কারা করিবে চুম্বন ।
 শরমময়ীর পাশে বিজড়িত আধ-ভাষে
 আমরা তো শুনাব না প্রাণের বেদন ।

আমাদের খেলাঘরে কারা খেলাইছ !
 সঙ্গ না হইতে খেলা চলে এনু সঙ্কেবেলা,
 ধূলির সে ঘর ভেঙে কোথা ফেলাইছ ।
 হোথা, যেথা বসিতাম মোরা দুই জন,
 হাসিয়া কাঁদিয়া হত মধুর মিলন,
 মাটিতে কাটিয়া রেখা কত লিখিতাম লেখা,
 কে তোরা মুছিলি সেই সাধের লিখন ।
 সুধাময়ী মেয়েটি সে হোথায় লুটিত,
 চুমো খেলে হাসিটুকু ফুটিয়া উঠিত ।
 তাই রে মাধবীলতা মাথা তুলেছিল হোথা,
 ভেবেছিল চিরদিন রবে মুকুলিত ।
 কোথায় রে, কে তাহারে করিলি দলিত ।

ওই যে শুকানো ফুল ছুঁড়ে ফেলে দিলে
 উহার মরম-কথা বুঝিতে নারিলে ।
 ও যদি ফুটেছিল নব রবি উঠেছিল,
 কানন মাতিয়াছিল বসন্ত-অনিলে ।
 ওই যে শুকায় চাঁপা পড়ে একাকিনী,
 তোমরা তো জানিবে না উহার কাহিনী ।
 কবে কোন্ সঙ্কেবেলা ওরে তুলেছিল বালা
 ওরি মাঝে বাজে কোন্ পূরবী রাগিনী ।
 যারে দিয়েছিল ওই ফুল উপহার
 কোথায় সে গেছে চলে, সে তো নেই আর ।
 একটু কুসুমকণা তাও নিতে পারিল না,
 ফেলে রেখে যেতে হল মরণের পার ;
 কত সুখ, কত ব্যথা, সুখের দুখের কথা
 মিশিছে ধূলির সাথে ফুলের মাঝার ।

মিছে শোক, মিছে এই বিলাপ কাতর,
 সন্মুখে রয়েছে পড়ে যুগ-যুগান্তর ।

মথুরায়

বাঁশরি বাজাতে চাহি, বাঁশরি বাজিল কই ?
 বিহরিছে সমীরণ, কুহরিছে পিকগণ,
 মথুরার উপবন কুসুমে সাজিল ওই ।
 বাঁশরি বাজাতে চাহি, বাঁশরি বাজিল কই ?

বিকচ বকুল ফুল দেখে যে হতেছে ভুল,
কোথাকার অলিকুল গুঞ্জরে কোথায় !
এ নহে কি বৃন্দাবন ? কোথা সেই চন্দ্রানন ?
ওই কি নৃপুরধ্বনি বনপথে শুনা যায় ?
একা আছি বনে বসি, পীত ধড়া গড়ে খসি,
সোঙরি সে মুখশশী পরান মজিল সই ।
বাঁশরি বাজাতে চাহি, বাঁশরি বাজিল কই ?

এক বার রাধে রাধে ডাক বাঁশি, মনোসাধে,
আজি এ মধুর চাঁদে মধুর যামিনী ভায় ।
কোথা সে বিধুরা বালা, মলিন মালতীমালা,
হৃদয়ে বিরহ-জ্বালা, এ নিশি পোহায় হায় ।
কবি যে হল আকুল, এ কি রে বিধির ভুল,
মথুরায় কেন ফুল ফুটেছে আজি লো সই ?
বাঁশরি বাজাতে গিয়ে বাঁশরি বাজিল কই ?

বনের ছায়া

কোথা রে তরুর ছায়া, বনের শ্যামল স্নেহ ।
তট-তরু কোলে কোলে সারাদিন কলরোলে
স্রোতস্বিনী যায় চলে সুদূরে সাধের গেহ :
কোথা রে তরুর ছায়া, বনের শ্যামল স্নেহ ;
কোথা রে সুনীল দিশে বনান্ত রয়েছে মিশে
অনন্তের অনিমিষে নয়ন নিমেষ-হারা ।
দূর হতে বায়ু এসে চলে যায় দূর-দেশে
গীত-গান যায় ভেসে, কোন্ দেশে যায় তারা ।
হাসি, বাঁশি, পরিহাস, বিমল সুখের শ্বাস,
মেলামেশা বারো মাস নদীর শ্যামল তীরে ;
কেহ খেলে, কেহ দোলে, ঘুমায় ছায়ার কোলে,
বেলা শুধু যায় চলে কুলুকুলু নদীনীরে ।
বকুল কুড়োয় কেহ, কেহ গাঁথে মালাখানি ;
ছায়াতে ছায়ার প্রায় বসে বসে গান গায়,
করিতেছে কে কোথায় চুপি চুপি কানাকানি ।
খুলে গেছে চুলগুলি, বাঁধিতে গিয়েছে ভুলি,
আঙুলে ধরেছে তুলি আঁখি পাছে ঢেকে যায়,
কাঁকন খসিয়া গেছে, খুঁজিছে গাছের ছায় ।
বনের মর্মের মাঝে বিজনে বাঁশরি বাজে,
তারি সুরে মাঝে মাঝে ঘুঘু দুটি গান গায় ।
ঝুরু ঝুরু কত পাতা গাহিছে বনের গাথা,
কত-না মনের কথা তারি সাথে মিশে যায় ।

লতাপাতা কত শত খেলে কাঁপে কত মতো
ছোটো ছোটো আলোছায়া ঝিকিমিকি বন ছেয়ে,
তারি সাথে তারি মতো খেলে কত ছেলেমেয়ে ।

কোথায় সে গুন গুন ঝরঝর মরমর,
কোথা সে মাথার 'পরে লতাপাতা থরথর ।
কোথায় সে ছায়া আলো, ছেলেমেয়ে খেলাধূলি,
কোথা সে ফুলের মাঝে এলোচূলে হাসিগুলি ।
কোথা রে সরল প্রাণ, গভীর আনন্দ-গান,
অসীম শান্তির মাঝে প্রাণের সাধের গেহ,
তরুর শীতল ছায়া, বনের শ্যামল স্নেহ ।

কোথায়

হায় কোথা যাবে !
অনন্ত অজানা দেশ, নিতান্ত যে একা তুমি,
পথ কোথা পাবে !
হায়, কোথা যাবে !

কঠিন বিপুল এ জগৎ,
খুঁজে নেয় যে যাহার পথ ।
স্নেহের পুতলি তুমি সহসা অসীমে গিয়ে
কার মুখে চাবে ।
হায়, কোথা যাবে !

মোরা কেহ সাথে রহিব না,
মোরা কেহ কথা কহিব না ।
নিমেষ যেমনি যাবে, আমাদের ভালোবাসা
আর নাহি পাবে ।
হায়, কোথা যাবে !

মোরা বসে কাঁদিব হেথায়,
শূন্যে চেয়ে ডাকিব তোমায় ;
মহা সে বিজন মাঝে হয়তো বিলাপধ্বনি
মাঝে মাঝে শুনিবারে পাবে,
হায়, কোথা যাবে !

দেখো, এই ফুটিয়াছে ফুল,
বসন্তেরে করিছে আকুল,

পুরানো সুখের স্মৃতি বাতাস আনিছে নিতি
কত স্নেহভাবে,
হায়, কোথা যাবে !

খেলাধুলা পড়ে না কি মনে,
কত কথা স্নেহের স্মরণে ।
সুখে দুখে শত ফেরে সে-কথা জড়িত যে রে,
সেও কি ফুরাবে !
হায়, কোথা যাবে !

চিরদিন তরে হবে পর,
এ-ঘর রবে না তব ঘর ।
যারা ওই কোলে যেত তারাও পরের মতো
বারেক ফিরেও নাহি চাবে ।
হায়, কোথা যাবে !

হায়, কোথা যাবে !
যাবে যদি, যাও যাও, অশ্রু তব মুছে যাও,
এইখানে দুঃখ রেখে যাও ।
যে বিশ্রাম চেয়েছিলে তাই যেন সেথা মিলে—
আরামে ঘুমাও ।
যাবে যদি, যাও ।

শান্তি

থাক্ থাক্ চুপ কর্ তোরা, ও আমার ঘুমিয়ে পড়েছে ।
আবার যদি জেগে ওঠে বাছা কান্না দেখে কান্না পাবে যে ।
কত হাসি হেসে গেছে ও, মুছে গেছে কত অশ্রুধার,
হেসে কেঁদে আজ ঘুমাল, ওরে তোরা কাঁদাস নে আর ।

কত রাত গিয়েছিল হায়, বসেছিল বসন্তের বায়,
পূবের জানালাখানি দিয়ে চন্দ্রালোক পড়েছিল গায় ;
কত রাত গিয়েছিল হায়, দূর হতে বেজেছিল বাঁশি,
সুরগুলি কেঁদে ফিরেছিল বিছানার কাছে কাছে আসি ।
কত রাত গিয়েছিল হায়, কোলেতে শুকানো ফুলমালা
নত মুখে উলটি পালটি চেয়ে চেয়ে কেঁদেছিল বালা ।
কত দিন ভোরে শুকতারা উঠেছিল ওর আঁখি-'পরে,
সমুখের কুসুম-কাননে ফুল ফুটেছিল থরে থরে ।
একটি ছেলেরে কোলে নিয়ে বলেছিল সোহাগের ভাষা,
কারেও বা ভালোবেসেছিল, পেয়েছিল কারো ভালোবাসা !

হেসে হেসে গলাগলি করে খেলেছিল যাহাদের নিয়ে
 আজো তারা ওই খেলা করে, ওর খেলা গিয়েছে ফুরিয়ে ।
 সেই রবি উঠেছে সকালে, ফুটেছে সমুখে সেই ফুল,
 ও কখন খেলাতে খেলাতে মাঝখানে ঘুমিয়ে আকুল ।
 শ্রান্ত দেহ, নিষ্পন্দ নয়ন, ভুলে গেছে হৃদয়-বেদনা ।
 চুপ করে চেয়ে দেখো ওরে, থামো থামো, হেসো না কেঁদো না ।

পাষণী মা

হে ধরণী, জীবের জননী,
 শুনেছি যে মা তোমায় বলে,
 তবে কেন তোর কোলে সবে
 কেঁদে আসে, কেঁদে যায় চলে ।
 তবে কেন তোর কোলে এসে
 সস্তানের মেটে না পিয়াসা ।
 কেন চায়, কেন কাঁদে সবে,
 কেন কেঁদে পায় না ভালোবাসা ।
 কেন হেথা পাষণ-পরান,
 কেন সবে নীরস নিষ্ঠুর,
 কেঁদে কেঁদে দুয়ারে যে আসে
 কেন তারে করে দেয় দূর ।
 কাঁদিয়া যে ফিরে চলে যায়
 তার তরে কাঁদিস নে কেহ,
 এই কি মা, জননীর প্রাণ,
 এই কি মা, জননীর স্নেহ !

হৃদয়ের ভাষা

হৃদয় কেন গো মোরে ছলিছ সতত,
 আপনার ভাষা তুমি শিখাও আমায় ।
 প্রত্যহ আকুল কণ্ঠে গাহিতেছি কত,
 ভগ্ন বাঁশরিতে শ্বাস করে হয় হয় !
 সন্ধ্যাকালে নেমে যায় নীরব তপন
 সুনীল আকাশ হতে সুনীল সাগরে ।
 আমার মনের কথা, প্রাণের স্বপন
 ভাসিয়া উঠিছে যেন আকাশের 'পরে ।
 ধ্বনিছে সন্ধ্যার মাঝে কার শাস্ত বাণী,
 ও কি রে আমারি গান ? ভাবিতেছি তাই ।

প্রাণের যে কথাগুলি আমি নাহি জানি
সে-কথা কেমন করে জেনেছে সবাই ।
মোর হৃদয়ের গান সকলেই গায়,
গাহিতে পারি নে তাহা আমি শুধু হায় ।

পত্র

নৌকাযাত্রা হইতে ফিরিয়া আসিয়া লিখিত

সুহৃদর শ্রীযুক্ত প্রিয়নাথ সেন স্থলচরবরেষু

জলে বাসা বেঁধেছিলেম, ডাঙায় বড়ো কিচিমিচি ।
সবাই গলা জাহির করে, চেষ্টায় কেবল মিছিমিছি ।
সস্তা লেখক কোঁকিয়ে মরে, ঢাক নিয়ে সে খালি পিটোয়,
ভদ্রলোকের গায়ে পড়ে কলম নেড়ে কালি ছিটোয় ।
এখানে যে বাস করা দায় ভনভনানির বাজারে,
প্রাণের মধ্যে গুলিয়ে উঠে হট্টগোলের মাঝারে ।
কানে যখন তালা ধরে, উঠি যখন হাঁপিয়ে
কোথায় পালাই, কোথায় পালাই— জলে পড়ি ঝাঁপিয়ে ।
গঙ্গাপ্রাপ্তির আশা করে গঙ্গাযাত্রা করেছিলেম ।
তোমাদের না বলে কয়ে আস্তে আস্তে সরেছিলেম ।

দুনিয়ার এ মজলিসেতে এসেছিলেম গান শুনতে,
আপন মনে গুনগুনিয়ে রাগ-রাগিনীর জাল বুনতে ।
গান শোনে সে কাহার সাধি, ছোঁড়াগুলো বাজায় বাদি,
বিদ্যেখানা ফাটিয়ে ফেলে থাকে তারা তুলো ধুনতে ।
ডেকে বলে, হেঁকে বলে, ভঙ্গি করে বেঁকে বলে—
“আমার কথা শোনো সবাই, গান শোনো আর নাই শোনো ।
গান যে কাকে বলে সেইটে বুঝিয়ে দেব, তাই শোনো ।”

টীকে করেন, ব্যাখ্যা করেন, জেঁকে ওঠে বক্তিতে—
কে দেখে তার হাত-পা নাড়া, চক্ষু দুটোর রক্তিতে !
চন্দ্রসূর্য জ্বলছে মিছে আকাশখানার চালাতে—
তিনি বলেন, “আমিই আছি জ্বলতে এবং জ্বালাতে ।”
কুঞ্জবনের তানপুরোতে সুর বেঁধেছে বসন্ত,
সেটা শুনে নাড়েন কর্ণ, হয় নাকো তাঁর পছন্দ ।
তাঁরি সুরে গাক-না সবাই টপ্পা খেয়াল ধুরবোধ—
গায় না যে কেউ, আসল কথা নাইকো কারো সুর-বোধ !
কাগজওয়ালা সারি সারি নাড়ছে কাগজ হাতে নিয়ে—
বাঙলা থেকে শাস্তি বিদায় তিনশো কুলোর বাতাস দিয়ে ।

কাগজ দিয়ে নৌকা বানায় বেকার যত ছেলেপিলে,
 কর্ণ ধরে পার করবেন দু-এক পয়সা খেয়া দিলে ।
 সস্তা শুনে ছুটে আসে যত দীর্ঘকর্ণগুলো—
 বঙ্গদেশের চতুর্দিকে তাই উড়েছে এত ধুলো ।
 খুদে খুদে 'আর্য'গুলো ঘাসের মতো গজিয়ে ওঠে,
 ছুঁচোলো সব জিবের ডগা কাঁটার মতো পায়ে ফোটে ।
 তাঁরা বলেন "আমিই কঙ্কি"— গাঁজার কঙ্কি হবে বুঝি !
 অবতারে ভরে গেল যত রাজ্যের গলিঘুঁজি ।

পাড়ায় এমন কত আছে কত কব তার !
 বঙ্গদেশে মেলাই এল বরা'-অবতার ।
 দাঁতের জোরে হিন্দুশাস্ত্র তুলবে তারা পাকের থেকে,
 দাঁতকপাটি লাগে তাদের দাঁত-খিঁচুনির ভঙ্গি দেখে ।
 আগাগোড়াই মিথ্যে কথা, মিথোবাদীর কোলাহল,
 জিব নাচিয়ে বেড়ায় যত জিহ্বাওয়ালা সঙের দল ।
 বাক্যবন্যা ফেনিয়ে আসে, ভাসিয়ে নে যায় তোড়ে—
 কোনোক্রমে রক্ষে পেলেম মা-গঙ্গারই ক্রোড়ে ।

হেথায় কিবা শান্তি-ঢালা কুলুকুলু তান !
 সাগর-পানে বহন করে গিরিরাজের গান ।
 ধীরি ধীরি বাতাসটি দেয় জলের গায়ে কাঁটা ।
 আকাশেতে আলো-আধার খেলে জোয়ারভাঁটা ।
 তীরে তীরে গাছের সারি পল্লবেরই ঢেউ ।
 সারাদিবস হেলে দোলে, দেখে না তো কেউ ।
 পূর্বতীরে তরুশিরে অরুণ হেসে চায়—
 পশ্চিমেতে কুঞ্জমাঝে সন্ধ্যা নেমে যায় ।
 তীরে ওঠে শঙ্খধ্বনি, ধীরে আসে কানে,
 সন্ধ্যাতারা চেয়ে থাকে ধরণীর পানে ।
 ঝাউবনের আড়ালেতে চাঁদ ওঠে ধীরে,
 ফোটে সন্ধ্যাদীপগুলি অন্ধকার তীরে ।
 এই শান্তি-সলিলেতে দিয়েছিলেম ডুব,
 হট্টগোলটা ভুলেছিলেম, সুখে ছিলেম খুব ।

জান তো ভাই আমি হচ্ছি জলচরের জাত,
 আপন মনে সাঁতরে বেড়াই— ভাসি যে দিনরাত ।
 রোদ পোহাতে ডাঙায় উঠি, হাওয়াটি খাই চোখ বুজে,
 ভয়ে ভয়ে কাছে এগোই তেমন তেমন লোক বুঝে ।
 গতিক মন্দ দেখলে আবার ডুবি অগাধ জলে,
 এমনি করেই দিনটা কাটাই লুকোচুরির ছলে ।
 তুমি কেন ছিপ ফেলেছ শুকনো ডাঙায় বসে ?
 বুকুর কাছে বিদ্ধ করে টান মেরেছ কষে ।

আমি তোমায় জলে টানি, তুমি ডাঙায় টানো—
 অটল হয়ে বসে আছি, হার তো নাহি মানো ।
 আমারি নয় হার হয়েছে, তোমারি নয় জিত—
 খাবি খাচ্ছি ডাঙায় পড়ে হয়ে পড়ে চিত ।
 আর কেন ভাই, ঘরে চলো ছিপ গুটিয়ে নাও,
 রবীন্দ্রনাথ পড়ল ধরা ঢাক পিটিয়ে দাও ।

বিরহীর পত্র

হয় কি না হয় দেখা, ফিরি কি না ফিরি,
 দূরে গেলে এই মনে হয় ;
 দুজনার মাঝখানে অন্ধকারে ঘিরি
 জেগে থাকে সতত সংশয় ।
 এত লোক, এত জন, এত পথ গলি,
 এমন বিপুল এ সংসার—
 ভয়ে ভয়ে হাতে হাতে বেঁধে বেঁধে চলি,
 ছাড়া পেলে কে আর কাহার ।

তারায় তারায় সদা থাকে চোখে চোখে
 অন্ধকারে অসীম গগনে ।
 ভয়ে ভয়ে অনিমেষে কম্পিত আলোকে
 বাঁধা থাকে নয়নে নয়নে ।
 চৌদিকে অটল স্তব্ধ সুগভীর রাত্রি,
 তরুহীন মরুময় ব্যোম—
 মুখে মুখে চেয়ে তাই চলে যত যাত্রী
 চলে এহ রবি তারা সোম ।

নিমেষের অন্তরালে কী আছে কে জানে,
 নিমেষে অসীম পড়ে ঢাকা—
 অন্ধ কালতুরঙ্গম রাশ নাহি মানো,
 বেগে ধায় অদৃষ্টের ঢাকা ।
 কাছে কাছে পাছে পাছে চলিবারে চাই,
 জেগে জেগে দিতেছি পাহারা,
 একটু এসেছে ঘুম— চমকি তাকাই
 গেছে চলে কোথায় কাহার !

ছাড়িয়া চলিয়া গেলে কাঁদি তাই একা
 বিরহের সমুদ্রের তীরে ।

অনন্তের মাঝখানে দু-দণ্ডের দেখা
 তাও কেন রাছ এসে ঘিরে !
 মৃত্যু যেন মাঝে মাঝে দেখা দিয়ে যায়,
 পাঠায় সে বিরহের চর ।
 সকলেই চলে যাবে, পড়ে রবে হায়
 ধরণীর শূন্য খেলাঘর ।

গ্রহ তারা ধূমকেতু কত রবি শশী
 শূন্য ঘেরি জগতের ভিড়,
 তারি মাঝে যদি ভাঙে, যদি যায় খসি
 আমাদের দু-দণ্ডের নীড়—
 কোথায় কে হারাইব ! কোন্ রাত্রিবেলা
 কে কোথায় হইব অতিথি !
 তখন কি মনে রবে দু-দিনের খেলা,
 দরশের পরশের স্মৃতি !

তাই মনে করে কি রে চোখে জল আসে
 একটুকু চোখের আড়ালে !
 প্রাণ যারে প্রাণের অধিক ভালোবাসে
 সেও কি রবে না এক কালে !
 আশা নিয়ে এ কি শুধু খেলাই কেবল—
 সুখ দুঃখ মনের বিকার !
 ভালোবাসা কাঁদে, হাসে, মোছে অশ্রুজল,
 চায় পায়, হারায় আবার ।

মঙ্গলগীত

শ্রীমতী ইন্দ্রিা । প্রাণাধিকাসু । নাসিক
 এতবড়ো এ ধরণী মহাসিঙ্কু-ঘেরা
 দুলিতেছে আকাশসাগরে—
 দিন-দুই হেথা রহি মোরা মানবেরা
 শুধু কি, মা, যাব খেলা করে ।
 তাই কি ধাইছে গঙ্গা ছাড়ি হিমগিরি,
 অরণ্য বহিছে ফুল-ফল—
 শত কোটি রবি তারা আমাদের ঘিরি
 গনিতেছে প্রতি দণ্ড পল !

শুধু কি, মা, হাসিখেলা প্রতি দিন রাত
 দিবসের প্রত্যেক প্রহর !

প্রভাতের পরে আসি নূতন প্রভাত
 লিখিছে কি একই অক্ষর !
 কানাকানি হাসাহাসি কোণেতে গুটায়,
 অলস নয়ননিমীলন,
 দণ্ড-দুই ধরণীর ধূলিতে লুটায়
 ধূলি হয়ে ধূলিতে শয়ন !

নাই কি, মা, মানবের গভীর ভাবনা,
 হৃদয়ের সীমাহীন আশা !
 জেগে নাই অন্তরেতে অনন্ত চেতনা,
 জীবনের অনন্ত পিপাসা !
 হৃদয়েতে শুষ্ক কি, মা, উৎস করুণার,
 শুনি না কি দুখীর ক্রন্দন !
 জগৎ শুধু কি, মা গো, তোমার আমার
 ঘুমাবার কুসুম-আসন !

শুনো না কাহারা ওই করে কানাকানি
 অতি তুচ্ছ ছোটো ছোটো কথা ।
 পরের হৃদয় লয়ে করে টানাটানি,
 শকুনির মতো নির্মমতা ।
 শুনো না করিছে কারা কথা-কাটাকাটি
 মাতিয়া জ্ঞানের অভিমানে,
 রসনায় রসনায় ঘোর লাঠালাঠি,
 আপনার বুদ্ধিরে বাখানে ।

তুমি এস দূরে এস, পবিত্র নিভৃতে,
 ক্ষুদ্র অভিমান যাও ভুলি ।
 সযতনে ঝেড়ে ফেলো বসন হইতে
 প্রতি নিমেষের যত ধূলি !
 নিমেষের ক্ষুদ্র কথা ক্ষুদ্র রেণুজাল
 আচ্ছন্ন করিছে মানবেরে,
 উদার অনন্ত তাই হতেছে আড়াল
 তিল তিল ক্ষুদ্রতার ঘেরে ।

আছে, মা, তোমার মুখে স্বর্গের কিরণ,
 হৃদয়েতে উষার আভাস,
 খুঁজিছে সরল পথ ব্যাকুল নয়ন—
 চারি দিকে মর্তের প্রবাস ।
 আপনার ছায়া ফেলি আমরা সকলে
 পথ তোর অন্ধকারে ঢাকি—

ক্ষুদ্র কথা, ক্ষুদ্র কাজে, ক্ষুদ্র শত ছলে,
কেন তোরে ভুলাইয়া রাখি ।

কেন, মা, তোমারে কেহ চাহে না জানাতে
মানবের উচ্চ কুলশীল—
অনন্তজগৎ-ব্যাপী ঈশ্বরের সাথে
তোমার যে সুগভীর মিল ।
কেন কেহ দেখায় না— চারি দিকে তব
ঈশ্বরের বাহুর বিস্তার !
ঘেরি তোরে ভোগসুখ ঢালি নব নব
গৃহ বলি রচে কারাগার ।

অনন্তের মাঝখানে দাঁড়াও, মা আসি,
চেয়ে দেখো আকাশের পানে—
পড়ুক বিমলবিভা পূর্ণ রূপরাশি
স্বর্গমুখী কমলনয়ানে ।
আনন্দে ফুটিয়া ওঠো শুভ সূর্যোদয়ে
প্রভাতের কুসুমের মতো,
দাঁড়াও সায়াহ্নমাঝে পবিত্র হৃদয়ে
মাথাখানি করিয়া আনত ।

শোনো শোনো উঠিতেছে সুগভীর বাণী,
ধ্বনিতোছে আকাশ পাতাল !
বিশ্ব-চরাচর গাহে কাহারে বাখানি
আদিহীন অন্তহীন কাল !
যাত্রী সবে ছুটিয়াছে শূন্যপথ দিয়া,
উঠেছে সংগীতকোলাহল,
ওই নিখিলের সাথে কণ্ঠ মিলাইয়া
মা, আমরা যাত্রা করি চল ।

যাত্রা করি বৃথা যত অহংকুর হতে,
যাত্রা করি ছাড়ি হিংসাদ্বেষ,
যাত্রা করি স্বর্গময়ী করুণার পথে,
শিরে ধরি সত্যের আদেশ ।
যাত্রা করি মানবের হৃদয়ের মাঝে
প্রাণে লয়ে প্রেমের আলোক,
আয়, মা গো, যাত্রা করি জগতের কাজে
তুচ্ছ করি নিজ দুঃখশোক ।

জেনো, মা, এ সুখে-দুঃখে-আকুল সংসারে
মেটে না সকল তুচ্ছ আশ—

তা বলিয়া অভিমানে অনন্ত তাঁহারে
 কোরো না, কোরো না অবিশ্বাস ।
 সুখ ব'লে যাহা চাই সুখ তাহা নয়,
 কী যে চাই জানি না আপনি—
 আধারে জ্বলিছে ওই ওরে কোরো ভয়,
 ভুজঙ্গের মাথার ও মণি ।

ক্ষুদ্র সুখ ভেঙে যায় না সহে নিশ্বাস,
 ভাঙে বালুকার খেলাঘর—
 ভেঙে গিয়ে বলে দেয় এ নহে আবাস,
 জীবনের এ নহে নির্ভর ।
 সকলে শিশুর মতো কত আবদার
 আনিছে তাঁহার সন্নিধান—
 পূর্ণ যদি নাহি হল, অমনি তাহার
 ঈশ্বরে করিছে অপমান !

কিছুই চাব না, মা গো, আপনার তরে,
 পেয়েছি যা শুধিব সে ঋণ—
 পেয়েছি যে প্রেমসুধা হৃদয়-ভিতরে,
 ঢালিয়া তা দিব নিশিদিন ।
 সুখ শুধু পাওয়া যায় সুখ না চাহিলে,
 প্রেম দিলে প্রেমে পুরে প্রাণ,
 নিশিদিন আপনার ক্রন্দন গাহিলে
 ক্রন্দনের নাহি অবসান ।

মধুপাত্রে হতপ্রাণ পিপীলির মতো
 ভোগসুখে জীর্ণ হয়ে থাকা,
 ঝুলে থাকা বাদুড়ের মতো শির নত
 আকড়িয়া সংসারের শাখা,
 জগতের হিসাবেতে শূন্য হয়ে হায়
 আপনারে আপনি ভক্ষণ,
 ফুলে উঠে ফেটে যাওয়া জলবিন্দু প্রায়—
 এই কি রে সুখের লক্ষণ !

এই অহিফেনসুখ কে চায় ইহাকে !
 মানবত্ব এ নয় এ নয় ।
 রাহুর মতন সুখ গ্রাস করে রাখে
 মানবের মানবহৃদয় ।
 মানবেরে বল দেয় সহস্র বিপদ,
 প্রাণ দেয় সহস্র ভাবনা,

দারিদ্র্যে খুঁজিয়া পাই মনের সম্পদ,
শোকে পাই অনন্ত সান্ত্বনা ।

চিরদিবসের সুখ রয়েছে গোপন
আপনার আত্মার মাঝার ।
চারি দিকে সুখ খুঁজে শ্রান্ত প্রাণমন—
হেথা আছে, কোথা নেই আর ।
বাহিরের সুখ সে, সুখের মরীচিকা—
বাহিরেতে নিয়ে যায় ছ'লে,
যখন মিলায়ে যায় মায়াকুহেলিকা
কেন কাঁদি সুখ নেই ব'লে !

দাঁড়াও সে অন্তরের শান্তিনিকেতনে
চিরজ্যোতি চিরছায়াময়—
ঝড়হীন রৌদ্রহীন নিভৃত সদনে
জীবনের অনন্ত আলায় ।
পুণ্যজ্যোতি মুখে লয়ে পুণ্য হাসিখানি,
অন্নপূর্ণা জননী -সমান,
মহাসুখে সুখ দুঃখ কিছু নাহি মানি
করো সবে সুখশান্তি দান ।

মা, আমার এই জেনো হৃদয়ের সাধ
তুমি হও লক্ষ্মীর প্রতিমা—
মানবেরে জ্যোতি দাও, করো আশীর্বাদ,
অকলঙ্ক মূর্তি মধুরিমা ।
কাছে থেকে এত কথা বলা নাহি হয়,
হেসে খেলে দিন যায় কেটে,
দূরে ভয় হয় পাছে না পাই সময়,
বলিবার সাধ নাহি মেটে ।

কত কথা বলিবারে চাহি প্রাণপণে,
কিছুতে, মা, বলিতে না পারি—
স্নেহমুখখানি তোর পড়ে মোর মনে,
নয়নে উথলে অশ্রুবারি ।
সুন্দর মুখেতে তোর মগ্ন আছে ঘুমে
একখানি পবিত্র জীবন ;
ফলুক সুন্দর ফল সুন্দর কুসুমে
আশীর্বাদ করো, মা, গ্রহণ ।

২

শ্রীমতী ইন্দ্রিা । প্রাণাধিকাসু । নাসিক
চারি দিকে তর্ক উঠে সাজ নাহি হয়,
কথায় কথায় বাড়ে কথা ।
সংশয়ের উপরেতে চাপিছে সংশয়,
কেবলি বাড়িছে ব্যাকুলতা ।
ফেনার উপরে ফেনা, ঢেউ-পরে ঢেউ,
গরজনে বধির শ্রবণ—
তীর কোন দিকে আছে নাহি জানে কেউ,
হা হা করে আকুল পবন ।

এই কল্লোলের মাঝে নিয়ে এসো কেহ
পরিপূর্ণ একটি জীবন,
নীরবে মিটিয়া যাবে সকল সন্দেহ,
থেমে যাবে সহস্র বচন ।
তোমার চরণে আসি মাগিবে মরণ
লক্ষ্যহারা শত শত মত,
যেদিকে ফিরাবে তুমি দুখানি নয়ন
সেদিকে হেরিবে সবে পথ ।

অন্ধকার নাহি যায় বিবাদ করিলে,
মানে না বাহুর আক্রমণ ।
একটি আলোকশিখা সমুখে ধরিলে
নীরবে করে সে পলায়ন ।
এসো, মা, উষার আলো, অকলঙ্ক প্রাণ,
দাঁড়াও এ সংসার-আধারে ।
জাগাও জাগ্রত হৃদে আনন্দের গান,
কূল দাও নিদ্রার পাথারে ।

চারি দিকে নৃশংসতা করে হানাহানি,
মানবের পাষণ পরান ।
শাণিত ছুরির মতো বিধাইয়া বাণী
হৃদয়ের রক্ত করে পান ।
তৃষিত কাতর প্রাণী মাগিতেছে জল,
উষ্কাধারা করিছে বর্ষণ—
শ্যামল আশার ক্ষেত্র করিয়া বিফল
স্বার্থ দিয়ে করিছে কর্ষণ ।

শুধু এসে একবার দাঁড়াও কাতরে
মেলি দুটি সক্রমণ চোখ,

পড়ুক দু-ফোঁটা অশ্রু জগতের 'পরে
 যেন দুটি বাল্মীকির শ্লোক ।
 ব্যথিত করুক স্নান তোমার নয়নে,
 করুণার অমৃতনির্ঝরে,
 তোমারে কাতর হেরি মানবের মনে
 দয়া হবে মানবের 'পরে ।

সমুদয় মানবের সৌন্দর্যে ডুবিয়া
 হও তুমি অক্ষয় সুন্দর ।
 ক্ষুদ্র রূপ কোথা যায় বাতাসে উবিয়া
 দুই-চারি পলকের পর ।
 তোমার সৌন্দর্যে হোক মানব সুন্দর ;
 প্রেমে তব বিশ্ব হোক আলো ।
 তোমারে হেরিয়া যেন মুগ্ধ-অন্তর
 মানুষে মানুষ বাসে ভালো ।

বান্দোরা
 [১২৯৩]

৩

শ্রীমতী ইন্দ্রিকা । প্রাণাধিকাসু । নাসিক
 আমার এ গান, মা গো, শুধু কি নিমেষে
 মিলাইবে হৃদয়ের কাছাকাছি এসে ?
 আমার প্রাণের কথা
 নিদ্রাহীন আকুলতা
 শুধু নিশ্বাসের মতো যাবে কি, মা, ভেসে !
 এ গান তোমারে সদা ঘিরে যেন রাখে,
 সত্যের পথের 'পরে নাম ধরে ডাকে ।
 সংসারের সুখে দুখে
 চেয়ে থাকে তোর মুখে,
 চির-আশীর্বাদ-সম কাছে কাছে থাকে ।
 বিজনে সঙ্গীর মতো করে যেন বাস,
 অনুক্ষণ শোনে তোর হৃদয়ের আশ ।
 পড়িয়া সংসারঘোরে
 কাঁদিতে হেরিলে তোরে
 ভাগ করে নেয় যেন দুখের নিশ্বাস ।
 সংসারের প্রলোভন যবে আসি হানে
 মধুমাখা বিষবাণী দুর্বল পরানে,

এ গান আপন সুরে
মন তোর রাখে পুরে,
ইষ্টমঙ্গলসম সদা বাজে তোর কানে ।

আমার এ গান যেন সুদীর্ঘ জীবন
তোমার বসন হয়, তোমার ভূষণ ।
পৃথিবীর ধূলিজাল
করে দেয় অন্তরাল,
তোমারে করিয়া রাখে সুন্দর শোভন ।

আমার এ গান যেন নাহি মানে মানা,
উদার বাতাস হয়ে এলাইয়া ডানা
সৌরভের মতো তোরে
নিয়ে যায় চুরি করে—
খুঁজিয়া দেখাতে যায় স্বর্গের সীমানা ।

এ গান যেন রে হয় তোর ধুবতারা,
অন্ধকারে অনিমেঘে নিশি করে সারা ।
তোমার মুখের 'পরে
জেগে থাকে স্নেহভরে,
অকূলে নয়ন মেলি দেখায় কিনারা ।

আমার এ গান যেন পশি তোর কানে
মিলায়ে মিশায়ে যায় সমস্ত পরানে ।
তপ্ত শোণিতের মতো
বহে শিরে অবিরত,
আনন্দে নাচিয়া উঠে মহত্বের গানে ।

এ গান ঝাঁচিয়া থাকে যেন তোর মাঝে,
আঁখিতারা হয়ে তোর আঁখিতে বিরাজে ।
এ যেন রে করে দান
সতত নূতন প্রাণ,
এ যেন জীবন পায় জীবনের কাজে ।

যদি যাই, মৃত্যু যদি নিয়ে যায় ডাকি,
এই গানে রেখে যাব মোর স্নেহ-আঁখি ।
যবে হয় সব গান
হয়ে যাবে অবসান
এ গানের মাঝে আমি যেন বেঁচে থাকি ।

খেলা

পথের ধারে অশথতলে
 মেয়েটি খেলা করে ;
 আপন-মনে আপনি আছে
 সারাটি দিন ধরে ।
 উপর-পানে আকাশ শুধু,
 সমুখ-পানে মাঠ,
 শরৎকালে রোদ পড়েছে,
 মধুর পথঘাট ।
 দুটি-একটি পথিক চলে,
 গল্প করে, হাসে ।
 লজ্জাবতী বধুটি গেল
 ছায়াটি নিয়ে পাশে ।
 আকাশ-ঘেরা মাঠের ধারে
 বিশাল খেলাঘরে
 একটি মেয়ে আপন-মনে
 কতই খেলা করে ।

মাথার 'পরে ছায়া পড়েছে,
 রোদ পড়েছে কোলে,
 পায়ের কাছে একটি লতা
 বাতাস পেয়ে দোলে ।
 মাঠের থেকে বাছুর আসে,
 দেখে নূতন লোক,
 ঘাড় বেঁকিয়ে চেয়ে থাকে
 ড্যাবা ড্যাবা চোখ ।
 কাঠবিড়ালি উসুখুসু
 আশেপাশে ছোটে,
 শব্দ পেলে লেজটি তুলে
 চমক খেয়ে ওঠে ।
 মেয়েটি তাই চেয়ে দেখে
 কত যে সাধ যায়—
 কোমল গায়ে হাত বুলায়ে
 চুমো খেতে চায় !

সাধ যেতেছে কাঠবিড়ালি
 তুলে নিয়ে বুক,
 ভেঙে ভেঙে টুকটুকু
 খাবার দেবে মুখে ।

মিষ্টি নামে ডাকবে তারে
 গালের কাছে রেখে,
 বুকের মধ্যে রেখে দেবে
 আঁচল দিয়ে ঢেকে ।
 “আয় আয়” ডাকে সে তাই—
 করুণ স্বরে কয়,
 “আমি কিছু বলব না তো,
 আমায় কেন ভয় !”
 মাথা তুলে চেয়ে থাকে
 উঁচু ডালের পানে—
 কাঠবিড়ালি ছুটে পালায়,
 ব্যথা সে পায় প্রাণে ।

রাখাল ছেলের বাঁশি বাজে
 সুদূর তরুছায়,
 খেলতে খেলতে মেয়েটি তাই
 খেলা ভুলে যায় ।
 তরুর মূলে মাথা রেখে
 চেয়ে থাকে পথে,
 না জানি কোন্ পরীর দেশে
 ধায় সে মনোরথে ।
 একলা কোথায় ঘুরে বেড়ায়
 মায়াদ্বীপে গিয়ে—
 হেনকালে চাষী আসে
 দুটি গোরু নিয়ে ।
 শব্দ শুনে কেঁপে ওঠে,
 চমক ভেঙে চায় ।
 আঁখি হতে মিলায় মায়া,
 স্বপন টুটে যায় ।

বসন্ত-অবসান

কখন বসন্ত গেল, এবার হল না গান !
 কখন বকুল-মূল ছেয়েছিল ঝরা ফুল,
 কখন যে ফুল-ফোটা হয়ে গেল অবসান !
 কখন বসন্ত গেল, এবার হল না গান !

এবার বসন্তে কি রে যুথীগুলি জাগে নি রে !
 অলিকুল গুঞ্জরিয়া করে নি কি মধুপান !
 এবার কি সমীরণ জাগায় নি ফুলবন,

সাড়া দিয়ে গেল না তো, চলে গেল স্রিয়মাণ !
কখন বসন্ত গেল, এবার হল না গান !

যতগুলি পাখি ছিল গেয়ে বুঝি চলে গেল,
সমীরণে মিলে গেল বনের বিলাপতান ।
ভেঙেছে ফুলের মেলা, চলে গেছে হাসি-খেলা,
এতক্ষণে সন্ধ্যাবেলা জাগিয়া চাহিল প্রাণ ।
কখন বসন্ত গেল, এবার হল না গান !

বসন্তের শেষ রাতে এসেছি রে শূন্য হাতে,
এবার গাঁথি নি মালা কী তোমারে করি দান !
কাঁদে নীরব বাঁশি, অধরে মিলায় হাসি,
তোমার নয়নে ভাসে ছলছল অভিমান ।
এবার বসন্ত গেল, হল না, হল না গান !

বাঁশি

ওগো, শোনো কে বাজায় !
বনফুলের মালার গন্ধ বাঁশির তানে মিশে যায় ।
অধর ছুঁয়ে বাঁশিখানি চুরি করে হাসিখানি,
বঁধুর হাসি মধুর গানে প্রাণের পানে ভেসে যায় ।
ওগো শোনো কে বাজায় !

কুঞ্জবনের ভ্রমর বুঝি বাঁশির মাঝে গুঞ্জরে,
বকুলগুলি আকুল হয়ে বাঁশির গানে মুঞ্জরে ।
যমুনারই কলতান কানে আসে, কাঁদে প্রাণ,
আকাশে ওই মধুর বিধু কাহার পানে হেসে চায় !
ওগো শোনো কে বাজায় !

বিরহ

আমি নিশি-নিশি কত রচিব শয়ন
 আকুলনয়ন রে !
কত নিতি-নিতি বনে করিব যতনে
 কুসুমচয়ন রে !
কত শারদ যামিনী হইবে বিফল,
 বসন্ত যাবে চলিয়া !
কত উদিবে তপন আশার স্বপন,
 প্রভাতে যাইবে ছলিয়া !

এই যৌবন কত রাখিব বাঁধিয়া,
মরিব কাঁদিয়া রে !

সেই চরণ পাইলে মরণ মাগিব
সাধিয়া সাধিয়া রে ।

আমি কার পথ চাহি এ জনম বাহি,
কার দরশন যাচি রে !

যেন আসিবে বলিয়া কে গেছে চলিয়া,
তাই আমি বসে আছি রে ।

তাই মালাটি গাঁথিয়া পরেছি মাথায়
নীলবাসে তনু ঢাকিয়া,

তাই বিজন আলয়ে প্রদীপ জ্বালায়ে
একেলা রয়েছি জাগিয়া ।

ওগো তাই কত নিশি চাঁদ ওঠে হাসি,
তাই কেঁদে যায় প্রভাতে ।

ওগো তাই ফুলবনে মধুসমীরণে
ফুটে ফুল কত শোভাতে !

ওই বাঁশিস্বর তার আসে বার বার
সেই শুধু কেন আসে না !

এই হৃদয়-আসন শূন্য যে থাকে,
কেঁদে মরে শুধু বাসনা ।

মিছে পরশিয়া কায় বায়ু বহে যায়,
বহে যমুনার লহরী,

কেন কুছ কুছ পিক কুহরিয়া ওঠে—
যামিনী যে ওঠে শিহরি ।

ওগো যদি নিশিশেষে আসে হেসে হেসে,
মোর হাসি আর রবে কি !

এই জাগরণে ক্ষীণ বদন মলিন
আমারে হেরিয়া কবে কী !

আমি সারা রজনীর গাঁথা ফুলমালা
প্রভাতে চরণে ঝরিব,

ওগো আছে সুশীতল যমুনার জল—
দেখে তারে আমি মরিব ।

বাকি

কুসুমের গিয়েছে সৌরভ,
জীবনের গিয়েছে গৌরব ।
এখন যা-কিছু সব ফাঁকি,
ঝরিতে মরিতে শুধু বাকি ।

বিলাপ

ওগো এত প্রেম-আশা প্রাণের তিয়াষা
 কেমনে আছে সে পাসরি !
 তবে সেথা কি হাসে না চাঁদিনী যামিনী,
 সেথা কি বাজে না বাঁশরি !
 সখী, হেথা সমীরণ লুটে ফুলবন,
 সেথা কি পবন বহে না !
 সে যে তার কথা মোরে কহে অনুক্ষণ,
 মোর কথা তারে কহে না !
 যদি আমারে আজি সে ভুলিবে সজনী
 আমারে ভুলালে কেন সে !
 ওগো এ চির জীবন করিব রোদন
 এই ছিল তার মানসে !
 যবে কুসুমশয়নে নয়নে নয়নে
 কেটেছিল সুখরাতি রে,
 তবে কে জানিত তার বিরহ আমার
 হবে জীবনের সাথি রে !
 যদি মনে নাহি রাখে, সুখে যদি থাকে,
 তোরা একবার দেখে আয়—
 এই নয়নের তৃষা পরানের আশা
 চরণের তলে রেখে আয় ।
 আর নিয়ে যা রাধার বিরহের ভার,
 কত আর ঢেকে রাখি বল ।
 আর পারিস যদি তো আনিস হরিয়ে
 এক-ফোঁটা তার আঁখিজল ।
 না না, এত প্রেম সখী ভুলিতে যে পারে
 তারে আর কেহ সেধো না ।
 আমি কথা নাহি কব, দুখ লয়ে রব,
 মনে মনে স'ব বেদনা ।
 ওগো মিছে, মিছে সখী, মিছে এই প্রেম,
 মিছে পরানের বাসনা ।
 ওগো সুখদিন হয় যবে চলে যায়
 আর ফিরে আর আসে না ।

সারাবেলা

হেলাফেলা সারাবেলা
 এ কী খেলা আপন-সনে !
 এই বাতাসে ফুলের বাসে
 মুখখানি কার পড়ে মনে !

আখির কাছে বেড়ায় ভাসি
 কে জানে গো কাহার হাসি !
 দুটি ফোঁটা নয়নসলিল
 রেখে যায় এই নয়নকোণে ।
 কোন্ ছায়াতে কোন্ উদাসী
 দূরে বাজায় অলস বাঁশি,
 মনে হয় কার মনের বেদন
 কেঁদে বেড়ায় বাঁশির গানে ।
 সারাদিন গাঁথি গান
 করে চাহে, গাহে প্রাণ,
 তরুতলের ছায়ার মতন
 বসে আছি ফুলবনে ।

আকাঙ্ক্ষা

আজি শরততপনে প্রভাতস্বপনে
 কী জানি পরান কী যে চায় !
 ওই শেফালির শাখে কী বলিয়া ডাকে
 বিহগবিহগী কী যে গায় !
 আজি মধুর বাতাসে হৃদয় উদাসে,
 রহে না আবাসে মন হায় !
 কোন্ কুসুমের আশে কোন্ ফুলবাসে
 সুনীল আকাশে মন ধায় !
 আজি কে যেন গো নাই, এ প্রভাতে তাই
 জীবন বিফল হয় গো !
 তাই চারি দিকে চায়, মন কেঁদে গায়—
 'এ নহে, এ নহে, নয় গো !'
 কোন্ স্বপনের দেশে আছে এলোকেশে
 কোন্ ছায়াময়ী অমরায় !
 আজি কোন্ উপবনে বিরহবেদনে
 আমারি কারণে কেঁদে যায় !
 আমি যদি গাঁথি গান অখির-পরান
 সে গান শুনাব করে আর !
 আমি যদি গাঁথি মালা লয়ে ফুলডালা
 কাহারে পরাব ফুলহার !
 আমি আমার এ প্রাণ যদি করি দান
 দিব প্রাণ তবে কার পায় !
 সদা ভয় হয় মনে পাছে অযতনে
 মনে মনে কেহ ব্যথা পায় !

তুমি

তুমি কোন্ কাননের ফুল,
 তুমি কোন্ গগনের তারা !
 তোমায় কোথায় দেখেছি
 যেন কোন্ স্বপনের পারা !
 কবে তুমি গেয়েছিলে,
 আখির পানে চেয়েছিলে
 ভুলে গিয়েছি ।

শুধু মনের মধ্যে জেগে আছে
 ওই নয়নের তারা ।

তুমি কথা কোয়ো না,
 তুমি চেয়ে চলে যাও ।

এই চাঁদের আলোতে
 তুমি হেসে গলে যাও ।

আমি ঘুমের ঘোরে চাঁদের পানে
 চেয়ে থাকি মধুর প্রাণে,
 তোমার আখির মতন দুটি তারা
 ঢালুক কিরণ-ধারা ।

গান

ওগো কে যায় বাঁশরি বাজায়ে !
 আমার ঘরে কেহ নাই যে !

তারে মনে পড়ে যারে চাই যে !
 তার আকুল পরান বিরহের গান
 বাঁশি বুঝি গেল জানায়ে !

আমি আমার কথা তারে জানাব কী করে,
 প্রাণ কাঁদে মোর তাই যে !
 কুসুমের মালা গাঁথা হল না,
 ধূলিতে পড়ে শুকায় রে !
 নিশি হয় ভোর, রজনীর চাঁদ
 মলিন মুখ লুকায় রে !
 সারা বিভাবরী কার পূজা করি
 যৌবনডালা সাজায়ে !

ওই বাঁশিস্বরে হয় প্রাণ নিয়ে যায়,
 আমি কেন থাকি হয় রে !

ছোটো ফুল

আমি শুধু মালা গাঁথি ছোটো ছোটো ফুলে,
 সে ফুল শুকায় য়ায় কথায় কথায় !
 তাই যদি, তাই হোক, দুঃখ নাহি তায়—
 তুলিব কুসুম আমি অনন্তের কূলে ।
 যারা থাকে অন্ধকারে, পাষণকারায়,
 আমার এ মালা যদি লহে গলে তুলে,
 নিমেষের তরে তারা যদি সুখ পায়,
 নিষ্ঠুর বন্ধনব্যথা যদি যায় ভুলে !
 ক্ষুদ্র ফুল, আপনার সৌরভের সনে
 নিয়ে আসে স্বাধীনতা, গভীর আশ্বাস—
 মনে আনে রবিকর নিমেষস্বপনে,
 মনে আনে সমুদ্রের উদার বাতাস ।
 ক্ষুদ্র ফুল দেখে যদি কারো পড়ে মনে
 বৃহৎ জগৎ, আর বৃহৎ আকাশ !

যৌবনস্বপ্ন

আমার যৌবনস্বপ্নে যেন ছেয়ে আছে বিশ্বের আকাশ ।
 ফুলগুলি গায়ে এসে পড়ে রূপসীর পরশের মতো ।
 পরানে পুলক বিকাশিয়া বহে কেন দক্ষিণা বাতাস
 যেথা ছিল যত বিরহিণী সকলের কুড়ায়ে নিশ্বাস !
 বসন্তের কুসুমকাননে গোলাপের আঁখি কেন নত ?
 জগতের যত লাজময়ী যেন মোর আঁখির সকাশ ?
 কাঁপিছে গোলাপ হয়ে এসে, মরমের শরমে বিব্রত !
 প্রতি নিশি ঘুমাই যখন পাশে এসে বসে যেন কেহ,
 সচকিত স্বপনের মতো জাগরণে পলায় সলাজে ।
 যেন কার আঁচলের বায় উষায় পরশি যায় দেহ,
 শত নূপুরের রনুঝনু বনে যেন গুঞ্জরিয়া বাজে ।
 মদির প্রাণের ব্যাকুলতা ফুটে ফুটে বকুলমুকুলে ;
 কে আমারে করেছে পাগল— শূন্যে কেন চাই আঁখি তুলে !
 যেন কোন্ উর্বশীর আঁখি চেয়ে আছে আকাশের মাঝে !

ক্ষণিক মিলন

আকাশের দুই দিক হতে দুইখানি মেঘ এল ভেসে,
 দুইখানি দিশাহারা মেঘ— কে জানে এসেছে কোথা হতে !
 সহসা থামিল থমকিয়া আকাশের মাঝখানে এসে ।
 দৌহাপানে চাহিল দুজনে চতুর্থীর চাঁদের আলোতে ।
 ক্ষীণালোকে বুঝি মনে পড়ে দুই অচেনার চেনাশোনা,
 মনে পড়ে কোন্ ছায়া দ্বীপে, কোন্ কুহেলিকা-ঘেরা দেশে,
 কোন্ সন্ধ্যাসাগরের কূলে দুজনের ছিল আনাগোনা !
 মেলে দৌহে তবুও মেলে না, তিলেক বিরহ রহে মাঝে—
 চেনা বলে মিলিবারে চায়, অচেনা বলিয়া মরে লাজে ।
 মিলনের বাসনার মাঝে আধখানি চাঁদের বিকাশ—
 দুটি চুম্বনের ছোঁয়াছুঁয়ি, মাঝে যেন শরমের হাস !
 দুখানি অলস আঁখিপাতা, মাঝে সুখস্বপন-আভাস !
 দৌহার পরশ লয়ে দৌহে ভেসে গেল, কহিল না কথা—
 বলে গেল সন্ধ্যার কাহিনী, লয়ে গেল উষার বারতা ।

গীতোচ্ছ্বাস

নীরব বাঁশরিখানি বেজেছে আবার ।
 প্রিয়ার বারতা বুঝি এসেছে আমার
 বসন্তকাননমাঝে বসন্তসমীরে !
 তাই বুঝি মনে পড়ে ভোলা গান যত !
 তাই বুঝি ফুলবনে জাহুবীর তীরে
 পুরাতন হাসিগুলি ফুটে শত শত !
 তাই বুঝি হৃদয়ের বিস্মৃত বাসনা
 জাগিছে নবীন হয়ে পল্লবের মতো !
 জগতকমলবনে কমল-আসনা
 কতদিন পরে বুঝি তাই এল ফিরে !
 সে এল না, এল তার মধুর মিলন !
 বসন্তের গান হয়ে এল তার স্বর !
 দৃষ্টি তার ফিরে এল, কোথা সে নয়ন ?
 চুম্বন এসেছে তার, কোথা সে অধর ?

স্তন

১

নারীর প্রাণের প্রেম মধুর কোমল,
 বিকশিত যৌবনের বসন্তসমীরে
 কুসুমিত হয়ে ওই ফুটেছে বাহিরে,
 সৌরভসুধায় করে পরান পাগল ।
 মরমের কোমলতা তরঙ্গ তরল
 উথলি উঠেছে যেন হৃদয়ের তীরে ।
 কী যেন বাঁশির ডাকে জগতের প্রেমে
 বাহিরিয়া আসিতেছে সলাজ হৃদয়,
 সহসা আলোতে এসে গেছে যেন থেমে—
 শরমে মরিতে চায় অঞ্চল-আড়ালে ।
 প্রেমের সংগীত যেন বিকশিয়া রয়,
 উঠিছে পড়িছে ধীরে হৃদয়ের তালে ।
 হেরো গো কমলাসন জননী লক্ষ্মীর—
 হেরো নারীহৃদয়ের পবিত্র মন্দির ।

২

পবিত্র সুমেরু বটে এই সে হেথায়,
 দেবতাবিহারভূমি কনক-অচল ।
 উন্নত সতীর স্তন স্বরগপ্রভায়
 মানবের মর্তভূমি করেছে উজ্জ্বল ।
 শিশু রবি হোথা হতে ওঠে সুপ্রভাতে,
 শ্রান্ত রবি সন্ধ্যাবেলা হোথা অস্ত যায় ।
 দেবতার আখিতারা জেগে থাকে রাতে,
 বিমল পবিত্র দুটি বিজন শিখরে ।
 চিরস্নেহ-উৎসধারে অমৃতনির্ঝরে
 সিন্ধু করি তুলিতেছে বিশ্বের অধর ।
 জাগে সদা সুখসুপ্ত ধরণীর 'পরে,
 অসহায় জগতের অসীম নির্ভর ।
 ধরণীর মাঝে থাকি স্বর্গ আছে চুমি,
 দেবশিশু মানবের ওই মাতৃভূমি ।

চুম্বন

অধরের কানে যেন অধরের ভাষা ।
 দৌহার হৃদয় যেন দৌহে পান করে ।
 গৃহ ছেড়ে নিরুদ্দেশ দুটি ভালোবাসা
 তীর্থযাত্রা করিয়াছে অধরসংগমে ।

দুইটি তরঙ্গ উঠি প্রেমের নিয়মে
 ভাঙিয়া মিলিয়া যায় দুইটি অধরে ।
 ব্যাকুল বাসনা দুটি চাহে পরস্পরে,
 দেহের সীমায় আসি দুজনের দেখা ।
 প্রেম লিখিতেছে গান কোমল আখরে
 অধরেতে থর থরে চুম্বনের লেখা ।
 দুখানি অধর হতে কুসুমচয়ন,
 মালিকা গাঁথিবে বুঝি ফিরে গিয়ে ঘরে ।
 দুটি অধরের এই মধুর মিলন
 দুইটি হাসির রাঙা বাসরশয়ন ।

বিবসনা

ফেলো গো বসন ফেলো— ঘুচাও অঞ্চল ।
 পরো শুধু সৌন্দর্যের নগ্ন আবরণ
 সুরবালিকার বেশ কিরণবসন ।
 পরিপূর্ণ তনুখানি বিকচ কমল,
 জীবনের যৌবনের লাভণ্যের মেলা ।
 বিচিত্র বিশ্বের মাঝে দাঁড়াও একেলা ।
 সর্বাস্ত্রে পড়ুক তব চাঁদের কিরণ,
 সর্বাস্ত্রে মলয়-শায়ু করুক সে খেলা ।
 অসীম নীলিমামাঝে হও নিমগন
 তারাময়ী বিবসনা প্রকৃতির মতো ।
 অতনু ঢাকুক মুখ বসনের কোণে
 তনুর বিকাশ হেরি লাজে শির নত ।
 আসুক বিমল উষা মানবভবনে,
 লাজহীনা পবিত্রতা— শুভ্র বিবসনে ।

বাহু

কাহারে জড়াতে চাহে দুটি বাহুলতা,
 কাহারে কাঁদিয়া বলে 'যেয়ো না যেয়ো না' ।
 কেমনে প্রকাশ করে ব্যাকুল বাসনা,
 কে শুনেছে বাহুর নীরব আকুলতা !
 কোথা হতে নিয়ে আসে হৃদয়ের কথা,
 গায়ে লিখে দিয়ে যায় পুলক-অক্ষরে ।
 পরশে বহিয়া আনে মরমবারতা,
 মোহ মেখে রেখে যায় প্রাণের ভিতরে ।

কণ্ঠ হতে উতারিয়া যৌবনের মালা
 দুইটি আঙুলে ধরি তুলি দেয় গলে ।
 দুটি বাহু বহি আনে হৃদয়ের ডালা,
 রেখে দিয়ে যায় যেন চরণের তলে ।
 লতায়ে থাকুক বৃকে চির আলিঙ্গন,
 ছিঁড়ো না ছিঁড়ো না দুটি বাহুর বন্ধন ।

চরণ

দুখানি চরণ পড়ে ধরণীর গায়—
 দুখানি অলস রাঙা কোমল চরণ ।
 শত বসন্তের স্মৃতি জাগিছে ধরায়,
 শত লক্ষ কুসুমের পরশস্বপন ।
 শত বসন্তের যেন ফুটন্ত অশোক
 ঝরিয়া মিলিয়া গেছে দুটি রাঙা পায় ।
 প্রভাতের প্রদোষের দুটি সূর্যলোক
 অস্ত গেছে যেন দুটি চরণছায়ায় ।
 যৌবনসংগীত পথে যেতেছে ছড়ায়,
 নূপুর কাঁদিয়া মরে চরণ জড়ায়,
 নৃত্য সদা বাঁধা যেন মধুর মায়ায় ।
 হোথা যে নিঠুর মাটি, শুষ্ক ধরাতল—
 এসো গো হৃদয়ে এসো, ঝুরিছে হেথায়
 লাজরক্ত লালসার রাঙা শতদল ।

হৃদয়-আকাশ

আমি ধরা দিয়েছি গো আকাশের পাখি,
 নয়নে দেখেছি তব নূতন আকাশ ।
 দুখানি আঁখির পাতে কী রেখেছ ঢাকি,
 হাসিলে ফুটিয়া পড়ে উষার আভাস ।
 হৃদয় উড়িতে চায় হোথায় একাকী
 আঁখিতারকার দেশে করিবারে বাস ।
 ওই গগনেতে চেয়ে উঠিয়াছে ডাকি,
 হোথায় হারাতে চায় এ গীত-উচ্ছ্বাস ।
 তোমার হৃদয়াকাশ অসীম বিজন—
 বিমল নীলিমা তর শান্ত সুকুমার,
 যদি নিয়ে যাই ওই শূন্য হয়ে পার
 আমার দুখানি পাখা কনকবরন ।
 হৃদয় চাতক হয়ে চাবে অশ্রুধার,
 হৃদয়চকোর চাবে হাসির কিরণ ।

অঞ্চলের বাতাস

পাশ দিয়ে গেল চলি চকিতের প্রায়,
 অঞ্চলের প্রান্তখানি ঠেকে গেল গায়,
 শুধু দেখা গেল তার আধখানি পাশ—
 শিহরি পরশি গেল অঞ্চলের বায় ।
 অজানা হৃদয়বনে উঠেছে উচ্ছ্বাস,
 অঞ্চলে বহিয়া এল দক্ষিণবাতাস,
 সেথা যে বেজেছে বাঁশি তাই শুনা যায়,
 সেথায় উঠিছে কেঁদে ফুলের সুবাস ।
 কার প্রাণখানি হতে করি হায়-হায়
 বাতাসে উড়িয়া এল পরশ-আভাস !
 ওগো কার তনুখানি হয়েছে উদাস,
 ওগো কে জানাতে চাহে মরমবারতা !
 দিয়ে গেল সর্বাঙ্গের আকুল নিশ্বাস,
 বলে গেল সর্বাঙ্গের কানে কানে কথা ।

দেহের মিলন

প্রতি অঙ্গ কাঁদে তব প্রতি অঙ্গ-তরে ।
 প্রাণের মিলন মাগে দেহের মিলন ।
 হৃদয়ে আচ্ছন্ন দেহ হৃদয়ের ভরে
 মুরছি পড়িতে চায় তব দেহ-'পরে ।
 তোমার নয়ন পানে ধাইছে নয়ন,
 অধর মরিতে চায় তোমার অধরে ।
 তৃষিত পরান আজি কাঁদিছে কাতরে
 তোমারে সর্বাঙ্গ দিয়ে করিতে দর্শন ।
 হৃদয় লুকানো আছে দেহের সায়রে,
 চিরদিন তীরে বসি করি গো ক্রন্দন ।
 সর্বাঙ্গ ঢালিয়া আজি আকুল অন্তরে
 দেহের রহস্য-মাঝে হইব মগন ।
 আমার এ দেহমন চির রাত্রিদিন
 তোমার সর্বাঙ্গে যাবে হইয়া বিলীন !

তনু

ওই তনুখানি তব আমি ভালোবাসি ।
 এ প্রাণ তোমার দেহে হয়েছে উদাসী ।
 শিশিরেতে টলমল চলচল ফুল
 টুটে পড়ে থরে থরে যৌবন বিকাশি ।

চারি দিকে গুঞ্জরিছে জগৎ আকুল,
 সারানিশি সারাদিন ভ্রমর পিপাসী ।
 ভালোবেসে বায়ু এসে দুলাইছে দুল,
 মুখে পড়ে মোহভরে পূর্ণিমার হাসি ।
 পূর্ণ দেহখানি হতে উঠিছে সুবাস ।
 মরি মরি, কোথা সেই নিভৃত নিলয়
 কোমল শয়নে যেথা ফেলিছে নিশ্বাস
 তনুঢাকা মধুমাখা বিজন হৃদয় ।
 ওই দেহখানি বুকে তুলে নেব বালা,
 পঞ্চদশ বসন্তের একগাছি মালা ।

স্মৃতি

ওই দেহ-পানে চেয়ে পড়ে মোর মনে
 যেন কত শত পূর্বজনমের স্মৃতি ।
 সহস্র হারানো সুখ আছে ও নয়নে,
 জন্মজন্মান্তের যেন বসন্তের গীতি ।
 যেন গো আমারি তুমি আত্মবিস্মরণ,
 অনন্ত কালের মোর সুখ দুঃখ শোক,
 কত নব জগতের কুসুমকানন,
 কত নব আকাশের চাঁদের আলোক ।
 কত দিবসের তুমি বিরহের ব্যথা,
 কত রজনীর তুমি প্রণয়ের লাজ,
 সেই হাসি সেই অশ্রু সেই-সব কথা
 মধুর মুরতি ধরি দেখা দিল আজ ।
 তোমার মুখেতে চেয়ে তাই নিশিদিন
 জীবন সুদূরে যেন হতেছে বিলীন !

হৃদয়-আসন

কোমল দুখানি বাহু শরমে লতায়
 বিকশিত স্তন দুটি আগুলিয়া রয়,
 তারি মাঝখানে কি রে রয়েছে লুকায়ে
 অতিশয় সযতন গোপন হৃদয় !
 সেই নিরালায়, সেই কোমল আসনে,
 দুইখানি স্নেহস্ফুট স্তনের ছায়ায়,
 কিশোর প্রেমের মৃদু প্রদোষকিরণে
 আনত আঁখির তলে রাখিবে আমায় !
 কত-না মধুর আশা ফুটিছে সেথায়—

গভীর নিশীথে কত বিজন কল্পনা,
 উদাস নিশ্বাসবায়ু বসন্তসন্ধ্যায়,
 গোপনে চাঁদিনী রাতে দুটি অশ্রুক্ষণা !
 তারি মাঝে আমারে কি রাখিবে যতনে
 হৃদয়ের সুমধুর স্বপন-শয়নে !

কল্পনার সাথি

যখন কুসুমবনে ফির একাকিনী,
 ধরায় লুটায় পড়ে পূর্ণিমাযামিনী,
 দক্ষিণবাতাসে আর তটিনীর গানে
 শোন যবে আপনার প্রাণের কাহিনী—
 যখন শিউলি ফুলে কোলখানি ভরি
 দুটি পা ছড়িয়ে দিয়ে আনতবয়ানে
 ফুলের মতন দুটি অঙ্গুলিতে ধরি
 মালা গাঁথ ভোরবেলা গুন্ গুন্ তানে—
 মধ্যাহ্নে একেলা যবে বাতায়নে বসে
 নয়নে মিলাতে চায় সুদূর আকাশ,
 কখন আঁচলখানি পড়ে যায় খসে,
 কখন হৃদয় হতে উঠে দীর্ঘশ্বাস,
 কখন অশ্রুটি কাঁপে নয়নের পাতে—
 তখন আমি কি, সখী, থাকি তব সাথে !

হাসি

সুদূর প্রবাসে আজি কেন রে কী জানি
 কেবলি পড়িছে মনে তার হাসিখানি ।
 কখন নামিয়া গেল সন্ধ্যার তপন,
 কখন থামিয়া গেল সাগরের বাণী ।
 কোথায় ধরার ধারে বিরহবিজন
 একটি মাধবীলতা আপন ছায়াতে
 দুটি অধরের রাঙা কিশলয়-পাতে
 হাসিটি রেখেছে ঢেকে কুঁড়ির মতন !
 সারা রাত নয়নের সলিল সিঞ্চিয়া
 রেখেছে কাহার তরে যতনে সিঞ্চিয়া !
 সে হাসিটি কে আসিয়া করিবে চয়ন,
 লুক্ক এই জগতের সবারে বঞ্চিয়া !
 তখন দুখানি হাসি মরিয়া বাঁচিয়া
 তুলিবে অমর করি একটি চুম্বন ।

নিদ্রিতার চিত্র

মায়ায় রয়েছে বাঁধা প্রদোষ-আধার;
চিত্রপটে সন্ধ্যাতারা অস্ত নাহি যায় ।
এলাইয়া ছড়াইয়া গুচ্ছ কেশভার
বাহুতে মাথাটি রেখে রমণী ঘুমায় ।
চারি দিকে পৃথিবীতে চিরজাগরণ,
কে ওরে পাড়ালে ঘুম তারি মাঝখানে !
কোথা হতে আহরিয়া নীরব গুঞ্জন
চিরদিন রেখে গেছে ওরই কানে কানে !
ছবির আড়ালে কোথা অনন্ত নির্ঝর
নীরব ঝর্ঝর-গানে পড়িছে ঝরিয়া ।
চিরদিন কাননের নীরব মর্মর,
লজ্জা চিরদিন আছে দাঁড়ায়ে সমুখে—
যেমনি ভাঙিবে ঘুম, মরমে মরিয়া
বুকের বসনখানি তুলে দিবে বুকে ।

কল্পনামধুপ

প্রতিদিন প্রাতে শুধু গুন্ গুন্ গান,
লালসে অলস-পাখা অলির মতন ।
বিকল হৃদয় লয়ে পাগল পরান
কোথায় করিতে যায় মধু অশ্বেষণ ।
বেলা বহে যায় চলে— শ্রান্ত দিনমান,
তরুতলে ক্লান্ত ছায়া করিছে শয়ন,
মুরছিয়া পড়িতেছে বাঁশরির তান,
সেঁউতি শিথিলবৃন্ত মুদিছে নয়ন ।
কুসুমদলের বেড়া, তারি মাঝে ছায়া,
সেথা বসে করি আমি কল্পমধু পান—
বিজনে সৌরভময়ী মধুময়ী মায়া,
তাহারি কুহকে আমি করি আত্মদান—
রেণুমাখা পাখা লয়ে ঘরে ফিরে আসি
আপন সৌরভে থাকি আপনি উদাসী ।

পূর্ণ মিলন

নিশিদিন কাঁদি, সখী, মিলনের তরে
যে মিলন ক্ষুধাতুর মৃত্যুর মতন ।
লও লও বেঁধে লও কেড়ে লও মোরে—
লও লজ্জা, লও বস্ত্র, লও আবরণ ।

এ তরুণ তনুখানি লহ চুরি করে—
 আঁখি হতে লও ঘুম, ঘুমের স্বপন ।
 জাগ্রত বিপুল বিশ্ব লও তুমি হরে
 অনন্তকালের মোর জীবন-মরণ ।
 বিজন বিশ্বের মাঝে মিলনশাশানে
 নির্বাপিতসূর্যালোক লুপ্ত চরাচর,
 লাজমুক্ত বাসমুক্ত দুটি নগ্ন প্রাণে
 তোমাতে আমাতে হই অসীম সুন্দর ।
 এ কী দুরাশার স্বপ্ন হয় গো ঈশ্বর,
 তোমা ছাড়া এ মিলন আছে কোন্‌খানে !

শ্রান্তি

সুখশ্রমে আমি, সখী, শ্রান্ত অতিশয় ;
 পড়েছে শিথিল হয়ে শিরার বন্ধন ।
 অসহ্য কোমল ঠেকে কুসুমশয়ন,
 কুসুমরেণুর সাথে হয়ে যাই লয় ।
 স্বপনের জালে যেন পড়েছি জড়িয়ে ।
 যেন কোন্‌ অস্তাচলে সঙ্ক্যাস্বপ্নময়
 রবির ছবির মতো যেতেছি গড়িয়ে,
 সুদূরে মিলিয়া যায় নিখিলনিলয় ।
 ডুবিতে ডুবিতে যেন সুখের সাগরে
 কোথাও না পাই ঠাই, শ্বাস রুদ্ধ হয়—
 পরান কাঁদিতে থাকে মৃত্তিকার তরে ।
 এ যে সৌরভের বেড়া, পাষণের নয়—
 কেমনে ভাঙিতে হবে ভাবিয়া না পাই,
 অসীম নিদ্রার ভারে পড়ে আছি তাই ।

বন্দী

দাও খুলে দাও, সখী, ওই বাহুপাশ—
 চুস্বনমদিরা আর করায়ে না পান ।
 কুসুমের কাঁরাগারে রুদ্ধ এ বাতাস—
 ছেড়ে দাও, ছেড়ে দাও বন্ধ এ পরান ।
 কোথায় উষার আলো, কোথায় আকাশ—
 এ চির পূর্ণিমারাত্রি হোক অবসান ।
 আমারে ঢেকেছে তব মুক্ত কেশপাশ,
 তোমার মাঝারে আমি নাহি দেখি ত্রাণ !
 আকুল অঙ্গুলিগুলি করি কোলাকুলি
 গাঁথিছে সর্বাঙ্গে মোর পরশের ফাঁদ ।

ঘুমঘোরে শূন্যপানে দেখি মুখ তুলি
শুধু অবিশ্রামহাসি একখানি চাঁদ ।
স্বাধীন করিয়া দাও, বেঁধো না আমায়—
স্বাধীন হৃদয়খানি দিব তার পায় ।

কেন

কেন গো এমন স্বরে বাজে তবে বাঁশি,
মধুর সুন্দর রূপে কেঁদে ওঠে হিয়া,
রাঙা অধরের কোণে হেরি মধুহাসি
পুলকে যৌবন কেন উঠে বিকশিয়া !
কেন তরু বাহুডোরে ধরা দিতে চায়,
ধায় প্রাণ দুটি কালো আঁখির উদ্দেশে,
হায় যদি এত লজ্জা কথায় কথায়,
হায় যদি এত শ্রান্তি নিমেষে নিমেষে !
কেন কাছে ডাকে যদি মাঝে অন্তরাল,
কেন রে কাঁদায় প্রাণ সবই যদি ছায়া,
আজ হাতে তুলে নিয়ে ফেলে দিবে কাল—
এরি তরে এত তৃষ্ণা, এ কাহার মায়া !
মানবহৃদয় নিয়ে এত অবহেলা,
খেলা যদি, কেন হেন মর্মভেদী খেলা !

মোহ

এ মোহ ক'দিন থাকে, এ মায়া মিলায়,
কিছুতে পারে না আর বাঁধিয়া রাখিতে ।
কোমল বাহুর ডোর ছিন্ন হয়ে যায়,
মদিরা উথলে নাকো মদির আঁখিতে ।
কেহ করে নাহি চিনে আঁধার নিশায় ।
ফুল ফোটা সাজ হলে গাহে না পাখিতে ।
কোথা সেই হাসিপ্রাস্ত চুম্বনতৃষিত
রাঙা পুষ্পটুকু যেন প্রস্ফুট অধর !
কোথা কুসুমিত তনু পূর্ণবিকশিত,
কম্পিত পুলকভরে, যৌবনকাতর !
তখন কি মনে পড়ে সেই ব্যাকুলতা,
সেই চিরপিপাসিত যৌবনের কথা,
সেই প্রাণপরিপূর্ণ মরণ-অনল—
মনে পড়ে হাসি আসে ? চোখে আসে জল ?

পবিত্র প্রেম

ছুঁয়ো না, ছুঁয়ো না ওরে, দাঁড়াও সরিয়া ।
 ম্লান করিয়ো না আর মলিন পরশে ।
 ওই দেখো তিলে তিলে যেতেছে মরিয়া,
 বাসনানিশ্বাস তব গরল বরষে ।
 জান না কি হৃদিমাঝে ফুটেছে যে ফুল,
 ধুলায় ফেলিলে তারে ফুটিবে না আর ।
 জান না কি সংসারের পাথার অকূল,
 জান না কি জীবনের পথ অন্ধকার ।
 আপনি উঠেছে ওই তব ধুবতারা,
 আপনি ফুটেছে ফুল বিধির কৃপায়,
 সাধ করে কে আজি রে হবে পথহারা—
 সাধ করে এ কুসুম কে দলিবে পায় !
 যে প্রদীপ আলো দেবে তাহে ফেল শ্বাস,
 যারে ভালোবাস তারে করিছ বিনাশ !

পবিত্র জীবন

মিছে হাসি, মিছে বাঁশি, মিছে এ যৌবন,
 মিছে এই দরশের পরশের খেলা ।
 চেয়ে দেখো, পবিত্র এ মানবজীবন,
 কে ইহারে অকাতরে করে অবহেলা !
 ভেসে ভেসে এই মহা চরাচরশ্রোতে
 কে জানে গো আসিয়াছে কোন্‌খান হতে,
 কোথা হতে নিয়ে এল প্রেমের আভাস,
 কোন্‌ অন্ধকার ভেদি উঠিল আলোতে !
 এ নহে খেলার ধন, যৌবনের আশ—
 বোলো না ইহার কানে আবেশের বাণী !
 নহে নহে এ তোমার বাসনার দাস,
 তোমার ক্ষুধার মাঝে আনিয়ো না টানি !
 এ তোমার ঈশ্বরের মঙ্গল-আশ্বাস,
 স্বর্গের আলোক তব এই মুখখানি ।

মরীচিকা

এসো, ছেড়ে এসো, সখী, কুসুমশয়ন ।
 বাজুক কঠিন মাটি চরণের তলে ।
 কত আর করিবে গো বসিয়া বিরলে
 আকাশকুসুমবনে স্বপন চয়ন ।

দেখো ওই দূর হতে আসিছে ঝটিকা,
 স্বপ্নরাজ্য ভেসে যাবে খর অশ্রুজলে ।
 দেবতার বিদ্যুতের অভিশাপশিখা
 দহিবে আঁধার নিদ্রা বিমল অনলে ।
 চলো গিয়ে থাকি দৌঁহে মানবের সাথে,
 সুখদুঃখ লয়ে সবে গাঁথিছে আলায়—
 হাসি-কান্না ভাগ করি ধরি হাতে হাতে
 সংসারসংশয়রাত্রি রহিব নির্ভয় ।
 সুখরৌদ্রমরীচিকা নহে বাসস্থান,
 মিলায় মিলায় বলি ভয়ে কাঁপে প্রাণ ।

গান-রচনা

এ শুধু অলস মায়া, এ শুধু মেঘের খেলা,
 এ শুধু মনের সাধ বাতাসেতে বিসর্জন—
 এ শুধু আপন মনে মালা গৌঁথে ছিঁড়ে ফেলা
 নিমেঘের হাসিকান্না গান গেয়ে সমাপন ।
 শ্যামল পল্লবপাতে রবিকরে সারাবেলা
 আপনার ছায়া লয়ে খেলা করে ফুলগুলি,
 এও সেই ছায়া-খেলা বসন্তের সমীরণে ।
 কুহকের দেশে যেন সাধ করে পথ ভুলি
 হেথা হোথা ঘুরি ফিরি সারাদিন আনমনে ।
 কারে যেন দেব ব'লে কোথা যেন ফুল তুলি,
 সন্ধ্যায় মলিন ফুল উড়ে যায় বনে বনে ।
 এ খেলা খেলিবে হয় খেলার সাথি কে আছে ?
 ভুলে ভুলে গান গাই— কে শোনে, কে নাই শোনে—
 যদি কিছু মনে পড়ে, যদি কেহ আসে কাছে !

সন্ধ্যার বিদায়

সন্ধ্যা যায়, সন্ধ্যা ফিরে চায়, শিথিল কবরী পড়ে খুলে—
 যেতে যেতে কনক-আঁচল বেধে যায় বকুলকাননে,
 চরণের পরশরাঙিমা রেখে যায় যমুনার কূলে—
 নীরবে-বিদায়-চাওয়া চোখে, গ্রন্থি-বাঁধা রক্তিম দুকূলে
 আঁধারের স্নানবধু যায় বিষাদের বাসরশয়নে ।
 সন্ধ্যাতারা পিছনে দাঁড়ায়ে চেয়ে থাকে আকুল নয়নে ।
 যমুনা কাঁদিতে চাহে বুঝি, কেন রে কাঁদে না কণ্ঠ তুলে—
 বিস্ফারিত হৃদয় বহিয়া চলে যায় আপনার মনে ।
 মাঝে মাঝে ঝাউবন হতে গভীর নিশ্বাস ফেলে ধরা ।

সপ্ত ঋষি দাঁড়াইল আসি নন্দনের সুরতরুমূলে—
 চেয়ে থাকে পশ্চিমের পথে, ভুলে যায় আশীর্বাদ করা ।
 নিশীথিনী রহিল জাগিয়া বদন ঢাকিয়া এলোচূলে ।
 কেহ আর कहিল না কথা, একটিও বহিল না শ্বাস—
 আপনার সমাধি-মাঝারে নিরাশা নীরবে করে বাস ।

রাত্রি

জগতেরে জড়াইয়া শত পাকে যামিনীনাগিনী
 আকাশ-পাতাল জুড়ি ছিল পড়ে নিদ্রায় মগনা,
 আপনার হিম দেহে আপনি বিলীনা একাকিনী ।
 মিটিমিটি তারকায় জ্বলে তার অন্ধকার ফণা ।
 উষা আসি মন্ত্র পড়ি বাজাইল ললিত রাগিনী ।
 রংগা আঁখি পাকালিয়া সাপিনী উঠিল তাই জাগি—
 একে একে খুলে পাক, আঁকিবাঁকি কোথা যায় ভাগি ।
 পশ্চিমসাগরতলে আছে বুঝি বিরাট গহ্বর,
 সেথায় ঘুমাবে বলে ডুবিতেছে বাসুকিভগিনী
 মাথায় বহিয়া তার শত লক্ষ রতনের কণা ।
 শিয়রেতে সারাদিন জেগে রবে বিপুল সাগর—
 নিভূতে স্তিমিত দীপে চুপি চুপি कहিয়া কাহিনী
 মিলি কত নাগবালা স্বপ্নমালা করিবে রচনা ।

বৈতরণী

অশ্রুশ্রোতে স্ফীত হয়ে বহে বৈতরণী,
 চৌদিকে চাপিয়া আছে আধার রজনী ।
 পূর্ব তীর হতে ছুঁ আসিছে নিশ্বাস,
 যাত্রী লয়ে পশ্চিমেতে চলেছে তরণী ।
 মাঝে মাঝে দেখা দেয় বিদ্যুৎ-বিকাশ,
 কেহ করে নাহি চেনে ব'সে নতশিরে ।
 গলে ছিল বিদায়ের অশ্রুকণা-হার,
 ছিন্ন হয়ে একে একে ঝরে পড়ে নীরে ।
 ওই বুঝি দেখা যায় ছায়া-পরপার,
 অন্ধকারে মিটিমিটি তারা-দীপ জ্বলে ।
 হোথায় কি বিস্মরণ, নিঃস্বপ্ন নিদ্রার
 শয়ন রচিয়া দিবে ঝরা ফুলদলে !
 অথবা অকূলে শুধু অনন্ত রজনী
 ভেসে চলে কর্ণধারবিহীন তরণী !

মানবহৃদয়ের বাসনা

নিশীথে রয়েছি জেগে : দেখি অনিমিখে,
 লক্ষ হৃদয়ে সাধ শূন্যে উড়ে যায় ।
 কত দিক হতে তারা ধায় কত দিকে !
 কত-না অদৃশ্যকায়া ছায়া-আলিঙ্গন
 বিশ্বময় করে চাহে, করে হায়-হায় ।
 কত স্মৃতি খুঁজিতেছে শ্মশানশয়ন—
 অন্ধকারে হেরো শত তৃষিত নয়ন
 ছায়াময় পাখি হয়ে কার পানে ধায় ।
 ক্ষীণশ্বাস-মুমূর্ষুর অতৃপ্ত বাসনা
 ধরণীর কূলে কূলে ঘুরিয়া বেড়ায় ।
 উদ্দেশে ঝরিছে কত অশ্রুবারিকণা,
 চরণ খুঁজিয়া তারা মরিবারে চায় ।
 কে শুনিছে শত কোটি হৃদয়ের ডাক !
 নিশীথিনী স্তব্ধ হয়ে রয়েছে অবাক ।

সিন্ধুগর্ভ

উপরে স্রোতের ভরে ভাসে চরাচর
 নীল সমুদ্রের 'পরে নৃত্য ক'রে সারা ।
 কোথা হতে ঝরে যেন অনন্ত নির্ঝর,
 ঝরে আলোকের কণা রবি শশী তারা ।
 ঝরে প্রাণ, ঝরে গান, ঝরে প্রেমধারা—
 পূর্ণ করিবারে চায় আকাশ সাগর ।
 সহসা কে ডুবে যায় জলবিশ্বপারা—
 দু-একটি আলো-রেখা যায় মিলাইয়া,
 তখন ভাবিতে বসি কোথায় কিনারা—
 কোন্ অতলের পানে ধাই তলাইয়া !
 নিম্নে জাগে সিন্ধুগর্ভ স্তব্ধ অন্ধকার ।
 কোথা নিবে যায় আলো, থেমে যায় গীত—
 কোথা চিরদিন তরে অসীম আড়াল !
 কোথায় ডুবিয়া গেছে অনন্ত অতীত !

ক্ষুদ্র অনন্ত

অনন্ত দিবসরাত্রি কালের উচ্ছ্বাস—
 তারি মাঝখানে শুধু একটি নিমেষ,
 একটি মধুর সন্ধ্যা, একটু বাতাস,
 মৃদু আলো-আধারের মিলন-আবেশ—

তারি মাঝখানে শুধু একটুকু জুঁই
 একটুকু হাসিমাখা সৌরভের লেশ,
 একটু অধর তার ছুঁই কি না-ছুঁই,
 আপন আনন্দ লয়ে উঠিতেছে ফুটে
 আপন আনন্দ লয়ে পড়িতেছে টুটে ।
 সমগ্র অনন্ত ওই নিমেষের মাঝে
 একটি বনের প্রান্তে জুঁই হয়ে উঠে ।
 পলকের মাঝখানে অনন্ত বিরাজে ।
 যেমনি পলক টুটে ফুল ঝরে যায়,
 অনন্ত আপনা-মাঝে আপনি মিলায় ।

সমুদ্র

কিসের অশান্তি এই মহাপারাবারে,
 সতত ছিঁড়িতে চাহে কিসের বন্ধন !
 অব্যক্ত অক্ষুট বাণী ব্যক্ত করিবারে
 শিশুর মতন সিদ্ধু করিছে ক্রন্দন ।
 যুগযুগান্তর ধরি যোজন যোজন
 ফুলিয়া ফুলিয়া উঠে উত্তাল উচ্ছ্বাস—
 অশান্ত বিপুল প্রাণ করিছে গর্জন,
 নীরবে শুনিছে তাই প্রশান্ত আকাশ ।
 আছাড়ি চূর্ণিতে চাহে সমগ্র হৃদয়
 কঠিন পাষণময় ধরণীর তীরে,
 জোয়ারে সাধিতে চায় আপন প্রলয়,
 ভাঁটায় মিলাতে চায় আপনার নীরে ।
 অন্ধ প্রকৃতির হৃদে মৃত্তিকায় বাধা ।
 সতত দুলিছে ওই অশ্রুর পাথর,
 উন্মুখী বাসনা পায় পদে পদে বাধা,
 কাঁদিয়া ভাসাতে চাহে জগৎ-সংসার ।
 সাগরের কণ্ঠ হতে কেড়ে নিয়ে কথা
 সাধ যায় ব্যক্ত করি মানবভাষায়—
 শান্ত করে দিই ওই চির-ব্যাকুলতা,
 সমুদ্রবায়ুর ওই চির হায়-হায় ।
 সাধ যায় মোর গীতে দিবস-রজনী
 ধ্বনিবে পৃথিবী-ঘেরা সংগীতের ধ্বনি ।

অস্তমান রবি

আজ কি, তপন, তুমি যাবে অস্তাচলে
না শুনে আমার মুখে একটিও গান !
দাঁড়াও গো, বিদায়ের দুটি কথা বলে
আজিকার দিন আমি করি অবসান ।
থামো ওই সমুদ্রের প্রান্তরেখা-পরে,
মুখে মোর রাখো তব একমাত্র আঁখি ।
দিবসের শেষ পলে নিমেষের তরে
তুমি চেয়ে থাকো আর আমি চেয়ে থাকি ।
দুজনের আঁখি-পরে সায়াহ্ন-আধার
আঁখির পাতার মতো আসুক মুদিয়া,
গভীর তিমিরস্নিগ্ধ শান্তির পাথর
নিবাসে ফেলুক আজি দুটি দীপ্ত হিয়া ।
শেষ গান সাস্র করে থেমে গেছে পাখি,
আমার এ গানখানি ছিল শুধু বাকি ।

অস্তাচলের পরপারে

সন্ধ্যাসূর্যের প্রতি

আমার এ গান তুমি যাও সাথে করে
নূতন সাগরতীরে দিবসের পানে ।
সায়াহ্নের ফুল হতে যদি ঘুমঘোরে
এ গান উষার কূলে পশে কারো কানে !
সারা রাত্রি নিশীথের সাগর বাহিয়া
স্বপনের পরপারে যদি ভেসে যায়,
প্রভাত-পাখিরা যবে উঠবে গাহিয়া
আমার এ গান তারা যদি খুঁজে পায় ।
গোধূলির তীরে বসে কেঁদেছে যে জন,
ফেলেছে আকাশে চেয়ে অশ্রুজল কত,
তার অশ্রু পড়িবে কি হইয়া নূতন
নবপ্রভাতের মাঝে শিশিরের মতো ।
সায়াহ্নের কুঁড়িগুলি আপনা টুটিয়া
প্রভাতে কি ফুল হয়ে উঠে না ফুটিয়া !

কেমন করে এমন বাধা ক্ষয় হবে
 আপনাকে যে আপনি হারায়
 কেমনে তার জয় হবে ।
 শত্রু বাধা আলিঙ্গনে
 যত প্রণয় তারি সনে—
 মুক্ত উদার কোন্ প্রেমে তার লয় হবে ।
 কেমন করে এমন বাধা ক্ষয় হবে ।

যে মন্ততা বারে বারে
 ছোটে সর্বনাশের পারে
 কোন্ শাসনে কবে তাহার ভয় হবে ।
 কুহেলিকার অস্ত না পাই,
 কাটবে কখন ভাবি যে তাই—
 এক নিমেষে তুমি হৃদয়ময় হবে ।
 কেমন করে এমন বাধা ক্ষয় হবে ।

বোলপুর

৩ শ্রাবণ ১৩১৭

জাগো নির্মল নেত্রে
 রাত্রির পরপারে,
 জাগো অন্তরক্ষেত্রে
 মুক্তির অধিকারে ।
 জাগো ভক্তির তীর্থে
 পূজাপুষ্পের ঘ্রাণে,
 জাগো উন্মুখ চিন্তে,
 জাগো অম্লান প্রাণে ।
 জাগো নন্দনন্ত্যে
 সুধাসিদ্ধুর ধারে,
 জাগো স্বার্থের প্রান্তে
 প্রেমমন্দিরদ্বারে ।
 জাগো উজ্জ্বল পুণ্যে,
 জাগো নিশ্চল আশে,
 জাগো নিঃসীম শূন্যে
 পূর্ণের বাহুপাশে ।
 জাগো নির্ভয়ধামে,
 জাগো সংগ্রামসাজে,

বারেক একত্রে বসে ফেলি অশ্রুজল,
 দূর করি হীন গর্ব, শূন্য অভিমান
 তার পরে একসাথে এসো কাজ করি
 কেবলি বিলাপগান দূরে পরিহরি ।

বিজনে

আমারে ডেকো না আজি, এ নহে সময়—
 একাকী রয়েছি হেথা গভীর বিজন,
 রুধিয়া রেখেছি আমি অশান্ত হৃদয়,
 দুরন্ত হৃদয় মোর করিব শাসন ।
 মানবের মাঝে গেলে এ যে ছাড়া পায়,
 সহস্রের কোলাহলে হয় পথহারা,
 লুক্ক মুষ্টি যাহা পায় আঁকড়িতে চায়,
 চিরদিন চিররাত্রি কেঁদে কেঁদে সারা ।
 ভৎসনা করিব তারে বিজনে বিরলে,
 একটুকু ঘুমাক সে কাঁদিয়া কাঁদিয়া,
 শ্যামল বিপুল কোলে আকাশ-অঞ্চলে
 প্রকৃতি জননী তারে রাখুন বাঁধিয়া ।
 শান্ত স্নেহকোলে বসে শিশুক সে স্নেহ,
 আমারে আজিকে তোরা ডাকিস নে কেহ ।

সিন্ধুতীরে

হেথা নাই ক্ষুদ্র কথা, তুচ্ছ কানাকানি,
 ধ্বনিত হতেছে চিরদিবসের বাণী ।
 চিরদিবসের রবি ওঠে, অস্ত যায়,
 চিরদিবসের কবি গাহিছে হেথায় ।
 ধরণীর চারি দিকে সীমামূন্য গানে
 সিন্ধু শত তটিনীরে করিছে আহ্বান—
 হেথায় দেখিলে চেয়ে আপনার পানে
 দুই চোখে জল আসে, কেঁদে ওঠে প্রাণ ।
 শত যুগ হেথা বসে মুখপানে চায়,
 বিশাল আকাশে পাই হৃদয়ের সাড়া ।
 তীব্র বক্র ক্ষুদ্র হাসি পায় যদি ছাড়া
 রবির কিরণে এসে মরে সে লজ্জায় ।
 সবারে আনিতে বুক বুক বেড়ে যায়,
 সবারে করিতে ক্ষমা আপনারে ছাড়া ।

সত্য

ভয়ে ভয়ে ভ্রমিতেছি মানবের মাঝে
 হৃদয়ের আলোটুকু নিবে গেছে ব'লে !
 কে কী বলে তাই শুনে মরিতেছি লাজে,
 কী হয় কী হয় ভেবে ভয়ে প্রাণ দোলে !
 'আলো' 'আলো' খুঁজে মরি পরের নয়নে,
 'আলো' 'আলো' খুঁজে খুঁজে কাঁদি পথে পথে,
 অবশেষে শুয়ে পড়ি ধূলির শয়নে—
 ভয় হয় এক পদ অগ্রসর হতে !
 বজ্রের আলোক দিয়ে ভাঙা অন্ধকার,
 হৃদি যদি ভেঙে যায় সেও তবু ভালো ।
 যে গৃহে জানালা নাই সে তো কারাগার—
 ভেঙে ফেলো, আসিবেক স্বরগের আলো ।
 হায় হায় কোথা সেই অখিলের জ্যোতি !
 চলিব সরল পথে অশঙ্কিতগতি ।

২

জ্বালায়ে আঁধার শূন্যে কোটি রবিশশী
 দাঁড়ায়ে রয়েছ একা অসীমসুন্দর ।
 সুগভীর শাস্ত নেত্র রয়েছে বিকশি,
 চিরস্থির শুভ্র হাসি, প্রসন্ন অধর ।
 আনন্দে আঁধার মরে চরণ পরশি,
 লাজ ভয় লাজে ভয়ে মিলাইয়া যায়—
 আপন মহিমা হেরি আপনি হরষি
 চরাচর শির তুলি তোমাপানে চায় ।
 আমার হৃদয়দীপ আঁধার হেথায়,
 ধূলি হতে তুলি এরে দাও জ্বালাইয়া—
 ওই ধুবতারাখানি রেখেছ যেথায়
 সেই গগনের প্রান্তে রাখো ঝুলাইয়া ।
 চিরদিন জেগে রবে নিবিবে না আর,
 চিরদিন দেখাইবে আঁধারের পার ।

আত্মাভিমান

আপনি কণ্টক আমি, আপনি জর্জর ।
 আপনার মাঝে আমি শুধু ব্যথা পাই ।
 সকলের কাছে কেন যাচি গো নির্ভর—
 গৃহ নাই, গৃহ নাই, মোর গৃহ নাই !

অতি তীক্ষ্ণ অতি ক্ষুদ্র আত্ম-অভিমান
সহিতে পারে না হয় তিল অসম্মান ।
আগেভাগে সকলের পায়ে ফুটে যায়
ক্ষুদ্র ব'লে পাছে কেহ জানিতে না পায় ।
বরঞ্চ আধারে রব ধুলায় মলিন,
চাহি না চাহি না এই দীন অহংকার—
আপন দারিদ্র্যে আমি রহিব বিলীন,
বেড়াব না চেয়ে চেয়ে প্রসাদ সবার ।
আপনার মাঝে যদি শান্তি পায় মন
বিনীত ধুলার শয্যা সুখের শয়ন ।

আত্ম-অপমান

মোছো তবে অশ্রুজল, চাও হাসিমুখে
বিচিত্র এ জগতের সকলের পানে ।
মানে আর অপমানে সুখে আর দুখে
নিখিলেরে ভেকে লও প্রসন্ন পরানে ।
কেহ ভালোবাসে কেহ নাহি ভালোবাসে,
কেহ দূরে যায় কেহ কাছে চলে আসে—
আপনার মাঝে গৃহ পেতে চাও যদি
আপনারে ভুলে তবে থাকো নিরবধি ।
ধনীর সন্তান আমি, নহি গো ভিখারি,
হৃদয়ে লুকানো আছে প্রেমের ভাণ্ডার—
আমি ইচ্ছা করি যদি বিলাইতে পারি
গভীর সুখের উৎস হৃদয় আমার ।
দুয়ারে দুয়ারে ফিরি মাগি অন্নপান
কেন আমি করি তবে আত্ম-অপমান !

ক্ষুদ্র আমি

বুঝেছি বুঝেছি, সখা, কেন হাহাকার,
আপনার 'পরে মোর কেন সদা রোষ ।
বুঝেছি বিফল কেন জীবন আমার—
আমি আছি, তুমি নাই, তাই অসন্তোষ ।
সকল কাজের মাঝে আমায়েই হেরি—
ক্ষুদ্র আমি জেগে আছে ক্ষুধা লয়ে তার,
শীর্ণবাহু-আলিঙ্গনে আমায়েই ঘেরি
করিছে আমার হায় অস্থিচর্ম সার ।
কোথা নাথ, কোথা তব সুন্দর বদন—

কোথায় তোমার, নাথ, বিশ্ব-ঘেরা হাসি ।
আমারে কাড়িয়া লও, করো গো গোপন—
আমারে তোমার মাঝে করো গো উদাসী ।
ক্ষুদ্র আমি করিতেছে বড়ো অহংকার,
ভাঙো নাথ, ভাঙো নাথ, অভিমান তার ।

প্রার্থনা

তুমি কাছে নাই ব'লে হেরো, সখা, তাই
'আমি বড়ো' 'আমি বড়ো' করিছে সবাই ।
সকলেই উচু হয়ে দাঁড়িয়ে সমুখে
বলিতেছে, 'এ জগতে আর কিছু নাই ।'
নাথ, তুমি একবার এসো হাসিমুখে
এরা সবে ম্লান হয়ে লুকাক লজ্জায়—
সুখদুঃখ টুটে যাক তব মহাসুখে,
যাক আলো-অন্ধকার তোমার প্রভায় ।
নহিলে ডুবেছি আমি, মরেছি হেথায়,
নহিলে ঘুচে না আর মর্মের ক্রন্দন—
শুদ্ধ ধূলি তুলি শুধু সুধাপিপাসায়,
প্রেম ব'লে পরিয়াছি মরণবন্ধন ।
কভু পড়ি কভু উঠি, হাসি আর কাঁদি—
খেলাঘর ভেঙে প'ড়ে রচিবে সমাধি ।

বাসনার ফাঁদ

যারে চাই তার কাছে আমি দিই ধরা,
সে আমার না হইতে আমি হই তার ।
পেয়েছি বলিয়ে মিছে অভিমান করা,
অন্যেরে বাঁধিতে গিয়ে বন্ধন আমার ।
নিরখিয়া দ্বারমুক্ত সাধের ভাণ্ডার
দুই হাতে লুটে নিই রত্ন ভূরি ভূরি—
নিয়ে যাব মনে করি, ভারে চলা ভার,
চোরা দ্রব্য বোঝা হয়ে চোরে করে চুরি ।
চিরদিন ধরণীর কাছে ঋণ চাই,
পথের সম্বল ব'লে জমাইয়া রাখি,
আপনারে বাঁধা রাখি সেটা ভুলে যাই—
পাথেয় লইয়া শেষে কারাগারে থাকি ।
বাসনার বোঝা নিয়ে ডোবে-ডোবে তরী—
ফেলিতে সরে না মন, উপায় কী করি !

চিরদিন

কোথা রাত্রি, কোথা দিন, কোথা ফুটে চন্দ্র সূর্য তারা,
 কে বা আসে কে বা যায়, কোথা বসে জীবনের মেলা,
 কে বা হাসে কে বা গায়, কোথা খেলে হৃদয়ের খেলা,
 কোথা পথ, কোথা গৃহ, কোথা পাশু, কোথা পথহারা !
 কোথা খসে পড়ে পত্র জগতের মহাবৃক্ষ হতে,
 উড়ে উড়ে ঘুরে মরে অসীমেতে না পায় কিনারা,
 বহে যায় কালবায়ু অবিশ্রাম আকাশের পথে,
 ঝর ঝর মর মর শুষ্ক পত্র শ্যাম পত্রে মিলে !
 এত ভাঙা এত গড়া, আনাগোনা জীবন্ত নিখিলে,
 এত গান এত তান এত কান্না এত কলরব—
 কোথা কে বা, কোথা সিন্ধু, কোথা উর্মি, কোথা তার বেলা—
 গভীর অসীম গর্ভে নির্বাসিত নির্বাপিত সব !
 জনপূর্ণ সুবিজনে, জ্যোতির্বিদ্ব আধারে বিলীন
 আকাশমণ্ডলে শুধু বসে আছে এক 'চিরদিন' ।

২

কী লাগিয়া বসে আছ, চাহিয়া রয়েছ কার লাগি,
 প্রলয়ের পরপারে নেহারিছ কার আগমন,
 কার দূর পদধ্বনি চিরদিন করিছ শ্রবণ,
 চিরবিহীর মতো চিররাত্রি রহিয়াছ জাগি !
 অসীম অতৃপ্তি লয়ে মাঝে মাঝে ফেলিছ নিশ্বাস,
 আকাশপ্রান্তরে তাই কেঁদে উঠে প্রলয়বাতাস,
 জগতের উর্গাজাল ছিড়ে টুটে কোথা যায় ভাগি !
 অনন্ত আধার-মাঝে কেহ তব নাহিক দোসর,
 পশে না তোমার প্রাণে আমাদের হৃদয়ের আশ,
 পশে না তোমার কানে আমাদের পাখিদের স্বর ।
 সহস্র জগতে মিলি রচে তব বিজন প্রবাস,
 সহস্র শব্দে মিলি বাঁধে তব নিঃশব্দের ঘর—
 হাসি, কাঁদি, ভালোবাসি, নাই তব হাসি কান্না মায়া—
 আসি, থাকি, চলে যাই কত ছায়া কত উপছায়া !

৩

তাই কি ? সকলি ছায়া ? আসে, থাকে, আর মিলে যায় ?
 তুমি শুধু একা আছ, আর সব আছে আর নাই ?
 যুগযুগান্তর ধরে ফুল ফুটে, ফুল ঝরে তাই ?
 প্রাণ পেয়ে প্রাণ দিই, সে কি শুধু মরণের পায় ?
 এ ফুল চাহে না কেহ ? লহে না এ পূজা-উপহার ?
 এ প্রাণ, প্রাণের আশা, টুটে কি অসীম শূন্যতায় ?

বিশ্বের উঠিছে গান, বধিরতা বহি সিংহাসনে ?
 বিশ্বের কাঁদিছে প্রাণ, শূন্যে ঝরে অশ্রুবারিধার ?
 যুগযুগান্তের প্রেম কে লইবে, নাই ত্রিভুবনে ?
 চরাচর মগ্ন আছে নিশিদিন আশার স্বপনে—
 বাঁশি শুনি চলিয়াছে, সে কি হয় বৃথা অভিসার !
 বোলো না সকলি স্বপ্ন, সকলি এ মায়ার ছলন—
 বিশ্ব যদি স্বপ্ন দেখে, সে স্বপন কাহার স্বপন ?
 সে কি এই প্রাণহীন প্রেমহীন অন্ধ অন্ধকার ?

8

ধ্বনি খুঁজে প্রতিধ্বনি, প্রাণ খুঁজে মরে প্রতিপ্রাণ ।
 জগৎ আপনা দিয়ে খুঁজিছে তাহার প্রতিদান ।
 অসীমে উঠিছে প্রেম শুধিবারে অসীমের ঋণ—
 যত দেয় তত পায়, কিছুতে না হয় অবসান ।
 যত ফুল দেয় ধরা তত ফুল পায় প্রতিদিন—
 যত প্রাণ ফুটাইছে ততই বাড়িয়া উঠে প্রাণ ।
 যাহা আছে তাই দিয়ে ধনী হয়ে উঠে দীনহীন,
 অসীমে জগতে একি পিরিতির আদান-প্রদান !
 কাহারে পূজিছে ধরা শ্যামল যৌবন-উপহারে,
 নিমেষে নিমেষে তাই ফিরে পায় নবীন যৌবন ।
 প্রেমে টেনে আনে প্রেম, সে প্রেমের পাথর কোথা রে !
 প্রাণ দিলে প্রাণ আসে, কোথা সেই অনন্ত জীবন !
 ক্ষুদ্র আপনারে দিলে, কোথা পাই অসীম আপন—
 সে কি ওই প্রাণহীন প্রেমহীন অন্ধ অন্ধকারে !

বঙ্গভূমির প্রতি

কেন চেয়ে আছ, গো মা, মুখপানে !
 এরা চাহে না তোমারে চাহে না যে,
 আপন মায়েরে নাহি জানে !
 এরা তোমায় কিছু দেবে না, দেবে না—
 মিথ্যা কহে শুধু কত কী ভানে !
 তুমি তো দিতেছ, মা, যা আছে তোমারি—
 স্বর্ণশস্য তব, জাহ্নবীবারি,
 জ্ঞান ধর্ম কত পুণ্যকাহিনী ।
 এরা কী দেবে তোরে, কিছু না, কিছু না—
 মিথ্যা কবে শুধু হীন পরানে !

মনের বেদনা রাখো, মা, মনে,
 নয়নবারি নিবারো নয়নে,
 মুখ লুকাও, মা, ধূলিশয়নে—
 ভুলে থাকো যত হীন সন্তানে ।
 শূন্যপানে চেয়ে প্রহর গনি গনি
 দেখো কাটে কি না দীর্ঘ রজনী
 দুঃখ জানায়ে কী হবে, জননী,
 নির্মম চেতনহীন পাষণে !

বঙ্গবাসীর প্রতি

আমায় বোলো না গাহিতে বোলো না ।
 এ কি শুধু হাসিখেলা, প্রমোদের মেলা
 শুধু মিছে কথা ছলনা !

আমায় বোলো না গাহিতে বোলো না ।
 এ যে নয়নের জল, হতাশের শ্বাস,
 কলঙ্কের কথা দরিদ্রের আশ,
 এ যে বুক-ফাটা দুখে গুমরিছে বুক
 গভীর মরমবেদন ।

এ কি শুধু হাসিখেলা, প্রমোদের মেলা,
 শুধু মিছে কথা ছলনা !
 এসেছি কি হেথা যশের কাঙালি
 কথা গেঁথে গেঁথে নিতে করতালি,
 মিছে কথা কয়ে মিছে যশ লয়ে
 মিছে কাজে নিশিয়াপনা !
 কে জাগিবে আজ, কে করিবে কাজ,
 কে ঘুচাতে চাহে জননীর লাজ—
 কাতরে কাঁদিবে, মা'র পায়ে দিবে
 সকল প্রাণের কামনা ।

এ কি শুধু হাসিখেলা, প্রমোদের মেলা,
 শুধু মিছে কথা ছলনা !

আহ্বানগীত

পৃথিবী জুড়িয়া বেজেছে বিয়ান,
 শুনিতো পেয়েছি ওই—
 সবাই এসেছে লইয়া নিশান,
 কই রে বাঙালি কই !

সুগভীর স্বর কাঁদিয়া বেড়ায়
 বঙ্গসাগরের তীরে,
 'বাঙালির ঘরে কে আছিস আয়'
 ডাকিতেছে ফিরে ফিরে ।
 ঘরে ঘরে কেন দুয়ার ভেজানো,
 পথে কেন নাই লোক,
 সারা দেশ ব্যাপি মরেছে কে যেন—
 বেঁচে আছে শুধু শোক ।
 গঙ্গা বহে শুধু আপনার মনে,
 চেয়ে থাকে হিমগিরি,
 রবি শশী উঠে অনন্ত গগনে
 আসে যায় ফিরি ফিরি ।
 কত-না সংকট, কত-না সস্তাপ
 মানবশিশুর তরে,
 কত-না বিবাদ কত-না বিলাপ
 মানবশিশুর ঘরে !
 কত ভায়ে ভায়ে নাই যে বিশ্বাস,
 কেহ করে নাই মানে,
 ঈর্ষা নিশাচরী ফেলিছে নিশ্বাস
 হৃদয়ের মাঝখানে ।
 হৃদয়ে লুকানো হৃদয়বেদনা,
 সংশয়-আধারে যুঝে,
 কে কাহারে আজি দিবে গো সান্ত্বনা—
 কে দিবে আলয় খুঁজে !
 মিটাতে হইবে শোক তাপ ত্রাস,
 করিতে হইবে রণ,
 পৃথিবী হইতে উঠেছে উচ্ছ্বাস—
 শোনো শোনো সৈন্যগণ !
 পৃথিবী ডাকিছে আপন সন্তানে,
 বাতাস ছুটেছে তাই—
 গৃহ তেয়গিয়া ভায়ের সন্মানে
 চলিয়াছে কত ভাই ।
 বঙ্গের কুটিরে এসেছে বারতা,
 শুনেছে কি তাহা সবে ?
 জেগেছে কি কবি শুনাতে সে কথা
 জলদগন্তীর রবে ?
 হৃদয় কি কারো উঠেছে উথলি ?
 আখি খুলেছে কি কেহ ?
 ভেঙেছে কি কেহ সাধের পুতলি ?
 ছেড়েছে খেলার গেহ ?

কেন কানাকানি, কেন রে সংশয় ?
 কেন মরো ভয়ে লাজে ?
 খুলে ফেলো দ্বার, ভেঙে ফেলো ভয়,
 চলো পৃথিবীর মাঝে ।
 ধরাপ্রান্তভাগে ধূলিতে লুটায়
 জড়িমাজড়িত তনু,
 আপনার মাঝে আপনি গুটায়
 ঘুমায় কীটের অণু ।
 চারি দিকে তার আপন-উল্লাসে
 জগৎ ধাইছে কাজে,
 চারি দিকে তার অনন্ত আকাশে
 স্বরগসংগীত বাজে !
 চারি দিকে তার মানবমহিমা
 উঠিছে গগনপানে,
 খুঁজিছে মানব আপনার সীমা
 অসীমের মাঝখানে !
 সে কিছুই তার করে না বিশ্বাস,
 আপনারে জানে বড়ো—
 আপনি গনিছে আপন নিশ্বাস,
 ধূলা করিতেছে জড়ো ।
 সুখদুঃখ লয়ে অনন্ত সংগ্রাম,
 জগতের রঙ্গভূমি—
 হেথায় কে চায় ভীকুর বিশ্রাম,
 কেন গো ঘুমাও তুমি ।
 ডুবিছ ভাসিছ অশ্রুর হিল্লোলে,
 শুনিতোছ হাহাকার—
 তীর কোথা আছে দেখো মুখ তুলে,
 এ সমুদ্র করো পার ।
 মহা কলরবে সেতু বাঁধে সবে,
 তুমি এসো, দাও যোগ—
 বাধার মতন জড়াও চরণ
 একি রে করম-ভোগ ।
 তা যদি না পারো সরো তবে সরো,
 ছেড়ে দাও তবে স্থান,
 ধূলায় পড়িয়া মরো তবে মরো—
 কেন এ বিলাপগান !
 ওরে চেয়ে দেখ মুখ আপনার,
 ভেবে দেখ তোরা কারা,
 মানবের মতো ধরিয়া আকার,
 কেন রে কীটের পারা ?

আছে ইতিহাস, আছে কুলমান,
 আছে মহত্বের খনি—
 পিতৃপিতামহ গেয়েছে যে গান
 শোন্ তার প্রতিধ্বনি ।
 খুঁজেছেন তাঁরা চাহিয়া আকাশে
 গ্রহতারকার পথ,
 জগৎ ছাড়ায়ে অসীমের আশে
 উড়াতেন মনোরথ ।
 চাতকের মতো সত্যের লাগিয়া
 তৃষিত-আকুল-প্রাণে
 দিবসরজনী ছিলেন জাগিয়া
 চাহিয়া বিশ্বের পানে ।
 তবে কেন সবে বধির হেথায়,
 কেন অচেতন প্রাণ—
 বিফল উচ্ছ্বাসে কেন ফিরে যায়
 বিশ্বের আহ্বানগান !
 মহত্বের গাথা পশিতেছে কানে,
 কেন রে বুঝি নে ভাষা ?
 তীর্থযাত্রী যত পথিকের গানে
 কেন রে জাগে না আশা ?
 উন্নতির ধ্বজা উড়িছে বাতাসে,
 কেন রে নাচে না প্রাণ ?
 নবীন কিরণ ফুটেছে আকাশে,
 কেন রে জাগে না গান ?
 কেন আছি শুয়ে, কেন আছি চেয়ে,
 পড়ে আছি মুখোমুখি—
 মানবের শ্রোত চলে গান গেয়ে,
 জগতের সুখে সুখী !
 চলো দিবালোকে, চলো লোকালয়ে,
 চলো জনকোলাহলে—
 মিশাব হৃদয় মানবহৃদয়ে
 অসীম আকাশতলে ।
 তরঙ্গ তুলিব তরঙ্গের 'পরে,
 নৃত্যগীত নব নব—
 বিশ্বের কাহিনী কোটি কণ্ঠস্বরে
 এককণ্ঠ হয়ে কব ।
 মানবের সুখ মানবের আশা
 বাজবে আমার প্রাণে,
 শত লক্ষ কোটি মানবের ভাষা
 ফুটিবে আমার গানে ।

মানবের কাজে মানবের মাঝে
 আমরা পাইব ঠাই,
 বঙ্গের দুয়ারে তাই শিঙা বাজে—
 শুনিতে পেয়েছি ভাই !
 মুছে ফেলো ধুলা, মুছ অশ্রুজল,
 ফেলো ভিখারির চীর—
 পরো নব সাজ, ধরো নব বল,
 তোলো তোলো নত শির ।
 তোমাদের কাছে আজি আসিয়াছে
 জগতের নিমন্ত্রণ—
 দীনহীন বেশ ফেলে যেয়ো পাছে,
 দাসত্বের আভরণ ।
 সভার মাঝারে দাঁড়াবে যখন,
 হাসিয়া চাহিবে ধীরে,
 পুরবরবির হিরণ কিরণ
 পড়িবে তোমার শিরে ।
 বাঁধন টুটিয়া উঠিবে ফুটিয়া
 হৃদয়ের শতদল,
 জগতমাঝারে যাইবে লুটিয়া
 প্রভাতের পরিমল ।
 উঠ বঙ্গকবি, মায়ের ভাষায়
 মুমূর্ষুরে দাও প্রাণ—
 জগতের লোক সুধার আশায়
 সে ভাষা করিবে পান ।
 চাহিবে মোদের মায়ের বদনে,
 ভাসিবে নয়নজলে—
 বাঁধিবে জগৎ গানের বাঁধনে
 মায়ের চরণতলে ।
 বিশ্বের মাঝারে ঠাই নাই বলে
 কাঁদিতেছে বঙ্গভূমি,
 গান গেয়ে কবি জগতের তলে
 স্থান কিনে দাও তুমি ।
 একবার কবি মায়ের ভাষায়
 গাও জগতের গান—
 সকল জগৎ ভাই হয়ে যায়,
 ঘুচে যায় অপমান ।

শেষ কথা

মনে হয় কী একটি শেষ কথা আছে,
 সে কথা হইলে বলা সব বলা হয় ।
 কল্পনা কাঁদিয়া ফিরে তারি পাছে পাছে,
 তারি তরে চেয়ে আছে সমস্ত হৃদয় ।
 শত গান উঠিতেছে তারি অশ্বেষণে,
 পাখির মতন ধায় চরাচরময় ।
 শত গান ম'রে গিয়ে নূতন জীবনে
 একটি কথায় চাহে হইতে বিলয় ।
 সে কথা হইলে বলা নীরব বাঁশরি,
 আর বাজাব না বীণা চিরদিন-তরে ।
 সে কথা শুনিতে সবে আছে আশা করি,
 মানব এখনো তাই ফিরিছে না ঘরে ।
 সে কথায় আপনারে পাইব জানিতে,
 আপনি কৃতার্থ হব আপন বাণীতে ।

মানসী

সূচনা

বাল্যকাল থেকে পশ্চিম-ভারত আমার কাছে রোম্যান্টিক কল্পনার বিষয় ছিল। এইখানেই নিরবচ্ছিন্নকাল বিদেশীয়দের সঙ্গে এ দেশের সংযোগ ও সংঘর্ষ ঘটে এসেছে। বহু শতাব্দী ধরে এইখানেই ইতিহাসের বিপুল পটভূমিকায় বহু সাম্রাজ্যের উত্থান পতন এবং নব নব ঐশ্বর্যের বিকাশ ও বিলয় আপন বিচিত্র বর্ণের ছবির ধারা অঙ্কিত করে চলেছে। অনেক দিন ইচ্ছা করেছি এই পশ্চিম-ভারতের কোনো-এক জায়গায় আশ্রয় নিয়ে ভারতবর্ষের বিরাট বিক্ষুব্ধ অতীত যুগের স্পর্শলাভ করব মনের মধ্যে। অবশেষে এক সময়ে যাত্রার জন্যে প্রস্তুত হলুম। এত দেশ থাকতে কেন যে গাজিপুর বেছে নিয়েছিলুম তার দুটো কারণ আছে। শুনেছিলুম গাজিপুরে আছে গোলাপের খেত। আমি যেন মনের মধ্যে গোলাপবিলাসী সিরাজের ছবি ঐকে নিয়েছিলুম। তারই মোহ আমাকে প্রবলভাবে টেনেছিল। সেখানে গিয়ে দেখলুম ব্যবসাদারের গোলাপের খেত, এখানে বুলবুলের আমন্ত্রণ নেই, কবিরও নেই। হারিয়ে গেল সেই ছবি। অপর পক্ষে, গাজিপুরে মহিমাষিত প্রাচীন ইতিহাসের স্বাক্ষর কোথাও বড়ো রেখায় ছাপ দেয় নি। আমার চোখে এর চেহারা ঠেকল সাদা-কাপড়-পরা বিধবার মতো, সেও কোনো বড়োঘরের ঘরনী নয়।

তবু গাজিপুরেই রয়ে গেলুম, তার একটা কারণ এখানে ছিলেন আমাদের দূরসম্পর্কের আত্মীয় গগনচন্দ্র রায়, আফিম-বিভাগের একজন বড়ো কর্মচারী। এখানে আমার সমস্ত ব্যবস্থা সহজ হল তাঁরই সাহায্যে। একখানা বড়ো বাংলা পাওয়া গেল, গঙ্গার ধারেও বটে, ঠিক গঙ্গার ধারেও নয়। প্রায় মাইলখানেক চর পড়ে গেছে, সেখানে যবের ছোলার শর্ষের খেত; দূর থেকে দেখা যায় গঙ্গার জলধারা, গুণ-টানা নৌকো চলেছে মস্তুর গতিতে। বাড়ির সংলগ্ন অনেকখানি জমি, অনাদৃত, বাংলাদেশের মাটি হলে জঙ্গল হয়ে উঠত। ইদারা থেকে পূর চলছে নিস্তব্ধ মধ্যাহ্নে কলকল শব্দে। গোলকচাঁপার ঘনপল্লব থেকে কোকিলের ডাক আসত রৌদ্রতপ্ত প্রহরের ক্লাস্ত হাওয়ায়। পশ্চিম কোণে প্রাচীন একটা মহানিম গাছ, তার বিস্তীর্ণ ছায়াতলে বসবার জায়গা। সাদা ধুলোর রাস্তা চলেছে বাড়ির গা ঘেঁষে, দূরে দেখা যায় খোলার-চালওয়ালা পল্লী।

গাজিপুর আগ্রা-দিল্লীর সমকক্ষ নয়, সিরাজ-সমরখন্দের সঙ্গেও এর তুলনা হয় না— তবু মন নিমগ্ন হল অক্ষুণ্ণ অবকাশের মধ্যে। আমার গানে আমি বলেছি, আমি সুদূরের পিয়াসী। পরিচিত সংসার থেকে এখানে আমি সেই দূরত্বের দ্বারা বেষ্টিত হলুম, অভ্যাসের স্থূলহস্তাবলেপ দূর হবামাত্র মুক্তি এল মনোরাজ্যে। এই আবহাওয়ায় আমার কাব্যরচনার একটা নতুন পর্ব আপনি প্রকাশ পেল। আমার কল্পনার উপর নূতন পরিবেষ্টনের প্রভাব বার বার দেখেছি। এইজন্যেই আলমোড়ায় যখন ছিলুম আমার লেখনী হঠাৎ নতুন পথ নিল ‘শিশু’র কবিতায়, অথচ সে-জাতীয় কবিতার কোনো প্রেরণা কোনো উপলক্ষই সেখানে ছিল না। পূর্বতন রচনাধারা থেকে স্বতন্ত্র এ একটা নূতন কাব্যরূপের প্রকাশ। ‘মানসী’ও সেই রকম। নূতন আবেষ্টনে এই কবিতাগুলি সহসা যেন নবদেহ ধারণ করল। পূর্ববর্তী ‘কড়ি ও কোমল’-এর সঙ্গে এর বিশেষ মিল পাওয়া যাবে না। আমার রচনার এই পর্বেই যুক্ত অক্ষরকে পূর্ণ মূল্য দিয়ে ছন্দকে নূতন শক্তি দিতে পেরেছি। ‘মানসী’তেই ছন্দের নানা খেয়াল দেখা দিতে আরম্ভ করেছে। কবির সঙ্গে যেন একজন শিল্পী এসে যোগ দিল।

উপহার

নিভৃত এ চিত্তমাঝে নিমেষে নিমেষে বাজে
জগতের তরঙ্গ-আঘাত,
ধ্বনিত হৃদয়ে তাই মুহূর্ত বিরাম নাই
নিদ্রাহীন সারা দিনরাত ।
সুখ দুঃখ গীতস্বর ফুটিতেছে নিরন্তর—
ধ্বনি শুধু, সাথে নাই ভাষা ।
বিচিত্র সে কলরোলে ব্যাকুল করিয়া তোলে
জাগাইয়া বিচিত্র দুরাশা ।
এ চিরজীবন তাই আর কিছু কাজ নাই,
রচি শুধু অসীমের সীমা ।
আশা দিয়ে, ভাষা দিয়ে, তাহে ভালোবাসা দিয়ে
গড়ে তুলি মানসী-প্রতিমা ।

বাহিরে পাঠায় বিশ্ব কত গন্ধ গান দৃশ্য
সঙ্গীহারা সৌন্দর্যের বেশে,
বিরহী সে ঘুরে ঘুরে ব্যথাভরা কত সুরে
কাঁদে হৃদয়ের দ্বারে এসে ।
সেই মোহমন্ত্র গানে কবির গভীর প্রাণে
জেগে ওঠে বিরহী ভাবনা,
ছাড়ি অন্তঃপুরবাসে সলজ্জ চরণে আসে
মূর্তিমতী মর্মের কামনা ।
অন্তরে বাহিরে সেই ব্যাকুলিত মিলনেই
কবির একান্ত সুখোচ্ছ্বাস
সেই আনন্দমুহূর্তগুলি তব করে দিনু তুলি
সর্বশ্রেষ্ঠ প্রাণের প্রকাশ ।

জোড়াসাঁকো

৩০ বৈশাখ ১৮৯০ [খৃস্টাব্দ]

মানসী

ভুলে

কে আমারে যেন এনেছে ডাকিয়া,
এসেছি ভুলে ।

তবু একবার চাও মুখপানে
নয়ন তুলে ।

দেখি, ও নয়নে নিমেষের তরে
সেদিনের ছায়া পড়ে কি না পড়ে,
সজল আবেগে আঁখিপাতা দুটি
পড়ে কি চুলে ।

ক্ষণেকের তরে ভুল ভাঙায়ো না,
এসেছি ভুলে ।

বেল-কুঁড়ি দুটি করে ফুটি-ফুটি
অধর খোলা ।

মনে পড়ে গেল সেকালের সেই
কুসুম তোলা ।

সেই শুকতারা সেই চোখে চায়,
বাতাস কাহারে খুঁজিয়া বেড়ায়,
উষা না ফুটিতে হাসি ফুটে তার
গগনমূলে ।

সেদিন যে গেছে ভুলে গেছি, তাই
এসেছি ভুলে ।

ব্যথা দিয়ে কবে কথা কয়েছিলে
পড়ে না মনে,

দূরে থেকে কবে ফিরে গিয়েছিলে
নাই স্মরণে ।

শুধু মনে পড়ে হাসিমুখখানি
লাজে বাধো-বাধো সোহাগের বাণী,
মনে পড়ে সেই হৃদয়-উছাস
নয়নকূলে ।

তুমি যে ভুলেছ ভুলে গেছি, তাই
এসেছি ভুলে ।

কাননের ফুল, এরা তো ভোলে নি,
 আমরা ভুলি ?
 সেই তো ফুটেছে পাতায় পাতায়
 কামিনীগুণি !
 চাঁপা কোথা হতে এনেছে ধরিয়া
 অরুণকিরণ কোমল করিয়া,
 বকুল ঝরিয়া মরিবারে চায়
 কাহার চুলে ?
 কেহ ভোলে, কেউ ভোলে না যে, তাই
 এসেছি ভুলে ।

এমন করিয়া কেমনে কাটিবে
 মাধবী রাতি ?
 দখিনে বাতাসে কেহ নেই পাশে
 সাথের সাথি !
 চারি দিক হতে ঝাঁশি শোনা যায়,
 সুখে আছে যারা তারা গান গায়—
 আকুল বাতাসে, মদির সুবাসে,
 বিকচ ফুলে,
 এখনো কি কেঁদে চাহিবে না কেউ
 আসিলে ভুলে ?

বৈশাখ ১৮৮৭

ভুল-ভাঙা

বুঝেছি আমার নিশার স্বপন
 হয়েছে ভোর ।
 মালা ছিল, তার ফুলগুলি গেছে,
 রয়েছে ডোর ।
 নেই আর সেই চুপি-চুপি চাওয়া,
 ধীরে কাছে এসে ফিরে ফিরে যাওয়া—
 চেয়ে আছে আঁখি, নাই ও আঁখিতে
 প্রেমের ঘোর ।
 বাহুলতা শুধু বন্ধনপাশ
 বাহতে মোর ।
 হাসিটুকু আর পড়ে না তো ধরা
 অধরকোণে ।
 আপনারে আর চাহ না লুকাতে
 আপন মনে ।

স্বর শুনে আর উতলা হৃদয়
উথলি উঠে না সারা দেহময়,
গান শুনে আর ভাসে না নয়নে
নয়নলোর ।

আঁখিজলরেখা ঢাকিতে চাহে না
শরম চোর ।

বসন্ত নাহি এ ধরায় আর
আগের মতো,
জ্যোৎস্নায়ামিনী যৌবনহারা
জীবনহত ।

আর বুঝি কেহ বাজায় না বীণা,
কে জানে কাননে ফুল ফোটে কি না—
কে জানে সে ফুল তোলে কি না কেউ
ভরি আঁচোর !

কে জানে সে ফুলে মালা গাঁথে কি না
সারা প্রহর !

বাঁশি বেজেছিল, ধরা দিনু যেই
থামিল বাঁশি—

এখন কেবল চরণে শিকল
কঠিন ফাঁসি ।

মধু নিশা গেছে, স্মৃতি তারি আজ
মর্মে মর্মে হানিতেছে লাজ—
সুখ গেছে, আছে সুখের ছলনা
হৃদয়ে তোর ।

প্রেম গেছে, শুধু আছে প্রাণপণ
মিছে আদর ।

কতই না জানি জেগেছ রজনী
করণ দুখে,

সদয় নয়নে চেয়েছ আমার
মলিন মুখে ।

পরদুখভার সহে নাকো আর,
লতায় পড়িছে দেহ সুকুমার—
তবু আসি আমি পাষণহৃদয়
বড়ো কঠোর ।

ঘুমাও, ঘুমাও, আঁখি ঢুলে আসে
ঘুমে কাতর ।

বিরহানন্দ

এই ছন্দে যে যে স্থানে ঝাঁক সেইখানে দীর্ঘ যতিপতন আবশ্যক

ছিলাম নিশিদিন আশাহীন প্রবাসী
বিরহতপোবনে আনমনে উদাসী ।
আধারে আলো মিশে দিশে দিশে খেলিত,
অটবী বায়ুবশে উঠিত সে উছাসি ।
কখনো ফুল দুটো আঁখিপুট মেলিত,
কখনো পাতা ঝরে পড়িত রে নিশাসি ।

তবু সে ছিনু ভালো আধা-আলো- আধারে,
গহন শত-ফের বিষাদের মাঝারে ।
নয়নে কত ছায়া কত মায়া ভাসিত,
উদাস বায়ু সে তো ডেকে যেত আমারে ।
ভাবনা কত সাজে হৃদিমাঝে আসিত,
খেলাত অবিরত কত শত আকারে !

বিরহপরিপূত ছায়াযুত শয়নে
ঘুমের সাথে স্মৃতি আসে নিতি নয়নে ।
কপোত দুটি ডাকে বসি শাখে মধুরে,
দিবস চলে যায় গলে যায় গগনে ।
কোকিল কুহুতানে ডেকে আনে বধুরে,
নিবিড় শীতলতা তরুলতা গহনে ।

আকাশে চাহিতাম গাহিতাম একাকী,
মনের যত কথা ছিল সেথা লেখা কি ?
দিবসনিশি ধ'রে ধ্যান ক'রে তাহারে
নীলিমা-পরপার পাব তার দেখা কি ?
তটিনী অনুখন ছোটে কোন্ পাথারে,
আমি যে গান গাই তারি ঠাই শেখা কি ?

বিরহে তারি নাম শুনিতাম পবনে,
তাহারি সাথে থাকা মেঘে ঢাকা ভবনে ।
পাতার মরমর কলেবর হরষে,
তাহারি পদধ্বনি যেন গনি কাননে ।
মুকুল সুকুমার যেন তার পরশে,
চাঁদের চোখে ক্ষুধা তারি সুধা -স্বপনে ।

করুণা অনুখন প্রাণ মন ভরিত,
ঝরিলে ফুলদল চোখে জল ঝরিত ।

পবন ছ'ছ ক'রে করিত রে হাহাকার,
ধরার তরে যেন মোর প্রাণ ঝুরিত ।
হেরিলে দুখে শোকে কারো চোখে আঁখিধার
তোমারি আঁখি কেন মনে যেন পড়িত ।

শিশুরে কোলে নিয়ে জুড়াইয়ে যেত বুক,
আকাশে বিকশিত তোরি মতো স্নেহমুখ ।
দেখিলে আঁখি-রাঙা পাখা-ভাঙা পাখিটি
'আহাহা' ধ্বনি তোর প্রাণে মোর দিত দুখ ।
মুছালে দুখনির দুখনির আঁখিটি,
জাগিত মনে ত্বরা দয়া-ভরা তোর সুখ ।

সারাটা দিনমান রচি গান কত-না !
তোমারি পাশে রহি যেন কহি বেদনা ।
কানন মরমরে কত স্বরে কহিত,
ধ্বনিত যেন দিশে তোমারি সে রচনা ।
সতত দূরে কাছে আগে পাছে বহিত
তোমারি যত কথা পাতা-লতা ঝরনা ।

তোমারে আঁকিতাম, রাখিতাম ধরিয়া
বিরহ ছায়াতল সুশীতল করিয়া ।
কখনো দেখি যেন ম্লান-হেন মুখানি,
কখনো আঁখিপুটে হাসি উঠে ভরিয়া ।
কখনো সারা রাত ধরি হাত দুখানি
রহি গো বেশবাসে কেশপাশে মরিয়া ।

বিরহ সুমধুর হল দূর কেন রে ?
মিলনদাবানলে গেল জ্বলে যেন রে ।
কই সে দেবী কই ? হেরো ওই একাকার,
শ্মশানবিলাসিনী বিবাসিনী বিহরে ।
নাই গো দয়ামায়া স্নেহছায়া নাই আর—
সকলি করে ধুধু, প্রাণ শুধু শিহরে ।

জ্যৈষ্ঠ ১৮৮৭

ক্ষণিক মিলন

একদা এলোচূলে কোন্ ভূলে ভুলিয়া
আসিল সে আমার ভাঙা দ্বার খুলিয়া ।
জ্যোৎস্না অনিমিখ, চারি দিক সুবিজন,
চাহিল একবার আঁখি তার তুলিয়া ।

আবার দুটি নয়নে লুটি
 হৃদয় হরে নিবে কে ?
 আবার মোরে পাগল করে
 দিবে কে ?

আবার কবে ধরণী হবে
 তরুণা ?
 কাহার প্রেমে আসিবে নেমে
 স্বরগ হতে করুণা ?
 নিশীথনভে শুনিব কবে
 গভীর গান,
 যে দিকে চাব দেখিতে পাব
 নবীন প্রাণ,
 নূতন প্রীতি আনিবে নিতি
 কুমারী উষা অরুণা—
 আবার কবে ধরণী হবে
 তরুণা ?

কোথা এ মোর জীবন-ডোর
 বাঁধা রে ?
 প্রেমের ফুল ফুটে আকুল
 কোথায় কোন্ আধারে ?
 গভীরতম বাসনা মম
 কোথায় আছে ?
 আমার গান আমার প্রাণ
 কাহার কাছে ?
 কোন্ গগনে মেঘের কোণে
 লুকায়ে কোন্ চাঁদা রে ?
 কোথায় মোর জীবন-ডোর
 বাঁধা রে ?

অনেক দিন পরানহীন
 ধরণী ।
 বসনাবৃত খাঁচার মতো
 তামসঘনবরনী ।
 নাই সে শাখা, নাই সে পাখা,
 নাই সে পাতা,
 নাই সে ছবি, নাই সে রবি,
 নাই সে গাথা—

জীবন চলে আধার জলে
 আলোকহীন তরণী ।
 অনেক দিন পরানহীন
 ধরণী ।

মায়াকারায় বিভোর-প্রায়
 সকলি,
 শতেক পাকে জড়িয়ে রাখে
 ঘুমের ঘোর শিকলি ।
 দানব-হেন আছে কে যেন
 দুয়ার আঁটি ।
 কাহার কাছে না জানি আছে
 সোনার কাঠি ?
 পরশ লেগে উঠিবে জেগে
 হরষ-রস-কাকলি !
 মায়াকারায় বিভোর-প্রায় ।
 সকলি ।

দিবে সে খুলি এ ঘোর ধূলি-
 আবরণ ।
 তাহার হাতে আঁথির পাতে
 জগতজাগা জাগরণ ।
 সে হাসিখানি আনিবে টানি
 সবার হাসি,
 গড়িবে গেহ, জাগাবে স্নেহ
 জীবনরাশি ।
 প্রকৃতিবধু, চাহিবে মধু,
 পরিবে নব আভরণ ।
 সে দিবে খুলি এ ঘোর ধূলি-
 আবরণ ।

পাগল করে দিবে সে মোরে
 চাহিয়া,
 হৃদয়ে এসে মধুর হেসে
 প্রাণের গান গাহিয়া ।
 আপনা থাকি ভাসিবে আঁথি
 আকুল নীরে,
 ঝরনা-সম জগৎ মম
 ঝরিবে শিরে ।

তাহার বাণী দিবে গো আনি
সকল বাণী বাহিয়া ।
পাগল করে দিবে সে মোরে
চাহিয়া ।

৪৯ পার্ক স্ট্রীট

আষাঢ় ১৮৮৭

আত্মসমর্পণ

আমি এ কেবল মিছে বলি,
শুধু আপনার মন ছিলি ।
কঠিন বচন শুনায়ে তোমারে
আপন মর্মে জ্বলি ।
থাক্ তবে থাক্ ক্ষীণ প্রতারণা,
কী হবে লুকায়ে বাসনা বেদনা,
যেমন আমার হৃদয়-পরান
তেমনি দেখাব খুলি ।

আমি মনে করি যাই দূরে,
তুমি রয়েছ বিশ্ব জুড়ে ।
যত দূরে যাই ততই তোমার
কাছাকাছি ফিরি ঘুরে ।
চোখে চোখে থেকে কাছে নহ তবু,
দূরেতে থেকেও দূর নহ কভু,
সৃষ্টি ব্যাপিয়া রয়েছ তবুও
আপন অন্তঃপুরে ।

আমি যেমনি করিয়া চাই,
আমি যেমনি করিয়া গাই,
বেদনাবিহীন ওই হাসিমুখ
সমান দেখিতে পাই ।
ওই রূপরাশি আপনা বিকাশি
রয়েছে পূর্ণ গৌরবে ভাসি,
আমার ভিখারি প্রাণের বাসনা
হোথায় না পায় ঠাই ।

শুধু ফুটন্ত ফুলমাঝে
দেবী, তোমার চরণ সাজে ।

অভাবকঠিন মলিন মর্ত
 কোমল চরণে বাজে ।
 জেনে শুনে তবু কী ভ্রমে ভুলিয়া
 আপনারে আমি এনেছি তুলিয়া,
 বাহিরে আসিয়া দরিদ্র আশা
 লুকাতে চাহিছে লাজে ।

তবু থাক্ পড়ে ওইখানে,
 চেয়ে তোমার চরণপানে ।
 যা দিয়েছি তাহা গেছে চিরকাল,
 আর ফিবিবে না প্রাণে ।
 তবে ভালো করে দেখো একবার
 দীনতা হীনতা যা আছে আমার,
 ছিন্ন মলিন অনাবৃত হিয়া
 অভিমান নাহি জানে ।

তবে লুকাব না আমি আর
 এই ব্যথিত হৃদয়ভার
 আপনার হাতে চাব না রাখিতে
 আপনার অধিকার ।
 বাঁচিলাম প্রাণে তেয়াগিয়া লাজ,
 বন্ধ বেদনা ছাড়া পেল আজ,
 আশা-নিরাশায় তোমারি যে আমি
 জানাইনু শত বার ।

জোড়াসাঁকো

১১ ভাদ্র ১৮৮৯

নিষ্ফল কামনা

বৃথা এ ক্রন্দন !
 বৃথা এ অনল-ভরা দুরন্ত বাসনা !

রবি অস্ত যায় ।
 অরণ্যেতে অন্ধকার, আকাশেতে আলো ।
 সন্ধ্যা নত-আঁখি
 ধীরে আসে দিবার পশ্চাতে ।
 বহে কি না বহে
 বিদায়বিষাদশ্রান্ত সন্ধ্যার বাতাস ।

দুটি হাতে হাত দিয়ে ক্ষুধার্ত নয়নে
 চেয়ে আছি দুটি আঁখি-মাঝে ।
 খুঁজিতেছি, কোথা তুমি,
 কোথা তুমি !
 যে অমৃত লুকানো তোমায়
 সে কোথায় !
 অন্ধকার সন্ধ্যার আকাশে
 বিজন তারার মাঝে কাঁপিছে যেমন
 স্বর্গের আলোকময় রহস্য অসীম,
 ওই নয়নের
 নিবিড়তিমিরতলে কাঁপিছে তেমনি
 আত্মার রহস্যশিখা ।
 তাই চেয়ে আছি ।
 প্রাণ মন সব লয়ে তাই ডুবিতেছি
 অতল আকাঙ্ক্ষা-পারাবারে ।
 তোমার আঁখির মাঝে,
 হাসির আড়ালে,
 বচনের সুধাস্রোতে,
 তোমার বদনব্যাপী
 করুণ শান্তির তলে
 তোমারে কোথায় পাব—
 তাই এ ক্রন্দন !

বৃথা এ ক্রন্দন !
 হয় রে দুরাশা !
 এ রহস্য এ আনন্দ তোর তরে নয় ।
 যাহা পাস তাই ভালো,
 হাসিটুকু, কথাটুকু,
 নয়নের দৃষ্টিটুকু,
 প্রেমের আভাস ।
 সমগ্র মানব তুই পেতে চাস,
 এ কী দুঃসাহস !
 কী আছে বা তোর,
 কী পারিবি দিতে !
 আছে কি অনন্ত প্রেম ?
 পারিবি মিটাতে
 জীবনের অনন্ত অভাব ?
 মহাকাশ-ভরা
 এ অসীম জগৎ-জনতা,

এ নিবিড় আলো অন্ধকার,
 কোটি ছায়াপথ, মায়াপথ,
 দুর্গম উদয়-অস্তাচল,
 এরই মাঝে পথ করি
 পারিবি কি নিয়ে যেতে
 চিরসহচরে
 চিররাত্রিদিন
 একা অসহায় ?
 যে জন আপনি ভীত, কাতর, দুর্বল,
 স্নান, ক্ষুধাতৃষাতুর, অন্ধ, দিশাহারা,
 আপন হৃদয়ভারে পীড়িত জর্জর,
 সে কাহারে পেতে চায় চিরদিন-তরে ?

ক্ষুধা মিটাবার খাদ্য নহে যে মানব,
 কেহ নহে তোমার আমার ।
 অতি সযতনে,
 অতি সংগোপনে,
 সুখে দুঃখে, নিশীথে দিবসে,
 বিপদে সম্পদে,
 জীবনে মরণে,
 শত ঋতু-আবর্তনে
 বিশ্বজগতের তরে, ঈশ্বরের তরে
 শতদল উঠিতেছে ফুটি ;
 সুতীক্ষ্ণ বাসনা-ছুরি দিয়ে
 তুমি তাহা চাও ছিড়ে নিতে ?
 লও তার মধুর সৌরভ,
 দেখো তার সৌন্দর্যবিকাশ,
 মধু তার করো তুমি পান,
 ভালোবাসো, প্রেমে হও বলী,
 চেয়ো না তাহারে ।
 আকাঙ্ক্ষার ধন নহে আত্মা মানবের ।
 শাস্ত সঙ্ক্যা স্তব্ধ কোলাহল
 নিবাও বাসনাবহি নয়নের নীরে,
 চলো ধীরে ঘরে ফিরে যাই ।

সংশয়ের আবেগ

ভালোবাস কি না বাস বুঝিতে পারি নে,
 তাই কাছে থাকি ।
 তাই তব মুখপানে রাখিয়াছি মেলি
 সর্বগ্রাসী আঁখি ।
 তাই সারা রাত্রিদিন শ্রান্তি-তৃপ্তি-নিদ্রাহীন
 করিতেছি পান—
 যতটুকু হাসি পাই, যতটুকু কথা,
 যতটুকু গান ।

তাই কভু ফিরে যাই, কভু ফেলি শ্বাস,
 কভু ধরি হাত ।
 কখনো কঠিন কথা, কখনো সোহাগ,
 কভু অশ্রুপাত ।
 তুলি ফুল দেব ব'লে, ফেলে দিই ভূমিতলে
 করি' খান খান ।
 কখনো আপন মনে আপনার সাথে
 করি অভিমান ।

জানি যদি ভালোবাস চির-ভালোবাসা
 জনমে বিশ্বাস,
 যেথা তুমি যেতে বল সেথা যেতে পারি—
 ফেলি নে নিশ্বাস ।
 তরঙ্গিত এ হৃদয় তরঙ্গিত সমুদয়
 বিশ্বচরাচর
 মুহূর্তে হইবে শান্ত, টলমল প্রাণ
 পাইবে নির্ভর ।

বাসনার তীব্র জ্বালা দূর হয়ে যাবে,
 যাবে অভিমান—
 হৃদয়দেবতা হবে, করিব চরণে
 পুষ্প-অর্ঘ্য দান ।
 দিবানিশি অবিরল লয়ে শ্বাস অশ্রুজল
 লয়ে হাহুতাশ
 চির ক্ষুধাতৃষা লয়ে আঁখির সম্মুখে
 করিব না বাস ।

তোমার প্রেমের ছায়া আমারে ছাড়ায়ে
 পড়িবে জগতে,

মধুর আখির আলো পড়িবে সতত
 সংসারের পথে ।
 দূরে যাবে ভয় লাজ, সাধিব আপন কাজ
 শতগুণ বলে—
 বাড়িবে আমার প্রেম পেয়ে তব প্রেম,
 দিব তা সকলে ।

নহে তো আঘাত করো কঠোর কঠিন
 কেঁদে যাই চলে ।
 কেড়ে লও বাহু তব, ফিরে লও আখি,
 প্রেম দাও দ'লে ।
 কেন এ সংশয়ডোরে বাঁধিয়া রেখেছ মোরে,
 বহে যায় বেলা ।
 জীবনের কাজ আছে— প্রেম নহে ফাঁকি,
 প্রাণ নহে খেলা ।

১৫ অগ্রহায়ণ ১৮৮৭

বিচ্ছেদের শান্তি

সেই ভালো, তবে তুমি যাও ।
 তবে আর কেন মিছে করুণনয়নে
 আমার মুখের পানে চাও !
 এ চোখে ভাসিছে জল, এ শুধু মায়ার ছল,
 কেন কাঁদি তাও নাহি জানি ।
 নীরব আঁধার রাতি, তারকার ম্লানভাতি
 মোহ আনে বিদায়ের বাণী ।
 নিশিশেষে দিবালোকে এ জল রবে না চোখে,
 শান্ত হবে অধীর হৃদয়—
 জাগ্রত জগতমাঝে ধাইব আপন কাজে,
 কাঁদিবার রবে না সময় ।

দেখেছি অনেক দিন বন্ধন হয়েছে ক্ষীণ,
 ছেঁড় নাই করুণার বশে ।
 গানে লাগিত না সুর, কাছে থেকে ছিলে দূর—
 যাও নাই কেবল আগসে ।
 পরান ধরিয়া তবু পারিতাম না তো কভু
 তোমা ছেড়ে করিতে গমন ।
 প্রাণপণে কাছে থাকি দেখিতাম মেলি আখি
 পলে পলে প্রেমের মরণ ।

তুমি তো আপনা হতে এসেছ বিদায় ল'তে—
সেই ভালো, তবে তুমি যাও ।
যে প্রেমেতে এত ভয় এত দুঃখ লেগে রয়
সে বন্ধন তুমি ছিড়ে দাও ।

আমি রহি এক ধারে, তুমি যাও পরপারে,
মাঝখানে বহুক বিস্মৃতি—
একেবারে ভুলে যেয়ো, শতগুণে ভালো সেও,
ভালো নয় প্রেমের বিকৃতি ।
কে বলে যায় না ভোলা ! মরণের দ্বার খোলা,
সকলেরই আছে সমাপন ।
নিবে যায় দাবানল, শুকায় সমুদ্রজল,
থেমে যায় ঝটিকার রণ ।
থাকে শুধু মহা শান্তি, মৃত্যুর শ্যামল কান্তি,
জীবনের অনন্ত নির্ঝর—
শত সুখ দুঃখ দ'লে কালচক্র যায় চলে,
রেখা পড়ে যুগ-যুগান্তর ।

যেখানে যে এসে পড়ে আপনার কাজ করে
সহস্র জীবন-মাঝে মিশে—
কত যায় কত থাকে, কত ভোলে কত রাখে,
চলে যায় বিষাদে হরিষে ।
তুমি আমি যাব দূরে— তবুও জগৎ ঘুরে,
চন্দ্র সূর্য জাগে অবিরল,
থাকে সুখ দুঃখ লাজ, থাকে শত শত কাজ,
এ জীবন হয় না নিষ্ফল ।
মিছে কেন কাটে কাল, ছিড়ে দাও স্বপ্নজাল,
চেতনার বেদনা জাগাও—
নূতন আশ্রয়-ঠাই, দেখি পাই কি না পাই—
সেই ভালো তবে তুমি যাও !

১৪ অগ্রহায়ণ ১৮৮৭

তবু

তবু মনে রেখো, যদি দূরে যাই চলি,
সেই পুরাতন প্রেম যদি এক কালে
হয়ে আসে দূরস্মৃত কাহিনী কেবলি—
ঢাকা পড়ে নব নব জীবনের জালে ।

তবু মনে রেখো, যদি বড়ো কাছে থাকি,
 নতন এ প্রেম যদি হয় পুরাতন,
 দেখে না দেখিতে পায় যদি শ্রান্ত আঁখি—
 পিছনে পড়িয়া থাকি ছায়ার মতন ।
 তবু মনে রেখো, যদি তাহে মাঝে মাঝে
 উদাস বিষাদভরে কাটে সন্ধ্যাবেলা,
 অথবা শারদ প্রাতে বাধা পড়ে কাজে,
 অথবা বসন্ত-রাতে থেমে যায় খেলা ।
 তবু মনে রেখো, যদি মনে পড়ে আর
 আঁখিপ্ৰান্তে দেখা নাহি দেয় অশ্রুধার ।

১৫ অগ্রহায়ণ ১৮৮৭

একাল ও সেকাল

বর্ষা এলায়েছে তার মেঘময় বেণী ।
 গাঢ় ছায়া সারাদিন,
 মধ্যাহ্ন তপনহীন,
 দেখায় শ্যামলতর শ্যাম বনশ্রেণী ।

আজিকে এমন দিনে, শুধু পড়ে মনে
 সেই দিবা-অভিসার
 পাগলিনী রাধিকার
 না জানি সে কবেকার দূর বৃন্দাবনে ।

সেদিনও এমনি বায়ু রহিয়া রহিয়া—
 এমনি অশ্রান্ত বৃষ্টি,
 তড়িতচকিত দৃষ্টি,
 এমনি কাতর হায় রমণীর হিয়া ।

বিরহিণী মর্মে-মরা মেঘমন্দ্র স্বরে—
 নয়নে নিমেষ নাহি,
 গগনে রহিত চাহি,
 আঁকিত প্রাণের আশা জলদের স্তরে ।

চাহিত পথিকবধু শূন্য পথপানে ।
 মল্লার গাহিত কারা,
 ঝরিত বরষাধারা,
 নিতান্ত বাজিত গিয়া কাতর পরানে ।

যক্ষনারী বীণা কোলে ভূমিতে বিলীন—
 বক্ষে পড়ে রক্ষ কেশ,
 অযত্নশিথিল বেশ—
 সেদিনও এমনিতরো অন্ধকার দিন ।

সেই কদম্বের মূল, যমুনার তীর,
 সেই সে শিখীর নৃত্য
 এখনো হরিছে চিত্ত—
 ফেলিছে বিরহছায়া শ্রাবণতিমির ।

আজও আছে বৃন্দাবন মানবের মনে ।
 শরতের পূর্ণিমায়
 শ্রাবণের বরিষায়
 উঠে বিরহের গাথা বনে উপবনে ।

এখনো সে ঝাঁশি বাজে যমুনার তীরে ।
 এখনো প্রেমের খেলা
 সারানিশি, সারাবেলা—
 এখনো কাঁদিছে রাধা হৃদয়কুটীরে ।

২১ বৈশাখ ১৮৮৮

আকাঙ্ক্ষা

আর্দ্র তীর পূর্ববায়ু বহিতেছে বেগে,
 ঢেকেছে উদয়পথ ঘননীল মেঘে ।
 দূরে গঙ্গা, নৌকা নাই, বালু উড়ে যায়,
 বসে বসে ভাবিতেছি— আজি কে কোথায় !

শুষ্ক পাতা উড়ে পড়ে জনহীন পথে,
 বনের উতল রোল আসে দূর হতে ।
 নীরব প্রভাতপাখি, কম্পিত কুলায়,
 মনে জাগিতেছে সদা— আজি সে কোথায় !

কত কাল ছিল কাছে, বলি নি তো কিছু—
 দিবস চলিয়া গেছে দিবসের পিছু ।
 কত হাস্যপরিহাস বাক্য-হানাহানি,
 তার মাঝে রয়ে গেছে হৃদয়ের বাণী ।

মনে হয় আজ যদি পাইতাম কাছে,
বলিতাম হৃদয়ের যত কথা আছে ।
বচনে পড়িত নীল জলদের ছায়,
ধ্বনিতে ধ্বনিতে আর্দ্র উতরোল বায় ।

ঘনাইত নিস্তকতা দূর ঝটিকার,
নদীতীরে মেঘে বনে হত একাকার ।
এলোকেশ মুখে তার পড়িত নামিয়া,
নয়নে সজল বাষ্প রহিত থামিয়া ।

জীবনমরণময় সুগভীর কথা,
অরণ্যমর্মরসম মর্মব্যাকুলতা,
ইহপরকালব্যাপী সুমহান প্রাণ,
উচ্ছ্বসিত উচ্চ আশা, মহত্বের গান—

বৃহৎ বিষাদছায়া, বিরহ গভীর,
প্রচ্ছন্ন হৃদয়রুদ্ধ আকাঙ্ক্ষা অধীর,
বর্ণন-অতীত যত অক্ষুট বচন—
নির্জন ফেলিত ছেয়ে মেঘের মতন ।

যথা দিবা-অবসানে নিশীথনিলয়ে
বিশ্ব দেখা দেয় তার গ্রহতারা লয়ে,
হাস্যপরিহাসমুক্ত হৃদয়ে আমার
দেখিত সে অন্তহীন জগতবিস্তার ।

নিম্নে শুধু কোলাহল খেলাধুলা হাস,
উপরে নির্লিপ্ত শান্ত অন্তর-আকাশ ।
আলোকেতে দেখো শুধু ক্ষণিকের খেলা,
অন্ধকারে আছি আমি অসীম একেলা ।

কতটুকু ক্ষুদ্র মোরে দেখে গেছে চলে,
কত ক্ষুদ্র সে বিদায় তুচ্ছ কথা ব'লে !
কল্পনার সত্যরাজ্য দেখাই নি তারে,
বসাই নি এ নির্জন আত্মার আধারে ।

এ নিভতে, এ নিস্তকে, এ মহত্ব-মাঝে
দুটি চিত্ত চিরনিশি যদি রে বিরাজে—
হাসিহীন শব্দশূন্য ব্যোম দিশাহারা,
প্রেমপূর্ণ চারি চক্ষু জাগে চারি তারা !

শ্রান্তি নাই, তৃপ্তি নাই, বাধা নাই পথে,
জীবন ব্যাপিয়া যায় জগতে জগতে—
দুটি প্রাণতন্ত্রী হতে পূর্ণ একতানে
উঠে গান অসীমের সিংহাসন-পানে ।

২০ বৈশাখ ১৮৮৮

নিষ্ঠুর সৃষ্টি

মনে হয় সৃষ্টি বুঝি বাধা নাই নিয়মনিগড়ে,
আনাগোনা মেলামেশা সরই অন্ধ দৈবের ঘটনা ।
এই ভাঙে, এই গড়ে,
এই উঠে, এই পড়ে—
কেহ নাহি চেয়ে দেখে কার কোথা বাজিছে বেদনা ।

মনে হয়, যেন ওই অব্যবহিত শূন্যতলপথে
অকস্মাৎ আসিয়াছে সৃজনের বন্যা ভয়ানক—
অজ্ঞাত শিখর হতে
সহসা প্রচণ্ড স্রোতে
ছুটে আসে সূর্য চন্দ্র, ধেয়ে আসে লক্ষকোটি লোক ।

কোথাও পড়েছে আলো, কোথাও বা অন্ধকার নিশি—
কোথাও সফেন শুভ্র, কোথাও বা আবর্ত আবিল—
সৃজনে প্রলয়ে মিশি
আক্রমিছে দশ দিশি—
অনন্ত প্রশান্ত শূন্য তরঙ্গিয়া করিছে ফেনিল ।

মোরা শুধু খড়কুটো স্রোতোমুখে চলিয়াছি ছুটি,
অর্ধ পলকের তরে কোথাও দাঁড়াতে নাহি ঠাই ।
এই ডুবি, এই উঠি,
ঘুরে ঘুরে পড়ি লুটি—
এই যারা কাছে আসে এই তারা কাছাকাছি নাই ।

সৃষ্টিশ্রোতকোলাহলে বিলাপ শুনিবে কেবা কার !
আপন গর্জনে বিশ্ব আপনারে করেছে বধির ।
শতকোটি হাহাকার
কলধ্বনি রচে তার—
পিছু ফিরে চাহিবার কাল নাই, চলেছে অধীর ।

হায় স্নেহ, হায় প্রেম, হায় তুই মানবহৃদয়,
খসিয়া পড়িলি কোন্ নন্দনের তটতরু হতে ?

যার লাগি সদা ভয়,
পরশ নাহিক সয়,
কে তারে ভাসালে হেন জড়ময় সৃজনের স্রোতে ?

তুমি কি শুনিছ বসি হে বিধাতা, হে অনাদি কবি,
ক্ষুদ্র এ মানবশিশু রচিতোছে প্রলাপজল্পনা ?
সত্য আছে স্তব্ধ ছবি
যেমন উষার রবি,
নিম্নে তারি ভাঙে গড়ে মিথ্যা যত কুহককল্পনা ।

গাজিপুর

১৩ বৈশাখ ১৮৮৮

প্রকৃতির প্রতি

শত শত প্রেমপাশে টানিয়া হৃদয়
একি খেলা তোর ?
ক্ষুদ্র এ কোমল প্রাণ, ইহা হারে বাধিতে
কেন এত ডোর ?
ঘুরে ফিরে পলে পলে
ভালোবাসা নিস ছলে,
ভালো না বাসিতে চাস
হায় মনোচোর !

হৃদয় কোথায় তোর খুঁজিয়া বেড়াই
নিষ্ঠুরা প্রকৃতি !
এত ফুল, এত আলো, এত গন্ধ গান,
কোথায় পিরিতি !
আপন রূপের রাশে
আপনি লুকায়ে হাসে,
আমরা কাঁদিয়া মরি—
এ কেমন রীতি !

শূন্যক্ষেত্রে নিশিদিন আপনার মনে
কৌতুকের খেলা ।
বুঝিতে পারি নে তোর কারে ভালোবাসা
কারে অবহেলা ।
প্রভাতে যাহার 'পর
বড়ো স্নেহ সমাদর,
বিস্মৃত সে ধূলিতলে
সেই সন্ধ্যাবেলা ।

তবু তোরে ভালোবাসি, পারি নে ভুলিতে
 অয়ি মায়াবিনী !
 স্নেহহীন আলিঙ্গন জাগায় হৃদয়ে
 সহস্র রাগিণী ।
 এই সুখে দুঃখে শোকে
 বেঁচে আছি দিবালোকে,
 নাহি চাহি হিমশান্ত
 অনন্ত যামিনী ।

আধো-ঢাকা আধো-খোলা ওই তোর মুখ
 রহস্যনিলয়
 প্রেমের বেদনা আনে হৃদয়ের মাঝে,
 সঙ্গে আনে ভয় ।
 বুঝিতে পারি নে তব
 কত ভাব নব নব,
 হাসিয়া কাঁদিয়া-প্রাণ
 পরিপূর্ণ হয় ।

প্রাণমন পসারিয়া ধাই তোর পানে,
 নাহি দিস ধরা ।
 দেখা যায় মৃদু মধু কৌতুকের হাসি
 অরুণ-অধরা !
 যদি চাই দূরে যেতে
 কত ফাঁদ থাক পেতে—
 কত ছল, কত বল
 চপলা-মুখরা !

আপনি নাহিক জান আপনার সীমা,
 রহস্য আপন ।
 তাই, অন্ধ রজনীতে যবে সপ্তলোক
 নিদ্রায় মগন,
 চুপি চুপি কৌতূহলে
 দাঁড়াস আকাশতলে,
 জ্বালাইয়া শত লক্ষ
 নক্ষত্রকিরণ ।

কোথাও বা বসে আছ চির-একাকিনী,
 চিরমৌনব্রতা ।
 চারি দিকে সুকঠিন তৃণতরুহীন
 মরুনির্জনতা ।

রবি শশী শিরোপর
উঠে যুগ-যুগান্তর,
চেয়ে শুধু চলে যায়,
নাহি কয় কথা ।

কোথাও বা খেলা কর বালিকার মতো,
উড়ে কেশ বেশ—
হাসিরাশি উচ্ছ্বসিত উৎসের মতন,
নাহি লজ্জালেশ ।
রাখিতে পারে না প্রাণ
আপনার পরিমাণ
এত কথা এত গান
নাহি তার শেষ ।

কখনো বা হিংসাদীপ্ত উন্মাদ নয়ন
নিমেষনিহত
অনাথা ধরার বক্ষে অগ্নি-অভিশাপ
হানে অবিরত ।
কখনো বা সন্ধ্যালোকে
উদাস উদার শোকে
মুখে পড়ে ম্লান ছায়া
করণার মতো ।

তবে তো করেছ বশ এমনি করিয়া
অসংখ্য পরান ।
যুগ-যুগান্তর ধ'রে রয়েছে নূতন
মধুর বয়ান ।
সাজি শত মায়াবাসে
আছ সকলেরই পাশে,
তবু আপনারে কারে
কর নাই দান ।

যত অন্ত নাহি পাই তত জাগে মনে
মহা রূপরাশি ।
তত বেড়ে যায় প্রেম যত পাই ব্যথা,
যত কাঁদি হাসি ।
যত তুই দূরে যাস
তত প্রাণে লাগে ফাঁস,
যত তোরে নাহি বুঝি
তত ভালোবাসি ।

মরণস্বপ্ন

কৃষ্ণপক্ষ প্রতিপদ । প্রথম সন্ধ্যায়
 ম্লান চাঁদ দেখা দিল গগনের কোণে ।
 ক্ষুদ্র নৌকা থরথরে চলিয়াছে পালভরে
 কালশ্রোতে যথা ভেসে যায়
 অলস ভাবনাখানি আধোজাগা মনে ।

এক পারে ভাঙা তীর ফেলিয়াছে ছায়া,
 অন্য পারে ঢালু তট শুভ্র বালুকায়
 মিশে যায় চন্দ্রালোকে— ভেদ নাহি পড়ে চোখে—
 বৈশাখের গঙ্গা কৃশকায়া
 তীরতলে ধীরগতি অলস লীলায় ।

স্বদেশ পুরব হতে বায়ু বহে আসে
 দূর স্বজনের যেন বিরহের শ্বাস ।
 জাগ্রত আঁখির আগে কখনো বা চাঁদ জাগে
 কখনো বা প্রিয়মুখ ভাসে—
 আধেক উলস প্রাণ আধেক উদাস ।

ঘনচ্ছায়া আশ্রকুঞ্জ উত্তরের তীরে—
 যেন তারা সত্য নহে, স্মৃতি-উপবন ।
 তীর, তরু, গৃহ, পথ, জ্যোৎস্নাপটে চিত্রবৎ—
 পড়িয়াছে নীলাকাশনীরে
 দূর মায়াজগতের ছায়ার মতন ।

স্বপ্নাকুল আঁখি মুদি ভাবিতেছি মনে—
 রাজহংস ভেসে যায় অপার আকাশে
 দীর্ঘ শুভ্র পাখা খুলি চন্দ্রালোক-পানে তুলি,
 পৃষ্ঠে আমি কোমল শয়নে ;
 সুখের মরণসম ঘুমঘোর আসে ।

যেন রে প্রহর নাই, নাইক প্রহরী,
 এ যেন রে দিবাহারা অনন্ত নিশীথ ।
 নিখিল নির্জন স্তব্ধ, শুধু শুনি জলশব্দ
 কলকল-কল্লোল-লহরী—
 নিদ্রাপারাবার যেন স্বপ্নচঞ্চলিত ।

কত যুগ চলে যায় নাহি পাই দিশা—
 বিশ্ব নিবু-নিবু, যেন দীপ তৈলহীন ।

গ্রাসিয়া আকাশ কায়া ক্রমে পড়ে মহাছায়া,
নতশিরে বিশ্বব্যাপী নিশা
গনিতেছে মৃত্যুপল এক দুই তিন ।

চন্দ্র শীর্ণতর হয়ে লুপ্ত হয়ে যায়,
কলধ্বনি ক্ষীণ হয়ে মৌন হয়ে আসে ।
প্রেতনয়নের মতো নির্নিমেষ তারা যত
সবে মিলে মোর পানে চায়,
একা আমি জনপ্রাণী অখণ্ড আকাশে ।

চির যুগরাত্রি ধরে শতকোটি তারা
পরে পরে নিবে গেল গগনমাঝার ।
প্রাণপণে চক্ষু চাহি আঁখিতে আলোক নাহি,
বিধিতে পারে না আঁখিতারা
তুষারকঠিন মৃত্যুহিম অক্ষকার ।

অসাড় বিহঙ্গ-পাখা পড়িল ঝুলিয়া,
লুটায় সুদীর্ঘ গ্রীবা— নামিল মরাল ।
ধরিয়া অযুত অন্ড ছুঁ পতনের শব্দ
কর্ণরঞ্জে উঠে আকুলিয়া—
দ্বিধা হয়ে ভেঙে যায় নিশীথ করাল ।

সহসা এ জীবনের সমুদয় স্মৃতি
ক্ষণেক জাগ্রত হয়ে নিমেষে চকিতে
আমারে ছাড়িয়া দূরে পড়ে গেল ভেঙেচুরে,
পিছে পিছে আমি ধাই নিতি—
একটি কণাও আর পাই না লখিতে ।

কোথাও রাখিতে নারি দেহ আপনার,
সর্বাস্ত্র অবশ ক্লান্ত নিজ লৌহভারে ।
কাতরে ডাকিতে চাহি, শ্বাস নাহি, স্বর নাহি,
কণ্ঠেতে চেপেছে অক্ষকার—
বিশ্বের প্রলয় একা আমার মাঝারে ।

দীর্ঘ তীক্ষ্ণ হই ক্রমে তীব্র গতিবলে
ব্যগ্রগামী ঝটিকার আর্তস্বরসম,
সূক্ষ্ম বাণ সূচিমুখ অনন্ত কালের বুক
বিদীর্ণ করিয়া যেন চলে—
রেখা হয়ে মিশে আসে দেহমন মম ।

ক্রমে মিলাইয়া গেল সময়ের সীমা,
 অনন্তে মুহূর্তে কিছু ভেদ নাহি আর ।
 ব্যাপ্তিহারা শূন্যসিন্ধু শুধু যেন এক বিন্দু
 গাঢ়তম অস্তিম কালিমা—
 আমারে গ্রাসিল সেই বিন্দুপারাবার ।

অন্ধকারহীন হয়ে গেল অন্ধকার ।
 'আমি' ব'লে কেহ নাই, তবু যেন আছে ।
 অচৈতন্যতলে অন্ধ চৈতন্য হইল বন্ধ,
 রহিল প্রতীক্ষা করি কার—
 মৃত হয়ে প্রাণ যেন চিরকাল বাঁচে ।

নয়ন মেলিনু, সেই বহিছে জাহ্নবী—
 পশ্চিমে গৃহের মুখে চলেছে তরণী ।
 তীরে কুটিরের তলে স্তিমিত প্রদীপ জ্বলে,
 শূন্যে চাঁদ সুখামুখচ্ছবি ।
 সুপ্ত জীব কোলে লয়ে জাগ্রত ধরণী ।

১৭ বৈশাখ ১৮৮৮

কুহুধ্বনি

প্রথর মধ্যাহ্নতাপে প্রান্তর ব্যাপিয়া কাঁপে
 বাষ্পশিখা অনলশ্বসনা—
 অশ্বেষিয়া দশ দিশা যেন ধরণীর তৃষা
 মেলিয়াছে লেলিহা রসনা ।
 ছায়া মেলি সারি সারি স্তব্ধ আছে তিন-চারি
 সিসুগাছ পাণ্ডুকিশলয়,
 নিম্ববৃক্ষ ঘনশাখা গুচ্ছ গুচ্ছ পুষ্পে ঢাকা,
 আশ্রবন তাশ্রফলময় ।
 গোলক-চাঁপার ফুলে গন্ধের হিম্মোল তুলে,
 বন হতে আসে বাতায়নে—
 ঝাউগাছ ছায়াহীন নিশ্বসিছে উদাসীন
 শূন্যে চাহি আপনার মনে ।
 দূরান্ত প্রান্তর শুধু তপনে করিছে ধু ধু,
 বাঁকা পথ শুষ্ক তপ্তকায়া—
 তারি প্রান্তে উপবন, মৃদুমন্দ সমীরণ,
 ফুলগন্ধ, শ্যামস্নিগ্ধ ছায়া ।
 ছায়ায় কুটিরখানা দু ধারে বিছায়ে ডানা
 পক্ষীসম করিছে বিরাজ,

তারি তলে সবে মিলি চলিতেছে নিরিবিলি
 সুখে দুঃখে দিবসের কাজ ।
 কোথা হতে নিদ্রাহীন রৌদ্রদগ্ধ দীর্ঘ দিন
 কোকিল গাহিছে কুহুম্বরে ।
 সেই পুরাতন তান প্রকৃতির মর্মগান
 পশিতেছে মানবের ঘরে ।

বসি আঙিনার কোণে গম ভাঙে দুই বোনে,
 গান গাহে শ্রান্তি নাহি মানি ।
 বাঁধা কূপ, তরুতল, বালিকা তুলিছে জল
 খরতাপে ম্লানমুখখানি ।
 দূরে নদী, মাঝে চর— বসিয়া মাচার 'পর
 শস্যখেত আগলিছে চাষি ।
 রাখালশিশুরা জুটে নাচে গায় খেলে ছুটে,
 দূরে তরী চলিয়াছে ভাসি ।
 কত কাজ কত খেলা কত মানবের মেলা,
 সুখদুঃখ ভাবনা অশেষ—
 তারি মাঝে কুহুম্বর একতান সকাতির
 কোথা হতে লভিছে প্রবেশ ।
 নিখিল করিছে মগ্ন— জড়িত মিশ্রিত ভগ্ন
 গীতহীন কলরব কত,
 পড়িতেছে তারি 'পর পরিপূর্ণ সুধাস্বর
 পরিষ্ফুট পুষ্পটির মতো ।
 এত কাণ্ড, এত গোল, বিচিত্র এ কলরোল
 সংসারের আবর্তবিভ্রমে—
 তবু সেই চিরকাল অরণ্যের অন্তরাল
 কুহুম্বনি ধ্বনিছে পঞ্চমে ।
 যেন কে বসিয়া আছে বিশ্বের বক্ষের কাছে
 যেন কোন্ সরলা সুন্দরী,
 যেন সেই রূপবতী সংগীতের সরস্বতী
 সন্মোহন বীণা করে ধরি'—
 সুকুমার কর্ণে তার ব্যথা দেয় অনিবার
 গগুগোল দিবসে নিশীথে,
 জটিল সে বাঞ্ছনায় বাঁধিয়া তুলিতে চায়
 সৌন্দর্যের সরল সংগীতে ।
 তাই ওই চিরদিন ধ্বনিতোছে শ্রান্তিহীন
 কুহুতান, করিছে কাতর—
 সংগীতের ব্যথা বাজে, মিশিয়াছে তার মাঝে
 করুণার অনুনয়স্বর ।

কেহ বসে গৃহমাঝে, কেহ বা চলেছে কাজে,
 কেহ শোনে, কেহ নাহি শোনে—
 তবুও সে কী মায়ায় ওই ধ্বনি থেকে যায়
 বিশ্বব্যাপী মানবের মনে ।
 তবু যুগ-যুগান্তর মানবজীবনস্তর
 ওই গানে আর্দ্র হয়ে আসে,
 কত কোটি কুহুতান মিশায়েছে নিজ প্রাণ
 জীবের জীবন-ইতিহাসে ।
 সুখে দুঃখে উৎসবে গান উঠে কলরবে
 বিরল গ্রামের মাঝখানে,
 তারি সাথে সুধাস্বরে মিশে ভালোবাসাভরে
 পাখি-গানে মানবের গানে ।
 কোজাগর পূর্ণিমায় শিশু শূন্যে হেসে চায়,
 ঘিরে হাসে জনকজননী—
 সুদূর বনাস্ত হতে দক্ষিণসমীরশ্রোতে
 ভেসে আসে কুহুকুহু ধ্বনি ।
 প্রচ্ছায় তমসাতীরে শিশু কুশলব ফিরে,
 সীতা হেরে বিষাদে হরিষে—
 ঘন সহকারশাখে মাঝে মাঝে পিক ডাকে,
 কুহুতানে করুণা বরিষে ।
 লতাকুঞ্জে তপোবনে বিজনে দুঃখস্তনে
 শকুন্তলা লাজে খরখর,
 তখনো সে কুহুভাষা রমণীর ভালোবাসা
 করেছিল সুমধুরতর ।
 নিস্তন্ধ মধ্যাহ্নে তাই অতীতের মাঝে ধাই
 শুনিয়া আকুল কুহুরব—
 বিশাল মানবপ্রাণ মোর মাঝে বর্তমান
 দেশ কাল করি অভিভব ।
 অতীতের দুঃখসুখ, দূরবাসী প্রিয়মুখ,
 শৈশবের স্বপ্নশ্রুত গান,
 ওই কুহুমন্ত্রবলে জাগিতেছে দলে দলে
 লভিতেছে নূতন পরান ।

গাজিপুর

২২ বৈশাখ ১৮৮৮

সংশোধন :

শান্তিনিকেতন । ৫ কার্তিক ১৮৮৮

পত্র

বাসস্থান পরিবর্তন উপলক্ষে

বন্ধুবর,

দক্ষিণে বেঁধেছি নীড়, চূকেছে লোকের ভিড়,
 বকুনির বিড় বিড় গেছে থেমে-থুমে ।
 আপনারে করে জড়ো কোণে বসে আছি দড়ো,
 আর সাধ নেই বড়ো আকাশকুসুমে ।
 সুখ নেই, আছে শান্তি, ঘুচেছে মনের ভ্রান্তি,
 'বিমুখা বান্ধবা যান্তি' বুঝিয়াছি সার ।
 কাছে থেকে কাটে সুখে গল্প ও গুড়ুক ফুঁকে,
 গেলে দক্ষিণের মুখে দেখা নেই আর ।
 কাজ কী এ মিছে নাট, তুলেছি দোকান-পাট,
 গোলমাল চণ্ডীপাঠ আছি ভাই ভুলি ।
 তবু কেন খিটিমিটি, মাঝে মাঝে কড়া চিঠি,
 থেকে থেকে দু-চারিটি চোখা চোখা বুলি !
 'পেটে খেলে পিঠে সয়' এই তো প্রবাদে কয়,
 ভুলে যদি দেখা হয় তবু সয়ে থাকি ।
 হাত করে নিশপিশ, মাঝে রেখে পোস্টাপিস
 ছাড় শুধু দশ-বিশ শব্দভেদী ফাঁকি ।
 বিষম উৎপাত এ কী ! হয় নারদের ঢেঁকি !
 শেষকালে এ যে দেখি ঝগড়ার মতো ।
 মেলা কথা হল জমা, এইখানে দিই 'কমা',
 আমার স্বভাব ক্ষমা— নির্বিবাদ ব্রত ।
 কেদারার 'পরে চাপি ভাবি শুধু ফিলজাফি,
 নিতান্তই চুপিচাপি মাটির মানুষ ।
 লেখা তো লিখেছি ঢের, এখন পেয়েছি টের
 সে কেবল কাগজের রঙিন ফানুস ।
 আধারের কূলে কূলে ক্ষীণশিখা মরে দুলে,
 পথিকেরা মুখ তুলে চেয়ে দেখে তাই ।
 নকল নক্ষত্র হয় ধুবতারা-পানে ধায়,
 ফিরে আসে এ ধরায় একরত্তি ছাই ।
 সবারে সাজে না ভালো, হৃদয়ে স্বর্গের আলো
 আছে যার সেই জ্বালো আকাশের ভালে—
 মাটির প্রদীপ যার নিভে-নিভে বার বার
 সে দীপ জ্বলুক তার গৃহের আড়ালে !
 যারা আছে কাছাকাছি তাহাদের নিয়ে আছি—
 শুধু ভালোবেসে বাঁচি, বাঁচি যত কাল ।
 আশা কভু নাহি মেটে ভূতের বেগার খেটে—
 কাগজে আঁচড় কেটে সকাল বিকাল ।

কিছু নাহি করি দাওয়া, ছাতে বসে খাই হাওয়া,
 যতটুকু পড়ে-পাওয়া ততটুকু ভালো—
 যারা মোরে ভালোবাসে ঘুরে ফিরে কাছে আসে,
 হাসিখুশি আশেপাশে নয়নের আলো ।
 বাহবা যে জন চায় বসে থাক চৌমাথায়,
 নাচুক তৃণের প্রায় পথিকের স্রোতে—
 পরের মুখের বুলি ভরুক ভিক্ষার বুলি,
 নাই চাল নাই চুলি ধুলির পর্বতে ।

বেড়ে যায় দীর্ঘ ছন্দ, লেখনী না হয় বন্ধ,
 বক্তৃতার নামগন্ধ পেলে রক্ষা নেই ।
 ফেনা ঢোকে নাকে চোখে, প্রবল মিলের ঝোঁকে
 ভেসে যাই একরোখে বুঝি দক্ষিণেই ।
 বাহিরেতে চেয়ে দেখি দেবতাদুর্যোগ এ কী !
 বসে বসে লিখিতে কি আর সরে মন !
 আর্দ্র বায়ু বহে বেগে, গাছপালা ওঠে জেগে—
 ঘনঘোর স্নিগ্ধ মেঘে আঁধার গগন ।
 বেলা যায়, বৃষ্টি বাড়ে, বসি আলিসার আড়ে
 ভিজে কাক ডাক ছাড়ে মনের অসুখে ।
 রাজপথ জনহীন, শুধু পাত্ত দুই তিন
 ছাতার ভিতরে লীন ধায় গৃহমুখে ।
 বৃষ্টি-ঘেরা চারি ধার, ঘনশ্যাম অন্ধকার,
 ঝুপ-ঝুপ শব্দ আর ঝরঝর পাতা ।
 থেকে থেকে ক্ষণে ক্ষণে গুরু গুরু গরজনে
 মেঘদূত পড়ে মনে আষাঢ়ের গাথা ।
 পড়ে মনে বরিষার বৃন্দাবন-অভিসার
 একাকিনী রাধিকার চকিতচরণ—
 শ্যামল তমালতল, নীল যমুনার জল,
 আর, দুটি ছলছল নলিননয়ন !
 এ ভরা বাদর দিনে কে বাঁচিবে শ্যাম বিনে,
 কাননের পথ চিনে মন যেতে চায় ।
 বিজন যমুনাকূলে বিকশিত নীপমূলে
 কাঁদিয়া পরান বুলে বিরহ-ব্যথায় ।

দোহাই কল্পনা তোর, ছিন্ন কর মায়াডোর,
 কবিতায় আর মোর নাই কোনো দাবি ।
 বিরহ, বকুল, আর বৃন্দাবন স্তূপাকার—
 সেগুলো চাপাই কার স্কন্ধে তাই ভাবি ।
 এখন ঘরের ছেলে বাঁচি ঘরে ফিরে গেলে
 দু-দণ্ড সময় পেলে নাবার খাবার ।

যেন রে একই ঝড়ে নিবে গেল একত্তরে
শত দীপ আলো,
চকিতে সহস্র গৃহে আনন্দ ফুরালো ।

প্রাণহীন এ মত্ততা না জানে পরের ব্যথা,
না জানে আপন ।
এর মাঝে কেন রয় ব্যথাভরা স্নেহময়
মানবের মন !
মা কেন রে এইখানে, শিশু চায় তার পানে,
ভাই সে ভায়ের টানে কেন পড়ে বৃকে !
মধুর রবির করে কত ভালোবাসা-ভরে
কতদিন খেলা করে কত সুখে দুখে !
কেন করে টলমল দুটি ছোটো অশ্রুজল,
সকরণ আশা !
দীপশিখাসম কাঁপে ভীত ভালোবাসা ।

এমন জড়ের কোলে কেমনে নির্ভয়ে দোলে
নিখিল মানব !
সব সুখ সব আশ কেন নাহি করে গ্রাস
মরণ দানব !
ওই-যে জন্মের তরে জননী ঝাঁপায়ে পড়ে
কেন বাঁধে বক্ষ-পরে সন্তান আপন !
মরণের মুখে ধায়, সেথাও দিবে না তায়—
কাড়িয়া রাখিতে চায় হৃদয়ের ধন !
আকাশেতে পারাবারে দাঁড়ায়েছে এক ধারে,
এক ধারে নারী—
দুর্বল শিশুটি তার কে লইবে কাড়ি ?

এ বল কোথায় পেলো ! আপন কোলের ছেলে
এত ক'রে টানে !
এ নিষ্ঠুর জড়স্রোতে প্রেম এল কোথা হতে
মানবের প্রাণে !
নৈরাশ্য কভু না জানে, বিপত্তি কিছু না মানে,
অপূর্ব-অমৃত-পানে অনন্ত নবীন—
এমন মায়ের প্রাণ যে বিশ্বের কোনোখান
তিলেক পেয়েছে স্থান, সে কি মাতৃহীন ?
এ প্রলয়-মাঝখানে অবলা জননী-প্রাণে
স্নেহ মৃত্যুঞ্জয়ী—
এ স্নেহ জাগায়ে রাখে কোন্ স্নেহময়ী ?

পাশাপাশি এক ঠাই দয়া আছে, দয়া নাই—
 বিষম সংশয় ।
 মহাশঙ্কা মহা-আশা একত্র বেঁধেছে বাসা,
 এক-সাথে রয় ।
 কেবা সত্য, কেবা মিছে, নিশিদিন আকুলিছে,
 কভু উর্ধ্ব কভু নীচে টানিছে হৃদয় ।
 জড় দৈত্য শক্তি হানে, মিনতি নাহিক মানে—
 প্রেম এসে কোলে টানে, দূর করে ভয় ।
 এ কি দুই দেবতার দ্যুতখেলা অনিবার
 ভাঙাগড়াময় ?
 চিরদিন অন্তহীন জয়পরাজয় ?

৪৯ পার্ক স্ট্রীট

আখাঢ় ১৮৮৭

শ্রাবণের পত্র

বন্ধু হে,
 পরিপূর্ণ বরষায় আছি তব ভরসায়,
 কাজকর্ম করো সায়, এসো চটপট !
 শামলা আঁটিয়া নিত্য তুমি কর ডেপুটিত্ব
 একা প'ড়ে মোর চিত্ত করে ছটফট ।
 যখন যা সাজে, ভাই, তখন করিবে তাই—
 কালাকাল মানা নাই কলির বিচার !
 শ্রাবণে ডেপুটিপনা এ তো কভু নয় সনা-
 তন প্রথা, এ যে অনা-সৃষ্টি অনাচার ।
 ছুটি লয়ে কোনোমতে পোট্‌ম্যান্টো তুলি রথে
 সেজেগুজে রেলপথে করো অভিসার ।
 লয়ে দাড়ি লয়ে হাসি অবতীর্ণ হও আসি,
 রুধিয়া জানালা শাসি বসি একবার !
 বজ্ররবে সচকিত্ব কাঁপিবে গৃহের ভিত,
 পথে শুনি কদাচিৎ চক্র খড়খড় ।
 হা রে রে ইংরাজ-রাজ, এ সাধে হানিলি বাজ—
 শুধু কাজ, শুধু কাজ, শুধু ধড়ফড় ।
 আমলা-শামলা-স্রোতে ভাসাইলি এ ভারতে,
 যেন নেই ত্রিজগতে হাসি গল্প গান—
 নেই বাঁশি, নেই বাঁধু, নেই রে যৌবনমধু,
 মুচেছে পথিকবধু সজল নয়ান !
 যেন রে শরম টুটে কদম্ব আর না ফুটে,
 কেতকী শিহরি উঠে করে না আকুল—

কেবল জগৎটাকে জড়িয়ে সহস্র পাকে
 গবর্মেণ্ট পড়ে থাকে বিরাট বিপুল ।
 বিষম রাক্ষস ওটা, মেলিয়া আপিস-কোটা
 গ্রাস করে গোটা গোটা বন্ধুবান্ধবেরে—
 বৃহৎ বিদেশে দেশে কে কোথা তলায় শেষে
 কোথাকার সর্বনেশে সর্বিসের ফেরে ।
 এ দিকে বাদর ভরা, নবীন শ্যামল ধরা,
 নিশিদিন জল-ঝরা সঘন গগন ।
 এ দিকে ঘরের কোণে বিরহিণী বাতায়নে,
 দিগন্তে তমালবনে নয়ন মগন ।
 হেঁট মুণ্ড করি হেঁট মিছে কর agitate,
 খালি রেখে খালি পেট ভরিছ কাগজ ।
 এদিকে যে গোরা মিলে কালা বন্ধু লুটে নিলে,
 তার বেলা কী করিলে নাই কোনো খোঁজ ।
 দেখিছ না আঁখি খুলে ম্যাঞ্জেস্ট্র লিভারপুলে
 দেশী শিল্প জলে গুলে করিল finish ।
 'আষাঢ়ে গল্প' সে কই ! সেও বুঝি গেল ওই
 আমাদের নিতান্তই দেশের জিনিস ।
 তুমি আছ কোথা গিয়া, আমি আছি শূন্যহিয়া,
 কোথায় বা সে তাকিয়া শোকতাপহরা ।
 সে তাকিয়া— গল্পগীতি সাহিত্যচর্চার স্মৃতি
 কত হাসি কত প্রীতি কত তুলো -ভরা !
 কোথায় সে যদুপতি, কোথা মথুরার গতি,
 অথ, চিন্তা করি ইতি কুরু মনস্থির—
 মায়াময় এ জগৎ নহে সৎ নহে সৎ,
 যেন পদ্মপত্রবৎ, তদুপরি নীর ।
 অতএব ত্বরা ক'রে উত্তর লিখিবে মোরে,
 সর্বদা নিকটে ঘোরে কাল সে করাল—
 (সুধী তুমি ত্যজি নীর গ্রহণ করিয়ো ক্ষীর)
 এই তত্ত্ব এ চিঠির জানিয়ো moral ।

শ্রাবণ ১৮৮৭

নিষ্ফল প্রয়াস

ওই-যে সৌন্দর্য লাগি পাগল ভুবন,
 ফুটন্ত অধরপ্রান্তে হাসির বিলাস,
 গভীরতিমিরমগ্ন আঁখির কিরণ,
 লাভগ্যতরঙ্গভঙ্গ গতির উচ্ছ্বাস,
 যৌবনললিতলতা বাহুর বন্ধন,

এরা তো তোমারে ঘিরে আছে অনুক্ষণ—
 তুমি কি পেয়েছ নিজ সৌন্দর্য-আভাস ?
 মধুরাতে ফুলপাতে করিয়া শয়ন
 বুম্বিতে পার কি নিজ মধু-আলিঙ্গন ?
 আপনার প্রস্ফুটিত তনুর উল্লাস
 আপনারে করেছে কি মোহনিমগন ?
 তবে মোরা কী লাগিয়া করি হাহতাশ ।
 দেখ' শুধু ছায়াখানি মেলিয়া নয়ন ;
 রূপ নাহি ধরা দেয়— বৃথা সে প্রয়াস ।

৪৯ পার্ক স্ট্রীট

১৮ অগ্রহায়ণ ১৮৮৭

হৃদয়ের ধন

কাছে যাই, ধরি হাত, বুক লই টানি—
 তাহার সৌন্দর্য লয়ে আনন্দে মাথিয়া
 পূর্ণ করিবারে চাহি মোর দেহখানি,
 আঁখিতলে বাহুপাশে কাড়িয়া রাখিয়া ।
 অধরের হাসি লব করিয়া চুম্বন,
 নয়নের দৃষ্টি লব নয়নে আঁকিয়া
 কোমল পরশখানি করিয়া বসন
 রাখিব দিবসনিশি সর্বাঙ্গ ঢাকিয়া ।
 নাই, নাই, কিছু নাই, শুধু অশ্বেষণ—
 নীলিমা লইতে চাই আকাশ ছাঁকিয়া ।
 কাছে গেলে রূপ কোথা করে পলায়ন,
 দেহ শুধু হাতে আসে— শান্ত করে হিয়া ।
 প্রভাতে মলিনমুখে ফিরে যাই গেহে,
 হৃদয়ের ধন কভু ধরা যায় দেহে ?

১৮ অগ্রহায়ণ ১৮৮৭

নিভৃত আশ্রম

সঙ্ক্যায় একেলা বসি বিজন ভবনে
 অনুপম জ্যোতির্ময়ী মাধুরীমুরতি
 স্থাপনা করিব যত্নে হৃদয়-আসনে ।
 প্রেমের প্রদীপ লয়ে করিব আরতি ।

রাখিব দুয়ার রুধি আপনার মনে,
 তাহার আলোকে রব আপন ছায়ায়—
 পাছে কেহ কুতূহলে কৌতুকনয়নে
 হৃদয়দুয়ারে এসে দেখে হেসে যায় ।
 ভ্রমর যেমন থাকে কমলশয়নে,
 সৌরভসদনে, কারো পথ নাহি চায়,
 পদশব্দ নাহি গণে, কথা নাহে শোনে,
 তেমনি হইব মগ্ন পবিত্র মায়ায় ।
 লোকালয়-মাঝে থাকি রব তপোবনে,
 একেলা থেকেও তবু রব সাথি-সনে ।

১৮ অগ্রহায়ণ ১৮৮৭

নারীর উক্তি

মিছে তর্ক— থাক্ তবে থাক্ ।
 কেন কাঁদি বুঝিতে পার না ?
 তর্কেতে বুঝিবে তা কি ? এই মুছিলাম আঁখি—
 এ শুধু চোখের জল, এ নহে ভৎসনা ।

আমি কি চেয়েছি পায়ে ধরে
 ওই তব আঁখি-তুলে চাওয়া—
 ওই কথা, ওই হাসি, ওই কাছে আসা-আসি,
 অলক দুলায়ে দিয়ে হেসে চলে যাওয়া ?

কেন আন বসন্তনিশীথে
 আঁখিভরা আবেশ বিহুল—
 যদি বসন্তের শেষে শ্রান্তমনে ম্লান হেসে
 কাতরে খুঁজিতে হয় বিদায়ের ছল ?

আছি যেন সোনার খাঁচায়
 একখানি পোষ-মানা প্রাণ ।
 এও কি বুঝাতে হয় প্রেম যদি নাহি রয়
 হাসিয়ে সোহাগ করা শুধু অপমান ?

মনে আছে সেই এক দিন
 প্রথম প্রণয় সে তখন ।
 বিমল শরতকাল, শুভ্র ক্ষীণ মেঘজাল,
 মৃদু শীতবায়ু স্নিগ্ধ রবির কিরণ ।

কাননে ফুটিত শেফালিকা,
 ফুলে ছেয়ে যেত তরুমূল ।
 পরিপূর্ণ সুরধুনী, কুলুকুলু ধ্বনি শুনি,
 পরপারে বনশ্রেণী কুয়াশা-আকুল ।

আমা-পানে চাহিয়ে তোমার
 আঁখিতে কাঁপিত প্রাণখানি ।
 আনন্দে বিষাদে মেশা সেই নয়নের নেশা
 তুমি তো জানো না তাহা, আমি তাহা জানি ।

সে কি মনে পড়িবে তোমার—
 সহস্র লোকের মাঝখানে
 যেমনি দেখিতে মোরে কোন্ আকর্ষণডোরে
 আপনি আসিতে কাছে জ্ঞানে কি অজ্ঞানে ।

ক্ষণিক বিরহ-অবসানে
 নিবিড় মিলন-ব্যাকুলতা
 মাঝে মাঝে সব ফেলি রহিতে নয়ন মেলি,
 আঁখিতে শুনিতে যেন হৃদয়ের কথা ।

কোনো কথা না রহিলে তবু
 শুধাইতে নিকটে আসিয়া ।
 নীরবে চরণ ফেলে চুপিচুপি কাছে এলে
 কেমনে জানিতে পেতে, ফিরিতে হাসিয়া ।

আজ তুমি দেখেও দেখ না,
 সব কথা শুনিতে না পাও ।
 কাছে আস আশা ক'রে আছি সারাদিন ধ'রে,
 আনমনে পাশ দিয়ে তুমি চলে যাও ।

দীপ জ্বলে দীর্ঘ ছায়া লয়ে
 বসে আছি সন্ধ্যায় ক'জনা—
 হয়তো বা কাছে এস, হয়তো বা দূরে বস,
 সে সকলই ইচ্ছাহীন দৈবের ঘটনা ।

এখন হয়েছে বহু কাজ,
 সতত রয়েছ অন্যমনে ।
 সর্বত্র ছিলাম আমি— এখন এসেছি নামি
 হৃদয়ের প্রান্তদেশে, ক্ষুদ্র গৃহকোণে !

দিয়েছিলে হৃদয় যখন
 পেয়েছিলে প্রাণমন দেহ—
 আজ সে হৃদয় নাই, যতই সোহাগ পাই
 শুধু তাই অবিশ্বাস বিষাদ সন্দেহ ।

জীবনের বসন্তে যাহারে
 ভালোবেসেছিলে একদিন,
 হায় হায় কী কুগ্রহ, আজ তারে অনুগ্রহ—
 মিষ্ট কথা দিবে তারে গুটি দুই-তিন !

অপবিত্র ও করপরশ
 সঙ্গে ওর হৃদয় নহিলে ।
 মনে কি করেছ, বঁধু, ও হাসি এতই মধু
 প্রেম না দিলেও চলে, শুধু হাসি দিলে ।

তুমিই তো দেখালে আমায়
 (স্বপ্নেও ছিল না এত আশা)
 প্রেমে দেয় কতখানি কোন্ হাসি কোন্ বাণী,
 হৃদয় বাসিতে পারে কত ভালোবাসা ।

তোমারি সে ভালোবাসা দিয়ে
 বুঝেছি আজি এ ভালোবাসা—
 আজি এই দৃষ্টি হাসি, এ আদর রাশি রাশি,
 এই দূরে চলে-যাওয়া, এই কাছে আসা ।

বুক ফেটে কেন অশ্রু পড়ে
 তবুও কি বুঝিতে পার না ?
 তর্কেতে বুঝিবে তা কি ! এই মুছিলাম আঁখি—
 এ শুধু চোখের জল, এ নহে ভর্ৎসনা ।

২১ অগ্রহায়ণ ১৮৮৭

পুরুষের উক্তি

যেদিন সে প্রথম দেখিনু
 সে তখন প্রথম যৌবন ।
 প্রথম জীবনপথে বাহিরিয়া এ জগতে
 কেমনে বাঁধিয়া গেল নয়নে নয়ন ।

তখন উষার আধো আলো
 পড়েছিল মুখে দুজন্যার ।
 তখন কে জানে কারে, কে জানিত আপনারে,
 কে জানিত সংসারের বিচিত্র ব্যাপার !

কে জানিত শাস্তি তৃপ্তি ভয়,
 কে জানিত নৈরাশ্যযাতনা !
 কে জানিত শুধু ছায়া যৌবনের মোহমায়া,
 আপনার হৃদয়ের সহস্র ছলনা !

আঁখি মেলি যারে ভালো লাগে
 তাহারেই ভালো বলে জানি ।
 সব প্রেম প্রেম নয় ছিল না তো সে সংশয়,
 যে আমারে কাছে টানে তারে কাছে টানি ।

অনন্ত বাসরসুখ যেন
 নিত্যহাসি প্রকৃতিবধূর—
 পুষ্প যেন চিরপ্রাণ, পাখির অশ্রান্ত গান,
 বিশ্ব করেছিল ভান অনন্ত মধুর ।

সেই গানে, সেই ফুল ফুলে,
 সেই প্রাতে প্রথম যৌবনে,
 ভেবেছিলুম এ হৃদয় অনন্ত অমৃতময়,
 প্রেম চিরদিন রয় এ চিরজীবনে ।

তাই সেই আশার উল্লাসে
 মুখ তুলে চেয়েছিলুম মুখে ।
 সুধাপাত্র লয়ে হাতে কিরণকিরীট মাথে
 তরুণ দেবতাসম দাঁড়ানু সম্মুখে ।

পত্রপুষ্প-গ্রহতারা-ভরা
 নীলাম্বরে মগ্ন চরাচর,
 তুমি তারি মাঝখানে কী মূর্তি আঁকিলে প্রাণে—
 কী ললাট, কী নয়ন, কী শাস্ত অধর !

সুগভীর কলধ্বনিময়
 এ বিশ্বের রহস্য অকূল,
 মাঝে তুমি শতদল ফুটেছিলে ঢলঢল—
 তীরে আমি দাঁড়াইয়া সৌরভে আকূল ।

পরিপূর্ণ পূর্ণিমার মাঝে
 উর্ধ্বমুখে চকোর যেমন
 আকাশের ধারে যায়, ছিড়িয়া দেখিতে চায়
 অগাধ-স্বপন-ছাওয়া জ্যোৎস্না-আবরণ—

তেমনি সভয়ে প্রাণ মোর
 তুলিতে যাইত কত বার
 একান্ত নিকটে গিয়ে সমস্ত হৃদয় দিয়ে
 মধুর রহস্যময় সৌন্দর্য তোমার ।

হৃদয়ের কাছাকাছি সেই
 প্রেমের প্রথম আনাগোনা,
 সেই হাতে হাতে ঠেকা, সেই আধো চোখে দেখা,
 চুপিচুপি প্রাণের প্রথম জানাশোনা !

অজানিত সকলি নূতন,
 অবশ চরণ টলমল !
 কোথা পথ কোথা নাই, কোথা যেতে কোথা যাই,
 কোথা হতে উঠে হাসি কোথা অশ্রুজল !

অতৃপ্ত বাসনা প্রাণে লয়ে
 অবারিত প্রেমের ভবনে
 যাহা পাই তাই তুলি, খেলাই আপনা ভুলি—
 কী যে রাখি কী যে ফেলি বুঝিতে পারি নে।

ক্রমে আসে আনন্দ-আলস—
 কুসুমিত ছায়াতরুতলে
 জাগাই সরসীজল, ছিড়ি বসে ফুলদল,
 ধূলি সেও ভালো লাগে খেলাবার ছলে ।

অবশেষে সন্ধ্যা হয়ে আসে,
 শ্রান্তি আসে হৃদয় ব্যাপিয়া—
 থেকে থেকে সন্ধ্যাবায় করে ওঠে হায়-হায়,
 অরণ্য মর্মরি ওঠে কাঁপিয়া কাঁপিয়া ।

মনে হয় একি সব ফাঁকি !
 এই বুঝি, আর কিছু নাই !
 অথবা যে রত্ন-তরে এসেছিনু আশা করে
 অনেক লইতে গিয়ে হারাইনু তাই !

সুখের কাননতলে বসি
 হৃদয়ের মাঝারে বেদনা—
 নিরখি কোলের কাছে মৃৎপিণ্ড পড়িয়া আছে,
 দেবতারে ভেঙে ভেঙে করেছি খেলনা ।

এরই মাঝে ক্লান্তি কেন আসে,
 উঠিবারে করি প্রাণপণ !
 হাসিতে আসে না হাসি, বাজাতে বাজে না বাঁশি,
 শরমে তুলিতে নারি নয়নে নয়ন ।

কেন তুমি মূর্তি হয়ে এলে,
 রহিলে না ধ্যান-ধারণার !
 সেই মায়া-উপবন কোথা হল অদর্শন,
 কেন হয় ঝাঁপ দিতে শুকালো পাথার !

স্বপ্নরাজ্য ছিল ও হৃদয়—
 প্রবেশিয়া দেখিনু সেখানে
 এই দিবা এই নিশা এই ক্ষুধা এই তৃষা,
 প্রাণপাখি কাঁদে এই বাসনার টানে !

আমি চাই তোমারে যেমন
 তুমি চাও তেমনি আমারে—
 কৃতার্থ হইব আশে গেলেম তোমার পাশে,
 তুমি এসে বসে আছ আমার দুয়ারে ।

সৌন্দর্যসম্পদ-মাঝে বসি
 কে জানিত কাঁদিছে বাসনা !
 ভিক্ষা ভিক্ষা সব ঠাই— তবে আর কোথা যাই
 ভিখারিনী হল যদি কমল-আসনা !

তাই আর পারি না সঁপিতে
 সমস্ত এ বাহির অন্তর ।
 এ জগতে তোমা ছাড়া ছিল না তোমার বাড়া,
 তোমারে ছেড়েও আজ আছে চরাচর ।

কখনো বা চাঁদের আলোতে
 কখনো বসন্তসমীরণে
 সেই ত্রিভুবনজয়ী অপাররহস্যময়ী
 আনন্দমুরতিখানি জেগে ওঠে মনে ।

কাছে যাই তেমনি হাসিয়া
 নবীন যৌবনময় প্রাণে—
 কেন হেরি অশ্রুজল হৃদয়ের হলাহল,
 রূপ কেন রাহুগ্রস্ত মানে অভিমানে ।

প্রাণ দিয়ে সেই দেবীপূজা
 চেয়ো না চেয়ো না তবে আর ।
 এসো থাকি দুই জনে সুখে দুঃখে গৃহকোণে,
 দেবতার তরে থাক্ পুষ্প-অর্ঘ্যভার ।

পার্ক স্ট্রীট
 ২৩ অগ্রহায়ণ ১৮৮৭

শূন্য গৃহে

কে তুমি দিয়েছ স্নেহ মানবহৃদয়ে,
 কে তুমি দিয়েছ প্রিয়জন !
 বিরহের অন্ধকারে কে তুমি কাঁদাও তারে,
 তুমিও কেন গো সাথে কর না ক্রন্দন !

প্রাণ যাহা চায় তাহা দাও বা না দাও,
 তা বলে কি করুণা পাব না ?
 দুর্লভ ধনের তরে শিশু কাঁদে সকাতরে,
 তা বলে কি জননীর বাজে না বেদনা ?

দুর্বল মানবহিয়া বিদীর্ণ যেথায়,
 মর্মভেদী যন্ত্রণা বিষম,
 জীবন নির্ভরহারা ধুলায় লুটায় সারা,
 সেথাও কেন গো তব কঠিন নিয়ম !

সেথাও জগৎ তব চিরমৌনী কেন,
 নাহি দেয় আশ্বাসের সুখ ।
 ছিন্ন করি অন্তরাল অসীম রহস্যজাল
 কেন না প্রকাশ পায় গুপ্ত স্নেহমুখ !

ধরণী জননী কেন বলিয়া উঠে না
 —করুণমর্মর কণ্ঠস্বর—
 'আমি শুধু ধূলি নই, বৎস, আমি প্রাণময়ী
 জননী, তোদের লাগি অন্তর কাতর !

‘নহ তুমি পরিত্যক্ত অনাথ সন্তান
চরাচর নিখিলের মাঝে—
তোমার ব্যাকুল স্বর উঠিছে আকাশ-’পর,
তরায় তরায় তার ব্যথা গিয়ে বাজে ।’

কাল ছিল প্রাণ জুড়ে, আজ কাছে নাই—
নিতান্ত সামান্য এ কি নাথ ?
তোমার বিচিত্র ভবে কত আছে কত হবে—
কোথাও কি আছে, প্রভু, হেন বজ্রপাত ?

আছে সেই সূর্যালোক, নাই সেই হাসি—
আছে চাঁদ, নাই চাঁদমুখ ।
শূন্য পড়ে আছে গেহ, নাই কেহ, নাই কেহ—
রয়েছে জীবন, নেই জীবনের সুখ ।

সেইটুকু মুখখানি, সেই দুটি হাত,
সেই হাসি অধরের ধারে,
সে নহিলে এ জগৎ শুষ্ক মরুভূমিবৎ—
নিতান্ত সামান্য এ কি এ বিশ্বব্যাপারে ?

এ আর্তস্বরের কাছে রহিবে অটুট
চৌদিকের চিরনীরবতা ?
সমস্ত মানবপ্রাণ বেদনায় কম্পমান,
নিয়মের লৌহবন্ধে বাজিবে না ব্যথা !

গাজিপুর

১১ বৈশাখ ১৮৮৮

জীবনমধ্যাহ্ন

জীবন আছিল লঘু প্রথম বয়সে,
চলেছিলাম আপনার বলে,
সুদীর্ঘ জীবনযাত্রা নবীন প্রভাতে
আরম্ভিনু খেলিবার ছলে ।
অশ্রুতে ছিল না তাপ, হাস্যে উপহাস,
বচনে ছিল না বিষানল—
ভাবনাপ্রকৃতিহীন সরল ললাট
সুপ্রশান্ত আনন্দ-উজ্জ্বল ।

কুটিল হইল পথ, জটিল জীবন,
 বেড়ে গেল জীবনের ভার—
 ধরণীর ধূলিমাবে গুরু আকর্ষণ,
 পতন হইল কত বার ।
 আপনার 'পরে আর কিসের বিশ্বাস,
 আপনার মাঝে আশা নাই—
 দর্প চূর্ণ হয়ে গেছে, ধূলি-সাথে মিশে
 লজ্জাবস্ত্র জীর্ণ শত ঠাই ।

তাই আজ বার বার ধাই তব পানে,
 ওহে তুমি নিখিলনির্ভর !
 অনন্ত এ দেশকাল আচ্ছন্ন করিয়া
 আছ তুমি আপনার 'পর ।
 ক্ষণেক দাঁড়িয়ে পথে দেখিতেছি চেয়ে
 তোমার এ ব্রহ্মাণ্ড বৃহৎ—
 কোথায় এসেছি আমি, কোথায় যেতেছি,
 কোন্ পথে চলেছে জগৎ !

প্রকৃতির শান্তি আজি করিতেছি পান
 চিরস্রোত সাস্ত্রনার ধারা—
 নিশীথ-আকাশ-মাঝে নয়ন তুলিয়া
 দেখিতেছি কোটি গ্রহতারা—
 সুগভীর তামসীর ছিদ্রপথে যেন
 জ্যোতির্ময় তোমার আভাস,
 ওহে মহা-অন্ধকার, ওহে মহাজ্যোতি,
 অপ্রকাশ, চির-স্বপ্রকাশ !

যখন জীবনভার ছিল লঘু অতি,
 যখন ছিল না কোনো পাপ,
 তখন তোমার পানে দেখি নাই চেয়ে,
 জানি নাই তোমার প্রতাপ—
 তোমার অগাধ শান্তি, রহস্য অপার,
 সৌন্দর্য অসীম অতুলন ।
 স্তম্ভভাবে মুগ্ধনেত্রে নিবিড় বিস্ময়ে
 দেখি নাই তোমার ভুবন ।

কোমল সায়াহলেখা বিষণ্ণ উদার
 প্রান্তরের প্রান্ত-আশ্রবনে,
 বৈশাখের নীলধারা বিমলবাহিনী
 ক্ষীণগঙ্গা সৈকতশয়নে,

শিরোপরি সপ্ত ঋষি যুগ-যুগান্তের
ইতিহাসে নিবিষ্ট-নয়ান,
নিদ্রাহীন পূর্ণচন্দ্র নিস্তরু নিশীথে
নিদ্রার সমুদ্রে ভাসমান—

নিত্যনিশ্চসিত বায়ু, উন্মেষিত উষা,
কনকে শ্যামলে সন্মিলন,
দূরদূরান্তরশায়ী মধ্যাহ্ন উদাস,
বনচ্ছায়া নিবিড় গহন,
যতদূর নেত্র যায় শস্যশীর্ষরাশি
ধরার অঞ্চলতল ভরি—
জগতের মর্ম হতে মোর মর্মস্থলে
আনিতেছে জীবনলহরী ।

বচন-অতীত ভাবে ভরিছে হৃদয়,
নয়নে উঠিছে অশ্রুজল,
বিরহবিষাদ মোর গলিয়া ঝরিয়া
ভিজায় বিশ্বের বক্ষস্থল ।
প্রশান্ত গভীর এই প্রকৃতির মাঝে
আমার জীবন হয় হারা,
মিশে যায় মহাপ্রাণসাগরের বুকে
ধূলিল্মান পাপতাপধারা ।

শুধু জেগে উঠে প্রেম মঙ্গল মধুর,
বেড়ে যায় জীবনের গতি,
ধূলিধৌত দুঃখশোক শুভ্রশান্ত বেশে
ধরে যেন আনন্দমুরতি ।
বন্ধন হারিয়ে গিয়ে স্বার্থ ব্যাপ্ত হয়
অবারিত জগতের মাঝে,
বিশ্বের নিশ্বাস লাগি জীবনকুহরে
মঙ্গল-আনন্দধ্বনি বাজে ।

১৪ বৈশাখ ১৮৮৮

শ্রান্তি

কত বার মনে করি
পূর্ণিমানিশীথে
স্নিগ্ধ সমীরণ,
নিদ্রালস আঁখি-সম
ধীরে যদি মুদে আসে
এ শ্রান্ত জীবন ।

গগনের অনিমেষ জাগ্রত চাঁদের পানে
 মুক্ত দুটি বাতায়নদ্বার—
 সুদূরে প্রহর বাজে, গঙ্গা কোথা বহে চলে,
 নিদ্রায় সুষুপ্ত দুই পার ।
 মাঝি গান গেয়ে যায় বৃন্দাবনগাথা
 আপনার মনে,
 চিরজীবনের স্মৃতি অশ্রু হয়ে গলে আসে
 নয়নের কোণে ।
 স্বপ্নের সুধীর স্রোতে দূরে ভেসে যায় প্রাণ
 স্বপ্ন হতে নিঃস্বপ্ন অতলে,
 ভাসানো প্রদীপ যথা নিবে গিয়ে সন্ধ্যাবায়ে
 ডুবে যায় জাহ্নবীর জলে ।

১৬ বৈশাখ ১৮৮৮

বিচ্ছেদ

ব্যাকুল নয়ন মোর, অস্তমান রবি,
 সায়াহ্ন মেঘাবনত পশ্চিম গগনে,
 সকলে দেখিতেছিল সেই মুখচ্ছবি—
 একা সে চলিতেছিল আপনার মনে ।

ধরণী ধরিতেছিল কোমল চরণ,
 বাতাস লভিতেছিল বিমল নিশ্বাস,
 সন্ধ্যার-আলোক-আঁকা দুখানি নয়ন
 ভুলায়ে লইতেছিল পশ্চিম আকাশ ।

রবি তারে দিতেছিল আপন কিরণ,
 মেঘ তারে দিতেছিল স্বর্ণময় ছায়া,
 মুগ্ধহিয়া পথিকের উৎসুক নয়ন
 মুখে তার দিতেছিল প্রেমপূর্ণ মায়া ।

চারি দিকে শস্যরাশি চিত্রসম স্থির,
 প্রান্তে নীল নদীরেখা, দূর পরপারে
 শুভ্র চর, আরো দূরে বনের তিমির
 দহিতেছে অগ্নিদীপ্তি দিগন্ত-মাঝারে ।

দিবসের শেষ দৃষ্টি— অস্তিম মহিমা—
 সহসা ঘেরিল তারে কনক-আলোকে,
 বিষণ্ণ কিরণপটে মোহিনী প্রতিমা
 উঠিল প্রদীপ্ত হয়ে অনিমেষ চোখে ।

নিমেষে ঘুরিল ধরা, ডুবিল তপন,
সহসা সম্মুখে এল ঘোর অন্তরাল—
নয়নের দৃষ্টি গেল, রহিল স্বপন,
অনন্ত আকাশ, আর ধরণী বিশাল ।

১৯ বৈশাখ ১৮৮৮

মানসিক অভিসার

মনে হয় সেও যেন রয়েছে বসিয়া
চাহি বাতায়ন হতে নয়ন উদাস—
কপোলে, কানের কাছে, যায় নিশ্বসিয়া
কে জানে কাহার কথা বিষণ্ণ বাতাস ।

তাজি তার তনুখানি কোমল হৃদয়
বাহির হয়েছে যেন দীর্ঘ অভিসারে,
সম্মুখে অপার ধরা কঠিন নিদয়—
একাকিনী দাঁড়ায়েছে তাহারি মাঝারে ।

হয়তো বা এখনি সে এসেছে হেথায়,
মৃদুপদে পশিতেছে এই বাতায়নে,
মানসমুরতিখানি আকুল আমায়
বাধিতেছে দেহহীন স্বপ্ন-আলিঙ্গনে ।

তারি ভালোবাসা, তারি বাহু সুকোমল,
উৎকণ্ঠ চকোর-সম বিরহতিয়াষ,
বহিয়া আনিছে এই পুষ্পপরিমল—
কাঁদায়ে তুলিছে এই বসন্তবাতাস ।

২১ বৈশাখ ১৮৮৮

পত্রের প্রত্যাশা

চিঠি কই ! দিন গেল ! বইগুলো ছুঁড়ে ফেলো
আর তো লাগে না ভালো ছাইপাঁশ পড়া ।
মিটায়ে মনের খেদ গেঁথে গেছে অবিচ্ছেদ,
পরিচ্ছেদে পরিচ্ছেদ মিছে মন-গড়া ।

কাননপ্রান্তের কাছে ছায়া পড়ে গাছে গাছে,
 স্নান আলো শুয়ে আছে বালুকার তীরে ।
 বায়ু উঠে ঢেউ তুলি, টলমল পড়ে দুলি
 কূলে বাঁধা নৌকাগুলি জাহ্নবীর নীরে ।

চিঠি কই ! হেথা এসে একা বসে দূর দেশে
 কী পড়িব দিনশেষে সন্ধ্যার আলোকে !
 গোধূলির ছায়াতলে কে বলে গো মায়াবলে
 সেই মুখ অশ্রুজলে ঐকে দেবে চোখে !
 গভীর গুঞ্জনস্বনে ঝিল্লিরব উঠে বনে,
 কে মিশাবে তারি সনে স্মৃতিকণ্ঠস্বর !
 তীরতরু-ছায়ে-ছায়ে কোমল সন্ধ্যার বায়ে
 কে আনিয়া দিবে গায়ে সুকোমল কর !

পাখি তরুশিরে আসে, দূর হতে নীড়ে আসে
 তরীগুলি তীরে আসে, ফিরে আসে সবে—
 তার সেই স্নেহস্বর ভেদি দূর দূরান্তর
 কেন এ কোলের 'পর আসে না নীরবে !
 দিনান্তে স্নেহের স্মৃতি একবার আসে নিতি
 কলরব-ভরা প্রীতি লয়ে তার মুখে—
 দিবসের ভার যত তবে হয় অপগত,
 নিশি নিমেষের মতো কাটে স্বপ্নসুখে ।

সকলই তো মনে আছে যতদিন ছিল কাছে
 কত কথা বলিয়াছে কত ভালোবেসে—
 কত কথা শুনি নাই, হৃদয়ে পায় নি ঠাই,
 মুহূর্ত শুনিয়া তাই ভুলেছি নিমেষে ।
 পাতা পোরাবার ছলে আজ সে যা-কিছু বলে,
 তাই শুনে মন গলে, চোখে আসে জল—
 তারি লাগি কত ব্যথা কত মনোব্যাকুলতা,
 দু-চারিটি তুচ্ছ কথা জীবনসম্বল !

দিবা যেন আলোহীনা এই দুটি কথা বিনা
 'তুমি ভালো আছ কি না' 'আমি ভালো আছি' ।
 স্নেহ যেন নাম ডেকে কাছে এসে যায় দেখে,
 দুটি কথা দূর থেকে করে কাছাকাছি ।
 দরশ পরশ যত . সকল বন্ধন গত,
 মাঝে ব্যবধান কত নদীগিরিপারে—
 স্মৃতি শুধু স্নেহ বয়ে দুঁছ করস্পর্শ লয়ে
 অক্ষরের মালা হয়ে বাঁধে দুজনারে ।

কই চিঠি ! এল নিশা, তিমিরে ডুবিল দিশা,
 সারা দিবসের তৃষা রয়ে গেল মনে—
 অন্ধকার নদীতীরে বেড়াতেছি ফিরে ফিরে,
 প্রকৃতির শাস্তি ধীরে পশিছে জীবনে ।
 ক্রমে আঁখি ছলছল, দুটি ফোঁটা অশ্রুজল
 ভিজায় কপোলতল, শুকায় বাতাসে—
 ক্রমে অশ্রু নাহি বয়, ললাট শীতল হয়
 রজনীর শাস্তিময় শীতল নিশ্বাসে ।

আকাশে অসংখ্য তারা চিন্তাহারা ক্লান্তিহারা,
 হৃদয় বিস্ময়ে সারা হেরি একদিঠি—
 আর যে আসে না আসে মুক্ত এই মহাকাশে
 প্রতি সন্ধ্যা পরকাশে অসীমের চিঠি ।
 অনন্ত বারতা বহে— অন্ধকার হতে কহে,
 'যে রহে যে নাহি রহে কেহ নহে একা—
 সীমাপরপারে থাকি সেথা হতে সবে ডাকি
 প্রতি রাত্রে লিখে রাখি জ্যোতিপত্রলেখা ।'

২৩ বৈশাখ ১৮৮৮

বধূ

'বেলা যে পড়ে এল, জলকে চল !'—
 পুরানো সেই সুরে কে যেন ডাকে দূরে,
 কোথা সে ছায়া সখী, কোথা সে জল !
 কোথা সে বাঁধা ঘাট, অশথতল !
 ছিলাম আনমনে একেলা গৃহকোণে,
 কে যেন ডাকিল রে 'জলকে চল' ।

কলসী লয়ে কাঁখে— পথ সে বাঁকা,
 বামেতে মাঠ শুধু সদাই করে ধূ ধূ
 ডাহিনে বাঁশবন হেলায়ে শাখা ।
 দিঘির কালো জলে সাঁঝের আলো ঝলে,
 দুধারে ঘন বন ছায়ায় ঢাকা ।
 গভীর থির নীরে ভাসিয়া যাই ধীরে,
 পিক কুহরে তীরে অমিয়-মাখা ।
 পথে আসিতে ফিরে, আধার তরুশিরে
 সহসা দেখি চাঁদ আকাশে আঁকা ।

অশথ উঠিয়াছে প্রাচীর টুটি,
 সেখানে ছুটিতাম সকালে উঠি ।
 শরতে ধরাতল শিশিরে ঝলমল,
 করবী খোলো খোলো রয়েছে ফুটি ।
 প্রাচীর বেয়ে বেয়ে সবুজে ফেলে ছেয়ে
 বেগুনি-ফুলে-ভরা লতিকা দুটি ।
 ফাটলে দিয়ে আঁখি আড়ালে বসে থাকি,
 আঁচল পদতলে পড়েছে লুটি ।

মাঠের পরে মাঠ, মাঠের শেষে
 সুদূর গ্রামখানি আকাশে মেশে ।
 এ ধারে পুরাতন শ্যামল তালবন
 সঘন সারি দিয়ে দাঁড়ায় ঘেঁষে ।
 বাঁধের জলরেখা ঝলসে যায় দেখা,
 জটলা করে তীরে রাখাল এসে ।
 চলেছে পথখানি কোথায় নাহি জানি,
 কে জানে কত শত নূতন দেশে ।

হায় রে রাজধানী পাষণকায়ী !
 বিরাট মুঠিতলে চাপিছে দৃঢ়বলে
 ব্যাকুল বালিকারে, নাহিকো মায়া ।
 কোথা সে খোলা মাঠ, উদার পথঘাট,
 পাখির গান কই, বনের ছায়া !

কে যেন চারি দিকে দাঁড়িয়ে আছে,
 খুলিতে নারি মন শুনিবে পাছে !
 হেথায় বৃথা কাঁদা, দেয়ালে পেয়ে বাধা
 কাঁদন ফিরে আসে আপন-কাছে ।

আমার আঁখিজল কেহ না বোঝে,
 অবাক হয়ে সবে কারণ খোঁজে ।
 'কিছুতে নাহি তোষ, এ তো বিষম দোষ
 গ্রাম্য বালিকার স্বভাব ও যে !
 স্বজন প্রতিবেশী এত যে মেশামেশি,
 ও কেন কোণে বসে নয়ন বোজে ?'

কেহ বা দেখে মুখ কেহ বা দেহ—
 কেহ বা ভালো বলে, বলে না কেহ ।
 ফুলের মালাগাছি বিকাতে আসিয়াছি,
 পরখ করে সবে, করে না স্নেহ ।

সবার মাঝে আমি ফিরি একেলা ।
 কেমন করে কাটে সারাটা বেলা !
 ইটের 'পরে ইট, মাঝে মানুষ-কীট—
 নাইকো ভালোবাসা, নাইকো খেলা ।

কোথায় আছ তুমি কোথায় মা গো !
 কেমনে ভুলে তুই আছিস হাঁ গো !
 উঠিলে নব শশী ছাদের 'পরে বসি
 আর কি রূপকথা বলিবি না গো !
 হৃদয়বেদনায় শূন্য বিছানায়
 বুঝি, মা, আঁখিজলে রজনী জাগো !
 কুসুম তুলি লয়ে প্রভাতে শিবালয়ে
 প্রবাসী তনয়ার কুশল মাগো ।

হেথাও উঠে চাঁদ ছাদের পারে,
 প্রবেশ মাগে আলো ঘরের দ্বারে ।
 আমারে খুঁজিতে সে ফিরিছে দেশে দেশে,
 যেন সে ভালোবেসে চাহে আমারে ।

নিমেষতরে তাই আপনা ভুলি
 ব্যাকুল ছুটে যাই দুয়ার খুলি ।
 অমনি চারি ধারে নয়ন উকি মারে,
 শাসন ছুটে আসে ঝটিকা তুলি ।

দেবে না ভালোবাসা, দেবে না আলো ।
 সদাই মনে হয় আধার ছায়াময়
 দিঘির সেই জল শীতল কালো,
 তাহারি কোলে গিয়ে মরণ ভালো ।

ডাক্ লো ডাক্ তোরা, বল্ লো বল্—
 'বেলা যে পড়ে এল, জলকে চল্ !'
 কবে পড়িবে বেলা, ফুরাবে সব খেলা,
 নিবাবে সব জ্বালা শীতল জল,
 জানিস যদি কেহ আমায় বল্ ।

১১ জ্যৈষ্ঠ ১৮৮৮

সংশোধন-পরিবর্ধন
 শান্তিনিকেতন । ৭ কার্তিক

ব্যক্ত প্রেম

কেন তবে কেড়ে নিলে লাজ-আবরণ ?
হৃদয়ের দ্বার হেনে বাহিরে আনিলে টেনে,
শেষে কি পথের মাঝে করিবে বর্জন ?

আপন অন্তরে আমি ছিলাম আপনি—
সংসারের শত কাজে ছিলাম সবার মাঝে,
সকলে যেমন ছিল আমিও তেমনি ।

তুলিতে পূজার ফুল যেতেম যখন
সেই পথ ছায়া-করা, সেই বেড়া লতা-ভরা,
সেই সরসীর তীরে করবীর বন—

সেই কুহরিত পিক শিরীষের ডালে
প্রভাতে সখীর মেলা, কত হাসি কত খেলা—
কে জানিত কী ছিল এ প্রাণের আড়ালে !

বসন্তে উঠিত ফুটে বনে বেলফুল,
কেহ বা পরিত মালা, কেহ বা ভরিত ডালা,
করিত দক্ষিণবায়ু অঞ্চল আকুল ।

বরষার ঘনঘটা, বিজুলি খেলায়—
প্রান্তরের প্রান্তদিশে মেঘে বনে যেত মিশে,
জুঁইগুলি বিকশিত বিকেল বেলায় ।

বর্ষ আসে বর্ষ যায়, গৃহকাজ করি—
সুখদুঃখ ভাগ লয়ে প্রতিদিন যায় বয়ে,
গোপন স্বপন লয়ে কাটে বিভাবরী ।

লুকানো প্রাণের প্রেম পবিত্র সে কত !
আধার হৃদয়তলে মানিকের মতো জ্বলে,
আলোতে দেখায় কালো কলঙ্কের মতো ।

ভাঙিয়া দেখিলে ছিছি নারীর হৃদয় !
লাজে ভয়ে থরথর ভালোবাসা-সকাতর
তার লুকাবার ঠাই কাড়িলে নিদয় !

আজিও তো সেই আসে বসন্ত শরৎ ।
বাঁকা সেই চাঁপা-শাখে সোনা-ফুল ফুটে থাকে,
সেই তারা তোলে এসে— সেই ছায়াপথ !

সবাই যেমন ছিল, আছে অবিকল—
সেই তারা কাঁদে হাসে, কাজ করে, ভালোবাসে,
করে পূজা, জ্বালে দীপ, তুলে আনে জল ।

কেহ উঁকি মারে নাই তাহাদের প্রাণে—
ভাঙিয়া দেখে নি কেহ হৃদয় গোপন গেহ,
আপন মরম তারা আপনি না জানে ।

আমি আজ ছিন্ন ফুল রাজপথে পড়ি,
পল্লবের সুচিকন ছায়ান্নিক আবরণ
তেয়াগি ধুলায় হায় যাই গড়াগড়ি ।

নিতান্ত ব্যথার ব্যথী ভালোবাসা দিয়ে
সযতনে চিরকাল রচি দিবে অন্তরাল,
নগ্ন করেছিনু প্রাণ সেই আশা নিয়ে ।

মুখ ফিরাতেছ, সখা, আজ কী বলিয়া !
ভুল করে এসেছিলে ? ভুলে ভালোবেসেছিলে ?
ভুল ভেঙে গেছে তাই যেতেছ চলিয়া ?

তুমি তো ফিরিয়া যাবে আজ বই কাল—
আমার যে ফিরিবার পথ রাখ নাই আর,
ধূলিসাৎ করেছ যে প্রাণের আড়াল ।

একি নিদারুণ ভুল ! নিখিলনিলয়ে
এত শত প্রাণ ফেলে ভুল করে কেন এলে
অভাগিনী রমণীর গোপন হৃদয়ে !

ভেবে দেখো আনিয়াছ মোরে কোন্‌খানে—
শত লক্ষ আঁখিভরা কৌতুককঠিন ধরা
চেয়ে রবে অনাবৃত কলঙ্কের পানে !

ভালোবাসা তাও যদি ফিরে নেবে শেষে,
কেন লজ্জা কেড়ে নিলে, একাকিনী ছেড়ে দিলে
বিশাল ভবের মাঝে বিবসনাবেশে !

১২ জ্যৈষ্ঠ ১৮৮৮

পরিবর্ধন : শান্তিনিকেতন । ৭ কার্তিক

গুপ্ত প্রেম

তবে পরানে ভালোবাসা কেন গো দিলে
 রূপ না দিলে যদি বিধি হে !
 পূজার তরে হিয়া উঠে যে ব্যাকুলিয়া,
 পূজিব তারে গিয়া কী দিয়ে !

মনে গোপনে থাকে প্রেম, যায় না দেখা,
 কুসুম দেয় তাই দেবতায় ।
 দাঁড়ায়ে থাকি দ্বারে চাহিয়া দেখি তারে
 কী বলে আপনারে দিব তায় !

ভালো বাসিলে ভালো যারে দেখিতে হয়
 সে যেন পারে ভালো বাসিতে ।
 মধুর হাসি তার দিক সে উপহার
 মাধুরী ফুটে যার হাসিতে !

যার নবনীসুকুমার কপোলতল
 কী শোভা পায় প্রেমলাজে গো !
 যাহার চলচল নয়নশতদল
 তারেই আঁখিজল সাজে গো !

তাই লুকায়ে থাকি সদা পাছে সে দেখে,
 ভালোবাসিতে মরি শরমে ।
 রুধিয়া মনোদ্বার প্রেমের কারাগার
 রচেছি আপনার মরমে ।

আহা এ তনু-আবরণ শ্রীহীন ম্লান
 ঝরিয়া পড়ে যদি শুকায়ে,
 হৃদয়মাঝে মম দেবতা মনোরম
 মাধুরী নিরুপম লুকায়ে ।

যত গোপনে ভালোবাসি পরান ভরি
 পরান ভরি উঠে শোভাতে—
 যেমন কালো মেঘে অরুণ-আলো লেগে
 মাধুরী উঠে জেগে প্রভাতে ।

আমি সে শোভা কাহারে তো দেখাতে নারি,
 এ পোড়া দেহ সবে দেখে যায়—

প্রেম যে চুপে চুপে ফুটিতে চাহে রূপে,
মনেরই অক্ষরূপে থেকে যায় ।

দেখো, বনের ভালোবাসা আধারে বসি
কুসুমে আপনারে বিকাশে,
তারকা নিজ হিয়া তুলিছে উজলিয়া
আপন আলো দিয়া লিখা সে ।

ভবে প্রেমের আঁখি প্রেম কাড়িতে চাহে,
মোহন রূপ তাই ধরিছে ।
আমি যে আপনায় ফুটাতে পারি নাই,
পরান কেঁদে তাই মরিছে ।

আমি আপন মধুরতা আপনি জানি
পরানে আছে যাহা জাগিয়া,
তাহারে লয়ে সেথা দেখাতে পারিলে তা
যেত এ ব্যাকুলতা ভাগিয়া ।

আমি রূপসী নহি, তবু আমারো মনে
প্রেমের রূপ সে তো সুমধুর ।
ধন সে যতনের শয়ন-স্বপনের,
করে সে জীবনের তমোদূর ।

আমি আমার অপমান সহিতে পারি,
প্রেমের সহে না তো অপমান ।
অমরাবতী ত্যেজে হৃদয়ে এসেছে যে,
তাহারো চেয়ে সে যে মহীয়ান ।

পাছে কুরূপ কভু তারে দেখিতে হয়
কুরূপ দেহ-মাঝে উদিয়া,
প্রাণের এক ধারে দেহের পরপারে
তাই তো রাখি তারে রুধিয়া ।

তাই আঁখিতে প্রকাশিতে চাহি নে তারে,
নীরবে থাকে তাই রসনা ।
মুখে সে চাহে যত নয়ন করি নত,
গোপনে মরে কত বাসনা ।

তাই যদি সে কাছে আসে পালাই দূরে,
আপন মনোআশা দলে যাই,

পাছে সে মোরে দেখে থমকি বলে 'এ কে !'
দু হাতে মুখ ঢেকে চলে যাই ।

পাছে নয়নে বচনে সে বুঝিতে পারে
আমার জীবনের কাহিনী—
পাছে সে মনে ভানে, 'এও কি প্রেম জানে !'
আমি তো এর পানে চাই নি !'

তবে পরানে ভালোবাসা কেন গো দিলে
রূপ না দিলে যদি বিধি হে !
পূজার তরে হিয়া উঠে যে ব্যাকুলিয়া,
পূজিব তারে গিয়া কী দিয়ে ?

১৩ জ্যৈষ্ঠ ১৮৮৮

অপেক্ষা

সকল বেলা কাটিয়া গেল
বিকাল নাহি যায় ।
দিনের শেষে শান্তুছবি
কিছুতে যেতে চায় না রবি,
চাহিয়া থাকে ধরণী-পানে,
বিদায় নাহি চায় ।

মেঘেতে দিন জড়ায়ে থাকে,
মিলায়ে থাকে মাঠে—
পড়িয়া থাকে তরুর শিরে,
কাঁপিতে থাকে নদীর নীরে,
দাঁড়ায়ে থাকে দীর্ঘ ছায়া
মেলিয়া ঘাটে বাটে ।

এখনো ঘুঘু ডাকিছে ভালে
করণ একতানে ।
অলস দুখে দীর্ঘ দিন
ছিল সে বসে মিলনহীন,
এখনো তার বিরহগাথা
বিরাম নাহি মানে ।

বধূরা দেখো আইল ঘাটে,
এল না ছায়া তবু ।
কলস-ঘায়ে উর্মি টুটে,
রশ্মিরাশি চূর্ণি উঠে,

শ্রান্ত বায়ু প্রান্তনীৰ
চুম্বি যায় কভু ।

দিবসশেষে বাহিরে এসে
সেও কি এতখনে
নীলান্বরে অঙ্গ ঘিরে
নেমেছে সেই নিভৃত নীরে,
প্রাচীরে-ঘেরা ছায়াতে-ঢাকা
বিজন ফুলবনে ?

স্নিগ্ধ জল মুগ্ধভাবে
ধরেছে তনুখানি ।
মধুর দুটি বাহুর ঘায়
অগাধ জল টুটিয়া যায়,
গ্রীবার কাছে নাচিয়া উঠি
করিছে কানাকানি ।

কপোলে তার কিরণ প'ড়ে
তুলেছে রাঙা করি ।
মুখের ছায়া পড়িয়া জলে
নিজেরে যেন খুঁজিছে ছলে,
জলের 'পরে ছড়িয়ে পড়ে
আঁচল খসি পড়ি ।

জলের 'পরে এলায়ে দিয়ে
আপন রূপখানি,
শরমহীন আরামসুখে
হাসিটি ভাসে মধুর মুখে,
বনের ছায়া ধরার চোখে
দিয়েছে পাতা টানি ।

সলিলতলে সোপান-'পরে
উদাস বেশবাস ।
আধেক কায়া আধেক ছায়া
জলের 'পরে রচিছে মায়া,
দেহেরে যেন দেহের ছায়া
করিছে পরিহাস ।

আশ্রবন মুকুলে ভরা
গন্ধ দেয় তীরে !

গোপন শাখে বিরহী পাখি
 আপন-মনে উঠিছে ডাকি,
 বিবশ হয়ে বকুল ফুল
 খসিয়া পড়ে নীরে ।

দিবস ক্রমে মুদিয়া আসে,
 মিলায়ে আসে আলো ।
 নিবিড় ঘন বনের রেখা
 আকাশশেষে যেতেছে দেখা,
 নিদ্রালস আঁখির 'পরে
 ভুরুর মতো কালো ।

বুঝি বা তীরে উঠিয়াছে সে
 জলের কোল ছেড়ে ।
 ত্বরিত পদে চলেছে গেহে,
 সিন্ধু বাস লিপ্ত দেহে—
 যৌবনলাবণ্য যেন
 লইতে চাহে কেড়ে ।

মাজিয়া তনু যতন ক'রে
 পরিবে নব বাস ।
 কাঁচল পরি আঁচল টানি
 আঁটিয়া লয়ে কাঁকনখানি
 নিপুণ করে রচিয়া বেণী
 বাঁধিবে কেশপাশ ।

উরসে পরি যুথীর হার
 বসনে মাথা ঢাকি
 বনের পথে নদীর তীরে
 অন্ধকারে বেড়াবে ধীরে
 গন্ধটুকু সন্ধ্যাবায়ে
 রেখার মতো রাখি ।

বাজিবে তার চরণধ্বনি
 বুকের শিরে শিরে ।
 কখন, কাছে না আসিতে সে
 পরশ যেন লাগিবে এসে,
 যেমন ক'রে দখিন বায়ু
 জাগায় ধরণীরে ।

যেমনি কাছে দাঁড়াব গিয়ে
 আর কি হবে কথা ?
 ক্ষণেক শুধু অবশ কায়
 থমকি রবে ছবির প্রায়,
 মুখের পানে চাহিয়া শুধু
 সুখের আকুলতা ।

দৌহার মাঝে ঘুচিয়া যাবে
 আলোর ব্যবধান ।
 আধারতলে গুপ্ত হয়ে
 বিশ্ব যাবে লুপ্ত হয়ে,
 আসিবে মুদে লক্ষকোটি
 জাগ্রত নয়ান ।

অন্ধকারে নিকট করে,
 আলোতে করে দূর ।
 যেমন, দুটি ব্যথিত প্রাণে
 দুঃখনিশি নিকটে টানে,
 সুখের প্রাতে যাহারা রহে
 আপনা-ভরপুর ।

আধারে যেন দুজনে আর
 দুজন নাহি থাকে ।
 হৃদয়মাঝে যতটা চাই
 ততটা যেন পুরিয়া পাই,
 প্রলয়ে যেন সকল যায়—
 হৃদয় বাকি রাখে ।

হৃদয় দেহ আধারে যেন
 হয়েছে একাকার ।
 মরণ যেন অকালে আসি
 দিয়েছে সব বাঁধন নাশি,
 ত্বরিত যেন গিয়েছি দৌহে
 জগৎ-পরপার ।

দু দিক হতে দুজনে যেন
 বহিয়া খরধারে
 আসিতেছিল দৌহার পানে
 ব্যাকুলগতি ব্যগ্রপ্রাণে,
 সহসা এসে মিশিয়া গেল
 নিশীথপারাবারে ।

থামিয়া গেল অধীর স্রোত,
 থামিল কলতান—
 মৌন এক মিলনরাশি
 তিমিরে সব ফেলিল গ্রাসি,
 প্রলয়তলে দৌহার মাঝে
 দৌহার অবসান ।

১৪ জ্যৈষ্ঠ ১৮৮৮

দূরন্তু আশা

মর্মে যবে মন্তু আশা
 সর্পসম ফোঁসে,
 অদৃষ্টের বন্ধনেতে
 দাপিয়া বৃথা রোষে,
 তখনো ভালোমানুষ সেজে
 বাঁধানো হুঁকা যতনে মেজে
 মলিন তাস সজোরে ভেঁজে
 খেলিতে হবে কষে !
 অন্নপায়ী বঙ্গবাসী
 স্তন্যপায়ী জীব
 জন-দশেকে জটলা করি
 তক্তপোশে বঁসে ।

ভদ্র মোরা, শাস্ত বড়ো,
 পোষ-মানা এ প্রাণ
 বোতাম-আঁটা জামার নীচে
 শান্তিতে শয়ান ।
 দেখা হলেই মিষ্ট অতি,
 মুখের ভাব শিষ্ট অতি,
 অলস দেহ ক্লিষ্টগতি—
 গৃহের প্রতি টান ।
 তৈল-ঢালা স্নিগ্ধ তনু
 নিদ্রারসে ভরা,
 মাথায় ছোটো বহরে বড়ো
 বাঙালি সম্ভান ।

ইহার চেয়ে হতেম যদি
 আরব বেদুয়িন !
 চরণতলে বিশাল মরু
 দিগন্তে বিলীন ।

ছুটেছে ঘোড়া, উড়েছে বালি,
 জীবনশ্রোত আকাশে ঢালি
 হৃদয়তলে বহি জ্বালি
 চলেছি নিশিদিন ।
 বর্শা হাতে, ভরসা প্রাণে,
 সদাই নিরুদ্দেশ,
 মরুর ঝড় যেমন বহে
 সকল-বাধা-হীন ।

বিপদ-মাঝে ঝাঁপিয়ে প'ড়ে
 শোণিত উঠে ফুটে,
 সকল দেহে সকল মনে
 জীবন জেগে উঠে—
 অন্ধকারে সূর্যালোতে
 সস্তুরিয়া মৃত্যুশ্রোতে
 নৃত্যময় চিত্ত হতে
 মস্ত হাসি টুটে ।
 বিশ্বমাঝে মহান যাহা
 সঙ্গী পরানের,
 ঝঙ্কামাঝে ধায় সে প্রাণ
 সিঙ্কুমাঝে লুটে ।

নিমেষতরে ইচ্ছা করে
 বিকট উল্লাসে
 সকল টুটে যাইতে ছুটে
 জীবন-উচ্ছ্বাসে—
 শূন্য ব্যোম অপরিমাণ
 মদ্যসম করিতে পান
 মুক্ত করি রুদ্ধ প্রাণ
 উর্ধ্ব নীলাকাশে ।
 থাকিতে নারি ক্ষুদ্র কোণে
 আশ্রবনছায়ে
 সুপ্ত হয়ে লুপ্ত হয়ে
 গুপ্ত গৃহবাসে ।

বেহালাখানা ঝাঁকায় ধরি
 বাজাও ওকি সুর—
 তবলা-ঝাঁয়া কোলেতে টেনে
 বাদ্যে ভরপুর !
 কাগজ নেড়ে উচ্চস্বরে
 পোলিটিকাল তর্ক করে.

জানলা দিয়ে পশিছে ঘরে
 বাতাস বুরুবুর্ ।
 পানের বাটা, ফুলের মালা,
 তবলা-বাঁয়া দুটো,
 দস্ত-ভরা কাগজগুলো
 করিয়া দাও দূর ।

কিসের এত অহংকার !
 দস্ত নাহি সাজে—
 বরং থাকো মৌন হয়ে
 সসংকোচ লাজে ।
 অত্যাচারে মত্ত-পারা
 কভু কি হও আত্মহারা ?
 তপ্ত হয়ে রক্তধারা
 ফুটে কি দেহমাঝে ?
 অহর্নিশি হেলার হাসি
 তীর অপমান
 মর্মতল বিদ্ধ করি
 বজ্রসম বাজে ?

দাস্যসুখে হাস্যমুখ,
 বিনীত জোড়-কর,
 প্রভুর পদে সোহাগ-মদে
 দোদুল কলেবর !
 পাদুকাতলে পড়িয়া লুটি
 ঘৃণায়-মাথা অন্ন খুঁটি
 ব্যগ্র হয়ে ভরিয়া মুঠি
 যেতেছ ফিরি ঘর ।
 ঘরেতে ব'সে গর্ব কর
 পূর্বপুরুষের,
 আর্ঘ্যতেজদর্পভরে
 পৃথ্বী থরহর !

হেলায়ে মাথা, দাঁতের আগে
 মিষ্ট হাসি টানি
 বলিতে আমি পারিব না তো
 ভদ্রতার বাণী ।
 উচ্ছ্বসিত রক্ত আসি
 বক্ষতল ফেলিছে গ্রাসি,
 প্রকাশহীন চিন্তারাশি
 করিছে হানাহানি ।

কোথাও যদি ছুটিতে পাই
 ঝাঁচিয়া যাই তবে—
 ভব্যতার গণ্ডিমারে
 শাস্তি নাহি মানি ।

১৮ জ্যৈষ্ঠ ১৮৮৮

দেশের উন্নতি

বক্তৃতাটা লেগেছে বেশ,
 রয়েছে রেশ কানে—
 কী যেন করা উচিত ছিল,
 কী করি কে তা জানে !
 অন্ধকারে ওই রে শোন্
 ভারতমাতা করেন 'গ্রোন',
 এ হেন কালে ভীষ্ম দ্রোণ
 গেলেন কোন্‌খানে !
 দেশের দুখে সতত দহি
 মনের ব্যথা সবারে কহি,
 এসো তো করি নামটা সহি
 লম্বা পিটিশানে ।
 আয় রে ভাই, সবাই মাতি
 যতটা পারি ফুলাই ছাতি,
 নহিলে গেল আর্ঘ্যজাতি
 রসাতলের পানে ।

উৎসাহেতে জ্বলিয়া উঠি
 দু হাতে দাও তালি ।
 আমরা বড়ো এ যে না বলে
 তাহারে দাও গালি ।
 কাগজ ভ'রে লেখো রে লেখো,
 এমনি করে যুদ্ধ শেখো,
 হাতের কাছে রেখো রে রেখো
 কলম আর কালি !
 চারটি করে অন্ন খেয়ো,
 দুপুরবেলা আপিস যেয়ো,
 তাহার পরে সভায় ধেয়ো
 বাক্যানল জ্বালি—
 কাঁদিয়া লয়ে দেশের দুখে
 সঙ্কেবেলা বাসায় ঢুকে

শ্যালীর সাথে হাস্যমুখে
করিয়ো চতুরালি ।

দূর হউক এ বিড়ম্বনা,
বিদ্রূপের ভান ।
সবারে চাহে বেদনা দিতে
বেদনা-ভরা প্রাণ ।
আমার এই হৃদয়তলে
শরম-তাপ সতত জ্বলে
তাই তো চাহি হাসির ছলে
করিতে লাজ দান ।
আয়-না, ভাই, বিরোধ ভুলি—
কেন রে মিছে লাথিয়ে তুলি
পথের যত মতের ধূলি
আকাশপরিমাণ ?
পরের মাঝে ঘরের মাঝে
মহৎ হব সকল কাজে,
নীরবে যেন মরে গো লাজে
মিথ্যা অভিমান ।

ক্ষুদ্রতার মন্দিরেতে
বসায় আপনারে
আপন পায় না দিই যেন
অর্ঘ্য ভারে ভারে ।
জগতে যত মহৎ আছে
হইব নত সবার কাছে,
হৃদয় যেন প্রসাদ যাচে
তাঁদের দ্বারে দ্বারে ।
যখন কাজ ভুলিয়া যাই
মর্মে যেন লজ্জা পাই,
নিজেই নাহি ভুলাতে চাই
বাক্যের আধারে ।
ক্ষুদ্র কাজ ক্ষুদ্র নয়
এ কথা মনে জাগিয়া রয়,
বৃহৎ ব'লে না মনে হয়
বৃহৎ কল্পনারে ।

পরের কাছে হইব বড়ো
এ কথা গিয়ে ভুলে
বৃহৎ যেন হইতে পারি
নিজের প্রাণমূলে ।

অনেক দূরে লক্ষ্য রাখি
 চুপ করে না বসিয়া থাকি
 স্বপ্নাতুর দুইটি আঁখি
 শূন্যপানে তুলে ।
 ঘরের কাজ রয়েছে পড়ি,
 তাহাই যেন সমাধা করি,
 'কী করি' বলে ভেবে না মরি
 সংশয়েতে দুলে ।
 করিব কাজ নীরবে থেকে,
 মরণ যবে লইবে ডেকে
 জীবনরাশি যাইব রেখে
 ভবের উপকূলে ।

সবাই বড়ো হইলে তবে
 স্বদেশ বড়ো হবে,
 যে কাজে মোরা লাগাব হাত
 সিদ্ধ হবে তবে ।
 সত্যপথে আপন বলে
 তুলিয়া শির সকলে চলে,
 মরণভয় চরণতলে
 দলিত হয়ে রবে ।
 নহিলে শুধু কথাই সার,
 বিফল আশা লক্ষ্যবার,
 দলাদলি ও অহংকার
 উচ্চ কলরবে ।
 আমোদ করা কাজের ভানে—
 পেখম তুলি গগন-পানে
 সবাই মাতে আপন মানে
 আপন গৌরবে ।

বাহবা কবি ! বলিছ ভালো,
 শুনিতে লাগে বেশ ।
 এমনি ভাবে বলিলে হবে
 উন্নতি বিশেষ ।
 'ওজস্বিতা' 'উদ্দীপনা'
 ছুটাও ভাষা অগ্নিকণা,
 আমরা করি' সমালোচনা
 জাগায়ে তুলি দেশ !
 বীর্যবল বাঙ্গালার
 কেমনে বলো টিকিবে আর,

প্রেমের গানে করেছে তার
দুর্দশার শেষ ।

যাক-না দেখা দিন-কতক
যেখানে যত রয়েছে লোক
সকলে মিলে লিখুক শ্লোক
'জাতীয়' উপদেশ ।

নয়ন বাহি অনর্গল
ফেলিব সবে অশ্রুজল,
উৎসাহেতে বীরের দল
লোমাঞ্চিতকেশ ।

রক্ষা করো ! উৎসাহের
যোগ্য আমি কই !
সভা-কাঁপানো করতালিতে
কাতর হয়ে রই !

দশ জনাতে যুক্তি ক'রে
দেশের যারা মুক্তি করে,
কাঁপায় ধরা বসিয়া ঘরে,
তাদের আমি নই ।

'জাতীয়' শোকে সবাই জুটে
মরিছে যবে মাথাটা কুটে,
দশ দিকেতে উঠিছে ফুটে
বক্তৃতার খই—

হয়তো আমি শয্যা পেতে
মুঞ্চহিয়া আলস্যেতে
ছন্দ গেঁথে নেশায় মেতে
প্রেমের কথা কই ।

শুনিয়া যত বীরশাবক
দেশের যারা অভিভাবক
দেশের কানে হস্ত হানে,
ফুকারে হৈ-হৈ !

চাহি না আমি অনুগ্রহ-
বচন এত শত ।

'ওজস্বিতা' 'উদ্দীপনা'
থাকুক আপাতত ।
পষ্ট তবে খুলিয়া বলি—
তুমিও চলো আমিও চলি,
পরস্পরে কেন এ ছলি
নির্বোধের মতো ?

ঘরেতে ফিরে খেলো গে তাস,
 লুটায়ে ভুঁয়ে মিটায়ে আশ
 মরিয়া থাকো বারোটি মাস
 আপন আঙিনায় ।
 পরের দোষে নাসিকা গুঁজে
 গল্প খুঁজে গুজব খুঁজে
 আরামে আঁখি আসিবে বুজে
 মলিনপশুপ্রায় ।
 তরল হাসি-লহরী তুলি
 রচিয়ো বসি বিবিধ বুলি,
 সকল কিছু যাইয়ো ভুলি,
 ভুলো না আপনায় !

আমিও রব তোমারি দলে
 পড়িয়া এক-ধার !
 মাদুর পেতে ঘরের ছাতে
 ডাবা হুকোটি ধরিয়া হাতে
 করিব আমি সবার সাথে
 দেশের উপকার ।
 বিজ্ঞভাবে নাড়িব শির,
 অসংশয়ে করিব স্থির
 মোদের বড়ো এ পৃথিবীর
 কেহই নহে আর !
 নয়ন যদি মুদিয়া থাকো
 সে ভুল কভু ভাঙিবে নাকো,
 নিজেরে বড়ো করিয়া রাখো
 মনেতে আপনার !
 বাঙালি বড়ো চতুর, তাই
 আপনি বড়ো হইয়া যাই,
 অথচ কোনো কষ্ট নাই
 চেপ্টা নাই তার ।
 হোথায় দেখো খাটিয়া মরে,
 দেশে বিদেশে ছড়ায় পড়ে,
 জীবন দেয় ধরার তরে
 ম্লেচ্ছসংসার !
 ফুকানো তবে উচ্চরবে
 বাঁধিয়া এক-সার—
 মহৎ মোরা বঙ্গবাসী
 আর্থপরিবার !

বঙ্গবীর

ভুলুবাবু বসি পাশের ঘরেতে
 নামতা পড়েন উচ্চস্বরেতে—
 হিন্দি কেতাব লইয়া করেতে
 কেদারা হেলান দিয়ে
 দুই ভাই মোরা সুখে সমাসীন,
 মেজের উপরে জ্বলে কেরাসিন,
 পড়িয়া ফেলেছি চ্যাপ্টার তিন—
 দাদা এম-এ, আমি বি-এ ।

যত পড়ি তত পুড়ে যায় তেল,
 মগজে গজিয়ে ওঠে আক্কেল,
 কেমন করিয়া বীর ক্রমোয়েল
 পাড়িল রাজার মাথা,
 বালক যেমন ঠেঙার বাড়িতে
 পাকা আমগুলো রহে গো পাড়িতে—
 কৌতুক ক্রমে বাড়িতে বাড়িতে
 উলটি ব'য়ের পাতা ।

কেহ মাথা ফেলে ধর্মের তরে,
 পরহিতে কারো মাথা খ'সে পড়ে,
 রণভূমে কেহ মাথা রেখে মরে
 কেতাবে রয়েছে লেখা ।
 আমি কেদারায় মাথাটি রাখিয়া
 এই কথাগুলি চাখিয়া চাখিয়া
 সুখে পাঠ করি থাকিয়া থাকিয়া,
 পড়ে কত হয় শেখা !

পড়িয়াছি বসে জানলার কাছে
 জ্ঞান খুঁজে কাবা ধরা ভ্রমিয়াছে,
 কবে মরে তারা মুখস্থ আছে
 কোন্ মাসে কী তারিখে ।
 কর্তব্যের কঠিন শাসন
 সাধ ক'রে কারা করে উপাসন
 গ্রহণ করেছে কণ্টকাসন—
 খাতায় রেখেছি লিখে ।

বড়ো কথা শুনি, বড়ো কথা কই,
 জড়ো করে নিয়ে পড়ি বড়ো বই,

এমনি করিয়া ক্রমে বড়ো হই—

কে পারে রাখিতে চেপে !

কেদারায় বসে সারাদিন ধ'রে
বই প'ড়ে প'ড়ে মুখস্থ ক'রে
কভু মাথা ধরে কভু মাথা ঘোরে,
বুঝি বা যাইব ক্ষেপে ।

ইংরেজ চেয়ে কিসে মোরা কম !

আমরা যে ছোটো সেটা ভারি ভ্রম ;

আকারপ্রকার রকম-সকম

এতেই যা কিছু ভেদ ।

যাহা লেখে তারা তাই ফেলি শিখে,

তাহাই আবার বাংলায় লিখে

করি কতমতো গুরুমারা টীকে,

লেখনির ঘুচে খেদ ।

মোক্ষমুলর বলেছে 'আর্য',

সেই শুনে সব ছেড়েছি কার্য,

মোরা বড়ো বলে করেছি ধার্য,

আরামে পড়েছি শুয়ে ।

মনু নাকি ছিল আধ্যাত্মিক,

আমরাও তাই— করিয়াছি ঠিক,

এ যে নাহি বলে ধিক্ তারে ধিক্,

শাপ দি' পইতে ছুঁয়ে ।

কে বলিতে চায় মোরা নহি বীর,

প্রমাণ যে তার রয়েছে গভীর,

পূর্বপুরুষ ছুঁড়িতেন তীর

সাক্ষী বেদব্যাস ।

আর-কিছু তবে নাহি প্রয়োজন,

সভাতলে মিলে বারো-তেরো জন

শুধু তরজন আর গরজন

এই করো অভ্যাস ।

আলো-চাল আর কাঁচকলা-ভাতে

মেখেচুখে নিয়ে কদলীর পাতে

ব্রহ্মচার্য পেত হাতে হাতে

ঋষিগণ তপ ক'রে ।

আমরা যদিও পাতিয়াছি মেজ,

হোটেলের ঢুকেছি পালিয়ে কালেজ,

তবু আছে সেই ব্রাহ্মণ-তেজ
মনু-তর্জমা প'ড়ে ।

সংহিতা আর মুর্গি-জবাই
এই দুটো কাজে লেগেছি সবাই,
বিশেষত এই আমরা ক' ভাই
নিমাই নেপাল ভুতো ।
দেশের লোকের কানের গোড়াতে
বিদ্যোটা নিয়ে লাঠিম ঘোরাতে,
বক্তৃতা আর কাগজ পোরাতে
শিখেছি হাজার ছুতো ।

ম্যারাথন আর থর্মপলিতে
কী যে হয়েছিল বলিতে বলিতে
শিরায় শোণিত রহে গো জ্বলিতে
পাটের পলিতে-সম ।
মূর্খ যাহারা কিছু পড়ে নাই
তারা এত কথা কী বুঝিবে ছাই—
হাঁ করিয়া থাকে, কভু তোলে হাই—
বুক ফেটে যায় মম ।

আগাগোড়া যদি তাহারা পড়িত
গারিবাল্ডির জীবনচরিত
না জানি তা হলে কী তারা করিত
কেদারায় দিয়ে ঠেস !
মিল ক'রে ক'রে কবিতা লিখিত,
দু-চারটে কথা বলিতে শিখিত,
কিছুদিন তবু কাগজ টিকিত—
উন্নত হত দেশ—
না জানিল তারা সাহিত্যরস,
ইতিহাস নাহি করিল পরশ,
ওয়াশিংটনের জন্ম-বরষ
মুখস্থ হল নাকো ।
ম্যাটসিনি-লীলা এমন সরেস
এরা সে কথার না জানিল লেশ—
হা অশিক্ষিত অভাগা স্বদেশ,
লজ্জায় মুখ ঢাকো ।

আমি দেখো ঘরে চৌকি টানিয়ে
লাইব্রেরি হতে হিষ্টি আনিয়ে

কত পড়ি, লিখি বানিয়ে বানিয়ে
 শানিয়ে শানিয়ে ভাষা ।
 জ্বলে ওঠে প্রাণ, মরি পাখা করে,
 উদ্দীপনায় শুধু মাথা ঘোরে—
 তবুও যা হোক স্বদেশের তরে
 একটুকু হয় আশা ।

যাক, পড়া যাক 'ন্যাসবি' সমর—
 আহা, ক্রমোয়েল, তুমিই অমর !
 থাক এইখানে, ব্যথিছে কোমর—
 কাহিল হতেছে বোধ ।
 ঝি কোথায় গেল, নিয়ে আয় সাবু ।
 আরে, আরে এসো ! এসো ননিবাবু,
 তাস পেড়ে নিয়ে খেলা যাক গ্রাবু—
 কালকের দেব শোধ !

২১ জ্যৈষ্ঠ ১৮৮৮

সুরদাসের প্রার্থনা

ঢাকো ঢাকো মুখ টানিয়া বসন,
 আমি কবি সুরদাস ।
 দেবী, আসিয়াছি ভিক্ষা মাগিতে,
 পুরাতে হইবে আশ !
 অতি অসহন বহিদহন
 মর্মমাঝারে করি যে বহন,
 কলঙ্করাহু প্রতি পলে পলে
 জীবন করিছে গ্রাস ।
 পবিত্র তুমি, নির্মল তুমি,
 তুমি দেবী, তুমি সতী—
 কুৎসিত দীন অধম পামর
 পঙ্কিল আমি অতি ।

তুমিই লক্ষ্মী, তুমিই শক্তি,
 হৃদয়ে আমার পাঠাও ভক্তি—
 পাপের তিমির পুড়ে যায় জ্বলে
 কোথা সে পুণ্যজ্যোতি !
 দেবের করুণা মানবী-আকারে,
 আনন্দধারা বিশ্বমাঝারে,

পতিতপাবনী গঙ্গা যেমন
 এলেন পাপীর কাজে—
 তোমার চরিত হবে নির্মল,
 তোমার ধর্ম হবে উজ্জ্বল,
 আমার এ পাপ করি দাও লীন
 তোমার পুণ্যমাঝে ।

তোমারে কহিব লজ্জাকাহিনী
 লজ্জা নাহিকো তায় ।
 তোমার আভায় মলিন লজ্জা
 পলকে মিলায়ে যায় ।
 যেমন রয়েছ তেমনি দাঁড়াও,
 আঁখি নত করি আমা-পানে চাও,
 খুলে দাও মুখ আনন্দময়ী—
 আবরণে নাহি কাজ ।
 নিরখি তোমারে ভীষণ মধুর,
 আছ কাছে তবু আছ অতিদূর—
 উজ্জ্বল যেন দেবরোষানল,
 উদ্যত যেন বাজ ।

জান কি আমি এ পাপ-আঁখি মেলি
 তোমারে দেখেছি চেয়ে,
 গিয়েছিল মোর বিভোর বাসনা
 ওই মুখপানে ধেয়ে !
 তুমি কি তখন পেরেছ জানিতে ?
 বিমল হৃদয়-আরশিখানিতে
 চিহ্ন কিছু কি পড়েছিল এসে
 নিশ্বাসরেখাছায়া ?
 ধরার কুয়াশা স্নান করে যথা
 আকাশ উষার কায়া !
 লজ্জা সহসা আসি অকারণে
 বসনের মতো রাঙা আবরণে
 চাহিয়াছিল কি ঢাকিতে তোমায়
 লুক্ক নয়ন হতে ?
 মোহচঞ্চল সে লালসা মম
 কৃষ্ণবরন ভ্রমরের সম
 ফিরিতেছিল কি গুন-গুন কেঁদে
 তোমার দৃষ্টিপথে ?

আনিয়াছি ছুরি তীক্ষ্ণ দীপ্ত
 প্রভাতরশ্মিসম—

লও, বিধে দাও বাসনাসঘন
 এ কালো নয়ন মম ।
 এ আঁখি আমার শরীরে তো নাই,
 ফুটেছে মর্মতলে—
 নির্বাণহীন অঙ্গারসম
 নিশিদিন শুধু জ্বলে ।
 সেথা হতে তারে উপাড়িয়া লও
 জ্বালাময় দুটো চোখ,
 তোমার লাগিয়া তিয়াষ যাহার
 সে আঁখি তোমারি হোক ।

অপার ভুবন, উদার গগন,
 শ্যামল কাননতল,
 বসন্ত অতি মুগ্ধমুরতি,
 স্বচ্ছ নদীর জল,
 বিবিধবরন সঙ্ক্যানীরদ,
 গ্রহতারাময়ী নিশি,
 বিচিত্রশোভা শস্যক্ষেত্র
 প্রসারিত দূরদিশি,
 সুনীল গগনে ঘনতর নীল
 অতিদূর গিরিমালা,
 তারি পরপারে রবির উদয়
 কনককিরণ-জ্বালা,
 চকিততড়িৎ সঘন বরষা,
 পূর্ণ ইন্দ্রধনু,
 শরৎ-আকাশে অসীমবিকাশ
 জ্যোৎস্না শুভ্রতনু—
 লও, সব লও, তুমি কেড়ে লও,
 মাগিতেছি অকপটে,
 তিমিরতুলিকা দাও বুলাইয়া
 আকাশ-চিত্রপটে ।

ইহারা আমারে ভুলায় সতত,
 কোথা নিয়ে যায় টেনে !
 মাধুরীমদিরা পান করে শেষে
 প্রাণ পথ নাহি চেনে ।
 সবে মিলে যেন বাজাইতে চায়
 আমার বাঁশরি কাড়ি,
 পাগলের মতো রচি নব গান,
 নষ নব তান ছাড়ি ।

আপন ললিত রাগিণী শুনিয়া
 আপনি অবশ মন—
 ডুবাইতে থাকে কুসুমগন্ধ
 বসন্তসমীরণ ।

আকাশ আমারে আকুলিয়া ধরে,
 ফুল মোরে ঘিরে বসে,
 কেমনে না জানি জ্যোৎস্নাপ্রবাহ
 সর্বশরীরে পশে ।

ভুবন হইতে বাহিরিয়া আসে
 ভুবনমোহিনী মায়া,
 যৌবন-ভরা বাহুপাশে তার
 বেষ্টন করে কায়া ।

চারি দিকে ঘিরি করে আনাগোনা
 কল্পমুরতি কত,
 কুসুমকাননে বেড়াই ফিরিয়া
 যেন বিভোরের মতো ।
 শ্লথ হয়ে আসে হৃদয়তন্ত্রী,
 বীণা খসে যায় পড়ি,
 নাহি বাজে আর হরিনামগান
 বরষ বরষ ধরি ।

হরিহীন সেই অনাথ বাসনা
 পিয়াসে জগতে ফিরে—
 বাড়ে তৃষা, কোথা পিপাসার জল
 অকূল লবণনীরে ।
 গিয়েছিল, দেবী, সেই ঘোর তৃষা
 তোমার রূপের ধারে—
 আঁখির সহিতে আঁখির পিপাসা
 লোপ করো একেবারে ।

ইন্দ্রিয় দিয়ে তোমার মূর্তি
 পশেছে জীবনমূলে,
 এই ছুরি দিয়ে সে মুরতিখানি
 কেটে কেটে লও তুলে ।
 তারি সাথে হয় আধারে মিশাবে
 নিখিলের শোভা যত—
 লক্ষ্মী যাবেন, তারি সাথে যাবে
 জগৎ ছায়ার মতো ।

ঘাক, তাই যাক, পারি নে ভাসিতে
 কেবলি মুরতিশ্রোতে !

লহো মোরে তুলে আলোকমগন
 মুরতিভুবন হতে ।
 আঁখি গেলে মোর সীমা চলে যাবে—
 একাকী অসীম ভরা,
 আমারি আধারে মিলাবে গগন
 মিলাবে সকল ধরা ।
 আলোহীন সেই বিশাল হৃদয়ে
 আমার বিজন বাস,
 প্রলয়-আসন জুড়িয়া বসিয়া
 রব আমি বারো মাস ।

থামো একটুকু, বুকিতে পারি নে,
 ভালো করে ভেবে দেখি—
 বিশ্ববিলোপ বিমল আধার
 চিরকাল রবে সে কি ?
 ক্রমে ধীরে ধীরে নিবিড় তিমিরে
 ফুটিয়া উঠিবে না কি
 পবিত্র মুখ মধুর মূর্তি,
 স্নিগ্ধ আনত আঁখি ?
 এখন যেমন রয়েছ দাঁড়ায়ে
 দেবীর প্রতিমা-সম,
 স্থিরগন্তীর করুণ নয়নে
 চাহিছ হৃদয়ে মম,
 বাতায়ন হতে সন্ধ্যাকিরণ
 পড়েছে ললাটে এসে,
 মেঘের আলোক লভিছে বিরাম
 নিবিড়তিমির কেশে,
 শান্তিরূপিণী এ মুরতি তব
 অতি অপূর্ব সাজে
 অনলরেখায় ফুটিয়া উঠিবে
 অনন্তনিশি-মাঝে ।
 চৌদিকে তব নূতন জগৎ
 আপনি সৃজিত হবে,
 এ সন্ধ্যাশোভা তোমারে ঘিরিয়া
 চিরকাল জেগে রবে ।
 এই বাতায়ন, ওই চাঁপা গাছ,
 দূর সরযুর রেখা,
 নিশিদিনহীন অন্ধ হৃদয়ে
 চিরদিন যাবে দেখা ।

সে নব জগতে কালশ্রোত নাই,
পরিবর্তন নাহি—
আজি এই দিন অনন্ত হয়ে
চিরদিন রবে চাহি ।

তবে তাই হোক, হোয়ো না বিমুখ,
দেবী, তাহে কিবা ক্ষতি—
হৃদয়-আকাশে থাক-না জাগিয়া
দেহহীন তব জ্যোতি ।
বাসনামলিন আখিকলঙ্ক
ছায়া ফেলিবে না তায়,
আধার হৃদয়-নীল-উৎপল
চিরদিন রবে পায় ।

তোমাতে হেরিব আমার দেবতা,
হেরিব আমার হরি—
তোমার আলোকে জাগিয়া রহিব
অনন্ত বিভাবরী ।

২২।২৩ জ্যৈষ্ঠ ১৮৮৮

নিন্দুকের প্রতি নিবেদন

হউক ধন্য তোমার যশ
লেখনী ধন্য হোক,
তোমার প্রতিভা উজ্জ্বল হয়ে
জাগাক সপ্তলোক ।
যদি পথে তব দাঁড়াইয়া থাকি
আমি ছেড়ে দিব ঠাই—
কেন হীন ঘৃণা, ক্ষুদ্র এ দ্বেষ,
বিদ্রূপ কেন ভাই ?
আমার এ লেখা কারো ভালো লাগে
তাহা কি আমার দোষ ?
কেহ কবি বলে (কেহ বা বলে না)—
কেন তাহে তব রোষ ?

কত প্রাণপণ, দগ্ধ হৃদয়,
বিনিদ্র বিভাবরী,
জান কি, বন্ধু, উঠেছিল গীত
কত ব্যথা ভেদ করি ?
রাঙা ফুল হয়ে উঠিছে ফুটিয়া
হৃদয়শোণিতপাত,

অশ্রু ঝলিছে শিশিরের মতো
 পোহাইয়ে দুখরাত ।
 উঠিতেছে কত কণ্টকলতা,
 ফুলে পল্লবে ঢাকে—
 গভীর গোপন বেদনা-মাঝারে
 শিকড় আঁকড়ি থাকে ।
 জীবনে যে সাধ হয়েছে বিফল
 সে সাধ ফুটিছে গানে—
 মরীচিকা রচি মিছে সে তৃপ্তি,
 তৃষ্ণা কাঁদিছে প্রাণে ।
 এনেছি তুলিয়া পথের প্রান্তে
 মর্মকুসুম মম—
 আসিছে পান্থ, যেতেছে লইয়া
 স্মরণচিহ্নসম ।
 কোনো ফুল যাবে দুদিনে ঝরিয়া,
 কোনো ফুল বেঁচে রবে—
 কোনো ছোটো ফুল আজিকার কথা
 কালিকার কানে কবে ।

তুমি কেন, ভাই, বিমুখ এমন—
 নয়নে কঠোর হাসি ।
 দূর হতে যেন ফুঁসিছ সবেগে
 উপেক্ষা রাশি রাশি—
 কঠিন বচন জরিছে অধরে
 উপহাস হলাহলে,
 লেখনীর মুখে করিতে দঙ্ক
 ঘণার অনল জ্বলে ।
 ভালোবেসে যাহা ফুটেছে পরানে
 সবার লাগিবে ভালো,
 যে জ্যোতি হরিছে আমার আধার
 সবারে দিবে সে আলো—
 অন্তরমাঝে সবাই সমান,
 বাহিরে প্রভেদ ভবে,
 একের বেদনা করুণাপ্রবাহে
 সান্ত্বনা দিবে সবে ।
 এই মনে করে ভালোবেসে আমি
 দিয়েছি উপহার—
 ভালো নাহি লাগে ফেলে যাবে চলে,
 কিসের ভাবনা তার !

তোমার দেবার যদি কিছু থাকে
 তুমিও দাও-না এনে ।
 প্রেম দিলে সবে নিকটে আসিবে
 তোমারে আপন জেনে ।
 কিন্তু জানিয়ো আলোক কখনো
 থাকে না তো ছায়া বিনা,
 ঘণার টানেও কেহ বা আসিবে,
 তুমি করিয়ো না ঘণা !
 এতই কোমল মানবের মন
 এমনি পরের বশ,
 নিষ্ঠুর বাণে সে প্রাণ ব্যথিতে
 কিছুই নাহিক যশ ।
 তীক্ষ্ণ হাসিতে বাহিরে শোণিত,
 বচনে অশ্রু উঠে,
 নয়নকোণের চাহনি-ছুরিতে
 মর্মতন্তু টুটে ।
 সান্ত্বনা দেওয়া নহে তো সহজ,
 দিতে হয় সারা প্রাণ,
 মানবমনের অনল নিভাতে
 আপনারে বলিদান ।
 ঘণা জ্ব'লে মরে আপনার বিষে,
 রহে না সে চিরদিন—
 অমর হইতে চাহ যদি, জেনো
 প্রেম সে মরণহীন ।
 তুমিও রবে না, আমিও রব না,
 দু দিনের দেখা ভবে—
 প্রাণ খুলে প্রেম দিতে পারো যদি
 তাহা চিরদিন রবে ।

দুর্বল মোরা, কত ভুল করি,
 অপূর্ণ সব কাজ ।
 নেহারি আপন ক্ষুদ্র ক্ষমতা
 আপনি যে পাই লাজ ।
 তা বলে যা পারি তাও করিব না ?
 নিষ্ফল হব ভবে ?
 প্রেমফুল ফোটে, ছোটো হল বলে
 দিব না কি তাহা সবে ?
 হয়তো এ ফুল সুন্দর নয়,
 ধরেছি সবার আগে—

চলিতে চলিতে আঁখির পলকে
 ভুলে কারো ভালো লাগে ।
 যদি ভুল হয় ক' দিনের ভুল !
 দু দিনে ভাঙিবে তবে ।
 তোমার এমন শাণিত বচন
 সেই কি অমর হবে ?

২৪ জ্যৈষ্ঠ ১৮৮৮

কবির প্রতি নিবেদন

হেথা কেন দাঁড়ায়েছ, কবি,
 যেন কাষ্ঠপুত্তলছবি ?
 চারি দিকে লোকজন চলিতেছে সারাখন,
 আকাশে উঠেছে খর রবি ।

কোথা তব বিজন ভবন,
 কোথা তব মানসভুবন ?
 তোমারে ঘেরিয়া ফেলি কোথা সেই করে কেলি
 কল্পনা, মুক্ত পবন ?

নিখিলের আনন্দধাম
 কোথা সেই গভীর বিরাম ?
 জগতের গীতধার কেমনে শুনিবে আর ?
 শুনিতেছ আপনারই নাম ।

আকাশের পাখি তুমি ছিলে,
 ধরণীতে কেন ধরা দিলে ?
 বলে সবে বাহা-বাহা, সকলে পড়ায় যাহা
 তুমি তাই পড়িতে শিখিলে !

প্রভাতের আলোকের সনে
 অনাবৃত প্রভাতগগনে
 বহিয়া নূতন প্রাণ ঝরিয়া পড়ে না গান
 উর্ধ্বনয়ন এ ভুবনে ।

পথ হতে শত কলরবে
 'গাও গাও' বলিতেছে সবে ।
 ভাবিতে সময় নাই— গান চাই, গান চাই,
 থামিতে চাহিছে প্রাণ যবে ।

থামিলে চলিয়া যাবে সবে,
 দেখিতে কেমনতর হবে !
 উচ্চ আসনে লীন প্রাণহীন গানহীন
 পুতলির মতো বসে রবে ।

শ্রান্তি লুকাতে চাও ত্রাসে,
 কণ্ঠ শুষ্ক হয়ে আসে ।
 শুনে যারা যায় চলে দু-চারিটা কথা ব'লে
 তারা কি তোমায় ভালোবাসে ?

কতমত পরিয়া মুখোশ
 মাগিছ সবার পরিতোষ ।
 মিছে হাসি আনো দাঁতে, মিছে জল আঁখিপাতে,
 তবু তারা ধরে কত দোষ ।

মন্দ কহিছে কেহ ব'সে,
 কেহ বা নিন্দা তব ঘোষে ।
 তাই নিয়ে অবিরত তর্ক করিছ কত,
 জ্বলিয়া মরিছ মিছে রোষে ।

মূর্খ, দম্ভ-ভরা দেহ,
 তোমারে করিয়া যায় স্নেহ ।
 হাত বুলাইয়া পিঠে কথা বলে মিঠে মিঠে,
 শাবাশ-শাবাশ বলে কেহ ।

হায় কবি, এত দেশ ঘুরে
 আসিয়া পড়েছ কোন্ দূরে !
 এ যে কোলাহলমরু— নাই ছায়া, নাই তরু,
 যশের কিরণে মরো পুড়ে ।

দেখো, হোথা নদী-পর্বত,
 অব্যাহত অসীমের পথ ।
 প্রকৃতি শান্তমুখে ছুটায় গগনবুকে
 গ্রহতারাময় তার রথ ।

সবাই আপন কাজে ধায়,
 পাশে কেহ ফিরিয়া না চায় ।
 ফুটে চিররূপরাশি চিরমধুময় হাসি,
 আপনারে দেখিতে না পায় ।

হোথা দেখো একেলা আপনি
 আকাশের তারা গনি গনি
 ঘোর নিশীথের মাঝে কে জাগে আপন কাজে,
 সেথায় পশে না কলধ্বনি ।

দেখো হোথা নূতন জগৎ—
 ওই কারা আত্মহারাবৎ
 যশ-অপযশ-বাণী কোনো কিছু নাহি মানি
 রচিছে সুদূর ভবিষ্যৎ ।

ওই দেখো, না পুরিতে আশ
 মরণ করিল কারে গ্রাস ।
 নিশি না হইতে সারা খসিয়া পড়িল তারা,
 রাখিয়া গেল না ইতিহাস ।

ওই কারা গিরির মতন
 আপনাতে আপনি বিজন—
 হৃদয়ের স্রোত উঠি গোপন আলায় টুটি
 দূর দূর করিছে মগন ।

ওই কারা বসে আছে দূরে,
 কল্পনা-উদয়াচল-পুরে—
 অরুণপ্রকাশ-প্রায় আকাশ ভরিয়া যায়
 প্রতিদিন নব নব সুরে ।

হোথা উঠে নবীন তপন,
 হোথা হতে বহিছে পবন ।
 হোথা চির ভালোবাসা— নব গান, নব আশা—
 অসীম বিরামনিকেতন ।
 হোথা মানবের জয় উঠিছে জগৎময়,
 ওইখানে মিলিয়াছে নরনারায়ণ ।

হেথা, কবি, তোমারে কি সাজে
 ধূলি আর কলরোল -মাঝে ?

পরিত্যক্ত

বন্ধু,

মনে আছে সেই প্রথম বয়স,
 নূতন বঙ্গভাষা
 তোমাদের মুখে জীবন লভিছে
 বহিয়া নূতন আশা ।
 নিমেষে নিমেষে আলোকরশ্মি
 অধিক জাগিয়া উঠে,
 বঙ্গহৃদয় উন্মীলি যেন
 রক্তকমল ফুটে ।
 প্রতিদিন যেন পূর্বগগনে
 চাহি রহিতাম একা,
 কখন ফুটিবে তোমাদের ওই
 লেখনী-অরুণ-লেখা ।
 তোমাদের ওই প্রভাত-আলোক
 প্রাচীন তিমির নাশি
 নবজাগ্রত নয়নে আনিবে
 নূতন জগৎরাশি ।

একদা জাগিনু, সহসা দেখিনু
 প্রাণমন আপনার—
 হৃদয়ের মাঝে জীবন জাগিছে
 পরশ লভিনু তার ।
 ধন্য হইল মানবজনম,
 ধন্য তরুণ প্রাণ—
 মহৎ আশায় বাড়িল হৃদয়,
 জাগিল হর্ষগান ।
 দাঁড়ায়ে বিশাল ধরণীর তলে
 ঘুচে গেল ভয় লাজ,
 বুঝিতে পারিনু এ জগৎমাঝে
 আমারও রয়েছে কাজ ।
 স্বদেশের কাছে দাঁড়ায়ে প্রভাতে
 কহিলাম জোড়করে,
 'এই লহো, মাতঃ, এ চিরজীবন
 সঁপিঁনু তোমারি তরে ।'

বন্ধু, এ দীন হয়েছে বাহির
 তোমাদেরই কথা শুনে ।
 সেইদিন হতে কণ্টকপথে
 চলিয়াছি দিন গুনে ।

পদে পদে জাগে নিন্দা ও ঘৃণা
ক্ষুদ্র অত্যাচার,
একে একে সবে পর হয়ে যায়
ছিল যারা আপনার ।
ধুবতারা-পানে রাখিয়া নয়ন
চলিয়াছি পথ ধরি,
সত্য বলিয়া জানিয়াছি যাহা
তাহাই পালন করি ।

কোথা গেল সেই প্রভাতের গান,
কোথা গেল সেই আশা !
আজিকে, বন্ধু, তোমাদের মুখে
এ কেমনতর ভাষা !
আজি বলিতেছ, 'বসে থাকো, বাপু,
ছিল যাহা তাই ভালো ।
যা হবার তাহা আপনি হইবে,
কাজ কি এতই আলো !'
কলম মুছিয়া তুলিয়া রেখেছ,
বন্ধ করেছ গান,
সহসা সবাই প্রাচীন হয়েছ
নিতান্ত সাবধান ।
আনন্দে যারা চলিতে চাহিছে
ছিড়ি অসত্যপাশ,
ঘর হতে বসি করিছ তাদের
উপহাস পরিহাস ।
এত দূরে এনে ফিরিয়া দাঁড়ায়ে
হাসিছ নিষ্ঠুর হাসি,
চিরজীবনের প্রিয়তম ব্রত
চাহিছ ফেলিতে নাশি ।

তোমরা আনিয়া প্রাণের প্রবাহ
ভেঙেছ মাটির আল,
তোমরা আবার আনিছ বন্ধে
উজান স্রোতের কাল ।
নিজের জীবন মিশায়ে যাহারে
আপনি তুলেছ গড়ি
হাসিয়া হাসিয়া আজিকে তাহারে
ভাঙিছ কেমন করি !

তবে সেই ভালো, কাজ নেই তবে,
 তবে ফিরে যাওয়া যাক—
 গৃহকোণে এই জীবন-আবেগ
 করি বসে পরিপাক !
 সানাই বাজিয়ে ঘরে নিয়ে আসি
 আট বরষের বধু,
 শৈশবকুঁড়ি ছিড়িয়া বাহির
 করি যৌবনমধু !
 ফুটন্ত নবজীবনের 'পরে
 চাপায়ে শাস্ত্রভার
 জীর্ণ যুগের ধূলিসাথে তারে
 করে দিই একাকার !

বন্ধু, এ তব বিফল চেষ্টা,
 আর কি ফিরিতে পারি ?
 শিখরগুহায় আর ফিরে যায়
 নদীর প্রবল বারি ?
 জীবনের স্বাদ পেয়েছি যখন,
 চলেছি যখন কাজে,
 কেমনে আবার করিব প্রবেশ
 মৃত বরষের মাঝে ?
 সে নবীন আশা নাইকো যদিও
 তবু যাব এই পথে,
 পাব না শুনিতে আশিস-বচন
 তোমাদের মুখ হতে ।
 তোমাদের ওই হৃদয় হইতে
 নূতন পুরান আনি
 প্রতি পলে পলে আসিবে না আর
 সেই আশ্বাসবাণী ।
 শত হৃদয়ের উৎসাহ মিলি
 টানিয়া লবে না মোরে,
 আপনার বলে চলিতে হইবে
 আপনার পথ ক'রে ।
 আকাশে চাহিব, হায়, কোথা সেই
 পুরাতন শুকতারা !
 তোমাদের মুখ ভুকুটিকুটিল,
 নয়ন আলোকহারা ।
 মাঝে মাঝে শুধু শুনিতো পাইব
 হা-হা-হা অটুহাসি,
 শ্রান্ত হৃদয়ে আঘাত করিবে
 নিষ্ঠুর বচন আসি ।

ভয় নাই যার কী করিবে তার
এই প্রতিকূল শ্রোতে !
তোমারি শিক্ষা করিবে রক্ষা
তোমারি বাক্য হতে ।

২৮ জ্যৈষ্ঠ ১৮৮৮

ভৈরবী গান

ওগো, কে তুমি বসিয়া উদাসমুরতি
বিষাদশান্ত শোভাতে !
ওই ভৈরবী আর গেয়ো নাকো এই
প্রভাতে—
মোর গৃহছাড়া এই পথিক-পরান
তরুণ হৃদয় লোভাতে ।
ওই মন-উদাসীন ওই আশাহীন
ওই ভাষাহীন কাকলি
দেয় ব্যাকুল পরশে সকল জীবন
বিকলি ।
দেয় চরণে বাঁধিয়া প্রেমবাহু-ঘেরা
অশ্রুকোমল শিকলি ।
হায়, মিছে মনে হয় জীবনের ব্রত,
মিছে মনে হয় সকলি ।
যারে ফেলিয়া এসেছি, মনে করি, তারে
ফিরে দেখে আসি শেষ বার ।
ওই কাঁদিছে সে যেন এলায়ে আকুল
কেশভার ।
যারা গৃহছায়ে বসি সজলনয়ন
মুখ মনে পড়ে সে সবার ।
এই সংকটময় কর্মজীবন
মনে হয় মরু সাহারা,
দূরে মায়াময় পুরে দিতেছে দৈত্য
পাহারা ।
তবে ফিরে যাওয়া ভালো তাহাদের পাশে
পথ চেয়ে আছে যাহারা ।
সেই ছায়াতে বসিয়া সারা দিনমান
তরুমর্মর পবনে,

সেই মুকুল-আকুল বকুলকুঞ্জ-
ভবনে,
সেই কুহকুহরিত বিরহরোদন
থেকে থেকে পশে শ্রবণে ।

সেই চিরকলতান উদার গঙ্গা
বহিছে আধারে আলোকে,
সেই তীরে চিরদিন খেলিছে বালিকা-
বালকে ।
ধীরে সারা দেহ যেন মুদিয়া আসিছে
স্বপ্নপাখির পালকে ।

হায়, অতৃপ্ত যত মহৎ বাসনা
গোপনমর্মদাহিনী,
এই আপনা-মাঝারে শুষ্ক জীবন-
বাহিনী !
ওই ভৈরবী দিয়া গাঁথিয়া গাঁথিয়া
রচিব নিরাশাকাহিনী ।

সদা করুণ কণ্ঠ কাঁদিয়া গাহিবে—
'হল না, কিছুই হবে না ।
এই মায়াময় ভবে চিরদিন কিছু
রবে না ।
কেহ জীবনের যত গুরুভার ব্রত
ধূলি হতে তুলি লবে না ।

'এই সংশয়মাঝে কোন্ পথে যাই,
কার তরে মরি খাটিয়া !
আমি কার মিছে দুখে মরিতেছি বুক
ফাটিয়া !
ভবে সত্য মিথ্যা কে করেছে ভাগ,
কে রেখেছে মত আটিয়া !

'যদি কাজ নিতে হয়, কত কাজ আছে,
একা কি পারিব করিতে !
কাঁদে শিশিরবিন্দু জগতের তৃষা
হরিতে !
কেন অকূল সাগরে জীবন সঁপিব
একেলা জীর্ণ তরীতে !

‘শেষে দেখিব— পড়িল সুখযৌবন
ফুলের মতন খসিয়া,
হায় বসন্তবায়ু মিছে চলে গেল
শ্বসিয়া,
সেই যেখানে জগৎ ছিল এক কালে
সেইখানে আছে বসিয়া !

‘শুধু আমারি জীবন মরিল ঝুরিয়া
চিরজীবনের তিয়াষে ।
এই দক্ষ হৃদয় এত দিন আছে
কী আশে !
সেই ডাগর নয়ন, সরস অধর
গেল চলি কোথা দিয়া সে !’

ওগো, থামো, যারে তুমি বিদায় দিয়েছ
তারে আর ফিরে চেয়ো না ।
ওই অশ্রুসজল ভৈরবী আর
গেয়ো না ।
আজি প্রথম প্রভাতে চলিবার পথ
নয়নবাষ্পে ছেয়ো না ।

ওই কুহকরাগিণী এখনি কেন গো
পথিকের প্রাণ বিবশে !
পথে এখনো উঠিবে প্রখর তপন
দিবসে ।
পথে রাক্ষসী সেই তিমিররজনী
না জানি কোথায় নিবসে !

থামো, শুধু একবার ডাকি নাম তাঁর
নবীন জীবন ভরিয়া—
যাব যার বল পেয়ে সংসারপথ
তরিয়া,
যত মানবের গুরু মহৎজনের
চরণচিহ্ন ধরিয়া ।

যাও তাহাদের কাছে ঘরে যারা আছে
পাষাণে পরান বাঁধিয়া,
গাও তাদের জীবনে তাদের বেদনে
কাঁদিয়া ।

তারা প'ড়ে ভূমিতলে ভাসে আখিজলে
 নিজ সাথে বাদ সাধিয়া ।
 হয়, উঠিতে চাহিছে পরান, তবুও
 পারে না তাহারা উঠিতে ।
 তারা পারে না ললিতলতার বাঁধন
 টুটিতে ।
 তারা পথ জানিয়াছে, দিবানিশি তবু
 পথপাশে রহে লুটিতে !
 তারা অলস বেদন করিবে যাপন
 অলস রাগিণী গাহিয়া,
 রবে দূর আলো-পানে আবিষ্টপ্রাণে
 চাহিয়া ।
 ওই মধুর রোদনে ভেসে যাবে তারা
 দিবসরজনী বাহিয়া ।
 সেই আপনার গানে আপনি গলিয়া
 আপনারে তারা ভুলাবে,
 স্নেহে আপনার দেহে স্করণ কর
 বুলাবে ।
 সুখে কোমল শয়নে রাখিয়া জীবন
 ঘুমের দোলায় দুলাবে ।
 ওগো, এর চেয়ে ভালো প্রখর দহন,
 নিষ্ঠুর আঘাত চরণে ।
 যাব আজীবন কাল পাষণকঠিন
 সরণে ।
 যদি মৃত্যুর মাঝে নিয়ে যায় পথ,
 সুখ আছে সেই মরণে ।

২৯ জ্যৈষ্ঠ ১৮৮৮

ধর্মপ্রচার

কলিকাতার এক বাসায়

ওই শোনো ভাই বিশু,
 পথে শুনি 'জয় যিশু' !
 কেমনে এ নাম করিব সহ্য
 আমরা আর্ষশিশু !

কূর্ম, কঙ্কি, স্কন্দ
এখন করো তো বন্ধ ।
যদি যিশু ভজে রবে না ভারতে
পুরাণের নামগন্ধ ।

ওই দেখো ভাই, শুনি—
যাজ্ঞবল্ক্য মুনি,
বিষ্ণু, হারীত, নারদ, অত্রি
কেঁদে হল খুনোখুনি !

কোথায় রহিল কর্ম,
কোথা সনাতন ধর্ম !
সম্প্রতি তবু কিছু শোনা যায়
বেদ-পুরাণের মর্ম !

ওঠো, ওঠো ভাই, জাগো,
মনে মনে খুব রাগো !
আর্যশাস্ত্র উদ্ধার করি,
কোমর বাঁধিয়া লাগো !

কাছাকোঁচা লও আঁটি,
হাতে তুলে লও লাঠি ।
হিন্দুধর্ম করিব রক্ষা,
খৃস্টানি হবে মাটি ।

কোথা গেল ভাই ভজা
হিন্দুধর্মধ্বজা ?
যশা ছিল সে, সে যদি থাকিত
আজ হত দুশো মজা !

এসো মোনো, এসো ভূতো,
প'রে লও বুট জুতো ।
পাদ্রি বেটার পা মাড়িয়ে দিয়ো
পাও যদি কোনো ছুতো !

আগে দেব দুয়ো তালি,
তার পরে দেব গালি ।
কিছু না বলিলে পড়িব তখন
বিশ-পঁচিশ বাঙালি ।

তুমি আগে যেয়ো তেড়ে,
আমি নেব টুপি কেড়ে ।
গোলেমালে শেষে পাঁচজনে প'ড়ে
মাটিতে ফেলিয়ো পেড়ে ।

কাঁচি দিয়ে তার চুল
কেটে দেব বিলকুল
কোটের বোতাম আগাগোড়া তার
করে দেব নির্মূল ।

তবে উঠ, সবে উঠ—
বাঁধো কটি, আঁটো মুঠো !
দেখো, ভাই, যেন ভুলো না, অমনি
সাথে নিয়ো লাঠি দুটো !

দলপতির শিষ ও গান :
প্রাণসই রে,
মনোজ্বালা কারে কই রে !

কোমরে চাদর কাঁধিয়া, লাঠি হস্তে, মহোৎসাহে সকলের প্রস্থান ।
পথে বিশু হারু মোনো ভুতোর সমাগম ।
গেরুয়াবস্ত্রাচ্ছাদিত অনাবৃতপদ মুক্তিক্ষৌজের প্রচারক :

ধন্য হউক তোমার প্রেম,
ধন্য তোমার নাম,
ভুবনমাঝারে হউক উদয়
নূতন জেরুজিলাম ।
ধরণী হইতে যাক ঘৃণাঘেষ,
নিঠুরতা দূর হোক—
মুছে দাও, প্রভু, মানবের আঁখি,
ঘুচাও মরণশোক ।
তৃষিত যাহারা, জীবনের বারি
করো তাহাদের দান !
দয়াময় যিশু, তোমার দয়ায়
পাপীজনে করো ত্রাণ ।

‘ওরে ভাই বিশু, এ কে,
জুতো কোথা এল রেখে !
গোরা বটে, তবু হতেছে ভরসা
গেরুয়া বসন দেখে ।’

‘হারু, তবে তুই এগো !
বল্— বাছা, তুমি কে গো !
কিচিমিচি রাখো, খিদে পেয়েছে কি ?
দুটো কলা এনে দে গো !’

বধির নিদয় কঠিন হৃদয়
তারে প্রভু দাও কোল !
অক্ষম আমি কি করিতে পারি—
‘হরিবোল হরিবোল !’

‘আরে, রেখে দাও খুঁস্ট !
এখনি দেখাও পৃষ্ঠ !
দাঁড়ে উঠে চড়ে, পড়ে বাবা পড়ে
হরে হরে হরে কৃষ্ট !’

তুমি যা সয়েছ তাহাই স্মরিয়া
সহিব সকল ক্লেশ,
ক্রুস গুরুভার করিব বহন—
‘বেশ, বাবা, বেশ বেশ !’

দাও ব্যথা, যদি কারো মুছে পাপ
আমার নয়ননীরে ।
প্রাণ দিব, যদি এ জীবন দিলে
পাপীর জীবন ফিরে ।
আপনার জন- আপনার দেশ-
হয়েছি সর্ব- ত্যাগী ।
হৃদয়ের প্রেম সব ছেড়ে যায়
তোমার প্রেমের লাগি ।

সুখ, সভ্যতা, রমণীর প্রেম,
বন্ধুর কোলাকুলি—
ফেলি দিয়া পথে তব মহাব্রত
মাথায় লয়েছি তুলি ।
এখনো তাদের ভুলিতে পারি নে,
মাঝে মাঝে জাগে প্রাণে—
চিরজীবনের সুখবন্ধন
সেই গৃহমাঝে টানে ।
তখন তোমার রক্তসিক্ত
ওই মুখপানে চাহি,

ও প্রেমের কাছে স্বদেশ বিদেশ
 আপনা ও পর নাহি ।
 ওই প্রেম তুমি করো বিতরণ
 আমার হৃদয় দিয়ে,
 বিষ দিতে যারা এসেছে তাহারা
 ঘরে যাক সুধা নিয়ে ।
 পাপ লয়ে প্রাণে এসেছিল যারা
 তাহারা আসুক বৃকে—
 পড়ুক প্রেমের মধুর আলোক
 ব্রুকটিকুটিল মুখে !

‘আর প্রাণে নাহি সহে,
 আর্ষরক্ত দহে ?’
 ‘ওহে হারু, ওহে মাধু, লাঠি নিয়ে
 ঘা-কতক দাও তো হে !’
 ‘যদি চাস তুই ইষ্ট
 বল্ মুখে বল্ কৃষ্ট ।’

ধন্য হউক তোমার নাম
 দয়াময় যিশুখৃস্ট !
 ‘তবে-রে ! লাগাও লাঠি
 কোমরে কাপড় ঝাঁটি ।’
 ‘হিন্দুধর্ম হউক রক্ষা
 খৃস্টানি হোক মাটি !’

প্রচারকের মাথায় লাঠি প্রহার । মাথা ফাটিয়া রক্তপাত । রক্ত মুছিয়া :

প্রভু তোমাদের করুন কুশল,
 দিন তিনি শুভমতি ।
 আমি তাঁর দীন অধম ভৃত্য,
 তিনি জগতের পতি ।

‘ওরে শিবু, ওরে হারু,
 ওরে ননি, ওরে চারু,
 তামাশা দেখার এই কি সময়—
 প্রাণে ভয় নেই কারু !’

‘পুলিস আসিছে গুঁতা উচাইয়া,
 এইবেলা দাও দৌড় !’
 ‘ধন্য হইল আর্ষ ধর্ম,
 ধন্য হইল গৌড় !’

তোমার অপার প্রেমপারাবার,
 জুড়াইতে আমি এনু তাই ।
 বলো একবার, 'আমিও তোমার,
 তোমা ছাড়া করে নাহি চাই ।'
 ওঠ কেন, ওকি, কোথা যাও সখী ?

সরোদনে

কনে । আইমার কাছে শুতে যাই !

দু-দিন পরে

বর । কেন, সখী, কোণে কাঁদিছ বসিয়া
 চোখে কেন জল পড়ে ?
 উষা কি তাহার শুকতারা-হারা,
 তাই কি শিশির ঝরে ?
 বসন্ত কি নাই, বনলক্ষ্মী তাই
 কাঁদিছে আকুল স্বরে ?
 উদাসিনী স্মৃতি কাঁদিছে কি বসি
 আশার সমাধি-পরে ?
 খংসে-পড়া তারা করিছে কি শোক
 নীল আকাশের তরে ?
 কী লাগি কাঁদিছ ?

কনে । পুষি মেনিটিরে
 ফেলিয়া এসেছি ঘরে ।

অন্দরের বাগানে

বর । কী করিছ বনে শ্যামল শয়নে
 আলো করে বসে তরুমূল ?
 কোমল কপোলে যেন নানা ছলে
 উড়ে এসে পড়ে এলোচুল ।
 পদতল দিয়া কাঁদিয়া কাঁদিয়া
 বহে যায় নদী কুলুকুল ।
 সারা দিনমান শুনি সেই গান
 তাই বুঝি আঁখি তুলুতুল ।
 আঁচল ভরিয়া মরমে মরিয়া
 পড়ে আছে বুঝি বুরো ফুল ?
 বুঝি মুখ কার মনে পড়ে, আর
 মালা গাঁথিবারে হয় ভুল ?
 কার কথা বলি বায়ু পড়ে ঢলি,
 কানে দুলাইয়া যায় দুল ?
 গুন্ গুন্ ছলে কার নাম বলে
 চঞ্চল যত অলিকুল ?

কানন নিরালা, আঁখি হাসি-ঢালা,
 মন সুখস্মৃতি-সমাকুল—
 কী করিছ বনে কুঞ্জভবনে ?
 কনে । খেতেছি বসিয়া টোপাকুল ।
 বর । আসিয়াছি কাছে মনে যাহা আছে
 বলিবারে চাহি সমুদয় ।
 আপনার ভার বহিবারে আর
 পারে না ব্যাকুল এ হৃদয় ।
 আজি মোর মন কী জানি কেমন
 বসন্ত আজি মধুময়,
 আজি প্রাণ খুলে মালতীমুকুলে
 বায়ু করে যায় অনুনয় ।
 যেন আঁখি দুটি মোর পানে ফুটি
 আশা-ভরা দুটি কথা কয়,
 ও হৃদয় টুটে যেন প্রেম উঠে
 নিয়ে আধো-লাজ আধো-ভয় ।
 তোমার লাগিয়া পরান জাগিয়া
 দিবসরজনী সারা হয়,
 কোন্ কাজে তব দিবে তার সব
 তারি লাগি যেন চেয়ে রয় ।
 জগৎ ছানিয়া কী দিব আনিয়া
 জীবন যৌবন করি ক্ষয় ?
 তোমা তরে, সখী, বলো করিব কী ?
 কনে । আরো কুল পাড়ো গোটা ছয় ।
 বর । তবে যাই সখী, নিরাশাকাতর
 শূন্য জীবন নিয়ে ।
 আমি চলে গেলে এক ফোঁটা জল
 পড়িবে কি আঁখি দিয়ে ?
 বসন্তবায়ু মায়ানিশ্বাসে
 বিরহ জ্বালাবে হিয়ে ?
 ঘুমন্তপ্রায় আকাঙ্ক্ষা যত
 পরানে উঠিবে জিয়ে ?
 বিষাদিনী বসি বিজন বিপিনে
 কী করিবে তুমি প্রিয়ে ?
 বিরহের বেলা কেমনে কাটিবে ?
 কনে । দেব পুতুলের বিয়ে ।

প্রকাশবেদনা

আপন প্রাণের গোপন বাসনা
টুটিয়া দেখাতে চাহি রে—
হৃদয়বেদনা হৃদয়েই থাকে,
ভাষা থেকে যায় বাহিরে ।

শুধু কথার উপরে কথা,
নিষ্ফল ব্যাকুলতা ।
বুঝিতে বোঝাতে দিন চলে যায়,
ব্যথা থেকে যায় ব্যথা ।

মর্মবেদন আপন আবেগে
স্বর হয়ে কেন ফোটে না ?
দীর্ঘ হৃদয় আপনি কেন রে
বাঁশি হয়ে বেজে ওঠে না ?

আমি চেয়ে থাকি শুধু মুখে
ক্রন্দনহারা দুখে—
শিরায় শিরায় হাহাকার কেন
ধ্বনিয়া উঠে না বুকে ?

অরণ্য যথা চিরনিশিদিন
শুধু মর্মর স্বনিছে,
অনন্ত কালের বিজন বিরহ
সিঙ্হুমাঝারে ধ্বনিছে—

যদি ব্যাকুল ব্যথিত প্রাণ
তেমনি গাহিত গান
চিরজীবনের বাসনা তাহার
হইত মূর্তিমান !

তীরের মতন পিপাসিত বেগে
ক্রন্দনধ্বনি ছুটিয়া
হৃদয় হইতে হৃদয়ে পশিত,
মর্মে রহিত ফুটিয়া ।

আজ মিছে এ কথার মালা,
মিছে এ অশ্রু ঢালা !
কিছু নেই পোড়া ধরনীমাঝারে
বোঝাতে মর্মজ্বালা !

সোলাপুর

৬ বৈশাখ ১৮৮৯

মায়া

বৃথা এ বিড়ম্বনা !
কিসের লাগিয়া এতই তিয়াষ,
কেন এত যন্ত্রণা !

ছায়ার মতন ভেসে চলে যায়
দরশন পরশন—
এই যদি পাই এই ভুলে যাই,
তৃপ্তি না মানে মন ।
কত বার আসে, কত বার ভাসে,
মিশে যায় কত বার—
পেলেও যেমন না পেলে তেমন
শুধু থাকে হাহাকার ।

সঙ্ক্যাপবনে কুঞ্জভবনে
নির্জন নদীতীরে
ছায়ার মতন হৃদয়বেদন
ছায়ার লাগিয়া ফিরে ।

কত দেখাশোনা কত আনাগোনা
চারি দিকে অবিরত,
শুধু তারি মাঝে একটি কে আছে
তারি তরে ব্যথা কত !
চিরদিন ধ'রে এমনি চলিছে,
যুগ-যুগ গেছে চ'লে ।
মানবের মেলা করে গেছে খেলা
এই ধরণীর কোলে !
এই ছায়া লাগি কত নিশি জাগি
কাঁদায়েছে কাঁদিয়াছে—
মহাসুখ মানি প্রিয়তনুখানি
বাহুপাশে বাঁধিয়াছে !
নিশিদিন কত ভেবেছে সতত
নিয়ে কার হাসিকথা !

কোথা তারা আজ— সুখ দুখ লাজ,
 কোথা তাহাদের ব্যথা ?
 কোথা সেদিনের অতুলরূপসী
 হৃদয়প্রয়সীচয় ?
 নিখিলের প্রাণে ছিল যে জাগিয়া,
 আজ সে স্বপনও নয় !
 ছিল সে নয়নে অধরের কোণে
 জীবন মরণ কত—
 বিকচ সরস তনুর পরশ
 কোমল প্রেমের মতো ।
 এত সুখ দুখ তীব্র কামনা
 জাগরণ হাহুতাশ
 যে রূপজ্যোতিরে সদা ছিল ঘিরে
 কোথা তার ইতিহাস ?
 যমুনার ঢেউ সঙ্ক্যারঙিন
 মেঘখানি ভালোবাসে—
 এও চলে যায়, সেও চলে যায়,
 অদৃষ্ট বসে হাসে ।

রোজ্ ব্যাঙ্ক । খিরকি
 ১ জ্যৈষ্ঠ ১৮৮৯

বর্ষার দিনে

এমন দিনে তারে বলা যায়,
 এমন ঘনঘোর বরিষায় !
 এমন মেঘস্বরে বাদল-ঝরঝরে
 তপনহীন ঘন তমসায় ।
 সে কথা শুনিবে না কেহ আর,
 নিভৃত নির্জন চারি ধার ।
 দুজনে মুখোমুখি গভীর দুখে দুখী,
 আকাশে জল ঝরে অনিবার ।
 জগতে কেহ যেন নাহি আর ।
 সমাজ সংসার মিছে সব,
 মিছে এ জীবনের কলরব ।
 কেবল আঁখি দিয়ে আঁখির সুধা পিয়ে
 হৃদয় দিয়ে হৃদি অনুভব ।
 আঁধারে মিশে গেছে আর সব ।

বলিতে বাজিবে না নিজ কানে,
 চমক লাগিবে না নিজ প্রাণে ।
 সে কথা আখিনীরে মিশিয়া যাবে ধীরে
 এ ভরা বাদলের মাঝখানে ।
 সে কথা মিশে যাবে দুটি প্রাণে ।

তাহাতে এ জগতে ক্ষতি কার
 নামাতে পারি যদি মনোভার ?
 শ্রাবণবরিষনে একদা গৃহকোণে
 দু কথা বলি যদি কাছে তার
 তাহাতে আসে যাবে কিবা কার ?

আছে তো তার পরে বারো মাস,
 উঠিবে কত কথা কত হাস ।
 আসিবে কত লোক কত-না দুখশোক,
 সে কথা কোন্‌খানে পাবে নাশ ।
 জগৎ চলে যাবে বারো মাস ।

ব্যাকুল বেগে আজি বহে যায়,
 বিজুলি থেকে থেকে চমকায় ।
 যে কথা এ জীবনে রহিয়া গেল মনে
 সে কথা আজি যেন বলা যায়
 এমন ঘনঘোর বরিষায় ।

রোজ্‌ ব্যাঙ্ক । থিরকি
 ৩ জ্যৈষ্ঠ ১৮৮৯

মেঘের খেলা

স্বপ্ন যদি হ'ত জাগরণ,
 সত্য যদি হ'ত কল্পনা,
 তবে এ ভালোবাসা হ'ত না হত-আশা
 কেবল কবিতার জল্পনা ।

মেঘের খেলা-সম হ'ত সব
 মধুর মায়াময় ছায়াময় ।
 কেবল আনাগোনা, নীরবে জানাশোনা,
 জগতে কিছু আর কিছু নয় ।

কেবল মেলামেশা গগনে,
 সুনীল সাগরের পরপারে

সুদূরে ছায়াগিরি তাহারে ঘিরি ঘিরি,
শ্যামল ধরণীর ধারে ধারে ।

কখনো ধীরে ধীরে ভেসে যায়,
কখনো মিশে যায় ভাঙিয়া—
কখনো ঘননীল বিজুলি-ঝিলিমিলি,
কখনো উষারাগে রাঙিয়া ।

যেমন প্রাণপণ বাসনা
তেমনি বাধা তার সুকঠিন—
সকলি লঘু হয়ে কোথায় যেত বয়ে,
ছায়ার মতো হ'ত কায়াহীন ।

চাঁদের আলো হ'ত সুখহাস,
অশ্রু শরতের বরষন ।
সাক্ষী করি বিধু মিলন হ'ত মৃদু
কেবল প্রাণে প্রাণে পরশন ।

শান্তি পেত এই চিরতৃষা
চিত্ত চঞ্চল সকাতর,
প্রেমের থরে থরে বিরাম জাগিত রে—
দুখের ছায়া মাঝে রবিকর ।

রোজ্‌ ব্যাঙ্ক । খিরকি

৭ জ্যৈষ্ঠ ১৮৮৯

ধ্যান

নিত্য তোমায় চিত্ত ভরিয়া
স্মরণ করি,
বিশ্ববিহীন বিজনে বসিয়া
বরণ করি ;
তুমি আছ মোর জীবন-মরণ
হরণ করি ।

তোমার পাই নে কুল—
আপনা-মাঝারে আপনার প্রেম
তাহারো পাই নে তুল ।
উদয়শিখরে সূর্যের মতো
সমস্ত প্রাণ মম

1989 Aug. 10
পেড়ামাংকা

নিজ তোমাৰ চিত্ত ভক্তিৰ

মুগ্ধতা কৰি,

বিশ্ববিহীন বিচাৰে বসিয়া

~~প্ৰাৰ্থনা কৰি~~ বসি কৰি।

তুমি এনে মোৰ ^{কীৰ্ত্তন} ~~কীৰ্ত্তন~~

~~প্ৰাৰ্থনা কৰি~~ বসি কৰি। -

তোমাৰ পাৰ্শ্বত কুল,

আপনা মাৰুতে আপনাৰ প্ৰমা

অধাৰে পাৰ্শ্বত কুল।

অমৃত প্ৰান অম

চাহিয়া বৃষ্টিৰে নিমেষ নিহত

একাৰ্শ্ব নথিৰ অধাৰে

অসীম, অসীম, উদাস দুৰ্ভেদ

নাহিক অধাৰে সীমা।

তুমি লন এই আকাশ উদাৰ,

আমি লন এই অসীম পাত্ৰ,

আকুল কৰিছে মাৰুখান অৰ

আনন্দ পূৰ্ণিমা।

তুমি প্ৰমাণ চিত্ত নিৰ্মিত,

আমি প্ৰমাণ বিশ্ববিহীন,

চঞ্চল অনিবার,

মুগ্ধতা কৰি তোমাৰ চিত্ত ভক্তিৰ
অমৃত প্ৰান অম চাহিয়া বৃষ্টিৰে নিমেষ নিহত

'মানসী'ৰ পাণ্ডুলিপিৰ একটি পৃষ্ঠাৰ প্রতিলিপি

চাহিয়া রয়েছে নিমেষনিহত
 একটি নয়ন-সম—
 অগাধ অপার উদাস দৃষ্টি,
 নাহিকো তাহার সীমা ।
 তুমি যেন ওই আকাশ উদার,
 আমি যেন এই অসীম পাথার,
 আকুল করেছে মাঝখানে তার
 আনন্দপূর্ণিমা ।
 তুমি প্রশান্ত চিরনিশিদিন,
 আমি অশান্ত বিরামবিহীন
 চঞ্চল অনিবার—
 যত দূর হেরি দিক্দিগন্তে
 তুমি আমি একাকার ।

জোড়াসাঁকো

২৬ শ্রাবণ ১৮৮৯

পূর্বকালে

প্রাণমন দিয়ে ভালোবাসিয়াছে
 এত দিন এত লোক,
 এত কবি এত গঁথেছে প্রেমের শ্লোক,
 তবু তুমি ভবে চিরগৌরবে
 ছিলে না কি একেবারে
 হৃদয় সবার করি অধিকার !
 তোমা ছাড়া কেহ করে
 বুঝিতে পারি নে ভালো কি বাসিতে পারে !
 গিয়েছে এসেছে কেঁদেছে হেসেছে
 ভালো তো বেসেছে তারা,
 আমি তত দিন কোথা ছিনু দলছাড়া ?
 ছিনু বুঝি বসে কোন্ এক পাশে
 পথপাদপের ছায়,
 সৃষ্টিকালের প্রতুষ হতে
 তোমারি প্রতীক্ষায়—
 চেয়ে দেখি কত পথিক চলিয়া যায় ।

অনাদি বিরহবেদনা ভেদিয়া
 ফুটেছে প্রেমের সুখ
 যেমনি আজিকে দেখেছি তোমার মুখ ।

সে অসীম ব্যথা অসীম সুখের
 হৃদয়ে হৃদয়ে রহে,
 তাই তো আমার মিলনের মাঝে
 নয়নে সলিল বহে !
 এ প্রেম আমার সুখ নহে, দুখ নহে ।

জোড়াসাঁকো
 ২ ভাদ্র ১৮৮৯

অনন্ত প্রেম

তোমারেই যেন ভালোবাসিয়াছি
 শত রূপে শত বার
 জনমে জনমে, যুগে যুগে অনিবার ।
 চিরকাল ধরে মুগ্ধ হৃদয়
 গাঁথিয়াছে গীতহার,
 কত রূপ ধরে পরেছ গলায়,
 নিয়েছ সে উপহার
 জনমে জনমে, যুগে যুগে অনিবার ।

যত শুনি সেই অতীত কাহিনী,
 প্রাচীন প্রেমের ব্যথা,
 অতিপুরাতন বিরহমিলনকথা,
 অসীম অতীতে চাহিতে চাহিতে
 দেখা দেয় অবশেষে
 কালের তিমিররজনী ভেদিয়া
 তোমারি মুরতি এসে,
 চিরস্মৃতিময়ী ধুবতারকার বেশে ।

আমরা দুজনে ভাসিয়া এসেছি
 যুগল প্রেমের স্রোতে
 অনাদিকালের হৃদয়-উৎস হতে ।
 আমরা দুজনে করিয়াছি খেলা
 কোটি প্রেমিকের মাঝে
 বিরহবিধুর নয়নসলিলে,
 মিলনমধুর লাজে—
 পুরাতন প্রেম নিত্যনূতন সাজে ।

আজি সেই চিরদিবসের প্রেম
 অবসান লভিয়াছে
 রাশি রাশি হয়ে তোমার পায়ের কাছে ।

নিখিলের সুখ, নিখিলের দুখ,
 নিখিল প্রাণের প্রীতি,
 একটি প্রেমের মাঝারে মিশেছে
 সকল প্রেমের স্মৃতি—
 সকল কালের সকল কবির গীতি ।

জোড়াসাঁকো
 ২ ভাদ্র ১৮৮৯

আশঙ্কা

কে জানে এ কি ভালো !
 আকাশ-ভরা কিরণধারা
 আছিল মোর তপন-তারা,
 আজিকে শুধু একেলা তুমি
 আমার আঁখি-আলো—
 কে জানে এ কি ভালো !

কত-না শোভা, কত-না সুখ,
 কত-না ছিল অমিয়-মুখ,
 নিত্য-নব পুষ্পরাশি
 ফুটিত মোর দ্বারে—
 ক্ষুদ্র আশা ক্ষুদ্র স্নেহ
 মনের ছিল শতেক গেহ,
 আকাশ ছিল, ধরণী ছিল
 আমার চারি ধারে—
 কোথায় তারা, সকলে আজি
 তোমাতেই লুকালো ।
 কে জানে এ কি ভালো !

কম্পিত এ হৃদয়খানি
 তোমার কাছে তাই ।
 দিবসনিশি জাগিয়া আছি,
 নয়নে ঘুম নাই ।
 সকল গান সকল প্রাণ
 তোমারে আমি করেছি দান—
 তোমারে ছেড়ে বিশ্বে মোর
 তিলেক নাহি ঠাই ।

সকল পেয়ে তবুও যদি
 তৃপ্তি নাহি মেলে,
 তবুও যদি চলিয়া যাও
 আমারে পাছে ফেলে,
 নিমেষে সব শূন্য হবে
 তোমারি এই আসন ভবে,
 চিহ্নসম কেবল রবে
 মৃত্যুরেখা কালো ।
 কে জানে এ কি ভালো !

জোড়াসাঁকো
 ১৪ ভাদ্র ১৮৮৯

ভালো করে বলে যাও

ওগো, ভালো করে বলে যাও ।
 বাঁশরি বাজায়ে যে কথা জানাতে
 সে কথা বুঝায়ে দাও ।
 যদি না বলিবে কিছু, তবে কেন এসে
 মুখপানে শুধু চাও !

আজি অন্ধতামসী নিশি ।
 মেঘের আড়ালে গগনের তারা
 সবগুলি গেছে মিশি ।
 শুধু বাদলের বায় করি হায়-হায়
 আকুলিছে দশ দিশি !

আমি কুস্তল দিব খুলে ।
 অঞ্চলমাঝে ঢাকিব তোমায়
 নিশীথনিবিড় চূলে ।
 দুটি বাহুপাশে বাঁধি নত মুখখানি
 বন্ধে লইব তুলে ।

সেথা নিভৃতনিলয়সুখে
 আপনার মনে বলে যেয়ো কথা
 মিলনমুদিত বুকো ।
 আমি নয়ন মুদিয়া শুনিব কেবল,
 চাহিব না মুখে মুখে ।

যবে ফুরাবে তোমার কথা
 যে যেমন আছি রহিব বসিয়া

শুধু চিত্রপুতলি যথা ।
শিয়রে দাঁড়ায়ে করে কানাকানি
মর্মর তরুলতা ।

শেষে রজনীর অবসানে
অরুণ উদিলে, ক্ষণেকের তরে
চাব দুঁছ দৌহা-পানে ।
ধীরে ঘরে যাব ফিরে দৌহে দুই পথে
জলভরা দু'নয়ানে ।

তবে ভালো করে বলে যাও ।
আখিতে বাঁশিতে যে কথা ভাষিতে
সে কথা বুঝিয়ে দাও ।
শুধু কল্পিত সুরে আধো ভাষা পুরে
কেন এসে গান গাও ?

শাস্তিনিকেতন
৭ জ্যৈষ্ঠ ১৮৯০

মেঘদূত

কবির, কবে কোন্ বিস্মৃত বরষে
কোন্ পুণ্য আষাঢ়ের প্রথম দিবসে
লিখেছিলে মেঘদূত ! মেঘমন্দ্র শ্লোক
বিশ্বের বিরহী যত সকলের শোক
রাখিয়াছে আপন আধার স্তরে স্তরে
সঘনসংগীতমাঝে পুঞ্জীভূত করে ।

সেদিন সে উজ্জয়িনী প্রাসাদশিখরে
কী না জানি ঘনঘটা, বিদ্যুৎ-উৎসব,
উদ্দামপবনবেগ, গুরুগুরু রব ।
গম্ভীর নির্ঘোষ সেই মেঘসংঘর্ষের
জাগায়ে তুলিয়াছিল সহস্র বর্ষের
অস্তগূঢ় বাষ্পাকুল বিচ্ছেদক্রন্দন
এক দিনে । ছিন্ন করি কালের বন্ধন
সেই দিন ঝরে পড়েছিল অবিরল
চিরদিবসের যেন রুদ্ধ অশ্রুজল
আর্দ্র করি তোমার উদার শ্লোকরাশি ।
সেদিন কি জগতের যতেক প্রবাসী

জোড়হস্তে মেঘপানে শূন্যে তুলি মাথা
 গেয়েছিল সমস্বরে বিরহের গাথা
 ফিরি প্রিয়গৃহপানে ? বন্ধনবিহীন
 নবমেঘপক্ষ-পরে করিয়া আসীন
 পাঠাতে চাহিয়াছিল প্রেমের বারতা
 অশ্রুবাষ্প-ভরা— দূর বাতায়নে যথা
 বিরহিণী ছিল শুয়ে ভূতলশয়নে
 মুক্তকেশে, ম্লান বেশে, সজল নয়নে ?

তাদের সবার গান তোমার সংগীতে
 পাঠায়ে কি দিলে, কবি, দিবসে নিশীথে
 দেশে দেশান্তরে, খুঁজি' বিরহিণী প্রিয়া ?
 শ্রাবণে জাহ্নবী যথা যায় প্রবাহিয়া
 টানি লয়ে দিশ-দিশান্তের বারিধারা
 মহাসমুদ্রের মাঝে হতে দিশাহারা ।
 পাষণশৃঙ্খলে যথা বন্দী হিমাচল
 আঘাতে অনন্ত শূন্যে হেরি মেঘদল
 স্বাধীন-গগনচারী, কাতরে নিশ্বাসি
 সহস্র কন্দর হতে বাষ্প রাশি রাশি
 পাঠায় গগন-পানে ; ধায় তারা ছুটি
 উধাও কামনা-সম ; শিখরেতে উঠি
 সকলে মিলিয়া শেষে হয় একাকার,
 সমস্ত গগনতল করে অধিকার ।

সেদিনের পরে গেছে কত শতবার
 প্রথম দিবস স্নিগ্ধ নববরষার ।
 প্রতি বর্ষা দিয়ে গেছে নবীন জীবন
 তোমার কাব্যের 'পরে করি বরিষন
 নববৃষ্টিবারিধারা, করিয়া বিস্তার
 নবঘনস্নিগ্ধচ্ছায়া, করিয়া সঞ্চারণ
 নব নব প্রতিধ্বনি জলদমন্দের,
 স্ফীত করি স্রোতোবেগ তোমার ছন্দের
 বর্ষাতরঙ্গিণীসম ।

কত কাল ধরে
 কত সঙ্গীহীন জন, প্রিয়াহীন ঘরে,
 বৃষ্টিক্লান্ত বহুদীর্ঘ লুপ্ততারাশশী
 আষাঢ়সন্ধ্যায়, ক্ষীণ দীপালোকে বসি
 ওই ছন্দ মন্দ মন্দ করি উচ্চারণ
 নিমগ্ন করেছে নিজ বিজনবেদন !

সে সবার কণ্ঠস্বর কর্ণে আসে মম
সমুদ্রের তরঙ্গের কলধ্বনি-সম
তব কাব্য হতে ।

ভারতের পূর্বশেষে

আমি বসে আজি ; যে শ্যামল বঙ্গদেশে
জয়দেব কবি, আর এক বর্ষাদিনে
দেখেছিলি দিগন্তের তমালবিপিনে
শ্যামচ্ছায়া, পূর্ণ মেঘে মেদুর অম্বর ।

আজি অন্ধকার দিবা, বৃষ্টি ঝরঝর,
দুরন্ত পবন অতি, আক্রমণে তার
অরণ্য উদ্যতবাহু করে হাহাকার ।
বিদ্যুৎ দিতেছে উকি ছিড়ি মেঘভার
খরতর বক্র হাসি শূন্যে বরষিয়া ।
অন্ধকার রুদ্ধগৃহে একেলা বসিয়া
পড়িতেছি মেঘদূত ; গৃহত্যাগী মন
মুক্তগতি মেঘপৃষ্ঠে লয়েছে আসন,
উড়িয়াছে দেশদেশান্তরে । কোথা আছে
সানুমান আশ্রুকূট ; কোথা বহিয়াছে
বিমল বিশীর্ণ রেবা বিক্ষিপদমূলে
উপলব্যথিতগতি ; বেত্রবতীকূলে
পরিণতফলশ্যাম জম্বুবনচ্ছায়ে
কোথায় দশার্ণ গ্রাম রয়েছে লুকায়ে
প্রস্ফুটিত কেতকীর বেড়া দিয়ে ঘেরা ;
পথতরুশাখে কোথা গ্রামবিহঙ্গেরা
বর্ষায় ঝাঁধিছে নীড়, কলরবে ঘিরে
বনস্পতি ; না জানি সে কোন্ নদীতীরে
যুথীবনবিহারিণী বনাঙ্গনা ফিরে,
তপ্ত কপোলের তাপে ক্লান্ত কর্ণোৎপল
মেঘের ছায়ার লাগি হতেছে বিকল ;
ভ্রুবীলাস শেখে নাই কারা সেই নারী
জনপদবধূজন, গগনে নেহারি
ঘনঘটা, উর্ধ্বনেত্রে চাহে মেঘপানে,
ঘননীল ছায়া পড়ে সুনীল নয়ানে ;
কোন্ মেঘশ্যামশৈলে মুগ্ধ সিদ্ধাঙ্গনা
স্নিগ্ধ নবঘন হেরি আছিল উন্মনা
শিলাতলে, সহসা আসিতে মহা ঝড়
চকিত চকিত হয়ে ভয়ে জড়সড়

জাগাত কি জীবনের কল্প তব দেহে ?
 যামিনী আসিত যবে মানবের গেহে
 ধরণী লইত টানি শ্রান্ত তনুগুলি
 আপনার বক্ষ-পরে ; দুঃখশ্রম ভুলি
 ঘুমাত অসংখ্য জীব— জাগিত আকাশ—
 তাদের শিথিল অঙ্গ, সুষুপ্ত নিশ্বাস
 বিভোর করিয়া দিত ধরণীর বুক—
 মাতৃ-অঙ্গে সেই কোটীজীবস্পর্শসুখ
 কিছু তার পেয়েছিলে আপনার মাঝে ?
 যে গোপন অন্তঃপুরে জননী বিরাজে,
 বিচিত্রিত যবনিকা পত্রপুষ্পজালে
 বিবিধ বর্ণের লেখা, তারি অন্তরালে
 রহিয়া অসূর্যস্পর্শ্য নিত্য চুপে চুপে
 ভরিছে সন্তানগৃহ ধনধান্যরূপে
 জীবনে যৌবনে, সেই গূঢ় মাতৃকক্ষে
 সুপ্ত ছিলে এতকাল ধরণীর বক্ষে
 চিররাত্রিসুশীতল বিস্মৃতি-আলয়ে
 যেথায় অনন্তকাল ঘুমায় নির্ভয়ে
 লক্ষ জীবনের ক্লাস্তি ধূলির শয্যায় ;
 নিমেষে নিমেষে যেথা ঝরে পড়ে যায়
 দিবসের তাপে শুষ্ক ফুল, দন্ধ তারা,
 জীর্ণ কীর্তি, শ্রান্ত সুখ, দুঃখ দাহহারা ।

সেথা স্নিগ্ধ হস্ত দিয়ে পাপতাপরেখা
 মুছিয়া দিয়াছে মাতা ; দিলে আজি দেখা
 ধরিত্রীর সদ্যোজাত কুমারীর মতো
 সুন্দর, সরল, শুভ্র ; হয়ে বাক্যহত
 চেয়ে আছ প্রভাতে জগতের পানে ।
 যে শিশির পড়েছিল তোমার পাষাণে
 রাত্রিবেলা, এখন সে কাঁপিছে উল্লাসে
 আজানুচুম্বিত মুক্ত কৃষ্ণ কেশপাশে ।
 যে শৈবাল রেখেছিল ঢাকিয়া তোমায়
 ধরণীর শ্যামশোভা অঞ্চলের প্রায়
 বহু বর্ষ হতে, পেয়ে বহু বর্ষাধারা
 সতেজ সরস ঘন, এখনো তাহারা
 লগ্ন হয়ে আছে তব নগ্ন গৌর দেহে
 মাতৃদত্ত বস্ত্রখানি সুকোমল স্নেহে ।

হাসে পরিচিত হাসি নিখিল সংসার ।
 তুমি চেয়ে নির্নিমেষ ; হৃদয় তোমার

কোন দূর কালক্ষেত্রে চলে গেছে একা
 আপনার ধূলিলিপ্ত পদচিহ্নরেখা
 পদে পদে চিনে চিনে । দেখিতে দেখিতে
 চারি দিক হতে সব এল চারি ভিতে
 জগতের পূর্ব পরিচয় ; কৌতূহলে
 সমস্ত সংসার ওই এল দলে দলে
 সম্মুখে তোমার ; থেমে গেল কাছে এসে
 চমকিয়া । বিস্ময়ে রহিল অনিমেঘে ।

অপূর্ব রহস্যময়ী মূর্তি বিবসন,
 নবীন শৈশবে স্নাত সম্পূর্ণ যৌবন—
 পূর্ণশ্ফুট পুষ্প যথা শ্যামপত্রপুটে
 শৈশবে যৌবনে মিশে উঠিয়াছে ফুটে
 এক বৃন্তে । বিস্মৃতিসাগরনীলনীরে
 প্রথম উষার মতো উঠিয়াছ ধীরে ।
 তুমি বিশ্ব-পানে চেয়ে মানিছ বিস্ময়,
 বিশ্ব তোমা-পানে চেয়ে কথা নাহি কয় ;
 দৌহে মুখোমুখি । অপাররহস্যতীরে
 চিরপরিচয়-মাঝে নব পরিচয় ।

শান্তিনিকেতন

১১।১২ জ্যৈষ্ঠ ১৮৯০

গোধূলি

অন্ধকার তরুশাখা দিয়ে
 সন্ধ্যার বাতাস বহে যায় ।
 আয়, নিদ্রা, আয় ঘনাইয়ে
 শ্রান্ত এই আঁখির পাতায় ।
 কিছু আর নাহি যায় দেখা,
 কেহ নাই, আমি শুধু একা—
 মিশে যাক জীবনের রেখা ।
 বিস্মৃতির পশ্চিমসীমায় ।
 নিষ্ফল দিবস অবসান—
 কোথা আশা, কোথা গীতগান !
 শুয়ে আছে সঙ্গীহীন প্রাণ
 জীবনের তটবালুকায় ।
 দূরে শুধু ধ্বনিছে সতত
 অবিশ্রাম মর্মরের মতো,
 হৃদয়ের হত আশা যত
 অন্ধকারে কাঁদিয়া বেড়ায় ।

আয় শান্তি, আয় রে নির্বাণ,
 আয় নিদ্রা, শান্ত প্রাণে আয় !
 মূর্ছাহত হৃদয়ের 'পরে
 চিরাগত প্রেয়সীর প্রায়
 আয়, নিদ্রা আয় !

সোলাপুর
 ১ ভাদ্র ১৮৯০

উচ্ছ্বাল

এ মুখের পানে চাহিয়া রয়েছ
 কেন গো অমন করে ?
 তুমি চিনিতে নারিবে, বুঝিতে নারিবে মোরে ।
 আমি কেঁদেছি হেসেছি, ভালো যে বেসেছি,
 এসেছি যেতেছি সরে
 কী জানি কিসের ঘোরে ।

কোথা হতে এত বেদনা বহিয়া
 এসেছে পরান মম ।
 বিধাতার এক অর্থবিহীন
 প্রলাপবচন-সম
 প্রতিদিন যারা আছে সুখে দুখে
 আমি তাহাদের নই—
 আমি এসেছি নিমেষে, যাইব নিমেষ বই ।
 আমি আমারে চিনি নে, তোমারে জানি নে,
 আমার আলায় কই !

জগৎ বেড়িয়া নিয়মের পাশ,
 অনিয়ম শুধু আমি ।
 বাসা বেঁধে আছে কাছে কাছে সবে,
 কত কাজ করে কত কলরবে,
 চিরকাল ধরে দিবস চলিছে
 দিবসের অনুগামী—
 শুধু আমি নিজবেগ সামালিতে নারি
 ছুটেছি দিবসযামী ।

প্রতিদিন বহে মৃদু সমীরণ,
 প্রতিদিন ফুটে ফুল ।
 ঝড় শুধু আসে ঋণেকের তরে
 সৃজনের এক ভুল—

দুরন্ত সাধ কাতর বেদনা
ফুকারিয়া উভরায়
আধার হইতে আধারে ছুটিয়া যায় ।

এ আবেগ নিয়ে কার কাছে যাব,
নিতে কে পারিবে মোরে !
কে আমারে পারে আঁকড়ি রাখিতে
দুখানি বাহুর ডোরে !

আমি কেবল কাতর গীত !
কেহ বা শুনিয়া ঘুমায় নিশীথে,
কেহ জাগে চমকিত ।
কত-সে বেদনা সে কেহ বোঝে না,
কত-যে আকুল আশা,
কত-যে তীর পিপাসাকাতর ভাষা ।

ওগো, তোমরা জগৎবাসী,
তোমাদের আছে বরষ বরষ
দরশ-পরশ-রাশি—
আমার কেবল একটি নিমেষ,
তারি তরে ধেয়ে আসি ।

আমি মহাসুন্দর একটি নিমেষ
ফুটেছে কাননশেষে,
তারি পানে ধাই, ছিড়ে নিতে চাই,
ব্যাকুলবাসনাসংগীত গাই
অসীমকালের আধার হইতে
বাহির হইয়া এসে ।

শুধু একটি মুখের এক নিমেষের
একটি মধুর কথা,
তারি তরে বহি চিরদিবসের
চিরমনোব্যাকুলতা ।
কালের কাননে নিমেষ লুটিয়া
কে জানে চলেছি কোথা !
ওগো, মিটে না তাহাতে মিটে না প্রাণের ব্যথা ।

অধিক সময় নাই ।
ঝড়ের জীবন ছুটে চলে যায়
শুধু কেঁদে 'চাই চাই'—
যার কাছে আসি তার কাছে শুধু
হাহাকার রেখে যাই ।

ওগো, তবে থাক, যে যায় সে যাক—
 তোমরা দিয়ো না ধরা !
 আমি চলে যাব ত্বরা !
 মোরে কেহ কোরো ভয়, কেহ কোরো ঘৃণা,
 ক্ষমা কোরো যদি পারো !
 বিস্মিত চোখে ক্ষণেক চাহিয়া
 তার পরে পথ ছাড়ো !

তার পরদিনে উঠবে প্রভাত,
 ফুটিবে কুসুম কত,
 নিয়মে চলিবে নিখিল জগৎ
 প্রতিদিবসের মতো ।
 কোথাকার এই শৃঙ্খল-ছেঁড়া
 সৃষ্টি-ছাড়া এ ব্যথা
 কাঁদিয়া কাঁদিয়া, গাহিয়া গাহিয়া,
 অজানা আধার-সাগর বাহিয়া,
 মিশায়ে যাইবে কোথা !
 এক রজনীর প্রহরের মাঝে
 ফুরাবে সকল কথা ।

সোলাপুর
 ৫ ভাদ্র ১৮৯০

আগন্তুক

ওগো সুখী প্রাণ, তোমাদের এই
 ভব-উৎসব-ঘরে
 অচেনা অজানা পাগল অতিথি
 এসেছিল ক্ষণতরে ।
 ক্ষণেকের তরে বিস্ময় ভরে
 চেয়েছিল চারি দিকে
 বেদনা-বাসনা-ব্যাকুলতা-ভরা
 তৃষাতুর অনিমিখে ।
 উৎসববেশ ছিল না তাহার,
 কণ্ঠে ছিল না মালা,
 কেশপাশ দিয়ে বাহিরিতেছিল
 দীপ্ত অনলজ্বালা ।
 তোমাদের হাসি তোমাদের গান
 থেমে গেল তারে দেখে—
 শুধালে না কেহ পরিচয় তার,
 বসালে না কেহ ডেকে ।

কী বলিতে গিয়ে বলিল না আর,
 দাঁড়ায়ে রহিল দ্বারে—
 দীপালোক হতে বাহিরিয়া গেল
 বাহির-অন্ধকারে ।
 তার পরে কেহ জান কি তোমরা
 কী হইল তার শেষে ?
 কোন্ দেশ হতে এসে চলে গেল
 কোন্ গৃহহীন দেশে ?

সোলাপুর

৫ ভাদ্র ১৮৯০

বিদায়

অকূল সাগর-মাঝে চলেছে ভাসিয়া
 জীবনতরণী । ধীরে লাগিছে আসিয়া
 তোমার বাতাস, বহি আনি কোন্ দূর
 পরিচিত তীর হতে কত সুমধুর
 পুষ্পগন্ধ, কত সুখস্মৃতি, কত ব্যথা,
 আশাহীন কত সাধ, ভাষাহীন কথা ।
 সম্মুখেতে তোমারি নয়ন জেগে আছে
 আসন্ন আধার-মাঝে অস্তাচল-কাছে
 স্থির ধ্রুবতারাসম ; সেই অনিমেষ
 আকর্ষণে চলেছি কোথায়, কোন্ দেশ
 কোন্ নিরুদ্দেশ-মাঝে ! এমনি করিয়া
 চিহ্নহীন পথহীন অকূল ধরিয়া
 দূর হতে দূরে ভেসে যাব— অবশেষে
 দাঁড়াইব দিবসের সর্বপ্রান্তদেশে
 এক মুহূর্তের তরে— সারাদিন ভেসে
 মেঘখণ্ড যথা রজনীর তীরে এসে
 দাঁড়ায় থমকি । ওগো, বারেক তখন
 জীবনের খেলা রেখে করুণ নয়ন
 পাঠায়ো পশ্চিম-পানে, দাঁড়ায়ো একাকী
 ওই দূর তীরদেশে অনিমেষ-আঁখি ।
 মুহূর্তে আধার নামি দিবে সব ঢাকি
 বিদায়ের পথ ; তোমার অজ্ঞাত দেশে
 আমি চলে যাব ; তুমি ফিরে যেয়ো হেসে
 সংসারের খেলাঘরে, তোমার নবীন
 দিবালোকে । অবশেষে যবে একদিন—
 বহুদিন পরে— তোমার জগৎ-মাঝে
 সঙ্ক্যা দেখা দিবে, দীর্ঘ জীবনের কাজে

প্রমোদের কোলাহলে শ্রান্ত হবে প্রাণ,
 মিলায়ে আসিবে ধীরে স্বপন-সমান
 চিররৌদ্রদঙ্ক এই কঠিন সংসার,
 সেইদিন এইখানে আসিয়ো আবার !
 এই তটপ্রান্তে বসে শ্রান্ত দু'নয়ানে
 চেয়ে দেখো ওই অস্ত-অচলের পানে
 সন্ধ্যার তিমিরে, যেথা সাগরের কোলে
 আকাশ মিশায়ে গেছে । দেখিবে তা হলে
 আমার সে বিদায়ের শেষ চেয়ে-দেখা
 এইখানে রেখে গেছে জ্যোতির্ময় রেখা ।
 সে অমর অশ্রুবিन्दু সন্ধ্যাতারকার
 বিষণ্ণ আকার ধরি উদিবে তোমার
 নিদ্রাতুর আঁখি-'পরে ; সারা রাত্রি ধরে
 তোমার সে জনহীন বিশ্রামশিয়রে
 একাকী জাগিয়া রবে । হয়তো স্বপনে
 ধীরে ধীরে এনে দেবে তোমার স্মরণে
 জীবনের প্রভাতের দু-একটি কথা ।
 এক ধারে সাগরের চিরচঞ্চলতা
 তুলিবে অক্ষুট ধ্বনি, রহস্য অপার,
 অন্য ধারে ঘুমাইবে সমস্ত সংসার ।

কোল্ডভিল টেরেস । লণ্ডন
 আশ্বিন ১৮৯০ । রাত্রি

সন্ধ্যায়

ওগো তুমি, অমনি সন্ধ্যার মতো হও ।
 সুদূর পশ্চিমাচলে কনক-আকাশতলে
 অমনি নিস্তন্ধ চেয়ে রও ।
 অমনি সুন্দর শান্ত অমনি করুণ কান্ত
 অমনি নীরব উদাসিনী,
 ওইমতো ধীরে ধীরে আমার জীবনতীরে
 বারেক দাঁড়াও একাকিনী ।
 জগতের পরপারে নিয়ে যাও আপনারে
 দিবসনিশার প্রান্তদেশে ।
 থাক্ হাস্য-উৎসব, না আসুক কলরব
 সংসারের জনহীন শেষে ।
 এসো তুমি চুপে চুপে শান্তিরূপে নিদ্রারূপে,
 এসো তুমি নয়ন-আনত ।

এসো তুমি স্নান হেসে দিবাদক্ষ আয়ুশেষে
 মরণের আশ্বাসের মতো ।
 আমি শুধু চেয়ে থাকি অশ্রুহীন-শ্রান্ত-আঁখি,
 পড়ে থাকি পৃথিবীর 'পরে—
 খুলে দাও কেশভার, ঘনস্নিগ্ধ অক্ষকার
 মোরে ঢেকে দিক স্তরে স্তরে ।
 রাখো এ কপালে মম নিদ্রার আবেশ-সম
 হিমস্নিগ্ধ করতলখানি ।
 বাক্যহীন স্নেহভরে অবশ দেহের 'পরে
 অঞ্চলের প্রান্ত দাও টানি ।
 তার পরে পলে পলে করুণার অশ্রুজলে
 ভরে যাক নয়নপল্লব ।
 সেই স্তব্ধ আকুলতা গভীর বিদায়ব্যথা
 কায়মনে করি অনুভব ।

রেড সী
 ৭ কার্তিক ১৮৯০

শেষ উপহার

আমি রাত্রি, তুমি ফুল । যতক্ষণ ছিলে কুঁড়ি
 জাগিয়া চাহিয়া ছিনু আঁধার আকাশ জুড়ি
 সমস্ত নক্ষত্র নিয়ে, তোমারে লুকায়ে বুকে ।
 যখন ফুটিলে তুমি সুন্দর-তরুণ-মুখে,
 তখনি প্রভাত এল, ফুরালো আমার কাল ;
 আলোকে ভাঙিয়া গেল রজনীর অন্তরাল ।
 এখন বিশ্বের তুমি ; গুন্ গুন্ মধুকর
 চারি দিকে তুলিয়াছে বিস্ময়ব্যাকুল স্বর ;
 গাহে পাখি, বহে বায়ু ; প্রমোদহিল্লোলধারা
 নবস্বুট জীবনেরে করিতেছে দিশাহারা ।
 এত আলো, এত সুখ, এত গান, এত প্রাণ
 ছিল না আমার কাছে— আমি করেছি দান
 শুধু নিদ্রা, শুধু শান্তি, সযতন নীরবতা,
 শুধু চেয়ে-থাকা আঁখি, শুধু মনে মনে কথা ।

আর কি দিই নি কিছু ? প্রলুব্ধ প্রভাত যবে
 চাহিল তোমার পানে, শত পাখি শত রবে
 ডাকিল তোমার নাম, তখন পড়িল ঝরে
 আমার নয়ন হতে তোমার নয়ন-'পরে
 একটি শিশিরকণা । চলে গেনু পরপার ।

সেই বিষাদের বিন্দু, বিদায়ের উপহার,
 প্রথর প্রমোদ হতে রাখিবে শীতল ক'রে
 তোমার তরুণ মুখ ; রজনীর অশ্রু-পরে
 পড়ি প্রভাতের হাসি দিবে শোভা অনুপম
 বিকচ সৌন্দর্য তব করিবে সুন্দরতম ।

রেড সী
 ৯ কার্তিক ১৮৯০

মৌন ভাষা

থাক্ থাক্, কাজ নাই, বলিয়ো না কোনো কথা ।
 চেয়ে দেখি, চলে যাই, মনে মনে গান গাই,
 মনে মনে রচি বসে কত সুখ কত ব্যথা ।
 বিরহী পাখির প্রায় অজানা কানন-ছায়
 উড়িয়া বেড়াক সদা হৃদয়ের কাতরতা—
 তারে বাঁধিয়ো না ধরে, বলিয়ো না কোনো কথা ।

আঁখি দিয়ে যাহা বলো সহসা আসিয়া কাছে
 সেই ভালো, থাক্ তাই, তার বেশি কাজ নাই—
 কথা দিয়ে বলো যদি মোহ ভেঙে যায় পাছে ।
 এত মৃদু এত আধো অশ্রুজলে-বাধো-বাধো
 শরমে-সভয়ে-ম্লান এমন কি ভাষা আছে ?
 কথায় বোলো না তাহা আঁখি যাহা বলিয়াছে ।

তুমি হয়তো বা পারো আপনারে বুঝাইতে—
 মনের সকল ভাষা প্রাণের সকল আশা
 পারো তুমি গঁথে গঁথে রচিতে মধুর গীতে ।
 আমি তো জানি নে মোরে, দেখি নাই ভালো করে
 মনের সকল কথা পশিয়া আপন চিতে—
 কী বুঝিতে কী বুঝেছি, কী বলিব কী বলিতে ।

তবে থাক্ । ওই শোনো, অন্ধকারে শোনা যায়
 জলের কল্লোলস্বর পল্লবের মরমর—
 বাতাসের দীর্ঘশ্বাস শুনিয়া শিহরে কায় ।
 আরো উর্ধ্বে দেখো চেয়ে অনন্ত আকাশ ছেয়ে
 কোটি কোটি মৌন দৃষ্টি তারকায় তারকায় ।
 প্রাণপণ দীর্ঘ ভাষা জুলিয়া ফুটিতে চায় ।

এসো চুপ করে শুনি এই বাণী স্তব্ধতার—
 এই অরণ্যের তলে কানাকানি জলে স্থলে,
 মনে করি হল বলা ছিল যাহা বলিবার ।
 হয়তো তোমার ভাবে তুমি এক বুঝে যাবে,
 আমার মনের মতো আমি বুঝে যাব আর—
 নিশীথের কণ্ঠ দিয়ে কথা হবে দুজনার ।

মনে করি দুটি তারা জগতের এক ধারে
 পাশাপাশি কাছাকাছি তৃষাতুর চেয়ে আছি,
 চিনতেছি চিরযুগ, চিনি নাকো কেহ করে ।
 দিবসের কোলাহলে প্রতিদিন যাই চলে,
 ফিরে আসি রজনীর ভাষাহীন অন্ধকারে—
 বুঝিবার নহে যাহা চাই তাহা বুঝিবারে ।

তোমার সাহস আছে, আমার সাহস নাই ।
 এই-যে শঙ্কিত আলো অন্ধকারে জ্বলে ভালো,
 কে বলিতে পারে বলো যাহা চাও এ কি তাই ।
 তবে ইহা থাক্ দূরে কল্পনার স্বপ্নপুরে,
 যার যাহা মনে লয় তাই মনে করে যাই—
 এই চির-আবরণ খুলে ফেলে কাজ নাই ।

এসো তবে বসি হেথা, বলিয়ো না কোনো কথা ।
 নিশীথের অন্ধকারে ঘিরে দিক দুজনারে,
 আমাদের দুজনের জীবনের নীরবতা ।
 দুজনের কোলে বুকে আঁধারে বাডুক সুখে
 দুজনের এক শিশু জনমের মনোব্যথা ।
 তবে আর কাজ নাই, বলিয়ো না কোনো কথা ।

রেড সী

১০ কার্তিক ১৮৯০

আমার সুখ

ভালোবাসা-ঘেরা ঘরে কোমল শয়নে তুমি
 যে সুখেই থাকো,
 যে মাধুরী এ জীবনে আমি পাইয়াছি তাহা
 তুমি পেলে নাকো ।
 এই-যে অলস বেলা, অলস মেঘের মেলা,
 জলেতে আলোতে খেলা সারা দিনমান,

এরই মাঝে চারি পাশে কোথা হতে ভেসে আসে
 ওই মুখ, ওই হাসি, ওই দু'নয়ান ।
 সদা শুনি কাছে দূরে মধুর কোমল সুরে
 তুমি মোরে ডাকো—
 তাই ভাবি, এ জীবনে আমি যাহা পাইয়াছি
 তুমি পেলে নাকো ।

কোনোদিন একদিন আপনার মনে, শুধু
 এক সন্ধ্যাবেলা,
 আমারে এমনি করে ভাবিতে পারিতে যদি
 বসিয়া একেলা—
 এমনি সুদূর বাঁশি শ্রবণে পশিত আসি,
 বিষাদকোমল হাসি ভাসিত অধরে,
 নয়নে জলের রেখা এক বিন্দু দিত দেখা,
 তারি 'পরে সন্ধ্যালোকে কাঁপিত কাতরে—
 ভেসে যেত মনখানি কনকতরঙ্গীসম
 গৃহহীন স্রোতে—
 শুধু একদিন-তরে আমি ধন্য হইতাম
 তুমি ধন্য হতে ।

তুমি কি করেছ মনে দেখেছ, পেয়েছ তুমি
 সীমারেখা মম ?
 ফেলিয়া দিয়াছ মোরে আদি অন্ত শেষ করে
 পড়া পৃথি-সম ?
 নাই সীমা আগে পাছে, যত চাও তত আছে,
 যতই আসিবে কাছে তত পাবে মোরে ।
 আমারেও দিয়ে তুমি এ বিপুল বিশ্বভূমি
 এ আকাশ এ বাতাস দিতে পারো ভরে ।
 আমাতেও স্থান পেত অবাধে সমস্ত তব
 জীবনের আশা ।
 একবার ভেবে দেখো এ পরানে ধরিয়াছে
 কত ভালোবাসা ।

সহসা কী শুভঙ্কণে অসীম হৃদয়রাশি
 দৈবে পড়ে চোখে ।
 দেখিতে পাও নি যদি, দেখিতে পাবে না আর,
 মিছে মরি বকে !
 আমি যা পেয়েছি তাই সাথে নিয়ে ভেসে যাই,
 কোনোখানে সীমা নাই ও মধু মুখের—

শুধু স্বপ্ন, শুধু স্মৃতি, তাই নিয়ে থাকি নিতি,
আর আশা নাহি রাখি সুখের দুখের ।
আমি যাহা দেখিয়াছি, আমি যাহা পাইয়াছি
এ জনম-সই,
জীবনের সব শূন্য আমি যাহে ভরিয়াছি
তোমার তা কই !

রেড সী

১১ কার্তিক ১৮৯০

নাটক ও প্রহসন

প্রকৃতির প্রতিশোধ

উৎসর্গ

তোমাকে দিলাম

সূচনা

জীবনের প্রথম বয়স কেটেছে বন্ধঘরে নিঃসঙ্গ নির্জনে। সন্ধ্যাসংগীত এবং প্রভাতসংগীতের অনেকটা সেই অবরুদ্ধ আলোকের কবিতা। নিজের মনের ভাবনা নিজের মনের প্রাচীরের মধ্যে প্রতিহত হয়ে আলোড়িত।

তার পরের অবস্থায় মনের মধ্যে মানুষের স্পর্শ লাগল, বাইরের হাওয়ায় জানলা গেল খুলে, উৎসুক মনের কাছে পৃথিবীর দৃশ্য খণ্ড খণ্ড চলচ্ছবির মতো দেখা দিতে লাগল। গুহাচরের মন তখন ঝুঁকল লোকালয়ের দিকে। তখনো বাইরের জগৎ সম্পূর্ণ মুক্ত হতে পারে নি আবেগের বাষ্পপুঞ্জ থেকে। তবু দুঃস্বপ্নের মতো আপনার বাঁধন-জাল ছাড়াবার জন্যে জেগে উঠল বালকের আগ্রহ। এই সময়কার রচনা 'ছবি ও গান'। লেখনীর সেই নূতন বহির্মুখী প্রবৃত্তি তখন কেবল ভাবুকতার অস্পষ্টতার মধ্যে বন্ধন স্বীকার করলে না। বেদনার ভিতর দিয়ে ভাবপ্রকাশের প্রয়াসে সে শ্রান্ত, কল্পনার পথে সৃষ্টি করবার দিকে পড়েছে তার ঝোঁক। এই পথে তার দ্বার প্রথম খুলেছিল 'বাল্মীকিপ্রতিভা'য়। যদিও তার উপকরণ গান নিয়ে, কিন্তু তার প্রকৃতিই নাট্যীয়। তাকে গীতিকাব্য বলা চলে না। কিছুকাল পরে, তখন আমার বয়স বোধ হয় তেইশ কিংবা চব্বিশ হবে, কারোয়ার থেকে জাহাজে আসতে আসতে হঠাৎ যে গান সমুদ্রের উপর প্রভাতসূর্যালোকে সম্পূর্ণ হয়ে দেখা দিল তাকে নাট্যীয় বলা যেতে পারে, অর্থাৎ সে আত্মগত নয়, সে কল্পনায় রূপায়িত। 'হেদে গো নন্দরানী' গানটি একটি ছবি, যার রস নাট্যরস। রাখাল বালকেরা নন্দরানীর কাছে এসেছে আবদার করতে, তারা শ্যামকে নিয়ে গোষ্ঠে যাবে এই তাদের পণ। এই গানটি প্রকৃতির প্রতিশোধে ভুক্ত করেছি। এই আমার হাতের প্রথম নাটক যা গানের ছাঁচে ঢালা নয়। এই বইটি কাব্যে এবং নাট্যে মিলিত। সন্ন্যাসীর যা অন্তরের কথা তা প্রকাশ হয়েছে কবিতায়। সে তার একলার কথা। এই আত্মকেন্দ্রিত বৈরাগীকে ঘিরে প্রাত্যহিক সংসার নানা রূপে নানা কোলাহলে মুখরিত হয়ে উঠেছে। এই কলরবের বিশেষত্বই হচ্ছে তার অকিঞ্চিৎকরতা। এই বৈপরীত্যকে নাট্যিক বলা যেতে পারে। এরই মাঝে মাঝে গানের রস এসে অনির্বচনীয়তার আভাস দিয়েছে। শেষ কথাটা এই দাঁড়ালো শূন্যতার মধ্যে নির্বিশেষের সন্ধান ব্যর্থ, বিশেষের মধ্যেই সেই অসীম প্রতিফলনে হয়েছে রূপ নিয়ে সার্থক, সেইখানেই যে তাকে পায় সেই যথার্থ পায়।

শান্তিনিকেতন

২৮ জানুয়ারি ১৯৪০

প্রকৃতির প্রতিশোধ

প্রথম দৃশ্য

গুহা

সন্ন্যাসী

কোথা দিন, কোথা রাত্রি, কোথা বর্ষ মাস !
অবিশ্রাম কালশ্রোত কোথায় বহিছে
সৃষ্টি যেথা ভাসিতেছে তৃণপুঞ্জসম !
আধারে গুহার মাঝে রয়েছি একাকী,
আপনাতে বসে আছি আপনি অটল ।
অনাদি কালের রাত্রি সমাধিমগনা
নিশ্বাস করিয়া রোধ পাশে বসে আছে ।
শিলার ফাটল দিয়া বিন্দু বিন্দু করি
ঝরিয়া পড়িছে বারি আর্দ্র গুহাতলে ।
সুন্ধ শীতজলে পড়ি অঙ্ককার-মাঝে
প্রাচীন ভেকের দল রয়েছে ঘুমায়ে ।
বাদুড় গুহায় পশি সুদূর হইতে
অমানিশীথের বার্তা আনিছে বহিয়া ।
কখনো বা কোনো দিন কে জানে কেমনে
একটি আলোর রেখা কোথা হতে আসে,
দিবসের গুপ্তচর রজনীর মাঝে
একটুকু উঁকি মেরে যায় পলাইয়া ।
বসে বসে প্রলয়ের মন্ত্র পড়িতেছি,
তিল তিল জগতেরে ধ্বংস করিতেছি,
সাধনা হয়েছে সিদ্ধ, কী আনন্দ আজি ।
জগৎ-কুয়াশা-মাঝে ছিনু মগ্ন হয়ে,
অদৃশ্যে আধারে বসি সুতীক্ষ্ণ কিরণে
ছিড়িয়া ফেলেছি সেই মায়া-আবরণ,
জগৎ চরণতলে গিয়াছে মিলায়ে—
সহসা প্রকাশ পাই দীপ্ত মহিমায় ।
বসে বসে চন্দ্র সূর্য দিয়েছি নিবাসে,
একে একে ভাঙিয়াছি বিশ্বের সীমানা,
দৃশ্য শব্দ স্বাদ গন্ধ গিয়েছে ছুটিয়া,
গেছে ভেঙে আশা ভয় মায়ার কুহক ।
কোটি-কোটি-যুগ-ব্যাপী সাধনার পরে,
যুগান্তের অবসানে, প্রলয়সলিলে

সৃষ্টির মলিন রেখা মুছি শূন্য হতে—
 ছায়াহীন নিষ্কলঙ্ক অনন্ত পুরিয়া
 যে আনন্দে মহাদেব করেন বিরাজ
 পেয়েছি পেয়েছি সেই আনন্দ-আভাস ।
 জগতের মহাশিলা বক্ষে চাপাইয়া
 কে আমারে কারাগারে করেছিল রোধ !
 পলে পলে যুঝি যুঝি তিল তিল করি
 জগদ্দল সে পাষণ ফেলেছি সরায়ে,
 হৃদয় হয়েছে লঘু স্বাধীন স্ববশ ।

কী কষ্ট না দিয়েছিস রাক্ষসী প্রকৃতি
 অসহায় ছিনু যবে তোর মায়াফাঁদে ।
 আমার হৃদয়রাজ্যে করিয়া প্রবেশ
 আমারি হৃদয় তুই করিলি বিদ্রোহী ।
 বিরাম বিশ্রাম নাই দিবসরজনী
 সংগ্রাম বহিয়া বক্ষে বেড়াতেম ভ্রমি ।
 কানেতে বাজিত সদা প্রাণের বিলাপ,
 হৃদয়ের রক্তপাতে বিশ্ব রক্তময়,
 রাঙা হয়ে উঠেছিল দিবসের আঁখি ।
 বাসনার বহিময় কশাঘাতে হায়
 পথে পথে ছুটিয়াছি পাগলের মতো ।
 নিজের ছায়াতে নিজ বক্ষে ধরিবারে
 দিনরাত্রি করিয়াছি নিষ্ফল প্রয়াস ।
 সুখের বিদ্যুৎ দিয়া করিয়া আঘাত
 দুঃখের ঘনাক্ষকারে দেছিস ফেলিয়া ।
 বাসনারে ডেকে এনে প্রলোভন দিয়ে
 নিয়ে গিয়েছিস মহা দুর্ভিক্ষ-মাঝারে ।
 খাদ্য বলে যাহা চায় ধূলিমুষ্টি হয় ।
 তৃষ্ণার সলিলরাশি যায় বাষ্প হয়ে ।
 প্রতিজ্ঞা করিনু শেষে যন্ত্রণায় জ্বলি
 এক দিন— এক দিন নেব প্রতিশোধ ।
 সেই দিন হতে পশি গুহার মাঝারে
 সাধিয়াছি মহা হত্যা আধারে বসিয়া ।
 আজ সে প্রতিজ্ঞা মোর হয়েছে সফল ।
 বধ করিয়াছি তোর স্নেহের সন্তানে,
 বিশ্ব ভস্ম হয়ে গেছে জ্ঞানচিত্তনলে ।
 সেই ভস্মমুষ্টি আজি মাখিয়া শরীরে
 গুহার আধার হতে হইব বাহির ।
 তোরি রক্তভূমিমাঝে বেড়াব গাহিয়া
 অপার আনন্দময় প্রতিশোধ-গান ।

দেখাব হৃদয় খুলে, কহিব তোমারে,
এই দেখ, তোর রাজ্য মরুভূমি আজি,
তোর যারা দাস ছিল স্নেহ প্রেম দয়া
শ্মশানে পড়িয়া আছে তাদের কঙ্কাল,
প্রলয়ের রাজধানী বসেছে হেথায় ।

দ্বিতীয় দৃশ্য

রাজপথ

সন্ন্যাসী

এ কী ক্ষুদ্র ধরা ! এ কী বন্ধ চারি দিকে !
কাছাকাছি ঘেঁষাঘেঁষি গাছপালা গৃহ
চারি দিক হতে যেন আসিছে ঘেরিয়া,
গায়ের উপরে যেন চাপিয়া পড়িবে !
চরণ ফেলিতে যেন হতেছে সংকোচ,
মনে হয় পদে পদে রহিয়াছে বাধা ।
এই কি নগর ! এই মহা রাজধানী !
চারি দিকে ছোটো ছোটো গৃহগুহাগুলি,
আনাগোনা করিতেছে নরপিপীলিকা ।

চারি দিকে দেখা যায় দিনের আলোক,
চোখেতে ঠেকিছে যেন সৃষ্টির পঞ্জর ।
আলোক তো কারাগার, নিষ্ঠুর কঠিন
বস্তু দিয়ে ঘিরে রাখে দৃষ্টির প্রসর ।
পদে পদে বাধা খেয়ে মন ফিরে আসে,
কোথায় দাঁড়াবে গিয়া ভাবিয়া না পায় ।
অন্ধকার স্বাধীনতা, শান্তি অন্ধকার,
অন্ধকার মানসের বিচরণভূমি,
অনন্তের প্রতিক্রম, বিশ্বামের ঠাই ।
এক মুষ্টি অন্ধকারে সৃষ্টি ঢেকে ফেলে,
জগতের আদি অন্ত লুপ্ত হয়ে যায়,
স্বাধীন অনন্ত প্রাণ নিমেষের মাঝে
বিশ্বের বাহিরে গিয়ে ফেলে রে নিশ্বাস ।

পথ দিয়া চলিতেছে এরা সব কারা !
এদের চিনি নে আমি, বুঝিতে পারি নে
কেন এরা করিতেছে এত কোলাহল ।
কী চায় ? কিসের লাগি এত ব্যস্ত এরা ?

এক কালে বিশ্ব যেন ছিল রে বৃহৎ,
তখন মানুষ ছিল মানুষের মতো,
আজ যেন এরা সব ছোটো হয়ে গেছে।

দেখি হেথা বসে বসে সংসারের খেলা।

কৃষকগণের প্রবেশ

গান

হেদে গো নন্দরানী,
আমাদের শ্যামকে ছেড়ে দাও।
আমরা রাখাল-বালক দাঁড়িয়ে দ্বারে,
আমাদের শ্যামকে দিয়ে যাও।
হেরো গো প্রভাত হল, সুখি উঠে
ফুল ফুটেছে বনে—
আমরা শ্যামকে নিয়ে গোষ্ঠে যাব
আজ করেছি মনে।
ওগো, পীতধড়া পরিয়ে তারে
কোলে নিয়ে আয়।
তার হাতে দিয়ো মোহন বেণু,
নূপুর দিয়ো পায়।
রোদের বেলায় গাছের তলায়
নাচব মোরা সবাই মিলে।
বাজবে নূপুর রুনুঝুনি,
বাজবে বাঁশি মধুর বোলে।
বনফুলে গাঁথব মালা,
পরিয়ে দিব শ্যামের গলে।

[প্রস্থান

বালকপুত্র-সমেত স্ত্রীলোকের প্রবেশ

স্ত্রীলোক। (ব্রাহ্মণ পথিকের প্রতি) হ্যাঁগা দাদাঠাকুর, এত ব্যস্ত হয়ে কমনে চলেছ?

ব্রাহ্মণ। আজ শিষ্যবাড়ি চলেছি নাতনি। অনেকগুলি ঘর আজকের মধ্যে সেরে আসতে হবে, তাই সকাল সকাল বেরিয়েছি। তুমি কোথায় যাচ্ছ গা?

স্ত্রীলোক। আমি ঠাকুরের পূজো দিতে যাব। ঘরকন্নার কাজ ফেলে এসেছি, মিন্‌সে আবার রাগ করবে। পথে দু দণ্ড দাঁড়িয়ে যে জিগ্‌গেসপড়া করব তার জো নেই। বলি দাদাঠাকুর, আমাদের ও দিকে যে একবার পায়ের ধুলো পড়ে না!

ব্রাহ্মণ। আর ভাই, বুড়োসুড়ো হয়ে পড়েছি, তোদের এখন নবীন বয়েস, কী জানি পছন্দ না হয়। যার দাঁত পড়ে গেছে, তার চালকড়াই ভাজার দোকানে না যাওয়াই ভালো।

স্ত্রীলোক। নাও, নাও, রঙ্গ রেখে দাও।

আর-এক স্ত্রীলোক। এই-যে ঠাকুর, আজকাল তুমি যে বড়ো মাগ্‌গি হয়েছ।

ব্রাহ্মণ । মাগ্গি আর হলেম কই । সন্ধ্যাবেলায় পথের মধ্যে তোরা পাঁচ জনে মিলে আমাকে টানাছেঁড়া আরম্ভ করেছিস । তবু তো আমার সকাল নেই ।

প্রথমা । আমি যাই ভাই, ঘরের সমস্ত কাজ পড়ে রয়েছে ।

দ্বিতীয়া । তা এস ।

প্রথমা । (পুনর্বীর ফিরিয়া) হ্যাঁলা অলঙ্গ, তোদের পাড়ায় সেই-যে কথাটা শুনেছিলুম, সে কি সত্যি !

দ্বিতীয়া । সে ভাই বেসুর কথা ।

[সকলের চুপি চুপি কথোপকথন

আর-কতকগুলি পথিকের প্রবেশ

প্রথম । আমাকে অপমান ! আমাকে চেনে না সে ! তার কাঁধে কটা মাথা আছে দেখতে হবে ! তার ভিটেমাটি উচ্ছন্ন করে তবে ছাড়ব ।

দ্বিতীয় । ঠিক কথা । তা না হলে তো সে জন্ম হবে না ।

প্রথম । জন্ম বলে জন্ম ! তাকে নাকের জলে চোখের জলে করব ।

তৃতীয় । শাবাশ দাদা, একবার উঠেপড়ে লাগো তো ।

চতুর্থ । লোকটার বড়ো বাড় বেড়েছে ।

পঞ্চম । পিপিড়ার পাখা ওঠে মরিবার তরে ।

দ্বিতীয় । অতি দর্পে হত লক্ষা ।

চতুর্থ । আচ্ছা, তুমি কী করবে শুনি দাদা !

প্রথম । কী না করতে পারি ! গাধার উপরে চড়িয়ে মাথায় ঘোল ঢালিয়ে শহর ঘুরিয়ে বেড়াতে পারি । তার এক গালে চুন এক গালে কালি লাগিয়ে দেশ থেকে দূর করে দিতে পারি, তার ভিটেয় ঘুঘু চরাতে পারি ।

[ক্রোধে প্রস্থান । হাসিতে হাসিতে অন্য পথিকগণের অনুগমন

প্রথম স্ত্রী । মাইরি, দাদাঠাকুর, আর হাসতে পারি নে, তোমার রঙ্গ রেখে দাও । ওমা, বেলা হয়ে গেল । আজ আর মন্দিরে যাওয়া হল না । আবার আর-এক দিন আসতে হবে । (সক্রোধে) পোড়ারমুখো ছেলে, তোর জন্যেই তো যাওয়া হল না । তুই আবার পথের মধ্যে খেলতে গিয়েছিলি কোথা ?

ছেলে । কেন মা, আমি তো এইখানেই ছিলাম ।

স্ত্রী । ফের আবার নেই করছিস !

[প্রহার, ক্রন্দন ও প্রস্থান

দুইজন ব্রাহ্মণ-বটুর প্রবেশ

প্রথম । মাধব শাস্ত্রীরই জয় ।

দ্বিতীয় । কখনো না, জনার্দন পণ্ডিতই জয়ী ।

প্রথম । শাস্ত্রী বলছেন, স্কুল থেকে সূক্ষ্ম উৎপন্ন হয়েছে ।

দ্বিতীয় । গুরু জনার্দন বলছেন, সূক্ষ্ম থেকে স্কুল উৎপন্ন হয়েছে ।

প্রথম । সে যে অসম্ভব কথা ।

দ্বিতীয় । সেই তো বেদবাক্য ।

প্রথম । কেমন করে হবে ! বৃক্ষ থেকে তো বীজ ।

দ্বিতীয় । দূর মূর্খ, বীজ থেকেই তো বৃক্ষ ।

প্রথম । আগে দিন না আগে রাত ?

দ্বিতীয় । আগে রাত ।

প্রথম । কেমন করে ! দিন না গেলে তো রাত হবে না !

দ্বিতীয় । রাত না গেলে তো দিন হবে না ।

প্রথম । (প্রণাম করিয়া) ঠাকুর, একটা সন্দেহ উপস্থিত হয়েছে ।

সন্ন্যাসী । কী সংশয় ?

দ্বিতীয় । প্রভু, আমাদের দুই গুরুর বিচার শুনে অবধি আমরা দুই জনে মিলে তিন দিন তিন রাত্রি অনবরত ভাবছি স্থূল হতে সূক্ষ্ম, না সূক্ষ্ম হতে স্থূল, কিছুতেই নির্ণয় করতে পারছি নে ।

সন্ন্যাসী । স্থূল কোথা ! স্থূল সূক্ষ্ম ভেদ কিছু নাই,

নানারূপে ব্যক্ত হয় শক্তি প্রকৃতির ।

সবই সূক্ষ্ম, সবই শক্তি, স্থূল সে তো ভ্রম ।

প্রথম । আমিও তো তাই বলি । আমার মাধব গুরুও তো তাই বলেন ।

দ্বিতীয় । আমারও তো ঐ মত । আমার জনার্দন গুরুও তো ঐ মত ।

উভয়ে । (প্রণাম করিয়া) চললেম প্রভু !

[বিবাদ করিতে করিতে প্রস্থান

সন্ন্যাসী । হা রে মূর্খ, দুজনেই বুঝিল না কিছু ।
এক খণ্ড কথা পেয়ে লভিল সাস্তুনা ।
জ্ঞানরত্ন খুঁজে খুঁজে খনি খুঁড়ে মরে—
মুঠো মুঠো বাক্যধূলা আঁচল পুরিয়া,
আনন্দে অধীর হয়ে ঘরে নিয়ে যায় ।

একদল মালিনীর প্রবেশ

গান

বুঝি বেলা বহে যায়,

কাননে আয় তোরা আয় ।

আলোতে ফুল উঠল ফুটে, ছায়ায় ঝরে পড়ে যায় ।

সাধ ছিল রে পরিয়ে দেব মনের মতন মালা গৌথে,

কই সে হল মালা গাঁথা, কই সে এল হায় !

যমুনার ঢেউ যাচ্ছে বয়ে, বেলা চলে যায় ।

পথিক । কেন গো এত দুঃখ কিসের ! মালা যদি থাকে তো গলাও ঢের আছে ।

মালিনী । হাড়কাঠও তো কম নেই ।

দ্বিতীয় মালিনী । পোড়ারমুখো মিন্‌সে, গোরুবাছুর নিয়েই আছে । আর, আমি যে গলা ভেঙে মরছি, আমার দিকে একবার তাকালেও না ! (কাছে গিয়া গা ঘেঁষিয়া) মর্ মিন্‌সে, গায়ের উপর পড়িস কেন ?

সেই লোক । গায়ে পড়ে ঝগড়া কর কেন ! আমি সাত হাত তফাতে দাঁড়িয়ে ছিলুম ।

দ্বিতীয় মালিনী । কেনে গা ! আমরা বাঘ না ভালুক ! নাহয় একটু কাছেই আসতে ! খেয়ে তো ফেলতুম না ।

[হাসিতে হাসিতে সকলের প্রস্থান

একজন বৃদ্ধ ভিক্ষুকের প্রবেশ

গান

ভিক্ষে দে গো ভিক্ষে দে ।

আমি
দ্বারে দ্বারে বেড়াই ঘুরে, মুখ তুলে কেউ চাইলি নে ।
লক্ষ্মী তোদের সদয় হোন, ধনের উপর বাড়ুক ধন—
একটি মুঠো অন্ন চাই গো, তাও কেন পাই নে ।
ওই রে সূর্য উঠল মাথায়, যে যার ঘরে চলেছে—
পিপাসাতে ফাটছে ছাতি, চলতে আর যে পারি নে ।
ওরে, তোদের অনেক আছে, আরো অনেক হবে—
একটি মুঠো দিবি শুধু, আর কিছু চাই নে ।

একদল সৈনিক । (ধাক্কা মারিয়া) সরে যা, সরে যা, পথ ছেড়ে দে । বেটা, চোখ নেই ! দেখছিস ।
মন্ত্রীর পুত্র আসছেন !

[বাদ্য বাজাইয়া চতুর্দোলা চড়িয়া মন্ত্রিপুত্রের প্রবেশ ও প্রস্থান

সন্ন্যাসী । মধ্যাহ্ন আইল, অতি তীক্ষ্ণ রবিকর ।
শূন্য যেন তপ্ত তাম্র-কটাহের মতো ।
ঝাঁ ঝাঁ করে চারি দিক ; তপ্ত বায়ুভরে
থেকে থেকে ঘুরে ঘুরে উড়িছে বালুকা ।
সকাল হইতে আছি, কী দেখিনু হেথা ?
এ দীর্ঘ পরান মোর সংকুচিত করে
পারি কি এদের সাথে মিশিতে আবার ।
কী ঘোর স্বাধীন আমি ! কী মহা আলায় ।
জগতের বাধা নাই— শূন্যে করি বাস ।

তৃতীয় দৃশ্য

অপরাহ্ন । পথ

প্রথম পথিক । পান্থগণ, সরে যাও । হেরো, আসিতেছে
ধর্মপ্রস্ট অনাচারী রঘুর দুহিতা ।

বালিকার প্রবেশ

প্রথম পথিক । ছুঁস নে ছুঁস নে মোরে—
দ্বিতীয় পথিক । সরে যা অশুচি ।
তৃতীয় পথিক । হতভাগী জানিস নে রাজপথ দিয়ে
আনাগোনা করে যত নগরের লোক—
ম্লেচ্ছকন্যা, তুই কেন চলিস এ পথে !
বালিকার পথপার্শ্বে বৃক্ষতলে সরিয়া যাওন

একজন বৃদ্ধা । কে তুমি গা, কার বাছা, চোখে অশ্রুজল,
ভিখারিনী বেশে কেন রয়েছ দাঁড়ায়ে
এক পাশে ?

কাঁদিয়া উঠিয়া

বালিকা । জননী গো আমি অনাথিনী ।
বৃদ্ধা । আহা মরে যাই !
পথিকগণ । ছুঁয়ো না ছুঁয়ো না ওরে—
কে গো তুমি, জান না কি অনাচারী রঘু,
তাহারি দুহিতা ও যে !

বৃদ্ধা । ছি ছি ছি, কী ঘণা !

[প্রস্থান

দেবীমন্দিরের কাছে গিয়া

বালিকা । জগৎ-জননী মা গো, তুমিও কি মোরে
নেবে না ? তুমিও কি, মা ত্যোজিবে অনাথে ?
ঘণায় সবাই যারে দেয় দূর করে
সে কি, মা, তোমারও কোলে পায় না আশ্রয় ?
মন্দির-রক্ষক । দূর হ ! দূর হ তুই অনার্যা অশুচি !
কী সাহসে এসেছিস মন্দিরের মাঝে !

জননী ও দুহিতার প্রবেশ

জননী । আরতির বেলা হল, আয় বাছা আয় ।
আয় রে আয় রে মোর বুক-চেরা ধন !
মন্দিরের দীপ হতে কাজল পরাব,
অকল্যাণ যত-কিছু যাবে দূর হয়ে ।

কন্যা । ও কেও মা !

জননী । ও কেউ না, সরে আয় বাছা !

[প্রস্থান

বালিকা । এ কি কেউ না মা ! এ কি নিতান্ত অনাথা !
এর কি মা ছিল না গো ! ও মা, কোথা তুমি !

সন্ন্যাসীকে দেখিয়া

প্রভু, কাছে যাব আমি ?

সন্ন্যাসী । এসো বৎসে, এসো ।

বালিকা । অনার্যা অশুচি আমি ।
হাসিয়া

সন্ন্যাসী । সকলেই তাই ।

সেই শুচি ধুয়েছে যে সংসারের ধূলা ।
দূরে দাঁড়াইয়া কেন ! ভয় নাই বাছা ।

চমকিয়া

বালিকা । ছুঁয়ো না, ছুঁয়ো না, আমি রঘুর দুহিতা ।

সন্ন্যাসী । নাম কি তোমার বৎসে ?
 বালিকা । কেমনে বলিব ?
 কে আমারে নাম ধরে ডাকিবে প্রভু গো,
 বাল্যে পিতৃমাতৃহীনা আমি ।
 সন্ন্যাসী । বোসো হেথা ।

কাঁদিয়া উঠিয়া

বালিকা । প্রভু, প্রভু, দয়াময়, তুমি পিতা মাতা,
 একবার কাছে তুমি ডেকেছ যখন
 আর মোরে দূর করে দিয়ো না কখনো ।
 সন্ন্যাসী । মুছ অশ্রুজল বৎসে, আমি যে সন্ন্যাসী ।
 নাইকো কাহারো 'পরে ঘৃণা অনুরাগ ।
 যে আসে আসুক কাছে, যায় যাক দূরে,
 জেনো, বৎসে, মোর কাছে সকলি সমান ।
 বালিকা । আমি, প্রভু, দেব নর সবারি তাড়িত,
 মোর কেহ নাই—
 সন্ন্যাসী । আমারো তো কেহ নাই ।
 দেব নর সকলেরে দিয়েছি তাড়ায়ে ।
 বালিকা । তোমার কি মাতা নাই ?
 সন্ন্যাসী । নাই ।
 বালিকা । পিতা নাই ?
 সন্ন্যাসী । নাই বৎসে ।
 বালিকা । সখা কেহ নাই ?
 সন্ন্যাসী । কেহ নাই ।
 বালিকা । আমি তবে কাছে রব, তোজিবে না মোরে ?
 সন্ন্যাসী । তুমি না তোজিলে মোরে আমি তোজিব না ।
 বালিকা । যখন সবাই এসে কহিবে তোমারে—
 রঘুর দুহিতা, ওরে ছুঁয়ো না, ছুঁয়ো না,
 অনার্য অশুচি ও যে ম্লেচ্ছ ধর্মহীন—
 তখনো কি তোজিবে না ? রাখিবে কি কাছে ?
 সন্ন্যাসী । ভয় নাই, চল, বৎসে, তোর গৃহ যেথা ।

[প্রস্থান

চতুর্থ দৃশ্য

পথপার্শ্বে বালিকার ভগ্নকুটির

- বালিকা । পিতা !
- সন্ন্যাসী । আহা, পিতা বলে কে ডাকিলি ওরে !
সহসা শুনিয়া যেন চমকি উঠিনু ।
- বালিকা । কী শিক্ষা দিতেছ, প্রভু, বুঝিতে পারি নে ।
শুধু বলে দাও মোরে আশ্রয় কোথায় ।
কে আমারে ডেকে নেবে, কাছে করে নেবে,
মুখ তুলে মুখপানে কে চাহিবে মোর ?
- সন্ন্যাসী । আশ্রয় কোথায় পাবি এ সংসারমাঝে !
এ জগৎ অন্ধকার প্রকাণ্ড গহ্বর—
আশ্রয় আশ্রয় বলে শত লক্ষ প্রাণী
বিকট গ্রাসের মাঝে ধেয়ে পড়ে গিয়া,
বিশাল জঠরকুণ্ডে কোথা পায় লোপ ।
মিথ্যা রাক্ষসীরা মিলে বাঁধিয়াছে হাট,
মধুর দুর্ভিক্ষরাশি রেখেছে সাজায়ে,
তাই চারি দিক হতে আসিছে অতিথি ।
যত খায় ক্ষুধা জ্বলে, বাড়ে অভিলাষ,
অবশেষে সাধ যায় রাক্ষসের মতো
জগৎ মুঠায় করে মুখেতে পুরিতে ।
হেথা হতে চলে আয়— চলে আয় তোরা ।
- বালিকা । এখানে তো সকলেই সুখে আছে পিতা ।
দূরেতে দাঁড়িয়ে আমি চেয়ে চেয়ে দেখি !
- সন্ন্যাসী । হায় হায়, ইহাদের বুঝাব কেমনে !
সুখ দুঃখ সে তো, বাছা, জগতের পীড়া !
জগৎ জীবন্ত মৃত্যু— অনন্ত যন্ত্রণা !
মরণ মরিতে চায়, মরিছে না তবু—
চিরদিন মৃত্যুরূপে রয়েছে বাঁচিয়া ।
জগৎ মৃত্যুর নদী চিরকাল ধরে
পড়িছে সমুদ্রমাঝে, ফুরায় না তবু—
প্রতি ঢেউ, প্রতি তৃণ, প্রতি জলকণা
কিছুই থাকে না, তবু সে থাকে সমান !
বিশ্ব মহা মৃতদেহ, তারি কীট তোরা
মরণেরে খেয়ে খেয়ে রয়েছিস বেঁচে—
দু দণ্ড ফুরায়ে যাবে কিলিবিলি করি,
আবার মৃতের মাঝে রহিবি মরিয়া ।
- বালিকা । কী কথা বলিছ, পিতা, ভয় হয় শুনে ।
- পথিক । পথে একজন ভিক্ষুক পথিকের প্রবেশ
আশ্রয় কোথায় পাব ? আশ্রয় কোথায় ?

সন্ন্যাসী । আশ্রয় কোথাও নাই— কে চাহে আশ্রয় ?
আশ্রয় কেবল আছে আপনার মাঝে ।
আমি ছাড়া যাহা-কিছু সকলি সংশয় ।
আপনারে খুঁজে লও, ধরো তারে বুকে,
নহিলে ডুবিতে হবে সংশয়পাথারে ।

পথিক । আশ্রয় কে দেবে মোরে ? আশ্রয় কোথায় ?

বাহিরে আসিয়া

বালিকা । আহা, কে গো, আসিবে কি এ মোর কুটিরে ?
কাল প্রাতে চলে যেয়ো শ্রান্তি দূর করে ।
একপাশে পর্ণশয্যা রেখেছি বিছায়ে,
এনে দেব ফলমূল নির্বারের জল ।

পথিক । কে তুমি গো ?

বালিকা । তোমাদেরি একজন আমি ।

পথিক । পিতার কী নাম তব ? কে তুমি বালিকা ?

বালিকা । পরিচয় না পেলে কি আসিবে না ঘরে ?

তবে শুন পরিচয়— রঘু পিতা মম,
অনার্যা অশুচি আমি, বিশ্বের ঘৃণিত ।

চমকিয়া

পথিক । রঘুর দুহিতা তুমি ? সুখে থাকো বাছা !
কাজ আছে অন্যতরে, ত্বরায় যেতে হবে ।

[প্রস্থান

একটা খাট মাথায় হাসিতে হাসিতে পথে একদল লোকের প্রবেশ

সকলে মিলিয়া । হরিবোল— হরিবোল !

প্রথম । বেটা এখনো জাগল না রে ।

দ্বিতীয় । বিষম ভারী ।

একজন পথিক । কে হে, কাকে নিয়ে যাও ?

তৃতীয় । বিন্দে তাঁতি মড়ার মতো ঘুমোচ্ছিল, বেটাকে খাটসুদ্ধ উঠিয়ে এনেছি ।

সকলে । হরিবোল— হরিবোল !

দ্বিতীয় । আর ভাই, বইতে পারি নে, একবার ঝাঁকা দাও, শালা জেগে উঠুক ।

বিন্দে । (সহসা জাগিয়া উঠিয়া) অ্যা অ্যা উ উ !

তৃতীয় । ওরে, শব্দ করে কে রে ।

বিন্দে । ওগো, ওগো, এ কী ! আমি কোথায় যাচ্ছি !

সকলে । (খাট নামাইয়া) চূপ কর্ বেটা !

দ্বিতীয় । শালা মরে গিয়েও কথা কয় !

চতুর্থ । তুই যে মরেছিস রে ! হাত-পাগুলো সিধে করে চিত হয়ে পড়ে থাক ।

বিন্দে । আমি মরি নি, আমি ঘুমোচ্ছিলুম ।

পঞ্চম । মরেছিস তোর ঝঁশ নেই, তুই তর্ক করতে বসলি ! এমনি বেটার বুদ্ধি বটে !

ষষ্ঠ । ওর কথা শোন কেন ! বিপদে পড়ে এখন মিথ্যে কথা বলছে ।

সপ্তম । মিছে দেরি কর কেন ? ও কি আর কবুল করবে ? চলো ওকে পুড়িয়ে নিয়ে আসি গে ।
 বিন্দে । দোহাই বাবা, আমি মরি নি । তোদের পায়ে পড়ি বাবা, আমি মরি নি ।
 প্রথম । আচ্ছা, আগে প্রমাণ কর তুই মরিস নি ।
 বিন্দে । হাঁ, আমি প্রমাণ করে দেব, আমার স্ত্রীর হাতে শাঁখা আছে দেখবে চলো ।
 দ্বিতীয় । না, তা না, ওকে মার, দেখি ওর লাগে কি না ।
 তৃতীয় । (মারিয়া) লাগছে ?
 বিন্দে । উঃ !
 চতুর্থ । এটা কেমন লাগল ?
 বিন্দে । ও বাবা !
 পঞ্চম । এটা কেমন ?
 বিন্দে । তুমি আমার ধর্মবাপ ।

[সহসা ছুটিয়া পলায়ন ও হাসিতে হাসিতে সকলের অনুগমন

সন্ন্যাসী । আহা, শ্রান্তদেহে বালা ঘুমিয়ে পড়েছে !
 ভুলে গেছে সংসারের অনাদর-জ্বালা ।
 কঠিন মাটিতে শুয়ে শিরে হাত দিয়ে
 ঘুমের মায়ের কোলে রয়েছে আরামে ।
 যেন এই বালিকার ছোটো হাত দুটি
 হৃদয়েরে অতি ধীরে করিছে বেঁটন ।
 পালা, পালা, এইবেলা, পালা এইবেলা ।
 ঘুমিয়েছে, এইবেলা ওঠ রে সন্ন্যাসী !
 পলায়ন ! পলায়ন ! ছিছি পলায়ন !
 অবহেলা করি আমি বিশ্বজগতেরে,
 বালিকা দেখিয়া শেষে পলাইতে হবে !
 কখনো না, পালাব না, রহিব এমনি ।
 প্রকৃতি, এই কি তোর মায়াফাঁদ যত !
 এ উর্গাজালে তো শুধু পতঙ্গেরা পড়ে ।

চমকিয়া জাগিয়া

বালিকা । প্রভু, চলে গেছ তুমি ! গেছ কি ফেলিয়া !
 সন্ন্যাসী । কেন যাব ! কার ভয়ে পলাইব আমি !
 ছায়ার মতন তোরে রাখিব কাছেতে,
 তবুও রহিব আমি দূর হতে দূরে ।
 বালিকা । ওই শোনো, রাজপথে মহা কোলাহল ।
 সন্ন্যাসী । কোলাহল-মাঝে আমি রচিব নির্জন,
 নগরে পথের মাঝে তপোবন মোর,
 পাতিব প্রলয়াসন সৃষ্টির হৃদয়ে ।

একদল পুরুষ ও স্ত্রীলোকের প্রবেশ

প্রথম স্ত্রী । (কোনো পুরুষের প্রতি) যাও, যাও, আর মুখের ভালোবাসা দেখাতে হবে না !
 প্রথম পুরুষ । কেন, কী অপরাধ করলুম ?

স্ত্রী। জানি গো জানি, তোমরা পুরুষ-মানুষ, তোমাদের পাষণ প্রাণ।

প্রথম পুরুষ। আচ্ছা, আমাদের পাষণ প্রাণই যদি হবে, তবে ফুলশরকে কেন ডরাই ?

অন্য সকলের প্রতি

কী বল ভাই ? যদি পাষণই হবে তবে কি আর ফুলশরের আঁচড় লাগে !

দ্বিতীয় পুরুষ। বাহবা, বেশ বলেছ।

তৃতীয় পুরুষ। শাবাশ খুড়ো, শাবাশ !

চতুর্থ পুরুষ। (স্ত্রীলোকের প্রতি) কেমন ! এখন জবাব দাও।

প্রথম পুরুষ। না, তাই বলছি। তোমরা তো দশজন আছ, তোমরাই বিচার করে বলো-না কেন, যদি পাষণ প্রাণই হবে তবে—

পঞ্চম পুরুষ। ঠিক কথা বলেছ। তুমি না হলে আমাদের মুখরক্ষা করত কে !

ষষ্ঠ পুরুষ। খুড়ো এক-একটা কথা বড়ো সরেস বলে।

সপ্তম পুরুষ। হাঁঃ, আমিও অমন বলতে পারতুম। ও কি আর নিজে বলে ? কোন্ এক পুঁথি থেকে পড়ে বলছে।

অষ্টম পুরুষ। (আসিয়া) কী হে, কী কথাটা হচ্ছে ? কী কথাটা হচ্ছে ?

প্রথম পুরুষ। শোনো, তোমায় বুঝিয়ে বলি। এই উনি বলছিলেন, তোমরা পুরুষ-মানুষ, তোমাদের পাষণ প্রাণ। তাইতো আমি বললেম, আচ্ছা যদি পাষণ প্রাণই হবে, তবে ফুলশরের আঁচড় লাগবে কী করে ? বুঝেছ ভাবখানা ? অর্থাৎ যদি—

অষ্টম পুরুষ। আমাকে আর বোঝাতে হবে না দাদা ! আমি আর বুঝি নি ! আজ বাইশ বৎসর ধরে আমি নিজ শহরে গুড়ের কারবার করে আসছি, আর একটা মানে বুঝতে পারব না এ কোন্ কথা !

প্রথম পুরুষ। (স্ত্রীলোকের প্রতি) কেমন, এখন একটা জবাব দাও।

সকল স্ত্রীলোকে মিলিয়া গান

কথা কোস নে লো রাই, শ্যামের বড়াই বড়ো বেড়েছে।

কে জানে ও কেমন করে মন কেড়েছে।

শুধু ধীরে বাজায় বাঁশি, শুধু হাসে মধুর হাসি,

গোপিনীদের হৃদয় নিয়ে তবে ছেড়েছে।

একজন পুরুষের গান

প্রিয়ে, তোমার টেঁকি হলে যেতেম বেঁচে

রাঙা চরণতলে নেচে নেচে।

টিপ্টিপিয়ে যেতেম মারা, মাথা খুঁড়ে হতেম সারা,

কানের কাছে কচকচিয়ে মানটি তোমার নিতেম যেচে।

দ্বিতীয় পুরুষ। বাহবা দাদা, বেশ গেয়েছ !

তৃতীয় পুরুষ। বেশ, বেশ, শাবাশ !

সপ্তম পুরুষ। আরে দূর, ওকে কি আর গান বলে ! গাইত বটে নিতাই, যে হাঁ, শুনে চক্ষু দিয়ে অশ্রু পড়ত।

[প্রস্থান]

পঞ্চম দৃশ্য

গুহাদ্বারে

বালিকা । না পিতা, ও-সব কথা বোলো না আমাৰে—
শুনে ভয় করে শুধু, বুঝিতে পারি নে ।
সন্ন্যাসী । তবে থাক্, তবে তুই কাছে আয় মোর,
দেখি তোর অতিমৃদু স্পর্শ সুকোমল ।
আহা, তোর স্পর্শ মোর ধ্যানের মতন—
সীমা হতে নিয়ে যায় অসীমের দ্বারে ।

এ কি মায়া ? এ কি স্বপ্ন ? এ কি মোহঘোর ?
জগৎ কি মায়া করে ছায়া হয়ে গিয়ে
করিছে প্রাণের কাছে অনন্তের ভান ?

দূরে সরিয়া

বালিকা । বালিকা, এ-সব কথা না শুনিবি যদি
সন্ন্যাসীর কাছে তবে এলি কী আশায় ?
আমি শুধু কাছে কাছে রহিব তোমার,
মুখপানে চেয়ে রব বসি পদতলে ।
নগরের পথে যবে হইবে বাহির
ওই হাত ধরে আমি যাব সাথে সাথে ।
সন্ন্যাসী । পিঞ্জরের ছোটো পাখি আহা ক্ষীণ অতি,
এরে কেন নিয়ে যাই অনন্তের মাঝে !
ডানা দিয়ে মুখ ঢেকে ভয়ে হল সারা,
আমার বুকের কাছে লুকাইতে চায় !
আহা, তবে নেবে আয় । থাক্ মুখ ঢেকে ।
বুকের মাঝেতে তবে থাক্ লুকাইয়া ।
এ কি স্নেহ ? আমি কি রে স্নেহ করি এরে ?
না না । স্নেহ কোথা মোর ! কোথা দ্বেষ ঘৃণা !
কাছে যদি আসে কেহ তাড়াব না তারে,
দূরে যদি থাকে কেহ ডাকিব না কাছে ।

প্রকাশ্যে

বাছা, এ আধারে তুই কেমনে রহিবি ?
তোরা সব ছোটো ছোটো আলোকের প্রাণী ।
কুটির রয়েছে তোর নগরের মাঝে,
সেথা আছে লোকজন, গাছপালা, পাখি—
হেথায় কে আছে তোর !
বালিকা । তুমি আছ পিতা ।
যে স্নেহ দিয়েছ তুমি তাই নিয়ে রব ।

হাসিয়া । স্বগত

সন্ন্যাসী । বালিকা কি মনে করে স্নেহ করি ওরে ?
হায় হায়, এ কী ভ্রম ! জানে না সরলা
নিষ্কলঙ্ক এ হৃদয় স্নেহরেখাহীন ।
তাই মনে করে যদি সুখে থাকে থাক্ ।
মোহ নিয়ে ভ্রম নিয়ে বেঁচে থাকে এরা ।

প্রকাশ্যে

বালিকা । যাই বৎসে, গুহামাঝে করি গে প্রবেশ,
সন্ন্যাসী । একবার বসি গিয়ে সমাধি-আসনে ।
ফিরিবে কখন পিতা ?
কেমনে বলিব !
ধ্যানে মগ্ন, নাহি থাকে সময়ের জ্ঞান ।

[প্রস্থান

ষষ্ঠ দৃশ্য

অপরাহ্ন

গুহাদ্বারে সন্ন্যাসীর প্রবেশ

বালিকা । এলে তুমি এতক্ষণে, বসে আছি হেথা—
পিতা, আমি তোমা তরে গিয়েছি বনে,
এনেছি আঁচল ভরে ফলফুল তুলে ।
দেখো চেয়ে কী সুন্দর রাঙা দুটি ফুল ।

হাসিয়া

সন্ন্যাসী । দিতে চাস যদি বাছা, দে তবে যা খুশি ।
মোর কাছে কিছু নাই সুন্দর কুৎসিত ।
এক মুঠা ফুল যদি ভালো লাগে তোর
এক মুঠা ধূলা সেও কী করিল দোষ ?
ভালো মন্দ কেন লাগে ? সবই অর্থহীন ।
আজ বৎসে, সারাদিন কাটালি কী করে ?

বালিকা । ওই দেখো— চুপি চুপি এসো এই দিকে ।
সারাদিন মোর সাথে খেলা করে করে
সাঁঝেতে লতাটি মোর ঘুমিয়ে পড়েছে ।
নুইয়ে পড়েছে ভুঁয়ে কচি ডালগুলি,
পাতাগুলি মুদে গেছে জড়াজড়ি করে ।
এসো পিতা, এইখানে বোসো এর কাছে—
ধীরে ধীরে গায়ে দাও হাতটি বুলিয়ে ।

স্বগত

সন্ন্যাসী । এ কী রে মদিরা আমি করিতেছি পান !
 এ কী মধু অচেতনা পশিছে হৃদয়ে !
 এ কী রে স্বপন-ঘোরে ছাইছে নয়ন !
 আবেশে পরানে আসে গোধূলি ঘনায়ে ।
 পড়িছে জ্ঞানের চোখে মেঘ-আবরণ ।
 ধীরে ধীরে মোহময় মরণের ছায়া
 কেন রে আমারে যেন আচ্ছন্ন করিছে !

সহসা ফুল ফল ছুঁড়িয়া ফেলিয়া
 ভূমিতে পদাঘাত করিয়া

দূর হোক— এ-সকল কিছু ভালো নয়—
 বালিকা, বালিকা, তোর এ কী ছেলেখেলা !
 আমি যে সন্ন্যাসী যোগী মুক্ত নির্বিকার,
 সংসারের গ্রস্থিহীন, স্বাধীন সবল,
 এ ধূলায় ঢাকিবি কি আমার নয়ন !

কিয়ৎক্ষণ থামিয়া

বাছা রে, অমন করে চাহিয়া কেন রে !
 কেন রে নয়ন দুটি করে ছল ছল ।
 জানিস নে তুই মোরা সন্ন্যাসী বিরাগী,
 আমাদের এ-সকল ভালো নাহি লাগে ।
 ছিছি, জনমিল প্রাণে এ কী এ বিকার !
 সহসা কেন রে এত করিল চঞ্চল !
 কোথা লুকাইয়া ছিল হৃদয়ের মাঝে
 ক্ষুদ্র রোষ, অগ্নিজিহ্ব নরকের কীট !
 কোন্ অঙ্ককার হতে উঠিল ফুঁসিয়া !
 এতদিন অনাহারে এখনো মরে নি !
 হৃদয়ে লুকানো আছে এ কী বিভীষিকা !
 কোথা যে কে আছে গুপ্ত কিছু তো জানি নে ।
 হৃদয়শাশান-মাঝে মৃতপ্রাণী যত
 প্রাণ পেয়ে নাচিতেছে কঙ্কালের নাচ,
 কেমনে নিশ্চিন্ত হয়ে রহি আমি আর !

প্রকাশ্যে

দাও, বৎসে, এনে দাও ফলফুল তব,
 দেখাও কোথায় বাছা লতাটি তোমার—
 না, না, আমি চলিলাম নগরে ভ্রমিতে ।
 দু দণ্ড বসিয়া থাকো, আসিব এখনি ।

[প্রস্থান

সপ্তম দৃশ্য

পর্বতশিখরে সন্ন্যাসী

পর্বতপথে দুইজন স্ত্রীলোকের প্রবেশ

গান

বনে এমন ফুল ফুটেছে,
মান করে থাকা আজ কি সাজে !
মান-অভিমান ভাসিয়ে দিয়ে
চলো চলো কুঞ্জমাঝে ।
আজ কোকিলে গেয়েছে কুহু, মুহুরমুহু
আজ কাননে ওই বাঁশি বাজে ।
মান করে থাকা আজ কি সাজে !
আজ মধুরে মিশাবি মধু, পরান-বঁধু
চাঁদের আলোয় ওই বিরাজে
মান করে থাকা আজ কি সাজে !

সন্ন্যাসী । সহসা পড়িল চোখে এ কী মায়াঘোর ।
জগতেরে কেন আজ মনোহর হেরি !
পশ্চিমে কনকসঙ্ক্যা সমুদ্রের মাঝে
সুধীরে নীলের কোলে যেতেছে মিলায়ে ।
নিম্নে বনভূমিমাঝে ঘনায় আঁধার,
সঙ্ক্যার সুবর্ণছায়া উপরে পড়েছে ।
চারি দিকে শান্তিময়ী স্তব্ধতার মাঝে
সিন্ধু শুধু গাহিতেছে অবিশ্রাম গান ।
বামে, দূরে দেখা যায় শৈলপদতলে
শ্যামল তরুর মাঝে নগরের গৃহ ।
কোলাহল থেমে গেছে, পথ জনহীন
দীপ জ্বলে উঠিতেছে দু-একটি ক'রে—
সঙ্ক্যার আরতি হয়, শঙ্খঘণ্টা বাজে ।
প্রকৃতি, এমন তোরে দেখি নি কখনো—
এমন মধুর যদি মায়ামূর্তি তোর,
দূর হতে বসে বসে দেখি-না চাহিয়া !
হেথায় বসি-না কেন রাজার মতন,
জগতের রঙ্গভূমি সম্মুখে আমার !
আমি আজি প্রভু তোর, তুই দাসী মোর,
মায়াবিনী দেখা তোর মায়া অভিনয়,
দেখা তোর জগতের মহা ইন্দ্রজাল ।
খেলা কর্ সম্মুখেতে চন্দ্রসূর্য নিয়ে,
নীলাকাশ রাজছত্র ধর মোর শিরে,
সমস্ত জগৎ দিয়ে কর মোরে পূজা ।

উঠুক রে দিবানিশি সপ্তলোক হতে
বিচিত্র রাগিনীময়ী মায়াময়ী গাথা ।

আর-একদল পথিকের প্রবেশ

গান

মরি লো মরি,
আমায় ঝাঁশিতে ডেকেছে কে !
ভেবেছিলেম ঘরে রব, কোথাও যাব না—
ওই যে, বাহিরে বাজিল ঝাঁশি বলো কী করি ?
শুনেছি কোন্ কুঞ্জবনে যমুনাতীরে
সাঁঝের বেলা বাজে ঝাঁশি ধীর সমীরে—
ওগো তোরা জানিস যদি
আমায় পথ বলে দে ।
আমায় ঝাঁশিতে ডেকেছে কে !
দেখি গে তার মুখের হাসি,
তারে ফুলের মালা পরিয়ে আসি,
তারে বলে আসি তোমার ঝাঁশি
আমার প্রাণে বেজেছে ।
আমায় ঝাঁশিতে ডেকেছে কে !

সন্ন্যাসী ।

জগৎ সম্মুখে মোর সমুদ্রের মতো,
আমি তীরে বসে আছি পর্বতশিখরে—
তরঙ্গতে গ্রহতারা হতেছে আকুল,
ভাসিতেছে কোটি প্রাণী জীর্ণ কাষ্ঠ ধরি ।
আমি শুধু শুনিতেছি কলধ্বনি তার,
আমি শুধু দেখিতেছি তরঙ্গের খেলা ।
কিরণকুস্তলজাল এলায়ে চৌদিকে
রুদ্র তালে নৃত্য করে এ মহাপ্রকৃতি ।
আলোক আঁধার ছায়া, জীবন মরণ,
রাত্রি দিন, আশা ভয়, উত্থান পতন,
এ কেবল তালে তালে পদক্ষেপ তার ।
শত গ্রহ, শত তারা, শত কোটি প্রাণী
প্রতি পদক্ষেপে তার জন্মিছে মরিছে ।
আমি তো ওদের মাঝে কেহ নই আর,
তবে কেন এই নৃত্য দেখি-না বসিয়া !

একজন পথিক

গান

যোগী হে, কে তুমি হৃদি-আসনে ।
বিভূতিভূষিত শুভ্র দেহ,
নাচিছ দিক্ বসনে ।

মহা আনন্দে পুলককায় গঙ্গা উথলি ছলি যায়,
ভালে শিশুশশী হাসিয়া চায়,
জটাজুট ছায় গগনে ।

প্রস্থান

অষ্টম দৃশ্য

গুহাদ্বারে

সন্ন্যাসীর প্রবেশ

সন্ন্যাসী । আয় তোরা, কাছে আয়, কে আসিবি আয়—
সকলি সুন্দর হেরি এ বিশ্বজগতে ।
বালিকা । আমিও কি কাছে যাব ! ডাকো পিতা ডাকো !
কী দোষ করিয়াছিনু বলো বুঝাইয়া !
সন্ন্যাসী । কিছু ভয় করিস নে, কোনো দোষ নেই—
তোরে ফেলে আর কভু যাব না বালিকা ।

গুহার কাছে গিয়া

এ কী অন্ধকার হেথা ! এ কী বন্ধ গুহা !
আয় বাছা, মোরা দৌঁহে বাহিরেতে যাই,
চাঁদের আলোতে গিয়ে বসি একবার ।

বাহিরে আসিয়া

আহা এ কী সুমধুর ! এ কী শান্তিসুধা !
কী আরামে গাছগুলি রয়েছে দাঁড়ায়ে !
মনে সাধ যায় ওই তরু হয়ে গিয়ে
চন্দ্রালোকে দাঁড়াইয়া স্তব্ধ হয়ে থাকি ।
ধীরে ধীরে কত কী যে মনে আসিতেছে ।
অতীতের অতি দূর ফুলবন হতে
বায়ু যেন বহে আসে নিশ্বাসের মতো,
সাথে লয়ে পল্লবের মর্মরবিলাপ,
মিলিত জড়িত শত পুষ্পগন্ধরাশি ।
এমনি জোছনা-রাত্রে কোন্‌খানে ছিনু,
কারা যেন চারি পাশে বসে ছিল মোর !
তোরি মতো দু-একটি মধুমাখা মুখ
চাঁদের আলোতে মিশে পড়িতেছে মনে ।
আর না রে, আর না রে, আর ফিরিব না ।
তোদের অনেক দূরে ফেলিয়া এসেছি ।
অনন্তের পারাবারে ভাসায়েছি তরী,
মাঝে মাঝে অতি দূরে রেখা দেখা যায়—

তোদের সে মেঘময় মায়াদ্বীপগুলি ।
 সেথা হতে কারা তোরা বাঁশিটি বাজায়
 আজিও ডাকিস মোরে ! আমি ফিরিব না ।
 বন্দী করে রেখেছিলি মায়ামুগ্ধ করে,
 পালায়ে এসেছি আমি, হয়েছি স্বাধীন ।
 তীরে বসে গা তোদের মায়াগানগুলি—
 অনন্তের পানে আমি চলেছি ভাসিয়া ।
 বাছা, তুই কাছে আয়, দেখি তোরে আমি,
 মুখেতে পড়েছে তোর চাঁদের কিরণ ।

কাছে আসিয়া

বালিকা । গান পড়িতেছে মনে, গাই বসে পিতা !

গান

মেঘেরা চলে চলে যায়,
 চাঁদেরে ডাকে 'আয় আয়' ।
 ঘুমঘোরে বলে চাঁদ, 'কোথায়— কোথায় !'
 না জানি কোথা চলিয়াছে,
 কী জানি কী যে সেথা আছে,
 আকাশের মাঝে চাঁদ চারি দিকে চায় ।
 সুদূরে— অতি— অতি দূরে,
 বুঝি রে কোন্ সুরপুরে
 তারাগুলি ঘিরে বসে বাঁশরি বাজায় ।
 মেঘেরা তাই হেসে হেসে
 আকাশে চলে ভেসে ভেসে,
 নুকিয়ে চাঁদের হাসি চুরি করে যায় ।

সন্ন্যাসী । এ কী রে চলেছি কোথা, এসেছি কোথায় ?
 বুঝি আর আপনারে পারি নে রাখিতে ।
 বুঝি মরি, ডুবি, বুঝি লুপ্ত হয়ে যাই ।
 ওরে কোন্ অতলেতে যেতেছি তলায়ে—
 সর্বাঙ্গে চাপিছে ভার, আঁখি মুদে আসে ।
 চৌদিকে কী যেন তোরে আসিছে ঘিরিয়া !
 কোথায় রাখিলি তোর পালাবার পথ !
 ঘুমিয়ে ঘুমিয়ে যে রে যেতেছিস চলি,
 সহসা চরণে কোথা লাগিবে আঘাত,
 বিনাশের মাঝখানে উঠিবি জাগিয়া ।
 এখনি ছিড়িয়া ফেল্ স্বপনের মায় ।
 চল্ তোর নিজ রাজ্যে অনন্ত আধারে ।
 যত চন্দ্র সূর্য সেথা ডুবে নিবে যাবে ।
 ক্ষুদ্র এ আলোতে এসে হনু দিশেহারা,
 আধার দেয় না কভু পথ ভুলাইয়া ।

নবম দৃশ্য
গুহায় সন্ন্যাসী

সন্ন্যাসী । আহা এ কী শান্তি, এ কী গভীর বিরাম !
অন্তর বাহির যাবে, যাবে দেশ কাল—
'আছি' মাত্র রবে শুধু, আর কিছু নয় ।

দীপ হস্তে বালিকার প্রবেশ

বালিকা । দুই দিন দুই রাত্রি চলে গেছে পিতা,
গুহার দুয়ারে আমি বসিয়া রয়েছি,
তাই আজ একবার এসেছি দেখিতে ।
একটিও জনপ্রাণী আসে নি হেথায়,
দীর্ঘ দিন, দীর্ঘ রাত্রি গিয়েছে কাটিয়া,
কেন হেথা অন্ধকারে একা বসে আছ !
কতক্ষণ বসে বসে শুনিবু সহসা
তুমি যেন স্নেহবাক্যে ডাকিছ আমারে ।
নিতান্ত একেলা তুমি রয়েছ যে পিতা—
তাই আর পারিনি না, আসিলাম কাছে ।
ওকি প্রভু, কথা কেন কহিছ না তুমি !
ও কী ভাবে চেয়ে আছ মোর মুখপানে !
ভালো লাগিছে না পিতা ? যাব তবে চলে ?

সন্ন্যাসী । না না, এলি যদি, তবে যাস নে চলিয়া ।
আমি তো ডাকি নি তোরে, নিজে এসেছিস !
একটুকু দাঁড়া, তোরে দেখি ভালো করে ।
সংসারের পরপারে ছিলেম যে আমি,
সহসা জগৎ হতে কে তোরে পাঠালে ?
সেথা হতে সাথে করে কেন নিয়ে এলি
দিবালোক, পুষ্পগন্ধ, স্নিগ্ধ সমীরণ !
কিবা তোর সুধাকণ্ঠ, স্নেহমাখা স্বর !
মরি কী অমিয়াময়ী লাবণ্যপ্রতিমা !
সরলতাময় তোর মুখখানি দেখে
জগতের 'পরে মোর হতেছে বিশ্বাস ।
তুই কি রে মিথ্যা মায়া, দু দণ্ডের ভ্রম !
জগতের গাছে তুই ফুটেছিস ফুল,
জগৎ কি তোরি মতো এত সত্য হবে !
চল বাছা, গুহা হতে বাহিরেতে যাই ।
সমুদ্রের এক পারে রয়েছে জগৎ,
সমুদ্রের পরপারে আমি বসে আছি,
মাঝেতে রহিলি তুই সোনার তরণী—

জগৎ-অতীত এই পারাবার হতে
মাঝে মাঝে নিয়ে যাবি জগতের কূলে ।

[প্রস্থান

দশম দৃশ্য গুহার বাহিরে

সন্ন্যাসী ।

আহা একি চারি দিকে প্রভাতবিকাশ !
এ জগৎ মিথ্যা নয়, বুঝি সত্য হবে,
মিথ্যা হয়ে প্রকাশিছে আমাদের চোখে ।
অসীম হতেছে ব্যক্ত সীমারূপ ধরি ।
যাহা-কিছু ক্ষুদ্র ক্ষুদ্র, অনন্ত সকলি !
বালুকার কণা সেও অসীম অপার,
তারি মধ্যে বাঁধা আছে অনন্ত আকাশ—
কে আছে, কে পারে তারে আয়ত্ত করিতে ?
বড়ো ছোটো কিছু নাই, সকলি মহৎ ।
আঁখি মুদে জগতের বাহিরে ফেলিয়া
অসীমের অন্বেষণে কোথা গিয়েছিলি !
সীমা তো কোথাও নাই— সীমা সে তো ভ্রম ।
ভালো করে পড়িব এ জগতের লেখা,
শুধু এ অক্ষর দেখে করিব না ঘণা ।
লোক হতে লোকান্তরে ভ্রমিতে ভ্রমিতে,
একে একে জগতের পৃষ্ঠা উলটিয়া,
ক্রমে যুগে যুগে হবে জ্ঞানের বিস্তার ।
বিশ্বের যথার্থ রূপ কে পায় দেখিতে !
আঁখি মেলি চারি দিকে করিব ভ্রমণ,
ভালোবেসে চাহিব এ জগতের পানে,
তবে তো দেখিতে পাব স্বরূপ ইহার ।

দুই জন পথিকের প্রবেশ

প্রথম ।

আর কত দূরে যাবি, ফিরে যা রে ভাই !
আয় ভাই, এইখানে কোলাকুলি করি ।

দ্বিতীয় ।

কে জানে আবার কবে দেখা হবে ফিরে ।

প্রথম ।

আবার আসিব ফিরে যত শীঘ্র পারি ।

দ্বিতীয় ।

যাবে যদি, একবার দাঁড়াও হেথায় ।

একবার ফিরে চাও নগরের পানে ।

ওই দেখো দূরে ওই গৃহটি তোমার—

চারি দিকে রহিয়াছে লতিকার বেড়া,

ওই সে অশোক গাছ বামে উঠিয়াছে,

ওই তরুতলে বসে আমরা দুজনে
কত রাত্রি জোছনাতে কথা কহিয়াছি ।

প্রথম । দুদিনের এ বিরহ ত্বরায় ফুরাবে,
আনন্দের মাঝে পুন হইবে মিলন ।

দ্বিতীয় । মনে যেন রেখো, সখা, সুদূর প্রবাসে—
পুরাতন এ বন্ধুরে ভুলিয়ো না যেন ।
দেবতা রাখুন সুখে, আর কী কহিব ।

[প্রস্থান

সন্ন্যাসী । আহা, যেতে যেতে দৌঁছে চায় ফিরে ফিরে,
অশ্রুজলে ভালো করে দেখিতে না পায় ।
বিপুল জগৎ-মাঝে দিগন্তের পানে
সখা ওর কোথা গেল, কে জানে কোথায় !
এ কী সংশয়ের দেশে রয়েছি আমরা,
চোখের আড়ালে হেথা সবি অনিশ্চয় ।
বারেক যে কাছ হতে দূরে চলে গেল
হয়তো সে কাছে ফিরে আর আসিবে না ।
তাই সদা চোখে চোখে রেখে দিতে চাই,
তাই সদা টেনে নিই বুকের মাঝেতে ।
কোথা কে অদৃশ্য হয় চারি দিক হতে,
যাহা-কিছু বাকি থাকে ভয়ে তাহাদের
আরো যেন দৃঢ় করে ধরি জড়াইয়া ।
সবাই চলিয়া যায় ভিন্ন ভিন্ন দিশে,
অসীম জগতে মোরা কে কোথায় থাকি,
মাঝে লোক-লোকান্তের ব্যবধান পড়ে ।
তবু কি গলায় দিবি মোহের বন্ধন !
সুখ দুঃখ নিয়ে তবু করিবি কি খেলা !
যে রবে না তবু তারে রাখিবারে চাস !
ওরে, আমি প্রতিদিন দেখিতেছি, যেন
কে আমারে অবিরত আনিতেছে টেনে ।
প্রতিদিন যেন আমি ঘুরিয়া ঘুরিয়া
জগৎ-চক্রের মাঝে যেতেছি পড়িতে—
চারি দিকে জড়াইছে অশ্রুর বাঁধন,
প্রতিদিন কমিতেছে চরণের বল ।

যাক ছিড়ে ! গেল ছিড়ে ! চল্ ছুটে চল্ !
চল্ দূরে— যত দূরে চলে রে চরণ ।
কে ও আসে অশ্রুনেত্রে শূন্যগুহা-মাঝে,
কে ও রে পশ্চাতে ডাকে ‘পিতা পিতা’ ব’লে !
ছিড়ে ফেল, ভেঙে ফেল্ চরণের বাধা—
হেথা হতে চল্ ছুটে, আর দেরি নয় ।

একাদশ দৃশ্য

পথে সন্ন্যাসী

সন্ন্যাসী । এসেছি অনেক দূরে— আর ভয় নাই ।

পায়েতে জড়ালো লতা, ছিন্ন হয়ে গেল ।
সেই মুখ বার বার জাগিতেছে মনে ।
সে যেন করুণ মুখে মনের দুয়ারে
বসে বসে কাঁদিতেছে, ডাকিতেছে সদা !
যতই রাখিতে চাই দুয়ার রুধিয়া—
কিছুতেই যাবে না সে, ফিরে ফিরে আসে,
একটু মনের মাঝে স্থান পেতে চায় ।

নির্ভয়ে গা ঢেলে দিয়ে সংসারের স্রোতে
এরা সবে কী আরামে চলেছে ভাসিয়া ।
যে যাহার কাজ করে, গৃহে ফিরে যায়,
ছোটো ছোটো সুখে দুঃখে দিন যায় কেটে ।
আমি কেন দিবানিশি প্রাণপণ করে
যুক্তিতেছি সংসারের স্রোত-প্রতিকূলে ।
পেরেছি কি এক তিল অগ্রসর হতে !
বিপরীতে মুখ শুধু ফিরাইয়া আছি,
উজানে যেতেছি বলে হইতেছে ভ্রম,
পশ্চাতে স্রোতের টানে চলেছি ভাসিয়া—
সবাই চলেছে যেথা ছুটেছি সেথাই !

দরিদ্র বালিকার প্রবেশ

বালিকা । ওগো, দয়া করো মোরে, আমি অনাথিনী ।

সহসা চমকিয়া উঠিয়া

সন্ন্যাসী । কে রে তুই ? কে রে বাছা ? কোথা হতে এলি ?
অনাথিনী ? তুইও কি তারি মতো তবে ?
তোরেও কি ফেলে কেউ গিয়েছে পলায়ে ?
তারেই কি চারি দিকে খুঁজিয়া বেড়াস ?
বৎসে, কাছে আয় তুই— দে রে পরিচয় ।

বালিকা । ভিখারি বালিকা আমি, সন্ন্যাসী ঠাকুর,
অন্ধ বৃদ্ধ মাতা মোর রোগশয্যাশায়ী ।
আসিয়াছি এক-মুঠা ভিক্ষামের তরে ।

সন্ন্যাসী । আহা বৎসে, নিয়ে চল কুটিরেতে তোর ।
রুগ্ণ তোর জননীরে দেখে আসি আমি ।

কতকগুলি সন্তান লইয়া একজন স্ত্রীলোকের প্রবেশ

স্ত্রী । দেখ্ দেখি, মিশ্রদের বাড়ির ছেলেগুলি কেমন রিষ্টপুষ্ট ! দেখলে দু-দণ্ড চেয়ে থাকতে ইচ্ছে করে— আর ঐদের ছিরি দেখো-না, যেন বৃষকাষ্ঠ দাঁড়িয়ে আছেন, যেন সাত কুলে কেউ নেই, যেন সাত জন্মে খেতে পান না ।

সন্তানগণ । তা আমরা কী করব মা ! আমাদের দোষ কী ?

মা । বললেম— বলি, রোজ সকালে ভালো করে হলুদ মেখে তেল মেখে স্তান কর, ধাত পোষ্টাই হবে, ছিরি ফিরবে— তা তো কেউ শুনবে না ! আহা, ওদের দিকে চাইলে চোখ জুড়িয়ে যায়, রঙ যেন দুধে আলতায়—

সন্তানগণ । আমাদের রঙ কালো তা আমরা কী করব ?

মা । তোদের রঙ কালো কে বললে ? তোদের রঙ মন্দ কী ? তবে কেন ওদের মতো দেখায় না ?

[প্রস্থান

সন্ন্যাসীর প্রবেশ । একটি কন্যা লইয়া স্ত্রীলোকের প্রবেশ

সন্ন্যাসী । কোথায় চলেছ বাছা ?

স্ত্রী । প্রণাম ঠাকুর !

ঘরেতে যেতেছি মোরা ।

সন্ন্যাসী । সেথায় কে আছে ?

স্ত্রী । শাশুড়ি আছেন মোর, আছেন সোয়ামী,
শক্রমুখে ছাই দিয়ে দুটি ছেলে আছে ।

সন্ন্যাসী । কী কাজে কাটাও দিন বলো মোরে বাছা !

স্ত্রী । ঘরকন্না-কাজ আছে, ছেলেপিলে আছে,
গোয়ালে তিনটি গোরু তার করি সেবা,
বিকেলে চরকা কাটি মেয়েটিরে নিয়ে ।

সন্ন্যাসী । সুখেতে কি কাটে দিন ? দুঃখ কিছু নেই ?

স্ত্রী । দয়ার শরীর রাজা প্রজার মা-বাপ,
কোনো দুঃখ নেই প্রভু ! রামরাজ্যে থাকি ।

সন্ন্যাসী । এটি কি তোমারি মেয়ে বাছা !

স্ত্রী । হাঁ ঠাকুর ।

কন্যার প্রতি

যা না রে, প্রভুরে গিয়ে কর্ দণ্ডবৎ ।

সন্ন্যাসী । আয় বৎসে, কাছে আয়, কোলে করি তোরে ।

আসিবি নে ! তুই মোরে চিনেছিস বুঝি—

নিষ্ঠুর কঠিন আমি পাষণহৃদয়,

আমারে বিশ্বাস করে আসিস নে কাছে !

মাকে টানিয়া

কন্যা । মা গো, ঘরে চলো ।

স্ত্রী । তবে প্রণাম ঠাকুর ।

সন্ন্যাসী । যাও বাছা, সুখে থাকো আশীর্বাদ করি ।

[সন্ন্যাসী ব্যতীত সকলের প্রস্থান

বসে বসে কী দেখি এ, এই কি রে সুখ !
 লঘু সুখ লঘু আশা বাহিয়া বাহিয়া
 সংসারসাগরে এরা ভাসিয়া বেড়ায়,
 তরঙ্গের নৃত্য-সনে নৃত্য করিতেছে ।
 দু দিনেতে জীর্ণ হবে এ ক্ষুদ্র তরণী,
 আশ্রয়ের সাথে কোথা মজিবে পাথারে ।
 আমি তো পেয়েছি কূল অটল পর্বতে,
 নিত্য যাহা তারি মাঝে করিতেছি বাস ।
 আবার কেন রে হোথা সম্ভরণ-সাধ !
 ওই অশ্রুসাগরের তরঙ্গহিল্লোলে
 আবার কি দিবানিশি উঠিবি পড়িবি !

চক্ষু মুদিয়া

হৃদয় রে, শাস্ত হও, যাক সব দূরে—
 যাক দূরে, যাক চলে মায়া-মরীচিকা ।
 এসো এসো অন্ধকার, প্রলয়সমুদ্রে
 তপ্ত দীপ্ত দক্ষ প্রাণ দাও ডুবাইয়া ।
 অকূল স্তব্ধতা এসো চারি দিকে ঘিরে,
 কোলাহলে কর্ণ মোর হয়েছে বধির ।
 গেল, সব ডুবে গেল, হইল বিলীন,
 হৃদয়ের অগ্নিজ্বালা সব নিবে গেল !

বালিকার প্রবেশ

বালিকা । পিতা, পিতা, কোথা তুমি পিতা !

চমকিয়া

সন্ন্যাসী । কে রে তুই !
 চিনি নে, চিনি নে তোরে, কোথা হতে এলি !
 বালিকা । আমি, পিতা, চাও পিতা, দেখো পিতা, আমি ।
 সন্ন্যাসী । চিনি নে, চিনি নে তোরে, ফিরে যা, ফিরে যা !
 আমি কারো কেহ নই, আমি যে স্বাধীন ।

পায়ে পড়িয়া

বালিকা । আমারে যেয়ো না ফেলে, আমি নিরাশ্রয় ।
 শুধায়ে শুধায়ে সবে তোমারে খুঁজিয়া
 বহু দূর হতে পিতা, এসেছি যে আমি ।

সহসা ফিরিয়া আসিয়া, বৃকে টানিয়া

সন্ন্যাসী । আয় বাছা, বৃকে আয়, ঢাল অশ্রুধারা !
 ভেঙে যাক এ পাষণ তোর অশ্রুশ্রোতে !
 আর তোরে ফেলে আমি যাব না বালিকা,
 তোরে নিয়ে যাব আমি নূতন জগতে ।

পদাঘাতে ভেঙেছিলু জগৎ আমার—
ছোটো এ বালিকা এর ছোটো দুটি হাতে
আবার ভাঙা জগৎ গড়িয়া তুলিল ।
আহা তোর মুখখানি শুকায়ে গিয়েছে,
চরণ দাঁড়াতে যেন পারিছে না আর ।
অনিদ্রায়, অনাহারে, মধ্যাহ্নতপনে
তিন দিবসের পথ কেমনে এলি রে !
আয় রে বালিকা, তোরে বুকু করে নিয়ে
যেথা ছিনু ফিরে যাই সেই গুহামাঝে ।

[প্রস্থান

দ্বাদশ দৃশ্য

গুহার দ্বারে

সন্ন্যাসী ।

এইখানে সব বুঝি শেষ হয়ে গেল !
যে ধ্যানে অনন্তকাল মগ্ন হব বলে
আসন পাতিয়াছিলু বিশ্বের বাহিরে,
আরম্ভ না হতে হতে ভেঙে গেল বুঝি !
তারি মুখ জাগে মনে সমাধিতে বসে,
তারি মুখ হৃদয়ের প্রলয়-আধারে
সহসা তারার মতো কোথা ফুটে ওঠে,
সেই দিকে আঁখি যেন বন্ধ হয়ে থাকে,
ক্রমে ক্রমে অন্ধকার মিলাইয়া যায়,
জগতের দৃশ্য ধীরে ফুটে ফুটে ওঠে—
গাছপালা, সূর্যালোক, গৃহ, লোকজন
কোথা হতে জেগে ওঠে গুহার মাঝারে ।
সদা মনে হয় বালা কোথায় না জানি,
হয়তো সে গেছে চলে নগরে ভ্রমিতে,
হয়তো কে অনাদর করেছে তাহারে,
এসেছে সে কাঁদো-কাঁদো মুখখানি করে
আমার বুকুর কাছে লুকাইতে মাথা ।

এইখানে সব বুঝি শেষ হয়ে গেল !
মিছে ধ্যান, মিছে জ্ঞান, মিছে আশা মোর !
আকাশবিহারী পাখি উড়িত আকাশে—
মাটি হতে ব্যাধ তারে মারিয়াছে বাণ,
ক্রমেই মাটির পানে যেতেছে পড়িয়া—
ক্রমেই দুর্বল দেহ, শ্রান্ত ভগ্ন পাখা,
ক্রমেই আসিছে নুয়ে অপ্রভেদী মাথা ।
ধুলায়, মৃত্যুর মাঝে লুটাইতে হবে ।

লৌহপিঞ্জরের মাঝে বসিয়া বসিয়া
 আকাশের পানে চেয়ে ফেলিব নিশ্বাস ।
 তবে কি রে আর কিছু নাইকো উপায় !
 দেখো পিতা, লতাটিতে কুঁড়ি ধরিয়াছে,
 প্রভাতের আলো পেলে উঠিবে ফুটিয়া ।

বালিকা ।
 সম্যাসী সবেগে গিয়া লতা ছিড়িয়া ফেলিল

বালিকা ।
 সম্যাসী ।
 ওকি হল ! ওকি হল ! কী করিলে পিতা !
 রাক্ষসী পিশাচী, ওরে, তুই মায়াবিনী—
 দূর হ, এখনি তুই যা রে দূর হয়ে ।
 এত বিষ ছিল তোর ওইটুকু-মাঝে
 অনন্ত জীবন মোর ধ্বংস করে দিলি !
 ওরে, তোরে চিনিয়াছি, আজ চিনিয়াছি—
 প্রকৃতির গুপ্তচর তুই রে রাক্ষসী,
 গলায় বাঁধিয়া দিলি লোহার শৃঙ্খল !
 তুই রে আলেয়া-আলো, তুই মরীচিকা—
 কোন্ পিপাসার মাঝে, দুর্ভিক্ষের মাঝে,
 কোন্ মরুভূমি-মাঝে, শ্মশানের পথে,
 কোন্ মরণের মুখে যেতেছিস নিয়ে !
 ওই-যে দেখি রে তোর নিদারুণ হাসি,
 প্রকৃতির হৃদিহীন উপহাস তুই—
 শৃঙ্খলেতে বেঁধে ফেলে পরাজিত মোরে
 হা হা করে হাসিতেছে প্রকৃতি রাক্ষসী !
 এখনো কি আশা তোর পুরে নি পাষাণী ?
 এখনো করিবি মোরে আরো অপমান !
 আরো ধুলা দিবি ফেলে এ মাথায় মোর !
 আরো গহ্বরেতে মোরে টেনে নিয়ে যাবি !
 না রে না, তা হবে না রে, এখনো যুঝিব—
 এখনো হইব জয়ী, ছিড়িব শৃঙ্খল ।

সম্যাসীর সবেগে গুহা হইতে বহির্গমন
 ও মূর্ছিত হইয়া বালিকার পতন

ত্রয়োদশ দৃশ্য

অরণ্য

ঝড়বৃষ্টি । রাত্রি

সম্যাসী ।
 কে ও রে করুণকণ্ঠে করে আর্তনাদ !
 এখনো কানেতে কেন পশিছে আসিয়া !
 প্রলয়ের শব্দে আজি কাঁপিছে ধরণী—

বজ্রদণ্ড কড়মড়ি ছুটিতেছে ঝড়,
 ক্ষুর সমুদ্রের মতো আধার অরণ্য
 তরুর তরঙ্গ লয়ে উঠিছে পড়িছে !
 তবুও ঝটিকা, তোর বজ্রগীত গেয়ে
 ক্ষুদ্র এক বালিকার ক্ষীণ কণ্ঠধ্বনি
 পারিলি নে ডুবাইতে ! এখনো শুনি যে !
 ওই-যে সে কাঁদিতেছে করুণ স্বরেতে,
 নিশীথের বুক ফেটে উঠিছে সে ধ্বনি ।
 কোথা যাব, কোথা যাব, কোন্ অন্ধকারে—
 জগতের কোন্ প্রান্তে, নিশীথের বুক—
 ধরণীর কোন্ ঘোর, ঘোর গর্ভতলে—
 এ ধ্বনি কোথায় গেলে পশিবে না কানে !
 যাই ছুটে আরো, আরো অরণ্যের মাঝে—
 মহাকায় তরুদের জটিলতা-মাঝে
 দিগ্বিদিক হারাইয়া মগ্ন হয়ে যাই ।

চতুর্দশ দৃশ্য

প্রভাত

সন্ন্যাসী ।

অরণ্য হইতে ছুটিয়া বাহিরে আসিয়া
 যাক, রসাতলে যাক সন্ন্যাসীর ব্রত !

ছুড়িয়া ফেলিয়া

দূর করো, ভেঙে ফেলো দণ্ড কমণ্ডলু !
 আজ হতে আমি আর নহি রে সন্ন্যাসী !
 পাষণসংকল্পভার দিয়ে বিসর্জন
 আনন্দে নিশ্বাস ফেলে ঝাঁচি একবার ।
 হে বিশ্ব, হে মহাতরী, চলেছ কোথায়,
 আমারে তুলিয়া লও তোমার আশ্রয়ে—
 একা আমি সাতারিয়া পারিব না যেতে ।
 কোটি কোটি যাত্রী ওই যেতেছে চলিয়া,
 আমিও চলিতে চাই উহাদেরি সাথে ।
 যে পথে তপন শশী আলো ধরে আছে
 সে পথ করিয়া তুচ্ছ, সে আলো ত্যজিয়া,
 আপনারি ক্ষুদ্র ওই খদ্যোত-আলোকে
 কেন অন্ধকারে মরি পথ খুঁজে খুঁজে !
 জগৎ, তোমারে ছেড়ে পারি নে যে যেতে,
 মহা আকর্ষণে সবে বাঁধা আছি মোরা ।

পাখি যবে উড়ে যায় আকাশের পানে
মনে করে 'এনু বুঝি পৃথিবী ত্যজিয়া',
যত ওড়ে— যত ওড়ে— যত উর্ধ্ব যায়—
কিছুতে পৃথিবী তবু পারে না ছাড়িতে,
অবশেষে শান্তদেহে নীড়ে ফিরে আসে ।

চারি দিকে চাহিয়া

আজি এ জগৎ হেরি কী আনন্দময় !
সবাই আমারে যেন দেখিতে আসিছে ।
নদী তরুলতা পাখি হাসিছে প্রভাতে ।
উঠিয়াছে লোকজন প্রভাত হেরিয়া,
হাসিমুখে চলিয়াছে আপনার কাজে ।
ওই ধান কাটে, ওই করিছে কর্ষণ,
ওই গাভী নিয়ে মাঠে চলেছে গাহিয়া ।
ওই-যে পূজার তরে তুলিতেছে ফুল,
ওই নৌকা লয়ে যাত্রী করিতেছে পার ।
কেহ বা করিছে স্নান, কেহ তুলে জল,
ছেলেরা ধুলায় বসে খেলা করিতেছে,
সখারা দাঁড়ায় পথে কহে কত কথা ।

আহা সে অনাথা বালা কোথায় না জানি !
কে তারে আশ্রয় দেবে, কে তারে দেখিবে !
ব্যথিত হৃদয় নিয়ে কার কাছে যাবে,
কে তারে পিতার মতো বুকে নিয়ে তুলে
নয়নের অশ্রুজল দিবে মুছাইয়া !
কী করেছি, কী বলেছি, সব গেছি ভুলে,
বিস্মৃত দুঃস্বপ্ন শুধু চেপে আছে প্রাণে—
একখানি মুখ শুধু মনে পড়িতেছে,
দুটি আঁখি চেয়ে আছে করুণ বিস্ময়ে ।
আহা, কাছে যাই তার— বুকে নিয়ে তারে
শুধাই গে কী হয়েছে, কী করেছি আমি !
একটি কুটিরের মোরা রহিব দুজনে,
রামায়ণ হতে তারে শুনাব কাহিনী—
সঙ্ক্যার প্রদীপ জ্বলে, শাস্ত্রকথা শুনে,
বালিকা কোলেতে মোর পড়িবে ঘুমায়ে ।

[প্রস্থান

পঞ্চদশ দৃশ্য

পথে

লোকারণ্য

প্রথম পুরুষ । ওরে, আজ আমাদের রাজপুত্রের বিয়ে ।

দ্বিতীয় পুরুষ । তা তো জানি ।

তৃতীয় পুরুষ । ছুটে চল, ছুটে চল, ছুটে চল ।

চতুর্থ পুরুষ । রাজার বাড়ি নবৎ বসেছে, কিন্তু ভাই আমাদের ডুগ্‌ডুগি না বাজলে আমোদ হয় না । তাই কাল সারা রাত্রি মোধোকে আর হরেকে ডেকে তিন জনে মিলে কেবল ডুগ্‌ডুগি বাজিয়েছি ।

স্ত্রীলোক । হাঁ গা, রাজপুত্রের বিয়ে হবে, তা মুড়িমুড়কি বিলোনো হবে না ?

প্রথম পুরুষ । দূর মাগি, রাজপুত্রের বিয়েতে কি মুড়িমুড়কি বিলোনো হয় ? গুড়, ছোলা, চিনির পানা—

দ্বিতীয় পুরুষ । না রে না, খুড়ো আমার শহরে থাকে, তার কাছে শুনেছি, দই দিয়ে ছাতু দিয়ে ফলার হবে ।

অনেকে । ওরে, তবে আজ আনন্দ করে নে রে, আনন্দ করে নে ।

প্রথম পুরুষ । ওরে ও সর্দারের পো, আজ আবার কাজ করতে বসেছিস কেন । ঘর থেকে বেরিয়ে আয় ।

দ্বিতীয় পুরুষ । আজ যে-শালা কাজ করবে তার ঘরে আগুন লাগিয়ে দেব ।

তৃতীয় পুরুষ । না রে ভাই, বসে বসে মালা গাঁথছি, দরজায় ঝুলিয়ে দিতে হবে ।

স্ত্রীলোক । (রুদ্যমান সন্তানের প্রতি) চুপ কর, কাঁদিস নে, কাঁদিস নে, আজ রাজপুত্রের বিয়ে— আজ রাজবাড়িতে যাবি, মুঠো মুঠো চিনি খেতে পাবি ।

[কোলাহল করিতে করিতে প্রস্থান

সন্ন্যাসীর প্রবেশ

সন্ন্যাসী । জগতের মুখে আজি এ কী হাস্য হেরি !
আনন্দতরঙ্গ নাচে চন্দ্রসূর্য ঘেরি ।
আনন্দহিল্লোল কাঁপে লতায় পাতায়,
আনন্দ উচ্ছ্বসি উঠে পাখির গলায়,
আনন্দ ফুটিয়া পড়ে কুসুমে কুসুমে ।

কতকগুলি পথিকের প্রবেশ

প্রথম পথিক । ঠাকুর, প্রণাম হই ।
দ্বিতীয় পথিক । প্রভু গো, প্রণাম ।
তৃতীয় পথিক । এই ছেলেটিরে মোর আশীর্বাদ করো ।
চতুর্থ পথিক । পদধূলি দাও প্রভু, নিয়ে যাই শিরে ।
পঞ্চম পথিক । এনেছি চরণে দিতে গুটি-দুই ফুল ।
সন্ন্যাসী । কেন এরা সবে মোরে করিছে প্রণাম,
আমি তো সন্ন্যাসী নই । ওঠো ভাই, ওঠো—
এসো ভাই, আজ মোরা করি কোলাকুলি ।

রবীন্দ্র-রচনাবলী

আমিও যে একজন তোমাদের মতো,
তোমাদের গৃহমাঝে নিয়ে যাও মোরে ।

জান কি কোথায় আছে মেয়েটি আমার ?
শুধাইতে কেন মোর করিতেছে ভয় !
তার স্নান মুখ দেখে কেহ কি তোমরা
ডেকে নিয়ে যাও নাই গৃহে তোমাদের !
সে বালিকা কোথাও কি পায় নি আশ্রয় ?

ষোড়শ দৃশ্য

গৃহামুখ

ধুলায় পতিত বালিকা

সন্ন্যাসীর দ্রুত প্রবেশ

সন্ন্যাসী ।

নয়ন-আনন্দ মোর, হৃদয়ের ধন,
স্নেহের প্রতিমা ওগো, মা, আমি এসেছি—
ধুলায় পড়িয়া কেন— ওঠ মা ওঠ মা—
পাষাণেতে মুখখানি রেখেছিস কেন ?
আয় রে বৃকের মাঝে— এও তো পাষাণ !
ও মা, এত অভিমান করেছিস কেন !
মুখখানি তুলে দেখ, দুটো কথা ক !
এ কী, এ যে হিম দেহ ! না পড়ে নিশ্বাস—
হৃদয় কেন রে স্তব্ধ, বিবর্ণ মুখানি !

বাছা, বাছা, কোথা গেলি ! কী করিলি রে—
হায় হায়, এ কী নিদারুণ প্রতিশোধ !

বাল্মীকিপ্রতিভা

সূচনা

বাল্মীকিপ্রতিভায় একটি নাট্যকথাকে গানের সূত্র দিয়ে গাঁথা হয়েছিল, মায়ার খেলায় গানগুলিকে গাঁথা হয়েছিল নাট্যসূত্রে। একটা সময় এসেছিল যখন আমার গীতিকাব্যিক মনোবৃত্তির ফাঁকের মধ্যে মধ্যে নাট্যের উকিঝুঁকি চলছিল। তখন সংসারের দেউড়ি পার হয়ে সবে ভিতর-মহলে পা দিয়েছি ; মানুষে মানুষে সম্বন্ধের জাল-বুনোনিটাই তখন বিশেষ করে ঔৎসুক্যের বিষয় হয়ে উঠেছিল। বাল্মীকিপ্রতিভাতে দস্যুর নির্মমতাকে ভেদ করে উচ্ছ্বসিত হল তার অস্তুরগূঢ় করুণা। এইটেই ছিল তার স্বাভাবিক মানবত্ব যেটা ঢাকা পড়েছিল অভ্যাসের কঠোরতায়। একদিন দ্বন্দ্ব ঘটল, ভিতরকার মানুষ হঠাৎ এল বাইরে। প্রকৃতির প্রতিশোধেও এই দ্বন্দ্ব। সন্ন্যাসীর মধ্যে চিরকালের যে মানুষ প্রচ্ছন্ন ছিল তার বাঁধন ছিঁড়ল। কবির মনের মধ্যে বাজছিল মানুষের জয়গান। মায়ার খেলায় গানের ভিতর দিয়ে অল্প যে একটুখানি নাট্য দেখা দিচ্ছে সে হচ্ছে এই যে, প্রমদা আপনার স্বভাবকেই জানতে পারে নি অহংকারে, অবশেষে ভিতর থেকে বাজল বেদনা, ভাঙল মিথ্যে অহংকার, প্রকাশ পেল সত্যকার নারী। মায়াকুমারীদের কাছ থেকে এই ভৎসনা কানে এল

এরা সুখের লাগি চাহে প্রেম, প্রেম মেলে না—

শুধু সুখ চলে যায়, এমনি মায়ার ছলনা।



'বাস্মীকি-প্রতিভা' অভিনয়ে বাস্মীকির ভূমিকায় রবীন্দ্রনাথ



‘বাল্মীকি-প্রতিভা’ অভিনয়

শ্রী সুরেন্দ্র অকশেন্দ্র বাল্মীকি মশঃপ্রকাশ হিতেন্দ্র গগনেন্দ্র ঋতেন্দ্র অদনীন্দ্র বসীঃ

বাল্মীকিপ্রতিভা

প্রথম দৃশ্য

অরণ্য

বনদেবীগণ

সহে না সহে না কাঁদে পরান ।
সাধের অরণ্য হল শ্মশান ।
দস্যুদলে আসি শান্তি করে নাশ,
ত্রাসে সকল দিশ কম্পমান ।
আকুল কানন, কাঁদে সমীরণ,
চকিত মৃগ, পাখি গাহে না গান ।
শ্যামল তৃণদল শোণিতে ভাসিল,
কাতর রোদনরবে ফাটে পাষণ ।
দেবী দুর্গে, চাহো, ত্রাহি এ বনে—
রাখো অধীনী জনে, করো শান্তি দান ।

[প্রস্থান

প্রথম দস্যুর প্রবেশ

আঃ, বেঁচেছি এখন ।

শর্মা ও দিকে আর নন ।

গোলেমালে ফাঁকতালে পালিয়েছি কেমন ।
লাঠালাঠি কাটাকাটি, ভাবতে লাগে দাঁত-কপাটি,
তাই মানটা রেখে প্রাণটা নিয়ে সটকেছি কেমন ।
আসুক তারা আসুক আগে, দুনোদুনি নেব ভাগে—
স্যাঁস্তামিতে আমার কাছে দেখব কে কেমন ।
শুধু মুখের জোরে গলার চোটে লুট-করা ধন নেব লুটে ।
শুধু দুপিয়ে ভুঁড়ি বাজিয়ে তুড়ি করব সরগরম ।

লুটের দ্রব্য লইয়া দস্যুগণের প্রবেশ

এনেছি মোরা এনেছি মোরা রাশি রাশি লুটের ভার ।

করেছি হারখার—

কত গ্রাম পল্লী লুটেপুটে করেছি একাকার ।

প্রথম দস্যু । আজকে তবে মিলে সবে করব লুটের ভাগ,

এ-সব আনতে কত লণ্ডলণ্ড করনু যজ্ঞ-যাগ ।

দ্বিতীয় দস্যু । কাজের বেলায় উনি কোথা যে ভাগেন,

ভাগের বেলায় আসেন আগে আরে দাদা !

বালিকার প্রতি

প্রথম দস্যু । পথ ভুলেছিস সত্যি বটে ? সিধে রাস্তা দেখতে চাস ?
এমন জায়গায় পাঠিয়ে দেব, সুখে থাকবি বারো মাস ।
সকলে । হাঃ হাঃ হাঃ, হাঃ হাঃ হাঃ !

প্রথমের প্রতি

দ্বিতীয় দস্যু । কেমন হে ভাই ! কেমন সে ঠাই ?
প্রথম দস্যু । মন্দ নহে বড়ো,
এক দিন না এক দিন সবাই সেথায় হব জড়ো ।
সকলে । হাঃ হাঃ হাঃ, হাঃ হাঃ হাঃ !
তৃতীয় দস্যু । আয় সাথে আয়, রাস্তা তোরে দেখিয়ে দিই গে তবে—
আর তা হলে রাস্তা ভুলে ঘুরতে নাহি হবে ।
সকলে । হাঃ হাঃ হাঃ, হাঃ হাঃ হাঃ !

বনদেবীগণের প্রবেশ

মরি ও কাহার বাছা, ওকে কোথায় নিয়ে যায় ।
আহা ওই করুণ চোখে ও কার পানে চায় !
বাঁধা কঠিন পাশে, অঙ্গ কাঁপে ত্রাসে,
আঁখি জলে ভাসে, এ কী দশা হয় !
এ বনে কে আছে, যাব কার কাছে, কে ওরে বাঁচায় ।

দ্বিতীয় দৃশ্য

অরণ্যে কালীপ্রতিমা

বাল্মীকি স্তবে আসীন

বাল্মীকি । রাঙা-পদ-পদ্মযুগে প্রণমি গো ভবদারা !
আজি এ ঘোর নিশীথে পূজিব তোমারে তারা !
সুরনর থরহর— ব্রহ্মাণ্ড বিপ্লব করো,
রণরঙ্গে মাতো মা গো, ঘোরা উন্মাদিনী-পারা
ঝলসিয়ে দিশি দিশি ঘুরাও তড়িৎ-অসি,
ছুটাও শোণিতস্রোত, ভাসাও বিপুল ধরা ।
উরো কালী কপালিনী, মহাকালসীমন্তিনী,
লহো জবাপুষ্পাঞ্জলি মহাদেবী পরাৎপরা !

বালিকাকে লইয়া দস্যুগণের প্রবেশ

দস্যুগণ । দেখো, হো ঠাকুর, বলি এনেছি মোরা ।
বড়ো সরেস, পেয়েছি বলি সরেস—

এমন সরেস মছলি, রাজা, জালে না পড়ে ধরা
দেরি কেন ঠাকুর, সেরে ফেলো ত্বরা ।

বাল্মীকি । নিয়ে আয় কৃপাণ, রয়েছে তৃষিতা শ্যামা মা,
শোণিত পিয়াও— যা ত্বরায় ।

লোল জিহ্বা লকলকে, তড়িৎ খেলে চোখে,
করিয়ে খণ্ড দিগ্দিগন্ত ঘোর দস্ত ভায় ।

বালিকা । কী দোষে বাঁধিলে আমায়, আনিলে কোথায় !
পথহারা একাকিনী বনে অসহায়—
রাখো রাখো রাখো, বাঁচাও আমায় !
দয়া করো অনাথারে, কে আমার আছে—
বন্ধনে কাতরতনু মরি যে ব্যথায় !

নেপথ্যে

বনদেবী । দয়া করো অনাথারে, দয়া করো গো—
বন্ধনে কাতর তনু জর্জর ব্যথায় !

বাল্মীকি । এ কেমন হল মন আমার !
কী ভাব এ যে কিছুই বুঝিতে যে পারি নে—
পাষণ হৃদয়ও গলিল কেন রে,
কেন আজি আঁখিজল দেখা দিল নয়নে !
কী মায়া এ জানে গো,
পাষণের বাঁধ এ যে টুটিল,
সব ভেসে গেল গো, সব ভেসে গেল গো—
মরুভূমি ডুবে গেল করুণার প্লাবনে !

প্রথম দস্যু । আরে, কী এত ভাবনা কিছু তো বুঝি না ।

দ্বিতীয় দস্যু । সময় বহে যায় যে ।

তৃতীয় দস্যু । কখন এনেছি মোরা, এখনো তো হল না !

চতুর্থ দস্যু । এ কেমন রীতি তব, বাহ্ রে !

বাল্মীকি । না না হবে না, এ বলি হবে না—
অন্য বলির তরে যা রে যা !

প্রথম দস্যু । অন্য বলি এ রাতে কোথা মোরা পাব ?

দ্বিতীয় দস্যু । এ কেমন কথা কও, বাহ্ রে !

বাল্মীকি । শোন, তোরা শোন এ আদেশ !
কৃপাণ খর্পর ফেলে দে দে !
বাঁধন কর্ ছিন্ন, মুক্ত কর্ এখনি রে ।

যথাদৃষ্ট কৃত

তৃতীয় দৃশ্য

অরণ্য

বাল্মীকি

বাল্মীকি । ব্যাকুল হয়ে বনে বনে
 ভ্রমি একেলা শূন্যমনে ।
 কে পুরাবে মোর কাতর প্রাণ,
 জুড়াবে হিয়া সুধাবরিষনে !

[প্রস্থান

দস্যুগণ বালিকাকে পুনর্বার ধরিয়া আনিয়া

ছাড়ব না ভাই, ছাড়ব না ভাই,
 এমন শিকার ছাড়ব না ।
 হাতের কাছে অম্নি এল, অম্নি যাবে !
 অম্নি যেতে দেবে কে রে !
 রাজাটা খেপেছে রে, তার কথা আর মানব না ।
 আজ রাতে ধুম হবে ভারি,
 নিয়ে আয় কারণ বারি,
 জ্বলে দে মশালগুলো, মনের মতন পূজো দেব—
 নেচে নেচে ঘুরে ঘুরে— রাজাটা খেপেছে রে,
 তার কথা আর মানব না ।

প্রথম দস্যু । রাজা মহারাজা কে জানে, আমিই রাজাধিরাজ ।
 তুমি উজির, কোতোয়াল তুমি,
 ওই ছোঁড়াগুলো বরকন্দাজ ।
 যত-সব কুঁড়ে আছে ঠাই জুড়ে,
 কাজের বেলায় বুদ্ধি যায় উড়ে ।
 পা ধোবার জল নিয়ে আয় ঝট,
 কর তোরা সব যে যার কাজ ।

দ্বিতীয় দস্যু । আছে তোমার বিদ্যে-সাধ্য জানা ।
 রাজত্ব করা এ কি তামাশা পেয়েছ !

প্রথম দস্যু । জানিস না কেটা আমি !

দ্বিতীয় দস্যু । ঢের ঢের জানি— ঢের ঢের জানি ।

প্রথম দস্যু । হাসিস নে, হাসিস নে মিছে, যা যা—

সব আপন কাজে যা যা, যা আপন কাজে ।

দ্বিতীয় দস্যু । খুব তোমার লম্বাচওড়া কথা !

নিতান্ত দেখি তোমায় কৃতান্ত ডেকেছে !

তৃতীয় দস্যু । আঃ কাজ কী গোলমালে, নাহয় রাজাই সাজালে ।

মরবার বেলায় মরবে ওটাই, থাকব ফাঁকতালে ।

প্রথম দস্যু । রাম রাম, হরি হরি, ওরা থাকতে আমি মরি !

তেমন তেমন দেখলে, বাবা, ঢুকব আড়ালে ।

সকলে । ওরে চল্ তবে শিগগিরি,
আনি পুজোর সামিগগিরি ।
কথায় কথায় রাত পোহালো এমনি কাজের ছিরি ।

[প্রস্থান

বালিকা । হা কী দশা হল আমার !
কোথা গো মা করুণাময়ী, অরণ্যে প্রাণ যায় গো !
মুহূর্তের তরে মা গো, দেখা দাও আমারে—
জনমের মতো বিদায় !

পূজার উপকরণ লইয়া দস্যুগণের প্রবেশ
ও কালীপ্রতিমা ঘিরিয়া নৃত্য

এত রঙ্গ শিখেছ কোথা মুগুমালিনী !
তোমার নৃত্য দেখে চিত্ত কাঁপে, চমকে ধরনী ।
ক্ষান্ত দে মা, শাস্ত হ মা, সন্তানের মিনতি ।
রাঙা নয়ন দেখে নয়ন মুদি, ও মা ত্রিনয়নী !

বাল্মীকির প্রবেশ

বাল্মীকি । অহো আস্পর্ধা এ কী তোদের নরাধম !
তোদের কারেও চাহি নে আর, আর, আর না রে—
দূর দূর দূর, আমারে আর ছুঁস নে ।
এ-সব কাজ আর না, এ পাপ আর না,
আর না, আর না— ত্রাহি, সব ছাড়িনু !

প্রথম দস্যু । দীন হীন এ অধম আমি কিছুই জানি নে রাজা !
এরাই তো যত বাধালে জঞ্জাল,
এত করে বোঝাই বোঝে না—
কী করি, দেখো বিচারি ।

দ্বিতীয় দস্যু । বাঃ— এও তো বড়ো মজা, বাহবা !
যত কুয়ের গোড়া ওই তো, আরে বল্-না রে !

প্রথম দস্যু । দূর দূর দূর, নির্লজ্জ আর বকিস নে ।
বাল্মীকি । তফাতে সব সরে যা । এ পাপ আর না,
আর না, আর না— ত্রাহি; সব ছাড়িনু ।

[দস্যুগণের প্রস্থান

বাল্মীকি । আয় মা, আমার সাথে, কোনো ভয় নাহি আর ।
কত দুঃখ পেলি বনে আহা মা আমার !
নয়নে ঝরিছে বারি, এ কি মা সহিতে পারি !
কোমল কাতর তনু কাঁপিতেছে বার বার ।

[প্রস্থান

চতুর্থ দৃশ্য

বনদেবীগণের প্রবেশ

রিম্ ঝিম্ ঘন ঘন রে বরষে ।
 গগনে ঘনঘটা, শিহরে তরুলতা,
 ময়ূর ময়ূরী নাচিছে হরষে ।
 দিশি দিশি সচকিত দামিনী চমকিত,
 চমকি উঠিছে হরিণী তরাসে !

[প্রস্থান

বাল্মীকির প্রবেশ

কোথায় জুড়াতে আছে ঠাই—
 কেন প্রাণ কেন কাঁদে রে !
 যাই দেখি শিকারেতে,
 রহিব আমোদে মেতে,
 ভুলি সব জ্বালা বনে বনে ছুটিয়ে—
 কেন প্রাণ কেন কাঁদে রে !
 আপনা ভুলিতে চাই, ভুলিব কেমনে—
 কেমনে যাবে বেদনা !
 ধরি ধনু আনি বাণ, গাহিব ব্যাধের গান,
 দলবল লয়ে মাতিব ।
 কেন প্রাণ কেন কাঁদে রে !

শৃঙ্গধ্বনিপূর্বক দস্যুগণকে আহ্বান

দস্যুগণের প্রবেশ

দস্যু । কেন রাজা, ডাকিস কেন, এসেছি সবে ।
 বুঝি আবার শ্যামা মায়ের পূজো হবে ?
 বাল্মীকি । শিকারে হবে যেতে, আয় রে সাথে ।
 প্রথম দস্যু । ওরে, রাজা কী বলছে শোন্ ।
 সকলে । শিকারে চল্ তবে ।
 সব্বারে আন্ ডেকে যত দলবল সবে ।

[বাল্মীকির প্রস্থান

এই বেলা সবে মিলে চলো হো, চলো হো !
 ছুটে আয়, শিকারে কে রে যাবি আয় !—
 এমন রজনী বহে যায় যে !
 ধনুর্বাণ বল্লম লয়ে হাতে, আয় আয় আয় আয় রে ।
 বাজা শিঙা ঘন ঘন— শব্দে কাঁপিবে বন—
 আকাশ ফেটে যাবে, চমকিবে পশু পাখি সবে,
 ছুটে যাবে কাননে কাননে ! চারি দিকে ঘিরে
 যাব পিছে পিছে, হো হো হো হো !

বাল্মীকির প্রবেশ

বাল্মীকি । গহনে গহনে যা রে তোরা, নিশি বহে যায় যে ।
 তন্ন তন্ন করি অরণ্য, করী বরাহ খোঁজ্ গে !
 এই বেলা যা রে ।
 নিশাচর পশু সবে, এখনি বাহির হবে—
 ধনুর্বাণ নে রে হাতে, চল্ ত্বরা চল্ ।
 জ্বালায়ে মশাল-আলো, এই বেলা আয় রে ।

[প্রস্থান

প্রথম দস্যু । চল্ চল্ ভাই, ত্বরা করে মোরা আগে যাই ।
 দ্বিতীয় দস্যু । প্রাণপণ খোঁজ্ এ বন সে বন,
 চল্ মোরা ক'জন ও দিকে যাই ।
 প্রথম দস্যু । না না ভাই, কাজ নাই ।
 হোথা কিছু নাই, কিছু নাই—
 ওই ঝোপে যদি কিছু পাই ।
 দ্বিতীয় দস্যু । বরা বরা—
 প্রথম দস্যু । আরে দাঁড়া দাঁড়া, অত ব্যস্ত হলে ফস্কাবে শিকার ।
 চুপি চুপি আয়, চুপি চুপি আয় অশথতলায়—
 এবার ঠিকঠাক হয়ে সব থাক্ ।
 সাবধান ধরো বাণ, সাবধান ছাড়ো বাণ ।
 গেল গেল, ওই, পালায় পালায়, চল্ চল্ ।
 ছোট্ রে পিছে, আয় রে ত্বরা যাই ।

বনদেবীগণের প্রবেশ

কে এল আজি এ ঘোর নিশীথে,
 সাধের কাননে শান্তি নাশিতে !
 মস্ত করী যত পদ্মবন দলে
 বিমল সরোবর মস্থিয়া,
 ঘুমন্ত বিহগে কেন বধে রে
 সঘনে খর শর সঙ্কিয়া !
 তরাসে চমকিয়ে হরিণ-হরিণী
 স্থলিত চরণে ছুটিছে ।
 স্থলিত চরণে ছুটিছে কাননে,
 করুণ নয়নে চাহিছে—
 আকুল সরসী, সারস সারসী
 শরবনে পশি কাঁদিছে ।
 তিমির দিগ্ ভরি ঘোর যামিনী
 বিপদঘনছায়া ছাইয়া—
 কী জানি কী হবে আজি এ নিশীথে,
 তরাসে প্রাণ ওঠে কাঁপিয়া ।

প্রথম দস্যুর প্রবেশ

প্রথম দস্যু । প্রাণ নিয়ে তো সটকেছি রে, করবি এখন কী !
ওরে বরা, করবি এখন কী !
বাবা রে, আমি চুপ করে এই কচুবনে লুকিয়ে থাকি ।
এই মরদের মুরদখানা, দেখেও কি রে ভড়কালি না !
বাহবা, শাবাশ তোরে, শাবাশ রে তোর ভরসা দেখি ।

খোড়াইতে খোড়াইতে

আর-একজন দস্যুর প্রবেশ

অন্য দস্যু । বলব কী আর বলব খুড়ো— উ উ !
আমার যা হয়েছে বলি কার কাছে—
একটা বুনো ছাগল তেড়ে এসে মেরেছে টু ।
প্রথম দস্যু । তখন যে ভারি ছিল জারিজুরি,
এখন কেন করছ বাপু উ উ উ—
কোনখানে লেগেছে বাবা, দিই একটু ফুঁ ।

দস্যুগণের প্রবেশ

দস্যুগণ । সর্দার মশায়, দেরি না সয়—
তোমার আশায় সবাই বসে ।
শিকারেতে হবে যেতে,
মিহি কোমর বাঁধো কষে ।
বন বাদাড সব ঘেঁটে ঘুঁটে
আমরা মরি খেটে খুটে,
তুমি কেবল লুটে পুটে
পেট পোরাবে ঠেসে ঠুসে ।
প্রথম দস্যু । কাজ কী খেয়ে, তোফা আছি—
আমায় কেউ না খেলেই বাঁচি ।
শিকার করতে যায় কে মরতে,
টুঁসিয়ে দেবে বরা মোষে ।
টুঁ খেয়ে তো পেট ভরে না—
সাধের পেটটি যাবে ফেঁসে ।

হাসিতে হাসিতে প্রস্থান ও শিকারের

পশ্চাৎ পশ্চাৎ পুনঃপ্রবেশ

বাল্মীকির দ্রুত প্রবেশ

বাল্মীকি । রাখ রাখ ফেল্ ধনু, ছাড়িস নে বাণ ।
হরিণশাবক দুটি প্রাণভয়ে ধায় ছুটি,
চাহিতেছে ফিরে ফিরে করুণ নয়ান ।
কোনো দোষ করে নি তো, সুকুমার কলেবর—
কেমনে কোমল দেহে বিধিবি কঠিন শর !

থাক্ থাক্ ওরে থাক্, এ দারুণ খেলা রাখ্,
আজ হতে বিসর্জিনু এ ছার ধনুক বাণ ।

[প্রস্থান

দস্যুগণের প্রবেশ

দস্যুগণ । আর না, আর না, এখানে আর না—
আয় রে সকলে চলিয়া যাই ।
ধনুক বাণ ফেলেছে রাজা,
এখানে কেমনে থাকিব ভাই !
চল্ চল্ চল্ এখনি যাই ।

বাল্মীকির প্রবেশ

দস্যুগণ । তোর দশা, রাজা, ভালো তো নয় !
রক্তপাতে পাস রে ভয় !
লাজে মোরা মরে যাই ।
পাখিটি মারিলে কাঁদিয়া খুন,
না জানি কে তোরে করিল গুণ—
হেন কভু দেখি নাই ।

[দস্যুগণের প্রস্থান

পঞ্চম দৃশ্য

বাল্মীকি । জীবনের কিছু হল না হয়—
হল না গো, হল না হয় হয় !
গহনে গহনে কত আর ভ্রমিব, নিরাশার এ আধারে ?
শূন্য হৃদয় আর বহিতে যে পারি না,
পারি না গো পারি না আর ।
কী লয়ে এখন ধরিব জীবন, দিবসরজনী চলিয়া যায়—
দিবসরজনী চলিয়া যায়—
কত কী করিব বলি কত উঠে বাসনা,
কী করিব জানি না গো !
সহচর ছিল যারা ত্যোজিয়া গেল তারা । ধনুর্বাণ ত্যোজেছি,
কোনো আর নাহি কাজ—
কী করি কী করি বলি হাহা করি ভ্রমি গো—
কী করিব জানি না যে !

ব্যাধগণের প্রবেশ

প্রথম ব্যাধ । দেখ্ দেখ্, দুটো পাখি বসেছে গাছে ।
দ্বিতীয় ব্যাধ । আয় দেখি চুপি চুপি আয় রে কাছে ।
প্রথম ব্যাধ । আরে, ঝট্ করে এইবারে ছেড়ে দে রে বাণ ।

দ্বিতীয় ব্যাধ । রোস্ রোস্ আগে আমি করি রে সন্ধান ।
 বাল্মীকি । থাম্ থাম্, কী করিবি বধি পাখিটির প্রাণ !
 দুটিতে রয়েছে সুখে, মনের উল্লাসে গাহিতেছে গান ।
 প্রথম ব্যাধ । রাখো মিছে ও-সব কথা,
 কাছে মোদের এসো নাকো হেথা ।
 চাই নে ও-সব শাস্ত্রের কথা, সময় বহে যায় যে ।
 বাল্মীকি । শোনো শোনো, মিছে রোষ কোরো না ।
 ব্যাধ । থামো থামো ঠাকুর, এই ছাড়ি বাণ ।

একটি ক্রৌঞ্চকে বধ

বাল্মীকি । মা নিষাদ প্রতিষ্ঠাং ত্বমগমঃ শাস্বতীঃ সমাঃ
 যৎ ক্রৌঞ্চমিথুনাদেকমবধীঃ কামমোহিতম্ ।
 কী বলিনু আমি ! এ কী সুললিত বাণী রে !
 কিছু না জানি কেমনে যে আমি প্রকাশিনু দেবভাষা,
 এমন কথা কেমনে শিখিনু রে !
 পুলকে পুরিল মনপ্রাণ, মধু বরষিল শ্রবণে,
 এ কী ! হৃদয়ে এ কী এ দেখি !—
 ঘোর অন্ধকার-মাঝে, এ কী জ্যোতি ভায় !
 অবাক্ !— করুণা এ কার !

সরস্বতীর আবির্ভাব

বাল্মীকি । এ কী এ, এ কী এ, স্থিরচপলা !
 কিরণে কিরণে হল সব দিক উজলা !
 কী প্রতিমা দেখি এ, জোছনা মাখিয়ে
 কে রেখেছে ঝাঁকিয়ে
 আ মরি কমলপুতলা !

[ব্যাধগণের প্রস্থান

বনদেবীগণের প্রবেশ

বনদেবী । নমি নমি ভারতী, তব কমলচরণে ।
 পুণ্য হল বনভূমি ধন্য হল প্রাণ ।
 বাল্মীকি । পূর্ণ হল বাসনা, দেবী কমলাসনা !
 ধন্য হল দস্যুপতি, গলিল পাষণ ।
 বনদেবী । কঠিন ধরাভূমি এ, কমলালয়া তুমি যে—
 হৃদয়কমলে চরণকমল করো দান ।
 বাল্মীকি । তব কমলপরিমলে রাখো হৃদি ভরিয়ে,
 চিরদিবস করিব তব চরণসুধা পান ।

[দেবীগণের অন্তর্ধান

কালীপ্রতিমার প্রতি বাল্মীকি

শ্যামা, এবার ছেড়ে চলেছি মা !
 পাষণের মেয়ে পাষণী, না বুঝে মা বলেছি মা !

এত দিন কী ছল করে তুই, পাষণ করে রেখেছিলি—
 আজ আপন মায়ের দেখা পেয়ে, নয়নজলে গলেছি মা !
 কালো দেখে ভুলি নে আর, আলো দেখে ভুলেছে মন—
 আমায় তুমি ছলেছিলে, এবার আমি তোমায় ছলেছি মা !
 মায়ার মায়া কাটিয়ে এবার মায়ের কোলে চলেছি মা !

ষষ্ঠ দৃশ্য

বাল্মীকি । কোথা লুকাইলে !
 সব আশা নিবিল, দশ দিশি অন্ধকার,
 সবে গেছে চলে ত্যেজিয়ে আমারে—
 তুমিও কি তেয়াগিলে !

লক্ষ্মীর আবির্ভাব

লক্ষ্মী । কেন গো আপন মনে ভ্রমিছ বনে বনে,
 সলিল দু'নয়নে কিসের দুখে ?
 কমলা দিতেছি আসি, রতন রাশি রাশি,
 ফুটুক তবে হাসি মলিন মুখে ।
 কমলা যারে চায়, বলো সে কী না পায়,
 দুখের এ ধরায় থাকে সে সুখে ।
 ত্যেজিয়া কমলাসনে, এসেছি এ ঘোর বনে,
 আমারে শুভক্ষণে হেরো গো চোখে ।

বাল্মীকি । কোথায় সে উষাময়ী প্রতিমা !
 তুমি তো নহ সে দেবী কমলাসনা,
 কোরো না আমারে ছলনা ।
 কী এনেছ ধন মান, তাহা যে চাহে না প্রাণ ।
 দেবী গো, চাহি না, চাহি না, মণিময় ধূলিরাশি চাহি না ।
 তাহা লয়ে সুখী যারা হয় হোক, হয় হোক—
 আমি, দেবী, সে সুখ চাহি না ।
 যাও লক্ষ্মী অলকায়, যাও লক্ষ্মী অমরায়,
 এ বনে এসো না এসো না—
 এসো না এ দীনজন কুটিরে ।
 যে বীণা শুনেছি কানে মন প্রাণ আছে ভোর,
 আর কিছু চাহি না, চাহি না ।

[লক্ষ্মীর অন্তর্ধান
 বাল্মীকির প্রস্থান

বনদেবীগণের প্রবেশ

বাণী বীণাপাণি, করুণাময়ী !
 অন্ধজনে নয়ন দিয়ে অন্ধকারে ফেলিলে,

দরশ দিয়ে লুকালে কোথা দেবী অয়ি !
 স্বপনসম মিলাবে যদি কেন গো দিলে চেতনা,
 চকিতে শুধু দেখা দিয়ে চির মরমবেদনা,
 তোমারে চাহি ফিরিছে, হেরো কাননে কাননে ওই !

[বনদেবীগণের প্রস্থান

বাল্মীকির প্রবেশ

সরস্বতীর আবির্ভাব

বাল্মীকি । এই-যে হেরি গো দেবী আমারই !
 সব কবিতাময় জগত-চরাচর,
 সব শোভাময় নেহারি ।
 ছন্দে উঠিছে চন্দ্রমা, ছন্দে কনকরবি উদিছে,
 ছন্দে জগমগুল চলিছে,
 জ্বলন্ত কবিতা তারকা সবে—
 এ কবিতার মাঝারে তুমি কে গো দেবী,
 আলোকে আলো আধারি !
 আজি মলয় আকুল, বনে বনে এ কী এ গীত গাহিছে,
 ফুল কহিছে প্রাণের কাহিনী,
 নব রাগ-রাগিনী উছাসিছে ।
 এ আনন্দে আজ গীত গাহে মোর হৃদয় সব অবারি ।
 তুমিই কি দেবী ভারতী, কৃপাগুণে অন্ধ আখি ফুটালে,
 উষা আনিলে প্রাণের আধারে,
 প্রকৃতির রাগিনী শিখাইলে !
 তুমি ধন্য গো,
 রব চিরকাল চরণ ধরি তোমারি ।

সরস্বতী ।
 দীনহীন বালিকার সাজে
 এসেছিঁনু এ ঘোর বনমাঝে
 গলাতে পাষণ তোর মন—
 কেন বৎস, শোন্, তাহা শোন্ ।
 আমি বীণাপাণি, তোরে এসেছিঁ শিখাতে গান,
 তোর গানে গলে যাবে সহস্র পাষণ-প্রাণ ।
 যে রাগিনী শুনে তোর গলেছে কঠোর মন
 সে রাগিনী তোরই কণ্ঠে বাজিবে রে অনুক্ষণ ।
 অধীর হইয়া সিঁধু কাঁদিবে চরণতলে,
 চারি দিকে দিক্-বধু আকুল নয়নজলে ।
 মাথার উপরে তোর কাঁদিবে সহস্র তারা,
 অশনি গলিয়া গিয়া হইবে অশ্রু ধারা ।
 যে করুণ রসে আজি ডুবিল রে ও হৃদয়
 শতশ্রোতে তুই তাহা ঢালিবি জগৎময় ।
 যেথায় হিমাদ্রি আছে সেথা তোর নাম রবে,
 যেথায় জাহ্নবী বহে তোর কাব্যশ্রোত ব'বে !

সে জাহ্নবী বহিবেক অযুত হৃদয় দিয়া
 শ্মশান পবিত্র করি, মরুভূমি উর্বরিয়া ।
 মোর পদ্মাসনতলে রহিবে আসন তোর
 নিত্য নব নব গীতে সতত রহিবি ভোর !
 বসি তোর পদতলে কবি-বালকেরা যত
 শুনি তোর কণ্ঠস্বর শিথিবে সংগীত কত ।
 এই নে আমার বীণা, দিনু তোরে উপহার,
 যে গান গাহিতে সাধ, ধ্বনিবে ইহার তার ।

মায়ার খেলা

প্রথম সংস্করণের বিজ্ঞাপন

সখীসমিতির মহিলাশিক্ষামেলায় অভিনীত হইবার উপলক্ষে এই গ্রন্থ উক্ত সমিতি-কর্তৃক মুদ্রিত হইল। ইহাতে সমস্তই কেবল গান, পাঠোপযোগী কবিতা অতি অল্প।

মাননীয় শ্রীমতী সরলা রায়ের অনুরোধে এই নাট্য রচিত হয় এবং তাঁহাকেই সাদর উপহার-স্বরূপে সমর্পণ করিলাম।

ইহার আখ্যানভাগ কোনো সমাজবিশেষে দেশবিশেষে বদ্ধ নহে। সংগীতের কল্পরাজ্যে সমাজনিয়মের প্রাচীর তুলিবার আবশ্যক বিবেচনা করি নাই। কেবল বিনীত ভাবে ভরসা করি, এই গ্রন্থে সাধারণ মানব-প্রকৃতিবিরুদ্ধ কিছু নাই।

আমার পূর্বরচিত একটি অকিঞ্চিৎকর গদ্যনাটিকার সহিত এ গ্রন্থের কিঞ্চিৎ সাদৃশ্য আছে। পাঠকেরা ইহাকে তাহারই সংশোধন-স্বরূপে গ্রহণ করিলে বাধিত হইব।

এই গ্রন্থের তিনটি গান ইতিপূর্বে আমার অন্য কাব্যে প্রকাশিত হইয়াছে।

পাঠক ও দর্শকদিগকে বুঝিতে হইবে যে, মায়াকুমারীগণ এই কাব্যের অন্যান্য পাত্রগণের দৃষ্টি বা শ্রুতি গোচর নহে।

এই নাট্যকাব্যের সংক্ষিপ্ত আখ্যায়িকা পরপৃষ্ঠায় বিবৃত হইল। নতুবা বিচ্ছিন্ন গানের মধ্য হইতে ইহার আখ্যান সংগ্রহ করা সহসা পাঠকদের পক্ষে দুরূহ বোধ হইতে পারে।

প্রথম দৃশ্য

প্রথম দৃশ্যে মায়াকুমারীগণের আবির্ভাব । মায়াকুমারীগণ কুহকশক্তিপ্রভাবে মানব-হৃদয়ে নানাবিধ মায়া সৃজন করে । হাসি, কান্না, মিলন, বিরহ, বাসনা, লজ্জা, প্রেমের মোহ এ-সমস্ত মায়াকুমারীদের ঘটনা । একদিন নব বসন্তের রাতে তাহারা স্থির করিল, প্রমোদপুরের যুবক-যুবতীদের নবীন হৃদয়ে নবীন প্রেম রচনা করিয়া তাহারা মায়ার খেলা খেলিবে ।

দ্বিতীয় দৃশ্য

নবযৌবনবিকাশে গ্রন্থের নায়ক অমর সহসা হৃদয়ের মধ্যে এক অপূর্ব আকাঙ্ক্ষা অনুভব করিতেছে । সে উদাসভাবে জগতে আপন মানসী মূর্তির অনুরূপ প্রতিমা খুঁজিতে বাহির হইতেছে । এ দিকে শান্তা আপন প্রাণমন অমরকেই সমর্পণ করিয়াছে । কিন্তু চিরদিন নিতান্ত নিকটে থাকাতে শান্তার প্রতি অমরের প্রেম জন্মিতে অবসর পায় নাই । অমর শান্তার হৃদয়ের ভাব না বুঝিয়া চলিয়া গেল । মায়াকুমারীগণ পরিহাসচ্ছলে গাহিল—

কাছে আছে দেখিতে না পাও,
কাহার সন্ধানে দূরে যাও !

তৃতীয় দৃশ্য

প্রমদার কুমারীহৃদয়ে প্রেমের উন্মেষ হয় নাই । সে কেবল মনের আনন্দে হাসিয়া খেলিয়া বেড়ায় । সখীরা ভালোবাসার কথা বলিলে সে অবিশ্বাস করিয়া উড়াইয়া দেয় । অশোক ও কুমার তাহার নিকটে আপন প্রেম ব্যক্ত করে, কিন্তু সে তাহাতে ভ্রূক্ষেপ করে না । মায়াকুমারীগণ হাসিয়া বলিল, তোমার এ গর্ব চিরদিন থাকিবে না ।—

প্রেমের ফাঁদ পাতা ভুবনে
কে কোথা ধরা পড়ে কে জানে ।
গরব সব হয় কখন টুটে যায়,
সলিল বহে যায় নয়নে ।

চতুর্থ দৃশ্য

অমর পৃথিবী খুঁজিয়া কাহারও সন্ধান পাইল না । অবশেষে প্রমদার ক্রীড়াকাননে আসিয়া দেখিল, প্রমদার প্রেমলাভে অকৃতার্থ হইয়া অশোক আপন মর্মব্যথা পোষণ করিতেছে । অমর বলিল, যদি ভালোবাসিয়া কেবল কষ্টই সার তবে ভালোবাসিবার প্রয়োজন কী ? কেন-যে লোকে সাধ করিয়া ভালোবাসে অমর বুঝিতেই পারিল না । এমন সময়ে সখীদের লইয়া প্রমদা কাননে প্রবেশ করিল । প্রমদাকে দেখিয়া অমরের মনে সহসা এক নূতন আনন্দ নূতন প্রাণের সঞ্চারণ হইল । প্রমদা দেখিল আর-সকলেই তৃষিত ভ্রমরের ন্যায় তাহার চারি দিকে ফিরিতেছে, কেবল অমর একজন অপরিচিত যুবক দূরে দাঁড়াইয়া আছে । সে আকৃষ্টহৃদয়ে সখীদিগকে বলিল, ‘উহাকে একবার জিজ্ঞাসা করিয়া আয় ও কী চায় !’ সখীদের প্রশ্নের উত্তরে অমরের

অনতিস্ফুট হৃদয়ের ভাব স্পষ্ট ব্যক্ত হইল না । সখীরা কিছু বুঝিল না । কেবল মায়াকুমারীগণ বুঝিল এবং গাহিল—

প্রেমপাশে ধরা পড়েছে দুজনে
দেখো-দেখো, সখী, চাহিয়া ।
দুটি ফুল খসে ভেসে গেল ওই
প্রণয়ের স্রোত বাহিয়া ।

পঞ্চম দৃশ্য

অমরের মনে ক্রমে প্রমদার প্রতি প্রেম প্রবল হইয়া উঠিতে লাগিল । প্রমদারও হৃদয়ের ব্যাকুলতা বাড়িয়া উঠিল, বাহিরের চঞ্চলতা দূর হইয়া গেল । সখীরা প্রমদার অবস্থা বুঝিতে পারিল । কিন্তু পূর্বদৃশ্যে অমরের অস্পষ্ট উত্তর এবং ভাবগতিক দেখিয়া অমরের প্রতি সখীদের বিশ্বাস নাই । এবং সখীদের নিকট হইতে সখীর হৃদয় হরণ করিয়া লইতেছে জানিয়া অমরের প্রতি হয়তো অলক্ষ্যে তাহাদের ঈষৎ মৃদু বিদ্রোষের ভাবও জন্মিয়াছে । অমর যখন প্রমদার নিকট আপনার প্রেম ব্যক্ত করিল প্রমদা কিছু বলিতে না বলিতে সখীরা তাড়াতাড়ি আসিয়া অমরকে প্রচুর ভৎসনা করিল । সরলহৃদয় অমর প্রকৃত অবস্থা কিছু না বুঝিয়া হতাশ্বাস হইয়া ফিরিয়া গেল । ব্যাকুলহৃদয় প্রমদা লজ্জায় বাধা দিবার অবসর পাইল না । মায়াকুমারীগণ গাহিল—

নিমেষের তরে শরমে বাধিল,
মরমের কথা হল না ।
জনমের তরে তাহারি লাগিয়া
রহিল হৃদয়বেদনা ।

ষষ্ঠ দৃশ্য

অমরের অসুখী অশান্ত আশ্রয়হীন হৃদয় সহজেই শান্তার প্রতি ফিরিল । এই দীর্ঘ বিরহে এবং অন্য সকলের প্রেম হইতে বিচ্ছিন্ন হইয়া অমর শান্তার প্রতি নিজের এবং নিজের প্রতি শান্তার অচ্ছেদ্য গূঢ় বন্ধন অনুভব করিবার অবসর পাইল । শান্তার নিকটে আসিয়া আত্মসমর্পণ করিল । এ দিকে প্রমদার সখীরা দেখিল অমর আর ফিরে না, তাহারা প্রত্যাশা করিয়াছিল বাধা পাইয়া অমরের প্রেমানল দ্বিগুণ প্রজ্বলিত হইয়া উঠিবে । তাহাতে নিরাশ হইয়া তাহারা নানা কথার ছলে অমরকে আহ্বান করিতে লাগিল— অমর ফিরিল না ; সখীদের ইঙ্গিত বুঝিতেই পারিল না । ভগ্নহৃদয়া প্রমদা অমরের প্রেমের আশা একেবারেই পরিত্যাগ করিল । মায়াকুমারীগণ গাহিল—

বিদায় করেছ যারে নয়নজলে,
এখন ফিরাবে তারে কিসের ছলে ।

সপ্তম দৃশ্য

শান্তা ও অমরের মিলনোৎসবে পুরনরনারীগণ কাননে সমাগত হইয়া আনন্দ-গান গাহিতেছে । অমর যখন পুষ্পমালা লইয়া শান্তার গলে আরোপণ করিতে যাইতেছে এমন সময় স্নান ছায়ার ন্যায় প্রমদা কাননে প্রবেশ করিল । সহসা অনপেক্ষিত ভাবে উৎসবের মধ্যে

বিষাদপ্রতিমা প্রমদার নিতান্ত করুণ দীন ভাব অবলোকন করিয়া নিমেষের মতো আত্মবিস্মৃত অমরের হস্ত হইতে পুষ্পমালা খসিয়া পড়িয়া গেল। উভয়ের এই অবস্থা দেখিয়া শান্তা ও আর-সকলের মনে বিশ্বাস হইল যে, অমর ও প্রমদার হৃদয় গোপনে প্রেমের বন্ধনে বাঁধা আছে। তখন শান্তা ও সখীগণ অমর ও প্রমদার মিলনসংঘটনে প্রবৃত্ত হইল। প্রমদা কহিল, 'আর কেন ! এখন বেলা গিয়াছে, খেলা ফুরাইয়াছে, এখন আর আমাকে কেন ! এখন এ মালা তোমরা পরো, তোমরা সুখে থাকো।' অমর শান্তার প্রতি লক্ষ করিয়া কহিল, 'আমি মায়ার চক্রে পড়িয়া আপনার সুখ নষ্ট করিয়াছি, এখন আমার এই ভগ্ন সুখ এই ম্লান মালা কাহাকে দিব, কে লইবে ?' শান্তা ধীরে ধীরে কহিল, 'আমি লইব। তোমার দুঃখের ভার আমি বহন করিব। তোমার সাধের ভুল, প্রেমের মোহ দূর হইয়া জীবনের সুখ-নিশা অবসান হইয়াছে— এই ভুলভাঙা দিবালোকে তোমার মুখের দিকে চাহিয়া আমার হৃদয়ের গভীর প্রশান্ত সুখের কথা তোমাকে শুনাইব।' অমর ও শান্তার এইরূপে মিলন হইল। প্রমদা শূন্য হৃদয় লইয়া কাঁদিয়া চলিয়া গেল। মায়াকুমারীগণ গাহিল—

এরা সুখের লাগি চাহে প্রেম, প্রেম মিলে না,
শুধু সুখ চলে যায়— এমনি মায়ার ছলনা।

মায়ার খেলা

প্রথম দৃশ্য

কানন

মায়াকুমারীগণ

- সকলে । মোরা জলে স্থলে কত ছলে মায়াজাল গাঁথি ।
প্রথমা । মোরা স্বপন রচনা করি অলস নয়ন ভরি ।
দ্বিতীয়া । গোপনে হৃদয়ে পশি কুহক-আসন পাতি ।
তৃতীয়া । মোরা মদির তরঙ্গ তুলি বসন্তসমীরে !
প্রথমা । দুরাশা জাগায় প্রাণে-প্রাণে আধো-তানে ভাঙা গানে
ভ্রমরগুঞ্জরাকুল বকুলের পাঁতি !
- সকলে । মোরা মায়াজাল গাঁথি ।
দ্বিতীয়া । নরনারী-হিয়া মোরা বাঁধি মায়াপাশে ।
তৃতীয়া । কত ভুল করে তারা, কত কাঁদে হাসে ।
প্রথমা । মায়াকরে ছায়া ফেলি মিলনের মাঝে,
আনি মান-অভিমান ।
- দ্বিতীয়া । বিরহী স্বপনে পায় মিলনের সাথি ।
সকলে । মোরা মায়াজাল গাঁথি ।
প্রথমা । চলো সখী, চলো ।
কুহক-স্বপন-খেলা খেলাবে চলো ।
- দ্বিতীয়া ও তৃতীয়া । নবীন হৃদয়ে রচি নব প্রেমছল,
প্রমোদে কাটাব নব বসন্তের রাত্তি ।
সকলে । মোরা মায়াজাল গাঁথি ।

দ্বিতীয় দৃশ্য

গৃহ

গমনোন্মুখ অমর । শাস্তার প্রবেশ

শাস্তা । পথহারা তুমি পথিক যেন গো সুখের কাননে,
ওগো যাও, কোথা যাও !
সুখে ঢল ঢল বিবশ বিভল পাগল নয়নে
তুমি চাও, কারে চাও !
কোথা গেছে তব উদাস হৃদয়,
কোথা পড়ে আছে ধরণী !
মায়ার তরণী বাহিয়া যেন গো
মায়াপুরী-পানে ধাও ।
কোন্ মায়াপুরী-পানে ধাও !
অমর । জীবনে আজ কি প্রথম এল বসন্ত !
নবীন বাসনাভরে হৃদয় কেমন করে,
নবীন জীবনে হল জীবন্ত ।
সুখভরা এ ধরায় মন বাহিরিতে চায়,
কাহারে বসাতে চায় হৃদয়ে !
তাহারে খুঁজিব দিক্-দিগন্ত ।

মায়াকুমারীগণের প্রবেশ

সকলে । কাছে আছে দেখিতে না পাও,
তুমি কাহার সঙ্কানে দূরে যাও !
শাস্তার প্রতি
অমর । যেমন দখিনে বায়ু ছুটেছে,
কে জানে কোথায় ফুল ফুটেছে ।
তেমনি আমিও, সখী, যাব—
না জানি কোথায় দেখা পাব ।
কার সুধাস্বর-মাঝে জগতের গীত বাজে—
প্রভাত জাগিছে কার নয়নে !
কাহার প্রাণের প্রেম অনন্ত !
তাহারে খুঁজিব দিক্-দিগন্ত ।

[প্রস্থান

মায়াকুমারীগণ । মনের মতো কারে খুঁজে মর,
সে কি আছে ভুবনে, সে তো রয়েছে মনে ।
ওগো, মনের মতো সেই তো হবে,
তুমি শুভক্ষণে যাহার পানে চাও ।

নেপথ্যে চাহিয়া

শান্তা । আমার পরান যাহা চায়,
 তুমি তাই, তুমি তাই গো !
 তোমা ছাড়া আর এ জগতে
 মোর কেহ নাই কিছু নাই গো !
 তুমি সুখ যদি নাহি পাও
 যাও সুখের সন্ধানে যাও
 আমি তোমারে পেয়েছি হৃদয়মাঝে,
 আর কিছু নাহি চাই গো ।
 আমি তোমার বিরহে রহিব বিলীন,
 তোমাতে করিব বাস,
 দীর্ঘ দিবস, দীর্ঘ রজনী, দীর্ঘ বরষ মাস ।
 যদি আর কারে ভালোবাস,
 যদি আর ফিরে নাহি আস,
 তবে তুমি যাহা চাও, তাই যেন পাও,
 আমি যত দুখ পাই গো ।

নেপথ্যে চাহিয়া

মায়াকুমারীগণ । কাছে আছে দেখিতে না পাও,
 তুমি কাহার সন্ধানে দূরে যাও !
 প্রথমা । মনের মতো কারে খুঁজে মর,
 দ্বিতীয়া । সে কি আছে ভুবনে, সে যে রয়েছে মনে ।
 তৃতীয়া । ওগো, মনের মতো সেই তো হবে,
 তুমি শুভক্ষণে যাহার পানে চাও ।
 প্রথমা । তোমার আপনার যে জন, দেখিলে না তারে ।
 দ্বিতীয়া । তুমি যাবে কার দ্বারে !
 তৃতীয়া । যারে চাবে তারে পাবে না,
 যে মন তোমার আছে যাবে তাও ।

তৃতীয় দৃশ্য

কানন

প্রমদার সখীগণ

প্রথমা । সখী, সে গেল কোথায়,
 তারে ডেকে নিয়ে আয় ।
 সকলে । দাঁড়াব ঘিরে তারে তরুতলায় ।
 প্রথমা । আজি এ মধুর সাঝে কাননে ফুলের মাঝে
 হেসে হেসে বেড়াবে সে, দেখিব তায় ।

দ্বিতীয়া । আকাশে তারা ফুটেছে, দখিনে বাতাস ছুটেছে,
পাখিটি ঘুমঘোরে গেয়ে উঠেছে ।

প্রথমা । আয় লো আনন্দময়ী, মধুর বসন্ত লয়ে—
সকলে । লাবণ্য ফুটাবি লো তরুলতায় !

প্রমদার প্রবেশ

প্রমদা । দে লো, সখী, দে পরাইয়ে গলে
সাধের বকুলফুলহার ।
আধফুট' জুঁইগুলি যতনে আনিয়া তুলি
গাঁথি গাঁথি সাজায়ে দে মোরে
কবরী ভরিয়ে ফুলভার ।
তুলে দে লো চঞ্চল কুন্তল
কপোলে পড়িছে বারেবার ।

প্রথমা । আজি এত শোভা কেন, আনন্দে বিবশা যেন !
দ্বিতীয়া । বিশ্বাধরে হাসি নাহি ধরে,
লাবণ্য ঝরিয়া পড়ে ধরাতলে !

প্রথমা । সখী, তোরা দেখে যা, দেখে যা—
তরুণ তনু এত রূপরাশি
বহিতে পারে না বুঝি আর !

তৃতীয়া । সখী, বহে গেল বেলা, শুধু হাসিখেলা,
এ কি আর ভালো লাগে !
আকুল তিয়াষ, প্রেমের পিয়াস
প্রাণে কেন নাহি জাগে !
কবে আর হবে থাকিতে জীবন
আঁখিতে আঁখিতে মদির মিলন,
মধুর হতাশে মধুর দহন
নিত-নব অনুরাগে !

তরল কোমল নয়নের জল
নয়নে উঠিবে ভাসি,
সে বিষাদনীরে নিবে যাবে ধীরে
প্রখর চপল হাসি ।

উদাস নিশ্বাস আকুলি উঠিবে,
আশা-নিরাশায় পরান টুটিবে,
মরমের আলো কপোলে ফুটিবে,
শরম-অরুণ-রাগে ।

প্রমদা । ওলো, রেখে দে, সখী, রেখে দে,
মিছে কথা ভালোবাসা ।
সুখের বেদনা— সোহাগযাতনা—
বুঝিতে পারি না ভাষা ।
ফুলের বাঁধন, সাধের কাঁদন,
পরান সঁপিতে প্রাণের সাধন,

লহো লহো বলে পরে আরাধন—

পরের চরণে আশা !

তিলেক দরশ পরশ লাগিয়া

বরষ বরষ কাতরে জাগিয়া

পরের মুখের হাসির লাগিয়া

অশ্রুসাগরে ভাসা—

জীবনের সুখ খুঁজিবারে গিয়া

জীবনের সুখ নাশা ।

মায়াকুমারীগণ । প্রেমের ফাঁদ পাতা ভুবনে,
কে কোথা ধরা পড়ে কে জানে !
গরব সব হয় কখন টুটে যায়,
সলিল বহে যায় নয়নে ।

কুমারের প্রবেশ

প্রমদার প্রতি

কুমার । যেয়ো না, যেয়ো না ফিরে—
দাঁড়াও, বারেক দাঁড়াও হৃদয়-আসনে ।
চঞ্চলসমীরসম ফিরিছ কেন
কুসুমে কুসুমে, কাননে কাননে ।
তোমায় ধরিতে চাহি, ধরিতে পারি নে,
তুমি গঠিত যেন স্বপনে ।
এসো হে, তোমারে বারেক দেখি ভরিয়ে আঁখি,
ধরিয়ে রাখি যতনে ।
প্রাণের মাঝে তোমারে ঢাকিব,
ফুলের পাশে বাঁধিয়ে রাখিব,
তুমি দিবস নিশি রহিবে মিশি
কোমল প্রেমশয়নে ।

প্রমদা । কে ডাকে ! আমি কভু ফিরে নাহি চাই ।
কত ফুল ফুটে উঠে, কত ফুল যায় টুটে,
আমি শুধু বহে চলে যাই ।
পরশ পুলকরস-ভরা রেখে যাই, নাহি দিই ধরা ।
উড়ে আসে ফুলবাস, লতাপাতা ফেলে শ্বাস,
বনে বনে উঠে হা-হতাশ—
চকিতে শুনিতে শুধু পাই,
চলে যাই ।
আমি কভু ফিরে নাহি চাই ।

অশোকের প্রবেশ

অশোক । এসেছি গো এসেছি, মন দিতে এসেছি
যারে ভালো বেসেছি !
ফুলদলে ঢাকি মন যাব রাখি চরণে—

পাছে কঠিন ধরণী পায়ে বাজে ।

রেখো রেখো চরণ হৃদিমাঝে ।

নাহয় দলে যাবে, প্রাণ ব্যথা পাবে—

আমি তো ভেসেছি, অকূলে ভেসেছি ।

প্রমদা । ওকে বলো সখী, বলো, কেন মিছে করে ছল—

মিছে হাসি কেন সখী, মিছে আঁখিজল !

জানি নে প্রেমের ধারা ভয়ে তাই হই সারা,

কে জানে কোথায় সুধা কোথা হলাহল ।

সখীগণ । কাঁদিতে জানে না এরা, কাঁদাইতে জানে কল,

মুখের বচন শুনি মিছে কী হইবে ফল !

প্রেম নিয়ে শুধু খেলা, প্রাণ নিয়ে হেলাফেলা,

ফিরে যাই এই বেলা, চলো সখী, চলো !

[প্রস্থান

মায়াকুমারীগণ । প্রেমের ফাঁদ পাতা ভুবনে,
কে কোথা ধরা পড়ে কে জানে ।
গরব সব হয় কখন টুটে যায়,
সলিল বহে যায় নয়নে ।
এ সুখধরণীতে, কেবলি চাহ নিতে—
জান না হবে দিতে আপনা,
সুখের ছায়া ফেলি কখন যাবে চলি,
বরিবে সাধ করি বেদনা ।
কখন বাজে বাঁশি, গরব যায় ভাসি—
পরান পড়ে আসি বাঁধনে ।

চতুর্থ দৃশ্য

কানন

অমর কুমার ও অশোক

অমর । মিছে ঘুরি এ জগতে কিসের পাকে,
মনের বাসনা যত মনেই থাকে ।
বুঝিয়াছি এ নিখিলে, চাহিলে কিছু না মিলে,
এরা, চাহিলে আপন মন গোপনে রাখে ।
এত লোক আছে, কেহ কাছে না ডাকে ।

অশোক । তারে দেখাতে পারি নে কেন প্রাণ খুলে গো !
কেন বুঝাতে পারি নে হৃদয়বেদনা ।
কেমনে সে হেসে চলে যায়,
কোন প্রাণে ফিরেও না চায়,
এত সাধ এত প্রেম করে অপমান !

এত ব্যথাভরা ভালোবাসা, কেহ দেখে না—
প্রাণে গোপনে রহিল ।

এ প্রেম কুসুম যদি হত,
প্রাণ হতে ছিড়ে লইতাম,
তার চরণে করিতাম দান—
বুঝি সে তুলে নিত না,
শুকাত অনাদরে,
তবু তার সংশয় হত অবসান ।

কুমার । সখা, আপন মন নিয়ে কাঁদিয়ে মরি
পরের মন নিয়ে কী হবে !
আপন মন যদি বুঝিতে নারি
পরের মন বুঝে কে করে !

অমর । অবোধ মন লয়ে ফিরি ভবে,
বাসনা কাঁদে প্রাণে হা হা রবে—
এ মন দিতে চাও দিয়ে ফেলো
কেন গো নিতে চাও মন তবে ।

স্বপনসম সব জানিয়ো মনে,
তোমার কেহ নাই এ ত্রিভুবনে—
যে জন ফিরিতেছে আপন আশে,
তুমি ফিরিছ কেন তাহার পাশে ?
নয়ন মেলি শুধু দেখে যাও,
হৃদয় দিয়ে শুধু শান্তি পাও !

কুমার । তোমারে মুখ তুলে চাহে না যে,
থাক্ সে আপনার গরবে ।

অশোক । আমি, জেনে শুনে বিষ করেছি পান,
প্রাণের আশা ছেড়ে সঁপেছি প্রাণ ।
যতই দেখি তারে ততই দহি,
আপন মনোজ্বালা নীরবে সহি—
তবু পারি নে দূরে যেতে, মরিতে আসি,
লই গো বুক পেতে অনলবাণ ।
যতই হাসি দিয়ে দহন করে
ততই বাড়ে তৃষা প্রেমের তরে,
প্রেম-অমৃতধারা ততই যাচি
যতই করে প্রাণে অশনি দান !

অমর । ভালোবেসে যদি সুখ নাহি তবে কেন,
তবে কেন মিছে ভালোবাসা ।

অশোক । মন দিয়ে মন পেতে চাহি ।

অমর ও কুমার । ওগো কেন,

ওগো কেন মিছে এ দুরাশা !

অশোক । হৃদয়ে জ্বালায়ে বাসনার শিখা,

নয়নে সাজায়ে মায়ামরীচিকা,
শুধু ঘুরে মরি মরুভূমে ।

অমর ও কুমার । ওগো কেন,

ওগো কেন মিছে এ পিপাসা !

অমর । আপনি যে আছে আপনার কাছে,
নিখিল জগতে কী অভাব আছে !
আছে মন্দ সমীরণ, পুষ্পবিভূষণ,
কোকিলকূজিত কুঞ্জ ।

অশোক । বিশ্বচরাচর লুপ্ত হয়ে যায়,
এ কী ঘোর প্রেম অন্ধ রাহুপ্রায়
জীবন যৌবন গ্রাসে !

অমর ও কুমার । তবে কেন,

তবে কেন মিছে এ কুয়াশা !

মায়াকুমারীগণ । দেখো চেয়ে, দেখো ওই কে আসিছে !
চাঁদের আলোতে কার হাসি হাসিছে ।
হৃদয়দুয়ার খুলিয়ে দাও, প্রাণের মাঝারে তুলিয়ে লও,
ফুলগন্ধ সাথে তার সুবাস ভাসিছে ।

প্রমদা ও সখীগণের প্রবেশ

প্রমদা । সুখে আছি সুখে আছি, সখা, আপন মনে ।

প্রমদা ও সখীগণ । কিছু চেয়ো না, দূরে যেয়ো না—
শুধু চেয়ে দেখো, শুধু ঘিরে থাকো কাছাকাছি ।

প্রমদা । সখা, নয়নে শুধু জানাবে প্রেম, নীরবে দিবে প্রাণ,
রচিয়া ললিত মধুর বাণী আড়ালে গাবে গান ।
গোপনে তুলিয়া কুসুম গাঁথিয়া রেখে যাবে মালাগাছি ।

প্রমদা ও সখীগণ । মন চেয়ো না, শুধু চেয়ে থাকো,
শুধু ঘিরে থাকো কাছাকাছি ।

প্রমদা । মধুর জীবন, মধুর রজনী, মধুর মলয়বায় ।
এই মাধুরী-ধারা বহিছে আপনি, কেহ কিছু নাহি চায় ।
আমি আপনার মাঝে আপনি হারা, আপন সৌরভে সারা,
যেন আপনার মন আপনার প্রাণ আপনারে সঁপিয়াছি ।

অশোক । ভালোবেসে দুখ সেও সুখ, সুখ নাহি আপনাতে ।

প্রমদা ও সখীগণ । না না না, সখা, ভুলি নে ছলনাতে ।

কুমার । মন দাও দাও দাও, সখী, দাও পরের হাতে ।

প্রমদা ও সখীগণ । না না না, মোরা ভুলি নে ছলনাতে ।

অশোক । সুখের শিশির নিমেষে শুকায়, সুখ চেয়ে দুখ ভালো—
আনো, সজল বিমল প্রেম ছলছল নলিননয়ন-পাতে ।

প্রমদা ও সখীগণ । না না না, মোরা ভুলি নে ছলনাতে ।

কুমার । রবির কিরণে ফুটিয়া নলিনী আপনি টুটিয়া যায়,
সুখ পায় তায় সে ।

চিরকলিকাজনম কে করে বহন চিরশিশিররাতে ।

- প্রমদা ও সখীগণ । না না না, মোরা ভুলি নে ছলনাতে !
 অমর । ওই কে গো হেসে চায়, চায় প্রাণের পানে ।
 গোপনে হৃদয়তলে কী জানি কিসের ছলে
 আলোক হানে ।
 এ প্রাণ নূতন করে কে যেন দেখালে মোরে,
 বাজিল মরমবীণা নূতন তানে ।
 এ পুলক কোথা ছিল, প্রাণ ভরি বিকশিল,
 তৃষা-ভরা তৃষা-হরা এ অমৃত কোথা ছিল !
 কোন্ চাঁদ হেসে চাহে, কোন্ পাখি গান গাহে,
 কোন্ সমীরণ বহে লতাবিতানে ।
- প্রমদা । দূরে দাঁড়ায়ে আছে, কেন আসে না কাছে !
 ওলো যা তোরা, যা সখী, যা শুধা গে
 ওই আকুল অধর আঁখি কী ধন যাচে ।
- সখীগণ । ছি, ওলো ছি, হল কী, ওলো সখী !
 প্রথমা । লাজবঁধ কে ভাঙিল, এত দিনে শরম টুটিল !
 তৃতীয়া । কেমনে যাব, কী শুধাব !
 প্রথমা । লাজে মরি, কী মনে করে পাছে ।
 প্রমদা । যা, তোরা যা সখী, যা শুধা গে
 ওই আকুল অধর আঁখি কী ধন যাচে ।
- মায়াকুমারীগণ । প্রেমপাশে ধরা পড়েছে দুজনে
 দেখো দেখো সখী, চাহিয়া—
 দুটি ফুল খসে ভেসে গেল ওই,
 প্রণয়ের স্রোত বাহিয়া ।
 অমরের প্রতি
- সখীগণ । ওগো, দেখি, আঁখি তুলে চাও—
 তোমার চোখে কেন ঘুমঘোর !
 অমর । আমি কী যেন করেছি পান,
 কোন্ মদিরা রস-ভোর ।
 আমার চোখে তাই ঘুমঘোর ।
- সখীগণ । ছি ছি ছি !
 অমর । সখী, ক্ষতি কী !
 এ ভবে কেহ জ্ঞানী অতি, কেহ ভোলামন,
 কেহ সচেতন, কেহ অচেতন,
 কাহারো নয়নে হাসির কিরণ
 কাহারো নয়নে লোর ।
 আমার চোখে শুধু ঘুমঘোর ।
- সখীগণ । সখা, কেন গো অচলপ্রায়
 হেথা, দাঁড়ায়ে তরুছায় ।
 অমর । অবশ হৃদয়ভারে, চরণ
 চলিতে নাহি চায়,
 তাই দাঁড়ায়ে তরুছায় ।

সখীগণ । ছি ছি ছি !

অমর । সখী, ক্ষতি কী !

এ ভবে কেহ পড়ে থাকে, কেহ চলে যায়,
কেহ বা আলসে চলিতে না চায়,
কেহ বা আপনি স্বাধীন, কাহারো
চরণে পড়েছে ডোর ।

কাহারো নয়নে লেগেছে ঘোর ।

সখীগণ । ওকে বোঝা গেল না— চলে আয় চলে আয় ।

ও কী কথা যে বলে সখী, কী চোখে যে চায় !

চলে আয়, চলে আয় ।

লাজ টুটে শেষে মরি লাজে,

মিছে কাজে,

ধরা দিবে না যে, বলো কে পারে তায় ।

আপনি সে জানে তার মন কোথায় ।

চলে আয়, চলে আয় ।

[প্রস্থান

মায়াকুমারীগণ । প্রেমপাশে ধরা পড়েছে দুজনে

দেখো দেখো, সখী, চাহিয়া ।

দুটি ফুল খসে ভেসে গেল ওই

প্রণয়ের স্রোত বাহিয়া ।

চাঁদিনী যামিনী, মধু সমীরণ,

আধো ঘুমঘোর, আধো জাগরণ,

চোখোচোখি হতে ঘটালে প্রমাদ

কুহস্বরে পিক গাহিয়া

দেখো দেখো, সখী, চাহিয়া ।

পঞ্চম দৃশ্য

কানন

অমর । দিবসরজনী, আমি যেন কার

আশায় আশায় থাকি ।

তাই চমকিত মন, চকিত শ্রবণ,

তৃষিত আকুল আঁখি ।

চঞ্চল হয়ে ঘুরিয়ে বেড়াই,

সদা মনে হয় যদি দেখা পাই,

‘কে আসিছে’ বলে চমকিয়ে চাই

কাননে ডাকিলে পাখি ।

জাগরণে তারে না দেখিতে পাই,

থাকি স্বপনের আশে—
 ঘুমের আড়ালে যদি ধরা দেয়,
 বাঁধিব স্বপনপাশে ।
 এত ভালোবাসি, এত যারে চাই,
 মনে হয় না তো সে যে কাছে নাই—
 যেন এ বাসনা ব্যাকুল আবেগে
 তাহারে আনিবে ডাকি ।

প্রমদা সখীগণ অশোক ও কুমারের প্রবেশ

কুমার । সখী, সাধ করে যাহা দেবে তাই লইব ।
 সখীগণ । আহা মরি মরি সাধের ভিখারি,
 তুমি মনে মনে চাহ প্রাণমন ।
 কুমার । দাও যদি ফুল, শিরে তুলে রাখিব ।
 সখী । দেয় যদি কাঁটা—
 কুমার । তাও সহিব ।
 সখীগণ । আহা মরি মরি সাধের ভিখারি,
 তুমি মনে মনে চাহ প্রাণমন ।
 কুমার । যদি একবার চাও, সখী, মধুর নয়ানে
 ওই আঁখি-সুধাপানে
 চিরজীবন মাতি রহিব ।
 সখীগণ । যদি কঠিন কটাক্ষ মিলে—
 কুমার । তাও হৃদয়ে বিধায়ে চিরজীবন বহিব ।
 সখীগণ । আহা মরি মরি সাধের ভিখারি,
 তুমি মনে মনে চাহ প্রাণমন ।
 প্রমদা । আমি হৃদয়ের কথা বলিতে ব্যাকুল,
 শুধাইল না কেহ ।
 সে তো এল না, যারে সঁপিলাম
 এই প্রাণ মন দেহ ।
 সে কি মোর তরে পথ চাহে,
 সে কি বিরহগীত গাহে,
 যার বাঁশরি-ধ্বনি শুনিয়ে
 আমি তাজিলাম গেহ ।
 মায়াকুমারীগণ । নিমেষের তরে শরমে বাধিল,
 মরমের কথা হল না ।
 জনমের তরে তাহারি লাগিয়ে
 রহিল মরমবেদনা ।

প্রমদার প্রতি

অশোক । ওগো সখী, দেখি দেখি মন কোথা আছে ।

সখীগণ । কত কাতর হৃদয় ঘুরে ঘুরে হেরো কারে যাচে ।

অশোক । কী মধু, কী সুখা, কী সৌরভ,
কী রূপ রেখেছ লুকায়ে !

সখীগণ । কোন্ প্রভাতে কোন্ রবির আলোকে
দিবে খুলিয়ে কাহার কাছে ।

অশোক । সে যদি না আসে এ জীবনে,
এ কাননে পথ না পায় !

সখীগণ । যারা এসেছে তারা বসন্ত ফুরালে
নিরাশ প্রাণে ফেরে পাছে ।

প্রমদা । এ তো খেলা নয়, খেলা নয়—
এ যে হৃদয়দহনজ্বালা সখী !

এ যে প্রাণভরা ব্যাকুলতা,
গোপন মনের বাথা,

এ যে কাহার চরণোদ্দেশে জীবন মরণ ঢালা ।
কে যেন সতত মোরে

ডাকিয়া আকুল করে—

যাই যাই করে প্রাণ, যেতে পারি নে ।

যে কথা বলিতে চাহি

তা বুঝি বলিতে নাহি—

কোথায় নামায়ে রাখি, সখী, এ প্রেমের ডালা !

যতনে গাঁথিয়ে শেষে পরাতে পারি নে মালা ।

প্রথমা সখী । সে জন কে, সখী, বোঝা গেছে
আমাদের সখী যারে মনপ্রাণ ঝঁপেছে ।

দ্বিতীয়া ও তৃতীয়া । ও সে কে, কে, কে !

প্রথমা । ওই-যে তরুতলে, বিনোদমালা গলে,
না জানি কোন্ ছলে বসে রয়েছে ।

দ্বিতীয়া । সখী, কী হবে—

ও কি কাছে আসিবে কভু, কথা কবে ?

তৃতীয়া । ও কি প্রেম জানে, ও কি বাঁধন মানে ?

ও কী মায়াগুণে মন লয়েছে !

দ্বিতীয়া । বিভল আঁখি তুলে আঁখি-পানে চায়,
যেন পথ ভুলে এল কোথায় ওগো !

তৃতীয়া । যেন কী গানের স্বরে, শ্রবণ আছে ভরে,
যেন কোন্ চাঁদের আলোয় মগ্ন হয়েছে ।

অমর । ওই মধুর মুখ জাগে মনে ।

ভুলিব না এ জীবনে

কী স্বপনে কী জাগরণে ।

তুমি জান বা না জান,

মনে সদা যেন মধুর বাঁশরি বাজে

হৃদয়ে সদা আছ বলে ।

আমি প্রকাশিতে পারি নে,
শুধু চাহি কাতর নয়নে ।

সখীগণ । তারে কেমনে ধরিবে, সখী, যদি ধরা দিলে ।
প্রথমা । তারে কেমনে কাঁদাবে, যদি আপনি কাঁদিলে ।
দ্বিতীয়া । যদি মন পেতে চাও, মন রাখো গোপনে ।
তৃতীয়া । কে তারে বাঁধিবে, তুমি আপনায় বাঁধিলে !
সকলে । কাছে আসিলে তো কেহ কাছে রহে না ।
কথা कहিলে তো কেহ কথা কহে না ।
প্রথমা । হাতে পেলে ভূমিতলে ফেলে চলে যায় ।
দ্বিতীয়া । হাসিয়ে ফিরায় মুখ কাঁদিয়ে সাধিলে ।

নিকটে আসিয়া প্রমদার প্রতি

অমর । সকল হৃদয় দিয়ে ভালো বেসেছি যারে
সে কি ফিরাতে পারে সখী ।
সংসারবাহিরে থাকি
জানি নে কী ঘটে সংসারে ।
কে জানে, হেথায় প্রাণপণে প্রাণ যারে চায়
তারে পায় কি না পায় জানি নে ।
ভয়ে ভয়ে তাই এসেছি গো, অজানা-হৃদয়-দ্বারে ।
তোমার সকলি ভালোবাসি—
ওই রূপরাশি,
ওই খেলা, ওই গান, ওই মধুহাসি ।
ওই দিয়ে আছ ছেয়ে জীবন আমারি,
কোথায় তোমার সীমা ভুবনমাঝারে !
সখীগণ । তুমি কে গো, সখীরে কেন জানাও বাসনা !
দ্বিতীয়া । কে জানিতে চায়, তুমি ভালোবাস কি ভালোবাস না !
প্রথমা । হাসে চন্দ্র, হাসে সন্ধ্যা, ফুল্ল কুঞ্জকানন,
হাসে হৃদয়বসন্তে বিকচ যৌবন ।
তুমি কেন ফেল শ্বাস, তুমি-কেন হাস না !
সকলে । এসেছ কি ভেঙে দিতে খেলা—
সখীতে সখীতে এই হৃদয়ের মেলা ?
দ্বিতীয়া । আপন দুঃখ আপন ছায়া লয়ে যাও ।
প্রথমা । জীবনের আনন্দপথ ছেড়ে দাঁড়াও ।
তৃতীয়া । দূর হতে করো পূজা হৃদয়কমল-আসনা ।
অমর । তবে সুখে থাকো, সুখে থাকো— আমি যাই— যাই !
প্রমদা । সখী, ওরে ডাকো, মিছে খেলায় কাজ নাই ।
সখীগণ । অধীরা হোয়ো না, সখী,
আশ মেটালে ফেরে না কেহ,
আশ রাখিলে ফেরে ।
অমর । ছিলাম একেলা সেই আপন ভুবনে,
এসেছি এ কোথায় !

হেথাকার পথ জানি নে, ফিরে যাই ।
যদি সেই বিরামভবন ফিরে পাই ।

[প্রস্থান]

প্রমদা । সখী, ওরে ডাকো ফিরে ।
মিছে খেলা মিছে হেলা কাজ নাই ।
সখীগণ । অধীরা হোয়ো না, সখী,
আশ মেটালে ফেরে না কেহ,
আশ রাখিলে ফেরে ।

[প্রস্থান]

মায়াকুমারীগণ । নিমেষের তরে শরমে বাধিল,
মরমের কথা হল না ।
জনমের তরে তাহারি লাগিয়ে
রহিল মরমবেদনা ।
চোখে চোখে সদা রাখিবারে সাধ,
পলক পড়িল, ঘটিল বিয়াদ—
মেলিতে নয়ন মিলাল স্বপন
এমনি প্রেমের ছলনা ।

ষষ্ঠ দৃশ্য

গৃহ

শাস্তা । অমরের প্রবেশ

অমর । সেই শাস্তিভবন ভুবন কোথা গেল !
সেই রবি শশী তারা, সেই শোকশাস্ত সন্ধ্যাসমীরণ,
সেই শোভা, সেই ছায়া, সেই স্বপন !
সেই আপন হৃদয়ে আপন বিরাম কোথা গেল,
গৃহহারা হৃদয় লবে কাহার শরণ !

শাস্তার প্রতি

এসেছি ফিরিয়ে, জেনেছি তোমারে
এনেছি হৃদয় তব পায়—
শীতল স্নেহসুধা করো দান,
দাও প্রেম, দাও শাস্তি, দাও নূতন জীবন ।

মায়াকুমারীগণ । কাছে ছিলে দূরে গেলে, দূর হতে এসো কাছে ।
ভুবন ভ্রমিলে তুমি, সে এখনো বসে আছে ।
ছিল না প্রেমের আলো, চিনিতে পার নি ভালো,
এখন বিরহানলে প্রেমানল জ্বলিয়াছে ।

শান্তা । দেখো, সখা, ভুল করে ভালোবেসো না !
আমি ভালোবাসি বলে কাছে এসো না ।
তুমি যাহে সুখী হও তাই করো সখা,
আমি সুখী হব বলে যেন হেসো না ।
আপন বিরহ লয়ে আছি আমি ভালো,
কী হবে চির আধারে নিমেষের আলো !
আশা ছেড়ে ভেসে যাই, যা হবার হবে তাই—
আমার অদৃষ্টশ্রোতে তুমি ভেসো না ।

অমর । ভুল করেছিনু, ভুল ভেঙেছে ।
এবার জেগেছি, জেনেছি—

এবার আর ভুল নয়, ভুল নয় ।

ফিরেছি মায়ার পিছে পিছে,
জেনেছি স্বপন সব মিছে,
বিধেছে বাসনা-কাঁটা প্রাণে—

এ তো ফুল নয়, ফুল নয় !

পাই যদি ভালোবাসা হেলা করিব না,
খেলা করিব না লয়ে মন ।

ওই প্রেমময় প্রাণে লইব আশ্রয় সখী,
অতল সাগর এ সংসার,
এ তো কুল নয়, কুল নয় !

প্রমদার সখীগণের প্রবেশ

দূর হইতে

সখীগণ । অলি বার বার ফিরে যায়,
অলি বার বার ফিরে আসে,
তবে তো ফুল বিকাশে ।

প্রথমা । কলি ফুটিতে চাহে— ফোটে না,
মরে লাজে, মরে ত্রাসে ।
ভুলি মান অপমান, দাও মন প্রাণ,
নিশি দিন রহো পাশে ।

দ্বিতীয়া । ওগো, আশা ছেড়ে তবু আশা রেখে দাও ।
হৃদয়রতন-আশে ।

সকলে । ফিরে এসো, ফিরে এসো, বন মোদিত ফুলবাসে ।
আজি বিরহরজনী ফুল্ল কুসুম শিশিরসলিলে ভাসে ।

অমর । ওই কে আমায় ফিরে ডাকে !
ফিরে যে এসেছে তারে কে মনে রাখে !

মায়াকুমারীগণ । বিদায় করেছ যারে নয়নজলে
এখন ফিরাবে তারে কিসের ছলে গো !
আজি মধু সমীরণে নিশীথে কুসুমবনে
তারে কি পড়েছে মনে বকুলতলে ?
এখন ফিরাবে আর কিসের ছলে গো !

অমর । আমি চলে এনু বলে কার বাজে ব্যথা,
 কাহার মনের কথা মনেই থাকে !
 আমি শুধু বুঝি, সখী, সরল ভাষা—
 সরল হৃদয় আর সরল ভালোবাসা ।
 তোমাদের কত আছে, কত মন প্রাণ—
 আমার হৃদয় নিয়ে ফেলো না বিপাকে ।
 মায়াকুমারীগণ । সেদিনও তো মধুনিশি প্রাণে গিয়েছিল মিশি,
 মুকুলিত দশ দিশি কুসুমদলে ।
 দুটি সোহাগের বাণী যদি হত কানাকানি
 যদি ওই মালাখানি পরাতে গলে !
 এখন ফিরাবে তারে কিসের ছলে গো !

অমরের প্রতি

শাস্তা । না বুঝে কারে তুমি ভাসালে আঁখিজলে !
 ওগো, কে আছে চাহিয়া শূন্য পথপানে—
 কাহার জীবনে নাহি সুখ, কাহার পরান জ্বলে ।
 পড় নি কাহার নয়নের ভাষা,
 বোঝ নি কাহার মরমের আশা,
 দেখ নি ফিরে—

কার ব্যাকুল প্রাণের সাধ এসেছ দ'লে ।

অমর । আমি কারেও বুঝি নে, শুধু বুঝেছি তোমারে ।
 তোমাতে পেয়েছি আলো সংশয়-আধারে ।
 ফিরিয়াছি এ ভুবন, পাই নি তো কারো মন,
 গিয়েছি তোমারি শুধু মনের মাঝারে ।
 এ সংসারে কে ফিরাবে, কে লইবে ডাকি,
 আজিও বুঝিতে নারি— ভয়ে ভয়ে থাকি ।
 কেবল তোমারে জানি, বুঝেছি তোমার বাণী—
 তোমাতে পেয়েছি কূল অকূল পাথারে ।

[প্রস্থান]

সখীগণ । প্রভাত হইল নিশি কানন ঘুরে,
 বিরহবিধুর হিয়া মরিল বুঝে ।
 স্নান শশী অস্তে গেল, স্নান হাসি মিলাইল,
 কাঁদিয়া উঠিল প্রাণ কাতর সুরে ।

প্রমদার প্রবেশ

প্রমদা । চলো সখী, চলো তবে ঘরেতে ফিরে,
 যাক ভেসে স্নান আঁখি নয়ননীরে ।
 যাক ফেটে শূন্য প্রাণ, হোক আশা অবসান—
 হৃদয় যাহারে ডাকে থাক সে দূরে ।

[প্রস্থান]

মায়াকুমারীগণ । মধুনিশি পূর্ণিমার ফিরে আসে বার বার,
সে জন ফেরে না আর যে গেছে চলে ।
ছিল তিথি অনুকূল, শুধু নিমেষের ভুল—
চিরদিন তৃষাকুল পরান জ্বলে ।
এখন ফিরাবে তারে কিসের ছলে গো ।

সপ্তম দৃশ্য

কানন

অমর শাস্তা অন্যান্য পুরনারী ও পৌরজন

স্ত্রীগণ । এসো এসো, বসন্ত, ধরাতলে ।
আনো কুহুতান, প্রেমগান,
আনো গন্ধমদভরে অলস সমীরণ,
আনো নবযৌবনহিল্লোল, নব প্রাণ,
প্রফুল্ল নবীন বাসনা ধরাতলে ।

পুরুষগণ । এসো থরথর-কম্পিত মর্মরমুখরিত
নব-পল্লব-পুলকিত
ফুল-আকুল-মালতী-বল্লি-বিতানে,
সুখছায়ে মধুবায়ে এসো এসো ।
এসো অরুণচরণ কমলবরণ তরুণ উষার কোলে ।
এসো জ্যোৎস্নাবিবশ নিশীথে,
কল-কল্লোল তটিনীতীরে,
সুখসুপ্ত সরসীনীরে এসো এসো ।

স্ত্রীগণ । এসো যৌবনকাতর হৃদয়ে,
এসো মিলনসুখালস নয়নে,
এসো মধুর শরমমাঝারে,
দাও বাহুতে বাহু বাঁধি,
নবীন কুসুমপাশে রচি দাও নবীন মিলনবাঁধন ।

শাস্তার প্রতি

অমর । মধুর বসন্ত এসেছে মধুর মিলন ঘটাতে,
মধুর মলয়সমীরে মধুর মিলন রটাতে ।
কুহকলেখনী ছুটায় কুসুম তুলিছে ফুটায়,
লিখিছে প্রণয়কাহিনী বিবিধ বরনছটাতে ।
হেরো পুরানো প্রাচীন ধরণী হয়েছে শ্যামলবরনী,
যেন যৌবনপ্রবাহ ছুটেছে কালের শাসন টুটাতে ।
পুরানো বিরহ হানিছে, নবীন মিলন আনিছে—
নবীন বসন্ত আইল নবীন জীবন ফুটাতে ।

- স্ত্রীগণ । আজি আঁখি জুড়াল হেরিয়ে
মনোমোহন মিলনমাধুরী, যুগল মুরতি ।
- পুরুষগণ । ফুলগন্ধে আকুল করে, বাজে বাঁশরি উদাস স্বরে,
নিকুঞ্জ প্লাবিত চন্দ্রকরে—
- স্ত্রীগণ । তারি মাঝে মনোমোহন মিলনমাধুরী, যুগল মুরতি ।
আনো আনো ফুলমালা, দাও দৌহে বাঁধিয়ে ।
- পুরুষগণ । হৃদয়ে পশিবে ফুলপাশ, অক্ষয় হবে প্রেমবন্ধন ।
- স্ত্রীগণ । চিরদিন হেরিব হে
মনোমোহন মিলনমাধুরী, যুগল মুরতি ।

প্রমদা ও সখীগণের প্রবেশ

- অমর । এ কি স্বপ্ন ! এ কি মায়া !
এ কি প্রমদা ! এ কি প্রমদার ছায়া !

প্রমদার প্রতি

- শাস্তা । আহা, কে গো তুমি মলিনবয়নে
আধ-নিমীলিত নলিননয়নে
যেন আপনারি হৃদয়শয়নে
আপনি রয়েছ লীন ।
- পুরুষগণ । তোমা-তরে সবে রয়েছে চাহিয়া,
তোমা লাগি পিক উঠিছে গাহিয়া,
ভিখারি সমীর কানন বাহিয়া
ফিরিতেছে সারা দিন ।
- অমর । এ কি স্বপ্ন ! এ কি মায়া !
এ কি প্রমদা ! এ কি প্রমদার ছায়া !
- শাস্তা । যেন শরতের মেঘখানি ভেসে
চাঁদের সভাতে দাঁড়ায়েছে এসে,
এখনি মিলাবে ম্লান হাসি হেসে—
কাঁদিয়া পড়িবে ঝরি !
- পুরুষগণ । জাগিছে পূর্ণিমা পূর্ণ নীলাম্বরে,
কাননে চামেলি ফুটে থরে থরে,
হাসিটি কখন ফুটিবে অধরে
রয়েছি তিয়াষ ধরি ।
- অমর । এ কি স্বপ্ন ! এ কি মায়া !
এ কি প্রমদা ! এ কি প্রমদার ছায়া !
- সখীগণ । আহা, আজি এ বসন্তে এত ফুল ফুটে,
এত বাঁশি বাজে, এত পাখি গায়,
সখীর হৃদয় কুসুমকোমল—
কার অনাদরে আজি ঝরে যায় !
কেন কাছে আস, কেন মিছে হাস,
কাছে যে আসিত সে তো আসিতে না চায় !

সুখে আছে যারা সুখে থাক্ তারা,
সুখের বসন্ত সুখে হোক্ সারা,
দুখিনী নারীর নয়নের নীর
সুখী জনে যেন দেখিতে না পায় ।
তারা দেখেও দেখে না, তারা বুঝেও বোঝে না,
তারা ফিরেও না চায় ।

শান্তা । আমি তো বুঝেছি সব— যে বোঝে না বোঝে—
গোপনে হৃদয় দুটি কে কাহারে খোঁজে ।
আপনি বিরহ গড়ি আপনি রয়েছ পড়ি,
বাসনা কাঁদিছে বসি হৃদয়সরোজে ।
আমি কেন মাঝে থেকে দুজনারে রাখি ঢেকে,
এমন ভ্রমের তলে কেন থাকি মজে ।

প্রমদার প্রতি

অশোক । এতদিন বুঝি নাই, বুঝেছি ধীরে—
ভালো যারে বাস তারে আনিব ফিরে ।
হৃদয়ে হৃদয় বাঁধা, দেখিতে না পায় আঁধা—
নয়ন রয়েছে ঢাকা নয়ননীরে ।

শান্তা ও স্ত্রীগণ । চাঁদ, হাসো, হাসো—
হারা হৃদয় দুটি ফিরে এসেছে ।

পুরুষগণ । কত দুখে কত দূরে আঁধার সাগর ঘুরে
সোনার তরণী দুটি তীরে এসেছে ।
মিলন দেখিবে বলে ফিরে বায়ু কুতূহলে,
চারি ধারে ফুলগুলি ঘিরে এসেছে ।

সকলে । চাঁদ, হাসো, হাসো—
হারা হৃদয় দুটি ফিরে এসেছে ।

প্রমদা । আর কেন, আর কেন
দলিত কুসুমে বহে বসন্তসমীরণ ।
ফুরায়ে গিয়াছে বেলা, এখন এ মিছে খেলা—
নিশান্তে মলিন দীপ কেন জ্বলে অকারণ !

সখীগণ । অশ্রু যবে ফুরায়েছে তখন মুছাতে এলে,
অশ্রু-ভরা হাসি-ভরা নবীন নয়ন ফেলে !

প্রমদা । এই লও, এই ধরো, এ মালা তোমরা পরো,
এ খেলা তোমরা খেলো— সুখে থাকো অনুক্ষণ ।

অমর । এ ভাঙা সুখের মাঝে নয়নজলে,
এ মলিন মালা কে লইবে ।
স্নান আলো স্নান আশা হৃদয়তলে,
এ চির বিষাদ কে বহিবে ।
সুখনিশি অবসান— গেছে হাসি, গেছে গান,
এখন এ ভাঙা প্রাণ লইয়া গলে
নীরব নিরাশা কে সহিবে !

রবীন্দ্র-রচনাবলী

শাস্তা । যদি কেহ নাহি চায় আমি লইব,
তোমার সকল দুখ আমি সহিব,
আমার হৃদয় মন সব দিব বিসর্জন—
তোমার হৃদয়ভার আমি বহিব ।
ভুল-ভাঙা দিবালোকে চাহিব তোমার চোখে,
প্রশান্ত সুখের কথা আমি কহিব ।

[অমর ও শাস্তার প্রশ্ন]

মায়াকুমারীগণ । দুখের মিলন টুটিবার নয়—
নাহি আর ভয়, নাহি সংশয় ।
নয়নসলিলে যে হাসি ফুটে গো
রয় তাহা রয় চিরদিন রয় ।

প্রমদা । কেন এলি রে, ভালোবাসিলি, ভালোবাসা পেলি নে !
কেন সংসারেতে উঁকি মেরে চলে গেলি নে !

সখীগণ । সংসার কঠিন বড়ো কারেও সে ডাকে না,
কারেও সে ধরে রাখে না ।
যে থাকে সে থাকে আর যে যায় সে যায়,
কারো তরে ফিরেও না চায় ।

প্রমদা । হায় হায়, এ সংসারে যদি না পুরিল
আজন্মের প্রাণের বাসনা
চলে যাও ম্লান মুখে, ধীরে ধীরে ফিরে যাও,
থেকে যেতে কেহ বলিবে না ।
তোমার ব্যথা তোমার অশ্রু তুমি নিয়ে যাবে,
আর তো কেহ অশ্রু ফেলিবে না ।

[প্রশ্ন]

মায়াকুমারীগণ

সকলে । এরা সুখের লাগি চাহে প্রেম, প্রেম মেলে না,

প্রথমা । শুধু সুখ চলে যায়—

দ্বিতীয়া । এমনি মায়ার ছলনা ।

তৃতীয়া । এরা ভুলে যায় কারে ছেড়ে কারে চায় ।

সকলে । তাই কেঁদে কাটে নিশি, তাই দহে প্রাণ,
তাই মান অভিমান—

প্রথমা । তাই এত হায়-হায় ।

দ্বিতীয়া । প্রেমে সুখ দুখ ভুলে তবে সুখ পায় ।

সকলে । সখী, চলো, গেল নিশি, স্বপন ফুরাল,
মিছে আর কেন বল ।

প্রথমা । শশী ঘুমের কুহক নিয়ে গেল অস্তাচল ।

সকলে । সখী চলো ।

প্রথমা । প্রেমের কাহিনী-গান হয়ে গেল অবসান ।

দ্বিতীয়া । এখন কেহ হাসে, কেহ বসে ফেলে অশ্রুজল ।

দ্বিতীয় অঙ্ক -

কীৰ্ত্তনগান ! নানিন্দী ও মদ্যে গায় ॥

নানিন্দী - মদ্যে : অমর-চন্দ্রে, তিমালয় মাঝে
একটি গোলাপ ফুলে দে !

মদ্যে : মদ্যে : কোম ও মদ্যে মদ্যে,

মদ্যে : মদ্যে : মদ্যে মদ্যে মদ্যে,

মদ্যে : মদ্যে : মদ্যে মদ্যে মদ্যে

মদ্যে : মদ্যে : মদ্যে মদ্যে মদ্যে

একটি মদ্যে মদ্যে দে :

মদ্যে - মদ্যে, মদ্যে মদ্যে মদ্যে

মদ্যে : মদ্যে মদ্যে মদ্যে

মদ্যে : মদ্যে মদ্যে মদ্যে

একটি মদ্যে মদ্যে মদ্যে ?

একটি মদ্যে মদ্যে মদ্যে

মদ্যে : মদ্যে মদ্যে ?

মদ্যে : মদ্যে মদ্যে মদ্যে

মদ্যে : মদ্যে মদ্যে মদ্যে

মদ্যে : মদ্যে মদ্যে মদ্যে

একটি মদ্যে মদ্যে মদ্যে ?

মদ্যে - মদ্যে মদ্যে মদ্যে মদ্যে

মদ্যে : মদ্যে মদ্যে মদ্যে

মদ্যে : মদ্যে মদ্যে মদ্যে

মদ্যে : মদ্যে মদ্যে মদ্যে ?

মদ্যে : মদ্যে মদ্যে মদ্যে

রাজা ও রানী

উৎসর্গ

শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর বড়দাদা মহাশয়ের
শ্রীচরণকমলে
এই গ্রন্থ উৎসর্গ হইল

সূচনা

একদিন বড়ো আকারে দেখা দিল একটি নাটক— রাজা ও রানী । এর নাট্যভূমিতে রয়েছে লিরিকের প্লাবন, তাতে নাটককে করেছে দুর্বল । এ হয়েছে কাব্যের জলাজমি । ঐ লিরিকের টানে এর মধ্যে প্রবেশ করেছে ইলা এবং কুমারের উপসর্গ । সেটা অত্যন্ত শোচনীয়রূপে অসংগত । এই নাটকে যথার্থ নাট্যপরিণতি দেখা দিয়েছে যেখানে বিক্রমের দুর্দান্ত প্রেম প্রতিহত হয়ে পরিণত হয়েছে দুর্দান্ত হিংস্রতায়, আত্মঘাতী প্রেম হয়ে উঠেছে বিশ্বঘাতী ।

প্রকৃতির প্রতিশোধের সঙ্গে 'রাজা ও রানী'র এক জায়গায় মিল আছে । অসীমের সন্ধানে সন্ন্যাসী বাস্তব হতে ভ্রষ্ট হয়ে সত্য হতে ভ্রষ্ট হয়েছে, বিক্রম তেমনি প্রেমে বাস্তবের সীমাকে লঙ্ঘন করতে গিয়ে সত্যকে হারিয়েছে । এই তত্ত্বকেই যে সজ্ঞানে লক্ষ্য করে লেখা হয়েছে তা নয় । এর মধ্যে এই কথাটাই প্রকাশ পাবার জন্যে স্বত উদ্যত হয়েছে যে, সংসারের জমি থেকে প্রেমকে উৎপাটিত করে আনলে সে আপনার রস আপনি জোগাতে পারে না, তার মধ্যে বিকৃতি ঘটতে থাকে ।—

এরা সুখের লাগি চাহে প্রেম
প্রেম মেলে না ।
শুধু সুখ চলে যায়
এমনি মায়ার ছলনা ।

নাটকের পাত্রগণ

বিক্রমদেব

দেবদত্ত

ত্রিবেদী

জয়সেন, যুধাজিৎ

মিহিরগুপ্ত

চন্দ্রসেন

কুমার

শংকর

অমররাজ

জালন্ধরের রাজা

রাজার বাল্যসখা ব্রাহ্মণ

বৃদ্ধ ব্রাহ্মণ

রাজ্যের প্রধান নায়ক

জয়সেনের অমাত্য

কাশ্মীরের রাজা

কাশ্মীরের যুবরাজ । চন্দ্রসেনের ভ্রাতৃপুত্র

কুমারের পুরাতন বৃদ্ধ ভৃত্য

ত্রিচূড়ের রাজা

সুমিত্রা

নারায়ণী

বেবতী

ইলা

জালন্ধরের মহিষী । কুমারের ভগিনী

দেবদত্তের স্ত্রী

চন্দ্রসেনের মহিষী

অমরুর কন্যা । কুমারের সহিত বিবাহপাশে বদ্ধ

রাজা ও রানী

প্রথম অঙ্ক

প্রথম দৃশ্য

জালন্ধর

প্রাসাদের এক কক্ষ

বিক্রমদেব ও দেবদত্ত

- দেবদত্ত । মহারাজ, এ কী উপদ্রব !
- বিক্রমদেব । হয়েছে কী !
- দেবদত্ত । আমাকে বরিবে নাকি পুরোহিতপদে ?
কী দোষ করেছি প্রভো ? কবে শুনিয়াছ
ত্রিষ্টুভ অনুষ্টুভ এই পাপমুখে ?
তোমার সংসর্গে পড়ে ভুলে বসে আছি
যত যাগযজ্ঞবিধি । আমি পুরোহিত ?
শ্রুতিস্মৃতি ঢালিয়াছি বিস্মৃতির জলে ।
এক বই পিতা নয় তাঁরি নাম ভুলি,
দেবতা তেত্রিশ কোটি গড় করি সবে ।
স্কন্ধে ঝুলে পড়ে আছে শুধু পৈতেখানা
তেজোহীন ব্রহ্মণ্যের নির্বিষ খোলস ।
- বিক্রমদেব । তাই তো নির্ভয়ে আমি দিয়েছি তোমারে
পৌরোহিত্যভার । শাস্ত্র নাই, মন্ত্র নাই,
নাই কোনো ব্রহ্মণ্য-বালাই ।
- দেবদত্ত । তুমি চাও
নখদস্তভাঙা এক পোষা পুরোহিত !
- বিক্রমদেব । পুরোহিত, একেকটা ব্রহ্মদৈত্য যেন ।
একে তো আহার করে রাজস্কন্ধে চেপে
সুখে বারো মাস, তার পরে দিন রাত
অনুষ্ঠান, উপদ্রব, নিষেধ, বিধান,
অনুযোগ, অনুস্বর-বিসর্গের ঘট—
দক্ষিণায়-পূর্ণ হস্তে শূন্য আশীর্বাদ ।
- দেবদত্ত । শাস্ত্রহীন ব্রহ্মণ্যের প্রয়োজন যদি
আছেন ত্রিবেদী— অতিশয় সাধুলোক,
সর্বদাই রয়েছে জপমালা হাতে
ক্রিয়াকর্ম নিয়ে ; শুধু মন্ত্র-উচ্চারণে
লেশমাত্র নাই তাঁর ক্রিয়াকর্মজ্ঞান ।

- বিক্রমদেব । অতি ভয়ানক । সখা, শাস্ত্র নাই যার
শাস্ত্রের উপদ্রব তার চতুর্গুণ ।
নাই যার বেদবিদ্যা, ব্যাকরণবিধি,
নাই তার বাধাবিঘ্ন— শুধু বুলি ছোটে
পশ্চাতে ফেলিয়া রেখে তদ্বিতপ্রত্যয়
অমর-পাণিনি । একসঙ্গে নাহি সয়
রাজা আর ব্যাকরণ দৌহারে পীড়ন ।
- দেবদত্ত । আমি পুরোহিত ! মহারাজ, এ সংবাদে
ঘন আন্দোলিত হবে কেশলেশহীন
যতেক চিক্ণ মাথা ; অমঙ্গল স্মরি
রাজ্যের টিকি যত হবে কণ্টকিত ।
- বিক্রমদেব । কেন অমঙ্গলশঙ্কা ?
- দেবদত্ত । কৰ্মকাণ্ডহীন
এ দীন বিপ্রেয়র দোষে কুলদেবতার
রোষহতাশন—
- বিক্রমদেব । রেখে দাও বিভীষিকা ।
কুলদেবতার রোষ নতশির পাতি
সহিতে প্রস্তুত আছি ; সহে না কেবল
কুলপুরোহিত-আস্ফালন । জান সখা,
দীপ্ত সূর্য সহ্য হয় তপ্ত বালি চেয়ে ।
দূর করো মিছে তর্ক যত । এসো, করি
কাব্য-আলোচনা । কাল বলেছিলে তুমি
পুরাতন কবিবাক্য 'নাহিকো বিশ্বাস
রমণীরে'— আর-বার বলো শুনি ।
- দেবদত্ত । শাস্ত্রং—
- বিক্রমদেব । রক্ষা করো— ছেড়ে দাও অনুস্মরণগুলো ।
- দেবদত্ত । অনুস্মরণ ধনুঃশর নহে, মহারাজ,
কেবল টংকারমাত্র । হে বীরপুরুষ,
ভয় নাই । ভালো, আমি ভাষায় বলিব ।—
'যত চিন্তা কর শাস্ত্র চিন্তা আরো বাড়ে,
যত পূজা কর ভূপে ভয় নাহি ছাড়ে ।
কোলে থাকিলেও নারী রেখো সাবধানে ।
শাস্ত্র, নৃপ, নারী কভু বশ নাহি মানে ।'
- বিক্রমদেব । বশ নাহি মানে ! ধিক্ স্পর্ধা, কবি, তব !
চাহে কে করিতে বশ ? বিদ্রোহী সে জন ।
বশ করিবার নহে নৃপতি, রমণী ।
- দেবদত্ত । তা বটে । পুরুষ রবে রমণীর বশে ।
- বিক্রমদেব । রমণীর হৃদয়ের রহস্য কে জানে ?
বিধির বিধান-সম অজ্ঞেয়— তা বলে
অবিশ্বাস জন্মে যদি বিধির বিধানে,

রমণীর প্রেমে— আশ্রয় কোথায় পাবে ?
নদী ধায়, বায়ু বহে ক্রমে কে জানে ।
সেই নদী দেশের কল্যাণপ্রবাহিণী,
সেই বায়ু জীবের জীবন ।

দেবদত্ত । বন্যা আনে

সেই নদী, সেই বায়ু ঝঞ্ঝা নিয়ে আসে ।
বিক্রমদেব । প্রাণ দেয়, মৃত্যু দেয়— লই শিরে তুলি ।
তাই বলে কোন্ মূর্খ চাহে তাহাদের
বশ করিবারে ! বন্ধনদী বন্ধবায়ু
রোগ-শোক-মৃত্যুর নিদান । হে ব্রাহ্মণ,
নারীর কী জান তুমি ?

দেবদত্ত । কিছু না রাজন্ !

ছিলাম উজ্জ্বল করে পিতৃমাতৃকুল
ভদ্র ব্রাহ্মণের ছেলে । তিন সন্ধ্যা ছিল
আহ্নিক তর্পণ । শেষে তোমারি সংসর্গে
বিসর্জন করিয়াছি সকল দেবতা,
কেবল অনঙ্গদেব রয়েছেন বাকি ।

ভুলেছি মহিমনস্তব, শিখেছি গাহিতে
নারীর মহিমা । সে বিদ্যাও পুঁথিগত—
তার পরে মাঝে মাঝে চক্ষু রাঙাইলে
সে বিদ্যাও ছুটে যায় স্বপ্নের মতন ।

বিক্রমদেব । না না, ভয় নাই, সখা, মৌন রহিলাম—
তোমার নূতন বিদ্যা বলে যাও তুমি ।

দেবদত্ত । শুন তবে— বলিছেন কবি ভর্তৃহরি—
'নারীর বচনে মধু, হৃদয়েতে হলাহল,
অধরে পিয়ায় সুধা, চিত্তে জ্বালে দাবানল ।'

বিক্রমদেব । সেই পুরাতন কথা !

দেবদত্ত । সত্য পুরাতন ।

কী করিব মহারাজ, যত পুঁথি খুলি
ওই এক কথা । যত প্রাচীন পণ্ডিত
প্রেয়সীরে ঘরে নিয়ে এক দণ্ড কভু
ছিল না সুস্থির । আমি শুধু ভাবি, যার
ঘরের ব্রাহ্মণী ফিরে পরের সন্ধান
সে কেমনে কাব্য লেখে ছন্দ গৌথে গৌথে
পরম নিশ্চিত্ত মনে ?

বিক্রমদেব । মিথ্যা অবিশ্বাস ।

ও কেবল ইচ্ছাকৃত আত্মপ্রবঞ্চনা ।
ক্ষুদ্র হৃদয়ের প্রেম নিতান্ত বিশ্বাসে
হয়ে আসে মৃত জড়বৎ, তাই তারে
জাগায়ে তুলিতে হয় মিথ্যা অবিশ্বাসে ।

হেরো ওই আসিছেন মন্ত্রী, স্তূপাকার
রাজ্যভার স্কন্ধে নিয়ে । পলায়ন করি ।
দেবদত্ত । রানীর রাজত্বে তুমি লও গে আশ্রয় ।
ধাও অন্তঃপুরে । অসম্পূর্ণ রাজকার্য
দুয়ার-বাহিরে পড়ে থাক, স্ফীত হোক
যত যায় দিন । তোমার দুয়ার ছাড়ি
ক্রমে উঠিবে সে উর্ধ্বদিকে, দেবতার
বিচার-আসন-পানে ।

বিক্রমদেব । এ কি উপদেশ ?
দেবদত্ত । না রাজন্, প্রলাপবচন । যাও তুমি,
কাল নষ্ট হয় ।

[বিক্রমদেবের প্রস্থান]

মন্ত্রীর প্রবেশ

মন্ত্রী । ছিলেন না মহারাজ ?
দেবদত্ত । করেছেন অন্তর্ধান অন্তঃপুর-পানে ।
বসিয়া পড়িয়া

মন্ত্রী । হা বিধাতঃ, এ রাজ্যের কী দশা করিলে !
কোথা রাজা, কোথা দণ্ড, কোথা সিংহাসন !
শ্মশানভূমির মতো বিষণ্ণ বিশাল
রাজ্যের বক্ষের 'পরে সগর্বে দাঁড়ায়ে
বধির পাষণ রুদ্ধ অন্ধ অন্তঃপুর ।
রাজশ্রী দুয়ারে বসি অনাথার বেশে
কাঁদে হাহাকার-রবে ।

দেবদত্ত । দেখে হাসি আসে ।
রাজা করে পলায়ন, রাজ্য ধায় পিছে—
হল ভালো, মন্ত্রিবর, অহর্নিশি যেন
রাজ্য ও রাজায় মিলে লুকোচুরি খেলা ।

মন্ত্রী । এ কি হাসিবার কথা ব্রাহ্মণঠাকুর ?
দেবদত্ত । না হাসিয়া করিব কী ? অরণ্যে ক্রন্দন
সে তো বালকের কাজ । দিবসরজনী
বিলাপ না হয় সহ্য, তাই মাঝে মাঝে
রোদনের পরিবর্তে শুষ্ক শ্বেত হাসি
জমাট অশ্রুর মতো তুষারকঠিন ।
কী ঘটেছে বলো শুনি ।

মন্ত্রী । জান তো সকলি ।
রানীর কুটুম্ব যত বিদেশী কাশ্মীরী
দেশ জুড়ে বসিয়াছে । রাজার প্রতাপ
ভাগ করে লইয়াছে খণ্ড খণ্ড করি,
বিষ্ণুচক্রে ছিন্ন মৃত সতীদেহ-সম ।

বিদেশীর অত্যাচারে জর্জর কাতর
কাঁদে প্রজা । অরাজক রাজসভামাঝে
মিলায় ক্রন্দন । বিদেশী অমাত্য যত
বসে বসে হাসে । শূন্যসিংহাসন-পার্শ্বে
বিদীর্ণহৃদয় মন্ত্রী বসি নতশিরে ।

দেবদত্ত । বহে ঝড়, ডোবে তরী, কাঁদে যাত্রী যত,
রিক্তহস্ত কর্ণধার উচ্ছে একা বসি
বলে 'কর্ণ কোথা গেল !' মিছে খুঁজে মর,
রমণী নিয়েছে টেনে রাজকর্ণখানা,
বাহিছে প্রেমের তরী লীলাসরোবরে
বসন্তপবনে । রাজ্যের বোঝাই নিয়ে
মন্ত্রীটা মরুক ডুবে অকূল পাথারে ।

মন্ত্রী । হেসো না ঠাকুর ! ছি ছি, শোকের সময়ে
হাসি অকল্যাণ ।

দেবদত্ত । আমি বলি মন্ত্রিবর,
রাজারে ডিঙায়ে, একেবারে পড়ো গিয়ে
রানীর চরণে ।

মন্ত্রী । আমি পারিব না তাহা ।
আপন আত্মীয়জনে করিবে বিচার
রমণী, এমন কথা শুনি নাই কভু ।

দেবদত্ত । শুধু শাস্ত্র জান মন্ত্রী, চেন না মানুষ ।
বরঞ্চ আপন জনে আপনার হাতে
দণ্ড দিতে পারে নারী, পারে না সহিতে
পরের বিচার ।

মন্ত্রী । ওই শোনো কোলাহল ।

দেবদত্ত । এ কি প্রজার বিদ্রোহ ?

মন্ত্রী । চলো দেখে আসি ।

দ্বিতীয় দৃশ্য

রাজপথ

লোকারণ্য

কিনু নাপিত । ওরে ভাই, কাল্লার দিন নয় । অনেক কেঁদেছি, তাতে কিছু হল কি ?
মনসুখ চাষা । ঠিক বলেছিস রে, সাহসে সব কাজ হয়— ঐ-যে কথায় বলে 'আছে যার বুকের
পাটা যমরাজকে সে দেখায় ঝাঁটা ।'

কুঞ্জরলাল কামার । ভিক্ষে করে কিছু হবে না, আমরা লুঠ করব ।

কিনু নাপিত । ভিক্ষেং নৈম নৈমচং । কী বল খুড়ো, তুমি তো স্মার্ত ব্রাহ্মণের ছেলে, লুঠপাটে দোষ
আছে কি ?

নন্দলাল । কিছু না, খিদের কাছে পাপ নেই রে বাবা ! জানিস তো অগ্নিকে বলে পাবক, অগ্নিতে সকল পাপ নষ্ট করে । জঠরাগ্নির বাড়া তো আর অগ্নি নেই ।

অনেকে । আগুন । তা ঠিক বলেছ । বেঁচে থাকো ঠাকুর ! তবে তাই হবে । তা, আমরা আগুনই লাগিয়ে দেব । ওরে, আগুনে পাপ নেই রে । এবার ওঁদের বড়ো বড়ো ভিটেতে ঘুঘু চরাব ।

কুঞ্জর । আমার তিনটে সড়কি আছে ।

মনসুখ । আমার একগাছা লাঙল আছে, এবার তাজ-পরা মাথাগুলো মাটির ঢেলার মতো চষে ফেলব ।

শ্রীহর কলু । আমার একগাছ বড়ো কুড়ুল আছে, কিন্তু পালাবার সময় সেটা বাড়িতে ফেলে এসেছি ।

হরিদীন কুমোর । ওরে, তোরা মরতে বসেছিস না কি ? বলিস কী রে ! আগে রাজাকে জানা, তার পরে যদি না শোনে তখন অন্য পরামর্শ হবে ।

কিনু নাপিত । আমিও তো সেই কথা বলি ।

কুঞ্জর । আমিও তো তাই ঠাওরাচ্ছি ।

শ্রীহর । আমি বরাবর বলে আসছি, ঐ কায়স্থর পো'কে বলতে দাও । আচ্ছা, দাদা, তুমি রাজাকে ভয় করবে না ?

মনুরাম কায়স্থ । ভয় আমি কাউকে করি নে । তোরা লুঠ করতে যাচ্ছিস, আর আমি দুটো কথা বলতে পারি নে ?

মনসুখ । দাঙ্গা করা এক, আর কথা বলা এক । এই তো বরাবর দেখে আসছি— হাত চলে, কিন্তু মুখ চলে না ।

কিনু । মুখের কোনো কাজটাই হয় না— অন্নও জোটে না, কথাও ফোটে না ।

কুঞ্জর । আচ্ছা, তুমি কী বলবে বলো ।

মনুরাম । আমি ভয় করে বলব না, আমি প্রথমেই শাস্ত্র বলব ।

শ্রীহর । বল কী ! তোমার শাস্ত্রর জানা আছে ? আমি তো তাই গোড়াগুড়িই বলছিলুম কায়স্থর পো'কে বলতে দাও— ও জানে-শোনে ।

মনুরাম । আমি প্রথমেই বলব—

অতিদর্পে হতা লঙ্কা, অতিমানে চ কৌরবঃ ।

অতিদানে বলিবন্ধঃ সর্বমত্যস্তংগর্হিতম ॥

হরিদীন । হাঁ, এ শাস্ত্র বটে ।

কিনু । (ব্রাহ্মণের প্রতি) কেমন খুড়ো, তুমি তো ব্রাহ্মণের ছেলে, এ শাস্ত্র কি না ? তুমি তো এ সমস্তই বোঝ ।

নন্দ । হাঁ— তা— ইয়ে— ওর নাম কী— তা বুঝি বৈকি । কিন্তু রাজা যদি না বোঝে, তুমি কী করে বুঝিয়ে দেবে বলো তো শুনি ।

মনুরাম । অর্থাৎ, বাড়াবাড়িতে কিছু নয় ।

জওহর তাঁতি । ঐ অতবড়ো কথাটার এইটুকু মানে হল ?

শ্রীহর । তা না হলে আর শাস্ত্রর কিসের ?

নন্দ । চাষাভুষোর মুখে যে কথাটা ছোট বড়োলোকের মুখে সেইটেই কত বড়ো শোনায ।

মনসুখ । কিন্তু কথাটা ভালো, 'বাড়াবাড়ি কিছু নয়' শুনে রাজার চোখ ফুটবে ।

জওহর । কিন্তু ঐ একটাতে হবে না, আরো শাস্ত্রর চাই ।

মনুরাম । তা আমার পুঁজি আছে, আমি বলব—

লালনে বহবো দোষাস্তাড়নে বহবো গুণাঃ ।

তস্মাৎ মিত্রঞ্চ পুত্রঞ্চ তাড়য়েৎ ন তু লালয়েৎ ॥

তু আমরা কি পুত্র নই ? হে মহারাজ, আমাদের তাড়না করবে না— ঐটে ভালো নয় ।
হরিদীন । এ ভালো কথা, মস্ত কথা, ঐ-যে কী বললে— ও কথাগুলো শোনাচ্ছে ভালো ।
শ্রীহর । কিন্তু কেবল শাস্ত্র বললে তো চলবে না— আমার ঘানির কথাটা কখন আসবে ? অমনি
ঐসঙ্গে জুড়ে দিলে হয় না ?

নন্দ । বেটা, তুমি ঘানির সঙ্গে শাস্ত্র জুড়বে ? এ কি তোমার গোরু পেয়েছ ?

জওহর । কলুর ছেলে, ওর আর কত বুদ্ধি হবে !

কুঞ্জর । দু ঘা না পিঠে পড়লে ওর শিক্ষা হবে না । কিন্তু আমার কথাটা কখন পাড়বে ? মনে
থাকবে তো ! আমার নাম কুঞ্জরলাল । কাজিলাল নয়— সে আমার ভাইপো, সে বৃধকোটে থাকে—
সে যখন সবে তিন বছর তখন তাকে—

হরিদীন । সব বুঝলুম, কিন্তু যে-রকম কাল পড়েছে, রাজা যদি শাস্ত্র না শোনে ?

কুঞ্জর । তখন আমরাও শাস্ত্র ছেড়ে অস্ত্র ধরব ।

কিনু । শাবাশ বলেছ, শাস্ত্র ছেড়ে অস্ত্র !

মনসুখ । কে বললে হে ? কথাটা কে বললে ?

কুঞ্জর । (সগর্বে) আমি বলেছি ! আমার নাম কুঞ্জরলাল, কাজিলাল আমার ভাইপো ।

কিনু । তা ঠিক বলেছ ভাই— শাস্ত্র আর অস্ত্র— কখনো শাস্ত্র কখনো অস্ত্র— আবার
কখনো অস্ত্র কখনো শাস্ত্র ।

জওহর । কিন্তু বড়ো গোলমাল হচ্ছে । কথাটা কী যে স্থির হল বুঝতে পারছি নে । শাস্ত্র না
অস্ত্র ?

শ্রীহর । বেটা তাঁতি কিনা, ঐটে আর বুঝতে পারলি নে ? তবে এতক্ষণ ধরে কথাটা হল কী ?
স্থির হল যে শাস্ত্রের মহিমা বুঝতে চের দেরি হয়, কিন্তু অস্ত্রের মহিমা খুব চটপট বোঝা যায় ।

অনেকে । (উচ্চস্বরে) তবে শাস্ত্র চুলোয় যাক— অস্ত্র ধরো ।

দেবদত্তের প্রবেশ

দেবদত্ত । বেশি ব্যস্ত হবার দরকার করে না, চুলোতেই যাবে শিগগির, তার আয়োজন হচ্ছে ।
বেটা, তোরা কী বলছিলি রে ?

শ্রীহর । আমরা ঐ ভদ্রলোকের ছেলেটির কাছে শাস্ত্র শুনছিলুম ঠাকুর !

দেবদত্ত । এমনি মন দিয়েই শাস্ত্র শোনে বটে ! চীৎকারের চোটে রাজ্যের কানে তালা ধরিয়ে
দিলে । যেন ধোবাপাড়ায় আগুন লেগেছে ।

কিনু । তোমার কী ঠাকুর ! তুমি তো রাজবাড়ির সিঁথে খেয়ে খেয়ে ফুলছ— আমাদের পেটে
নাড়ীগুলো জ্বলে জ্বলে ম'ল— আমরা কি বড়ো সুখে চেষ্টাচ্ছি !

মনসুখ । আজকালের দিনে আস্তে বললে শোনে কে ? এখন চেষ্টিয়ে কথা কইতে হয় ।

কুঞ্জর । কান্নাকাটি চের হয়েছে, এখন দেখছি অন্য উপায় আছে কি না ।

দেবদত্ত । কী বলিস রে ! তোদের বড়ো আশ্পর্ধা হয়েছে । তবে শুনবি ? তবে বলব ?—

নসমানসমানসমানসমাগমমাপ সমীক্ষা বসন্তনভঃ ।

ভ্রমদভ্রমদভ্রমদভ্রমদ ভ্রমরচ্ছলতঃ খলু কামিজনঃ ॥

হরিদীন । ও বাবা, শাপ দিচ্ছে নাকি ?

দেবদত্ত । (মনুর প্রতি) তুমি তো ভদ্রলোকের ছেলে, তুমি তো শাস্ত্র বোঝ— কেমন, এ ঠিক
কথা কিনা ? নস মানস মানস মানস—

মমুরাম । আহা ঠিক ! শাস্ত্র যদি চাও তো এই বটে । তা, আমিও তো ঠিক ঐ কথাটাই বোঝাচ্ছিলুম ।

দেবদত্ত । (নন্দর প্রতি) নমস্কার ! তুমি তো ব্রাহ্মণ দেখছি । কী বল ঠাকুর, পরিণামে এই-সব মূর্খরা 'ভ্রমদভ্রমদভ্রমৎ' হয়ে মরবে না ?

নন্দ । বরাবর তাই বলছি, কিন্তু বোঝে কে ? ছোটোলোক কিনা ।

দেবদত্ত । (মনসুখের প্রতি) তোমাকেই এর মধ্যে বুদ্ধিমানের মতো দেখাচ্ছে, আচ্ছা, তুমিই বলো দেখি, কথাগুলো কি ভালো হচ্ছিল ? (কুঞ্জরের প্রতি) আর তোমাকেও তো বেশ ভালোমানুষ দেখছি হে, তোমার নাম কী ?

কুঞ্জর । আমার নাম কুঞ্জরলাল— কাঞ্জিলাল আমার ভাইপোর নাম ।

দেবদত্ত । ওঃ ! তোমারই ভাইপোর নাম কাঞ্জিলাল বটে ? তা, আমি রাজার কাছে বিশেষ করে তোমাদের নাম করব ।

হরিদীন । আর আমাদের কী হবে ?

দেবদত্ত । তা আমি বলতে পারি নে বাপু ! এখন তো তোরা কান্না ধরেছিস— এই একটু আগে আর-এক সুর বের করেছিলি । সে কথাগুলো কি রাজা শোনে নি ? রাজা সব শুনতে পায় ।

অনেকে । দোহাই ঠাকুর, আমরা কিছু বলি নি, ঐ কাঞ্জিলাল না মাঞ্জিলাল অস্তরের কথা পেড়েছিল ।

কুঞ্জর । চুপ কর । আমার নাম খারাপ করিস নে । আমার নাম কুঞ্জরলাল । তা, মিছে কথা বলব না, আমি বলছিলুম, 'যেমন শাস্ত্র আছে তেমনি অস্তরও আছে, রাজা যদি শাস্ত্রের দোহাই না মানে তখন অস্তর আছে ।' কেমন বলেছি ঠাকুর ?

দেবদত্ত । ঠিক বলেছ, তোমার উপযুক্ত কথাই বলেছ । অস্ত্র কী ? না, বল । তা তোমাদের বল কী ? না, 'দুর্বলস্য বলং রাজা' । কি না, রাজাই দুর্বলের বল । আবার, 'বালানাং রোদনং বলং' । রাজার কাছে তোমরা বালক বৈ নও । অতএব এখানে কান্নাই তোমাদের অস্ত্র । অতএব শাস্ত্র যদি না খাটে তো তোমাদের অস্ত্র আছে কান্না । বড়ো বুদ্ধিমানের মতো কথা বলেছ । প্রথমে আমাকেই ধাঁধা লেগে গিয়েছিল । তোমার নামটা মনে রাখতে হবে । কী হে, তোমার নাম কী ?

কুঞ্জর । আমার নাম কুঞ্জরলাল । কাঞ্জিলাল আমার ভাইপো ।

অন্য সকলে । ঠাকুর, আমাদের মাপ করো ঠাকুর, মাপ করো ।

দেবদত্ত । আমি মাপ করবার কে ? তবে দেখ, কান্নাকাটি করে দেখ, রাজা যদি মাপ করে ।

[প্রস্থান]

তৃতীয় দৃশ্য

অন্তঃপুর

প্রমোদকানন

বিক্রমদেব ও সুমিত্রা

বিক্রমদেব । মৌনমুগ্ধ সঙ্ক্যা ওই মন্দ মন্দ আসে
কুঞ্জবনমাঝে, প্রিয়তমে, লজ্জানন্দ
নববধূসম— সম্মুখে গম্ভীর নিশা
বিস্তার করিয়া অন্তহীন অন্ধকার

এ কনককান্তিটুকু চাহে গ্রাসিবারে ।
 তেমনি দাঁড়ায়ে আছি হৃদয় প্রসারি
 ওই হাসি, ওই রূপ, ওই তব জ্যোতি
 পান করিবারে— দিবালোকতট হতে
 এসো, নেমে এসো, কনকচরণ দিয়ে
 এ অগাধ হৃদয়ের নিশীথ-সাগরে ।
 কোথা ছিলে প্রিয়ে ?

সুমিত্রা । নিতান্ত তোমারি আমি
 সদা মনে রেখো এ বিশ্বাস । থাকি যবে
 গৃহকাজে, জেনো নাথ, তোমারি সে গৃহ,
 তোমারি সে কাজ ।

বিক্রমদেব । থাক্ গৃহ, গৃহকাজ ।
 সংসারের কেহ নহ, অন্তরের তুমি ।
 অন্তরে তোমার গৃহ, আর গৃহ নাই—
 বাহিরে কাঁদুক পড়ে বাহিরের কাজ ।

সুমিত্রা । কেবল অন্তরে তব ? নহে, নাথ, নহে—
 রাজন, তোমারি আমি অন্তরে বাহিরে ।
 অন্তরে প্রেয়সী তব, বাহিরে মহিষী ।

বিক্রমদেব । হায়, প্রিয়ে, আজ কেন স্বপ্ন মনে হয়
 সে সুখের দিন ? সেই প্রথম মিলন—
 প্রথম প্রেমের ছটা, দেখিতে দেখিতে
 সমস্ত হৃদয়ে দেহে যৌবনবিকাশ,
 সেই নিশিসমাগমে দুরুদুরু হিয়া—
 নয়নপল্লবে লজ্জা ফুলদলপ্রান্তে
 শিশিরবিন্দুর মতো, অধরের হাসি
 নিমেষে জাগিয়া ওঠে, নিমেষে মিলায়
 সন্ধ্যার বাতাস লেগে কাতরকম্পিত
 দীপশিখাসম, নয়নে-নয়নে হয়ে
 ফিরে আসে আঁখি, বেধে যায় হৃদয়ের
 কথা, হাসে চাঁদ কৌতুকে আকাশে, চাহে
 নিশীথের তারা লুকায়ে জানালা-পাশে—
 সেই নিশি-অবসানে আঁখি ছলছল,
 সেই বিরহের ভয়ে বদ্ধ আলিঙ্গন,
 তিলেক বিচ্ছেদ লাগি কাতর হৃদয় ।
 কোথা ছিল গৃহকাজ ! কোথা ছিল, প্রিয়ে,
 সংসারভাবনা ?

সুমিত্রা । তখন ছিলাম শুধু
 ছোটো দুটি বালক বালিকা, আজি মোরা
 রাজা রানী ।

বিক্রমদেব । রাজা রানী ! কে রাজা ? কে রানী ?

- নহি আমি রাজা । শূন্য সিংহাসন কাঁদে ।
 জীর্ণ রাজকার্যরাশি চূর্ণ হয়ে যায়
 তোমার চরণতলে ধূলির মাঝারে ।
- সুমিত্রা । শুনিয়া লজ্জায় মরি । ছি ছি মহারাজ,
 এ কি ভালোবাসা ? এ যে মেঘের মতন
 রেখেছে আচ্ছন্ন করে মধ্যাহ্ন-আকাশে
 উজ্জ্বল প্রতাপ তব । শোনো প্রিয়তম,
 আমার সকলি তুমি, তুমি মহারাজ,
 তুমি স্বামী— আমি শুধু অনুগত ছায়া,
 তার বেশি নই । আমারে দियो না লাজ,
 আমারে বেসো না ভালো রাজশ্রীর চেয়ে ।
- বিক্রমদেব । চাহ না আমার প্রেম ?
- সুমিত্রা । কিছু চাই নাথ,
 সব নহে । স্থান দियो হৃদয়ের পাশে,
 সমস্ত হৃদয় তুমি দियो না আমারে ।
- বিক্রমদেব । আজো রমণীর মন নারিনু বুঝিতে ।
- সুমিত্রা । তোমরা পুরুষ, দৃঢ় তরুর মতন
 আপনি অটল রবে আপনার 'পরে
 স্বতন্ত্র উন্নত, তবে তো আশ্রয় পাব
 আমরা লতার মতো তোমাদের শাখে ।
 তোমরা সকল মন দিয়ে ফেল যদি
 কে রহিবে আমাদের ভালোবাসা নিতে,
 কে রহিবে বহিবারে সংসারের ভার ?
 তোমরা রহিবে কিছু স্নেহময়, কিছু
 উদাসীন, কিছু মুক্ত, কিছু বা জড়িত—
 সহস্র পাখির গৃহ, পাখের বিশ্রাম,
 তপ্ত ধরণীর ছায়া, মেঘের বান্ধব,
 ঝটিকার প্রতিদ্বন্দ্বী, লতার আশ্রয় ।
- বিক্রমদেব । কথা দূর করো প্রিয়ে ! হেরো সন্ধ্যাবেলা
 মৌনপ্রেমসুখে সুপ্ত বিহঙ্গের নীড়,
 নীরব কাকলি । তবে মোরা কেন দোঁহে
 কথার উপরে কথা করি বরিষন ?
 অধর অধরে বসি প্রহরীর মতো
 চপল কথার দ্বার রাখুক রুধিয়া ।

কঞ্চুকীর প্রবেশ

- কঞ্চুকী । এখনি দর্শনপ্রার্থী মন্ত্রীমহাশয়,
 গুরুতর রাজকার্য, বিলম্ব সহে না ।
- বিক্রমদেব । ধিক্ তুমি ! ধিক্ মন্ত্রী ! ধিক্ রাজকার্য !
 রাজ্য রসাতলে যাক মন্ত্রী লয়ে সাথে ।

সুমিত্রা । যাও, নাথ, যাও !
বিক্রমদেব । বার বার এক কথা !
নির্মম ! নিষ্ঠুর ! কাজ, কাজ ! যাও, যাও !
যেতে কি পারি নে আমি ? কে চাহে থাকিতে ?
সবিনয় করপুটে কে মাগে তোমার
সযত্নে ওজন-করা বিন্দু বিন্দু কৃপা ?
এখনি চলিぬ ।

অয়ি হৃদিলগ্না লতা,
ক্ষম মোরে, ক্ষম অপরাধ । মোছো আঁখি,
ম্লান মুখে হাসি আনো, অথবা ভ্রুকুটি—
দাও শাস্তি, করো তিরস্কার ।

সুমিত্রা । মহারাজ,
এখন সময় নয়— আসিয়ো না কাছে,
এই মুছিয়াছি অশ্রু, যাও রাজ-কাজে ।
বিক্রমদেব । হায় নারী, কী কঠিন হৃদয় তোমার !
কোনো কাজ নাই প্রিয়ে, মিছে উপদ্রব ।
ধানাপূর্ণ বসুম্ভরা, প্রজা সুখে আছে,
রাজকার্য চলিছে অবাধে— এ কেবল,
সামান্য কী বিঘ্ন নিয়ে তুচ্ছ কথা তুলে
বিজ্ঞ বৃদ্ধ অমাত্যের অতি-সাবধান ।
সুমিত্রা । ওই শোনো ক্রন্দনের ধ্বনি— সকাতরে
প্রজার আহ্বান । ওরে বৎস, মাতৃহীন
নোস তোরা কেহ, আমি আছি— আমি আছি—
আমি এ রাজ্যের রানী, জননী তোদের ।

[প্রস্থান

চতুর্থ দৃশ্য

অস্তঃপুরের কক্ষ

সুমিত্রা

সুমিত্রা । এখনো এল না কেন ? কোথায় ব্রাহ্মণ ?
ওই ক্রমে বেড়ে ওঠে ক্রন্দনের ধ্বনি ।

দেবদত্তের প্রবেশ

দেবদত্ত । জয় হোক ।

সুমিত্রা । ঠাকুর, কিসের কোলাহল ?

দেবদত্ত । শোন কেন মাতঃ ! শুনিলেই কোলাহল ।
সুখে থাকো, রুদ্ধ করো কান । অস্তঃপুরে
সেথাও কি পশে কোলাহল ? শাস্তি নেই
সেখানেও ? বল তো এখনি সৈন্য লয়ে

- তাড়া করে নিয়ে যাই পথ হতে পথে
জীর্ণচীর ক্ষুধিত তৃষিত কোলাহল ।
- সুমিত্রা । বলো শীঘ্র কী হয়েছে ।
- দেবদত্ত । কিছু না, কিছু না ।
শুধু ক্ষুধা, হীন ক্ষুধা, দরিদ্রের ক্ষুধা ।
অভদ্র অসভ্য যত বর্বরের দল
মরিছে চীৎকার করি ক্ষুধার তাড়নে
কর্কশ ভাষায় । রাজকুণ্ডে ভয়ে মৌন
কোকিল পাপিয়া যত ।
- সুমিত্রা । আহা, কে ক্ষুধিত ?
- দেবদত্ত । অভাগোর দুরদৃষ্ট । দীন প্রজা যত
চিরদিন কেটে গেছে অর্ধাশনে যার
আজও তার অনশন হল না অভ্যাস,
এমনি আশ্চর্য !
- সুমিত্রা । হে ঠাকুর, এ কী শুনি !
ধান্যপূর্ণ বসুন্ধরা, তবু প্রজা কাঁদে
অনাহারে ?
- দেবদত্ত । ধান্য তার বসুন্ধরা যার ।
দরিদ্রের নহে বসুন্ধরা । এরা শুধু
যজ্ঞভূমে কুকুরের মতো লোলজিহ্বা
এক পাশে পড়ে থাকে, পায় ভাগ্যক্রমে
কভু যষ্টি, উচ্ছিষ্ট কখনো । বেঁচে যায়
দয়া হয় যদি, নহে তো কাঁদিয়া ফেরে
পথপ্রান্তে মরিবার তরে ।
- সুমিত্রা । কী বলিলে,
রাজা কি নির্দয় তবে ? দেশ অরাজক ?
- দেবদত্ত । অরাজক কে বলিবে ? সহস্ররাজক ।
- সুমিত্রা । রাজকার্যে অমাত্যের দৃষ্টি নাই বুঝি ?
- দেবদত্ত । দৃষ্টি নাই ? সে কী কথা ! বিলক্ষণ আছে ।
গৃহপতি নিদ্রাগত, তা বলিয়া গৃহে
চোরের কি দৃষ্টি নাই ? সে যে শনিদৃষ্টি ।
তাদের কী দোষ ? এসেছে বিদেশ হতে
রিক্ত হস্তে, সে কি শুধু দীন প্রজাদের
আশীর্বাদ করিবারে দুই হাত তুলে ?
- সুমিত্রা । বিদেশী ! কে তারা ? তবে, আমার আত্মীয় ?
- দেবদত্ত । রানীর আত্মীয় তারা প্রজার মাতুল,
যেমন মাতুল কংস, মামা কালনেমি ।
- সুমিত্রা । জয়সেন ?
- দেবদত্ত । ব্যস্ত তিনি প্রজা-সুশাসনে ।
প্রবল শাসনে তাঁর সিংহগড় দেশে

যত উপসর্গ ছিল অনবস্ত্র আদি
সব গেছে, আছে শুধু অস্থি আর চর্ম ।
সুমিত্রা । শিলাদিত্য ?
দেবদত্ত । তাঁর দৃষ্টি বাণিজ্যের প্রতি ।
বণিকের ধনভার করিয়া লাঘব
নিজস্বন্ধে করেন বহন ।
সুমিত্রা । যুধাজিৎ ?
দেবদত্ত । নিতান্তই ভদ্রলোক, অতি মিষ্টভাষী ।
থাকেন বিজয়কোটে, মুখে লেগে আছে
'বাপু বাছা', আড়চক্ষে চাহেন চৌদিকে,
আদরে বুলান হাত ধরণীর পিঠে—
যাহা-কিছু হাতে ঠেকে যত্নে লন তুলি ।
সুমিত্রা । এ কী লজ্জা ! এ কী পাপ ! আমার আত্মীয় !
পিতৃকুল-অপযশ ! ছি ছি, এ কলঙ্ক
করিব মোচন । তিলেক বিলম্ব নহে ।

[প্রস্থান

পঞ্চম দৃশ্য

দেবদত্তের গৃহ

নারায়ণী গৃহকার্যে নিযুক্ত

দেবদত্তের প্রবেশ

দেবদত্ত । প্রিয়ে, বলি ঘরে কিছু আছে কি ?
নারায়ণী । তোমার থাকার মধ্যে আছি আমি । তাও না থাকলেই আপদ চোকে ।
দেবদত্ত । ও আবার কী কথা !
নারায়ণী । তুমি রাস্তা থেকে কুড়িয়ে কুড়িয়ে যত রাজ্যের ভিক্ষুক জুটিয়ে আন, ঘরে খুদকুড়ো আর
বাকি রইল না । খেটে খেটে আমার শরীরও আর থাকে না ।
দেবদত্ত । আমি সাধে আনি ? হাতে কাজ থাকলে তুমি থাক ভালো, সুতরাং আমিও ভালো
থাকি । আর কিছু না হোক, তোমার ঐ মুখখানি বন্ধ থাকে ।
নারায়ণী । বটে ? তা আমি এই চুপ করলুম । আমার কথা যে তোমার অসহ্য হয়ে উঠেছে তা কে
জানত ! তা, কে বলে আমার কথা শুনতে—
দেবদত্ত । তুমিই বল, আবার কে বলবে ? এক কথা না শুনলে দশ কথা শুনিয়ে দাও ।
নারায়ণী । বটে ! আমি দশ কথা শোনাই ? তা, আমি এই চুপ করলুম । আমি একেবারে থামলেই
তুমি বাঁচ । এখন কি আর সেদিন আছে— সেদিন গেছে । এখন আবার নতুন মুখের নতুন কথা
শুনতে সাধ গিয়েছে— এখন আমার কথা পুরোনো হয়ে গেছে ।
দেবদত্ত । বাপ রে ! আবার নতুন মুখের নতুন কথা ! শুনলে আতঙ্ক হয় । তবু পুরোনো কথাগুলো
অনেকটা অভ্যেস হয়ে এসেছে ।
নারায়ণী । আচ্ছা বেশ । এতই জ্বালাতন হয়ে থাক তো আমি এই চুপ করলুম । আমি আর একটি
কথাও কব না । আগে বললেই হত— আমি তো জানতুম না । জানলে কে তোমাকে—

দেবদত্ত । আগে বলি নি ? কত বার বলেছি । কই, কিছু হল না তো ।

নারায়ণী । বটে ! তা বেশ, আজ থেকে তবে এই চুপ করলুম । তুমিও সুখে থাকবে, আমিও সুখে থাকব । আমি সাথে বকি ? তোমার রকম দেখে—

দেবদত্ত । এই বুঝি তোমার চুপ করা ?

নারায়ণী । আচ্ছা । [বিমুখ

দেবদত্ত । প্রিয়ে ! প্রেয়সী ! মধুরভাষিণী ! কোকিলগঞ্জিনী !

নারায়ণী । চুপ করো ।

দেবদত্ত । রাগ কোরো না প্রিয়ে, কোকিলের মতো রঙ বলছি নে, কোকিলের মতো পঞ্চমস্বর ।

নারায়ণী । যাও যাও, বোকো না । কিন্তু তা বলছি, তুমি যদি আরো ভিখিরি জুটিয়ে আন তা হলে হয় তাদের ঝাঁটিয়ে বিদেয় করব, নয় নিজে বনবাসিনী হয়ে বেরিয়ে যাব ।

দেবদত্ত । তা হলে আমিও তোমার পিছনে পিছনে যাব, এবং ভিক্ষুকগুলোও যাবে ।

নারায়ণী । মিছে না । টেকির স্বর্গেও সুখ নেই ।

[নারায়ণীর প্রস্থান

ত্রিবেদীর মালা জপিতে জপিতে প্রবেশ

ত্রিবেদী । শিব শিব শিব ! তুমি রাজপুরোহিত হয়েছ ?

দেবদত্ত । তা হয়েছি, কিন্তু রাগ কেন ঠাকুর ? কোনো দোষ ছিল না । মালাও জপি নে, ভগবানের নামও করি নে । রাজার মর্জি ।

ত্রিবেদী । পিপীলিকার পক্ষচ্ছেদ হয়েছে । শ্রীহরি !

দেবদত্ত । আমার প্রতি রাগ করে শব্দশাস্ত্রের প্রতি উপদ্রব কেন ? পক্ষচ্ছেদ নয়, পক্ষোদ্ভেদ ।

ত্রিবেদী । তা ও একই কথা । ছেদও যা ভেদও তা । কথায় বলে ছেদভেদ । হে ভবকাণ্ডারী ! যা হোক, তোমার যতদূর বারধকা হবার তা হয়েছে ।

দেবদত্ত । ব্রাহ্মণী সাক্ষী, এখনো আমার যৌবন পেরোয় নি ।

ত্রিবেদী । আমিও তাই বলছি । যৌবনের দর্পেই তোমার এতটা বারধকা হয়েছে । তা তুমি মরবে । হরি হে দীনবন্ধু !

দেবদত্ত । ব্রাহ্মণবাক্য মিথ্যে হবে না— তা আমি মরব । কিন্তু সেজন্যে তোমার বিশেষ আয়োজন করতে হবে না, স্বয়ং যম রয়েছে । ঠাকুর, তোমার চেয়ে আমার সঙ্গে যে তাঁর বেশি কুটুম্বিতে তা নয়— সকলেরই প্রতি তাঁর সমান নজর ।

ত্রিবেদী । তোমার সময় নিতান্ত এগিয়ে এসেছে । দয়াময় হরি !

দেবদত্ত । তা কী করে জানব ? দেখেছি বটে আজকাল মরে ঢের লোক— কেউ-বা গলায় দড়ি দিয়ে মরে, কেউ-বা গলায় কলসি বেঁধে মরে, আবার সর্পাঘাতেও মরে, কিন্তু ব্রাহ্মশাপে মরে না । ব্রাহ্মণের লাঠিতে কেউ কেউ মরেছে শুনেছি, কিন্তু ব্রাহ্মণের কথায় কেউ মরে না । অতএব যদি শীঘ্র না মরে উঠতে পারি তো রাগ কোরো না ঠাকুর— সে আমার দোষ নয়, সে কালের দোষ ।

ত্রিবেদী । প্রণিপাত ! শিব শিব শিব !

দেবদত্ত । আর-কিছু প্রয়োজন আছে ?

ত্রিবেদী । না । কেবল এই খবরটা দিতে এলুম । দয়াময় ! তা, তোমার চালে যদি দু-একটা বেশি কুমড়ো ফলে থাকে তো দিতে পার— আমার দরকার আছে ।

দেবদত্ত । এনে দিচ্ছি ।

[প্রস্থান

ষষ্ঠ দৃশ্য

অন্তঃপুর

পুষ্পোদ্যান

বিক্রমদেব ও রাজমাতুল বৃদ্ধ অমাত্য

বিক্রমদেব । শুনো না অলীক কথা, মিথ্যা অভিযোগ—
যুধাজিৎ, জয়সেন, উদয়ভাস্কর,
সুযোগ্য সুজন । একমাত্র অপরাধ
বিদেশী তাহারা । তাই এ রাজ্যের মনে
বিদ্বেষ-অনল উদগারিছে কৃষ্ণধূম
নিন্দা রাশি রাশি ।

অমাত্য । সহস্র প্রমাণ আছে,
বিচার করিয়া দেখো ।

বিক্রমদেব । কী হবে প্রমাণ ?
চলিছে বৃহৎ রাজ্য বিশ্বাসের বলে—
যার 'পরে রয়েছে যে ভার, সযতনে
তাই সে পালিছে । প্রতিদিন তাহাদের
বিচার করিতে হবে নিন্দাবাক্য শুনে,
নহে ইহা রাজধর্ম । আর্য, যাও ঘরে,
করিয়ো না বিশ্রামে ব্যাঘাত ।

অমাত্য । পাঠায়েছে
মন্ত্রী মোরে ; সানুনয়ে করিছে প্রার্থনা
দর্শন তোমার, গুরু রাজকার্য-তরে ।

বিক্রমদেব । চিরকাল আছে রাজ্য, আছে রাজকার্য—
সুমধুর অবসর শুধু মাঝে মাঝে
দেখা দেয়, অতি ভীকু, অতি সুকুমার ।
ফুটে ওঠে পুষ্পটির মতো, টুটে যায়
বেলা না ফুরাতে । কে তারে ভাঙিতে চাহে
অকালে চিস্তার ভারে ? বিশ্রামেরে জেনো
কর্তব্য কাজের অঙ্গ ।

অমাত্য । যাই মহারাজ ।

[প্রস্থান

রানীর আত্মীয় অমাত্যের প্রবেশ

অমাত্য । বিচারের আজ্ঞা হোক ।

বিক্রমদেব । কিসের বিচার ?

অমাত্য । শুনি নাকি, মহারাজ, নির্দোষীর নামে
মিথ্যা অভিযোগ—

বিক্রমদেব । সত্য হবে । কিন্তু যতক্ষণ
বিশ্বাস রেখেছি আমি তোমাদের 'পরে

ততক্ষণ থাকো মৌন হয়ে । এ বিশ্বাস
ভাঙিবে যখন, তখন, আপনি আমি
সত্য মিথ্যা করিব বিচার । যাও চলে ।

[অমাত্যের প্রশ্ন

বিক্রমদেব । হায় কষ্ট মানবজীবন ! পদে পদে
নিয়মের বেড়া ! আপন রচিত জালে
আপনি জড়িত । অশান্ত আকাঙ্ক্ষা-পাখি
মরিতেছে মাথা খুঁড়ে পঞ্জরপিঞ্জরে !
কেন এ জটিল অধীনতা ? কেন এত
আত্মপীড়া ? কেন এ কর্তব্যকারাগার ?
তুই সুখী অয়ি মাধবিকা, বসন্তের
আনন্দমঞ্জরী ! শুধু প্রভাতের আলো,
নিশার শিশির, শুধু গন্ধ, শুধু মধু,
শুধু মধুপের গান, বায়ুর হিল্লোল,
স্নিগ্ধ পল্লবশয়ন, প্রস্ফুট শোভায়
সুনীল আকাশ-পানে নীরবে উত্থান,
তার পরে ধীরে ধীরে শ্যাম দূর্বাদলে
নীরবে পতন । নাই তর্ক, নাই বিধি,
নিদ্রিত নিশায় মর্মে সংশয়দংশন,
নিরাশ্বাস প্রণয়ের নিষ্ফল আবেগ ।

সুমিত্রার প্রবেশ

এসেছ পাষণী ! দয়া হয়েছে কি মনে ?
হল সারা সংসারের যত কাজ ছিল !
মনে কি পড়িল তবে অধীন এ জনে
সংসারের সব শেষে ? জান না কি, প্রিয়ে,
সকল কর্তব্য চেয়ে প্রেম গুরুতর !
প্রেম এই হৃদয়ের স্বাধীন কর্তব্য ।

সুমিত্রা । হায়, ধিক্ মোরে । কেমনে বোঝাব, নাথ,
তোমারে যে ছেড়ে যাই সে তোমারি প্রেমে ।
মহারাজ, অধীনীর শোনো নিবেদন—
এ রাজ্যের প্রজার জননী আমি । প্রভু,
পারি নে শুনিতে আর কাতর অভাগা
সন্তানের করুণ ক্রন্দন । রক্ষা করো
পীড়িত প্রজারে ।

বিক্রমদেব । কী করিতে চাহ রানী ?

সুমিত্রা । আমার প্রজারে যারা করিছে পীড়ন
রাজ্য হতে দূর করে দাও তাহাদের ।

বিক্রমদেব । কে তাহারা জান ?

সুমিত্রা । জানি ।

বিক্রমদেব । তোমার আত্মীয় ।

- সুমিত্রা । নহে মহারাজ ! আমার সন্তান চেয়ে
নহে তারা অধিক আত্মীয় । এ রাজ্যের
অনাথ আতুর যত তাড়িত ক্ষুধিত
তারাই আমার আপনার । সিংহাসন-
রাজচ্ছত্রছায়ে ফিরে যারা গুপ্তভাবে
শিকারসন্ধানে— তারা দস্যু, তারা চোর ।
- বিক্রমদেব । যুধাজিৎ, শিলাদিত্য, জয়সেন তারা ।
সুমিত্রা । এই দণ্ডে তাহাদের দাও দূর করে ।
বিক্রমদেব । আরামে রয়েছে তারা, যুদ্ধ ছাড়া কভু
নড়িবে না এক পদ ।
- সুমিত্রা । তবে যুদ্ধ করো ।
বিক্রমদেব । যুদ্ধ করো ! হায় নারী, তুমি কি রমণী !
ভালো, যুদ্ধে যাব আমি । কিন্তু তার আগে
তুমি মানো অধীনতা, তুমি দাও ধরা—
ধর্মাধর্ম, আত্মপর, সংসারের কাজ
সব ছেড়ে হও তুমি আমারি কেবল ।
তবেই ফুরাবে কাজ— তৃপ্তমন হয়ে
বাহিরিব বিশ্বরাজ্য জয় করিবারে ।
অতৃপ্ত রাখিবে মোরে যতদিন তুমি
তোমার অদৃষ্ট-সম রব তব সাথে ।
- সুমিত্রা । আঞ্জা করো মহারাজ, মহিষী হইয়া
আপনি প্রজারে আমি করিব রক্ষণ ।

[প্রস্থান

- বিক্রমদেব । এমনি করেই মোরে করেছ বিকল ।
আছ তুমি আপনার মহত্বশিখরে
বসি একাকিনী ; আমি পাই নে তোমারে ।
দিবানিশি চাহি তাই । তুমি যাও কাজে,
আমি ফিরি তোমারে চাহিয়া । হায় হায়,
তোমায় আমায় কভু হবে কি মিলন ?

দেবদত্তের প্রবেশ

- দেবদত্ত । জয় হোক মহারানী— কোথা মহারানী,
একা তুমি মহারাজ ?
- বিক্রমদেব । তুমি কেন হেথা ?
ব্রাহ্মণের ষড়যন্ত্র অন্তঃপুরমাঝে ?
কে দিয়েছে মহিষীরে রাজ্যের সংবাদ ?
- দেবদত্ত । রাজ্যের সংবাদ রাজ্য আপনি দিয়েছে ।
উর্ধ্বস্বরে কেঁদে মরে রাজ্য উৎপীড়িত
নিতান্ত প্রাণের দায়ে— সে কি ভাবে কভু
পাছে তব বিশ্রামের হয় কোনো ক্ষতি ?

ভয় নাই, মহারাজ, এসেছি কিঞ্চিৎ
ভিক্ষা মাগিবার তরে রানীমার কাছে ।
ব্রাহ্মণী বড়োই রক্ষ, গৃহে অন্ন নাই,
অথচ ক্ষুধার কিছু নাই অপ্রতুল ।

[প্রস্থান

বিক্রমদেব । সুখী হোক, সুখে থাক এ রাজ্যের সবে ।
কেন দুঃখ, কেন পীড়া, কেন এ ক্রন্দন !
অত্যাচার, উৎপীড়ন, অন্যায় বিচার,
কেন এ-সকল ! কেন মানুষের 'পরে
মানুষের এত উপদ্রব ! দুর্বলের
ক্ষুদ্র সুখ, ক্ষুদ্র শাস্তিটুকু, তার 'পরে
সবলের শোনদৃষ্টি কেন ? যাই, দেখি,
যদি কিছু খুঁজে পাই শাস্তির উপায় ।

সপ্তম দৃশ্য

মন্ত্রগৃহ

বিক্রমদেব ও মন্ত্রী

বিক্রমদেব । এই দণ্ডে রাজ্য হতে দাও দূর করে
যত সব বিদেশী দস্যুরে । সদা দুঃখ,
সদা ভয়, রাজ্য জুড়ে কেবল ক্রন্দন !
আর যেন একদিন না শুনতে হয়
পীড়িত প্রজার এই নিত্য কোলাহল ।

মন্ত্রী । মহারাজ, ধৈর্য চাই । কিছুদিন ধরে
রাজার নিয়ত দৃষ্টি পড়ুক সর্বত্র,
ভয় শোক বিশৃঙ্খলা তবে দূর হবে ।
অন্ধকারে বাড়িয়াছে বহুকাল ধরে
অমঙ্গল— এক দিনে কী করিবে তার ?

বিক্রমদেব । এক দিনে চাহি তারে সমূলে নাশিতে,
শত বরষের শাল যেমন সবলে
এক দিনে কাঠুরিয়া করে ভূমিসাৎ ।

মন্ত্রী । অস্ত্র চাই, লোক চাই—

বিক্রমদেব । সেনাপতি কোথা ?

মন্ত্রী । সেনাপতি নিজেই বিদেশী ।

বিক্রমদেব । বিড়ম্বনা !

তবে ডেকে নিয়ে এসো দীন প্রজাদের,
খাদ্য দিয়ে তাহাদের বন্ধ করো মুখ,

অর্থ দিয়ে করহ বিদায় । রাজ্য ছেড়ে
যাক চলে, যেথা গিয়ে সুখী হয় তারা ।

[প্রস্থান

দেবদত্তের সহিত সুমিত্রার প্রবেশ

সুমিত্রা । আমি এ রাজ্যের রানী— তুমি মন্ত্রী বুঝি ?

মন্ত্রী । প্রণাম জননী ! দাস আমি । কেন মাতঃ,
অস্তঃপুর ছেড়ে আজ মন্ত্রগৃহে কেন ?

সুমিত্রা । প্রজার ক্রন্দন শুনে পারি নে তিষ্ঠিতে
অস্তঃপুরে । এসেছি করিতে প্রতিকার ।

মন্ত্রী । কী আদেশ মাতঃ ?

সুমিত্রা । বিদেশী নায়ক
এ রাজ্যে যতেক আছে করহ আহ্বান
মোর নামে ত্বর করি ।

মন্ত্রী । সহসা আহ্বানে
সংশয় জন্মিবে মনে, কেহ আসিবে না ।

সুমিত্রা । মানিবে না রানীর আদেশ ?

দেবদত্ত । রাজা রানী
ভুলে গেছে সবে । কদাচিৎ জনশ্রুতি
শোনা যায় !

সুমিত্রা । কালভৈরবের পূজোৎসবে
করো নিমন্ত্রণ । সেদিন বিচার হবে ।
গর্বে অন্ধ দণ্ড যদি না করে স্বীকার
সৈন্যবল কাছাকাছি রাখিয়ো প্রস্তুত ।

[প্রস্থান

দেবদত্ত । কাহারে পাঠাবে দূত ?

মন্ত্রী । ত্রিবেদী ঠাকুরে ।

নির্বোধ সরলমন ধার্মিক ব্রাহ্মণ,
তার 'পরে কারো আর সন্দেহ হবে না ।

দেবদত্ত । ত্রিবেদী সরল ? নিবুদ্ধিই বুদ্ধি তার,
সরলতা বক্রতার নির্ভরের দণ্ড ।

অষ্টম দৃশ্য

ত্রিবেদীর কুটির

মন্ত্রী ও ত্রিবেদী

মন্ত্রী । বুঝেছ ঠাকুর, এ কাজ তোমাকে ছাড়া আর কাউকে দেওয়া যায় না ।

ত্রিবেদী । তা বুঝেছি । হরি হে ! কিন্তু মন্ত্রী, কাজের সময় আমাকে ডাক, আর পৈরহিত্যের বেলায়

দেবদত্তের খোঁজ পড়ে ।

জয়সেন । বেশি বোকো না ঠাকুর, যথার্থ কারণ যা জান বলে ফেলো ।

ত্রিবেদী । বাসুদেব ! সকল জিনিসেরই কি যথার্থ কারণ থাকে ? যদি-বা থাকে তো সকল লোকে কি টের পায় ? যারা গোপনে পরামর্শ করেছে তারাই জানে । মন্ত্রী জানে, দেবদত্ত জানে । তা বাপু, তুমি অধিক ভেবো না, বোধ করি সেখানে যাবামাত্রই যথার্থ কারণ অবিলম্বে টের পাবে ।

জয়সেন । মন্ত্রী তোমাকে আর কিছুই বলে নি ?

ত্রিবেদী । নারায়ণ নারায়ণ ! তোমার দিবা, কিছু বলে নি । মন্ত্রী বললে, 'ঠাকুর, যা বললুম তা ছাড়া একটি কথা বোলো না । দেখো, তোমাকে যেন একটুও সন্দেহ না করে ।' আমি বললুম, 'হে রাম ! সন্দেহ কেন করবে ? তবে বলা যায় না । আমি তো সরলচিত্তে বলে যাব, যিনি সন্দেহ হবেন তিনি হবেন !' হরি হে, তুমিই সত্য ।

জয়সেন । পূজো উপলক্ষে নিমন্ত্রণ, এ তো সামান্য কথা, এতে সন্দেহ হবার কী কারণ থাকতে পারে ?

ত্রিবেদী । তোমরা বড়োলোক, তোমাদের এইরকমই হয় । নইলে 'ধর্মস্যা সূক্ষ্মা গতি' বলবে কেন ? যদি তোমাদের কেউ এসে বলে, 'আয় তো রে পাষণ্ড, তোর মুণ্ডটা টান মেরে ছিড়ে ফেলি' অমনি তোমাদের উপলব্ধ হয় যে, আর যাই হোক লোকটা প্রবঞ্চনা করেছে না, মুণ্ডটার উপরে বাস্তবিক তার নজর আছে বটে । কিন্তু যদি কেউ বলে 'এসো তো বাপধন, আস্তে আস্তে তোমার পিঠে হাত বুলিয়ে দিই', অমনি তোমাদের সন্দেহ হয় । যেন আস্ত মুণ্ডটা ধরে টান মারার চেয়ে পিঠে হাত বুলিয়ে দেওয়া শক্ত কাজ ! হে ভগবান, যদি রাজা স্পষ্ট করেই বলত— একবার হাতের কাছে এসো তো, তোমাদের এক-একটাকে ধরে রাজ্য থেকে নির্বাসন করে পাঠাই— তা হলে এটা কখনো সন্দেহ করতে না যে, হয়তো-বা রাজকন্যার সঙ্গে পরিণাম-বন্ধন করবার জন্যেই রাজা ডেকে থাকবেন । কিন্তু রাজা বলেছেন নাকি, 'হে বন্ধুসকল, রাজদ্বারে শ্মশানে চ যস্তিষ্ঠতি স বাঙ্কব, অতএব তোমরা পূজো উপলক্ষে এখানে এসে কিঞ্চিৎ ফলাহার করবে'— অমনি তোমাদের সন্দেহ হয়েছে, সে ফলাহারটা কী রকমের না জানি । হে মধুসূদন ! তা এমনি হয় বটে । বড়োলোকের সামান্য কথায় সন্দেহ হয়, আবার সামান্য লোকের বড়ো কথায় সন্দেহ হয় ।

জয়সেন । ঠাকুর, তুমি অতি সরল প্রকৃতির লোক । আমার যেটুকু-বা সন্দেহ ছিল, তোমার কথায় সমস্ত ভেঙে গেছে ।

ত্রিবেদী । তা লেহ্য কথা বলেছ । আমি তোমাদের মতো বুদ্ধিমান নই, সকল কথা তলিয়ে বুঝতে পারি নে ; কিন্তু বাবা, সরল— পুরাণ-সংহিতায় যাকে বলে 'অন্যে পরে কা কথা', অর্থাৎ, অন্যের কথা নিয়ে কখনো থাকি নে ।

জয়সেন । আর কাকে কাকে তুমি নিমন্ত্রণ করতে বেরিয়েছ ?

ত্রিবেদী । তোমাদের পোড়া নাম আমার মনে থাকে না । তোমাদের কাশ্মীরী স্বভাব যেমন তোমাদের নামগুলোও ঠিক তেমনি শ্রুতিপৌরুষ । তা এ রাজ্যে তোমাদের গুটির যেখানে যে আছে সকলকেই ডাক পড়েছে । শূলপাণি ! কেউ বাদ যাবে না ।

জয়সেন । যাও ঠাকুর, এখন বিশ্রাম করো গে ।

ত্রিবেদী । যা হোক, তোমার মন থেকে যে সমস্ত সন্দেহ দূর হয়েছে, মন্ত্রী এ কথা শুনে ভারি খুশি হবে । মুকুন্দ মুরহর মুরারে !

[প্রস্থান

জয়সেন । মিহিরগুপ্ত, সমস্ত অবস্থা বুঝলে তো ? এখন গৌরসেন যুধাজিৎ উদয়ভাস্কর ওদের কাছে শীঘ্র লোক পাঠাও । বোলো, অবিলম্বে সকলে একত্র মিলে একটা পরামর্শ করা আবশ্যিক ।

মিহিরগুপ্ত । যে আজ্ঞা ।

মন্ত্রী । তুমি তো জান ঠাকুর, দেবদত্ত বেদান্ত ব্রাহ্মণ, ঠেকে দিয়ে আর তো কোনো কাজ হয় না ।
উনি কেবল মন্ত্র পড়তে আর ঘণ্টা নাড়তে পারেন ।

ত্রিবেদী । কেন, আমার কি বেদের উপর কম ভক্তি ? আমি বেদ পূজা করি, তাই বেদ পাঠ
করবার সুবিধে হয়ে ওঠে না । চন্দনে আর সিদুরে আমার বেদের একটা অক্ষরও দেখবার জো নেই ।
আজই আমি যাব । হে মধুসূদন !

মন্ত্রী । কী বলবে ?

ত্রিবেদী । তা আমি বলব কালভৈরবের পূজা, তাই রাজা তোমাদের নিমন্ত্রণ করেছেন । আমি খুব
বড়োরকম সালংকার দিয়েই বলব । সব কথা এখন মনে আসছে না— পথে যেতে যেতে ভেবে
নেব । হরি হে, তুমিই সত্য ।

মন্ত্রী । যাবার আগে একবার দেখা করে যেয়ো ঠাকুর ।

[প্রস্থান

ত্রিবেদী । আমি নির্বোধ, আমি শিশু, আমি সরল, আমি তোমাদের কাজ উদ্ধার করবার গোরু !
পিঠে বস্তা, নাকে দড়ি, কিছু বুঝব না, শুধু লেজে মোড়া খেয়ে চলব— আর সঙ্কেবেলায় দুটিখানি
শুকনো বিচিলি খেতে দেবে ! হরি হে, তোমারি ইচ্ছে । দেখা যাবে কে কতখানি বোঝে । ওরে,
এখনো পূজার সামগ্রী দিলি নে ? বেলা যায় যে । নারায়ণ ! নারায়ণ !

দ্বিতীয় অঙ্ক

প্রথম দৃশ্য

সিংহগড়

জয়সেনের প্রাসাদ

জয়সেন ত্রিবেদী ও মিহিরগুপ্ত

ত্রিবেদী । তা বাপু, তুমি যদি চক্ষু অমন রক্তবর্ণ কর তা হলে আমার আগুবিশ্রুতি হবে ।
ভক্তবৎসল হরি ! দেবদত্ত আর মন্ত্রী আমাকে অনেক করে শিখিয়ে দিয়েছে— কী বলছিলেম ভালো ?
আমাদের রাজা কালভৈরবের পূজা -নামক একটা উপলক্ষ করে—

জয়সেন । উপলক্ষ করে ?

ত্রিবেদী । হ্যাঁ, তা নয় উপলক্ষই হল, তাতে দোষ হয়েছে কী ? মধুসূদন ! তা তোমার চিন্তা হতে
পারে বটে । উপলক্ষ শব্দটা কিঞ্চিৎ কাঠিন্যরসাসক্ত হয়ে পড়েছে— ওর যা যথার্থ অর্থ সেটা নিরাকার
করতে অনেকেরই গোল ঠেকে দেখেছি ।

জয়সেন । তাই তো ঠাকুর, ওর যথার্থ অর্থটাই ঠাওরাচ্ছি ।

ত্রিবেদী । রাম নাম সত্য ! তা নাহয় উপলক্ষ না বলে উপসর্গ বলা গেল । শব্দের অভাব কী বাপু ?
শাস্ত্রে বলে শব্দ ব্রহ্ম । অতএব উপলক্ষই বল আর উপসর্গই বল অর্থ সমানই রইল ।

জয়সেন । তা বটে । রাজা যে আমাদের আহ্বান করেছেন তার উপলক্ষ এবং উপসর্গ পর্যন্ত বোঝা
গেল— কিন্তু তার যথার্থ কারণটা কী খুলে বলো দেখি ।

ত্রিবেদী । ঐটে বলতে পারলুম না বাপু— ঐটে আমায় কেউ বুঝিয়ে বলে নি । হরি হে !

জয়সেন । ব্রাহ্মণ, তুমি বড়ো কঠিন স্থানে এসেছ, কথা গোপন কর তো বিপদে পড়বে ।

ত্রিবেদী । হে ভগবান ! হ্যাঁ দেখো বাপু, তুমি রাগ কোরো না, তোমার স্বভাবটা নিতান্ত যে মধুমত্ত
মধুকরের মতো তা বোধ হচ্ছে না ।

দ্বিতীয় দৃশ্য

অন্তঃপুর

বিক্রমদেব ও রানীর আত্মীয় সভাসদ

- সভাসদ । ধন্য মহারাজ !
- বিক্রমদেব । কেন এত ধন্যবাদ ?
- সভাসদ । মহেশ্বর এই তো লক্ষণ, দৃষ্টি তার সকলের 'পরে । ক্ষুদ্রপ্রাণ ক্ষুদ্র জনে পায় না দেখিতে । প্রবাসে পড়িয়া আছে সেবক যাহারা, জয়সেন, যুধাজিৎ—মহোৎসবে তাহাদের করেছ স্মরণ । আনন্দে বিহ্বল তারা । সত্বর আসিছে দলবল নিয়ে ।
- বিক্রমদেব । যাও, যাও । তুচ্ছ কথা, তার লাগি এত যশোগান ! জানিও নে আহূত হয়েছে কারা পূজার উৎসবে ।
- সভাসদ । রবির উদয়মাত্রে আলোকিত হয় চরাচর, নাই চেষ্টা, নাই পরিশ্রম, নাই তাহে ক্ষতিবৃদ্ধি তার । জানেও না কোথা কোন্ তৃণতলে কোন্ বনফুল আনন্দে ফুটিছে তার কনককিরণে । কৃপাবৃষ্টি কর অবহেলে, যে পায় সে ধন্য হয় ।
- বিক্রমদেব । ধামো ধামো, যথেষ্ট হয়েছে । আমি যত অবহেলে কৃপাবৃষ্টি করি তার চেয়ে অবহেলে সভাসদগণ করে স্তুতিবৃষ্টি । বলা তো হয়েছে শেষ যত কথা করেছ রচনা ? যাও এবে ।

[সভাসদের প্রস্থান]

সুমিত্রার প্রবেশ

কোথা যাও, একবার ফিরে চাও রানী ! রাজা আমি পৃথিবীর কাছে, তুমি শুধু জান মোরে দীন বলে । ঐশ্বর্য আমার বাহিরে বিস্তৃত— শুধু তোমার নিকটে ক্ষুধার্ত কঙ্কালসার কাণ্ডাল বাসনা । তাই কি ঘণার দর্পে চলে যাও দূরে মহারানী, রাজরাজেশ্বরী !

- সুমিত্রা । মহারাজ,
যে প্রেম করিছে ভিক্ষা সমস্ত বসুধা

একা আমি সে প্রেমের যোগ্য নই কভু ।
 বিক্রমদেব । অপদার্থ আমি ! দীন কাপুরুষ আমি !
 কর্তব্যবিমুখ আমি, অস্তঃপুরচারী !
 কিন্তু মহারানী, সে কি স্বভাব আমার ?
 আমি ক্ষুদ্র, তুমি মহীয়সী ? তুমি উচ্ছে,
 আমি ধূলিমাঝে ? নহে তাহা । জানি আমি
 আপন ক্ষমতা । রয়েছে দুর্জয় শক্তি
 এ হৃদয়-মাঝে, প্রেমের আকারে তাহা
 দিয়েছি তোমারে । বজ্রাগ্নিরে করিয়াছি
 বিদ্যুতের মালা, পরায়েছি কণ্ঠে তব ।

সুমিত্রা । ঘৃণা করো মহারাজ, ঘৃণা করো মোরে
 সেও ভালো— একেবারে ভুলে যাও যদি
 সেও সহ্য হয়— ক্ষুদ্র এ নারীর 'পরে
 করিয়ো না বিসর্জন সমস্ত পৌরুষ ।

বিক্রমদেব । এত প্রেম, হায়, তার এত অনাদর !
 চাহ না এ প্রেম ? না চাহিয়া দসুসম
 নিতেছ কাড়িয়া । উপেক্ষার ছুরি দিয়া
 কাটিয়া তুলিছ— রক্তসিক্ত তপ্ত প্রেম
 মর্ম বিদ্ধ করি । ধূলিতে দিতেছ ফেলি
 নির্মম নিষ্ঠুর ! পাষণপ্রতিমা তুমি,
 যত বন্ধে চেপে ধরি অনুরাগভরে
 তত বাজে বৃকে ।

সুমিত্রা । চরণে পতিত দাসী,
 কী করিতে চাও করো । কেন তিরস্কার ?
 নাথ, কেন আজি এত কঠিন বচন !
 কত অপরাধ তুমি করেছ মার্জনা,
 কেন রোষ বিনা অপরাধে !

বিক্রমদেব । প্রিয়তমে,
 উঠ উঠ, এসো বৃকে— স্নিগ্ধ আলিঙ্গনে
 এ দীপ্ত হৃদয়জ্বালা করহ নির্বাণ ।
 কত সুধা, কত ক্ষমা ওই অশ্রুজলে
 অয়ি প্রিয়ে, কত প্রেম, কতই নির্ভর !
 কোমল হৃদয়তলে তীক্ষ্ণ কথা বিধে
 প্রেম-উৎস ছুটে— অর্জুনের শরাঘাতে
 মর্মান্বিত ধরণীর ভোগবতী-সম ।

নেপথ্যে । মহারানী !

সুমিত্রা । (অশ্রু মুছিয়া) দেবদত্ত ! আর্য, কী সংবাদ ?

দেবদত্তের প্রবেশ

দেবদত্ত । রাজ্যের নায়কগণ রাজনিমন্ত্রণ

করিয়াকে অবহেলা, বিদ্রোহের তরে
হয়েছে প্রস্তুত ।

- সুমিত্রা । শুনিতেছ মহারাজ ?
বিক্রমদেব । দেবদত্ত, অন্তঃপুর নহে মন্ত্রগৃহ ।
দেবদত্ত । মহারাজ, মন্ত্রগৃহ অন্তঃপুর নহে,
তাই সেথা নৃপতির পাই নে দর্শন ।
সুমিত্রা । স্পর্ধিত কুকুর যত বর্ধিত হয়েছে
রাজ্যের উচ্ছিষ্ট অঙ্গে ! রাজার বিরুদ্ধে
বিদ্রোহ করিতে চাহে ! এ কী ভ্রূহংকার !
মহারাজ, মন্ত্রণার আছে কি সময় ?
মন্ত্রণার কী আছে বিষয় ! সৈন্য লয়ে
যাও অবিলম্বে, রক্তশোষী কীটদের
দলন করিয়া ফেলো চরণের তলে ।
বিক্রমদেব । সেনাপতি শত্রুপক্ষ—
সুমিত্রা । নিজে যাও তুমি ।
বিক্রমদেব । আমি কি তোমার উপদ্রব, অভিশাপ,
দুরদৃষ্ট, দুঃসপন, করলগ্ন কাঁটা ?
হেথা হতে এক পদ নড়িব না, রানী,
পাঠাইব সন্ধির প্রস্তাব । কে ঘটালে
এই উপদ্রব ! ব্রাহ্মণে নারীতে মিলে
বিবরের সুপ্তসর্প জাগাইয়া তুলি
এ কী খেলা ! আত্মরক্ষা-অসমর্থ যারা
নিশ্চিন্তে ঘটায় তারা পরের বিপদ ।
সুমিত্রা । ধিক্ এ অভাগা রাজ্য, হতভাগ্য প্রজা !
ধিক্ আমি, এ রাজ্যের রানী !

[প্রস্থান

- বিক্রমদেব । দেবদত্ত,
বন্ধুত্বের এই পুরস্কার ? বৃথা আশা !
রাজার অদৃষ্টে বিধি লেখে নি প্রণয় ;
ছায়াহীন সঙ্গীহীন পর্বতের মতো
এক মহাশূন্যমাবে দক্ষ উচ্চ শিরে
প্রেমহীন নীরস মহিমা— ঝঞ্জাবায়ু
করে আক্রমণ, বজ্র এসে বিধে, সূর্য
রক্তনেত্রে চাহে— ধরনী পড়িয়া থাকে
চরণ ধরিয়া । কিন্তু, ভালোবাসা কোথা !
রাজার হৃদয় সেও হৃদয়ের তরে
কাঁদে । হায় বন্ধু, মানবজীবন লয়ে
রাজত্বের ভান করা শুধু বিড়ম্বনা ।
দস্ত-উচ্চ সিংহাসন চূর্ণ হয়ে গিয়ে
ধরা-সাথে হোক সমতল, একবার

হৃদয়ের কাছাকাছি পাই তোমাদের ।
বাল্যসখা, রাজা বলে ভুলে যাও মোরে,
একবার ভালো করে করো অনুভব
বান্ধবহৃদয়ব্যথা বান্ধবহৃদয়ে ।

দেবদত্ত । সখা, এ হৃদয় মোর জানিয়ে তোমার ।
কেবল প্রণয় নয়, অপ্রণয় তব
সেও আমি সব' অকাতরে, রোযানল
লব বন্ধু পাতি— যেমন অগাধ সিন্ধু
আকাশের বজ্র লয় বৃকে ।

বিক্রমদেব । দেবদত্ত,
সুখনীড়মাঝে কেন হানিছ বিরহ ?
সুখস্বর্গমাঝে কেন আনিছ বহিয়া
হাহাধ্বনি ?

দেবদত্ত । সখা, আগুন লেগেছে ঘরে,
আমি শুধু এনেছি সংবাদ— সুখনিদ্রা
দিয়েছি ভাঙায়ে ।

বিক্রমদেব । এর চেয়ে সুখস্বপ্নে
মৃত্যু ছিল ভালো ।

দেবদত্ত । ধিক্ লজ্জা, মহারাজ,
রাজ্যের মৃত্যুর চেয়ে তুচ্ছ স্বপ্নসুখ
বেশি হল ?

বিক্রমদেব । যোগাসনে লীন যোগিবর
তার কাছে কোথা আছে বিশ্বের প্রলয় ?
স্বপ্ন এ সংসার । অর্ধশত বর্ষপরে
আজিকার সুখদুঃখ কার মনে রবে ?
যাও যাও, দেবদত্ত, যেথা ইচ্ছা তব ।
আপন সান্ত্বনা আছে আপনার কাছে ।
দেখে আসি ঘৃণাভরে কোথা গেল রানী ।

[প্রস্থান]

তৃতীয় দৃশ্য

মন্দির

পুরুষবেশে রানী সুমিত্রা । বাহিরে অনুচর

সুমিত্রা । জগৎ-জননী মাতা, দুর্বলহৃদয়
তনয়ারে করিয়ো মার্জনা । আজ সব
পূজা ব্যর্থ হল— শুধু সে সুন্দর মুখ
পড়ে মনে, সেই প্রেমপূর্ণ চক্ষু দুটি,
সেই শয্যা-'পরে একা সুপ্ত মহারাজ ।

হায় মা, নারীর প্রাণ এত কি কঠিন !
 দক্ষযজ্ঞে তুই যবে গিয়েছিলি সতী,
 প্রতিপদে আপন হৃদয়খানি তোর
 আপন চরণ দুটি জড়ায়ে কাতরে
 বলে নি কি ফিরে যেতে পতিগৃহ-পানে ।
 সেই কৈলাসের পথে আর ফিরিল না
 ও রাঙা চরণ । মা গো, সে দিনের কথা
 দেখ মনে করে । জননী, এসেছি আমি
 রমণীহৃদয় বলি দিতে, রমণীর
 ভালোবাসা ছিন্নশতদলসম দিতে
 পদতলে । নারী তুমি, নারীর হৃদয়
 জান তুমি, বল দাও জননী আমারে ।
 থেকে থেকে ওই শুনি রাজগৃহ হতে
 'ফিরে এসো, ফিরে এসো রানী'— প্রেমপূর্ণ
 পুরাতন সেই কণ্ঠস্বর । খড়া নিয়ে
 তুমি এসো, দাঁড়াও রুধিয়া পথ, বলো,
 'তুমি যাও, রাজধর্ম উঠুক জাগিয়া—
 ধন্য হোক রাজা, প্রজা হোক সুখী, রাজ্যে
 ফিরে আসুক কল্যাণ— দূর হোক যত
 অত্যাচার— ভূপতির যশোরশ্মি হতে
 ঘুচে যাক কলঙ্ককালিমা । তুমি নারী
 ধরাপ্রান্তে যেথা স্থান পাও, একাকিনী
 বসে বসে নিজ দুঃখে মরো বুক ফেটে ।'
 পিতৃসত্যপালনের তরে রামচন্দ্র
 গিয়াছেন বনে, পতিসত্যপালনের
 লাগি আমি যাব । যে সত্যে আছেন বাধা
 মহারাজ রাজ্যলক্ষ্মী-কাছে, কভু তাহা
 সামান্য নারীর তরে ব্যর্থ হইবে না ।

বাহিরে একজন পুরুষ ও স্ত্রীর প্রবেশ

অনুচর । কে তোরা ? দাঁড়া এইখানে ।

পুরুষ । কেন বাবা ? এখানেও কি স্থান নেই ?

স্ত্রী । মা গো ! এখানেও সেই সিপাই !

সুমিত্রার বাহিরে আগমন

সুমিত্রা । তোমরা কে গো ?

পুরুষ । মিহিরগুপ্ত আমাদের ছেলোটিকে ধরে রেখে আমাদের তাড়িয়ে দিয়েছে । আমাদের চাল
 নেই, চুলো নেই, মরবার জায়গাটুকু নেই— তাই আমরা মন্দিরে এসেছি । মার কাছে হত্যা দিয়ে পড়ব,
 দেখি তিনি আমাদের কী গতি করেন ।

স্ত্রী । তা, হাঁ গো, এখানেও তোমরা সিপাই রেখেছ ? রাজার দরজা বন্ধ, আবার মায়ের দরজাও
 আগলে দাঁড়িয়েছ ?

সুমিত্রা । না বাছা, এসো তোমরা । এখানে তোমাদের কোনো ভয় নেই । কে তোমাদের উপর দৌরাখ্য্য করেছে ?

পুরুষ । এই জয়সেন । আমরা রাজার কাছে দুঃখ জানাতে গিয়েছিলাম, রাজদর্শন পেলাম না । ফিরে এসে দেখি আমাদের ঘরদোর জ্বালিয়ে দিয়েছে, আমাদের ছেলেটিকে বেধে রেখেছে ।

সুমিত্রা । (স্ত্রীলোকের প্রতি) হাঁ গা, তা তুমি রানীকে গিয়ে জানালে না কেন ?

স্ত্রী । ওগো, রানীই তো রাজাকে জাদু করে রেখেছে । আমাদের রাজা ভালো, রাজার দোষ নেই—
ঐ বিদেশ থেকে এক রানী এসেছে, সে আপন কুটুম্বদের রাজ্য জুড়ে বসিয়েছে । প্রজার বুকের রক্ত
শুষে খাচ্ছে গো !

পুরুষ । চুপ কর মাগী ! তুই রানীর কী জানিস ? যে কথা জানিস নে তা মুখে আনিস নে ।

স্ত্রী । জানি গো জানি । ঐ রানীই তো বসে বসে রাজার কাছে আমাদের নামে যত কথা লাগায় ।

সুমিত্রা । ঠিক বলেছ বাছা ! ঐ রানী সর্বনাশীই তো যত নষ্টের মূল । তা, সে আর বেশি দিন থাকবে না, তার পাপের ভরা পূর্ণ হয়েছে । এই নাও, আমার সাধ্যমত কিছু দিলাম, সব দুঃখ দূর করতে পারি নে ।

পুরুষ । আহা, তুমি কোনো রাজার ছেলে হবে, তোমার জয় হোক ।

সুমিত্রা । আর বিলম্ব নয়, এখনি যাব ।

[প্রস্থান

ত্রিবেদীর প্রবেশ

ত্রিবেদী । হে হরি, কী দেখলুম ! পুরুষমূর্তি ধরে রানী সুমিত্রা ঘোড়ায় চড়ে চলেছেন । মন্দিরে দেবপূজার ছলে এসে রাজ্য ছেড়ে পালিয়েছেন । আমাকে দেখে বড়ো খুশি । মধুসূদন ! ভাবলে 'ব্রাহ্মণ বড়ো সরল-হৃদয়, মাথার তেলোয় যেমন একগাছি চুল দেখা যায় না, তলায় তেমনি বুদ্ধির লেশমাত্র নেই । একে দিয়ে একটা কাজ করিয়ে নেওয়া যাক । এর মুখ দিয়ে রাজাকে দুটো মিষ্টি কথা পাঠিয়ে দেওয়া যাক ।' বাবা, তোমরা বেঁচে থাকো । যখনি তোমাদের কিছু দরকার পড়বে বড়ো ত্রিবেদীকে ডেকো, আর দান-দক্ষিণের বেলায় দেবদত্ত আছেন । দয়াময় ! তা বলব ! খুব মিষ্টি মিষ্টি করেই বলব । আমার মুখে মিষ্টি কথা আরো বেশি মিষ্টি হয়ে ওঠে । কমললোচন ! রাজা কী খুশিই হবে । কথাগুলো যত বড়ো বড়ো করে বলব রাজার মুখের হাঁ তত বেড়ে যাবে । দেখেছি, আমার মুখে বড়ো কথাগুলো শোনায় ভালো । লোকের বিশেষ আমোদ বোধ হয় । বলে, ব্রাহ্মণ বড়ো সরল । পতিতপাবন ! এবারে কতটা আমোদ হবে বলতে পারি নে । কিন্তু শব্দশাস্ত্র একেবারে উলট-পালট করে দেব । আঃ কী দুর্যোগ ! আজ সমস্ত দিন দেবপূজো হয় নি, এইবার একটু পূজো-অর্চনায় মন দেওয়া যাক । দীনবন্ধু ভক্তবৎসল !

[প্রস্থান

চতুর্থ দৃশ্য

প্রাসাদ

বিক্রমদেব মন্ত্রী ও দেবদত্ত

বিক্রমদেব । পলায়ন ! রাজ্য ছেড়ে পলায়ন ! এ রাজ্যেতে
যত সৈন্য, যত দুর্গ, যত কারাগার,
যত লোহার শৃঙ্খল আছে, সব দিয়ে
পারে না কি ঝাধিয়া রাখিতে দৃঢ়বলে

ক্ষুদ্র এক নারীর হৃদয় ? এই রাজা ?
এই কি মহিমা তার ? বৃহৎ প্রতাপ,
লোকবল অর্থবল নিয়ে পড়ে থাকে
শূন্য স্বর্ণপিঞ্জরের মতো, ক্ষুদ্র পাখি
উড়ে চলে যায় ।

মন্ত্রী । হয় হয়, মহারাজ,
লোকনিন্দা, ভগ্নবাধ জলশ্রোত-সম,
ছুটে চারি দিক হতে ।

বিক্রমদেব । চূপ করো মন্ত্রী !
লোকনিন্দা, লোকনিন্দা সদা ! নিন্দাভারে
রসনা খসিয়া যাক অলস লোকের ।
দিবা যদি গেল, উঠুক-না চুপি চুপি
ক্ষুদ্র পঙ্ককুণ্ড হতে দুষ্ট বাষ্পরাশি,
অমার আঁধার তাহে বাড়িবে না কিছু ।
লোকনিন্দা !

দেবদত্ত । মন্ত্রী, পরিপূর্ণ সূর্য-পানে
কে পারে তাকাতে ? তাই গ্রহণের বেলা
ছুটে আসে যত মর্তলোক, দীননেত্রে
চেয়ে দেখে দুর্দিনের দিনপতি-পানে,
আপনার কালিমাখা কাচখণ্ড দিয়ে
কালো দেখে গগনের আলো । মহারানী,
মা-জননী, এই ছিল অদৃষ্টে তোমার ?
তব নাম ধুলায় লুটায় ? তব নাম
ফিরে মুখে মুখে ? একি এ দুর্দিন আজি !
তবু তুমি তেজস্বিনী সতী, এরা সব
পথের কাঙাল ।

বিক্রমদেব । ত্রিবেদী কোথায় গেল ?
মন্ত্রী, ডেকে আনো তারে । শোনা হয় নাই
তার সব কথা, ছিনু অনামনে ।

মন্ত্রী । যাই
ডেকে আনি তারে ।

[প্রস্থান]

বিক্রমদেব । এখনো সময় আছে,
এখনো ফিরাতে পারি পাইলে সঙ্কান ।
আবার সঙ্কান ? এমনি কি চিরদিন
কাটিবে জীবন ? সে দিবে না ধরা, আমি
ফিরিব পশ্চাতে ? প্রেমের শৃঙ্খল হাতে
রাজ্য রাজধর্ম ফেলে শুধু রমণীর
পলাতক হৃদয়ের সঙ্কানে ফিরিব ?
পলাও, পলাও নারী, চির দিনরাত

করো পলায়ন গৃহহীন, প্রেমহীন,
বিশ্রামবিহীন, অনাবৃত পৃথ্বীমাঝে
কেবল পশ্চাতে লয়ে আপনার ছায়া ।

ত্রিবেদীর প্রবেশ

চলে যাও, দূর হও, কে ডাকে তোমারে ?
বার বার তার কথা কে চাহে শুনিতে—
প্রগল্ভ ব্রাহ্মণ, মূর্খ !

ত্রিবেদী । হে মধুসূদন !

[প্রস্থানোদ্যম

বিক্রমদেব । শোনো, শোনো, দুটো কথা শুধাবার আছে ।
চোখে অশ্রু ছিল ?

ত্রিবেদী । চিন্তা নেই বাপু ! অশ্রু
দেখি নাই ।

বিক্রমদেব । মিথ্যা করে বলো । অতি ক্ষুদ্র
সকরণ দুটি মিথ্যে কথা । হে ব্রাহ্মণ,
বৃদ্ধ তুমি ক্ষীণদৃষ্টি কী করে জানিলে
চোখে তার অশ্রু ছিল কি না ? বেশি নয়,
একবিন্দু জল ! নহে তো নয়নপ্রাপ্তে
ছলছল ভাব, কম্পিত কাতর কণ্ঠে
অশ্রুবদ্ধ বাণী ! তাও নয় ? সত্য বলো,
মিথ্যা বলো । বোলো না, বোলো না, চলে যাও ।

ত্রিবেদী । হরি হে, তুমিই সত্য !

[প্রস্থান

বিক্রমদেব । অন্তর্যামী দেব,
তুমি জান জীবনের সব অপরাধ
তারে ভালোবাসা । পুণ্য গেল, স্বর্গ গেল,
রাজ্য যায়, অবশেষে সেও চলে গেল !
তবে দাও, ফিরে দাও ক্ষাত্রধর্ম মোর—
রাজধর্ম ফিরে দাও, পুরুষহৃদয়
মুক্ত করে দাও এই বিশ্বরঙ্গমাঝে ।
কোথা কর্মক্ষেত্র ! কোথা জনশ্রোত ! কোথা
জীবনমরণ ! কোথা সেই মানবের
অবিশ্রাম সুখদুঃখ-বিপদসম্পদ-
তরঙ্গ উচ্ছ্বাস !

মন্ত্রীর প্রবেশ

মন্ত্রী । মহারাজ, অশ্বারোহী
পাঠায়েছি চারি দিকে রাজ্যের সঙ্কানে ।

বিক্রমদেব । ফিরাও ফিরাও মন্ত্রী ! স্বপ্ন ছুটে গেছে,
অশ্বারোহী কোথা তারে পাইবে খুঁজিয়া ?

সৈন্যদল করহ প্রস্তুত । যুদ্ধে যাব,
নাশিব বিদ্রোহ ।

মন্ত্রী ।

যে আদেশ মহারাজ !

[প্রস্থান

বিক্রমদেব । দেবদত্ত, কেন নত মুখ, স্নান দৃষ্টি ?
ক্ষুদ্র সাস্ত্রনার কথা বোলো না ব্রাহ্মণ !
আমারে পশ্চাতে ফেলে চলে গেছে চোর,
আপনারে পেয়েছি কুড়ায়ে । আজি সখা,
আনন্দের দিন । এসো আলিঙ্গনপাশে ।
আলিঙ্গন করিয়া
বন্ধু, বন্ধু, মিথ্যা কথা, মিথ্যা এই ভান ।
থেকে থেকে বজ্রশেল ছুটিছে, বিধেছে
মর্মে । এসো, এসো, একবার অশ্রুজল
ফেলি বন্ধুর হৃদয়ে । মেঘ যাক কেটে ।

তৃতীয় অঙ্ক

প্রথম দৃশ্য

কাশ্মীর

প্রাসাদসম্মুখে রাজপথ । দ্বারে শংকর

শংকর । এতটুকু ছিল, আমার কোলে খেলা করত । যখন কেবল চারটি দাঁত উঠেছে তখন সে আমাকে 'সংকল দাদা' বলত । এখন বড়ো হয়ে উঠেছে, এখন সংকল দাদার কোলে আর ধরে না, এখন সিংহাসন চাই । স্বর্গীয় মহারাজ মরবার সময় তোদের দুটি ভাইবোনকে আমার কোলে দিয়ে গিয়েছিল । বোনটি তো দুদিন বাদে স্বামীর কোলে গেল । মনে করেছিলুম কুমারসেনকে আমার কোল থেকে একেবারে সিংহাসনে উঠিয়ে দেব । কিন্তু খুড়ো-মহারাজ আর সিংহাসন থেকে নাবেন না । শুভলগ্ন কতবার হল, কিন্তু আজ কাল করে আর সময় হল না । কত ওজর কত আপত্তি ! আরে ভাই, সংকলের কোল এক, আর সিংহাসন এক । বড়ো হয়ে গেলুম— তোকে কি আর রাজাসনে দেখে যেতে পারব !

দুইজন সৈনিকের প্রবেশ

প্রথম সৈনিক । আমাদের যুবরাজ কবে রাজা হবে রে ভাই ? সেদিন আমি তোদের সকলকে মহুয়া খাওয়াব ।

দ্বিতীয় সৈনিক । আরে, তুই তো মহুয়া খাওয়াবি— আমি জান্ দেব, আমি লড়াই করে করে বেড়াব, আমি পাঁচটা গাঁ লুট করে আনব । আমি আমার মহাজন বেটার মাথা ভেঙে দেব । বলিস তো, আমি খুশি হয়ে যুবরাজের সামনে দাঁড়িয়ে দাঁড়িয়ে অমনি মরে পড়ে যাব ।

প্রথম সৈনিক । তা কি আমি পারি নে ? মরবার কথা কী বলিস ? আমার যদি সওয়া-শো বরষ পরমায়ু থাকে আমি যুবরাজের জন্যে রোজ নিয়মিত দু-সঙ্গে দুবার করে মরতে পারি । তা ছাড়া উপরি আছে ।

দ্বিতীয় সৈনিক । ওরে, যুবরাজ তো আমাদেরই । স্বর্গীয় মহারাজ তাকে আমাদেরই হাতে দিয়ে গেছেন । আমরা তাকে কাঁধে করে ঢাক বাজিয়ে রাজা করে দেব । তা, কাউকে ভয় করব না—
প্রথম সৈনিক । খুড়ো-মহারাজকে গিয়ে বলব, তুমি নেমে এসো, আমরা রাজপুত্রকে সিংহাসনে চড়িয়ে আনন্দ করতে চাই ।

দ্বিতীয় সৈনিক । শুনেছিস, পূর্ণিমাতিথিতে যুবরাজের বিয়ে ?

প্রথম সৈনিক । সে তো পাঁচ বৎসর ধরে শুনে আসছি ।

দ্বিতীয় সৈনিক । এইবার পাঁচ বৎসর পূর্ণ হয়ে গেছে । ত্রিচূড়ের রাজবংশে নিয়ম চলে আসছে যে, পাঁচ বৎসর রাজকন্যার অধীন হয়ে থাকতে হবে । তার পর তার ছকুম হলে বিয়ে হবে ।

প্রথম সৈনিক । বাবা, এ আবার কী নিয়ম ! আমরা ক্ষত্রিয়, আমাদের চিরকাল চলে আসছে, স্বশুরের গালে চড় মেয়ে মেয়েটার ঝুঁটি ধরে টেনে নিয়ে আসি— ঘণ্টা দুয়ের মধ্যে সমস্ত পরিষ্কার হয়ে যায় । তার পরে আবার দশটা বিয়ে করবার ফুরসৎ পাওয়া যায় ।

দ্বিতীয় সৈনিক । যোধমল, সেদিন কী করবি বল দেখি ।

প্রথম সৈনিক । সেদিন আমিও আর-একটা বিয়ে করে ফেলব ।

দ্বিতীয় সৈনিক । শাবাশ বলেছিস রে ভাই !

প্রথম সৈনিক । মহিচাঁদের মেয়ে ! খাসা দেখতে ভাই ! কী চোখ রে ! সেদিন বিতস্তায় জল আনতে যাচ্ছিল, দুটো কথা বলতে গেলুম, কঙ্কণ তুলে মারতে এল । দেখলুম চোখের চেয়ে তার কঙ্কণ ভয়ানক । চটপট সরে পড়তে হল ।

গান

ওই আঁখি রে !

ফিরে ফিরে চেয়ো না, চেয়ো না, ফিরে যাও

কী আর রেখেছ বাকি রে !

মরমে কেটেছ সিঁধ, নয়নের কেড়েছ নিদ—

কী সুখে পরান আর রাখি রে !

দ্বিতীয় সৈনিক । শাবাশ ভাই !

প্রথম সৈনিক । ঐ দেখ শংকরদাদা । যুবরাজ এখানে নেই— তবু বুড়ো সাজ-সজ্জা করে সেই দুয়োরে বসে আছে । পৃথিবী যদি উলট-পালট হয়ে যায় তবু বুড়োর নিয়মের ক্রটি হবে না ।

দ্বিতীয় সৈনিক । আয় ভাই, ওকে যুবরাজের দুটো কথা জিজ্ঞাসা করা যাক ।

প্রথম সৈনিক । জিজ্ঞাসা করলে ও কি উত্তর দেবে ? ও তেমন বুড়ো নয় । যেন ভারতের রাজত্বে রামচন্দ্রের জুতোজোড়াটার মতো পড়ে আছে, মুখে কথাটি নেই ।

দ্বিতীয় সৈনিক । (শংকরের নিকটে গিয়া) হাঁ দাদা, বলো-না দাদা, যুবরাজ রাজা হবে কবে ?

শংকর । তোদের সে খবরে কাজ কী ?

প্রথম সৈনিক । না না, বলছি, আমাদের যুবরাজের বয়স হয়েছে, এখন খুড়োরাজা নাবছে না কেন ?

শংকর । তাতে দোষ হয়েছে কী ? হাজার হোক, খুড়ো তো বটে ।

দ্বিতীয় সৈনিক । তা তো বটেই । কিন্তু যে দেশের যেমন নিয়ম— আমাদের নিয়ম আছে যে—

শংকর । নিয়ম তোরা মানবি, আমরা মানব, বড়োলোকের আবার নিয়ম কী ? সবাই যদি নিয়ম মানবে তবে নিয়ম গড়বে কে !

প্রথম সৈনিক । আচ্ছা, দাদা, তা যেন হল— কিন্তু এই পাঁচ বছর ধরে বিয়ে করা এ কেমন নিয়ম দাদা ? আমি তো বলি, বিয়ে করা বাণ খাওয়ার মতো— চট করে লাগল তীর, তার পরে ইহজন্মের মতো বিধে রইল । আর ভাবনা রইল না । কিন্তু দাদা, পাঁচ বৎসর ধরে এ কী রকম কারখানা !

শংকর । তোদের আশ্চর্য ঠেকবে বলে কি যে দেশের যা নিয়ম তা উলটে যাবে ? নিয়ম তো কারো ছাড়বার জো নেই । এ সংসার নিয়মেই চলছে । যা যা, আর বকিস নে, যা ! এ-সকল কথা তোদের মুখে ভালো শোনায় না ।

প্রথম সৈনিক । তা চললুম । আজকাল আমাদের দাদার মেজাজ ভালো নেই । একেবারে শুকিয়ে যেন খড়্ খড়্ করছে ।

[সৈনিকদ্বয়ের প্রস্থান]

পুরুষবেশী সুমিত্রার প্রবেশ

সুমিত্রা । তুমি কি শংকরদাদা ?

শংকর । কে তুমি ডাকিলে
পুরাতন পরিচিত স্নেহভরা সুরে ?
কে তুমি পথিক ?

সুমিত্রা । এসেছি বিদেশ হতে ।

শংকর । এ কি স্বপ্ন দেখি আমি ? কী মন্ত্রকুহকে
কুমার আবার এল বালক হইয়া
শংকরের কাছে ! যেন সেই সন্ধ্যাবেলা
খেলাশ্রান্ত সুকুমার বাল্যতনুখানি,
চরণকমল ক্লিষ্ট, বিবর্ণ কপোল,
ক্লান্ত শিশু-হিয়া, বৃদ্ধ শংকরের বুক
বিশ্রাম মাগিছে ।

সুমিত্রা । জালন্ধর হতে আমি
এসেছি সংবাদ লয়ে কুমারের কাছে ।

শংকর । কুমারের বাল্যকাল এসেছে আপনি
কুমারের কাছে ! শৈশবের খেলাধুলা
মনে করে দিতে, ছোটো বোন পাঠায়েছে
তারে ! দূত, তুমি এ মূর্তি কোথায় পেলে ?
মিছে বকিতেছি কত ! ক্ষমা করো মোরে ।
বলো বলো কী সংবাদ । রানীদিদি মোর
ভালো আছে, সুখে আছে, পতির সোহাগে
মহিষীগৌরবে ? সুখে প্রজাগণ তারে
মা বলিয়া করে আশীর্বাদ ? রাজ্যলক্ষ্মী
অন্নপূর্ণা বিতরিছে রাজ্যের কল্যাণ ?
ধিক্ মোরে, শ্রান্ত তুমি পথশ্রমে, চলো
গৃহে চলো । বিশ্রামের পরে একে একে
বোলো তুমি সকল সংবাদ । গৃহে চলো !

সুমিত্রা । শংকর, মনে কি আছে এখনো রানীরে ?

শংকর । সেই কণ্ঠস্বর ! সেই গভীর গম্ভীর
দৃষ্টি স্নেহভারনত । একি মরীচিকা !
এনেছ কি চুরি করে মোর সুমিত্রার
ছায়াখানি ? মনে নাই তারে ! তুমি বুঝি

তাহারি অতীত স্মৃতি বাহিরিয়া এলে
আমারি হৃদয় হতে আমারে ছলিতে ?
বার্ধক্যের মুখরতা ক্ষমা করো যুবা !
বহুদিন মৌন ছিনু— আজ কত কথা
আসে মুখে, চোখে আসে জল । নাহি জানি
কেন এত স্নেহ আসে মনে, তোমা-পরে ।
যেন তুমি চিরপরিচিত । যেন তুমি
চিরজীবনের মোর আদরের ধন ।

[প্রস্থান

দ্বিতীয় দৃশ্য

ত্রিচূড়

ক্রীড়াকানন

কুমারসেন ইলা ও সখীগণ

ইলা । যেতে হবে ? কেন যেতে হবে যুবরাজ ?
ইলারে লাগে না ভালো দু দণ্ডের বেশি ?
ছি ছি চঞ্চলহৃদয় !

কুমারসেন । প্রজাগণ সবে—

ইলা । তারা কি আমার চেয়ে হয় প্রিয়মাণ
তব অদর্শনে ? রাজ্যে তুমি চলে গেলে
মনে হয়, আর আমি নেই । যতক্ষণ
তুমি মোরে মনে কর ততক্ষণ আছি,
একাকিনী কেহ নই আমি । রাজ্যে তব
কত লোক, কত চিন্তা, কত কার্যভার,
কত রাজ-আড়ম্বর ! আর সব আছে,
শুধু সেথা ক্ষুদ্র ইলা নাই ।

কুমারসেন । সব আছে

তবু কিছু নাই, তুমি না থেকেও আছ
প্রাণতমে !

ইলা । মিছে কথা বোলো না কুমার !
তুমি রাজা আপন রাজত্বে— এ অরণ্যে
আমি রানী, তুমি প্রজা মোর । কোথা যাবে ?
যেতে আমি দিব না তোমারে । সখী, তোরা
আয় । এরে বাধ ফুলপাশে, কর গান,
কেড়ে নে সকলে মিলি রাজ্যের ভাবনা ।

সখীদের গান

যদি আসে তবে কেন যেতে চায় ?
 দেখা দিয়ে তবে কেন গো লুকায় ?
 চেয়ে থাকে ফুল হৃদয় আকুল, বায়ু বলে এসে 'ভেসে যাই' ।
 ধরে রাখো, ধরে রাখো, সুখপাখি ফাঁকি দিয়ে উড়ে যায় ।
 পখিকের বেশে সুখনিশি এসে বলে হেসে হেসে 'মিশে যাই'
 জেগে থাকো, জেগে থাকো, বরষের সাধ নিমেষে মিলায় ।

কুমারসেন । আমারে কী করেছিস, অয়ি কুহকিনী !
 নির্বাপিত আমি । সমস্ত জীবন মন
 নয়ন বচন ধাইছে তোমার পানে
 কেবল বাসনাময় হয়ে । যেন আমি
 আমারে ভাঙিয়ে দিয়ে ব্যাপ্ত হয়ে যাব
 তোমার মাঝারে প্রিয়ে ! যেন মিশে রব
 সুখস্বপ্ন হয়ে ওই নয়নপল্লবে ।
 হাসি হয়ে ভাসিব অধরে । বাহু দুটি
 ললিত লাবণ্যসম রহিব বেড়িয়া,
 মিলনসুখের মতো কোমল হৃদয়ে
 রহিব মিলায়ে ।

ইলা । তার পরে অবশেষে
 সহসা টুটিবে স্বপ্নজাল, আপনারে
 পড়িবে স্মরণে । গীতহীনা বীণাসম
 আমি পড়ে রব ভূমে, তুমি চলে যাবে
 গুন্‌গুন্‌ গাহি অন্যমনে । না না সখা,
 স্বপ্ন নয়, মোহ নয়, এ মিলনপাশ
 কখন বাঁধিয়া যাবে বাহুতে বাহুতে,
 চোখে চোখে, মর্মে মর্মে, জীবনে জীবনে !

কুমারসেন । সে তো আর দেরি নাই— আজি সপ্তমীর
 অর্ধচাঁদ ক্রমে ক্রমে পূর্ণশশী হয়ে
 দেখিবেক আমাদের পূর্ণ সে মিলন ।
 ক্ষীণ বিচ্ছেদের বাধা মাঝখানে রেখে
 কম্পিত আগ্রহবেগে মিলনের সুখ—
 আজি তার শেষ । দূরে থেকে কাছাকাছি,
 কাছে থেকে তবু দূর— আজি তার শেষ ।
 সহসা সাক্ষাৎ, সহসা বিস্ময়রাশি,
 সহসা মিলন, সহসা বিরহব্যথা—
 বনপথ দিয়ে ধীরে ধীরে ফিরে যাওয়া
 শূন্য গৃহপানে সুখস্মৃতি সঙ্গে নিয়ে,
 প্রতি কথা প্রতি হাসিটুকু শতবার
 উলটি পালটি মনে— আজি তার শেষ ।
 মৌন লজ্জা প্রতিবার প্রথম মিলনে,

অশ্রুজল প্রতিবার বিদায়ের বেলা—
আজি তার শেষ ।

ইলা । আহা, তাই যেন হয় ।
সুখের ছায়ার চেয়ে সুখ ভালো, দুঃখ
সেও ভালো । তৃষ্ণা ভালো মরীচিকা চেয়ে ।
কখন তোমারে পাব, কখন পাব না,
তাই সদা মনে হয়— কখন হারাব,
একা বসে বসে ভাবি কোথা আছ তুমি,
কী করিছ । কল্পনা কাঁদিয়া ফিরে আসে
অরণ্যের প্রান্ত হতে । বনের বাহিরে
তোমারে জানি নে আর, পাই নে সন্ধান ।
সমস্ত ভুবনে তব রহিব সর্বদা—
কিছুই হবে না আর অচেনা, অজানা,
অন্ধকার । ধরা দিতে চাহ না কি নাথ ?

কুমারসেন । ধরা তো দিয়েছি আমি আপন ইচ্ছায়,
তবু কেন বন্ধনের পাশ ? বলো দেখি
কী তুমি পাও নি, কোথা রয়েছে অভাব ।

ইলা । যখন তোমার কাছে সুমিত্রার কথা
শুনি বসে, মনে মনে ব্যথা যেন বাজে ।
মনে হয় সে যেন আমায় ফাঁকি দিয়ে
চুরি করে রাখিয়াছে শৈশব তোমার
গোপনে আপন-কাছে । কভু মনে হয়,
যদি সে ফিরিয়া আসে, বালাসহচরী
ডেকে নিয়ে যায় সেই সুখশৈশবের
খেলাঘরে, সেথা তারি তুমি । সেথা মোর
নাই অধিকার । মাঝে মাঝে সাধ যায়,
তোমার সে সুমিত্রারে দেখি একবার ।

কুমারসেন । সে যদি আসিত, আহা, কত সুখ হত !
উৎসবের আনন্দকিরণখানি হয়ে
দীপ্তি পেত পিতৃগৃহে শৈশবভবনে ।
অলংকারে সাজাত তোমারে, বাহুপাশে
বাঁধিত সাদরে, চুরি করে হাসিমুখে
দেখিত মিলন । আর কি সে মনে করে
আমাদের ? পরগৃহে পর হয়ে আছে ।

ইলার গান

এরা পরকে আপন করে, আপনারে পর—
বাহিরে বাঁশির রবে ছেড়ে যায় ঘর ।
ভালোবাসে সুখে দুখে,
ব্যথা সহে হাসিমুখে,
মরণেরে করে চির জীবননির্ভর ।

কুমারসেন । কেন এ করুণ সুর ? কেন দুঃখগান ?
বিষণ্ণ নয়ন কেন ?

ইলা । এ কি দুঃখগান ?

শোনায় গভীর সুখ দুঃখের মতন
উদার উদাস । সুখদুঃখ ছেড়ে দিয়ে
আত্মবিসর্জন করি রমণীর সুখ ।

কুমারসেন । পৃথিবী করিব বশ তোমার এ প্রেমে ।
আনন্দে জীবন মোর উঠে উচ্ছ্বসিয়া
বিশ্বমাঝে । শাস্তিহীন কর্মসুখতরে
ধায় হিয়া । চিরকীর্তি করিয়া অর্জন
তোমারে করিব তার অধিষ্ঠাত্রী দেবী ।
বিরলে বিলাসে বসে এ অগাধ প্রেম
পারি নে করিতে ভোগ অলসের মতো ।

ইলা । ওই দেখো রাশি রাশি মেঘ উঠে আসে
উপত্যকা হতে, ঘিরিতে পর্বতশৃঙ্গ—
সৃষ্টির বিচিত্র লেখা মুছিয়া ফেলিতে ।

কুমারসেন । দক্ষিণে চাহিয়া দেখো— অস্তরবিকরে
সুবর্ণসমুদ্রসম সমতলভূমি
গেছে চলে নিরুদ্দেশ কোন্ বিশ্ব-পানে ।
শস্যক্ষেত্র, বনরাজি, নদী, লোকালয়
অস্পষ্ট সকলি— যেন স্বর্ণ চিত্রপটে
শুধু নানা বর্ণসমাবেশ, চিত্ররেখা
এখনো ফোটে নি । যেন আকাঙ্ক্ষা আমারই
শৈল-অস্তুরাল ছেড়ে ধরণীর পানে
চলেছে বিস্তৃত হয়ে হৃদয়ে বহিয়া
কল্পনার স্বর্ণলেখা ছায়াস্ফুট ছবি ।
আহা, হোথা কত দেশ, নব দৃশ্য কত,
কত নব কীর্তি, কত নব রঙ্গভূমি !

ইলা । অনন্তের মূর্তি ধরে ওই মেঘ আসে
মোদের করিতে গ্রাস । নাথ, কাছে এসো ।
আহা, যদি চিরকাল এই মেঘমাঝে
লুপ্ত বিশ্বে থাকিতাম তোমাতে আমাতে,
দুটি পাখি একমাত্র মহামেঘনীড়ে ।
পারিতে থাকিতে তুমি ? মেঘ-আবরণ
ভেদ করে কোথা হতে পশিত শ্রবণে
ধরার আহ্বান, তুমি ছুটে চলে যেতে
আমারে ফেলিয়া রেখে প্রলয়ের মাঝে ।

পরিচারিকার প্রবেশ

পরিচারিকা । কাশ্মীরে এসেছে দূত জালন্ধর হতে
গোপন সংবাদ লয়ে ।

তোদের সুমিত্রা সেই ফিরিয়া এসেছে
 দেখিতে তোদের ।' হায়, বৃদ্ধ, কত অশ্রু
 ফেলে গিয়েছিল সেই বিদায়ের দিনে,
 মিলনের অশ্রুজল নারিলাম দিতে ।
 শুধু আমি নহি আর কন্যা কাশ্মীরের,
 আজ আমি জালন্ধর-রানী ।

কুমারসেন ।

বুঝিয়াছি

বোন ! যাই দেখি, অন্য কী উপায় আছে ।

চতুর্থ দৃশ্য

কাশ্মীর-প্রাসাদ

অস্তঃপুর

রেবতী ও চন্দ্রসেন

রেবতী । যেতে দাও মহারাজ ! কী ভাবিছ বসি ?
 ভাবিছ কী লাগি ? যাক যুদ্ধে, তার পরে
 দেবতাকৃপায় আর যেন নাহি আসে
 ফিরে ।

চন্দ্রসেন । ধীরে রানী, ধীরে ।

রেবতী । ক্ষুধিত মার্জার
 বসে ছিলে এতদিন সময় চাহিয়া,
 আজ তো সময় এল— তবু আজও কেন
 সেই বসে আছ ?

চন্দ্রসেন । কে বসিয়া ছিল, রানী.
 কিসের লাগিয়া ?

রেবতী । ছি ছি, আবার ছলনা ?
 লুকাবে আমার কাছে ? কোন্ অভিপ্রায়ে
 এতদিন কুমারের দাও নি বিবাহ ?
 কেন-বা সম্মতি দিলে ত্রিচূড়রাজ্যের
 এই অনার্য প্রথায় ? পঞ্চবর্ষ ধরে
 কন্যার সাধনা ।

চন্দ্রসেন । ধিক্ ! চূপ করো রানী—
 কে বোঝে কাহার অভিপ্রায় ?

রেবতী । তবে, বুঝে
 দেখো ভালো করে । যে কাজ করিতে চাও
 জেনে শুনে করো । আপনার কাছ হতে
 রেখো না গোপন করে উদ্দেশ্য আপন ।
 দেবতা তোমার হয়ে অলঙ্কার সন্ধান

করিবে না তব লক্ষ্যভেদ । নিজহাতে
উপায় রচনা করো অবসর বুঝে ।
বাসনার পাপ সেই হতেছে সঞ্চয়,
তার পরে কেন থাকে অসিদ্ধির ক্রেশ ?
কুমারে পাঠাও যুদ্ধে ।

চন্দ্রসেন । বাহিরে রয়েছে
কাশ্মীরের যত উপদ্রব । পররাজ্যে
আপনার বিষদস্ত করিতেছে ক্ষয় ।
ফিরায়ে আনিতে চাও তাদের আবার ?

রেবতী । অনেক সময় আছে সে কথা ভাবিতে ।
আপাতত পাঠাও কুমারে । প্রজাগণ
ব্যগ্র অতি যৌবরাজ্য-অভিষেক-তরে,
তাদের থামাও কিছুদিন । ইতিমধ্যে
কত কী ঘটতে পারে, পরে ভেবে দেখো ।

কুমারের প্রবেশ

কুমারের প্রতি

রেবতী । যাও যুদ্ধে, পিতৃব্যের হয়েছে আদেশ ।
বিলম্ব কোরো না আর, বিবাহ-উৎসব
পরে হবে । দীপ্ত যৌবনের তেজ ক্ষয়
করিয়ো না গৃহে ব'সে আলস্য-উৎসবে ।

কুমারসেন । জয় হোক, জয় হোক জননী তোমার !
একি আনন্দসংবাদ ! নিজমুখে তাত,
করহ আদেশ ।

চন্দ্রসেন । যাও তবে । দেখো বৎস,
থেকো সাবধানে । দর্পমদে ইচ্ছা ক'রে
বিপদে দিয়ো না ঝাঁপ । আশীর্বাদ করি
ফিরে এসো জয়গর্বে অক্ষত শরীরে
পিতৃসিংহাসন-পরে ।

কুমারসেন । মাগি জননীর
আশীর্বাদ ।

রেবতী । কী হইবে মিথ্যা আশীর্বাদে ?
আপনারে রক্ষা করে আপনার বাহু ।

পঞ্চম দৃশ্য

ত্রিচূড়

ক্রীড়াকানন

ইলার সখীগণ

প্রথম সখী । আলো কোথায় কোথায় দেবে ভাই ?

দ্বিতীয় সখী । আলোর জন্যে ভাবি নে । আলো তো কেবল এক রাত্রি জ্বলবে । কিন্তু ঝাঁশি এখনো এল না কেন ? ঝাঁশি না বাজলে আমোদ নেই ভাই !

তৃতীয় সখী । ঝাঁশি কাশ্মীর থেকে আনতে গেছে, এতক্ষণে এল বোধ হয় । কখন বাজবে ভাই ?

প্রথম সখী । বাজবে লো বাজবে । তোর অদৃষ্টেও একদিন বাজবে ।

তৃতীয় সখী । পোড়াকপাল আর-কি ! আমি সেইজন্যেই ভেবে মরছি ।

প্রথম সখীর গান

বাজিবে, সখী, ঝাঁশি বাজিবে—

হৃদয়রাজ হৃদে বাজিবে ।

বচন রাশি রাশি, কোথা যে যাবে ভাসি

অধরে লাজহাসি সাজিবে ।

নয়নে আখিজল করিবে ছলছল,

সুখবেদনা মনে বাজিবে ।

মরমে মুরছিয়া মিলাতে চাবে হিয়া

সেই চরণযুগরাজীবে ।

দ্বিতীয় সখী । তোর গান রেখে দে । এক-একবার মন কেমন ছু ছু করে উঠছে । মনে পড়ছে কেবল একটি রাত আলো হাসি ঝাঁশি আর গান । তার পরদিন থেকে সমস্ত অন্ধকার ।

প্রথম সখী । কাঁদবার সময় ঢের আছে বোন ! এ দুটো দিন একটু হেসে আমোদ করে নে । ফুল যদি না শুকোত তা হলে আমি আজ থেকেই মালা গাঁথতে বসতুম ।

দ্বিতীয় সখী । আমি বাসরঘর সাজাব ।

প্রথম সখী । আমি সখীকে সাজিয়ে দেব ।

তৃতীয় সখী । আর আমি কী করব ?

প্রথম সখী । ওলো, তুই আপনি সাজিস । দেখিস যদি যুবরাজের মন ভোলাতে পারিস ।

তৃতীয় সখী । তুই তো ভাই, চেষ্টা করতে ছাড়িস নি । তা, তুই যখন পারলি নে তখন কি আর আমি পারব ? ওলো, আমাদের সখীকে যে একবার দেখেছে তার মন কি আর অমনি পথে-ঘাটে চুরি যায় ? ঐ ঝাঁশি এসেছে । ঐ শোন্ বেজে উঠেছে ।

প্রথম সখীর গান

ওই বুঝি ঝাঁশি বাজে—

বনমাঝে কি মনোমাঝে ?

বসন্তবায় বহিছে কোথায়, কোথায় ফুটেছে ফুল !

বলো গো সজনী, এ সুখরজনী কোন্‌খানে উদিয়াছে—

বনমাঝে কি মনোমাঝে ?

যাব কি যাব না মিছে এ ভাবনা, মিছে মরি লোকলাজে ।
কে জানে কোথা সে বিরহহতাশে ফিরে অভিসারসাজে—

বনমাঝে কি মনোমাঝে ?

দ্বিতীয় সখী । ওলো থাম্— ঐ দেখ্ যুবরাজ্ কুমারসেন এসেছেন ।

তৃতীয় সখী । চল্ চল্ ভাই, আমরা একটু আড়ালে দাঁড়াই গে । তোরা পারিস, কিন্তু কে জানে
ভাই, যুবরাজের সামনে যেতে আমার কেমন করে ।

দ্বিতীয় সখী । কিন্তু কুমার আজ হঠাৎ অসময়ে এলেন কেন ?

প্রথম সখী । ওলো, এর কি আর সময়-অসময় আছে ? রাজার ছেলে বলে কি পঞ্চশর ওকে ছেড়ে
কথা কয় ? থাকতে পারবে কেন ?

তৃতীয় সখী । চল্ ভাই, আড়ালে চল্ ।

[অস্তুরালে গমন]

কুমারসেন ও ইলার প্রবেশ

ইলা । থাক্ নাথ, আর বেশি বোলো না আমারে ।
কাজ আছে, যেতে হবে রাজ্য ছেড়ে, তাই
বিবাহ স্থগিত হবে কিছুকাল, এর
বেশি কী আর শুনিব ?

কুমারসেন ।

এমনি বিশ্বাস

মোর 'পরে রেখো চিরদিন । মন দিয়ে
মন বোঝা যায়, গভীর বিশ্বাস শুধু
নীরব প্রাণের কথা টেনে নিয়ে আসে ।
প্রবাসীরে মনে কোরো এই উপবনে,
এই নিঝরিণীতীরে, এই লতাগৃহে,
এই সঙ্ক্যালোকে, পশ্চিমগগনপ্রান্তে
ওই সঙ্ক্যাতারা-পানে চেয়ে । মনে কোরো,
আমিও প্রদোষে, প্রবাসে তরুর তলে
একেলা বসিয়া ওই তারকার 'পরে
তোমারি আঁখির তারা পেতেছি দেখিতে ।
মনে কোরো মিশিতেছে এই নীলাকাশে
পুষ্পের সৌরভ-সম তোমার আমার
প্রেম । এক চন্দ্র উঠিয়াছে উভয়ের
বিরহরজনী-'পরে ।

ইলা ।

জানি, জানি নাথ,

জানি আমি তোমার হৃদয় ।

কুমারসেন ।

যাই তবে,

অয়ি তুমি অস্তরের ধন, জীবনের
মর্মস্বরূপিণী, অয়ি সবার অধিক !

[প্রস্থান]

সখীগণের প্রবেশ

দ্বিতীয় সখী । হায় একি শুনি !

তৃতীয় সখী । সখী, কেন যেতে দিলে !
 প্রথম সখী । ভালোই করেছ । স্বেচ্ছায় না দিলে ছাড়ি
 বাধন ছিড়িয়া যায় চিরদিন তরে ।
 হায় সখী, হায়, শেষে নিবাতে হল কি
 উৎসবের দীপ ?

ইলা । সখী, তোরা চুপ কর,
 টুটিছে হৃদয় । ভেঙে দে ভেঙে দে ওই
 দীপমালা । বল্ সখী, কে দিবে নিবায়ে
 লজ্জাহীনা পূর্ণিমার আলো ? কেন আজ
 মনে হয়, আমার এ জীবনের সুখ
 আজি দিবসের সাথে ডুবিল পশ্চিমে ?
 অমনি ইলারে কেন অস্তপথ-পানে
 সঙ্গে নাহি নিয়ে গেল ছায়ার মতন ?

চতুর্থ অঙ্ক

প্রথম দৃশ্য

জালন্ধর

রণক্ষেত্র । শিবির

বিক্রমদেব ও সেনাপতি

সেনাপতি । বন্দীকৃত শিলাদিত্য উদয়ভাস্কর,
 শুধু যুধাজিৎ পলাতক— সঙ্গে লয়ে
 সৈন্যদলবল ।

বিক্রমদেব । চলো তবে অবিলম্বে
 তাহার পশ্চাতে । উঠাও শিবির তরে ।
 ভালোবাসি আমি এই ব্যগ্র উর্ধ্বশ্বাস
 মানবমৃগয়া ; গ্রাম হতে গ্রামান্তরে,
 বন গিরি নদীতীরে দিবারাত্রি এই
 কৌশলে কৌশলে খেলা । বাকি আছে আর
 কেবা বিদ্রোহীদের ?

সেনাপতি । শুধু জয়সেন ।
 কর্তা সেই বিদ্রোহের । সৈন্যবল তার
 সব চেয়ে বেশি ।

বিক্রমদেব । চলো তবে সেনাপতি,
 তার কাছে । আমি চাই উদগ্র সংগ্রাম,
 বুকু বুকু বাহতে বাহতে— অতি তীব্র
 প্রেম-আলিঙ্গন-সম । ভালো নাহি লাগে

অস্ত্রে অস্ত্রে মৃদু ঝন্ঝনি— ক্ষুদ্র যুদ্ধে
ক্ষুদ্র জয়লাভ !

সেনাপতি । কথা ছিল আসিবে সে
গোপনে সহসা, করিবে পশ্চাৎ হতে
আক্রমণ । বুঝি শেষে জাগিয়াছে মনে
বিপদের ভয়, সন্ধির প্রস্তাব-তরে
হয়েছে উন্মুখ ।

বিক্রমদেব । ধিক্, ভীক্, কাপুরুষ !
সন্ধি নহে— যুদ্ধ চাই আমি । রক্তে রক্তে
মিলনের শ্রোত, অস্ত্রে অস্ত্রে সংগীতের
ধ্বনি । চলো সেনাপতি !

সেনাপতি । যে আদেশ প্রভু !

[প্রস্থান

বিক্রমদেব । একি মুক্তি ! একি পরিত্রাণ ! কী আনন্দ
হৃদয়মাঝারে ! অবলার ক্ষীণ বাহু
কী প্রচণ্ড সুখ হতে রেখেছিল মোরে
বাঁধিয়া বিবরমাঝে ! উদ্দাম হৃদয়
অপ্রশস্ত অঙ্ককার গভীরতা খুঁজে
ক্রমাগত যেতেছিল রসাতল-পানে ।
মুক্তি, মুক্তি আজি ! শৃঙ্খল বন্দীরে
ছেড়ে আপনি পলায়ে গেছে । এতদিন
এ জগতে কত যুদ্ধ, কত সন্ধি, কত
কীর্তি, কত রঙ্গ— কত কী চলিতেছিল
কর্মের প্রবাহ— আমি ছিনু অস্ত্রপুরে
পড়ে, রুদ্ধদল চম্পককোরকমাঝে
সুপ্তকীটসম । কোথা ছিল লোকলাজ,
কোথা ছিল বীরপরাক্রম ! কোথা ছিল
এ বিপুল বিশ্বতটভূমি ! কোথা ছিল
হৃদয়ের তরঙ্গতর্জন ! কে বলিবে
আজি মোরে দীন কাপুরুষ ! কে বলিবে
অস্ত্রপূরচারী ! মৃদু গঙ্গবহ আজি
জাগিয়া উঠিছে বেগে ঝঞ্জাবায়ুরূপে ।
এ প্রবল হিংসা ভালো ক্ষুদ্র প্রেম চেয়ে,
প্রলয় তো বিধাতার চরম আনন্দ ।
হিংসা এই হৃদয়ের বন্ধনমুক্তির
সুখ । হিংসা জাগরণ । হিংসা স্বাধীনতা ।

সেনাপতির প্রবেশ

সেনাপতি । আসিছে বিদ্রোহী সৈন্য ।

বিক্রমদেব । চলো, তবে চলো !

রবীন্দ্র-রচনাবলী

চরের প্রবেশ

চর । রাজন, বিপক্ষদল নিকটে এসেছে ।
নাই বাদ্য, নাই জয়ধ্বজা, নাই কোনো
যুদ্ধ-আশ্ফালন, মার্জনা-প্রার্থনা-তরে
আসিতেছে যেন ।

বিক্রমদেব । থাক, চাহি না শুনিতে
মার্জনার কথা । আগে আমি আপনারে
করিব মার্জনা, অপযশ রক্তশ্রোতে
করিব ক্ষালন । যুদ্ধে চলো সেনাপতি !

দ্বিতীয় চরের প্রবেশ

দ্বিতীয় চর । বিপক্ষশিবির হতে আসিছে শিবিকা
বোধ করি সন্ধিদূত লয়ে ।

সেনাপতি । মহারাজ,
তিলেক অপেক্ষা করো— আগে শোনা যাক
কী বলে বিপক্ষদূত—

বিক্রমদেব । যুদ্ধ তার পরে ।

সৈনিকের প্রবেশ

সৈনিক । মহারানী এসেছেন বন্দী ক'রে লয়ে
যুধাজিৎ আর জয়সেনে ।

বিক্রমদেব । কে এসেছে ?

সৈনিক । মহারানী ।

বিক্রমদেব । মহারানী ! কোন্ মহারানী ?

সৈনিক । আমাদের মহারানী ।

বিক্রমদেব । বাতুল ! উন্মাদ !

যাও সেনাপতি, দেখে এসো কে এসেছে ।

[সেনাপতি প্রভৃতির প্রস্থান]

মহারানী এসেছেন বন্দী ক'রে লয়ে
যুধাজিৎ-জয়সেনে ! এ কি স্বপ্ন নাকি !
এ কি রণক্ষেত্র নয় ? এ কি অন্তঃপুর ?
এতদিন ছিলাম কি যুদ্ধের স্বপনে
মগ্ন ? সহসা জাগিয়া আজ দেখিব কি
সেই ফুলবন, সেই মহারানী, সেই
পুষ্পশয্যা, সেই সুদীর্ঘ অলস দিন,
দীর্ঘনিশি বিজড়িত ঘুমে জাগরণে ?
বন্দী ? কারে বন্দী ? কী শুনিতে কী শুনেছি ?
এসেছে কি আমারে করিতে বন্দী ? দূত !
সেনাপতি ! কে এসেছে ? কারে বন্দী লয়ে ?

সেনাপতির প্রবেশ

সেনাপতি । মহারানী এসেছেন লয়ে কাশ্মীরের

সৈন্যদল— সোদর কুমারসেন-সাথে ।
এনেছেন পথ হতে যুদ্ধে বন্দী করে
পলাতক যুধাজিৎ আর জয়সেনে ।
আছেন শিবিরদ্বারে, সাক্ষাতের তরে
অভিলাষী ।

বিক্রমদেব । সেনাপতি, পালাও, পালাও ।
চলো চলো সৈন্য লয়ে— আর কি কোথাও
নাই শত্রু, আর কেহ নাহি কি বিদ্রোহী ?
সাক্ষাৎ ? কাহার সাথে ? রমণীর সনে
সাক্ষাতের এ নহে সময় ।

সেনাপতি । মহারাজ—
বিক্রমদেব । চূপ করো সেনাপতি, শোনো যাহা বলি ।
রুদ্ধ করো দ্বার— এ শিবিরে শিবিকার
প্রবেশ নিষেধ ।

সেনাপতি । যে আদেশ মহারাজ !

দ্বিতীয় দৃশ্য

দেবদত্তের কুটির

দেবদত্ত ও নারায়ণী

দেবদত্ত । প্রিয়ে, তবে অনুমতি করো— দাস বিদায় হয় ।

নারায়ণী । তা যাও-না, আমি তোমাকে বেঁধে রেখেছি না কি ?

দেবদত্ত । ঐ তো, ঐজন্যেই তো কোথাও যাওয়া হয়ে ওঠে না— বিদায় নিয়েও সুখ নেই । যা
বলি তা করো । ঐখানটায় আছাড় খেয়ে পড়ো । বলো, হা হতোহস্মি, হা ভগবতি ভবিতব্যাতে ! হা
ভগবন্ মকরকেতন !

নারায়ণী । মিছে বোকো না । মাথা খাও, সত্যি করে বলো কোথায় যাবে ।

দেবদত্ত । রাজার কাছে ।

নারায়ণী । রাজা তো যুদ্ধ করতে গেছে । তুমি যুদ্ধ করবে নাকি ? দ্রোণাচার্য হয়ে উঠেছ ?

দেবদত্ত । তুমি থাকতে আমি যুদ্ধ করব ? যা হোক, এবার যাওয়া যাক ।

নারায়ণী । সেই অবধি তো ঐ এক কথাই বলছ । তা যাও-না । কে তোমাকে মাথার দিবি দিয়ে
ধরে রেখেছে ?

দেবদত্ত । হায় মকরকেতন, এখানে তোমার পুষ্পশরের কর্ম নয়— একেবারে আস্ত শক্তিশেল না
ছাড়লে মর্মে গিয়ে পৌঁছয় না । বলি ও শিখরদশনা, পঙ্কবিন্ধাধরোষ্ঠী, চোখ দিয়ে জল-টল কিছু
বেরোবে কি ? সেগুলো শীঘ্র শীঘ্র সেরে ফেলো— আমি উঠি ।

নারায়ণী । পোড়া কপাল ! চোখের জল ফেলব কী দুঃখে ? হাঁ গা, তুমি না গেলে কি রাজার যুদ্ধ
চলবে না ? তুমি কি মহাবীর ধূম্রলোচন হয়েছ ?

দেবদত্ত । আমি না গেলে রাজার যুদ্ধ থামবে না । মন্ত্রী বার বার লিখে পাঠাচ্ছে রাজ্য ছাড়া
যায়, কিন্তু মহারাজ কিছুতেই যুদ্ধ ছাড়তে চান না । এ দিকে বিদ্রোহ সমস্ত থেমে গেছে ।

নারায়ণী । বিদ্রোহই যদি থেমে গেল তো মহারাজ কার সঙ্গে যুদ্ধ করতে যাবেন ?

দেবদত্ত । মহারানীর ভাই কুমারসেনের সঙ্গে ।

নারায়ণী । হাঁ গা, সে কী কথা ! শ্যালার সঙ্গে যুদ্ধ ? বোধ করি রাজায় রাজায় এইরকম করেই ঠাট্টা চলে । আমরা হলে শুধু কান মলে দিতুম । কী বল ?

দেবদত্ত । বড়ো ঠাট্টা নয় । মহারানী কুমারসেনের সাহায্যে জয়সেন ও যুধাজিৎকে যুদ্ধে বন্দী করে মহারাজের কাছে নিয়ে আসেন । মহারাজ তাঁকে শিবিরে প্রবেশ করতে দেন নি ।

নারায়ণী । হাঁ গা, বল কী ! তা, তুমি এতদিন যাও নি কেন ! এ খবর শুনেও বসে আছ ? যাও, যাও, এখনি যাও । আমাদের রানীর মতো অমন সতীলক্ষ্মীকে অপমান করলে ? রাজার শরীরে কলি প্রবেশ করেছে ।

দেবদত্ত । বন্দী বিদ্রোহীরা রাজাকে বলেছে— মহারাজ, আমরা তোমারই প্রজা, অপরাধ করে থাকি তুমি শাস্তি দেবে । একজন বিদেশী এসে আমাদের অপমান করবে এতে তোমাকেই অপমান করা হল— যেন তোমার নিজরাজ্য নিজে শাসন করবার ক্ষমতা নেই । একটা সামান্য যুদ্ধ, এর জন্যে অমনি কাশ্মীর থেকে সৈন্য এল, এর চেয়ে উপহাস আর কী হতে পারে ! এই শুনে মহারাজ আগুন হয়ে কুমারসেনকে পাঁচটা ভর্ৎসনা করে এক দূত পাঠিয়ে দেন । কুমারসেন উদ্ধত যুবাধিকারী, সহ্য করতে পারবে কেন ? বোধ করি সেও দূতকে দু কথায় শুনিয়ে দিয়ে থাকবে ।

নারায়ণী । তা, বেশ তো— কুমারসেন তো রাজার পর নয়, আপনার লোক, তা কথা চলছিল, বেশ, তাই চলুক । তুমি কাছে না থাকলে রাজার ঘটে কি দুটো কথাও জোগায় না ? কথা বন্ধ করে অস্ত্র চালাবার দরকার কী বাপু ! ঐ ওতেই তো হার হল ।

দেবদত্ত । আসল কথা, একটা যুদ্ধ করবার ছুতো । রাজা এখন কিছুতেই যুদ্ধ ছাড়তে পারছেন না । নানা ছল অশ্বেষণ করছেন । রাজাকে সাহস করে দুটো ভালো কথা বলে এমন বন্ধু কেউ নেই । আমি তো আর থাকতে পারছি নে— আমি চললুম ।

নারায়ণী । যেতে ইচ্ছে হয় যাও, আমি কিন্তু একলা তোমার ঘরকন্না করতে পারব না তা আমি বলে রাখলুম । এই রইল, তোমার সমস্ত পড়ে রইল । আমি বিবাগী হয়ে বেরিয়ে যাব ।

দেবদত্ত । রোসো, আগে আমি ফিরে আসি, তার পরে যেয়ো । বল তো আমি থেকে যাই ।

নারায়ণী । না না, তুমি যাও । আমি কি আর তোমাকে সত্যি থাকতে বলছি ? ওগো, তুমি চলে গেলে আমি একেবারে বুক ফেটে মরব না, সেজন্যে ভেবো না । আমার বেশ চলে যাবে ।

দেবদত্ত । তা কি আর আমি জানি নে ? মলয়সমীরণ তোমার কিছু করতে পারবে না । বিরহ তো সামান্য, বজ্রাঘাতেও তোমার কিছু হয় না !

[প্রস্থানোন্মুখ

নারায়ণী । হে ঠাকুর, রাজাকে সুবুদ্ধি দাও ঠাকুর ! শীঘ্র শীঘ্র ফিরিয়ে আনো ।

দেবদত্ত । এ ঘর ছেড়ে কখনো কোথাও যাই নি । হে ভগবান, এদের সকলের উপর তোমার দৃষ্টি রেখো ।

[প্রস্থান

তৃতীয় দৃশ্য

জালন্ধর

কুমারসেনের শিবির

কুমারসেন ও সুমিত্রা

সুমিত্রা । ভাই, রাজারে মার্জনা করো ; করো রোষ
আমার উপরে । আমি মাঝে না থাকিলে
যুদ্ধ করে 'বীর' নাম করিতে উদ্ধার ।
যুদ্ধের আহ্বান শুনে অটল রহিলে
তবু তুমি ; জানি না কি অসম্মানশেল
চিরজীবী মৃত্যু-সম মানীর হৃদয়ে ?
আপন ভায়ের হৃদে দুর্ভাগিনী আমি
হানিতে দিলাম হেন অপমানশর
যেন আপনারি হস্তে । মৃত্যু ভালো ছিল,
ভাই, মৃত্যু ভালো ছিল ।

কুমারসেন । জানিস তো বোন,
যুদ্ধ বীরধর্ম বটে— ক্ষমা তার চেয়ে
বীরত্ব অধিক । অপমান অবহেলা
কে পারে করিতে মানী ছাড়া ?

সুমিত্রা । ধন্য ভাই,
ধন্য তুমি । সঁপিলাম এ জীবন মোর
তোমার লাগিয়া । তোমার এ স্নেহস্বর্ণ
প্রাণ দিয়ে কেমনে করিব পরিশোধ ?
বীর তুমি, মহাপ্রাণ, তুমি নরপতি
এ নরসমাজ-মাঝে—

কুমারসেন । আমি ভাই তোর ।
চল্ বোন, আমাদের সেই শৈলগৃহে
তুষারশিখর-ঘেরা শুভ্র সুশীতল
আনন্দকাননে । দুটি নির্ঝরের মতো
একত্রে করেছি খেলা দুই ভাইবোনে—
এখন আর কি ফিরে যেতে পারিবি নে
সেই উচ্চ, সেই শুভ্র শৈশবশিখরে ?

সুমিত্রা । চলো ভাই, চলো । যে ঘরেতে ভাইবোনে
করিতাম খেলা, সেই ঘরে নিয়ে এসো
প্রিয়সী নারীয়ে— সঙ্ঘ্যাবেলা বসে তারে
তোমার মনের মতো সাজাব যতনে ।
শিখাইয়া দিব তারে তুমি ভালোবাস
কোন ফুল, কোন গান, কোন কাব্যরস ।

শুনার বালোর কথা ; শৈশবমহত্ত্ব
তব শিশু-হৃদয়ের ।

কুমারসেন । মনে পড়ে মোর,
দৌহে শিখিতাম বীণা । আমি ধৈর্যহীন
যেতেম পালায়ে ; তুই শয্যাপ্রাপ্তে বসে
কেশবেশ ভুলে গিয়ে সারা সন্ধ্যাবেলা
বাজাতিস, গম্ভীর আনন্দমুখখানি ।
সংগীতেরে করে তুলেছিলি তোর সেই
ছোটো ছোটো অঙ্গুলির বশ ।

সুমিত্রা । মনে আছে,
খেলা হতে ফিরে এসে শোনাতে আমারে
অদ্ভুত কল্পনাকথা— কোথা দেখেছিলে
অজ্ঞাত নদীর ধারে স্বর্ণস্বর্গপুর,
অলৌকিক কল্পকুঞ্জে কোথায় ফলিত
অমৃতমধুর ফল ! ব্যথিত হৃদয়ে
সবিস্ময়ে শুনিতাম, স্বপ্নে দেখিতাম
সেই কিম্বরকানন ।

কুমারসেন । বলিতে বলিতে
নিজের কল্পনা শেষে নিজেরে ছলিত ।
সত্য মিথ্যা হত একাকার মেঘ আর
গিরির মতন ; দেখিতে পেতেম যেন
দূর শৈলপরপারে রহস্যনগরী ।—
শংকর আসিছে ওই ফিরে । শোনা যাক
কী সংবাদ ।

শংকরের প্রবেশ

শংকর । প্রভু তুমি, তুমি মোর রাজা,
ক্ষমা করো বৃদ্ধ এ শংকরে । ক্ষমা করো
রানী, দিদি মোর । মোরে কেন পাঠাইলে
দূত করে রাজার শিবিরে ? আমি বৃদ্ধ
নহি পটু সাবধান বচনবিন্যাসে
আমি কি সহিতে পারি তব অপমান ?
শাস্তির প্রস্তাব শুনে যখন হাসিল
ক্ষুদ্র জয়সেন, হাসিমুখে ভৃত্য যুধাজিৎ
করিল সূতীর উপহাস, সপ্রভঞ্জে
কহিলা বিক্রমদেব জালঙ্কররাজ
তোমারে বালক, ভীকু— মনে হল যেন
চারি দিকে হাসিতেছে সভাসদ যত
পরস্পর মুখ চেয়ে, হাসিতেছে দূরে
দ্বারের প্রহরী— পশ্চাতে আছিল যারা
তাদের নীরব হাসি ভুজঙ্গের মতো

যেন পৃষ্ঠে আসি মোর দংশিতে লাগিল ।
তখন ভুলিয়া গেনু শিখেছিনু যত
শাস্তিপূর্ণ মৃদুবাক্য । কহিলাম রোষে—
'কলহেরে জান তুমি বীরত্ব বলিয়া,
নারী তুমি, নহ ক্ষত্রবীর । সেই খেদে
মোর রাজা কোষে লয়ে কোষরুদ্ধ অসি
ফিরে যেতেছেন দেশে, জানাইনু সবে ।'
শুনিয়া কম্পিততনু জালঙ্করপতি ।
প্রস্তুত হতেছে সৈন্য ।

সুমিত্রা । ক্ষমা করো ভাই !

শংকর । এই কি উচিত তব, কাশ্মীরতনয়া
তুমি, ভারতে রটায়ে যাবে কাশ্মীরের
অপমানকথা ? বীরের স্বধর্ম হতে
বিরত কোরো না তুমি আপন ভ্রাতারে,
রাখো এ মিনতি ।

সুমিত্রা । বোলো না, বোলো না আর
শংকর ! মার্জনা করো ভাই ! পদতলে
পড়িলাম ! ওই তব রুদ্ধ কম্পমান
রোষানল নির্বাণ করিতে চাও ? আছে
মোর হৃদয়শোণিত । মৌন কেন ভাই ?
বাল্যকাল হতে আমি ভালোবাসা তব
পেয়েছি না চেয়ে, আজ আমি ভিক্ষা মাগি
ওই রোষ তব, দাও তাহা ।

শংকর । শোনো প্রভু !

কুমারসেন । চূপ করো বৃদ্ধ ! যাও তুমি, সৈন্যদের
জানাও আদেশ— এখনি ফিরিতে হবে
কাশ্মীরের পথে ।

শংকর । হয় একি অপমান,
পলাতক ভীরু বলে রটিবে অখ্যাতি !

সুমিত্রা । শংকর, বারেক তুই মনে করে দেখ
সেই ছেলেবেলা । দুটি ছোটো ভাইবোনে
কোলে বেঁধে রেখেছিলি এক স্নেহপাশে ।
তার চেয়ে বেশি হল খ্যাতি ও অখ্যাতি ?
প্রাণের সম্পর্ক এ যে চিরজীবনের—
পিতা-মাতা-বিধাতার-আশীর্বাদে-ঘেরা
পুণ্য স্নেহতীর্থখানি । বাহির হইতে
হিংসানলশিখা আনি এ কল্যাণভূমি,
শংকর, করিতে চাস অঙ্গারমলিন !

শংকর । চল্ দিদি, চল্ ভাই, ফিরে চলে যাই
সেই শাস্তিসুধান্নিষ্ঠ বাল্যকাল-মাঝে ।

চতুর্থ দৃশ্য বিক্রমদেবের শিবির

বিক্রমদেব যুধাজিৎ ও জয়সেন

বিক্রমদেব । পলাতক অরাতিরে আক্রমণ করা
নহে ক্ষত্রধর্ম ।

যুধাজিৎ । পলাতক অপরাধী
সহজে নিষ্কৃতি পায় যদি, রাজদণ্ড
ব্যর্থ হয় তবে ।

বিক্রমদেব । বালক সে, শাস্তি তার
যথেষ্ট হয়েছে । পলায়ন, অপমান,
আর শাস্তি কিবা ?

যুধাজিৎ । গিরিরুদ্ধ কাশ্মীরের
বাহিরে পড়িয়া রবে যত অপমান ।
সেথায় সে যুবরাজ, কে জানিবে তার
কলঙ্কের কথা ?

জয়সেন । চলো মহারাজ, চলো
সেই কাশ্মীরের মাঝে যাই— সেথা গিয়ে
দোষীরাে শাসন করে আসি, সিংহাসনে
দিয়ে আসি কলঙ্কের ছাপ ।

বিক্রমদেব । তাই চলো ।
বাড়ে চিন্তা যত চিন্তা কর । কার্যশ্রোতে
আপনারে ভাসাইয়া দিনু, দেখি কোথা
গিয়ে পড়ি, কোথা পাই কূল ।

প্রহরীর প্রবেশ

প্রহরী । মহারাজ,
এসেছে সাক্ষাৎ-তরে ব্রাহ্মণতনয়
দেবদত্ত ।

বিক্রমদেব । দেবদত্ত ? নিয়ে এসো, নিয়ে
এসো তারে । না না, রোসো, থামো, ভেবে দেখি ।
কী লাগিয়ে এসেছে ব্রাহ্মণ ? জানি তারে
ভালোমতে । এসেছে সে যুদ্ধক্ষেত্র হতে
ফিরাতে আমারে । হায় বিপ্র, তোমরাই
ভাঙিয়াছ ঝাঁপ, এখন প্রবল শ্রোত
শুধু কি শস্যের ক্ষেত্রে জলসেক করে
ফিরে যাবে, তোমাদের আবশ্যক বুঝে
পোষ-মানা প্রাণীর মতন ? চূর্ণিবে সে
লোকালয়, উচ্ছন্ন করিবে দেশ গ্রাম ।

সকম্পিত পরামর্শ উপদেশ নিয়ে
তোমরা চাহিয়া থাকো— আমি ধৈর্যে চলি
কার্যবেগে, অবিশ্রাম গতিসুখে মত্ত
মহানদী যে আনন্দে শিলারোধ ভেঙে
ছুটে চিরদিন । প্রচণ্ড আনন্দ অক্ষ,
মুহূর্ত তাহার পরমায়ু— তারি মধো
উৎপাটীয়া নিয়ে আসে অনন্তের সুখ
মত্ত করীশুণ্ডে ছিন্ন রক্তপদ্মসম ।
বিচার বিবেক পরে হবে । চিরকাল
জড় সিংহাসনে পড়ি করিব মত্তগা ।—
চাহি না করিতে দেখা ব্রাহ্মণের সনে ।

জয়সেন । যে আদেশ ।

জনাস্তিকে জয়সেনের প্রতি

যুধাজিৎ । ব্রাহ্মণেরে জেনো শত্রু বলে ।
বন্দী করে রাখো ।

জয়সেন । বিলক্ষণ জানি তারে ।

পঞ্চম অঙ্ক

প্রথম দৃশ্য

কাশ্মীর । প্রাসাদ

রেবতী ও চন্দ্রসেন

রেবতী । যুদ্ধসজ্জা ? কেন যুদ্ধসজ্জা ? শত্রু কোথা ?
মিত্র আসিতেছে । সমাদরে ডেকে আনো
তারে । করুক সে অধিকার কাশ্মীরের
সিংহাসন । রাজ্যরক্ষা-তরে তুমি এত
ব্যস্ত কেন ? এ কি তব আপনার ধন ?
আগে তারে নিতে দাও, তার পরে ফিরে
নিয়ো বন্ধুভাবে । তখন এ পররাজ্য
হবে আপনার ।

চন্দ্রসেন । চূপ করো, চূপ করো,
বোলো না অমন করে । কর্তব্য আমার
করিব পালন, তার পরে দেখা যাবে
অদৃষ্ট কী করে ।

রেবতী । তুমি কী করিতে চাও
আমি জানি তাহা । যুদ্ধের ছলনা করে
পরাজয় মানিবারে চাও । তার পর

চারি দিক রক্ষা করে সুবিধা বুঝিয়া
কৌশলে করিতে চাও উদ্দেশ্যসাধন ।
চন্দ্রসেন । ছি ছি রানী, এ-সকল কথা শুনি যবে
তব মুখে, ঘৃণা হয় আপনার 'পরে ।
মনে হয় সত্য বুঝি এমনি পাষণ্ড
আমি ; আপনারে ছদ্মবেশী চোর ব'লে
সন্দেহ জনমে ।— কর্তব্যের পথ হতে
ফিরায়ে না মোরে ।

রেবতী । আমিও পালিব তবে
কর্তব্য আপন । নিশ্বাস করিয়া রোধ
বধিব আপন হস্তে সস্তান আপন ।
রাজা যদি না করিবে তারে, কেন তবে
রোপিলে সংসারে পরাধীন ভিক্ষুকের
বংশ । অরণ্যে গমন ভালো, মৃত্যু ভালো,
রিজ্তহস্তে পরের সম্পদছায়ে ফেরা—
ধিক্ বিড়ম্বনা । জেনো তুমি, রাজভ্রাতা,
আমার গর্ভের ছেলে সহিবে না কভু
পরের শাসনপাশ, সমস্ত জীবন
পরদত্ত সাজ প'রে রহিবে না বসে
রাজসভাপুত্রলিকা হয়ে । আমি তারে
দিয়েছি জনম, আমি তারে সিংহাসন
দিব— নহে আমি নিজহস্তে মৃত্যু
তারে । নতুবা সে কুমাতা বলিয়া মোরে
দিবে অভিশাপ ।

কঞ্চুকীর প্রবেশ

কঞ্চুকী । যুবরাজ এসেছেন
রাজধানীমাঝে । আসিছেন অবিলম্বে
রাজসাক্ষাতের তরে ।

[প্রস্থান

রেবতী । অন্তরালে রব
আমি । তুমি তারে বোলো, অন্ত্রশস্ত্র ছাড়ি
জালন্ধর-রাজপদে অপরাধীভাবে
করিতে হইবে তারে আত্মসমর্পণ ।

চন্দ্রসেন । যেয়ো না চলিয়া ।

রেবতী । পারি নে লুকাতে আমি
হৃদয়ের ভাব । স্নেহের ছলনা করা
অসাধ্য আমার । তার চেয়ে অন্তরালে
গুপ্ত থেকে শুনি বসে তোমাদের কথা ।

[প্রস্থান

কুমারসেন ও সুমিত্রার প্রবেশ

কুমারসেন । প্রণাম !

সুমিত্রা । প্রণাম তাত !

চন্দ্রসেন । দীর্ঘজীবী হও ।

কুমারসেন । বহুপূর্বে পাঠায়েছি সংবাদ, রাজন্,
শত্রুসৈন্য আসিছে পশ্চাতে, আক্রমণ
করিতে কাশ্মীর । কই, রণসজ্জা কই ?
কোথা সৈন্যবল ?

চন্দ্রসেন । শত্রুপক্ষ কারে বল ?

বিক্রম কি শত্রু হল ? জননী সুমিত্রা,
বিক্রম কি নহে, বৎসে, কাশ্মীর-জামাতা ?
সে যদি আসিল গৃহে এতকাল পরে,
অসি দিয়ে তারে কি করিব সম্ভাষণ ?

সুমিত্রা । হায় তাত, মোরে কিছু কোরো না জিজ্ঞাসা ।

আমি দুর্ভাগিনী নারী কেন আসিলাম
অন্তঃপুর ছাড়ি ! কোথা লুকাইয়া ছিল
এত অকল্যাণ ! অবলা নারীর ক্ষীণ
ক্ষুদ্র পদক্ষেপে সহসা উঠিল রুষি
সর্প শতফণা ! মোরে কিছু শুধায়ো না ।
বুদ্ধিহীনা আমি ।— তুমি সব জান ভাই !
তুমি জ্ঞানী, তুমি বীর, আমি পদপ্রান্তে
মৌন ছায়া । তুমি জান সংসারের গতি,
আমি শুধু তোমারেই জানি ।

কুমারসেন । মহারাজ,

আমাদের শত্রু নহে জালন্ধরপতি,
নিতান্তই আপনার জন । কাশ্মীরের
শত্রু তিনি, আসিছেন শত্রুভাব ধরি ।
অকাতরে সহিয়াছি নিজ অপমান,
কেমনে উপেক্ষা করি রাজ্যের বিপদ ?

চন্দ্রসেন । সেজন্য ভেবো না বৎস, যথেষ্ট রয়েছে
বল । কাশ্মীরের তরে আশঙ্কা কিছুই
নাই ।

কুমারসেন । মোর হাতে দাও সৈন্যভার ।

চন্দ্রসেন । দেখা

যাবে পরে । আগে হতে প্রস্তুত হইলে
অকারণে জেগে ওঠে যুদ্ধের কারণ ।
আবশ্যককালে তুমি পাবে সৈন্যভার ।

রেবতীর প্রবেশ

রেবতী । কে চাহিছে সৈন্যভার ?

সুমিত্রা ও কুমারসেন ।

প্রণাম জননী !

- রেবতী । যুদ্ধে ভঙ্গ দিয়ে তুমি এসেছ পলায়ে,
 নিতে চাও অবশেষে ঘরে ফিরে এসে
 সৈন্যভার ? তুমি রাজপুত্র ? তুমি চাও
 কাশ্মীরের সিংহাসন ? ছি ছি লজ্জাহীন !
 বনে গিয়ে থাকো লুকাইয়া । সিংহাসনে
 বসো যদি, বিশ্বসুদ্ধ সকলে দেখিবে
 কনককিরীটচূড়া কলঙ্কে অঙ্কিত ।
- কুমারসেন । জননী, কী অপরাধ করেছি চরণে ?
 কী কঠিন বচন তোমার ! ও কি মাতা
 স্নেহের ভৎসনা ? বহুদিন হতে তুমি
 অপ্রসন্ন অভাগার 'পরে । রোষদীপ্ত
 দৃষ্টি তব বিধে মোর মর্মস্থলে সদা ;
 কাছে গেলে চলে যাও কথা না কহিয়া
 অন্য ঘরে ; অকারণে কহ তীব্র বাণী ।
 বলো মাতা, কী করিলে আমারে তোমার
 আপন সন্তান বলে হইবে বিশ্বাস ।
- রেবতী । বলি তবে—
- চন্দ্রসেন । ছি ছি, চূপ করো রানী !
- কুমারসেন । মাতঃ,
 অধিক কহিতে কথা নাহিক সময় ।
 দ্বারে এল শত্রুদল আমারে করিতে
 আক্রমণ । তাই আমি সৈন্য ভিক্ষা মাগি ।
- রেবতী । তোমারে করিয়া বন্দী অপরাধীভাবে
 জালঙ্কার-রাজকরে করিব অর্পণ ।
 মার্জনা করেন ভালো, নতুবা যেমন
 বিধান করেন শাস্তি নিয়ো নতশিরে ।
- সুমিত্রা । ধিক্ পাপ ! চূপ করো মাতা ! নারী হয়ে
 রাজকার্যে দিয়ো না, দিয়ো না হাত । ঘোর
 অমঙ্গলপাশে সবারে আনিবে টানি,
 আপনি পড়িবে । হেথা হতে চলো ফিরে
 দয়ামায়াহীন ওই সদাঘূর্ণমান
 কর্মচক্র ছাড়ি । তুমি শুধু ভালোবাসো,
 শুধু স্নেহ করো, দয়া করো, সেবা করো—
 জননী হইয়া থাকো প্রাসাদ-মাঝারে ।
 যুদ্ধ দ্বন্দ্ব রাজ্যরক্ষা আমাদের কার্য
 নহে ।
- কুমারসেন । কাল যায় মহারাজ, কী আদেশ ?
- চন্দ্রসেন । বৎস, তুমি অনভিজ্ঞ, মনে কর তাই
 শুধু ইচ্ছামাত্রে সব কার্য সিদ্ধ হয়
 চক্ষুর নিমেষে । রাজকার্য মনে রেখো

সুকঠিন অতি । সহস্রের শুভাশুভ
কেমনে করিব স্থির মুহূর্তের মাঝে ?
কুমারসেন । নির্দয় বিলম্ব তব পিতঃ ! বিপদের
মুখে মোরে ফেলি অনায়াসে, স্থিরভাবে
বিচারমন্ত্রণা ? প্রণাম, বিদায় হই ।

[সুমিত্রাকে লইয়া প্রস্থান

চন্দ্রসেন । তোমার নিষ্ঠুর বাকা শুনে দয়া হয়
কুমারের 'পরে— প্রাণে বাজে, ইচ্ছা করে
ডেকে নিয়ে বেঁধে তারে রাখি বন্ধোমাঝে,
স্নেহ দিয়ে দূর করি আঘাতবেদনা ।

বেবতী । শিশু তুমি ! মনে কর আঘাত না করে
আপনি ভাঙিবে বাধা ? পুরুষের মতো
যদি তুমি কার্যে দিতে হাত, আমি তবে
দয়ামায়া করিতাম ঘরে ব'সে ব'সে
অবসর বুঝে । এখন সময় নাই ।

[প্রস্থান

চন্দ্রসেন । অতি-ইচ্ছা চলে অতি-বেগে । দেখিতে না
পায় পথ, আপনারে করে সে নিষ্ফল ।
বায়ুবেগে ছুটে গিয়ে মত্ত অশ্ব যথা
চূর্ণ করে ফেলে রথ পাষণপ্রাচীরে ।

দ্বিতীয় দৃশ্য

কাশ্মীর । হাট

লোকসমাগম

প্রথম । কেমন হে খুড়ো, গোলা ভরে ভরে যে গম জমিয়ে রেখেছিলে, আজ বেচবার জন্যে এত
তড়াতাড়ি কেন ?

দ্বিতীয় । না বেচলে কি আর রক্ষে আছে ? এদিকে জালন্ধরের সৈন্য এল ব'লে । সমস্ত লুটে
নেবে । আমাদের এই মহাজনদের বড়ো বড়ো গোলা আর মোটা মোটা পেট বেবাক ফাঁসিয়ে দেবে ।
গম আর রুটি দুইয়েরই জায়গা থাকবে না !

মহাজন । আচ্ছা ভাই, আমোদ করে নে । কিন্তু শিগ্গির তোদের ঐ দাঁতের পাটি ঢাকতে হবে ।
গুতো সকলেরই উপর পড়বে ।

প্রথম । সেই সুখেই তো হাসছি বাবা ! এবারে তোমায় আমায় একসঙ্গে মরব । তুমি রাখতে গম
জমিয়ে, আর আমি মরতুম পেটের জ্বালায় । সেইটে হবে না । এবার তোমাকেও জ্বালা ধরবে । সেই
শুকনো মুখখানি দেখে যেন মরতে পারি ।

দ্বিতীয় । আমাদের ভাবনা কী ভাই ? আমাদের আছে কী ? প্রাণখানা এম্‌নেও বেশিদিন টিকবে না,
অম্‌নেও বেশিদিন টিকবে না । এ কটা দিন কষে মজা করে নে রে ভাই !

প্রথম । ও জনার্দন, এতগুলি ধলে এনেছ কেন ? কিছু কিনবে নাকি ?

জনর্দন । একেবারে বছরখানেকের মতো গম কিনে রাখব ।

দ্বিতীয় । কিনলে যেন, রাখবে কোথায় ?

জনর্দন । আজ রাত্তিরেই মামার বাড়ি পালাচ্ছি ।

প্রথম । মামার বাড়ি পর্যন্ত পৌঁছলে তো ! পথে অনেক মামা বসে আছে, আদর করে ডেকে নেবে ।

কোলাহল করিতে করিতে এক দল লোকের প্রবেশ

পঞ্চম । ওরে, কে তোরা লড়াই করতে চাস, আয় ।

প্রথম । রাজি আছি । কার সঙ্গে লড়াই হবে বলে দে ।

পঞ্চম । খুড়ো-রাজা জালন্ধরের সঙ্গে ষড় করে যুবরাজকে ধরিয়ে দিতে চায় ।

দ্বিতীয় । বটে ! খুড়ো-রাজার দাড়িতে আমরা মশাল ধরিয়ে দেব ।

অনেকে ! আমাদের যুবরাজকে আমরা রক্ষা করব ।

পঞ্চম । খুড়ো-রাজা গোপনে যুবরাজকে বন্দী করতে চেষ্টা করেছিল, তাই আমরা যুবরাজকে লুকিয়ে রেখেছি ।

প্রথম । চল ভাই, খুড়ো-রাজাকে ঝুড়ো করে দিয়ে আসি গে ।

দ্বিতীয় । চল ভাই, তার মুণ্ডুখানা খসিয়ে তাকে মুড়ো করে দিই গে ।

পঞ্চম । সে-সব পরে হবে রে । আপাতত লড়াই হবে ।

প্রথম । তা লড়াই । এই হাট থেকেই লড়াই শুরু করে দেওয়া যাক-না । প্রথমে ঐ মহাজনদের গমের বস্তাগুলো লুটে নেওয়া যাক । তার পরে ঘি আছে, চামড়া আছে, কাপড় আছে ।

ষষ্ঠের প্রবেশ

ষষ্ঠ । শুনেছিস ? যুবরাজ লুকিয়েছেন শুনে জালন্ধরের রাজা রটিয়েছে, যে তার সন্ধান বলে দেবে তাকে পুরস্কার দেবে ।

পঞ্চম । তোর এ-সব খবরে কাজ কী ?

দ্বিতীয় । তুই পুরস্কার নিবি নাকি ?

প্রথম । আয়-না ভাই, ওকে সবাই মিলে পুরস্কার দিই । যা হয় একটা কাজ আরম্ভ করে দেওয়া যাক । চুপ করে বসে থাকতে পারি নে ।

ষষ্ঠ । আমাকে মারিস নে ভাই, দোহাই বাপ-সকল ! আমি তোদের সাবধান করে দিতে এসেছি ।

দ্বিতীয় । বেটা, তুই আপনি সাবধান হ ।

পঞ্চম । এ খবর যদি তুই রটাবি তা হলে তোর জিভ টেনে ছিড়ে ফেলব ।

দূরে কোলাহল

অনেকে মিলিয়া । এসেছে— এসেছে !

সকলে । ওরে, এসেছে রে, জালন্ধরের সৈন্য এসে পৌঁছেছে ।

প্রথম । তবে আর কী ! এবারে লুঠ করতে চললুম । ঐ জনর্দন থলে ভরে গোরুর পিঠে বোঝাই করছে । এইবেলা চল । ঐ জনর্দনটাকে বাদ দিয়ে বাকি কটা গোরু বোঝাই-সুদ্ধ তাড়া করা যাক ।

দ্বিতীয় । তোরা যা ভাই ! আমি তামাশা দেখে আসি । সার বেঁধে খোলা তলোয়ার হাতে যখন সৈন্য আসে আমার দেখতে বড়ো মজা লাগে ।

গান

যমের দুয়ের খোলা পেয়ে

ছুটেছে সব ছেলেমেয়ে ।

হরিবোল হরিবোল !

রাজা জুড়ে মস্ত খেলা
 মরণ-বাঁচন অবহেলা—
 ও ভাই, সবাই মিলে প্রাণটা দিলে
 সুখ আছে কি মরার চেয়ে !
 হরিবোল হরিবোল !
 বেজেছে ঢোল, বেজেছে ঢাক,
 ঘরে ঘরে পড়েছে ডাক,
 এখন কাজকর্ম চুলোতে যাক—
 কেজো লোক সব আয় রে ধেয়ে ।
 হরিবোল হরিবোল !
 রাজা প্রজা হবে জড়ো,
 থাকবে না আর ছোটো বড়ো,
 একই শ্রোতের মুখে ভাসবে সুখে
 বৈতরণীর নদী বেয়ে ।
 হরিবোল হরিবোল !

তৃতীয় দৃশ্য

ত্রিচূড় । প্রাসাদ

অমরুরাজ ও কুমারসেন

অমরুরাজ । পালাও, পালাও । এসো না আমার রাজ্যে ।
 আপনি মজিরে ভূমি আমারে মজাবে ।
 তোমারে আশ্রয় দিয়ে চাহি নে হইতে
 অপরাধী জালন্ধর-রাজ কাছে । হেথা
 তব নাহি স্থান ।

কুমারসেন । আশ্রয় চাহি নে আমি ।
 অনিশ্চিত অদৃষ্টের পারাবার-মাঝে
 ভাসাইব জীবনতরণী— তার আগে
 ইলারে দেখিয়া যাব একবার শুধু,
 এই ভিক্ষা মাগি ।

অমরুরাজ । ইলারে দেখিয়া যাবে ?
 কী হইবে দেখে তারে ! কী হইবে দেখা
 দিয়ে ! স্বার্থপর ! রয়েছ মৃত্যুর মুখে
 অপমান বহি— গৃহহীন, আশাহীন,
 কেন আসিয়াছ ইলার হৃদয়মাঝে
 জাগতে প্রেমের স্মৃতি ?

কুমারসেন । কেন আসিয়াছি ?
 হায় আর্য, কেমনে তা বুঝাব তোমায় !

বোলো তারে মরে গেছি আমি । প্রতারণা
কোরো না তাহারে ।

শংকরের প্রবেশ

শংকর । আসিছে সন্মানে তব
শক্রচর, পেয়েছি সংবাদ । এইবেলা
চলো যাই ।

কুমারসেন । কোথা যাব ? কী হবে লুকায়ে ?
এ জীবন পারি নে বহিতে ।

শংকর । বনপ্রান্তে
তোমার অপেক্ষা করি আছেন সুমিত্রা ।

কুমারসেন । চলো, যাই চলো । ইলা, কোথা আছ ইলা !
ফিরে গেনু দুয়ারে আসিয়া । দুর্ভাগোর
দিনে জগতের চারি দিকে রুদ্ধ হয়
আনন্দের দ্বার । প্রিয়ে, হতভাগা আমি,
তাই ব'লে নহি অবিশ্বাসী ।— চলো, যাই ।

চতুর্থ দৃশ্য

ত্রিচূড় । অন্তঃপুর

ইলা ও সখীগণ

ইলা । মিছে কথা, মিছে কথা ! তোরা চুপ কর ।
আমি তার মন জানি । সখী, ভালো করে
বেঁধে দে কবরী মোর ফুলমালা দিয়ে ।
নিয়ে আয় সেই নীলাস্বর । স্বর্ণথালে
আন তুলে শুভ্র ফুল মালতীর ফুল ।
নিঝরিণীতীরে ওই বকুলের তলা
ভালো সে বাসিত ; ওইখানে শিলাতলে
পেতে দে আসনখানি । এমনি যতনে
প্রতিদিন করি সাজ, এমনি করিয়া
প্রতিদিন থাকি বসে, কে জানে কখন
সহসা আসিবে ফিরে প্রিয়তম মোর ।
এসেছিল আমাদের মিলন দেখিতে
পরে পরে দুটি পূর্ণিমার রাত, অন্ত
গেছে নিরাশ হইয়া । মনে স্থির জানি
এবার পূর্ণিমানিশি হবে না নিষ্ফল ।
আসিবে সে দেখা দিতে । নাহি যদি আসে
তোদের কী ! আমারে সে ভুলে যায় যদি
আমিই সে বুঝিব অন্তরে । কেনই বা

না ভুলিবে, কী আছে আমার ! ভুলে যদি
সুখী হয় সেই ভালো— ভালোবেসে যদি
সুখী হয় সেও ভালো । তোরা সুখী, মিছে
বকিস নে আর । একটুকু চুপ কর ।

গান

আমি নিশিদিন তোমায় ভালোবাসি,
তুমি অবসরমত বাসিয়ো ।
আমি নিশিদিন হেথায় বসে আছি,
তোমার যখন মনে পড়ে আসিয়ো ।
আমি সারা নিশি তোমা লাগিয়া
রব বিরহশয়নে জাগিয়া,
তুমি নিমেষের তরে প্রভাতে
এসে মুখপানে চেয়ে হাসিয়ো ।
তুমি চিরদিন মধুপবনে
চির-বিকশিত বনভবনে
যেয়ো মনোমত পথ ধরিয়া,
তুমি নিজ সুখস্রোতে ভাসিয়ো ।
যদি তার মাঝে পড়ি আসিয়া
তবে আমিও চলিব ভাসিয়া,
যদি দূরে পড়ি তাহে ক্ষতি কী,
মোর স্মৃতি মন হতে নাশিয়ো ।

পঞ্চম দৃশ্য

কাশ্মীর । শিবির

বিক্রমদেব জয়সেন ও যুধাজিৎ

জয়সেন । কোথায় সে পালাবে রাজন্ ! ধরে এনে
দিব তারে রাজপদে । বিবরদুয়ারে
অগ্নি দিলে বাহিরিয়া আসে ভূজঙ্গম
উদ্ভাপকাতর । সমস্ত কাশ্মীর ঘিরি
লাগাব আগুন— আপনি সে ধরা দিবে ।
বিক্রমদেব । এতদূর এনু পিছে পিছে— কত বন,
কত নদী, কত তুঙ্গ গিরিশৃঙ্গ ভাঙি !
আজ্ঞ সে পালাবে হাত ছেড়ে ? চাহি তারে,
চাহি তারে আমি । সে না হলে সুখ নাই,
নিদ্রা নাই মোর । শীঘ্র না পাইলে তারে
সমস্ত কাশ্মীর আমি খণ্ড দীর্ণ করি
দেখিব কোথা সে আছে ।

যুধাজিৎ । ধরিবারে তারে
পুরস্কার করেছি ঘোষণা ।

বিক্রমদেব । তারে পেলে
অন্য কার্যে দিতে পারি হাত । রাজা মোর
রয়েছে পড়িয়া, শূন্যপ্রায় রাজকোষ,
দুর্ভিক্ষ হয়েছে রাজা অরাজক দেশে—
ফিরিতে পারি নে তবু । একি দৃঢ়পাশে
আমারে করেছে বন্দী শত্রু পলাতক !
সচকিতে সদা মনে হয়, এই এল,
এই এল, ওই দেখা যায়, ওই বুঝি
উড়ে ধূলা, আর দেরি নাই, এইবার
বুঝি পাব তারে—- ধাবমান, ঘনশ্বাস,
ব্রহ্ম আখি মৃগ-সম । শীঘ্র আনো তারে
জীবিত কি মৃত । ছিন্নভিন্ন হয়ে যাক
মায়াপাশ । নতুবা যা-কিছু আছে মোর
সব যাবে অধঃপাতে ।

প্রহরীর প্রবেশ

প্রহরী । রাজা চন্দ্রসেন,
মহিষী রেবতী, এসেছেন ভেটিবার
তরে ।

বিক্রমদেব । তোমরা সরিয়া যাও ।

প্রহরীকে

নিয়ে এসো

তাহাদের প্রণাম জানায়ে ।

[অন্য সকলের প্রস্থান

কী বিপদ !

আসিছেন শাশুড়ি আমার । কী বলিব
শুধাইলে কুমারের কথা ! কী বলিব
মার্জনা চাহেন যদি যুবরাজ-তরে !
সহিতে পারি নে আমি অশ্রু রমনীর ।

চন্দ্রসেন ও রেবতীর প্রবেশ

প্রণাম ! প্রণাম আর্ঘ্য !

চন্দ্রসেন । চিরজীবী হও ।

রেবতী । জয়ী হও, পূর্ণ হোক মনস্কাম তব ।

চন্দ্রসেন । শুনেছি, তোমার কাছে কুমার হয়েছে
অপরাধী ।

বিক্রমদেব । অপমান করেছে আমারে ।

চন্দ্রসেন । বিচারে কী শাস্তি তার করেছ বিধান ?

- বিক্রমদেব । বন্দীভাবে অপমান করিলে স্বীকার,
করিব মার্জনা ।
- রেবতী । এই শুধু ? আর কিছু
নয় ? অবশেষে মার্জনা করিবে যদি
তবে কেন এত ক্রোশে এত সৈন্য লয়ে
এত দূরে আসা !
- বিক্রমদেব । ভৎসনা কোরো না মোরে ।
রাজার প্রধান কাজ, আপনার মান
রক্ষা করা । যে মস্তক মুকুট বহিছে
অপমান পারে না বহিতে । মিছে কাজে
আসি নি হেথায় ।
- চন্দ্রসেন । ক্ষমা তারে করো বৎস,
বালক সে অল্পবুদ্ধি । ইচ্ছা কর যদি
রাজ্য হতে করিয়ো বঞ্চিত— কেড়ে নিয়ো
সিংহাসন-অধিকার । নির্বাসন সেও
ভালো, প্রাণে বধিয়ো না ।
- বিক্রমদেব । চাহি না বধিতে ।
- রেবতী । তবে কেন এত অস্ত্র এনেছ বহিয়া ?
এত অসি শর ? নির্দোষী সৈনিকদের
বধ করে যাবে, যথার্থ যে জন দোষী
ক্ষমিবে তাহারে ?
- বিক্রমদেব । বুঝিতে পারি নে দেবী,
কী বলিছ তুমি ।
- চন্দ্রসেন । কিছু নয়, কিছু নয় ।
আমি তবে বলি বুঝাইয়া । সৈন্য যবে
মোর কাছে মাগিল কুমার, আমি তারে
কহিলাম, বিক্রম স্নেহের পাত্র মোর—
তার সনে যুদ্ধ নাহি সাজে । সেই ক্ষোভে
ক্রুদ্ধ যুবা প্রজাদের ঘরে ঘরে গিয়া
বিদ্রোহে করিল উত্তেজিত । অসন্তুষ্ট
মহারানী তাই ; রাজবিদ্রোহীর শাস্তি
করিছে প্রার্থনা তোমা-কাছে । গুরুদণ্ড
দियो না তাহারে, সে যে অবোধ বালক ।
- বিক্রমদেব । আগে তারে বন্দী করে আনি । তার পরে
যথাযোগ্য করিব বিচার ।
- রেবতী । প্রজাগণ
লুকায়ে রেখেছে তারে । আগুন জ্বালাও
ঘরে ঘরে তাহাদের । শস্যক্ষেত্র করো
ছারখার । ক্ষুধা-রাক্ষসীর হাতে ঈপি
দাও দেশ, তবে তারে করিবে বাহির ।

চন্দ্রসেন । চূপ করো, চূপ করো রানী ! চলো বৎস,
শিবির ছাড়িয়া চলো কাশ্মীর প্রাসাদে ।
বিক্রমদেব । পরে যাব, অগ্রসর হও মহারাজ ।

[চন্দ্রসেন ও রেবতীর প্রস্থান

ওরে হিংস্রনারী ! ওরে নরকাগ্নিশিখা !
বন্ধুত্ব আমার সনে ! এতদিন পরে
আপনার হৃদয়ের প্রতিমূর্তিখানা
দেখিতে পেলেম ওই রমণীর মুখে ।
অমনি শাণিত ক্রুর বক্র জ্বালারেখা
আছে কি ললাটে মোর ? রুদ্ধ হিংসাত্বারে
অধরের দুই প্রান্ত পড়েছে কি নুয়ে ?
অমনি কি তীক্ষ্ণ মোর উষ্ণ তিক্ত বাণী
খুণীর ছুরির মতো ঝাঁকা বিষ-মাখা ?
নহে নহে, কভু নহে । এ হিংসা আমার
চোর নহে, ক্রুর নহে, নহে ছদ্মবেশী ।
প্রচণ্ড প্রেমের মতো প্রবল এ জ্বালা
অভভেদী সর্বগ্রাসী উদ্দাম উন্মাদ
দুর্নিবার ! নহি আমি তোদের আত্মীয় ।
হে বিক্রম, ক্ষান্ত করো এ সংহার-খেলা ।
এ শ্মশাননৃত্য তব থামাও থামাও,
নিবাও এ চিতা । পিশাচ-পিশাচী যত
অতৃপ্ত হৃদয়ে লয়ে দীপ্ত হিংসাতৃষা
ফিরে যাক রুদ্ধ রোষে, লালায়িত লোভে ।
একদিন দিব বুঝাইয়া, নহি আমি
তোমাদের কেহ । নিরাশ করিব এই
গুপ্ত লোভ, বক্র রোষ, দীপ্ত হিংসাতৃষা ।
দেখিব কেমন ক'রে আপনার বিষে
আপনি জ্বলিয়া মরে নর-বিষধর ।
রমণীর হিংস্র মুখ সূচিময় যেন—
কী ভীষণ, কী নিষ্ঠুর, একান্ত কুৎসিত !

চরের প্রবেশ

চর । ত্রিচূড়ের অভিমুখে গেছেন কুমার ।
বিক্রমদেব । এ সংবাদ রাখিয়ো গোপনে । একা আমি
যাব সেথা মৃগয়ার ছলে ।

চর ।

যে আদেশ ।

ষষ্ঠ দৃশ্য

অরণ্য

শুষ্ক পর্ণশয্যায় কুমারসেন শয়ান । সুমিত্রা আসীন

কুমারসেন । কত রাত্রি ?

সুমিত্রা । রাত্রি আর নাই ভাই ! রাঙা
হয়ে উঠেছে আকাশ ! শুধু বনচ্ছায়া
অক্ষকার রাখিয়াছে বেঁধে ।

কুমারসেন ।

সারা রাত্রি

জেগে বসে আছ, বোন, ঘুম নেই চোখে ?

সুমিত্রা । জাগিয়াছি দৃঃস্বপন দেখে । সারা রাত
মনে হয় শুনি যেন পদশব্দ কার
শুষ্ক পল্লবের 'পরে । তরু-অন্তরালে
শুনি যেন কাহাদের চুপিচুপি কথা,
বিজন মন্ত্রণা । শ্রান্ত আঁখি যদি কভু
মুদে আসে, দারুণ দৃঃস্বপ্ন দেখে কেঁদে
জেগে উঠি । সুখসুপ্ত মুখখানি তব
দেখে পুন প্রাণ পাই প্রাণে ।

কুমারসেন ।

দুর্ভাবনা

দৃঃস্বপ্নজননী । ভেবো না আমার তরে
বোন ! সুখে আছি । মগ্ন হয়ে জীবনের
মাঝখানে, কে জেনেছে জীবনের সুখ ?
মরণের তটপ্রান্তে বসে, এ যেন গো
প্রাণপণে জীবনের একান্ত সন্তোষ ।
এ সংসারে যত সুখ, যত শোভা, যত
প্রেম আছে, সকলি প্রগাঢ় হয়ে যেন
আমারে করিছে আলিঙ্গন । জীবনের
প্রতি বিন্দুটিতে যত মিষ্ট আছে, সব
আমি পেতেছি আনন্দ । ঘন বন,
তুঙ্গ শৃঙ্গ, উদার আকাশ, উচ্ছ্বসিত
নির্ঝরিণী— আশ্চর্য এ শোভা । অযাচিত
ভালোবাসা অরণ্যের পুষ্পবৃষ্টি-সম
অবিশ্রাম হতেছে বর্ষণ । চারি দিকে
ভক্ত প্রজাগণ । তুমি আছ প্রীতিময়ী
শিয়রে বসিয়া । উড়িবার আগে বৃষ্টি
জীবনবিহঙ্গ বিচিত্র-বরন পাখা
করিছে বিস্তার ।— ওই শোনো কাঠুরিয়া
গান গায়— শোনা যাবে রাজ্যের সংবাদ ।

কাঠুরিয়ার প্রবেশ ও গান

বঁধু, তোমায় করব রাজা তরুতলে ।
 বনফুলের বিনোদ-মালা দেব গলে ।
 সিংহাসনে বসাইতে
 হৃদয়খানি দেব পেতে—
 অভিষেক করব তোমায় আখিজলে ।

অগ্রসর হইয়া

কুমারসেন । বন্ধু, আজি কী সংবাদ ?
 কাঠুরিয়া । ভালো নয় প্রভু !
 জয়সেন কাল রাতে জ্বালায়ে দিয়েছে
 নন্দীগ্রাম, আজ আসে পাণ্ডুপুর-পানে ।
 কুমারসেন । হায়, ভক্ত প্রজা মোর, কেমনে তোদের
 রক্ষা করি ? ভগবান, নির্দয় কেন গো
 নির্দোষ দীনের 'পরে ?

সুমিত্রার প্রতি

কাঠুরিয়া । জননী, এনেছি
 কাষ্ঠভার, রাখি শ্রীচরণে ।
 সুমিত্রা । বেঁচে থাকো ।

[কাঠুরিয়ার প্রস্থান]

মধুজীবীর প্রবেশ

কুমারসেন । কী সংবাদ ?
 মধুজীবী । সাবধানে থেকে যুবরাজ !
 তোমারে যে ধরে দেবে জীবিত কি মৃত
 পুরস্কার পাইবে সে, ঘোষণা করেছে
 যুধাজিৎ । বিশ্বাস কোরো না কারে প্রভু !
 কুমারসেন । বিশ্বাস করিয়া মরা ভালো । অবিশ্বাস
 কাহারে করিব ? তোরা সব অনুরক্ত
 বন্ধু মোর সরলহৃদয় ।
 মধুজীবী । মা-জননী,
 এনেছি সঞ্চয় করে কিছু বনমধু—
 দয়া করে করো মা গ্রহণ ।
 সুমিত্রা । ভগবান
 মঙ্গল করুন তোর !

[মধুজীবীর প্রস্থান]

শিকারীর প্রবেশ

শিকারী । জয় হোক প্রভু !
 ছাগ-শিকারের তরে যেতে হবে দূর
 গিরিদেশে, দুর্গম সে পথ । তব পদে

প্রণাম করিয়া যাব । জয়সেন গৃহ
মোর দিয়েছে জ্বালায়ে ।

কুমারসেন । ঝিক্ সে পিঁশাচ !

শিকারী । আমরা শিকারী । যতদিন বন আছে
আমাদের কে পারে করিতে গৃহহীন ?
কিছু খাদ্য এনেছি জননী, দরিদ্রের
তুচ্ছ উপহার । আশীর্বাদ করো যেন
ফিরে এসে আমাদের যুবরাজে দেখি
সিংহাসনে ।

বাছ বাড়াইয়া

কুমারসেন । এসো তুমি, এসো আলিঙ্গনে ।

[শিকারীর প্রস্থান

ওই দেখো পল্লব ভেদিয়া পড়িতেছে
রবিকররেখা । যাই নির্ঝরের ধারে,
স্নানসঙ্ক্যা করি সমাপন । শিলাতটে
বসে বসে কতক্ষণ দেখি আপনার
ছায়া, আপনারে ছায়া বলে মনে হয় ।
নদী হয়ে গেছে চলে এই নির্ঝরিণী
ত্রিচূড়-প্রমোদবন দিয়ে । ইচ্ছা করে
ছায়া মোর ভেসে যায় স্রোতে, যেথা সেই
সঙ্ক্যাবেলা বসে থাকে তীরতরুতলে
ইলা— তার স্নান ছায়াখানি সঙ্গে নিয়ে
চিরকাল ভেসে যায় সাগরের পানে ।
থাক্ থাক্ কল্পনা-স্বপন । চলো বোন,
যাই নিত্য কাজে । ওই শোনো চারি দিকে
অরণ্য উঠেছে জেগে বিহঙ্গের গানে ।

সপ্তম দৃশ্য

ত্রিচূড় । প্রমোদবন

বিক্রমদেব ও অমররাজ

অমররাজ । তোমারে করিনু সমর্পণ যাহা আছে
মোর । তুমি বীর, তুমি রাজ-অধিরাজ ।
তব যোগ্য কন্যা মোর, তারে লহো তুমি ।
সহকার মাধবিকা-লতার আশ্রয় ।
ক্ষণেক বিলম্ব করো, মহারাজ, তারে
দিই পাঠাইয়া ।

[প্রস্থান

বিক্রমদেব ।

কী মধুর শান্তি হেথা !

চিরন্তন অরণ্য আবাস, সুখসুপ্ত
ঘনচ্ছায়া, নিঝরিণী নিরন্তরধ্বনি ।
শান্তি যে শীতল এত, এমন গষ্ঠীর,
এমন নিস্তরু তবু এমন প্রবল,
উদার সমুদ্রসম, বহুদিন ভুলে
ছিঁযে যেন । মনে হয়, আমার প্রাণের
অনন্ত অনলদাহ সেও যেন হেথা
হারাইয়া ডুবে যায়, না থাকে নির্দেশ—
এত ছায়া, এত স্থান, এত গভীরতা !
এমনি নিভৃত সুখ ছিল আমাদের—
গেল কার অপরাধে ? আমার কি তার ?
যারই হোক— এ জনমে আর কি পাব না ?
যাও তবে ! একেবারে চলে যাও দূরে !
জীবনে থেকে না জেগে অনুতাপরূপে !
দেখা যাক যদি এইখানে— সংসারের
নির্জন নেপথ্যদেশে পাই নব প্রেম,
তেমনি অতলস্পর্শ, তেমনি মধুর ।

সখীর সহিত ইলার প্রবেশ

এ কী অপরূপ মূর্তি ! চরিতার্থ আমি ।
আসন গ্রহণ করো দেবী ! কেন মৌন,
নতশির, কেন ম্লানমুখ, দেহলতা
কম্পিত কাতর ? কিসের বেদনা তব ?

নতজানু

ইলা । শুনিয়াছি মহারাজ-অধিরাজ তুমি
সসাগরা ধরণীর পতি । ভিক্ষা আছে
তোমার চরণে ।

বিক্রমদেব ।

উঠ উঠ হে সুন্দরী !

তব পদস্পর্শযোগ্য নহে এ ধরণী,
তুমি কেন ধুলায় পতিত ? চরাচরে
কিবা আছে অদেয় তোমারে ?

ইলা ।

মহারাজ,

পিতা মোরে দিয়াছেন সঁপি তব হাতে ;
আপনারে ভিক্ষা চাহি আমি । ফিরাইয়া
দাও মোরে । কত ধন রত্ন রাজ্য দেশ
আছে তব, ফেলে রেখে যাও মোরে এই
ভূমিতলে । তোমার অভাব কিছু নাই ।

বিক্রমদেব ।

আমার অভাব নাই ? কেমনে দেখাব
গোপন হৃদয় ? কোথা সেথা ধনরত্ন ?

কোথা সসাগরা ধরা ? সব শূন্যময় ।
রাজ্যধন না থাকিত যদি, শুধু তুমি
থাকিতে আমার—

উঠিয়া

ইলা । লহো তবে এ জীবন ।
তোমরা যেমন ক'রে বনের হরিণী
নিয়ে যাও, বুকে তার তীক্ষ্ণ তীর বিধে,
তেমনি হৃদয় মোর বিদীর্ণ করিয়া
জীবন কাড়িয়া আগে, তার পরে মোরে
নিয়ে যাও ।

বিক্রমদেব । কেন দেবী, মোর 'পরে এত
অবহেলা ? আমি কি নিতান্ত তব যোগ্য
নহি ? এত রাজ্য দেশ করিলাম জয়,
প্রার্থনা করেও আমি পাব না কি তবু
হৃদয় তোমার ?

ইলা । সে কি আর আছে মোর ?
সমস্ত সঁপেছি যারে, বিদায়ের কালে
হৃদয় সে নিয়ে চলে গেছে, বলে গেছে—
ফিরে এসে দেখা দেবে এই উপবনে ।
কতদিন হল ; বনপ্রান্তে দিন আর
কাটে নাকো । পথ চেয়ে সদা পড়ে আছি ;
যদি এসে দেখিতে না পায়, ফিরে যায়,
আর যদি ফিরিয়া না আসে ! মহারাজ,
কোথা নিয়ে যাবে ? রেখে যাও তার তরে
যে আমারে ফেলে রেখে গেছে ।

বিক্রমদেব । না জানি সে
কোন ভাগ্যবান ! সাবধান, অতিপ্রেম
সহে না বিধির । শুন তবে মোর কথা ।
এক কালে চরাচর তুচ্ছ করি আমি
শুধু ভালোবাসিতাম ; সে প্রেমের 'পরে
পড়িল বিধির হিংসা, জেগে দেখিলাম
চরাচর পড়ে আছে, প্রেম গেছে ভেঙে ।
বসে আছ যার তরে কী নাম তাহার ?

ইলা । কাশ্মীরের যুবরাজ— কুমার তাহার
নাম ।

বিক্রমদেব । কুমার ?

ইলা । তারে জান তুমি ! কেই বা
না জানে ! সমস্ত কাশ্মীর তারে দিয়েছে
হৃদয় ।

বিক্রমদেব । কুমার ? কাশ্মীরের যুবরাজ ?

- ইলা । সেই বটে মহারাজ ! তার নাম সদা
ধ্বনিছে চৌদিকে । তোমারি সে বন্ধু বৃষ্টি !
মহৎ সে, ধরণীর যোগ্য অধিপতি ।
- বিক্রমদেব । তাহার সৌভাগ্যরবি গেছে অস্তাচলে,
ছাড়ো তার আশা । শিকারের মৃগসম
সে আজ তাড়িত, ভীত, আশ্রয়বিহীন,
গোপন অরণ্যছায়ে রয়েছে লুকায়ে ।
কাশ্মীরের দীনতম ডিম্বাজীবী আজ
সুখী তার চেয়ে ।
- ইলা । কী বলিলে মহারাজ ?
- বিক্রমদেব । তোমরা বসিয়া থাক ধরাপ্রান্তভাগে,
শুধু ভালোবাস । জ্ঞান না বাহিরে বিধে
গরজে সংসার, কর্মশ্রোতে কে কোথায়
ভেসে যায়, ছলছল বিশাল নয়নে
তোমরা চাহিয়া থাক । বৃথা তার আশা ।
- ইলা । সত্য বলো মহারাজ, ছলনা কোরো না ।
জেনো এই অতিক্রুদ্ধ রমণীর প্রাণ
শুধু আছে তারি তরে, তারি পথ চেয়ে ।
কোন্ গৃহহীন পথে কোন্ বনমাঝে
কোথা ফিরে কুমার আমার ? আমি যাব,
বলে দাও— গৃহ ছেড়ে কখনো যাই নি—
কোথা যেতে হবে ? কোন্ দিকে, কোন্ পথে ?
- বিক্রমদেব । বিদ্রোহী সে, রাজসৈন্য ফিরিতেছে সদা
সঙ্কানে তাহার ।
- ইলা । তোমরা কি বন্ধু নহ ?
তোমরা কি কেহ রক্ষা করিবে না তারে ?
রাজপুত্র ফিরিতেছে বনে, তোমরা কি
রাজা হয়ে দেখিবে চাহিয়া ? এতটুকু
দয়া নেই কারো ? প্রিয়তম, প্রিয়তম,
আমি তো জানি নে, নাথ, সংকটে পড়েছ—
আমি হেথা বসে আছি তোমার লাগিয়া ।
অনেক বিলম্ব দেখে মাঝে মাঝে মনে
চকিত বিদ্যুৎ-সম বেজেছে সংশয় ।—
শুনেছিনু এত লোক ভালোবাসে তারে
কোথা তারা বিপদের দিনে ? তুমি নাকি
পৃথিবীর রাজা ? বিপদের কেহ নহ ?
এত সৈন্য, এত যশ, এত বল নিয়ে
দূরে বসে রবে ? তবে পথ বলে দাও ।
জীবন ঈপিব একা অবলা রমণী ।
- বিক্রমদেব । কী প্রবল প্রেম ! ভালোবাসো ভালোবাসো
এমনি সবেগে চিরদিন । যে তোমার

হৃদয়ের রাজা, শুধু তারে ভালোবাসো ।
 প্রেমস্বর্গচ্যুত আমি, তোমাদের দেখে
 ধন্য হই । দেবী, চাহি নে তোমার প্রেম ।
 শুষ্ক শাখে ঝরে ফুল, অন্য তরু হতে
 ফুল ছিড়ে নিয়ে তারে কেমনে সাজাব ?
 আমারে বিশ্বাস করো— আমি বন্ধু তব ।
 চলো মোর সাথে, আমি তারে এনে দেব ।
 সিংহাসনে বসায়ে কুমারে, তার হাতে
 সঁপি দিব তোমারে কুমারী ।

ইলা ।

মহারাজ,

প্রাণ দিলে মোরে । যেথা যেতে বল, যাব ।

বিক্রমদেব । এসো তবে প্রস্তুত হইয়া । যেতে হবে
 কাশ্মীরের রাজধানী-মাঝে ।

[ইলা ও সখীর প্রস্থ]

যুদ্ধ নাহি

ভালো লাগে । শান্তি আরো অসহ্য দ্বিগুণ ।
 গৃহহীন পলাতক, তুমি সুখী মোর
 চেয়ে । এ সংসারে যেথা যাও, সাথে থাকে
 রমণীর অনিমেষ প্রেম, দেবতার
 ধুবদৃষ্টি-সম ; পবিত্র কিরণে তারি
 দীপ্তি পায় বিপদের মেঘ, স্বর্ণময়
 সম্পদের মতো । আমি কোন্ সুখে ফিরি
 দেশ-দেশান্তরে, স্কন্ধে বহে জয়ধ্বজা,
 অন্তরেতে অভিশপ্ত হিংসাতপ্ত প্রাণ ।
 কোথা আছে কোন্ স্নিগ্ধ হৃদয়ের মাঝে
 প্রস্ফুটিত শুভ্র প্রেম শিশিরশীতল ।
 ধুয়ে দাও, প্রেমময়ী, পুণ্য অশ্রুজলে
 এ মলিন হস্ত মোর রক্তকলুষিত ।

প্রহরীর প্রবেশ

প্রহরী । ব্রাহ্মণ এসেছে মহারাজ, তব সাথে
 সাক্ষাতের তরে ।

বিক্রমদেব । নিয়ে এসো, দেখা যাক ।

দেবদত্তের প্রবেশ

দেবদত্ত । রাজার দোহাই, ব্রাহ্মণে রক্ষা করো ।

বিক্রমদেব । একি ! তুমি কোথা হতে এলে ? অনুকূল
 দৈব মোর 'পরে । তুমি বন্ধুরত্ন মোর ।

দেবদত্ত । তাই বটে মহারাজ, রত্ন বটে আমি ।

অতি যত্নে বন্ধ করে রেখেছিলে তাই ।

ভাগ্যবলে পলায়েছি খোলা পেয়ে দ্বার ।

- আবার দিয়ো না ঈপি প্রহরীর হাতে
রত্নভ্রমে । আমি শুধু বন্ধুরত্ন নহি,
ব্রাহ্মণীর স্বামীরত্ন আমি । সে কি হয়
এতদিন বেঁচে আছে আর ?
- বিক্রমদেব । একি কথা !
আমি তো জানি নে কিছু, এতদিন রুদ্ধ
আছ তুমি !
- দেবদত্ত । তুমি কী জানিবে মহারাজ ?
তোমার প্রহরী দুটো জানে । কত শাস্ত্র
বলি তাহাদের, কত কাব্যকথা, শুনে
মূর্খ দুটো হাসে । একদিন বর্ষা দেখে
বিরহব্যথায় মেঘদূত কাব্যখানা
শুনালেম দৌড়ে ডেকে ; গ্রাম্য মূর্খ দুটো
পড়িল কাতর হয়ে নিদ্রার আবেশে ।
তখনি ধিক্কারভরে কারাগার ছাড়ি
আসিনু চলিয়া । বেছে বেছে ভালো লোক
দিয়েছিলে বিরহী এ ব্রাহ্মণের 'পরে !
এত লোক আছে সখা অধীনে তোমার,
শাস্ত্র বোঝে এমন কি ছিল না দুজন ?
- বিক্রমদেব । বন্ধুবর, বড়ো কষ্ট দিয়েছে তোমারে ।
সমুচিত শাস্তি দিব তারে, যে পাষণ্ড
রেখেছিল রুধিয়া তোমায় । নিশ্চয় সে
ক্রুরমতি জয়সেন ।
- দেবদত্ত । শাস্তি পরে হবে ।
আপাতত যুদ্ধ রেখে অবিলম্বে দেশে
ফিরে চলো । সত্য কথা বলি মহারাজ,
বিরহ সামান্য ব্যথা নয় এবার তা
পেরেছি বৃষ্টিতে । আগে আমি ভাবিতাম
শুধু বড়ো বড়ো লোক বিরহেতে মরে ।
এবার দেখেছি, সামান্য এ ব্রাহ্মণের
ছেলে, এরেও ছাড়ে না পঞ্চবাণ ; ছোটো
বড়ো করে না বিচার ।
- বিক্রমদেব । যম আর প্রেম
উভয়েরই সমদৃষ্টি সর্বভূতে । বন্ধু,
ফিরে চলো দেশে । কেবল যাবার আগে
এক কাজ বাকি আছে । তুমি লহো ভার ।
অরণ্যে কুমারসেন আছে লুকাইয়া,
ত্রিচূড়রাজের কাছে সন্ধান পাইবে
সখে, তার কাছে যেতে হবে । বোলো তারে,
আর আমি শক্র নহি । অস্ত্র ফেলে দিয়ে

বসে আছি প্রেমে বন্দী করিবারে তারে ।
আর সখা— আর কেহ যদি থাকে সেথা—
যদি দেখা পাও আর কারো—

দেবদত্ত ।

জানি, জানি—

তার কথা জাগিতেছে হৃদয়ে সতত ।
এতক্ষণ বলি নাই কিছু । মুখে যেন
সরে না বচন । এখন তাঁহার কথা
বচনের অতীত হয়েছে । সাধবী তিনি,
তাই এত দুঃখ তাঁর । তাঁরে মনে ক'রে
মনে পড়ে পূণ্যবতী জানকীর কথা ।
চলিলাম তবে ।

বিক্রমদেব ।

বসন্ত না আসিতেই

আগে আসে দক্ষিণপবন, তার পরে
পল্লবে কুসুমে বনশ্রী প্রফুল্ল হয়ে
ওঠে । তোমারে হেরিয়া আশা হয় মনে,
আবার আসিবে ফিরে সেই পুরাতন
দিন মোর, নিয়ে তার সব সুখভার ।

অষ্টম দৃশ্য

অরণ্য

কুমারের দুইজন অনুচর

প্রথম । হ্যা দেখ, মাধু, কাল যে স্বপ্নটা দেখলুম তার কোনো মানে ভেবে পাচ্ছি নে । শহরে গিয়ে
দৈবিজি ঠাকুরের কাছে গুনিয়ে নিয়ে আসতে হবে ।

দ্বিতীয় । কী স্বপ্নটা বল তো গুনি ।

প্রথম । যেন একজন মহাপুরুষ ঐ জল থেকে উঠে আমাকে তিনটে বড়ো বড়ো বেল দিতে এল ।
আমি দুটো দু হাতে নিলুম, আর-একটা কোথায় নেব ভাবনা পড়ে গেল ।

দ্বিতীয় । দূর মূর্খ, তিনটেই চাদরে বেঁধে নিতে হয় ।

প্রথম । আরে, জেগে থাকলে তো সকলেরই বুদ্ধি জোগায়— সে সময়ে তুই কোথায় ছিলি ? তার
পরে শোন্-না ; সেই বাকি বেলটা মাটিতে পড়েই গড়াতে আরম্ভ করলে, আমি তার পিছন পিছন
ছুটলুম । হঠাৎ দেখি যুবরাজ অশখতলায় বসে আঙ্কি করছেন । বেলটা ধপ করে তাঁর কোলের
উপর গিয়ে লাফিয়ে উঠল । আমার ঘুম ভেঙে গেল ।

দ্বিতীয় । এটা আর বুঝতে পারলি নে ? যুবরাজ শিগগির রাজা হবে ।

প্রথম । আমিও তাই ঠাউরেছিলুম । কিন্তু আমি যে দুটো বেল পেলুম, আমার কী হবে ?

দ্বিতীয় । তোর আবার হবে কী ? তোর খেতে বেগুন বেশি করে ফলবে ।

প্রথম । না ভাই, আমি ঠাউড়ে রেখেছি আমার দুই পুস্তুর-সস্তান হবে ।

দ্বিতীয় । হ্যা দেখ ভাই, বললে পিস্তয় যাবি নে, কাল ভারি আশ্চর্য কাণ্ড হয়ে গেছে । ঐ জলের
ধারে বসে রামচরণে আমাতে চিড়ে ভিজিয়ে খাচ্ছিলুম ; তা আমি কথায় কথায় বললুম, আমাদের

দোবেজী গুনে বলেছে যুবরাজের ফাঁড়া প্রায় কেটে এসেছে । আর দেরি নেই । এবার শিগ্গিব রাজা হবে । হঠাৎ মাথার উপর কে তিন বার বলে উঠল 'ঠিক ঠিক ঠিক' । উপরে চেয়ে দেখি ডুমুরের ডালে এতবড়ো একটা টিকটিকি !

রামচরণের প্রবেশ

প্রথম । কী খবর রামচরণ ?

রামচরণ । ওরে ভাই, আজ একটা ব্রাহ্মণ এই বনের আশেপাশে যুবরাজের সন্ধান নিয়ে ফিরছিল । আমাকে ঘুরিয়ে ফিরিয়ে কত কথাই জিজ্ঞেসা করলে । আমি তেমনি বোকা আর-কি ! আমিও ঘুরিয়ে ফিরিয়ে জবাব দিতে লাগলুম । অনেক খোঁজ করে শেষকালে চলে গেল । তাকে আমি চিত্তলের রাস্তা দেখিয়ে দিলুম । ব্রাহ্মণ না হলে তাকে আজ আর আমি আস্ত রাখতুম না ।

দ্বিতীয় । কিন্তু তা হলে তো এ বন ছাড়তে হচ্ছে । বেটারা সন্ধান পেয়েছে দেখছি ।

প্রথম । এইখানে বসে পড়ো-না ভাই রামচরণ— দুটো গল্প করা যাক ।

রামচরণ । যুবরাজের সঙ্গে আমাদের মা-ঠাকরুন এই দিকে আসছেন । চল্ ভাই, তফাতে গিয়ে বসি গে ।

[প্রস্থান

কুমারসেন ও সুমিত্রার প্রবেশ

কুমারসেন । শংকর পড়েছে ধরা । রাজ্যের সংবাদ
নিতে গিয়েছিল বৃদ্ধ, গোপনে ধরিয়া
ছদ্মবেশ । শত্রুচর ধরেছে তাহারে ।
নিয়ে গেছে জয়সেন-কাছে । শুনিয়াছি
চলিতেছে নিষ্ঠুর পীড়ন তার 'পরে—
তবু সে অটল । একটি কথাও তারা
পারে নাই মুখ হতে করিতে বাহির ।

সুমিত্রা । হায় বৃদ্ধ প্রভুবৎসল ! প্রাণাধিক
ভালোবাসো যারে সেই কুমারের কাজে
সঁপি দিলে তোমার কুমারগত প্রাণ ।

কুমারসেন । এ সংসারে সব চেয়ে বন্ধু সে আমার,
আজন্মের সখা । আপনার প্রাণ দিয়ে
আড়াল করিয়া, চাহে সে রাখিতে মোরে
নিরাপদে । অতিবৃদ্ধ ক্ষীণ জীর্ণ দেহ,
কেমনে সে সহিছে যন্ত্রণা ! আমি হেথা
সুখে আছি লুকায়ে বসিয়া !

সুমিত্রা । আমি যাই
ভাই ! ভিখারিনীবেশে সিংহাসনতলে
গিয়া শংকরের প্রাণভিক্ষা মেগে আসি ।

কুমারসেন । বাহির হইতে তারা আবার তোমারে
দিবে ফিরাইয়া । তোমার পিতার রাজ্য
হবে নতশির । বঙ্কসম বাজিবে সে
মর্মে গিয়ে মোর ।

চরের প্রবেশ

চর ।

গত রায়ে গিধকুট

জ্বালায়ে দিয়েছে জয়সেন । গৃহহীন
গ্রামবাসীগণ আশ্রয় নিয়েছে গিয়ে
মন্দুর অরণ্য-মাঝে ।

[প্রস্থান]

কুমারসেন । আর তো সহ্য না ।
ঘৃণা হয় এ জীবন করিতে বহন
সহস্রের জীবন করিয়া ক্ষয় ।

সুমিত্রা । চলো
মোরা দুইজনে যাই রাজসভা-মাঝে—
দেখিব কেমনে, কোন্ ছলে, জালঙ্কর
স্পর্শ করে কেশ তব ।

কুমারসেন । শংকর বলিত,
'প্রাণ যায় সেও ভালো, তবু বন্দীভাবে
কখনো দিয়ো না ধরা ।' পিতৃসিংহাসনে
বসি বিদেশের রাজা দণ্ড দিবে মোরে
বিচারের ছল করি, এ কি সহ্য হবে ?
অনেক সহ্যিছি বোন, পিতৃপুরুষের
অপমান সহিব কেমনে ।

সুমিত্রা । তার চেয়ে
মৃত্যু ভালো ।

কুমারসেন । বলো বোন, বলো, 'তার চেয়ে
মৃত্যু ভালো ।' এই তো তোমার যোগ্য কথা ।
তার চেয়ে মৃত্যু ভালো ! ভালো করে ভেবে
দেখো— বেঁচে থাকা ভীকৃত্য কেবল । বলো,
এ কি সত্য নয় ? থেকো না নীরব হয়ে,
বিষাদ-আনত নেত্রে চেয়ো না ভূতলে ।
মুখ তোলো, স্পষ্ট করে বলো একবার,
ঘণিত এ প্রাণ লয়ে লুকায়ে লুকায়ে
নিশিদিন মরে থাকা, এক দণ্ড এ কি
উচিত আমার ?

সুমিত্রা । ভাই—

কুমারসেন । আমি রাজপুত্র—
ছারখার হয়ে যায় সোনার কাশ্মীর,
পথে পথে বনে বনে ফিরে গৃহহীন
প্রজা, কেঁদে মরে পতিপুত্রহীনা নারী,
তবু আমি কোনোমতে বাঁচিব গোপনে ?

সুমিত্রা । তার চেয়ে মৃত্যু ভালো ।

কুমারসেন । বলো, তাই বলো ।
ভক্ত যারা অনুরক্ত মোর— প্রতিদিন
সঁপিছে আপন প্রাণ নির্যাতন সহি ।



ব্রহ্মনাথ ও তাঁহার সহধর্মিণী

তবু আমি তাহাদের পশ্চাতে লুকায়ে
জীবন করিব ভোগ ! এ কি বেঁচে থাকা !

সুমিত্রা । এর চেয়ে মৃত্যু ভালো ।
কুমারসেন । ঝাচিলাম শুনে ।

কোনোমতে রেখেছিঁনু তোমারি লাগিয়া
এ হীন জীবন, প্রত্যেক নিশ্বাসে মোর
নির্দোষের প্রাণবায়ু করিয়া শোষণ ।—
আমার চরণ ছুঁয়ে করহ শপথ
যে কথা বলিব তাহা করিবে পালন
যতই কঠিন হোক ।

সুমিত্রা । করিনু শপথ ।
কুমারসেন । এ জীবন দিব বিসর্জন । তার পরে
তুমি মোর ছিন্নমুণ্ড নিয়ে, নিজ হস্তে
জালন্ধর-রাজ-করে দিবে উপহার ।
বলিয়ো তাহারে— 'কাশ্মীরে অতিথি তুমি ;
ব্যাকুল হয়েছ এত যে দ্রব্যের তরে
কাশ্মীরের যুবরাজ দিতেছেন তাহা
আতিথ্যের অর্ঘ্যরূপে তোমারে পাঠায়ে ।'
মৌন কেন বোন ? সঘনে কাঁপিছে কেন
চরণ তোমার ? বোসো এই তরুতলে ।
পারিবে না তুমি ? একান্ত অসাধা এ কি ?
তবে কি ভৃত্যের হস্তে পাঠাইতে হবে
তুচ্ছ উপহার-সম এ রাজমস্তক ?
সমস্ত কাশ্মীর তারে ফেলিবে যে রোষে
ছিন্নভিন্ন করি ।

সুমিত্রার মূর্ছা

ছি ছি বোন ! উঠ, উঠ !
পাষণে হৃদয় ঝাধো । হোয়ো না বিহ্বল ।
দুঃসহ এ কাজ— তাই তো তোমার 'পরে
দিতেছিঁ দুরূহ ভার ! অয়ি প্রাণাধিকে,
মহৎহৃদয় ছাড়া কাহারো সহিবে
জগতের মহাক্লেশ যত ? বলো বোন,
পারিবে করিতে ?

সুমিত্রা । পারিব ।
কুমারসেন । দাঁড়াও তবে ।
ধরো বল, তোলা শির । উঠাও জাগায়ে
সমস্ত হৃদয়-মন । ক্ষুদ্রনারী-সম
আপন বেদনাভারে পোড়ো না ভাঙিয়া ।

সুমিত্রা । অভাগিনী ইলা !
কুমারসেন । তারে কি জানি নে আমি ?

গর্বিত কুমারসেনে জন্মকাল হতে ।
 সে কি লবে আপনার পিতৃসিংহাসন
 ভিক্ষার স্বরূপে ? প্রেম দাও প্রেম লবে,
 হিংসা দাও প্রতিহিংসা লবে, ভিক্ষা দাও
 ঘৃণাভরে পদাঘাত করিবে তাহাতে ।
 বিক্রমদেব । এত গর্ব যদি তার, তবে সে কি কভু
 ধরা দিতে মোর কাছে আপনি আসিত ?
 চন্দ্রসেন । তাই ভাবিতেছি, মহারাজ, নহে ইহা
 কুমারসেনের মতো কাজ । দৃশ্য যুবা
 সিংহ-সম । সে কি আজ স্বেচ্ছায় আসিবে
 শৃঙ্খল পরিতে গলে ? জীবনের মায়া
 এতই কি বলবান ?

প্রহরীর প্রবেশ

প্রহরী । শিবিকার দ্বার
 রুদ্ধ করি প্রাসাদে আসিছে যুবরাজ ।
 বিক্রমদেব । শিবিকার দ্বার রুদ্ধ ?
 চন্দ্রসেন । সে কি আর কভু
 দেখাইবে মুখ ? আপনার পিতৃরাজ্যে
 আসিছে সে স্বেচ্ছাবন্দী হয়ে ; রাজপথে
 লোকারণ্য চারি দিকে, সহস্রের আঁখি
 রয়েছে তাকায়ে । কাশ্মীর-ললনা যত
 গবাক্ষে দাঁড়ায়ে । উৎসবের পূর্ণচন্দ্র
 চেয়ে আছে আকাশের মাঝখান হতে ।
 সেই চিরপরিচিত গৃহ পথ হাট
 সরোবর মন্দির কানন, পরিচিত
 প্রত্যেক প্রজার মুখ । কোন্ লাজে আজি
 দেখা দিবে সবারে সে ? মহারাজ, শোনো
 নিবেদন । গীতবাদ্য বন্ধ করে দাও ।
 এ উৎসব উপহাস মনে হবে তার ।
 আজ রাত্রে দীপালোক দেখে ভাবিবে সে,
 নিশীথতিমিরে পাছে লজ্জা ঢাকা পড়ে
 তাই এত আলো । এ আলোক শুধু বুঝি
 অপমানপিশাচের পরিহাস-হাসি ।

দেবদত্তের প্রবেশ

দেবদত্ত । জয়োস্তব রাজন্ ! কুমারের অন্তেষণে
 বনে বনে ফিরিয়াছি, পাই নাই দেখা ।
 আজ শুনিলাম নাকি আসিছেন তিনি
 স্বেচ্ছায় নগরে ফিরি । তাই চলে এনু ।
 বিক্রমদেব । করিব রাজার মতো অভ্যর্থনা তারে ।

রবীন্দ্র-রচনাবলী

তুমি হবে পুরোহিত অভিষেক-কালে ।
পূর্ণিমানিশীথে আজ কুমারের সনে
ইলার বিবাহ হবে, করেছি তাহার
আয়োজন ।

নগরের ব্রাহ্মণগণের প্রবেশ

সকলে । মহারাজ, জয় হোক ।
প্রথম । করি

আশীর্বাদ, ধরণীর অধীশ্বর হও ।
লক্ষ্মী হোন অচলা তোমা গৃহে সদা ।
আজ যে আনন্দ তুমি দিয়েছ সবারে
বলিতে শক্তি নাই— লহো মহারাজ,
কৃতজ্ঞ এ কাশ্মীরের কল্যাণ-আশিস ।

বাজার মস্তকে ধান্যদূর্বা দিয়া আশীর্বাদ

বিক্রমদেব । ধন্য আমি কৃতার্থ জীবন ।

[ব্রাহ্মণগণের প্রস্থান

যষ্টিহস্তে কষ্টে শংকরের প্রবেশ
চন্দ্রসেনের প্রতি

শংকর । মহারাজ !
এ কি সত্য ? যুবরাজ আসিছেন নিজে
শত্রুকরে করিবারে আত্মসমর্পণ ?
বলো, এ কি সত্য কথা ?

চন্দ্রসেন । সত্য বটে ।

শংকর । ধিক্,

সহস্র মিথ্যার চেয়ে এই সত্যে ধিক্ !
হায় যুবরাজ, বৃদ্ধ ভৃত্য আমি তব,
সহিলাম এত যে যন্ত্রণা, জীর্ণ অস্থি
চূর্ণ হয়ে গেল, মুকসম রহিলাম
তবু, সে কি এরি তরে ? অবশেষে তুমি
আপনি ধরিলে বন্দীবশ, কাশ্মীরের
রাজপথ দিয়ে চলে এলে নতশিরে
বন্দীশালা-মাঝে ? এই কি সে রাজসভা
পিতামহদের ? যেথা বসি পিতা তব
উঠিতেন ধরণীর সর্বোচ্চ শিখরে
সে আজ তোমার কাছে ধরার ধুলার
চেয়ে নীচে ! তার চেয়ে নিরাশ্রয় পথ
গৃহতুলা, অরণ্যের ছায়া সমুজ্জ্বল,
কঠিনপর্বতশৃঙ্গ অনুর্বরমরু
রাজার সম্পদে পূর্ণ । চিরভৃত্য তব

আজি দুদিনের আগে মরিল না কেন ?
বিক্রমদেব । ভালো হতে মন্দটুকু নিয়ে, বন্ধ, মিছে
এ তব ক্রন্দন ।

শংকর । রাজন, তোমার কাছে
আসি নি কাঁদিতে । স্বর্গীয় রাজেন্দ্রগণ
রয়েছেন জাগি ওই সিংহাসন-কাছে,
আজি তাঁরা ম্লানমুখ, লজ্জানতশির,
তাঁরা বুঝিবেন মোর হৃদয়বেদনা ।

বিক্রমদেব । কেন মোরে শত্রু বলে করিতেছ ভ্রম ?
মিত্র আমি আজি ।

শংকর । অতিশয় দয়া তব
জালঙ্করপতি ! মার্জনা করেছ তুমি !
দণ্ড ভালো মার্জনার চেয়ে ।

বিক্রমদেব । এর মতো
হেন ভক্ত বন্ধু হয় কে আমার আছে ?

দেবদত্ত । আছে বন্ধু, আছে মহারাজ ।

বাহিরে হলুধ্বনি, শঙ্খধ্বনি, কোলাহল
শংকরের দুই হস্তে মুখ আচ্ছাদন

প্রহরীর প্রবেশ

প্রহরী । আসিয়াছে
দুয়ারে শিবিকা ।

বিক্রমদেব । বাদ্য কোথা, বাজাইতে
বলো । চলো সখা, অগ্রসর হয়ে তারে
অভ্যর্থনা করি ।

[বাদ্যোদ্যম]

সভামধ্যে শিবিকার প্রবেশ
অগ্রসর হইয়া

বিক্রমদেব । এসো, এসো, বন্ধু এসো ।

স্বর্ণথালে ছিন্নমুণ্ড লইয়া সুমিত্রার শিবিকাবাহিরে
আগমন । সহসা সমস্ত বাদ্য নীরব

বিক্রমদেব । সুমিত্রা ! সুমিত্রা ?

চন্দ্রসেন । এ কী, জননী সুমিত্রা !

সুমিত্রা । ফিরেছ সঙ্কানে যার রাত্রিদিন ধরে
কাননে কান্তারে শৈলে রাজ্য ধর্ম দয়া
রাজলক্ষ্মী সব বিসর্জিয়া, যার লাগি
দিগ্বিদিকে হাহাকার করেছ প্রচার,

মূল্য দিয়ে চেয়েছিলে কিনিবারে যারে,
লহো মহারাজ, ধরণীর রাজবংশে
শ্রেষ্ঠ সেই শির । আতিথ্যের উপহার
আপনি ভেটিলা যুবরাজ । পূর্ণ তব
মনস্কাম । এবে শান্তি হোক, শান্তি হোক
এ জগতে, নিবে যাক নারকাগ্নিরাশি—
সুখী হও তুমি ।

উর্ধ্বস্বরে

মা গো জগৎজননী,
দয়াময়ী, স্থান দাও কোলে ।

[পতন ও মৃত্যু

ছুটিয়া ইলার প্রবেশ

ইলা ।

এ কী ! এ কী !

মহারাজ, কুমার আমার—

[মূর্ছা

অগ্রসর হইয়া

শংকর ।

প্রভু, স্বামী,

বৎস, প্রাণাধিক, বৃদ্ধের জীবনধন,
এই ভালো, এই ভালো ! মুকুট পরেছ
তুমি, এসেছ রাজার মতো আপনার
সিংহাসনে । মৃত্যুর অমর রশ্মিরেখা
উজ্জ্বল করেছে তব ভাল । এতদিন
এ বৃদ্ধেরে রেখেছিল বিধি, আজি তব
এ মহিমা দেখাবার তরে । গেছ তুমি
পুণ্যধামে— ভৃত্য আমি চিরজনমের
আমিও যাইব সাথে ।

মাথা হইতে মুকুট ভূমে ফেলিয়া

চন্দ্রসেন ।

ধিক্ এ মুকুট !

ধিক্ এই সিংহাসন !

[সিংহাসনে পদাঘাত

রেবতীর প্রবেশ

রাঙ্কসী, পিশাচী,

দূর হ, দূর হ— আমারে দিস্ নে দেখা
পাপীয়সী !

রেবতী ।

এ রোষ রবে না চিরদিন ।

[প্রহান

নতজানু

বিক্রমদেব । দেবী, যোগ্য নহি আমি তোমার প্রেমের,
তাই ব'লে মার্জনাও করিলে না ? রেখে
গেলে চির-অপরাধী করে ? ইহজন্ম
নিত্য অশ্রুজলে লইতাম ভিক্ষা মাগি
ক্ষমা তব ; তাহারও দিলে না অবকাশ ?
দেবতার মতো তুমি নিশ্চল নিষ্ঠুর,
অমোঘ তোমার দণ্ড, কঠিন বিধান !

বিসর্জন

উৎসর্গ

শ্রীমান সুরেন্দ্রনাথ ঠাকুর প্রাণাধিকেষু

তোরি হাতে বাধা খাতা, তারি শ-খানেক পাতা
অক্ষরেতে ফেলিয়াছি ঢেকে,
মস্তিষ্ককোটরবাসী চিন্তাকীট রাশি রাশি
পদচিহ্ন গেছে যেন রেখে ।
প্রবাসে প্রত্যহ তোরে হৃদয়ে স্মরণ করে
লিখিয়াছি নির্জন প্রভাতে,
মনে করি অবশেষে শেষ হলে ফিরে দেশে
জন্মদিনে দিব তোর হাতে ।

বর্ণনাটা করি শোন— একা আমি, গৃহকোণ,
কাগজ-পত্র ছড়াছড়ি ।
দশ দিকে বইগুলি সঞ্চয় করিছে ধূলি,
আলস্যে যেতেছে গড়াগড়ি ।
শয্যাহীন খাটখানা একপাশে দেয় থানা,
প্রকাশিয়া কাঠের পাজর ।
তারি 'পরে অবিচারে যাহা-তাহা ভারে ভারে
স্তূপাকারে সহে অনাদর ।

চেয়ে দেখি জানালায় খালখানা শুষ্কপ্রায়,
মাঝে মাঝে বেধে আছে জল,
এক ধারে রাশ রাশ, অর্ধমগ্ন দীর্ঘ বাশ,
তারি 'পরে বালকের দল ।
ধরে মাছ, মারে ঢেলা— সারাদিন করে খেলা
উভচর মানবশাবক ।
মেয়েরা মাজিছে গাত্র অথবা কাঁসার পাত্র
সোনার মতন ঝক্ ঝক্ ।

উত্তরে যেতেছে দেখা পড়েছে পথের রেখা
শুষ্ক সেই জলপথ-মাঝে—
বহু কষ্টে ডাক ছাড়ি চলেছে গোরুর গাড়ি,
ঝিনি ঝিনি ঘণ্টা তারি বাজে ।
কেহ দ্রুত কেহ ধীরে কেহ যায় নতশিরে,
কেহ যায় বুক ফুলাইয়া,
কেহ জীর্ণ টাটু চড়ি চলিয়াছে তড়বড়ি
দুই ধারে দু-পা দুলাইয়া ।

পরপারে গায়ে গায় অপ্রভেদী মহাকায়
 স্তব্ধচ্ছায় বট-অশথেরা,
 স্নিগ্ধ বন-অন্ধে তারি সুপ্তপ্রায় সারি সারি
 কুঁড়েগুলি বেড়া দিয়ে ঘেরা—
 বিহঙ্গে মানবে মিলি আছে হোথা নিরিবিলি,
 ঘনশ্যাম পল্লবের ঘর—
 সন্ধ্যাবেলা হোথা হতে ভেসে আসে বায়ুশ্রোতে
 গ্রামের বিচিত্র গীতস্বর ।

পূর্বপ্রান্তে বনশিরে সূর্যোদয় ধীরে ধীরে,
 চারি দিকে পাখির কূজন ।
 শঙ্খঘণ্টা ক্ষণপরে দূর মন্দিরের ঘরে
 প্রচারিছে শিবের পূজন ।
 যে প্রত্যুষে মধুমাছি বাহিরায় মধু যাচি
 কুসুমকুঞ্জের দ্বারে দ্বারে
 সেই ভোরবেলা আমি মানসকুহরে নামি
 আয়োজন করি লিখিবারে ।

লিখিতে লিখিতে মাঝে পাখি-গান কানে বাজে,
 মনে আনে কাল পুরাতন—
 ওই গান, ওই ছবি, তরুশিরে রাঙা রবি
 ওরা প্রকৃতির নিত্যধন ।
 আদিকবি বাল্মীকিরে এই সমীরণ ধীরে
 ভক্তিভরে করেছে বীজন,
 ওই মায়াচিত্রবৎ তরুলতা ছায়াপথ
 ছিল তাঁর পুণ্য তপোবন ।

রাজধানী কলিকাতা তুলেছে স্পর্ধিত মাথা,
 পুরাতন নাহি ঘেঁষে কাছে ।
 কাষ্ঠ লোষ্ট্র চারি দিক, বর্তমান-আধুনিক
 আড়ষ্ট হইয়া যেন আছে ।
 'আজ' 'কাল' দুটি ভাই মরিতেছে জন্মিয়াই,
 কলরব করিতেছে কত ।
 নিশিদিন ধূলি প'ড়ে দিতেছে আচ্ছন্ন ক'রে
 চিরসত্য আছে যেথা যত ।

জীবনের হানাহানি, প্রাণ নিয়ে টানাটানি,
 মত নিয়ে বাক্য-বরিষন,
 বিদ্যা নিয়ে রাতারাতি পৃথিবির প্রাচীর গাঁথি
 প্রকৃতির গণ্ডি-বিরচন,

কেবলই নূতনে আশ, সৌন্দর্যেতে অবিশ্বাস
 উন্মাদনা চাহি দিনরাত—
 সে-সকল ভুলে গিয়ে কোণে বসে খাতা নিয়ে
 মহানন্দে কাটিছে প্রভাত ।

দক্ষিণের বারান্দায় বেড়াই মুষ্ণের প্রায়,
 অপরাহ্নে পড়ে তরুচ্ছায়া—
 কল্পনার ধনগুলি হৃদয়দোলায় দু'লি
 প্রতিক্ষণে লভিতেছে কায়া ।
 সেবি বাহিরের বায়ু বাড়ে তাহাদের আয়ু,
 ভোগ করে চাঁদের অমিয়—
 ভেদ করি মোর প্রাণ জীবন করিয়া পান
 হইতেছে জীবনের প্রিয় ।

এত তারা জেগে আছে নিশিদিন কাছে কাছে,
 এত কথা কয় শত স্বরে,
 তাহাদের তুলনায় আর-সবে ছায়াপ্রায়
 আসে যায় নয়নের 'পরে' ।
 আজ সব হল সারা, বিদায় লয়েছে তারা,
 নূতন বেঁধেছে ঘরবাড়ি—
 এখন স্বাধীন বলে বাহিরে এসেছে চলে
 অন্তরের পিতৃগৃহ ছাড়ি ।

তাই এতদিন পরে আজি নিজমূর্তি ধরে
 প্রবাসের বিরহবেদনা,
 তোদের কাছেতে যেতে তোদিকে নিকটে পেতে
 জাগিতেছে একান্ত বাসনা ।
 সম্মুখে দাঁড়াব যবে 'কী এনেছ' বলি সবে
 যদ্যপি শুধাস হাসিমুখ,
 খাতাখানি বের করে বলিব 'এ পাতা ভরে
 আনিয়াছি প্রবাসের সুখ' !

সেই ছবি মনে আসে— টেবিলের চারি পাশে
 গুটিকত চৌকি টেনে আনি,
 শুধু জন দুই-তিন, উর্ধ্বে জ্বলে কেরোসিন,
 কেদারায় বসি ঠাকুরানী ।
 দক্ষিণের দ্বার দিয়ে বায়ু আসে গান নিয়ে,
 কেঁপে কেঁপে উঠে দীপশিখা ।
 খাতা হাতে সুর ক'রে অবাধে যেতেছি প'ড়ে,
 কেহ নাই করিবারে টীকা ।

ঘণ্টা বাজে, বাড়ে রাত, ফুরায় ব'য়ের পাত,
 বাহিরে নিস্তব্ধ চারি ধার—
 তোদের নয়নে জল করে আসে ছলছল
 শুনিয়া কাহিনী করুণার ।
 তাই দেখে শুতে যাই, আনন্দের শেষ নাই,
 কাটে রাত্রি স্বপ্ন-রচনায়—
 মনে মনে প্রাণ ভরি অমরতা লাভ করি
 নীরব সে সমালোচনায় ।

তার পরে দিনকত কেটে যায় এইমত,
 তার পরে ছাপাবার পালা ।
 মুদ্রায়ন্ত্র হতে শেষে বাহিরায় ভদ্রবেশে,
 তার পরে মহা ঝালাপালা ।
 রক্তমাংস-গন্ধ পেয়ে ক্রিটিকেরা আসে খেয়ে,
 চারি দিকে করে কাড়াকাড়ি ।
 কেহ বলে, 'ড্রামাটিক বলা নাহি যায় ঠিক,
 লিরিকের বড়ো বাড়াবাড়ি ।'

শির নাড়ি কেহ কহে, 'সব-সুন্দর মন্দ নহে,
 ভালো হ'ত আরো ভালো হলে ।'
 কেহ বলে, 'আয়ুহীন বাঁচিবে দু-চারি দিন,
 চিরদিন রবে না তা ব'লে ।'
 কেহ বলে, 'এ বহিটা লাগিতে পারিত মিষ্ট
 হ'ত যদি অন্য কোনোরূপ ।'
 যার মনে যাহা লয় সকলেই কথা কয়,
 আমি শুধু বসে আছি চুপ ।

ল'য়ে নাম, ল'য়ে জাতি বিদ্বানের মাতামাতি,
 ও-সকল আনিস নে কানে ।
 আইনের লৌহ-ছাঁচে কবিতা কভু না বাঁচে,
 প্রাণ শুধু পায় তাহা প্রাণে ।
 হাসিমুখে স্নেহভরে সঁপিলাম তোর করে,
 বুঝিয়া পড়িবি অনুরাগে ।
 কে বোঝে কে নাই বোঝে ভাবুক তা নাহি খোজে,
 ভালো যার লাগে তার লাগে ।

নাটকের পাত্রগণ

গোবিন্দমাণিক্য

নক্ষত্ররায়

রঘুপতি

জয়সিংহ

চাঁদপাল

নয়নরায়

ধ্রুব

মন্ত্রী

পৌরগণ

শুগবতী

অপর্ণা

ত্রিপুরার রাজা

গোবিন্দমাণিক্যের কনিষ্ঠ ভ্রাতা

রাজপুরোহিত

রঘুপতির পালিত রাজপুত্র যুবক, রাজমন্দিরের সেবক

দেওয়ান

সেনাপতি

রাজপালিত বালক

মহিষী

ভিখারিনী

বিসর্জন

প্রথম অঙ্ক

প্রথম দৃশ্য

মন্দির

গুণবতী

গুণবতী । মার কাছে কী করেছি দোষ ! ভিখারি যে
সস্তান বিক্রয় করে উদরের দায়ে,
তারে দাও শিশু— পাপিষ্ঠা যে লোকলাজে
সস্তানেরে বধ করে, তার গর্ভে দাও
পাঠাইয়া অসহায় জীব । আমি হেথা
সোনার পালঙ্কে মহারানী, শত শত
দাস দাসী সৈন্য প্রজা লয়ে বসে আছি
তপ্ত বক্ষে শুধু এক শিশুর পরশ
লালসিয়া, আপনার প্রাণের ভিতরে
আরেকটি প্রাণাধিক প্রাণ করিবারে
অনুভব— এই বক্ষ, এই বাহু দুটি,
এই কোল, এই দৃষ্টি দিয়ে, বিরচিত
নিবিড় জীবন্ত নীড়, শুধু একটুকু
প্রাণকণিকার তরে । হেরিবে আমারে
একটি নূতন আঁখি প্রথম আলোকে,
ফুটিবে আমারি কোলে কথাহীন মুখে
অকারণ আনন্দের প্রথম হাসিটি !
কুমারজননী মাতঃ, কোন্ পাপে মোরে
করিলি বঞ্চিত মাতৃস্বর্গ হতে ?

রঘুপতির প্রবেশ

প্রভু,
চিরদিন মা'র পূজা করি । জেনে শুনে
কিছু তো করি নি দোষ । পুণ্যের শরীর
মোর স্বামী মহাদেবসম— তবে কোন্
দোষ দেখে আমারে করিল মহামায়া
নিঃসস্তানশ্মশানচারিণী ?

রঘুপতি ।

মা'র খেলা

কে বুঝিতে পারে বলো ? পাষণতনয়া
ইচ্ছাময়ী, সুখ দুঃখ তাঁরি ইচ্ছা । ধৈর্য

ধরো । এবার তোমার নামে মা'র পূজা
হবে । প্রসন্ন হইবে শ্যামা ।

গুণবতী । এ বৎসর
পূজার বলির পশু আমি নিজে দিব ।
করিনু মানত, মা যদি সন্তান দেন
বর্ষে বর্ষে দিব তাঁরে একশো মহিষ,
তিন শত ছাগ ।

রঘুপতি । পূজার সময় হল ।

[উভয়ের প্রস্থান

গোবিন্দমাণিক্য অপর্ণা ও জয়সিংহের প্রবেশ

জয়সিংহ । কী আদেশ মহারাজ ?

গোবিন্দমাণিক্য । ক্ষুদ্র ছাগশিশু
দরিদ্র এ বালিকার স্নেহের পুত্তলি,
তাঁরে নাকি কেড়ে আনিয়াছ মা'র কাছে
বলি দিতে ? এ দান কি নেবেন জননী
প্রসন্ন দক্ষিণ হস্তে ?

জয়সিংহ । কেমনে জানিব,
মহারাজ, কোথা হতে অনুচরগণ
আনে পশু দেবীর পূজার তরে ।— হাঁ গা,
কেন তুমি কাঁদিতেছ ? আপনি নিয়েছে
যারে বিশ্বমাতা, তার তরে ক্রন্দন কি
শোভা পায় ?

অপর্ণা । কে তোমার বিশ্বমাতা ! মোর
শিশু চিনিবে না তাঁরে । মা-হারা শাবক
জ্ঞানে না সে আপন মায়েরে । আমি যদি
বেলা করে আসি, খায় না সে তৃণদল,
ডেকে ডেকে চায় পথপানে— কোলে করে
নিয়ে তাঁরে, ভিক্ষা-অন্ন কয় জনে ভাগ
করে খাই । আমি তাঁর মাতা ।

জয়সিংহ । মহারাজ,
আপনার প্রাণ-অংশ দিয়ে যদি তাঁরে
বাঁচাইতে পারিতাম, দিতাম বাঁচায়ে ।
মা তাহারে নিয়েছেন— আমি তাঁরে আর
ফিরাব কেমনে ?

অপর্ণা । মা তাহারে নিয়েছেন ?
মিছে কথা ! রাক্ষসী নিয়েছে তাঁরে !

জয়সিংহ । ছি ছি,
ও কথা এনো না মুখে ।

অপর্ণা । মা, তুমি নিয়েছ

কেড়ে দরিদ্রের ধন ! রাজা যদি চুরি
করে, শুনিয়াছি নাকি, আছে জগতের
রাজা— তুমি যদি চুরি করো, কে তোমার
করিবে বিচার ! মহারাজ, বলো তুমি—
গোবিন্দমাণিক্য । বৎসে, আমি বাক্যহীন— এত ব্যথা কেন,
এত রক্ত কেন, কে বলিয়া দিবে মোরে ?
অপর্ণা । এই-যে সোপান বেয়ে রক্তচিহ্ন দেখি
এ কি তারি রক্ত ? ওরে বাছনি আমার !
মরি মরি, মোরে ডেকে কেঁদেছিল কত,
চেয়েছিল চারি দিকে ব্যাকুল নয়নে,
কম্পিত কাতর বক্ষে, মোর প্রাণ কেন
যেথা ছিল সেথা হতে ছুটিয়া এল না !

প্রতিমার প্রতি

জয়সিংহ । আজন্ম পূজিনু তোরে, তবু তোর মায়া
বুঝিতে পারি নে । করুণায় কাঁদে প্রাণ
মানবের, দয়া নাই বিশ্বজননীর !

জয়সিংহের প্রতি

অপর্ণা । তুমি তো নিষ্ঠুর নহ— আশি-প্রান্তে তব
অশ্রু ঝরে মোর দুখে । তবে এসো তুমি,
এ মন্দির ছেড়ে এসো । তবে ক্ষম মোরে,
মিথ্যা আমি অপরাধী করেছি তোমায় ।

প্রতিমার প্রতি

জয়সিংহ । তোমার মন্দিরে এ কী নূতন সংগীত
ধ্বনিয়া উঠিল আজি, হে গিরিনন্দিনী,
করুণাকাতর কণ্ঠস্বরে ! ভক্তহৃদি
অপরূপ বেদনায় উঠিল ব্যাকুলি ।—
হে শোভনে, কোথা যাব এ মন্দির ছেড়ে ?
কোথায় আশ্রয় আছে ?

জনাস্তিক হইতে

গোবিন্দমাণিক্য ।

যেথা আছে প্রেম ।

[প্রস্থান

জয়সিংহ । কোথা আছে প্রেম !—

অয়ি ভদ্রে, এসো তুমি
আমার কুটিরে । অতিথিরে দেবীরূপে
আজিকে করিব পূজা করিয়াছি পণ ।

[জয়সিংহ ও অপর্ণার প্রস্থান

দ্বিতীয় দৃশ্য

রাজসভা

রাজা রঘুপতি ও নক্ষত্রায়ের প্রবেশ

সভাসদগণ উঠিয়া

- সকলে । জয় হোক মহারাজ !
 রঘুপতি । রাজার ভাণ্ডারে
 এসেছি বলির পশু সংগ্রহ করিতে ।
 গোবিন্দমাণিক্য । মন্দিরেতে জীববলি এ বৎসর হতে
 হইল নিষেধ ।
 নক্ষত্রায় । বলি নিষেধ !
 মন্ত্রী । নিষেধ !
 নক্ষত্রায় । তাই তো ! বলি নিষেধ !
 রঘুপতি । এ কি স্বপ্নে শুনি ?
 গোবিন্দমাণিক্য । স্বপ্ন নহে প্রভু ! এতদিন স্বপ্নে ছিনু,
 আজ জাগরণ । বালিকার মূর্তি ধ'রে
 স্বয়ং জননী মোরে বলে গিয়েছেন,
 জীবরক্ত সহে না তাঁহার ।
 রঘুপতি । এতদিন
 সহিল কী করে ? সহস্র বৎসর ধ'রে
 রক্ত করেছেন পান, আজি এ অরুচি !
 গোবিন্দমাণিক্য । করেন নি পান । মুখ ফিরাতেন দেবী
 করিতে শোণিতপাত তোমরা যখন ।
 রঘুপতি । মহারাজ, কী করিছ ভালো করে ভেবে
 দেখো । শাস্ত্রবিধি তোমার অধীন নহে ।
 গোবিন্দমাণিক্য । সকল শাস্ত্রের বড়ো দেবীর আদেশ ।
 রঘুপতি । একে ভ্রান্তি, তাহে অহংকার ! অস্ত্র নর,
 তুমি শুধু শুনিয়াছ দেবীর আদেশ,
 আমি শুনি নাই ?
 নক্ষত্রায় । তাই তো, কী বলো মন্ত্রী—
 এ বড়ো আশ্চর্য ! ঠাকুর শোনে নাই ?
 গোবিন্দমাণিক্য । দেবী-আজ্ঞা নিত্যকাল ধ্বনিছে জগতে ।
 সেই তো বধিরতম যেজন সে বাণী
 শুনেও শুনে না ।
 রঘুপতি । পাষণ্ড, নাস্তিক তুমি !
 গোবিন্দমাণিক্য । ঠাকুর, সময় নষ্ট হয় । যাও এবে
 মন্দিরের কাজে । প্রচার করিয়া দিয়ো
 পথে যেতে যেতে, আমার ত্রিপুররাজ্যে
 যে করিবে জীবহত্যা জীবজননীর

পূজাচ্ছলে, তারে দিব নির্বাসনদণ্ড ।
 রঘুপতি । এই কি হইল স্থির ?
 গোবিন্দমাণিক্য । স্থির এই ।

উঠিয়া

রঘুপতি । তবে
 উচ্ছন্ন ! উচ্ছন্ন যাও !

ছুটিয়া আসিয়া

চাঁদপাল । হাঁ হাঁ ! থামো ! থামো !
 গোবিন্দমাণিক্য । বোসো চাঁদপাল । ঠাকুর, বলিয়া যাও ।
 মনোবাথা লঘু করে যাও নিজ কাজে ।

রঘুপতি । তুমি কি ভেবেছ মনে ত্রিপুর-ঈশ্বরী
 ত্রিপুরার প্রজা ? প্রচারিবে তাঁর 'পরে
 তোমার নিয়ম ? হরণ করিবে তাঁর
 বলি ? হেন সাধ্য নাই তব । আমি আছি
 মায়ের সেবক ।

[প্রস্থান

নয়নরায় । ক্ষমা করো অধীনের
 স্পর্ধা মহারাজ । কোন্ অধিকারে, প্রভু,
 জননীর বলি—

চাঁদপাল । শাস্ত হও সেনাপতি ।

মন্ত্রী । মহারাজ, একেবারে করেছ কি স্থির ?
 আজ্ঞা আর ফিরিবে না ?

গোবিন্দমাণিক্য । আর নহে মন্ত্রী,
 বিলম্ব উচিত নহে বিনাশ করিতে
 পাপ ।

মন্ত্রী । পাপের কি এত পরমায়ু হবে ?
 কত শত বর্ষ ধরে যে প্রাচীন প্রথা
 দেবতাচরণতলে বৃদ্ধ হয়ে এল,
 সে কি পাপ হতে পারে ?

রাজার নিরুত্তরে চিন্তা

নক্ষত্ররায় । তাই তো হে মন্ত্রী,
 সে কি পাপ হতে পারে ?

মন্ত্রী । পিতামহগণ
 এসেছে পালন করে যত্নে ভক্তিভরে
 সনাতন রীতি । তাঁহাদের অপমান
 তার অপমানে ।

রাজার চিন্তা

নক্ষত্ররায় । ভেবে দেখো মহারাজ,

যুগে যুগে যে পেয়েছে শতসহস্রের
ভক্তির সম্মতি, তাহারে করিতে নাশ
তোমার কী আছে অধিকার ।

সনিশ্বাসে

গোবিন্দমাণিক্য ।

থাক্ তর্ক !

যাও মন্ত্রী, আদেশ প্রচার করো গিয়ে—
আজ হতে বন্ধ বলিদান ।

[প্রস্থান

মন্ত্রী ।

একি হল !

নক্ষত্রায় । তাই তো হে মন্ত্রী, এ কী হল ! শুনেছিনু
মগের মন্দিরে বলি নেই, অবশেষে
মগেতে হিন্দুতে ভেদ রহিল না কিছু ।
কী বল হে চাঁদপাল, তুমি কেন চুপ ?
চাঁদপাল । ভীকু আমি ক্ষুদ্র প্রাণী, বুদ্ধি কিছু কম,
না বুঝে পালন করি রাজার আদেশ ।

তৃতীয় দৃশ্য

মন্দির

জয়সিংহ

জয়সিংহ । মা গো, শুধু তুই আর আমি ! এ মন্দিরে
সারাদিন আর কেহ নাই— সারা দীর্ঘ দিন !
মাঝে মাঝে কে আমারে ডাকে যেন ।
তোর কাছে থেকে তবু একা মনে হয় !

নেপথ্যে গান

আমি একলা চলেছি এ ভবে,
আমায় পথের সন্ধান কে কবে ?

জয়সিংহ । মা গো, একি মায়া ! দেবতারে প্রাণ দেয়
মানবের প্রাণ ! এইমাত্র ছিলে তুমি
নির্বাক নিশ্চল— উঠিলে জীবন্ত হয়ে
সন্তানের কণ্ঠস্বরে সজাগ জননী !

গান গাহিতে গাহিতে অপর্ণার প্রবেশ

আমি একলা চলেছি এ ভবে,
আমায় পথের সন্ধান কে কবে ?

ভয় নেই, ভয় নেই, যাও আপন মনেই

যেমন একলা মধুপ খেয়ে যায়
কেবল ফুলের সৌরভে ।

জয়সিংহ । কেবলি একেলা ! দক্ষিণ বাতাস যদি
বন্ধ হয়ে যায়, ফুলের সৌরভ যদি
নাহি আসে, দশ দিক জেগে ওঠে যদি
দশটি সন্দেহ-সম, তখন কোথায়
সুখ, কোথা পথ ? জান কি একেলা কারে
বলে ?

অপর্ণা । জানি । যবে বসে আছি ভরা মনে—
দিতে চাই, নিতে কেহ নাই !

জয়সিংহ । সৃজনের
আগে দেবতা যেমন একা ! তাই বটে !
তাই বটে ! মনে হয় এ জীবন বড়ো
বেশি আছে— যত বড়ো তত শূন্য, তত
আবশ্যকহীন ।

অপর্ণা । জয়সিংহ, তুমি বুঝি
একা ! তাই দেখিয়াছি, কাঙাল যে জন
তাহারো কাঙাল তুমি । যে তোমার সব
নিতে পারে, তারে তুমি খুঁজিতেছ যেন ।
ভ্রমিতেছ দীনদুঃখী সকলের দ্বারে ।
এতদিন ভিক্ষা মেগে ফিরিতেছি— কত
লোক দেখি, কত মুখপানে চাই, লোকে
ভাবে শুধু বুঝি ভিক্ষাতরে— দূর হতে
দেয় তাই মুষ্টিভিক্ষা ক্ষুদ্র দয়াভরে !
এত দয়া পাই নে কোথাও— যাহা পেয়ে
আপনার দৈন্য আর মনে নাহি পড়ে ।

জয়সিংহ । যথার্থ যে দাতা, আপনি নামিয়া আসে
দানরূপে দরিদ্রের পানে ভূমিতলে ।
যেমন আকাশ হতে বৃষ্টিরূপে মেঘ
নেমে আসে মরুভূমে— দেবী নেমে আসে
মানবী হইয়া, যারে ভালোবাসি তার
মুখে । দরিদ্র ও দাতা, দেবতা মানব
সমান হইয়া যায় ।—

ওই আসিছেন

মোর গুরুদেব ।

অপর্ণা । আমি তবে সরে যাই
অস্তুরালে । ব্রাহ্মণেরে বড়ো ভয় করি ।
কী কঠিন তীব্র দৃষ্টি ! কঠিন ললাট
পাষণসোপান যেন দেবীমন্দিরের ।

জয়সিংহ । কঠিন ? কঠিন বটে । বিধাতার মতো ।
কঠিনতা নিখিলের অটল নির্ভর !

রঘুপতির প্রবেশ

পা ধুইবার জল প্রভৃতি অগ্রসর করিয়া

জয়সিংহ । গুরুদেব !

রঘুপতি । যাও, যাও !

জয়সিংহ । আনিয়াছি জল ।

রঘুপতি । থাক, রেখে দাও জল ।

জয়সিংহ । বসন—

রঘুপতি । কে চাহে

বসন ?

জয়সিংহ । অপরাধ করেছি কি ?

রঘুপতি । আবার !

কে নিয়েছে অপরাধ তব ?—

ঘোর কলি

এসেছে ঘনায়ে । বাহুবল রাহুসম
ব্রহ্মতেজে গ্রাসিবারে চায়— সিংহাসন
তোলে শির যজ্ঞবেদী-’পরে । হায় হায়,
কলির দেবতা, তোমরাও চাটুকার
সভাসদ-সম, নতশিরে রাজ-আজ্ঞা
বহিতেছ ? চতুর্ভুজা, চারি হস্ত আছ
জোড় করি ! বৈকুণ্ঠ কি আবার নিয়েছে
কেড়ে দৈত্যগণ ! গিয়েছে দেবতা যত
রসাতলে ! শুধু, দানবে মানবে মিলে
বিশ্বের রাজত্ব দর্পে করিতেছে ভোগ ?
দেবতা না যদি থাকে, ব্রাহ্মণ রয়েছে ।
ব্রাহ্মণের রোষযজ্ঞে দণ্ড সিংহাসন
হবিকাষ্ঠ হবে ।

জয়সিংহের নিকট গিয়া সম্মুখে

বৎস, আজ করিয়াছি

রুক্ষ আচরণ তোমা-’পরে, চিন্ত বড়ো

স্কুর মোর ।

জয়সিংহ । কী হয়েছে প্রভু !

রঘুপতি । কী হয়েছে !

শুধাও অপমানিত ত্রিপুত্রেশ্বরীতে ।

এই মুখে কেমনে বলিব কী হয়েছে !

জয়সিংহ । কে করেছে অপমান ?

রঘুপতি । গোবিন্দমাগিকা ।

জয়সিংহ । গোবিন্দমাগিকা ! প্রভু, কারে অপমান ?
 রঘুপতি । কারে ! তুমি, আমি, সর্বশাস্ত্র, সর্বদেশ,
 সর্বকাল, সর্বদেশকাল-অধিষ্ঠাত্রী
 মহাকালী, সকলেরে করে অপমান
 ক্ষুদ্র সিংহাসনে বসি । মা'র পূজা-বলি
 নিষেধিল স্পর্ধাভরে ।

জয়সিংহ । গোবিন্দমাগিকা !
 রঘুপতি । হাঁ গো, হাঁ, তোমার রাজা গোবিন্দমাগিকা !
 তোমার সকল-শ্রেষ্ঠ— তোমার প্রাণের
 অধীশ্বর ! অকৃতজ্ঞ ! পালন করিনু
 এত যত্নে স্নেহে তোরে শিশুকাল হতে,
 আমা-চেয়ে প্রিয়তর আজ তোর কাছে
 গোবিন্দমাগিকা !

জয়সিংহ । প্রভু, পিতৃকোলে বসি
 আকাশে বাড়ায় হাত ক্ষুদ্র মুগ্ধ শিশু
 পূর্ণচন্দ্র-পানে— দেব, তুমি পিতা মোর,
 পূর্ণশশী মহারাজ গোবিন্দমাগিকা ।
 কিন্তু একি বকিতেছি ! কী কথা শুনিবু !
 মায়ের পূজার বলি নিষেধ করেছে
 রাজা ? এ আদেশ কে মানিবে ?

রঘুপতি । না মানিলে
 নির্বাসন ।

জয়সিংহ । মাতৃপূজাহীন রাজ্য হতে
 নির্বাসন দণ্ড নহে । এ প্রাণ থাকিতে
 অসম্পূর্ণ নাহি রবে জননীর পূজা ।

চতুর্থ দৃশ্য

অন্তঃপুর

গুণবতী ও পরিচারিকা

গুণবতী । কী বলিস ! মন্দিরের দুয়ার হইতে
 রানীর পূজার বলি ফিরায়ে দিয়াছে !
 এক দেহে কত মুণ্ড আছে তার ! কে সে
 দুরদৃষ্ট ?

পরিচারিকা । বলিতে সাহস নাহি মানি—

গুণবতী । বলিতে সাহস নাহি ? এ কথা বলিলি
 কী সাহসে ? আমা-চেয়ে কারে তোর ভয় ?

পরিচারিকা । ক্ষমা করো ।

গুণবতী । কাল সঙ্কেবেলা ছিনু রানী ;
 কাল সঙ্কেবেলা বন্দীগণ করে গেছে
 স্তব, বিপ্রগণ করে গেছে আশীর্বাদ,
 ভৃত্যগণ করজোড়ে আজ্ঞা লয়ে গেছে—
 একরাশে উলটিল সকল নিয়ম !
 দেবী পাইল না পূজা, রানীর মহিমা
 অবনত ! ত্রিপুরা কি স্বপ্নরাজ্য ছিল !
 ত্বরা করে ডেকে আন ব্রাহ্মণ-ঠাকুরে ।

[পরিচারিকার প্রশ্ন]

গোবিন্দমাণিক্যের প্রবেশ

গুণবতী । মহারাজ, শুনিতেছ ? মা'র দ্বার হতে
 আমার পূজার বলি ফিরায়ে দিয়েছে ।
 গোবিন্দমাণিক্য । জানি তাহা ।
 গুণবতী । জান তুমি ? নিষেধ কর নি
 তবু ? জ্ঞাতসারে মহিষীর অপমান ?
 গোবিন্দমাণিক্য । তারে ক্ষমা করো প্রিয়ে !
 গুণবতী । দয়ার শরীর
 তব, কিন্তু মহারাজ, এ তো দয়া নয়—
 এ শুধু কাপুরুষতা ! দয়ায় দুর্বল
 তুমি, নিজ হাতে দণ্ড দিতে নাহি পারো
 যদি, আমি দণ্ড দিব । বলো মোরে কে সে
 অপরাধী ।
 গোবিন্দমাণিক্য । দেবী, আমি । অপরাধ আর
 কিছু নহে, তোমাতে দিয়েছি ব্যথা এই
 অপরাধ ।
 গুণবতী । কী বলিছ মহারাজ !
 গোবিন্দমাণিক্য । আজ
 হতে, দেবতার নামে জীবরক্তপাত
 আমার ত্রিপুররাজ্যে হয়েছে নিষেধ ।
 গুণবতী । কাহার নিষেধ ?
 গোবিন্দমাণিক্য । জননীর ।
 গুণবতী । কে শুনেছে ?
 গোবিন্দমাণিক্য । আমি ।
 গুণবতী । তুমি ! মহারাজ, শুনে হাসি আসে ।
 রাজদ্বারে এসেছেন ডুবন-ঈশ্বরী
 জানাইতে আবেদন !
 গোবিন্দমাণিক্য । হেসো না মহিষী !
 জননী আপনি এসে সন্তানের প্রাণে
 বেদনা জানায়েছেন, আবেদন নহে ।

গুণবতী । কথা রেখে দাও মহারাজ ! মন্দিরের
বাহিরে তোমার রাজ্য । যেথা তব আজ্ঞা
নাহি চলে, সেথা আজ্ঞা নাহি দियो ।

গোবিন্দমাণিক্য । মা'র
আজ্ঞা, মোর আজ্ঞা নহে ।

গুণবতী । কেমনে জানিলে ?

গোবিন্দমাণিক্য । ক্ষীণ দীপালোকে গৃহকোণে থেকে যায়
অন্ধকার ; সব পারে, আপনার ছায়া
কিছুতে ঘুচাতে নারে দীপ । মানবের
বুদ্ধি দীপসম, যত আলো করে দান
তত রেখে দেয় সংশয়ের ছায়া । স্বর্গ
হতে নামে যবে জ্ঞান, নিমেষে সংশয়
টুটে । আমার হৃদয়ে সংশয় কিছুই
নাই ।

গুণবতী । শুনিয়াছি, আপনার পাপপুণ্য
আপনার কাছে । তুমি থাকো আপনার
অসংশয় নিয়ে— আমারে দুয়ার ছাড়ো,
আমার পূজার বলি আমি নিয়ে যাই
আমার মায়ের কাছে ।

গোবিন্দমাণিক্য । দেবী, জননীর
আজ্ঞা পারি না লজ্জিতে ।

গুণবতী । আমিও পারি না ।
মা'র কাছে আছি প্রতিশ্রুত । সেইমত
যথাশাস্ত্র যথাবিধি পূজিব তাঁহারে ।
যাও, তুমি যাও !

গোবিন্দমাণিক্য । যে আদেশ মহারানী !

[প্রস্থান

রঘুপতির প্রবেশ

গুণবতী । ঠাকুর, আমার পূজা ফিরায়ে দিয়েছে
মাতৃদ্বার হতে !

রঘুপতি । মহারানী, মা'র পূজা
ফিরে গেছে, নহে সে তোমার । উৎসব
দরিত্রের ভিক্ষালব্ধ পূজা, রাজেন্দ্রাণী,
তোমার পূজার চেয়ে ন্যূন নহে । কিন্তু,
এই বড়ো সর্বনাশ, মা'র পূজা ফিরে
গেছে । এই বড়ো সর্বনাশ, রাজদর্প
ক্রমে স্ফীত হয়ে, করিতেছে অতিক্রম
পৃথিবীর রাজত্বের সীমা— বসিয়াছে
দেবতার দ্বার রোধ করি, জননীর

ভক্তদের প্রতি দুই আঁখি রাঙাইয়া ।
 গুণবতী । কী হবে ঠাকুর !
 রঘুপতি । জানেন তা মহামায়া ।
 এই শুধু জানি— যে সিংহাসনের ছায়া
 পড়েছে মায়ের দ্বারে, ফুৎকারে ফাটিবে
 সেই দন্তমঞ্চখানি জলবিষসম ।
 যুগে যুগে রাজপিতাপিতামহ মিলে
 উর্ধ্ব-পানে তুলিয়াছে যে রাজমহিমা
 অভভেদী ক'রে, মুহূর্তে হইয়া যাবে
 ধূলিসাৎ, বজ্রদীর্ঘ, দন্ধ, ঝঞ্জাৎহত ।
 গুণবতী । রক্ষা করো, রক্ষা করো প্রভু !
 রঘুপতি । হা হা ! আমি
 রক্ষা করিব তোমারে ! যে প্রবল রাজা
 স্বর্গে মর্তে প্রচারিছে আপন শাসন
 তুমি তাঁরি রানী ! দেব-ব্রাহ্মণেরে যিনি—
 ধিক্, ধিক্ শতবার ! ধিক্ লক্ষবার !
 কলির ব্রাহ্মণে ধিক্ । ব্রহ্মশাপ কোথা !
 ব্যর্থ ব্রহ্মতেজ শুধু বক্ষে আপনার
 আহত বৃশ্চিক-সম আপনি দংশিছে !
 মিথ্যা ব্রহ্ম-আড়ম্বর !

পৈতা ছিড়িতে উদ্যত

গুণবতী । কী কর ! কী কর
 দেব ! রাখো, রাখো, দয়া করো নির্দোষীরে !
 রঘুপতি । ফিরায়ে দে ব্রাহ্মণের অধিকার ।
 গুণবতী । দিব ।
 যাও প্রভু, পূজা করো মন্দিরেতে গিয়ে,
 হবে নাকো পূজার ব্যাঘাত ।
 রঘুপতি । যে আদেশ
 রাজ-অধীশ্বরী ! দেবতা কৃতার্থ হল
 তোমারি আদেশ-বলে, ফিরে পেল পুন
 ব্রাহ্মণ আপন তেজ ! ধন্য তোমরাই,
 যতদিন নাহি জাগে কঙ্কি-অবতার ।

[প্রস্থান

গোবিন্দমাণিক্যের পুনঃপ্রবেশ

গোবিন্দমাণিক্য । অপ্রসন্ন প্রেয়সীর মুখ, বিশ্বমাঝে
 সব আলো সব সুখ লুপ্ত করে রাখে ।
 উন্মনা-উৎসুক-চিন্তে ফিরে ফিরে আসি ।
 গুণবতী । যাও, যাও, এসো না এ গৃহে । অভিশাপ
 আনিয়ো না হেথা ।

গোবিন্দমাণিক্য । প্রিয়তমে, প্রেমে করে
অভিশাপ নাশ, দয়া করে অকল্যাণ
দূর । সতীর হৃদয় হতে প্রেম গেলে
পতিগৃহে লাগে অভিশাপ ।— যাই তবে
দেবী !

গুণবতী । যাও ! ফিরে আর দেখায়ে না মুখ ।
গোবিন্দমাণিক্য । স্মরণ করিবে যবে, আবার আসিব ।

পায়ে পড়িয়া

[প্রস্থানোশ্বস্ব]

গুণবতী । ক্ষমা করো, ক্ষমা করো নাথ ! এতই কি
হয়েছ নিষ্ঠুর, রমণীর অভিমান
ঠেলে চলে যাবে ? জান না কি প্রিয়তম,
বার্থ প্রেম দেখা দেয় রোষের ধরিয়া
ছদ্মবেশ ! ভালো, আপনার অভিমানে
আপনি করিনু অপমান । ক্ষমা করো !
গোবিন্দমাণিক্য । প্রিয়তমে, তোমা-পরে টুটিলে বিশ্বাস
সেই দণ্ডে টুটিত জীবনবন্ধ । জানি
প্রিয়ে, মেঘ ক্ষণিকের, চিরদিবসের
সূর্য ।

গুণবতী । মেঘ ক্ষণিকের । এ মেঘ কাটিয়া
যাবে, বিধির উদ্যত বজ্র ফিরে যাবে,
চিরদিবসের সূর্য উঠিবে আবার
চিরদিবসের প্রথা জাগায়ে জগতে,
অভয় পাইবে সর্বলোক— ভুলে যাবে
দু দণ্ডের দুঃস্বপন । সেই আঞ্জা করো ।
ব্রাহ্মণ ফিরিয়া পাক নিজ অধিকার,
দেবী নিজ পূজা, রাজদণ্ড ফিরে যাক
নিজ অপ্রমত্ত মর্ত-অধিকার-মাঝে ।

গোবিন্দমাণিক্য । ধর্মহানি ব্রাহ্মণের নহে অধিকার ।
অসহায় জীবরক্ত নহে জননীর
পূজা । দেবতার আঞ্জা পালন করিতে
রাজা বিপ্র সকলেরই আছে অধিকার ।

গুণবতী । ভিক্ষা, ভিক্ষা চাই ! একান্ত মিনতি করি
চরণে তোমার প্রভু ! চিরাগত প্রথা
চিরপ্রবাহিত মুক্ত সমীরণ-সম,
নহে তা রাজার ধন— তাও জোড়করে
সমস্ত প্রজার নামে ভিক্ষা মাগিতেছে
মহিষী তোমার । প্রেমের দোহাই মানো
প্রিয়তম ! বিধাতাও করিবেন ক্ষমা
প্রেম-আকর্ষণ-বশে কর্তব্যের ক্রটি ।

পঞ্চম দৃশ্য

মন্দির

একদল লোকের প্রবেশ

নেপাল । কোথায় হে, তোমাদের তিনশো পাঁঠা, একশো-এক মোষ ! একটা টিকটিকির ছেঁড়া নেজটুকু পর্যন্ত দেখবার জো নেই । বাজনাবাদ্যি গেল কোথায়, সব যে হাঁ-হাঁ করছে । খরচপত্র করে পূজো দেখতে এলুম, আচ্ছা শাস্তি হয়েছে !

গণেশ । দেখ, মন্দিরের সামনে দাঁড়িয়ে অমন করে বলিস নে । মা পাঁঠা পায় নি, এবার জেগে উঠে তাদের এক-একটাকে ধরে ধরে মুখে পুরবে ।

হারু । কেন ! গেল বছরে বাছারা সব ছিলে কোথায় ? আর, সেই ও বছর, যখন ব্রত সাঙ্গ করে রানীমা পূজো দিয়েছিল, তখন কি তাদের পায়ে কাঁটা ফুটেছিল ? তখন একবার দেখে যেতে পারো নি ? রক্তে যে গোমতী রাঙা হয়ে গিয়েছিল । আর অলুক্ষুনে বেটােরা এসেছিল, আর মায়ের খোরাক পর্যন্ত বন্ধ হয়ে গেল ! তাদের এক-একটাকে ধরে মা'র কাছে নিবেদন করে দিলে মনের খেদ মেটে ।

কানু । আর ভাই, মিছে রাগ করিস । আমাদের কি আর বলবার মুখ আছে ! তা হলে কি আর দাঁড়িয়ে ওর কথা শুনি !

হারু । তা যা বলিস ভাই, অপ্নেতেই আমার রাগ হয় সে কথা সত্যি । সেদিন ও ব্যক্তি শালা পর্যন্ত উঠেছিল, তার বেশি যদি একটা কথা বলত, কিম্বা আমার গায়ে হাত দিত, মাইরি বলছি, তা হলে আমি—

নেপাল । তা, চল-না দেখি, কার হাড়ে কত শক্তি আছে ।

হারু । তা, আয়-না । জানিস ? এখানকার দফাদার আমার মামাতো ভাই হয় ।

নেপাল । তা, নিয়ে আয়, তোর মামাকে সুদ্ধ নিয়ে আয়, তোর দফাদারের দফা নিকেশ করে দিই ।

হারু । তোমরা সকলেই শুনলে !

গণেশ ও কানু । আর দূর কর্ ভাই, স্বরে চল । আজ আর কিছুতে গা লাগছে না । এখন তাদের তামাশা তুলে রাখ ।

হারু । এ কি তামাশা হল ! আমার মামাকে নিয়ে তামাশা ! আমাদের দফাদারের আপনার বাবাকে নিয়ে—

গণেশ ও কানু । আর রেখে দে ! তোর আপনার বাবাকে নিয়ে তুই আপনি মর ।

[সকলের প্রস্থান

রঘুপতি নয়নরায় ও জয়সিংহের প্রবেশ

রঘুপতি । মা'র 'পরে ভক্তি নাই তব ?

নয়নরায় । হেন কথা

কার সাধ্য বলে ! ভক্তবংশে জন্ম মোর ।

রঘুপতি । সাধু, সাধু ! তবে তুমি মায়ের সেবক,
আমাদেরই লোক ।

নয়নরায় । প্রভু, মাতৃভক্ত খাঁরা

আমি তাঁহাদেরই দাস ।

রঘুপতি । সাধু ! ভক্তি তব

হউক অক্ষয় । ভক্তি তব বাহুমাবে

করুক সধগর অতি দুর্জয় শকতি ।

ভক্তি তব তরবারি করুক শাণিত,
বজ্রসম দিক তাহে তেজ । ভক্তি তব
হৃদয়েতে করুক বসতি, পদমান
সকলের উচ্ছে ।

নয়নরায় । ব্রাহ্মণের আশীর্বাদ
ব্যর্থ হইবে না ।

রঘুপতি । শুন তবে সেনাপতি,
তোমার সকল বল করো একত্রিত
মা'র কাজে । নাশ করো মাতৃবিদ্রোহীনে ।

নয়নরায় । যে আদেশ প্রভু ! কে আছে মায়ের শত্রু ?

রঘুপতি । গোবিন্দমাণিক্য ।

নয়নরায় । আমাদের মহারাজ !

রঘুপতি । লয়ে তব সৈন্যদল, আক্রমণ করো
তারে ।

নয়নরায় । ধিক্ পাপ-পরামর্শ ! প্রভু, এ কি
পরীক্ষা আমারে ?

রঘুপতি । পরীক্ষাই বটে । কার
ভৃত্য তুমি, এবার পরীক্ষা হবে তার ।
ছাড়ো চিন্তা, ছাড়ো দ্বিধা, কাল নাহি আর—
ত্রিপুরেশ্বরীর আজ্ঞা হতেছে ধ্বনিত
প্রলয়ের শৃঙ্গ-সম— ছিন্ন হয়ে গেছে
আজি সকল বন্ধন ।

নয়নরায় । নাই চিন্তা, নাই
কোনো দ্বিধা । যে পদে রেখেছে দেবী, আমি
তাহে রয়েছি অটল ।

রঘুপতি । সাধু !

নয়নরায় । এত আমি
নরাধম জননীর সেবকের মাঝে !
মোর 'পরে হেন আজ্ঞা কেন ! আমি হব
বিশ্বাসঘাতক ! আপনি দাঁড়িয়ে আছে
বিশ্বমাতা হৃদয়ের বিশ্বাসের 'পরে,
সেই তাঁর অটল আসন— আপনি তা
ভাঙিতে বলিবে দেবী আপনার মুখে ?
তাহা হলে আজ যাবে রাজা, কাল দেবী—
মনুষ্যত্ব ভেঙে পড়ে যাবে জীর্ণভিত্তি
অটালিকা-সম ।

জয়সিংহ । ধন্য, সেনাপতি, ধন্য !

রঘুপতি । ধন্য বটে তুমি । কিন্তু একি ভ্রান্তি তব !
যে রাজা বিশ্বাসঘাতী জননীর কাছে
তার সাথে বিশ্বাসের বন্ধন কোথায় ?

নয়নরায় । কী হইবে মিছে তর্কে ? বুদ্ধির বিপাকে
চাহি না পড়িতে । আমি জানি এক পথ
আছে— সেই পথ বিশ্বাসের পথ । সেই
সিধে পথ বেয়ে চিরদিন চলে যাবে
অবোধ অধম ভৃত্য এ নয়নরায় ।

[প্রস্থান

জয়সিংহ । চিন্তা কেন দেব ? এমনি বিশ্বাসবলে
মোরাও করিব কাজ । কারে ভয় প্রভু !
সৈন্যবলে কোন্ কাজ ! অস্ত্র কোন্ হার !
যার 'পরে রয়েছে যে ভার, বল তার
আছে সে কাজের । করিবই মা'র পূজা
যদি সত্য মায়ের সেবক হই মোরা ।
চলো প্রভু, বাজাই মায়ের ডঙ্কা, ডেকে
আনি পুরবাসীগণে, মন্দিরের দ্বার
খুলে দিই !— ওরে, আয় তোরা, আয়, আয়,
অভয়ার পূজা হবে— নির্ভয়ে আয় রে
তোরা মায়ের সন্তান ! আয় পুরবাসী !

[জয়সিংহ ও রঘুপতির প্রস্থান

পুরবাসীগণের প্রবেশ

অক্রুর । ওরে, আয় রে আয় !

সকলে । জয় মা !

হরু । আয় রে, মায়ের সামনে বাহু তুলে নৃত্য করি ।

গান

উলঙ্গিনী নাচে রণরঙ্গে ।
আমরা নৃত্য করি সঙ্গে ।
দশ দিক আধার ক'রে মাতিল দিক্‌বসনা,
জ্বলে বহিঁশিখা রাঙা-রসনা,
দেখে মরিবারে ধাইছে পতঙ্গে ।
কালো কেশ উড়িল আকাশে,
রবি সোম লুকালো তরাসে ।
রাঙা রক্তধারা ঝরে কালো অঙ্গে,
ত্রিভুবন কাঁপে ভুরুভঙ্গে ।

সকলে । জয় মা !

গণেশ । আর ভয় নেই ।

কানু । ওরে, সেই দক্ষিণদ'র মানুষগুলো এখন গেল কোথায় ?

গণেশ । মায়ের ঐশ্বর্য বোটাদের সইল না । তারা ভেগেছে ।

হরু । কেবল মায়ের ঐশ্বর্য নয়, আমি তাদের এমনি শাসিয়ে দিয়েছি, তারা আর এমুখো হবে না ।

বুঝলে অক্রুরদা, আমার মামাতো ভাই দফাদারের নাম করবা-মাত্র তাদের মুখ চুন হয়ে গেল ।

অক্রুর । আমাদের নিতাই সেদিন তাদের খুব কড়া কড়া দুটো কথা শুনিয়ে দিয়েছিল । ঐ যার সেই ছুঁচোপারা মুখ সেই বেটা তেড়ে উত্তর দিতে এসেছিল ; আমাদের নিতাই বললে, ‘ওরে, তোরা দক্ষিণদেশে থাকিস, তোরা উত্তরের কী জানিস ? উত্তর দিতে এসেছিস, উত্তরের জানিস কী ?’ শুনে আমরা হেসে কে কার গায়ে পড়ি ।

গণেশ । ইদিকে ঐ ভালোমানুষটি, কিন্তু নিতাইয়ের সঙ্গে কথায় আঁটবার জো নেই ।

হারু । নিতাই আমার পিসে হয় ।

কানু । শোনো একবার কথা শোনো । নিতাই আবার তোর পিসে হল কবে ?

হারু । তোমরা আমার সকল কথাই ধরতে আরম্ভ করেছ ! আচ্ছা, পিসে নয় তো পিসে নয় । তাতে তোমার সুখটা কী হল ? আমার হল না বলে কি তোমারই পিসে হল ?

রঘুপতি ও জয়সিংহের প্রবেশ

রঘুপতি । শুনলুম সৈন্য আসছে । জয়সিংহ, অস্ত্র নিয়ে তুমি এইখানে দাঁড়াও । তোরা আয়, তোরা এইখানে দাঁড়া ! মন্দিরের দ্বার আগলাতে হবে । আমি তোদের অস্ত্র এনে দিচ্ছি ।

গণেশ । অস্ত্র কেন ঠাকুর ?

রঘুপতি । মায়ের পূজো বন্ধ করবার জন্যে রাজার সৈন্য আসছে ।

হারু । সৈন্য আসছে ! প্রভু, তবে আমরা প্রণাম হই ।

কানু । আমরা ক’জনা, সৈন্য এলে কী করতে পারব ?

হারু । করতে সবই পারি— কিন্তু সৈন্য এলে এখানে জায়গা হবে কোথায় ! লড়াই তো পরের কথা, এখানে দাঁড়াব কোন্‌খানে !

অক্রুর । তোর কথা রেখে দে । দেখছিস নে প্রভু রাগে কাঁপছেন ?— তা ঠাকুর, অনুমতি করেন তো আমাদের দলবল সমস্ত ডেকে নিয়ে আসি ।

হারু । সেই ভালো । অমনি আমার মামাতো ভাইকে ডেকে আনি । কিন্তু, আর একটুও বিলম্ব করা উচিত নয় ।

[সকলের প্রশ্নানোদ্যম

সরোষে

রঘুপতি । দাঁড়া তোরা !

করজোড়ে

জয়সিংহ । যেতে দাও প্রভু— প্রাণভয়ে ভীত এরা
বুদ্ধিহীন, আগে হতে রয়েছে মরিয়্যা ।
আমি আছি মায়ের সৈনিক । এক দেহে
সহস্র সৈন্যের বল । অস্ত্র থাক্ পড়ে ।
ভীরুদের যেতে দাও ।

স্বগত

রঘুপতি ।

সে কাল গিয়েছে ।

অস্ত্র চাই, অস্ত্র চাই— শুধু ভক্তি নয় ।

প্রকাশ্যে

জয়সিংহ, তবে বলি আনো, করি পূজা ।

বাহিরে বাদ্যোদ্যম

জয়সিংহ । সৈন্য নহে প্রভু, আসিছে রানীর পূজা ।

রানীর অনুচর ও পুরবাসীগণের প্রবেশ

সকলে । ওরে ভয় নেই— সৈন্য কোথায় ! মা'র পূজা আসছে ।
 হারু । আমরা আছি খবর পেয়েছে, সৈন্যেরা শীঘ্র এ দিকে আসছে না ।
 কানু । ঠাকুর, রানীমা পূজো পাঠিয়েছেন ।
 রঘুপতি । জয়সিংহ, শীঘ্র পূজার আয়োজন করো ।

[জয়সিংহের প্রস্থান

পুরবাসীগণের নৃত্যগীত । গোবিন্দমাণিক্যের প্রবেশ

গোবিন্দমাণিক্য । চলে যাও হেথা হতে— নিয়ে যাও বলি ।
 রঘুপতি, শোনো নাই আদেশ আমার ?

রঘুপতি । শুনি নাই ।

গোবিন্দমাণিক্য । তবে তুমি এ রাজ্যের নহ ।

রঘুপতি । নহি আমি । আমি আছি যেথা, সেথা এলে
 রাজদণ্ড খসে যায় রাজহস্ত হতে,
 মুকুট ধূলায় পড়ে লুটে । কে আছিস,
 আন্ মা'র পূজা ।

বাদ্যোদ্যম

গোবিন্দমাণিক্য ।

চূপ কর !

অনুচরের প্রতি

কোথা আছে

সেনাপতি, ডেকে আন্ ! হয় রঘুপতি,
 অবশেষে সৈন্য দিয়ে ঘিরিতে হইল
 ধর্ম ! লজ্জা হয় ডাকিতে সৈনিকদল,
 বাহুবল দুর্বলতা করায় স্মরণ ।
 রঘুপতি । অবিশ্বাসী, সত্যই কি হয়েছে ধারণা
 কলিযুগে ব্রহ্মতেজ গেছে— তাই এত
 দুঃসাহস ? যায় নাই । যে দীপ্ত অনল
 জ্বলিছে অন্তরে, সে তোমার সিংহাসনে
 নিশ্চয় লাগিবে ! নতুবা এ মনানলে
 ছাই করে পুড়াইব সব শাস্ত্র, সব
 ব্রহ্মগর্ব, সমস্ত তেত্রিশ কোটি মিথ্যা ।
 আজ নহে মহারাজ, রাজ-অধিরাজ,
 এই দিন মনে কোরো আর-এক দিন ।

নয়নরায় ও চাঁদপালের প্রবেশ

নয়নের প্রতি

গোবিন্দমাণিক্য । সৈন্য লয়ে থাকো হেথা নিষেধ করিতে
 জীববলি ।

রবীন্দ্র-রচনাবলী

- নয়নরায় । ক্ষমা করো অধম কিংকরে ।
অক্ষম রাজার ভৃত্য দেবতামন্দিরে ।
যতদূর যেতে পারে রাজার প্রতাপ,
মোরা ছায়া সঙ্গে যাই ।
- চাঁদপাল । থামো সেনাপতি,
দীপশিখা থাকে এক ঠাই, দীপালোক
যায় বহুদূরে । রাজ-ইচ্ছা যেথা যাবে
সেথা যাব মোরা ।
- গোবিন্দমাণিক্য । সেনাপতি, মোর আঞ্জা
তোমার বিচারাধীন নহে । ধর্মাধর্ম
লাভক্ষতি রহিল আমার, কার্য শুধু
তব হাতে ।
- নয়নরায় । এ কথা হৃদয় নাহি মানে ।
মহারাজ, ভৃত্য বটে, তবুও মানুষ
আমি ! আছে বুদ্ধি, আছে ধর্ম, আছে প্রভু,
আছেন দেবতা ।
- গোবিন্দমাণিক্য । তবে ফেলো অস্ত্র তব ।
চাঁদপাল, তুমি হলে সেনাপতি, দুই
পদ রহিল তোমার । সাবধানে সৈন্য
লয়ে মন্দির করিবে রক্ষা ।
- চাঁদপাল । যে আদেশ
মহারাজ !
- গোবিন্দমাণিক্য । নয়ন, তোমার অস্ত্র দাও
চাঁদপালে ।
- নয়নরায় । চাঁদপালে ! কেন মহারাজ !
এ অস্ত্র তোমার পূর্ব রাজপিতামহ
দিয়েছেন আমাদের পিতামহে । ফিরে
নিতে চাও যদি, তুমি লও । স্বর্গে আছ
তোমরা হে পিতৃপিতামহ, সাক্ষী থাকো
এতদিন যে রাজবিশ্বাস পালিয়াছি
বহু যত্নে, সান্নিকের পুণ্য অগ্নি-সম,
যার ধন তারি হাতে ফিরে দিনু আজ
কলঙ্কবিহীন ।
- চাঁদপাল । কথা আছে ভাই !
- নয়নরায় । ধিক্ !
চূপ করো ! মহারাজ, বিদায় হলেম ।
- গোবিন্দমাণিক্য । ক্ষুদ্র স্নেহ নাই রাজকাজে । দেবতার
কার্যভার তুচ্ছ মানবের 'পরে, হায়,
কী কঠিন !

[প্রণামপূর্বক প্রস্থান]

রঘুপতি । এমনি করিয়া ব্রহ্মশাপ
ফলে, বিশ্বাসী হৃদয় ক্রমে দূরে যায়,
ভেঙে যায় দাঁড়বার স্থান ।

জয়সিংহের প্রবেশ

জয়সিংহ । আয়োজন
হয়েছে পূজার । প্রস্তুত রয়েছে বলি ।
গোবিন্দমাণিক্য । বলি কার তরে ?

জয়সিংহ । মহারাজ, তুমি হেথা !
তবে শোনো নিবেদন— একান্ত মিনতি
যুগল চরণতলে, প্রভু, ফিরে লও
তব গর্বিত আদেশ । মানব হইয়া
দাঁড়ায়ো না দেবীরে আচ্ছন্ন করি—

রঘুপতি । ধিক্ !
জয়সিংহ, ওঠো ওঠো ! চরণে পতিত
কার কাছে ? আমি যার গুরু, এ সংসারে
এই পদতলে তার একমাত্র স্থান ।
মুঢ়, ফিরে দেখ— গুরুর চরণ ধরে
ক্ষমা ভিক্ষা কর । রাজার আদেশ নিয়ে
করিব দেবীর পূজা, করালকালিকা,
এত কি হয়েছে তোর অধঃপাত ! থাক
পূজা, থাক বলি— দেখিব রাজার দর্প
কতদিন থাকে । চলে এসো জয়সিংহ !

[রঘুপতি ও জয়সিংহের প্রস্থান

গোবিন্দমাণিক্য । এ সংসারে বিনয় কোথায় ! মহাদেবী,
যারা করে বিচরণ তব পদতলে
তারাও শেখে নি হয় কত ক্ষুদ্র তারা !
হরণ করিয়া লয়ে তোমার মহিমা
আপনার দেহে বহে, এত অহংকার !

[প্রস্থান

দ্বিতীয় অঙ্ক

প্রথম দৃশ্য

মন্দির

রঘুপতি জয়সিংহ ও নক্ষত্ররায়

- নক্ষত্ররায় । কী জন্য ডেকেছ গুরুদেব ?
 রঘুপতি । কাল রাত্রে
 স্বপন দিয়েছে দেবী, তুমি হবে রাজা ।
- নক্ষত্ররায় । আমি হব রাজা ! হা হা ! বল কী ঠাকুর !
 রাজা হব ? এ কথা নূতন শোনা গেল !
- রঘুপতি । তুমি রাজা হবে ।
- নক্ষত্ররায় । বিশ্বাস না হয় মোর ।
 রঘুপতি । দেবীর স্বপন সত্য । রাজটিকা পাবে
 তুমি, নাহিকো সন্দেহ ।
- নক্ষত্ররায় । নাহিকো সন্দেহ !
 কিন্তু, যদি নাই পাই !
- রঘুপতি । আমার কথায়
 অবিশ্বাস ?
- নক্ষত্ররায় । অবিশ্বাস কিছুমাত্র নেই,
 কিন্তু দৈবাতের কথা— যদি নাই হয় !
- রঘুপতি । অন্যথা হবে না কভু ।
- নক্ষত্ররায় । অন্যথা হবে না ?
 দেখো প্রভু, কথা যেন ঠিক থাকে শেষে ।
 রাজা হয়ে মন্ত্রীটারে দেব দূর করে,
 সর্বদাই দৃষ্টি তার রয়েছে পড়িয়া
 আমা-পরে, যেন সে বাপের পিতামহ ।
 বড়ো ভয় করি তারে— বুঝেছ ঠাকুর ?
 তোমারে করিব মন্ত্রী ।
- রঘুপতি । মন্ত্রিত্বের পদে
 পদাঘাত করি আমি ।
- নক্ষত্ররায় । আচ্ছা, জয়সিংহ
 মন্ত্রী হবে । কিন্তু, হে ঠাকুর, সবই যদি
 জানো তুমি, বলো দেখি কবে রাজা হব ।
- রঘুপতি । রাজরক্ত চান দেবী ।
- নক্ষত্ররায় । রাজরক্ত চান !
- রঘুপতি । রাজরক্ত আগে আনো, পরে রাজা হবে ।
- নক্ষত্ররায় । পাব কোথা !

- রঘুপতি । ঘরে আছে গোবিন্দমাণিক্য ।
 তাঁরি রক্ত চাই ।
- নক্ষত্ররায় । তাঁরি রক্ত চাই ।
- রঘুপতি । স্থির
 হয়ে থাকো জয়সিংহ, হোয়ো না চঞ্চল !—
 বুঝেছ কি ? শোনো তবে— গোপনে তাঁহারে
 বধ করে আনিবে সে তপ্ত রাজরক্ত
 দেবীর চরণে ।—
- জয়সিংহ, স্থির যদি
 না থাকিতে পারো, চলে যাও অন্য ঠাই ।—
 বুঝেছ নক্ষত্ররায় ? দেবীর আদেশ,
 রাজরক্ত চাই— শ্রাবণের শেষ রাত্রে ।
 তোমরা রয়েছ দুই রাজভ্রাতা— জ্যেষ্ঠ
 যদি অব্যাহতি পায়, তোমার শোণিত
 আছে । ভূষিত হয়েছে যবে মহাকালী,
 তখন সময় আর নাই বিচারের ।
- নক্ষত্ররায় । সর্বনাশ ! হে ঠাকুর, কাজ কী রাজত্বে !
 রাজরক্ত থাক রাজদেহে, আমি যাহা
 আছি সেই ভালো ।
- রঘুপতি । মুক্তি নাই, মুক্তি নাই
 কিছুতেই ! রাজরক্ত আনিতেই হবে ।
- নক্ষত্ররায় । বলে দাও, হে ঠাকুর, কী করিতে হবে ।
- রঘুপতি । প্রস্তুত হইয়া থাকো । যখন যা বলি
 অবিলম্বে করিবে সাধন ; কার্যসিদ্ধি
 যতদিন নাহি হয়, বন্ধ রেখো মুখ ।
 এখন বিদায় হও ।
- নক্ষত্ররায় । হে মা কাত্যায়নী !

[প্রস্থান

- জয়সিংহ । একি শুনিলাম ! দয়াময়ী মাতঃ, একি
 কথা ! তোর আজ্ঞা ! ভাই দিয়ে ভ্রাতৃহত্যা !
 বিশ্বের জননী !— গুরুদেব ! হেন আজ্ঞা
 মাতৃ-আজ্ঞা বলে করিলে প্রচার !
- রঘুপতি । আর
 কী উপায় আছে বলো ।
- জয়সিংহ । উপায় ! কিসের
 উপায় প্রভু ! হা ধিক ! জননী, তোমার
 হস্তে খড়্গ নাই ? রোষে তব বহ্নানল
 নাহি চণ্ডী ? তব ইচ্ছা উপায় খুঁজিছে,
 খুঁড়িছে সুরঙ্গপথ চোরের মতন
 রসাতলগামী ? একি পাপ !

বৃষ্টিধারা দক্ষ ধরণীর বন্ধ-'পরে—
 গলে আসে পাষণ হইতে দয়াময়ী
 শ্রোতস্বিনী মরুমাঝে— কোটি কণ্টকের
 শিরোভাগে, কেন ফুল ওঠে বিকশিয়া ?
 ছলনা করেছ মোরে প্রভু ! দেখিতেছ
 মাতৃভক্তি রক্তসম হৃদয় টুটিয়া
 ফেটে পড়ে কিনা আমারি হৃদয় বলি
 দিলে মাতৃপদে । ওই দেখো হাসিতেছে
 মা আমার স্নেহপরিহাসবশে । বটে,
 তুই রাক্ষসী পাষণী বটে, মা আমার
 রক্ত-পিয়াসিনী ! নিবি মা আমার রক্ত,
 ঘুচাবি সন্তানজন্ম এ জন্মের তরে—
 দিব ছুরি বুকে ? এই শিরা-ছেঁড়া রক্ত
 বড়ো কি লাগিবে ভালো ? ওরে, মা আমার
 রাক্ষসী পাষণী বটে ! ডাকিছ কি মোরে
 গুরুদেব ? ছলনা বুঝেছি আমি তব ।
 ভক্তহিয়া-বিদারিত এই রক্ত চাও !
 দিয়েছিলে এই যে বেদনা, তারি 'পরে
 জননীর স্নেহহস্ত পড়িয়াছে । দুঃখ
 চেয়ে সুখ শত গুণ । কিন্তু রাজরক্ত !
 ছিছি ! ভক্তিপিপাসিতা মাতা, তাঁরে বলো
 রক্তপিপাসিনী !

রঘুপতি । বন্ধ হোক বলিদান

তবে !

জয়সিংহ । হোক বন্ধ !— না না, গুরুদেব, তুমি
 জানো ভালোমন্দ । সরল ভক্তির বিধি
 শাস্ত্রবিধি নহে । আপন আলোকে আঁখি
 দেখিতে না পায়, আলোক আকাশ হতে
 আসে । প্রভু, ক্ষমা করো, ক্ষমা করো দাসে ।
 ক্ষমা করো স্পর্ধা মূঢ়তার । ক্ষমা করো
 নিতান্ত বেদনাবশে উদ্ভ্রান্ত প্রলাপ ।
 বলো প্রভু, সত্যই কি রাজরক্ত চান
 মহাদেবী ?

রঘুপতি । হায় বৎস, হায় ! অবশেষে
 অবিশ্বাস মোর প্রতি ?

জয়সিংহ । অবিশ্বাস ? কভু
 নহে । তোমারে ছাড়িলে, বিশ্বাস আমার
 দাঁড়াবে কোথায় ? বাসুকির শিরশ্চ্যুত
 বসুধার মতো, শূন্য হতে শূন্যে পাবে
 লোপ । রাজরক্ত চায় তবে মহামায়া,

সে রক্ত আনিব আমি । দিব না ঘটিতে
ব্রাতৃহত্যা ।

রঘুপতি । দেবতার আঞ্জা পাপ নহে ।
জয়সিংহ । পুণ্য তবে, আমিই সে করিব অর্জন ।
রঘুপতি । সত্য করে বলি, বৎস, তবে । তোরে আমি
ভালোবাসি প্রাণের অধিক— পালিয়াছি
শিশুকাল হতে তোরে, মায়ের অধিক
স্নেহে— তোরে আমি নারিব হারাতে ।
জয়সিংহ । মোর
স্নেহে ঘটিতে দিব না পাপ, অভিশাপ
আনিব না এ স্নেহের 'পরে ।
রঘুপতি । ভালো ভালো,
সে কথা হইবে পরে— কল্য হবে স্থির ।

[উভয়ের প্রস্থান]

দ্বিতীয় দৃশ্য

মন্দির

অর্পণা

গান

ওগো পুরবাসী,
আমি দ্বারে দাঁড়ায়ে আছি উপবাসী ।

অর্পণা । জয়সিংহ, কোথা জয়সিংহ ! কেহ নাই
এ মন্দিরে । তুমি কে দাঁড়ায়ে আছ হোথা
অচল মুরতি— কোনো কথা না বলিয়া
হরিতেছ জগতের সার-ধন যত !
আমরা যাহার লাগি কাতর কাঙাল
ফিরে মরি পথে পথে, সে আপনি এসে
তব পদতলে করে আত্মসমর্পণ !
তাহে তোর কোন্ প্রয়োজন ! কেন তারে
কৃপণের ধন-সম রেখে দিস পুতে
মন্দিরের তলে— দরিদ্র এ সংসারের
সর্ব ব্যবহার হতে করিয়া গোপন !
জয়সিংহ, এ পাষণী কোন্ সুখ দেয়,
কোন্ কথা বলে তোমা-কাছে, কোন্ চিন্তা
করে তোমা-তরে— প্রাণের গোপন পাত্রে
কোন্ সান্থনার সুখা চিররাত্রিদিন

রেখে দেয় করিয়া সঞ্চিত !— ওরে চিত্ত
উপবাসী, কার রুদ্ধ দ্বারে আছ বসে ?

গান

ওগো পুরবাসী,
আমি দ্বারে দাঁড়ায়ে আছি উপবাসী ।
হেরিতেছি সুখমেলা, ঘরে ঘরে কত খেলা,
শুনিতেছি সারাবেলা সুমধুর বাণি ।

রঘুপতির প্রবেশ

রঘুপতি । কে রে তুই এ মন্দিরে !
অপর্ণা । আমি ভিখারিনী ।

জয়সিংহ কোথা ?

রঘুপতি । দূর হ এখান হতে
মায়াবিনী ! জয়সিংহে চাহিস কাড়িতে
দেবীর নিকট হতে, ওরে উপদেবী !

অপর্ণা । আমা হতে দেবীর কী ভয় ? আমি ভয়
করি তারে, পাছে মোর সব করে গ্রাস !

গাহিতে গাহিতে প্রস্থান

চাহি না অনেক ধন, রব না অধিক ক্ষণ,
যেথা হতে আসিয়াছি সেথা যাব ভাসি—
তোমরা আনন্দে রবে নব নব উৎসবে,
কিছু ম্লান নাহি হবে গৃহভরা হাসি ।

তৃতীয় দৃশ্য

মন্দির-সম্মুখে পথ

জয়সিংহ

জয়সিংহ । দূর হোক চিন্তাজাল ! দ্বিধা দূর হোক !
চিন্তার নরক চেয়ে কার্য ভালো, যত
ক্রুর, যতই কঠোর হোক । কার্যের তো
শেষ আছে, চিন্তার সীমানা নাই কোথা—
ধরে সে সহস্র মূর্তি পলকে পলকে
বাস্পের মতন ; চারি দিকে যতই সে
পথ খুঁজে মরে, পথ তত লুপ্ত হয়ে
যায় । এক ভালো অনেকের চেয়ে । তুমি
সত্য, গুরুদেব, তোমারি আদেশ সত্য—
সত্যপথ তোমারি ইঙ্গিতমুখে । হত্যা

পাপ নহে, ভ্রাতৃহত্যা পাপ নহে, নহে
 পাপ রাজহত্যা !— সেই সত্য, সেই সত্য !
 পাপপুণ্য নাই, সেই সত্য ! থাক্ চিন্তা,
 থাক্ আত্মদাহ, থাক্ বিচার বিবেক !—
 কোথা যাও ভাই-সব, মেলা আছে বুঝি
 নিশিপুরে ? কুকী রমণীর নৃত্য হবে ?
 আমিও যেতেছি ।— এ ধরায় কত সুখ
 আছে— নিশ্চিন্ত আনন্দসুখে নৃত্য করে
 নারীদল, মধুর অঙ্গের রঙ্গভঙ্গ
 উচ্ছ্বসিয়া উঠে চারি দিকে, তটপ্লাবী
 তরঙ্গিণী-সম । নিশ্চিন্ত আনন্দে সবে
 ধায় চারি দিক হতে— উঠে গীতগান,
 বহে হাস্যপরিহাস, ধরণীর শোভা
 উজ্জ্বল মুরতি ধরে । আমিও চলিনু ।

গান

আমারে কে নিবি ভাই, সঁপিতে চাই আপনারে ।
 আমার এই মন গলিয়ে কাজ ভুলিয়ে সঙ্গে তোদের নিয়ে যা রে ।
 তোরা কোন্ রূপের হাটে, চলেছিস ভবের বাটে
 পিছিয়ে আছি আমি আপন ভারে ।
 তোদের ওই হাসিখুশি দিবানিশি দেখে মন কেমন করে ।
 আমার এই বাধা টুটে নিয়ে যা লুটেপুটে,
 পড়ে থাক্ মনের বোঝা ঘরের দ্বারে ।
 যেমন ওই এক নিমেষে বন্যা এসে
 ভাসিয়ে নে যায় পারাবারে ।
 এত যে আনাগোনা, কে আছে জানাশোনা—
 কে আছে নাম ধরে মোর ডাকতে পারে ।
 যদি সে বারেক এসে দাঁড়ায় হেসে
 চিনতে পারি দেখে তারে ॥

দূরে অপর্ণার প্রবেশ

ওকি ও অপর্ণা, দূরে দাঁড়াইয়া কেন !
 শুনিতেছ অবাক হইয়া জয়সিংহ
 গান গাহে ? সব মিথ্যা, বৃহৎ বঞ্চনা,
 তাই হাসিতেছি— তাই গাহিতেছি গান ।
 ওই দেখো পথ দিয়ে তাই চলিতেছে
 লোক নির্ভাবনা, তাই ছোটো কথা নিয়ে
 এতই কৌতুকহাসি, এত কুতূহল,
 তাই এত যত্নভরে সেজেছে যুবতী ।
 সত্য যদি হত, তবে হত কি এমন ?

রবীন্দ্র-রচনাবলী

এই তো সংসার ! কী কাজ শাস্ত্রের বিধি,
কী কাজ গুরুতে !

প্রভু ! পিতা ! গুরুদেব !
কী বলিতেছিঁনু ! স্বপ্নে ছিনু এতক্ষণ ।
এই সে মন্দির— ওই সেই মহাবট
দাঁড়ায় রয়েছে, অটল কঠিন দৃঢ়
নিষ্ঠুর সত্যের মতো । কী আদেশ দেব !
ভুলি নাই কী করিতে হবে । এই দেখো—

ছুরি দেখাইয়া

তোমার আদেশ-স্মৃতি অন্তরে বাহিরে
হতেছে শানিত । আরো কী আদেশ আছে
প্রভু !

রঘুপতি । দূর করে দাও ওই বালিকারে
মন্দির হইতে ।— মায়াবিনী, জানি আমি
তোদের কুহক ।— দূর করে দাও ওরে !

জয়সিংহ । দূর করে দিব ? দরিদ্র আমারি মতো
মন্দির-আশ্রিত, আমারি মতন হয়
সঙ্গীহীন, অকণ্টক পুষ্পের মতন
নির্দোষ নিষ্পাপ শুভ্র সুন্দর সরল
সুকোমল বেদনাকাতর, দূর করে
দিতে হবে ওরে ? তাই দিব গুরুদেব !
চলে যা অপর্ণা ! দয়ামায়া স্নেহপ্রেম
সব মিছে ! মরে যা অপর্ণা ! সংসারের
বাহিরেতে কিছুই না থাকে যদি, আছে
তবু দয়াময় মৃত্যু । চলে যা অপর্ণা !

অপর্ণা । তুমি চলে এসো জয়সিংহ, এ মন্দির
ছেড়ে, দুইজনে চলে যাই ।

জয়সিংহ । দুইজনে
চলে যাই ! এ তো স্বপ্ন নয় । একবার
স্বপ্নে মনে করেছিঁনু স্বপ্ন এ জগৎ ।
তাই হেসেছিঁনু সুখে, গান গেয়েছিঁনু ।
কিন্তু সত্য এ যে । বোলো না সুখের কথা
আর, দেখায়ো না স্বাধীনতা-প্রলোভন—
বন্দী আমি সত্য-কারণারে ।

রঘুপতি । জয়সিংহ,
কাল নাই মিষ্ট আলাপের । দূর করে
দাও ওই বালিকারে ।

জয়সিংহ । চলে যা অপর্ণা !

অপর্ণা । কেন যাব !

জয়সিংহ । এই নারী-অভিমান তোর ?

অপর্ণা । অভিমান কিছু নাই আর । জয়সিংহ,
তোমার বেদনা, আমার সকল ব্যথা
সব গর্ব চেয়ে বেশি । কিছু মোর নাই
অভিমান ।

জয়সিংহ । তবে আমি যাই । মুখ তোর
দেখিব না, যতক্ষণ রহিবি হেথায় ।—
চলে যা অপর্ণা !

অপর্ণা । নিষ্ঠুর ব্রাহ্মণ, ধিক্
থাক্ ব্রাহ্মণত্বে তব । আমি ক্ষুদ্র নারী
অভিশাপ দিয়ে গেনু তোরে, এ বন্ধনে
জয়সিংহে পারিবি না বাধিয়া রাখিতে ।

[প্রস্থান

রঘুপতি । বৎস, তোলো মুখ, কথা কও একবার ।
প্রাণপ্রিয় প্রাণাধিক, আমার কি প্রাণে
অগাধ সমুদ্রসম স্নেহ নাই ! আরো
চাস ? আমি আজন্মের বন্ধু, দু দণ্ডের
মায়াপাশ ছিন্ন হয়ে যায় যদি, তাহে
এত ক্লেশ ।

জয়সিংহ । থাক্ প্রভু, বোলো না স্নেহের
কথা আর ! কর্তব্য রহিল শুধু মনে ।
স্নেহপ্রেম তরুলতাপত্রপুষ্পসম
ধরণীর উপরেতে শুধু, আসে যায়
শুকায় মিলায় নব নব স্বপ্নবৎ ।
নিম্নে থাকে শুষ্ক রূঢ় পাষাণের স্তূপ
রাত্রিদিন, অনন্তহৃদয়ভারসম ।

[প্রস্থান

রঘুপতি । জয়সিংহ, কিছুতে পাই নে তোর মন,
এত যে সাধনা করি নানা ছলে-বলে ।

[প্রস্থান

চতুর্থ দৃশ্য

মন্দিরপ্রাঙ্গণ

জনতা

গণেশ । এবারে মেলায় তেমন লোক হল না !

অক্রুর । এবারে আর লোক হবে কী করে ? এ তো আর হিন্দুর রাজত্ব রইল না । এ যেন নবাবের
রাজত্ব হয়ে উঠল । ঠাকরনের বলিই বন্ধ হয়ে গেল, তো মেলায় লোক আসবে কী !

কানু । ভাই, রাজার তো এ বুদ্ধি ছিল না, বোধ হয় কিসে তাকে পেয়েছে ।
 অক্রুর । যদি পেয়ে থাকে তো কোন্ মুসলমানের ভূতে পেয়েছে, নইলে বলি উঠিয়ে দেবে কেন ?
 গণেশ । কিন্তু যাই বলো, এ রাজ্যের মঙ্গল হবে না ।
 কানু । পুরুত-ঠাকুর তো স্বয়ং বলে দিয়েছেন, তিন মাসের মধ্যে মড়কে দেশ উচ্ছন্ন যাবে ।
 হারু । তিন মাস কেন, যেরকম দেখছি তাতে তিন দিনের ভর সইবে না । এই দেখো-না কেন, আমাদের মোধো এই আড়াই বছর ধরে ব্যামোয় ভুগে ভুগে বরাবরই তো বেঁচে এসেছে, ঐ, যেমন বলি বন্ধ হল অমনি মারা গেল ।
 অক্রুর । না রে, সে তো আজ তিন মাস হল মরেছে ।
 হারু । নাহয় তিন মাসই হল, কিন্তু এই বছরেই তো মরেছে বটে ।
 ক্ষান্তমণি । ওগো, তা কেন, আমার ভাসুরপো, সে যে মরবে কে জানত । তিন দিনের জ্বর— ঐ, যেমনি কবিরাজের বড়িটি খাওয়া অমনি চোখ উল্টে গেল ।
 গণেশ । সেদিন মথুরহাটির গঞ্জে আশুন লাগল, একখানি চালা বাকি রইল না !
 চিন্তামণি । অত কথায় কাজ কী ! দেখো-না কেন, এ বছর ধান যেমন সস্তা হয়েছে এমন আর কোনোবার হয় নি । এ বছর চাষার কপালে কী আছে কে জানে !
 হারু । ঐ রে, রাজা আসছে । সকালবেলাতেই আমাদের এমন রাজার মুখ দেখলুম, দিন কেমন যাবে কে জানে । চল্ এখান থেকে সরে পড়ি ।

[সকলের প্রস্থান]

চাঁদপাল ও গোবিন্দমাণিক্যের প্রবেশ

চাঁদপাল । মহারাজ, সাবধানে থেকো । চারি দিকে
 চক্ষুকর্ণ পেতে আছি, রাজ-ইষ্টানিষ্ট
 কিছু না এড়ায় মোর কাছে । মহারাজ,
 তব প্রাণহত্যা-তরে গুপ্ত আলোচনা
 স্বকর্ণে শুনেছি ।

গোবিন্দমাণিক্য । প্রাণহত্যা ! কে করিবে ?

চাঁদপাল । বলিতে সংকোচ মানি । ভয় হয় পাছে
 সত্যকার ছুরি চেয়ে নিষ্ঠুর সংবাদ
 অধিক আঘাত করে রাজার হৃদয়ে ।

গোবিন্দমাণিক্য । অসংকোচে বলে যাও । রাজার হৃদয়
 সতত প্রস্তুত থাকে আঘাত সহিতে ।
 কে করেছে হেন পরামর্শ ?

চাঁদপাল । যুবরাজ
 নক্ষত্রায় ।

গোবিন্দমাণিক্য । নক্ষত্র !

চাঁদপাল । স্বকর্ণে শুনেছি
 মহারাজ, রঘুপতি যুবরাজে মিলে
 গোপনে মন্দিরে বসে স্থির হয়ে গেছে
 সব কথা ।

গোবিন্দমাণিক্য । দুই দশে স্থির হয়ে গেল
 আজন্মের বন্ধন টুটিতে ! হায় বিধি !

চাঁদপাল । দেবতার কাছে তব রক্ত এনে দেবে—

গোবিন্দমাগিক্য । দেবতার কাছে ! তবে আর নক্ষত্রের
নাই দোষ । জানিয়াছি, দেবতার নামে
মনুষ্যত্ব হারায় মানুষ । ভয় নাই,
যাও তুমি কাজে ! সাবধানে রব আমি ।

[চাঁদপালের প্রস্থান

রক্ত নহে, ফুল আনিয়াছি মহাদেবী !
ভক্তি শুধু— হিংসা নহে, বিভীষিকা নহে ।
এ জগতে দুর্বলেরা বড়ো অসহায়
মা জননী, বাহুবল বড়োই নিষ্ঠুর,
স্বার্থ বড়ো ক্রুর, লোভ বড়ো নিদারুণ,
অজ্ঞান একান্ত অন্ধ— গর্ব চলে যায়
অকাতরে ক্ষুদ্রে দলিয়া পদতলে ।
হেথা স্নেহ-প্রেম অতি ক্ষীণ বৃন্তে থাকে,
পলকে খসিয়া পড়ে স্বার্থের পরশে ।
তুমিও, জননী, যদি খড়া উঠাইলে,
মেলিলে রসনা, তবে সব অন্ধকার !
ভাই তাই ভাই নহে আর, পতি-প্রতি
সতী বাম, বন্ধু শত্রু, শোণিতে পঙ্কিল
মানবের বাসগৃহ, হিংসা পুণ্য, দয়া
নির্বাসিত । আর নহে, আর নহে, ছাড়ো
ছদ্মবেশ । এখনো কি হয় নি সময় ?
এখনো কি রহিবে প্রলয়রূপ তব ?
এই-যে উঠিছে খড়া চারি দিক হতে
মোর শির লক্ষ্য করি, মাতঃ, একি তোরি
চারি ভুজ হতে ? তাই হবে ! তবে তাই
হোক । বুঝি মোর রক্তপাতে হিংসানল
নিবে যাবে । ধরণীর সহিবে না এত
হিংসা । রাজহত্যা ! ভাই দিয়ে ভ্রাতৃহত্যা !
সমস্ত প্রজার বুক লাগিবে বেদনা,
সমস্ত ভায়ের প্রাণ উঠিবে কাঁদিয়া ।
মোর রক্তে হিংসার ঘুচিবে মাতৃবেশ,
প্রকাশিবে রাক্ষসী-আকার । এই যদি
দয়ার বিধান তোর, তবে তাই হোক !

জয়সিংহের প্রবেশ

জয়সিংহ । বল্ চণ্ডী, সত্যই কি রাজরক্ত চাই ?
এই বেলা বল্, বল্ নিজ মুখে, বল্
মানবভাষায়, বল্ শীঘ্র— সত্যই কি
রাজরক্ত চাই ?

নেপথ্যে ।

চাই ।

জয়সিংহ । তবে মহারাজ,
নাম লহো ইষ্টদেবতার । কাল তব
নিকটে এসেছে ।

গোবিন্দমাণিক্য । কী হয়েছে জয়সিংহ ?
জয়সিংহ । শুনিলে না নিজকর্ণে ? দেবীরে শুধানু
সত্যই কি রাজরক্ত চাই— দেবী নিজে
কহিলেন 'চাই' ।

গোবিন্দমাণিক্য । দেবী নহে জয়সিংহ,
কহিলেন রঘুপতি অন্তরাল হতে,
পরিচিত স্বর ।

জয়সিংহ । কহিলেন রঘুপতি ?
অন্তরাল হতে ?— নহে নহে, আর নহে !
কেবলি সংশয় হতে সংশয়ের মাঝে
নামিতে পারি নে আর ! যখনি কূলের
কাছে আসি, কে মোরে ঠেলিয়া দেয় যেন
অতলের মাঝে ! সে যে অ বিশ্বাস-দৈত্য !
আর নহে । গুরু হোক কিম্বা দেবী হোক,
একই কথা !—

ছুরিকা উন্মোচন ।... ছুরি ফেলিয়া

ফুল নে মা ! নে মা ! ফুল নে মা !
পায়ে ধরি, শুধু ফুল নিয়ে হোক তোর
পরিতোষ ! আর রক্ত না মা, আর রক্ত
নয় ! এও যে রক্তের মতো রাঙা, দুটি
জ্বাফুল ! পৃথিবীর মাতৃবক্ষ ফেটে
উঠিয়াছে ফুটে, সন্তানের রক্তপাতে
ব্যথিত ধরার স্নেহ-বেদনার মতো ।
নিতে হবে ! এই নিতে হবে ! আমি
নাহি ডরি তোর রোষ । রক্ত নাহি দিব !
রাঙা তোর আঁখি ! তোল্ তোর খড়া ! আন
তোর শ্মশানের দল ! আমি নাহি ডরি ।

[গোবিন্দমাণিক্যের প্রশ্ন]

এ কী হল হয় ! দেবী, গুরু যাহা ছিল
এক দণ্ডে বিসর্জন দিনু— বিশ্বমাঝে
কিছু রহিল না আর !

রঘুপতির প্রবেশ

রঘুপতি । সকল শুনেছি
আমি । সব পণ্ড হল । কী করিলি ওরে
অকৃতজ্ঞ !

জয়সিংহ । দণ্ড দাও প্রভু !
 রঘুপতি । সব ভেঙে
 দিলি ! ব্রহ্মশাপ ফিরাইলি অর্ধপথ
 হতে ! লজ্জিলি গুরুর বাক্য ! ব্যর্থ করে
 দিলি দেবীর আদেশ ! আপন বুদ্ধিরে
 করিলি সকল হতে বড়ো ! আজন্মের
 স্নেহষণ শুধিলি এমনি করে !

জয়সিংহ । দণ্ড
 দাও পিতা !

রঘুপতি । কোন্ দণ্ড দিব ?

জয়সিংহ । প্রাণদণ্ড ।

রঘুপতি । নহে । তার চেয়ে গুরুদণ্ড চাই । স্পর্শ
 কর্ দেবীর চরণ ।

জয়সিংহ । করিনু পরশ ।

রঘুপতি । বল্ তবে, 'আমি এনে দিব রাজরক্ত
 শ্রাবণের শেষ রাত্রে দেবীর চরণে ।'

জয়সিংহ । আমি এনে দিব রাজরক্ত, শ্রাবণের
 শেষ রাত্রে দেবীর চরণে ।

রঘুপতি । চলে যাও ।

তৃতীয় অঙ্ক

প্রথম দৃশ্য

মন্দির

জনতা । রঘুপতি ও জয়সিংহ

রঘুপতি । তোরা এখানে সব কী করতে এলি ?
 সকলে । আমরা ঠাকরুন দর্শন করতে এসেছি ।

রঘুপতি । বটে ! দর্শন করতে এসেছ ? এখনো তোমাদের চোখ দুটো যে আছে সে কেবল বাপের
 পুণ্যে । ঠাকরুন কোথায় ! ঠাকরুন এ রাজ্য ছেড়ে চলে গেছেন । তোরা ঠাকরুনকে রাখতে পারলি
 কই ? তিনি চলে গেছেন ।

সকলে । কী সর্বনাশ ! সে কি কথা ঠাকুর ! আমরা কী অপরাধ করেছি ?

নিস্তারিণী । আমার বোনপো'র ব্যামো ছিল বলেই যা আমি ক'দিন পূজো দিতে আসতে পারি নি ।

গোবর্ধন । আমার পাঠা দুটো ঠাকরুনকেই দেব বলে অনেক দিন থেকে মনে করে রেখেছিলুম,
 এরই মধ্যে রাজা বলি বন্ধ করে দিলে তো আমি কী করব ।

হারু । এই আমাদের গন্ধমাদন যা মানত করেছিল তা মাকে দেয় নি বটে, কিন্তু মাও তো তেমনি
 তাকে শান্তি দিয়েছেন । তার পিলে বেড়ে ঢাক হয়ে উঠেছে— আজ ছ'টি মাস বিছানায় প'ড়ে । তা
 বেশ হয়েছে, আমাদেরই যেন সে মহাজন, তাই বলে কি মাকে ঝাঁকি দিতে পারবে !

অক্রুর । চূপ কর্ তোরা । মিছে গোল করিস নে । আচ্ছা ঠাকুর, মা কেন চলে গেলেন, আমাদের কী অপরাধ হয়েছিল ?

রঘুপতি । মার জন্যে এক ফোঁটা রক্ত দিতে পারিস নে, এই তো তোদের ভক্তি !

অনেকে । রাজার আজ্ঞা, তা আমরা কী করব ?

রঘুপতি । রাজা কে ? মার সিংহাসন তবে কি রাজার সিংহাসনের নীচে ? তবে এই মাতৃহীন দেশে তোদের রাজাকে নিয়েই থাক্, দেখি তোদের রাজা কী করে রক্ষা করে ।

সকলের সভয়ে গুন্‌গুন্‌ স্বরে কথা

অক্রুর । চূপ কর্ ।— সন্তান যদি অপরাধ করে থাকে মা তাকে দশ দিক, কিন্তু একেবারে ছেড়ে চলে যাবে এ কি মা'র মতো কাজ ? বলে দাও কী করলে মা ফিরবে ।

রঘুপতি । তোদের রাজা যখন রাজ্য ছেড়ে যাবে, মাও তখন রাজ্যে ফিরে পদার্পণ করবে ।

নিস্তব্ধভাবে পরস্পরের মুখাবলোকন

রঘুপতি । তবে তোরা দেখবি ? এইখানে আয় । অনেক দূর থেকে অনেক আশা করে ঠাকুরনাকে দেখতে এসেছিস, তবে একবার চেয়ে দেখ ।

মন্দিরের দ্বার-উদ্ঘাটন । প্রতিমার পশ্চাত্তাগ দৃশ্যমান

সকলে । ও কী ! মার মুখ কোন্‌ দিকে ?

অক্রুর । ওরে, মা বিমুখ হয়েছেন !

সকলে । ও মা, ফিরে দাঁড়া মা ! ফিরে দাঁড়া মা ! ফিরে দাঁড়া মা ! একবার ফিরে দাঁড়া ! মা কোথায় ! মা কোথায় ! আমরা তোকে ফিরিয়ে আনব মা ! আমরা তোকে ছাড়ব না । চাই তে আমাদের রাজা । যাক রাজা ! মরুক রাজা !

রঘুপতির নিকট আসিয়া

জয়সিংহ । প্রভু, আমি কি একটি কথাও কব না ?

রঘুপতি । না ।

জয়সিংহ । সন্দেহের কি কোনো কারণ নেই ?

রঘুপতি । না ।

জয়সিংহ । সমস্তই কি বিশ্বাস করব ?

রঘুপতি । হাঁ ।

অপর্ণার প্রবেশ

পার্শ্বে আসিয়া

অপর্ণা । জয়সিংহ ! এসো জয়সিংহ, শীঘ্র এসো
এ মন্দির ছেড়ে ।

জয়সিংহ । বিদীর্ণ হইল বন্ধ ।

[রঘুপতি অপর্ণা ও জয়সিংহের প্রস্থান]

রাজার প্রবেশ

প্রজাগণ । রক্ষা করো মহারাজ, আমাদের রক্ষা
করো— মাকে ফিরে দাও !

গোবিন্দমাণিক্য ।

বৎসগণ, করো

অবধান । সেই মোর প্রাণপণ সাধ
জননীরে ফিরে এনে দেব !

প্রজাগণ ।

জয় হোক

মহারাজ, জয় হোক তব ।

গোবিন্দমাণিক্য ।

একবার

শুধাই তোদের, তোরা কি মায়ের গর্ভে
নিস নি জনম ? মাতৃগণ, তোমরা তো
অনুভব করিয়াছ কোমল হৃদয়ে
মাতৃস্নেহসুধা— বলো দেখি মা কি নেই ?
মাতৃস্নেহ সব হতে পবিত্র প্রাচীন ;
সৃষ্টির প্রথম দণ্ডে মাতৃস্নেহ শুধু
একেলা জাগিয়া বসে ছিল, নতনেত্রে
তরুণ বিশ্বেরে কোলে লয়ে । আজিও সে
পুরাতন মাতৃস্নেহ রয়েছে বসিয়া
ধৈর্যের প্রতিমা হয়ে । সহিয়াছে কত
উপদ্রব, কত শোক, কত ব্যথা, কত
অনাদর— চোখের সম্মুখে ভায়ে ভায়ে
কত রক্তপাত, কত নিষ্ঠুরতা, কত
অবিশ্বাস— বাক্যহীন বেদনা বহিয়া
তবু সে জননী আছে বসে, দুর্বলের
তরে কোল পাতি, একান্ত যে নিরুপায়
তারি তরে সমস্ত হৃদয় দিয়ে । আজ
কী এমন অপরাধ করিয়াছি মোরা
যার লাগি সে অসীম স্নেহ চলে গেল
চিরমাতৃহীন করে অনাথ সংসার !
বৎসগণ, মাতৃগণ, বলো, খুলে বলো—
কী এমন করিয়াছি অপরাধ ?

কেহ কেহ ।

মা'র

বলি নিষেধ করেছ ! বন্ধ মা'র পূজা !

গোবিন্দমাণিক্য ।

নিষেধ করেছি বলি, সেই অভিমানে
বিমুখ হয়েছে মাতা ! আসিছে মড়ক,
উপবাস, অনাবৃষ্টি, অগ্নি, রক্তপাত—
মা তোদের এমনি মা বটে ! দণ্ডে দণ্ডে
ক্ষীণ শিশুটিরে স্তন্য দিয়ে ঝাঁচাইয়ে
তোলে মাতা, সে কি তার রক্তপানলোভে ?
হেন মাতৃ-অপমান মনে স্থান দিলি
যবে, আজন্মের মাতৃস্নেহস্মৃতিমাঝে
ব্যথা বাজিল না ? মনে পড়িল না মা'র
মুখ ?— 'রক্ত চাই' 'রক্ত চাই' গরজন
করিছে জননী, অবোলা দুর্বল জীব

প্রাণভয়ে কাঁপে থরথর— নৃত্য করে
 দয়াহীন নরনারী রক্তমস্ততায়—
 এই কি মায়ের পরিবার ? পুত্রগণ,
 এই কি মায়ের স্নেহছবি ?

প্রজাগণ ।

মূর্খ মোরা

বুঝিতে পারি নে ।

গোবিন্দমাণিক্য ।

বুঝিতে পারো না ! শিশু

দু দিনের, কিছু যে বোঝে না আর, সেও
 তার জননীকে বোঝে । সেও বোঝে, ভয়
 পেলে নির্ভয় মায়ের কাছে ; সেও বোঝে
 ক্ষুধা পেলে দুগ্ধ আছে মাতৃস্তনে ; সেও
 ব্যথা পেলে কাঁদে মা'র মুখ চেয়ে ।— তোরা
 এমনি কি ভুলে শ্রান্ত হলি, মাকে গেলি
 ভুলে ? বুঝিতে পারো না মাতা দয়াময়ী !
 বুঝিতে পারো না জীবজননীর পূজা
 জীবরক্ত দিয়ে নহে, ভালোবাসা দিয়ে !
 বুঝিতে পারো না— ভয় যেথা মা সেখানে
 নয়, হিংসা যেথা মা সেখানে নাই, রক্ত
 যেথা মা'র সেথা অশ্রুজল । ওরে বৎস,
 কী করিয়া দেখাব তোদের, কী বেদনা
 দেখেছি মায়ের মুখে, কী কাতর দয়া,
 কী ভৎসনা অভিমান-ভরা ছলছল
 নেত্রে তাঁর । দেখাইতে পারিতাম যদি,
 সেই দণ্ডে চিনিতিস আপনার মাকে ।
 দয়া এল দীনবেশে মন্দিরের দ্বারে,
 অশ্রুজলে মুছে দিতে কলঙ্কের দাগ
 মা'র সিংহাসন হতে— সেই অপরাধে
 মাতা চলে গেল রোষভরে, এই তোরা
 করিলি বিচার ?

অপর্ণার প্রবেশ

প্রজাগণ ।

আপনি চাহিয়া দেখো,

বিমুখ হয়েছে মাতা সন্তানের 'পরে ।

মন্দিরের দ্বারে উঠিয়া

অপর্ণা ।

বিমুখ হয়েছে মাতা ! আয় তো মা, দেখি,
 আয় তো সমুখে একবার !

প্রতিমা ফিরাইয়া

এই দেখো

মুখ ফিরায়েছে মাতা ।

সকলে । ফিরেছে জননী !
জয় হোক ! জয় হোক ! মাতঃ, জয় হোক ।

সকলে মিলিয়া গান

থাকতে আর তো পারলি নে মা, পারলি কই ?
কোলের সন্তানেরে ছাড়লি কই ?
দোষী আছি অনেক দোষে, ছিলি বসে ক্ষণিক রোষে,
মুখ তো ফিরালি শেষে, অভয় চরণ কাড়লি কই ?

[সকলের প্রশ্ন

জয়সিংহ ও রঘুপতির প্রবেশ

জয়সিংহ । সত্য বলো, প্রভু, তোমারি এ কাজ ?

রঘুপতি ।

সত্য

কেন না বলিব ? আমি কি ডরাই সত্য
বলিবারে ? আমারি এ কাজ । প্রতিমার
মুখ ফিরায়ে দিয়েছি আমি । কী বলিতে
চাও বলো । হয়েছ গুরুর গুরু তুমি,
কী ভর সনা করিবে আমারে ? দিবে কোন্
উপদেশ ?

জয়সিংহ । বলিবার কিছু নাই মোর ।

রঘুপতি । কিছু নাই ? কোনো প্রশ্ন নাই মোর কাছে ?

সন্দেহ জন্মিলে মনে মীমাংসার তরে
চাহিবে না গুরু-উপদেশ ? এত দূরে
গেছ ? মনে এতই কি ঘটেছে বিচ্ছেদ ?
মূঢ়, শোনো । সত্যই তো বিমুখ হয়েছে
দেবী, কিন্তু তাই ব'লে প্রতিমার মুখ
নাহি ফিরে । মন্দিরে যে রক্তপাত করি
দেবী তাহা করে পান, প্রতিমার মুখে
সে রক্ত উঠে না । দেবতার অসন্তোষ
প্রতিমার মুখে প্রকাশ না পায় । কিন্তু
মূর্খদের কেমনে বুঝাব ! চোখে চাহে
দেখিবারে, চোখে যাহা দেখিবার নয় ।
মিথ্যা দিয়ে সত্যেরে বুঝাতে হয় তাই ।
মূর্খ, তোমার আমার হাতে সত্য নাই ।
সত্যের প্রতিমা সত্য নহে, কথা সত্য
নহে, লিপি সত্য নহে, মূর্তি সত্য নহে—
চিন্তা সত্য নহে । সত্য কোথা আছে— কেহ
নাহি জানে তারে, কেহ নাহি পায় তারে ।
সেই সত্য কোটি মিথ্যারূপে চারি দিকে
ফাটিয়া পড়েছে । সত্য তাই নাম ধরে
মহামায়া, অর্থ তার 'মহামিথ্যা' । সত্য

মহারাজ বসে থাকে রাজ-অস্তঃপুরে—
শত মিথ্যা প্রতিনিধি তার, চতুর্দিকে
মরে খেটে খেটে ।—

শিরে হাত দিয়ে, ব'সে
ব'সে ভাবো— আমার অনেক কাজ আছে !
আবার গিয়েছে ফিরে প্রজাদের মন ।

জয়সিংহ । যে তরঙ্গ তীরে নিয়ে আসে, সেই ফিরে
অকূলের মাঝখানে টেনে নিয়ে যায় ।
সত্য নহে, সত্য নহে, সত্য নহে— সবই
মিথ্যা ! মিথ্যা ! মিথ্যা ! দেবী নাই প্রতিমার
মাঝে, তবে কোথা আছে ? কোথাও সে নাই !
দেবী নাই ! ধন্য ধন্য ধন্য মিথ্যা তুমি !

দ্বিতীয় দৃশ্য

প্রাসাদকক্ষ

গোবিন্দমাণিক্য ও চাঁদপাল

চাঁদপাল । প্রজারা করিছে কুমন্ত্রণা । মোগলের
সেনাপতি চলিয়াছে আসামের দিকে
যুদ্ধ-লাগি, নিকটেই আছে, দুই-চারি
দিবসের পথে— প্রজারা তাহারি কাছে
পাঠাবে প্রস্তাব তোমারে করিতে দূর
সিংহাসন হতে ।

গোবিন্দমাণিক্য । আমারে করিবে দূর ?
মোর 'পরে এত অসন্তোষ ?

চাঁদপাল । মহারাজ,
সেবকের অনুনয় রাখো— পশুরক্ত
এত যদি ভালো লাগে নিষ্ঠুর প্রজার
দাও তাহাদের পশু, রাক্ষসী প্রবৃত্তি
পশুর উপর দিয়া যাক । সর্বদাই
ভয়ে ভয়ে আছি কখন কী হয়ে পড়ে ।

গোবিন্দমাণিক্য । আছে ভয় জানি চাঁদপাল, রাজকার্য
সেও আছে । পাথার ভীষণ, তবু তরী
তীরে নিয়ে যেতে হবে । গেছে কি প্রজার
দূত মোগলের কাছে ?

চাঁদপাল । এতক্ষণে গেছে ।

গোবিন্দমাণিক্য । চাঁদপাল, তুমি তবে যাও এই বেলা,
মোগলের শিবিরের কাছাকাছি থেকে—
যখন যা ঘটে সেথা পাঠায়ো সংবাদ ।

চাঁদপাল । মহারাজ, সাবধানে থেকে হেথা প্রভু,
অন্তরে বাহিরে শত্রু ।

[প্রস্থান

গুণবতীর প্রবেশ

গোবিন্দমাণিক্য । প্রিয়ে, বড়ো শুষ্ক,
বড়ো শূন্য এ সংসার । অন্তরে বাহিরে
শত্রু । তুমি এসে ক্ষণেক দাঁড়াও হেসে,
ভালোবেসে চাও মুখপানে । প্রেমহীন
অঙ্ককার ষড়যন্ত্র বিপদ বিদ্বেষ
সবার উপরে, হোক তব সুধাময়
আবির্ভাব, ঘোর নিশীথের শিরোদেশে
নির্নিমেষ চন্দ্রের মতন । প্রিয়তমে,
নিরুত্তর কেন ? অপরাধ-বিচারের
এই কি সময় ? তৃষার্ত হৃদয় যবে
মুমূর্ষুর মতো চাহে মরুভূমি-মাঝে
সুধাপাত্র হাতে নিয়ে ফিরে চলে যাবে ?

[গুণবতীর প্রস্থান

চলে গেলে ! হায়, দুর্বহজীবন !

নক্ষত্রায়ের প্রবেশ

স্বগত

নক্ষত্রায় । যেথা যাই সকলেই বলে, 'রাজা হবে ?'—
'রাজা হবে ?'— এ বড়ো আশ্চর্য কাণ্ড । একা
বসে থাকি, তবু শুনি কে যেন বলিছে—
রাজা হবে ? রাজা হবে ? দুই কানে যেন
বাসা করিয়াছে দুই টিয়ে পাখি, এক
বুলি জানে শুধু— রাজা হবে ? রাজা হবে ?
ভালো বাপু, তাই হব, কিন্তু রাজরক্ত
সে কি তোরা এনে দিবি ?

গোবিন্দমাণিক্য ।

নক্ষত্র !

নক্ষত্র সচকিত

নক্ষত্র !

আমারে মারিবে তুমি ? বলো, সত্য বলো,
আমারে মারিবে ? এই কথা জাগিতেছে
হৃদয়ে তোমার নিশিদিন ? এই কথা

মনে নিয়ে মোর সাথে হাসিয়া বলেছ
 কথা, প্রণাম করেছ পায়ে, আশীর্বাদ
 করেছ গ্রহণ, মধ্যাহ্নে আহারকালে
 এক অন্ন ভাগ করে করেছ ভোজন
 এই কথা নিয়ে ? বুকে ছুরি দেবে ? ওরে
 ভাই, এই বুকে টেনে নিয়েছিলু তোরে
 এ কঠিন মর্তভূমি প্রথম চরণে
 তোর বেজেছিল যবে— এই বুকে টেনে
 নিয়েছিলু তোরে, যেদিন জননী, তোর
 শিরে শেষ স্নেহহস্ত রেখে, চলে গেল
 ধরাধাম শূন্য করি— আজ সেই তুই
 সেই বুকে ছুরি দিবি ? এক রক্তধারা
 বহিতেছে দৌহার শরীরে, যেই রক্ত
 পিতৃপিতামহ হতে বহিয়া এসেছে
 চিরদিন ভাইদের শিরায় শিরায়—
 সেই শিরা ছিন্ন করে দিয়ে সেই রক্ত
 ফেলিবি ভূতলে ? এই বন্ধ করে দিনু
 দ্বার, এই নে আমার তরবারি, মার
 অব্যাহত বন্ধে, পূর্ণ হোক মনস্কাম !

নক্ষত্রায় । ক্ষমা করো ! ক্ষমা করো ভাই ! ক্ষমা করো !
 গোবিন্দমাণিক্য । এসো বৎস, ফিরে এসো ! সেই বন্ধে ফিরে
 এসো ! ক্ষমা ভিক্ষা করিতেছ ? এ সংবাদ
 শুনেছি যখন, তখনি করেছি ক্ষমা ।
 তোরে ক্ষমা না করিতে অক্ষম যে আমি ।
 নক্ষত্রায় । রঘুপতি দেয় কুমন্ত্রণা । রক্ষ মোরে
 তার কাছ হতে ।
 গোবিন্দমাণিক্য । কোনো ভয় নেই ভাই !

তৃতীয় দৃশ্য

অন্তঃপুরকক্ষ

গুণবতী

গুণবতী । তবু তো হল না । আশা ছিল মনে মনে
 কঠিন হইয়া থাকি কিছুদিন যদি
 তাহা হলে আপনি আসিবে ধরা দিতে
 প্রেমের তৃষায় । এত অহংকার ছিল
 মনে । মুখ ফিরে থাকি, কথা নাহি কই,

অশ্রুও ফেলি নে, শুধু শুষ্ক রোষ, শুধু
 অবহেলা— এমন তো কতদিন গেল !
 শুনেছি নারীর রোষ পুরুষের কাছে
 শুধু শোভা আভাময়, তাপ নাহি তাহে—
 হীরকের দীপ্তিসম ! ধিক্ থাক্ শোভা !
 এ রোষ বজ্রের মতো হত যদি, তবে
 পড়িত প্রাসাদ-'পরে, ভাঙিত রাজার
 নিদ্রা, চূর্ণ হত রাজ-অহংকার, পূর্ণ
 হত রানীর মহিমা ! আশ্বি রানী, কেন
 জন্মাইলে এ মিথ্যা বিশ্বাস ! হৃদয়ের
 অধীশ্বরী তব, এই মন্ত্র প্রতিদিন
 কেন দিলে কানে ? কেন না জানালে মোরে
 আমি ক্রীতদাসী, রাজার কিংকরী শুধু,
 রানী নহি— তাহা হলে আজিকে সহসা
 এ আঘাত, এ পতন সহিতে হত না !

ধুবের প্রবেশ

কোথা যাস তুই ?

ধুব । আমারে ডেকেছে রাজা ।

[প্রস্থান

গুণবতী । রাজার হৃদয়রত্ন এই সে বালক !
 ওরে শিশু, চুরি করে নিয়েছিস তুই
 আমার সন্তানতরে যে আসন ছিল ।
 না আসিতে আমার বাছারা, তাহাদের
 পিতৃশ্নেহ-'পরে তুই বসাইলি ভাগ !
 রাজহৃদয়ের সুধাপাত্র হতে, তুই
 নিলি প্রথম অঞ্জলি— রাজপুত্র এসে
 তোরি কি প্রসাদ পাবে ওরে রাজদ্রোহী !—
 মা গো মহামায়া, একি তোর অবিচার !
 এত সৃষ্টি, এত খেলা তোর— খেলাচ্ছলে
 দে আমারে একটি সন্তান— দে জননী,
 শুধু এইটুকু শিশু, কোলটুকু ভ'রে
 যায় যাহে । তুই যা বাসিস ভালো, তাই
 দিব তোরে ।

নন্দরায়ের প্রবেশ

নন্দর, কোথায় যাও ? ফিরে
 যাও কেন ? এত ভয় করে তব ? আমি
 নারী, অস্ত্রহীন, বলহীন, নিরুপায়,
 অসহায়— আমি কি ভীষণ এত ?

- নক্ষত্রায় । না, না,
মোরে ডাকিয়ো না ।
- গুণবতী । কেন, কী হয়েছে ?
- নক্ষত্রায় । আমি
রাজা নাহি হব ।
- গুণবতী । নাই হলে । তাই বলে
এত আশ্ফালন কেন ?
- নক্ষত্রায় । চিরকাল বেঁচে
থাক রাজা, আমি যেন যুবরাজ থেকে
মরি ।
- গুণবতী । তাই মরো । শীঘ্র মরো । পূর্ণ হোক
মনোরথ । আমি কি তোমার পায়ে ধরে
রেখেছি বাঁচিয়ে ?
- নক্ষত্রায় । তবে কী বলিবে বলো ।
- গুণবতী । যে চোর করিছে চুরি তোমারি মুকুট
তাহারে সরিয়ে দাও । বুঝেছ কি ?
- নক্ষত্রায় । সব
বুঝিয়াছি, শুধু কে সে চোর বুঝি নাই ।
- গুণবতী । ওই-যে বালক ধুব । বাড়িছে রাজার
কোলে, দিনে দিনে উঁচু হয়ে উঠিতেছে
মুকুটের পানে ।
- নক্ষত্রায় । তাই বটে ? এতক্ষণে
বুঝিলাম সব । মুকুট দেখেছি বটে
ধুবের মাথায় । আমি বলি শুধু খেলা ।
- গুণবতী । মুকুট লইয়া খেলা ? বড়ো কাল-খেলা—
এই বেলা ভেঙে দাও খেলা— নহে তুমি
সে খেলার হইবে খেলেনা ।
- নক্ষত্রায় । তাই বটে !
এ তো ভালো খেলা নয় ।
- গুণবতী । অর্ধরাত্রে আজি
গোপনে লইয়া তারে দেবীর চরণে
মোর নামে কোরো নিবেদন । তার রক্তে
নিবে যাবে দেবরোষানল, স্থায়ী হবে
সিংহাসন এই রাজবংশে— পিতৃলোক
গাহিবেন কল্যাণ তোমার । বুঝেছ কি ?
- নক্ষত্রায় । বুঝিয়াছি ।
- গুণবতী । তবে যাও ! যা বলি নি করো ।
মনে রেখো, মোর নামে কোরো নিবেদন ।
- নক্ষত্রায় । তাই হবে । মুকুট লইয়া খেলা ! এ কী
সর্বনাশ ! দেবীর সন্তোষ, রাজ্যরক্ষা,
পিতৃলোক— বুঝিতে কিছুই বাকি নেই ।

চতুর্থ দৃশ্য মন্দিরসোপান

জয়সিংহ

জয়সিংহ । দেবী আছ, আছ তুমি । দেবী, থাকো তুমি ।
এ অসীম রজনীর সর্বপ্রান্তশেষে
যদি থাকো কণামাত্র হয়ে, সেথা হতে
ক্ষীণতম স্বরে সাড়া দাও, বলো মোরে
'বৎস, আছি'— নাই, নাই নাই, দেবী নাই !
নাই ? দয়া করে থাকো ! অয়ি মায়াময়ী
মিথ্যা, দয়া কর, দয়া কর জয়সিংহে,
সত্য হয়ে ওঠ । আশৈশব ভক্তি মোর,
আজন্মের প্রেম তোরে প্রাণ দিতে নারে ?
এত মিথ্যা তুই ?— এ জীবন করে দিলি
জয়সিংহ ! সব ফেলে দিলি সত্যশূন্য,
দয়াশূন্য, মাতৃশূন্য সর্বশূন্য -মাঝে !

অপর্ণার প্রবেশ

অপর্ণা, আবার এসেছিস ? তাড়ালেম
মন্দিরবাহিরে, তবু তুই অনুক্ষণ
আশে-পাশে চারি দিকে ঘুরিয়া বেড়াস
সুখের দুরাশা-সম দরিদ্রের মনে ?
সত্য আর মিথ্যায় প্রভেদ শুধু এই !—
মিথ্যারে রাখিয়া দিই মন্দিরের মাঝে
বহুযত্নে, তবুও সে থেকেও থাকে না ।
সত্যেরে তাড়িয়ে দিই মন্দিরবাহিরে
অনাদরে, তবুও সে ফিরে ফিরে আসে ।
অপর্ণা, যাস নে তুই— তোরে আমি আর
ফিরাব না । আয়, এইখানে বসি দোঁহে ।
অনেক হয়েছে রাত । কৃষ্ণপক্ষশশী
উঠিতেছে তরু-অস্তুরালে । চরাচর
সুপ্তিমগ্ন, শুধু মোরা দোঁহে নিদ্রাহীন ।
অপর্ণা, বিষাদময়ী, তোরেও কি গেছে
ফাঁকি দিয়ে মায়ার দেবতা ? দেবতায়
কোন আবশ্যিক ? কেন তারে ডেকে আনি
আমাদের ছোটোখাটো সুখের সংসারে ?
তারা কি মোদের ব্যথা বুঝে ? পাষণের
মতো, শুধু চেয়ে থাকে ! আপন ভায়েরে
প্রেম হতে বঞ্চিত করিয়া, সেই প্রেম

দিই তারে— সে কি তার কোনো কাজে লাগে ?
 এ সুন্দরী সুখময়ী ধরনী হইতে
 মুখ ফিরাইয়া, তার দিকে চেয়ে থাকি—
 সে কোথায় চায় ? তার কাছে ক্ষুদ্র বটে,
 তুচ্ছ বটে, তবু তো আমার মাতৃধরা ;
 তার কাছে কীটবৎ, তবু তো আমার
 ভাই ; অবহেলে অন্ধরথচক্রতলে
 দলিয়া চলিয়া যায়, তবু সে দলিত,
 উপেক্ষিত, তারা তো আমার আপনার ।
 আয় ভাই, নির্ভয়ে দেবতাহীন হয়ে
 আরো কাছাকাছি সবে বেঁধে বেঁধে থাকি ।
 রক্ত চাই ? স্বরগের ঐশ্বর্য ত্যজিয়া
 এ দরিদ্র ধরাতলে তাই কি এসেছ ?
 সেথায় মানব নেই, জীব নেই কেহ,
 রক্ত নেই, ব্যথা পাবে হেন কিছু নেই—
 তাই স্বর্গে হয়েছে অরুচি ? আসিয়াছ
 মৃগয়া করিতে, নির্ভয়বিশ্বাসসুখে
 যেথা বাসা বেঁধে আছে মানবের ক্ষুদ্র
 পরিবার ?— অপর্ণা, গালিকা, দেবী নাই !

অপর্ণা । জয়সিংহ, তবে চলে এসো, এ মন্দির
 ছেড়ে ।

জয়সিংহ । যাব, যাব, তাই যাব, ছেড়ে চলে
 যাব । হায় রে অপর্ণা, তাই যেতে হবে ।
 তবু, যে রাজত্বে আজন্ম করেছি বাস
 পরিশোধ করে দিয়ে তার রাজকর
 তবে যেতে পাব । থাক্ ও-সকল কথা ।
 দেখ্ চেয়ে গোমতীর শীর্ণ জলরেখা
 জ্যোৎস্নালোকে পুলকিত— কলধ্বনি তার
 এক কথা শতবার করিছে প্রকাশ ।
 আকাশেতে অর্ধচন্দ্র পাণ্ডুমুখচ্ছবি
 শ্রান্তিক্ষীণ— বহু রাত্রিজাগরণে যেন
 পড়েছে চাঁদের চোখে আধেক পল্লব
 ঘুমভারে । সুন্দর জগৎ ! হা অপর্ণা,
 এমন রাত্রির মাঝে দেবী নাই । থাক্
 দেবী । অপর্ণা, জানিস কিছু সুখভরা
 সুখভরা কোনো কথা ? শুধু তাই বল্ ।
 যা শুনিলে মুহূর্তে অতলে মগ্ন হয়ে
 ভুলে যাব জীবনের তাপ, মরণ যে
 কত মধুরতাময় আগে হতে পাব
 তার স্বাদ । অপর্ণা, এমন কিছু বল্

ওই মধুকণ্ঠে তোর, ওই মধু-আঁধি
 রেখে মোর মুখপানে, এই জনহীন
 স্তব্ধ রজনীতে, এই বিশ্বজগতের
 নিদ্রামাঝে, বল রে অপর্ণা, যা শুনিলে
 মনে হবে চারি দিকে আর কিছু নাই,
 শুধু ভালোবাসা ভাসিতেছে, পূর্ণিমার
 সুপুত্রাত্রে রজনীগন্ধার গন্ধসম ।

অপর্ণা । হায় জয়সিংহ, বলিতে পারি নে কিছু—
 বুঝি মনে আছে কত কথা ।

জয়সিংহ । তবে আরো
 কাছে আয়, মন হতে মনে যাক কথা—
 এ কী করিতেছি আমি ! অপর্ণা, অপর্ণা,
 চলে যা মন্দির ছেড়ে ! গুরুর আদেশ !

অপর্ণা । জয়সিংহ, হোয়ো না নিষ্ঠুর ! বার বার
 ফিরায়ো না ! কী সহেছি অন্তর্যামী জানে !

জয়সিংহ । তবে আমি যাই । এক দণ্ড হেথা নহে ।

কিয়দূর গিয়া ফিরিয়া

অপর্ণা, নিষ্ঠুর আমি ? এই কি রহিবে
 তোর মনে, জয়সিংহ নিষ্ঠুর, কঠিন !
 কখনো কি হাসিমুখে কহি নাই কথা ?
 কখনো কি ডাকি নাই কাছে ? কখনো কি
 ফেলি নাই অশ্রুজল তোর অশ্রু দেখে ?
 অপর্ণা, সে-সব কথা পড়িবে না মনে,
 শুধু মনে রহিবে জাগিয়া জয়সিংহ
 নিষ্ঠুর পাষণ ? যেমন পাষণ ওই
 পাষণের ছবি, দেবী বলিতাম যারে ?—
 হায় দেবী, তুই যদি দেবী হইতিস,
 তুই যদি বুঝতিস এই অন্তর্দাহ !

অপর্ণা । বুদ্ধিহীন ব্যথিত এ ক্ষুদ্র নারী-হিয়া,
 ক্ষমা করো এরে । এই বেলা চলে এসো,
 জয়সিংহ, এসো মোরা এ মন্দির ছেড়ে
 যাই ।

জয়সিংহ । রক্ষা করো ! অপর্ণা, করুণা করো !
 দয়া করে, মোরে ফেলে চলে যাও । এক
 কাজ বাকি আছে এ জীবনে, সেই হোক
 প্রাণেশ্বর— তার স্থান তুমি কাড়িয়ো না ।

[ক্রত প্রস্থান

অপর্ণা । শতবার সহিয়াছি, আজ কেন আর
 নাহি সহে ! আজ কেন ভেঙে পড়ে প্রাণ !

পঞ্চম দৃশ্য

মন্দির

নক্ষত্ররায় রঘুপতি ও নিদ্রিত ধ্রুব

রঘুপতি । কেঁদে কেঁদে ঘুমিয়ে পড়েছে । জয়সিংহ
এসেছিল মোর কোলে অমনি শৈশবে
পিতৃমাতৃহীন । সেদিন অমনি করে
কেঁদেছিল নূতন দেখিয়া চারি দিক,
হতাশ্বাস শ্রান্ত শোকে অমনি করিয়া
ঘুমায়ে পড়িয়াছিল সন্ধ্যা হয়ে গেলে
ওইখানে দেবীর চরণে ! ওরে দেখে
তার সেই শিশুমুখ শিশুর ক্রন্দন
মনে পড়ে ।

নক্ষত্ররায় । ঠাকুর, কোরো না দেরি আর—
ভয় হয় কখন সংবাদ পাবে রাজা ।

রঘুপতি । সংবাদ কেমন করে পাবে ? চারি দিক
নিশীথের নিদ্রা দিয়ে ঘেরা ।

নক্ষত্ররায় । একবার
মনে হল যেন দেখিলাম কার ছায়া !

রঘুপতি । আপন ভয়ের ।

নক্ষত্ররায় । শুনিলাম যেন কার
ক্রন্দনের স্বর !

রঘুপতি । আপনার হৃদয়ের ।
দূর হোক নিরানন্দ । এসো পান করি
কারণসলিল ।

মদ্যপান

মনোভাব যতক্ষণ

মনে থাকে, ততক্ষণ দেখায় বৃহৎ—
কার্যকালে ছোটো হয়ে আসে, বহু বাষ্প
গলে গিয়ে একবিন্দু জল । কিছুই না,
শুধু মুহূর্তের কাজ । শুধু শীর্ণশিখা
প্রদীপ নিভাতে যতক্ষণ ! ঘুম হতে
চকিতে মিলায়ে যাবে গাঢ়তর ঘুমে
ওই প্রাণরেখাটুকু— শ্রাবণনিশীথে
বিজুলিঝলক-সম, শুধু বজ্র তার
চিরদিন বিধে রবে রাজদস্ত-মাঝে ।
এসো এসো যুবরাজ, স্নান হয়ে কেন
বসে আছ এক পাশে— মুখে কথা নেই,

হাসি নেই, নির্বাপিতপ্রায় ! এসো, পান
করি আনন্দসলিল ।

নক্ষত্রায় । অনেক বিলম্ব
হয়ে গেছে । আমি বলি, আজ থাক । কাল
পূজা হবে ।

রঘুপতি । বিলম্ব হয়েছে বটে । রাত্রি
শেষ হয়ে আসে ।

নক্ষত্রায় । ওই শোনো পদধ্বনি ।

রঘুপতি । কই ? নাহি শুনি ।

নক্ষত্রায় । ওই শোনো, ওই দেখো
আলো ।

রঘুপতি । সংবাদ পেয়েছে রাজা ! আর তবে
এক পল দেরি নয় । জয় মহাকালী !

খড়া উত্তোলন

গোবিন্দমাণিক্য ও প্রহরীগণের প্রবেশ

রাজার নির্দেশক্রমে প্রহরীর দ্বারা রঘুপতি ও নক্ষত্রায় ধৃত হইল
গোবিন্দমাণিক্য । নিয়ে যাও কারাগারে, বিচার হইবে ।

চতুর্থ অঙ্ক

প্রথম দৃশ্য

বিচারসভা

গোবিন্দমাণিক্য রঘুপতি নক্ষত্রায়

সভাসদগণ ও প্রহরীগণ

রঘুপতিকে

গোবিন্দমাণিক্য । আর কিছু বলিবার আছে ?

রঘুপতি । কিছু নাই ।

গোবিন্দমাণিক্য । অপরাধ করিছ স্বীকার ?

রঘুপতি । অপরাধ ?

অপরাধ করিয়াছি বটে । দেবীপূজা
করিতে পারি নি শেষ— মোহে মূঢ় হয়ে
বিলম্ব করেছি অকারণে । তার শাস্তি
দিতেছেন দেবী, তুমি উপলক্ষ শুধু ।

গোবিন্দমাণিক্য । শুন সর্বলোক, আমার নিয়ম এই—
পবিত্র পূজার ছলে দেবতার কাছে

যে মোহাঙ্ক দিবে জীববলি, কিম্বা তারি
করিবে উদ্যোগ রাজ-আজ্ঞা তুচ্ছ করি,
নির্বাসনদণ্ড তার প্রতি । রঘুপতি,
অষ্ট বর্ষ নির্বাসনে করিবে যাপন ;
তোমারে আসিবে রেখে সৈন্য চারিজন
রাজ্যের বাহিরে ।

রঘুপতি । দেবী ছাড়া এ জগতে
এ জানু হয় নি নত আর কারো কাছে ।
আমি বিপ্র, তুমি শূদ্র, তবু জোড়করে
নতজানু আজ আমি প্রার্থনা করিব
তোমা-কাছে— দুই দিন দাও অবসর,
শ্রাবণের শেষ দুই দিন । তার পরে
শরতের প্রথম প্রত্যুষে— চলে যাব
তোমার এ অভিশপ্ত দক্ষ রাজ্য ছেড়ে,
আর ফিরাব না মুখ ।

গোবিন্দমাণিক্য । দুই দিন দিনু
অবসর ।

রঘুপতি । মহারাজ রাজ-অধিরাজ !
মহিমাগর তুমি কৃপা-অবতার !
ধূলির অধম আমি, দীন, অভাজন !

[প্রস্থান]

গোবিন্দমাণিক্য । নক্ষত্র, স্বীকার করো অপরাধ তব ।
নক্ষত্ররায় । মহারাজ, দোষী আমি । সাহস না হয়
মার্জনা করিতে ভিক্ষা ।

পদতলে পতন

গোবিন্দমাণিক্য । বলো তুমি কার
মন্ত্রণায় ভুলে এ কাজে দিয়েছ হাত ?
স্বভাবকোমল তুমি, নিদারুণ বুদ্ধি
এ তোমার নহে ।

নক্ষত্ররায় । আর করে দিব দোষ !
লব না এ পাপমুখে আর কারো নাম ।
আমি শুধু একা অপরাধী । আপনার
পাপমন্ত্রণায় আপনি ভুলেছি । শত
দোষ ক্ষমা করিয়াছ নির্বোধ ভ্রাতার,
আরবার ক্ষমা করো !

গোবিন্দমাণিক্য । নক্ষত্র, চরণ
ছেড়ে ওঠো, শোনো কথা । ক্ষমা কি আমার
কাজ ? বিচারক আপন শাসনে বদ্ধ,
বন্দী হতে বেশি বন্দী । এক অপরাধে

দণ্ড পাবে এক জনে, মুক্তি পাবে আর,
এমন ক্ষমতা নাই বিধাতার— আমি
কোথা আছি !

সকলে । ক্ষমা করো, ক্ষমা করো প্রভু !

নক্ষত্র তোমার ভাই ।

গোবিন্দমাণিক্য । স্থির হও সবে ।

ভাই বন্ধু কেহ নাই মোর, এ আসনে
যতক্ষণ আছি । প্রমাণ হইয়া গেছে
অপরাধ । ছাড়ায়ে ত্রিপুররাজ্যসীমা
ব্রহ্মপুত্র নদীতীরে আছে রাজগৃহ
তীর্থস্নানতরে, সেথায় নক্ষত্ররায়
অষ্ট বর্ষ নির্বাসন করিবে যাপন ।

প্রহরীগণ নক্ষত্রকে লইয়া যাইতে উদ্যত । রাজার
সিংহাসন হইতে অবরোহণ

দিয়ে যাও বিদায়ের আলিঙ্গন । ভাই,
এ দণ্ড তোমার শুধু একেলার নহে,
এ দণ্ড আমার । আজ হতে রাজগৃহ
সূচিকণ্টকিত হয়ে বিধিবে আমায় ।
রহিল তোমার সাথে আশীর্বাদ মোর ;
যত দিন দূরে র'বি রাখিবেন তোরে
দেবগণ ।

[নক্ষত্রের প্রস্থান

সভাসদগণের প্রতি

সভাগৃহ ছেড়ে যাও সবে,
ক্ষণেক একেলা রব আমি ।

[সকলের প্রস্থান

দ্রুত নয়নরায়ের প্রবেশ

নয়নরায় । মহারাজ,

সমূহ বিপদ !

গোবিন্দমাণিক্য । রাজা কি মানুষ নহে ?

হায় বিধি, হৃদয় তাহার গড় নি কি
অতি দীনদরিদ্রের সমান করিয়া ?
দুঃখ দিবে সবার মতন, অশ্রুজল
ফেলিবারে অবসর দিবে না কি শুধু ?—
কিসের বিপদ, বলে যাও শীঘ্র করি ।

নয়নরায় । মোগলের সৈন্য সাথে আসে চাঁদপাল,
নাশিতে ত্রিপুরা ।

গোবিন্দমাণিক্য । এ নহে নয়নরায়,
তোমার উচিত । শত্রু বটে চাঁদপাল,

তাই বলে তার নামে হেন অপবাদ !
 নয়নরায় । অনেক দিয়েছ দণ্ড হীন অধীনেরে,
 আজ এই অবিশ্বাস সব চেয়ে বেশি ।
 শ্রীচরণচ্যুত হয়ে আছি, তাই বলে
 গিয়েছি কি এত অধঃপাতে !

গোবিন্দমাণিক্য । ভালো করে
 বলো আরবার, বুঝে দেখি সব ।

নয়নরায় । যোগ
 দিয়ে মোগলের সাথে চাহে চাঁদপাল
 তোমারে করিতে রাজ্যচ্যুত ।

গোবিন্দমাণিক্য । তুমি কোথা
 পেলে এ সংবাদ ?

নয়নরায় । যেদিন আমারে প্রভু
 নিরস্ত্র করিলে, অস্ত্রহীন লাজে চলে
 গেনু দেশান্তরে ; শুনলাম আসামের
 সাথে মোগলের বাধিছে বিবাদ ; তাই
 চলেছি সেথাকার রাজসম্মিধানে
 মাগিতে সৈনিকপদ । পথে দেখিলাম
 আসিছে মোগল সৈন্য ত্রিপুরার পানে,
 সঙ্গে চাঁদপাল । সন্ধান জেনেছি তার
 অভিসন্ধি । ছুটিয়া এসেছি রাজপদে ।

গোবিন্দমাণিক্য । সহসা এ কী হল সংসারে হে বিধাতঃ !
 শুধু দুই-চারিদিন হল, ধরণীর
 কোন্‌খানে ছিদ্রপথ হয়েছে বাহির,
 সমুদয় নাগবংশ রসাতল হতে
 উঠিতেছে চারি দিকে পৃথিবীর 'পরে—
 পদে পদে তুলিতেছে ফণা । এসেছে কি
 প্রলয়ের কাল !— এখন সময় নহে
 বিস্ময়ের । সেনাপতি, লহো সৈন্যভার ।

দ্বিতীয় দৃশ্য

মন্দিরপ্রাঙ্গণ

জয়সিংহ ও রঘুপতি

রঘুপতি । গেছে গর্ব, গেছে তেজ, গেছে ব্রাহ্মণত্ব ।
 ওরে বৎস, আমি তোর গুরু নহি আর !
 কাল আমি অসংশয়ে করেছি আদেশ
 গুরুর গৌরবে, আজ শুধু সানুনয়ে

ভিক্ষা মাগিবার, মোর আছে অধিকার ।
 অন্তরেতে সে দীপ্তি নিবেছে, যার বলে
 তুচ্ছ করিতাম আমি ঐশ্বৰ্যের জ্যোতি,
 রাজার প্রতাপ । নক্ষত্র পড়িলে খসি
 তার চেয়ে শ্রেষ্ঠতর মাটির প্রদীপ ।
 তাহারে খুঁজিয়া ফিরে পরিহাসভরে
 খদ্যোত ধূলির মাঝে, খুঁজিয়া না পায় ।
 দীপ প্রতিদিন নেভে, প্রতিদিন জ্বলে,
 বারেক নিভিলে তারা চির-অন্ধকার !
 আমি সেই চিরদীপ্তিহীন ; সামান্য এ
 পরমায়ু, দেবতার অতি ক্ষুদ্র দান,
 ভিক্ষা মেগে লইয়াছি তারি দুটো দিন
 রাজদ্বারে নতজানু হয়ে । জয়সিংহ,
 সেই দুই দিন যেন ব্যর্থ নাহি হয় ।
 সেই দুই দিন যেন আপন কলঙ্ক
 ঘুচায়ে মরিয়া যায় । কালামুখ তার
 রাজরক্তে রাঙা করে তবে যায় যেন ।
 বৎস, কেন নিরুত্তর ? গুরুর আদেশ
 নাহি আর : তবু তোরে করেছি পালন
 আশৈশব, কিছু নহে তার অনুরোধ ?
 নহি কি রে আমি তোর পিতার অধিক
 পিতৃবিহীনের পিতা বলে ? এই দুঃখ,
 এত করে স্মরণ করাতে হল ! কৃপা-
 ভিক্ষা সহ্য হয়, ভালোবাসা ভিক্ষা করে
 যে অভাগ্য, ভিক্ষকের অধম ভিক্ষুক
 সে যে । বৎস, তবু নিরুত্তর ? জানু তবে
 আরবার নত হোক । কোলে এসেছিল
 যবে, ছিল এতটুকু, এ জানুর চেয়ে
 ছোটো— তার কাছে নত হোক জানু । পুত্র,
 ভিক্ষা চাই আমি ।

জয়সিংহ ।

পিতা, এ বিদীর্ণ বৃকে
 আর হানিয়ো না বজ্র । রাজরক্ত চাহে
 দেবী, তাই তারে এনে দিব । যাহা চাহে
 সব দিব । সব ঋণ শোধ করে দিয়ে
 যাব । তাই হবে । তাই হবে ।

[প্রস্থান

রঘুপতি ।

তবে তাই
 হোক । দেবী চাহে, তাই বলে দিস । আমি
 কেহ নই । হায় অকৃতজ্ঞ, দেবী তোর
 কী করেছে ? শিশুকাল হতে দেবী তোরে

প্রতিদিন করেছে পালন ? রোগ হলে
করিয়েছে সেবা ? ক্ষুধায় দিয়েছে অন্ন ?
মিটায়েছে জ্ঞানের পিপাসা ? অবশেষে
এই অকৃতজ্ঞতার ব্যথা নিয়েছে কি
দেবী বুক পেতে ? হায়, কলিকাল ! থাক !

তৃতীয় দৃশ্য

প্রাসাদকক্ষ

গোবিন্দমাণিক্য

নয়নরায়ের প্রবেশ

নয়নরায় । বিদ্রোহী সৈনিকদের এনেছি ফিরায়ে,
যুদ্ধসজ্জা হয়েছে প্রস্তুত । আজ্ঞা দাও
মহারাজ, অগ্রসর হই— আশীর্বাদ
করো—

গোবিন্দমাণিক্য । চলো সেনাপতি, নিজে আমি যাব
রণক্ষেত্রে ।

নয়নরায় । যতক্ষণ এ দাসের দেহে
প্রাণ আছে, ততক্ষণ মহারাজ, ক্ষান্ত
থাকো, বিপদের মুখে গিয়ে—

গোবিন্দমাণিক্য । সেনাপতি,
সবার বিপদ-অংশ হতে মোর অংশ
নিতে চাই আমি । মোর রাজ-অংশ, সব
চেয়ে বেশি । এসো সৈন্যগণ, লহো মোরে
তোমাদের মাঝে । তোমাদের নৃপতিরে
দূর সিংহাসনচূড়ে নির্বাসিত করে
সমরগৌরব হতে বঞ্চিত কোরো না ।

চরের প্রবেশ

চর । নির্বাসনপথ হতে লয়েছে কাড়িয়া
কুমার নক্ষত্ররায়ের মোগলের সেনা ;
রাজপদে বরিয়েছে তাঁরে । আসিছেন
সৈন্য লয়ে রাজধানী-পানে ।

গোবিন্দমাণিক্য । চুকে গেল ।
আর ভয় নাই । যুদ্ধ তবে গেল মিটে ।

প্রহরীর প্রবেশ

প্রহরী । বিপক্ষশিবির হতে পত্র আসিয়াছে ।
গোবিন্দমাণিক্য । নক্ষত্রের হস্তলিপি । শান্তির সংবাদ

হবে বুঝি ।— এই কি স্নেহের সস্তাষণ !
 এ তো নহে নক্ষত্রের ভাষা ! চাহে মোর
 নির্বাসন, নতুবা ভাসাবে রক্তশ্রোতে
 সোনার ত্রিপুরা— দক্ষ করে দিবে দেশ,
 বন্দী হবে মোগলের অন্তঃপুরতরে
 ত্রিপুররমণী ?— দেখি, দেখি, এই বটে
 তারি লিপি । ‘মহারাজ নক্ষত্রমাণিক্য !’
 মহারাজ ! দেখো সেনাপতি— এই দেখো
 রাজদণ্ডে-নির্বাসিত দিয়েছে রাজারে
 নির্বাসনদণ্ড । এমনি বিধির খেলা !

নয়নরায় । নির্বাসন ! এ কী স্পর্ধা ! এখনো তো যুদ্ধ
 শেষ হয় নাই ।

গোবিন্দমাণিক্য । এ তো নহে মোগলের
 দল । ত্রিপুরার রাজপুত্র রাজা হতে
 করিয়াছে সাধ, তার তরে যুদ্ধ কেন ?

নয়নরায় । রাজ্যের মঙ্গল—

গোবিন্দমাণিক্য । রাজ্যের মঙ্গল হবে ?
 দাঁড়াইয়া মুখোমুখি দুই ভাই হানে
 ভ্রাতৃবন্ধ লক্ষ্য করে মৃত্যুমুখী ছুরি,
 রাজ্যের মঙ্গল হবে তাহে ? রাজ্যে শুধু
 সিংহাসন আছে— গৃহস্থের ঘর নেই,
 ভাই নেই, ভ্রাতৃভবন্ধন নেই হেথা ?
 দেখি দেখি আরবার— এ কি তার লিপি ?
 নক্ষত্রের নিজের রচনা নহে । আমি
 দস্যু, আমি দেবদ্বেষী, আমি অবিচারী,
 এ রাজ্যের অকল্যাণ আমি ! নহে, নহে,
 এ তার রচনা নহে ।— রচনা যাহারই
 হোক, অক্ষর তো তারি বটে । নিজ হস্তে
 লিখেছে তো সেই— যে সর্পেরই বিষ হোক,
 নিজের অক্ষরমুখে মাখায়ে দিয়েছে,
 হেনেছে আমার বৃকে ।— বিধি, এ তোমার
 শাস্তি, তার নহে । নির্বাসন ! তাই হোক ।
 তার নির্বাসনদণ্ড তার হয়ে আমি
 নীরবে বিনম্র শিরে করিব বহন ।

পঞ্চম অঙ্ক

প্রথম দৃশ্য

মন্দির । বাহিরে ঝড়

রঘুপতি

পূজোপকরণ লইয়া


রঘুপতি । এতদিনে আজ বুঝি জাগিয়াছ দেবী !
 ওই রোষহুংকার ! অভিশাপ হাঁকি
 নগরের 'পর দিয়া ধেয়ে চলিয়াছ
 তিমিররূপিণী ! ওই বুঝি তোর
 প্রলয়সঙ্গিনীগণ দারুণ ক্ষুধায়
 প্রাণপণে নাড়া দেয় বিশ্বমহাতরু !
 আজ মিটাইব তোর দীর্ঘ উপবাস ।
 ভক্তেরে সংশয়ে ফেলি এতদিন ছিলি
 কোথা দেবী ? তোর খড়া তুই না তুলিলে
 আমরা কি পারি ? আজ কী আনন্দ, তোর
 চণ্ডীমূর্তি দেখে ! সাহসে ভরেছে চিত্ত,
 সংশয় গিয়েছে ; হতমান নতশির
 উঠেছে নূতন তেজে । ওই পদধ্বনি
 শুনা যায়, ওই আসে তোর পূজা । জয়
 মহাদেবী !

অপর্ণার প্রবেশ

দূর হ, দূর হ মায়াবিনী—
 জয়সিংহে চাস তুই ? আরে সর্বনাশী !
 মহাপাতকিনী !

[অপর্ণার প্রস্থান

এ কী অকাল-ব্যাঘাত !
 জয়সিংহ যদি নাই আসে ! কভু নহে ।
 সত্যভঙ্গ কভু নাহি হবে তার ।— জয়
 মহাকালী, সিদ্ধিদাত্রী, জয় ভয়ংকরী !—
 যদি বাধা পায়— যদি ধরা পড়ে শেষে—
 যদি প্রাণ যায় তার প্রহরীর হাতে !—
 জয় মা অভয়া, জয় ভক্তের সহায় ।
 জয় মা জাগ্রত দেবী, জয় সর্বজয়া !
 ভক্তবৎসলার যেন দুর্নাম না রটে
 এ সংসারে, শত্রুপক্ষ নাহি হাসে যেন
 নিঃশঙ্ক কৌতুকে । মাতৃ-অহংকার যদি
 চূর্ণ হয় সন্তানের, মা বলিয়া তবে



জয়সিংহের ভূমিকায় রবীন্দ্রনাথ । ১৩৩০

প্রকৃষ্ণচন্দ্র মহলানবীশ -গৃহীত আলোকচিত্র

কেহ ডাকিবে না তোরে । ওই পদধ্বনি !
জয়সিংহ বটে ! জয় নৃমুণ্ডমালিনী,
পাষাণদলনী মহাশক্তি !

জয়সিংহের দ্রুত প্রবেশ

জয়সিংহ,

রাজরক্ত কই ?

জয়সিংহ । আছে আছে ! ছাড়ো মোরে ।
নিজে আমি করি নিবেদন ।—

রাজরক্ত

চাই তোর, দয়াময়ী, জগৎপালিনী
মাতা ? নহিলে কিছুতে তোর মিটিবে না
তৃষা ? আমি রাজপুত্র, পূর্ব পিতামহ
ছিল রাজা, এখনো রাজত্ব করে মোর
মাতামহবংশ— রাজরক্ত আছে দেহে ।
এই রক্ত দিব । এই যেন শেষ রক্ত
হয় মাতা, এই রক্তে শেষ মিটে যেন
অনন্ত পিপাসা তোর, রক্ততৃষাতুরা ।

বক্ষে ছুরি-বিদ্ধন

রঘুপতি । জয়সিংহ ! জয়সিংহ ! নির্দয় ! নিষ্ঠুর !
এ কী সর্বনাশ করিলি রে ? জয়সিংহ,
অকৃতজ্ঞ, গুরুদ্রোহী, পিতৃমর্মঘাতী,
স্বেচ্ছাচারী ! জয়সিংহ, কুলিশকঠিন !
ওরে জয়সিংহ, মোর একমাত্র প্রাণ,
প্রাণাধিক, জীবন-মস্থন-করা ধন !
জয়সিংহ, বৎস মোর, হে গুরুবৎসল !
ফিরে আয়, ফিরে আয়, তোরে ছাড়া আর
কিছু নাহি চাহি ! অহংকার অভিমান
দেবতা ব্রাহ্মণ সব যাক ! তুই আয় !

অপর্ণার প্রবেশ

অপর্ণা । পাগল করিবে মোরে । জয়সিংহ, কোথা
জয়সিংহ !

রঘুপতি । আয় মা অমৃতময়ী ! ডাক
তোর সুধাকণ্ঠে, ডাক ব্যগ্রস্বরে, ডাক
প্রাণপণে ! ডাক জয়সিংহে ! তুই তারে
নিয়ে যা মা আপনার কাছে, আমি নাহি
চাহি ।

অপর্ণার মূর্ছা

প্রতিমার পদতলে মাথা রাখিয়া

ফিরে দে, ফিরে দে, ফিরে দে, ফিরে দে !

দ্বিতীয় দৃশ্য

প্রাসাদ

গোবিন্দমাণিক্য

গোবিন্দমাণিক্য । এখনি আনন্দধ্বনি ! এখনি পরেছে
 দীপমালা নির্লজ্জ প্রাসাদ ! উঠিয়াছে
 রাজধানী-বহির্দ্বারে বিজয়তোরণ
 পুলকিত নগরের আনন্দ-উৎক্ষিপ্ত
 দুই বাহু-সম ! এখনো প্রাসাদ হতে
 বাহিরে আসি নি— ছাড়ি নাই সিংহাসন ।
 এতদিন রাজা ছিনু— কারো কি করি নি
 উপকার ? কোনো অবিচার করি নাই
 দূর ? কোনো অত্যাচার করি নি শাসন ?
 ধিক্ ধিক্ নির্বাসিত রাজা ! আপনারে
 আপনি বিচার করি আপনার শোকে
 আপনি ফেলিস অশ্রু !

মর্তরাজ্য গেল,
 আপনার রাজা তবু আমি । মহোৎসব
 হোক আজি অন্তরের সিংহাসনতলে ।

গুণবতীর প্রবেশ

গুণবতী । প্রিয়তম, প্রাণেশ্বর, আর কেন নাথ ?
 এইবার শুনেছ তো দেবীর নিষেধ !
 এসো প্রভু, আজ রাত্রে শেষ পূজা করে
 রামজানকীর মতো যাই নির্বাসনে ?

গোবিন্দমাণিক্য । অয়ি প্রিয়তমে, আজি শুভদিন মোর ।
 রাজ্য গেল, তোমারে পেলেম ফিরে । এসো
 প্রিয়ে, যাই দৌহে দেবীর মন্দিরে, শুধু
 প্রেম নিয়ে, শুধু পুষ্প নিয়ে, মিলনের
 অশ্রু নিয়ে, বিদায়ের বিশুদ্ধ বিষাদ
 নিয়ে, আজ রক্ত নয়, হিংসা নয় ।

গুণবতী । ভিক্ষা
 রাখো নাথ !

গোবিন্দমাণিক্য । বলো দেবী !

গুণবতী । হোয়ো না পাষণ ।

রাজগর্ভ ছেড়ে দাও । দেবতার কাছে
 পরাভব না মানিতে চাও যদি, তবু
 আমার যন্ত্রণা দেখে গলুক হৃদয় ।
 তুমি তো নিষ্ঠুর কভু ছিলে নাকো প্রভু,
 কে তোমারে করিল পাষণ ! কে তোমারে

আমার সৌভাগ্য হতে লইল কাড়িয়া !
করিল আমারে রাজাহীন রানী !

গোবিন্দমাণিক্য ।

প্রিয়ে,

আমারে বিশ্বাস করো একবার শুধু,
না বুঝিয়া বোঝো মোর পানে চেয়ে । অশ্রু
দেখে বোঝো, আমারে যে ভালোবাস সেই
ভালোবাসা দিয়ে বোঝো— আর রক্তপাত
নহে । মুখ ফিরায়ো না দেবী, আর মোরে
ছাড়িয়ো না, নিরাশ কোরো না আশা দিয়ে ।
যাবে যদি মার্জনা করিয়া যাও তবে ।

[গুণবতীর প্রস্থান

গেলে চলি ! কী কঠিন নিষ্ঠুর সংসার !—
ওরে কে আছিস ?— কেহ নাই ? চলিলাম ।
বিদায় হে সিংহাসন ! হে পুণ্য প্রাসাদ,
আমার পৈতৃক ক্রোড়, নির্বাসিত পুত্র
তোমারে প্রণাম ক'রে লইল বিদায় ।

তৃতীয় দৃশ্য

অন্তঃপুরকক্ষ

গুণবতী

গুণবতী । বাজা বাদ্য বাজা, আজ রাত্রে পূজা হবে,
আজ মোর প্রতিজ্ঞা পূরিবে । আন্ বলি ।
আন্ জবাফুল । রহিলি দাঁড়ায়ে ? আজ্ঞা
শুনিবি নে ? আমি কেহ নই ? রাজ্য গেছে,
তাই ব'লে এতটুকু রানী বাকি নেই
আদেশ শুনিবে যার কিংকর-কিংকরী ?
এই নে কঙ্কণ, এই নে হীরার কণ্ঠী—
এই নে যতেক আভরণ । ত্বরা ক'রে
কর গিয়ে আয়োজন দেবীর পূজার ।
মহামায়া, এ দাসীরে রাখিয়ো চরণে ।

চতুর্থ দৃশ্য

মন্দির

রঘুপতি

রঘুপতি । দেখো, দেখো, কী করে দাঁড়ায়ে আছে, জড়
 পাষণের স্তূপ, মূঢ় নির্বোধের মতো ।
 মূক, পঙ্গু, অন্ধ ও বধির ! তোর কাছে
 সমস্ত ব্যথিত বিশ্ব কাঁদিয়া মরিছে !
 পাষণ-চরণে তোর, মহৎ হৃদয়
 আপনারে ভাঙিছে আছাড়ি । হা হা হা হা !
 কোন্ দানবের এই ক্রুর পরিহাস
 জগতের মাঝখানে রয়েছে বসিয়া ।
 মা বলিয়া ডাকে যত জীব, হাসে তত
 ঘোরতর অট্টহাস্যে নির্দয় বিদ্রুপ ।
 দে ফিরায়ে জয়সিংহে মোর ! দে ফিরায়ে !
 দে ফিরায়ে রাক্ষসী পিশাচী ।

নাড়া দিয়া

শুনিতো কি

পাস ? আছে কর্ণ ? জানিস কী করেছিস ?
 কার রক্ত করেছিস পান ? কোন্ পুণ্য
 জীবনের ? কোন্ স্নেহদয়াপ্ৰীতি-ভরা
 মহাহৃদয়ের ?

থাক তুই চিরকাল

এইমত— এই মন্দিরের সিংহাসনে,
 সরল ভক্তির প্রতি গুপ্ত উপহাস !
 দিব তোর পূজা প্রতিদিন, পদতলে
 করিব প্রণাম, দয়াময়ী মা বলিয়া
 ডাকিব তোমারে । তোর পরিচয় কারো
 কাছে নাই প্রকাশিব, শুধু ফিরায়ে দে
 মোর জয়সিংহে ! কার কাছে কাঁদিতোছি !
 তবে দূর, দূর, দূর, দূর করে দাও
 হৃদয়দলনী পাষণীয়ে । লঘু হোক
 জগতের বন্ধ ।

দূরে গোমতীর জলে প্রতিমা-নিষ্ক্রেপ

মশাল লইয়া বাদ্য বাজাইয়া

গুণবতীর প্রবেশ

গুণবতী ।

জয় জয় মহাদেবী !

দেবী কই ?

রঘুপতি । দেবী নাই ।
 গুণবতী । ফিরাও দেবীরে
 গুরুদেব, এনে দাও তাঁরে, রোষশাস্তি
 করিব তাঁহার । আনিয়াছি মা'র পূজা ।
 রাজ্য পতি সব ছেড়ে পালিয়াছি শুধু
 প্রতিজ্ঞা আমার । দয়া করো, দয়া করে
 দেবীরে ফিরায়ে আনো শুধু, আজি এই
 এক রাত্রি তরে । কোথা দেবী ?

রঘুপতি । কোথাও সে
 নাই । উর্ধ্ব নাই, নিম্নে নাই, কোথাও সে
 নাই, কোথাও সে ছিল না কখনো ।

গুণবতী । প্রভু,
 এইখানে ছিল না কি দেবী ?

রঘুপতি । দেবী বল
 তারে ! এ সংসারে কোথাও থাকিত দেবী,
 তবে সেই পিশাচীয়ে দেবী বলা কভু
 সহ্য কি করিত দেবী ? মহত্ব কি তবে
 ফেলিত নিষ্ফল রক্ত হৃদয় বিদারি
 মূঢ় পাষণের পদে ? দেবী বল তারে ?
 পুণ্যরক্ত পান ক'রে সে মহারাক্ষসী
 ফেটে মরে গেছে ।

গুণবতী । গুরুদেব, বধিয়ো না
 মোরে । সত্য করে বলো আরবার । দেবী
 নাই ?

রঘুপতি । নাই ।

গুণবতী । দেবী নাই ?

রঘুপতি । নাই ।

গুণবতী । দেবী নাই !
 তবে কে রয়েছে ?

রঘুপতি । কেহ নাই । কিছু নাই ।

গুণবতী । নিয়ে যা, নিয়ে যা পূজা ! ফিরে যা, ফিরে যা !
 বল শীঘ্র কোন্ পথে গেছে মহারাজ ।

অপর্ণার প্রবেশ

অপর্ণা । পিতা !

রঘুপতি । জননী, জননী, জননী আমার !
 পিতা ! এ তো নহে ভর্ৎসনার নাম । পিতা !
 মা জননী, এ পুত্রঘাতীয়ে পিতা ব'লে
 যে জন ডাকিত, সেই রেখে গেছে ওই
 সুধামাখা নাম তোর কণ্ঠে, এইটুকু
 দয়া করে গেছে । আহা, ডাক আরবার !

রবীন্দ্র-রচনাবলী

অপর্ণা । পিতা, এসো এ মন্দির ছেড়ে যাই মোরা ।

পুষ্প-অর্ঘ্য লইয়া
গোবিন্দমাণিক্যের প্রবেশ

গোবিন্দমাণিক্য । দেবী কই ?
রঘুপতি । দেবী নাই ।
গোবিন্দমাণিক্য । একি রক্তধারা !
রঘুপতি । এই শেষ পুণ্যরক্ত এ পাপ-মন্দিরে ।
জয়সিংহ নিবায়েছে নিজ রক্ত দিয়ে
হিংসারক্তশিখা ।
গোবিন্দমাণিক্য । ধন্য ধন্য জয়সিংহ,
এ পূজার পুষ্পাঞ্জলি সঁপিঁনু তোমারে ।
গুণবতী । মহারাজ !
গোবিন্দমাণিক্য । প্রিয়তমে !
গুণবতী । আজ দেবী নাই—
তুমি মোর একমাত্র রয়েছ দেবতা ।

প্রণাম

গোবিন্দমাণিক্য । গেছে পাপ । দেবী আজ এসেছে ফিরিয়া
আমার দেবীর মাঝে ।
অপর্ণা । পিতা, চলে এসো !
রঘুপতি । পাষণ্ড ভাঙিয়া গেল— জননী আমার
এবার দিয়েছে দেখা প্রত্যক্ষ প্রতিমা !
জননী অমৃতময়ী !
অপর্ণা । পিতা, চলে এসো !

উপন্যাস ও গল্প

সূচনা

অন্তর্বিষয়ী ভাবের কবিত্ব থেকে বহির্বিষয়ী কল্পনালোকে এক সময়ে মন যে প্রবেশ করলে, ইতস্তত ঘুরে বেড়াতে লাগল, এ বোধ হয় কৌতূহল থেকে।

প্রাচীর-ঘেরা মন বেরিয়ে পড়ল বাইরে, তখন সংসারের বিচিত্র পথে তার যাতায়াত আরম্ভ হয়েছে। এই সময়টাতে তার লেখনী গদ্যরাজ্যে নূতন ছবি নূতন নূতন অভিজ্ঞতা খুঁজতে চাইলে। তারই প্রথম প্রয়াস দেখা দিল বউ-ঠাকুরানীর হাট গল্পে— একটা রোমান্টিক ভূমিকায় মানবচরিত্র নিয়ে খেলার ব্যাপারে, সেও অল্পবয়সেরই খেলা। চরিত্রগুলির মধ্যে যেটুকু জীবনের লক্ষণ প্রকাশ পেয়েছে সেটা পুতুলের ধর্ম ছাড়িয়ে উঠতে পারে নি। তারা আপন চরিত্রবলে অনিবার্য পরিণামে চালিত নয়, তারা সাজানো জিনিস একটা নির্দিষ্ট কাঠামোর মধ্যে। আজও হয়তো এই গল্পটার দিকে ফিরে চাওয়া যেতে পারে। এ যেন অশিক্ষিত আঙুলের আঁকা ছবি, সুনিশ্চিত মনের পাকা হাতের চিহ্ন পড়ে নি তাতে। কিন্তু আর্টের খেলাঘরে ছেলেমানুষিরও একটা মূল্য আছে। বুদ্ধির বাধাহীন পথে তার খেয়াল যা-তা কাণ্ড করত বসে, তার থেকে প্রাথমিক মনের একটা কিছু কারিগরি বেরিয়ে পড়ে।

সজীবতার স্বতচ্চাঞ্চল্য মাঝে মাঝে এই লেখার মধ্যে দেখা দিয়ে থাকবে তার একটা প্রমাণ এই যে, এই গল্প বেরোবার পরে বঙ্কিমের কাছ থেকে একটি অযাচিত প্রশংসাপত্র পেয়েছিলুম, সেটি ইংরেজি ভাষায় লেখা। সে পত্রটি হারিয়েছে কোনো বন্ধুর অযত্নকরক্ষেপে। বঙ্কিম এই মত প্রকাশ করেছিলেন যে, বইটি যদিও কাঁচাবয়সের প্রথম লেখা তবু এর মধ্যে ক্ষমতার প্রভাব দেখা দিয়েছে— এই বইকে তিনি নিন্দা করেন নি। ছেলেমানুষির ভিতর থেকে আনন্দ পাবার এমন কিছু দেখেছিলেন, যাতে অপরিচিত বালককে হঠাৎ একটা চিঠি লিখতে তাঁকে প্রবৃত্ত করলে। দূরের যে পরিণতি অজানা ছিল সেইটি তাঁর কাছে কিছু আশার আশ্বাস এনেছিল। তাঁর কাছ থেকে এই উৎসাহবাণী আমার পক্ষে ছিল বহুমূল্য।

এই উপলক্ষে একটা কথা এখানে বলা আবশ্যিক। স্বদেশী উদ্দীপনার আবেগে প্রতাপাদিত্যকে এক সময়ে বাংলাদেশের আদর্শ বীরচরিত্ররূপে খাড়া করবার চেষ্টা চলেছিল। এখনো তার নিবৃত্তি হয় নি। আমি সে সময়ে তাঁর সম্বন্ধে ইতিহাস থেকে যা-কিছু তথ্য সংগ্রহ করেছিলুম তার থেকে প্রমাণ পেয়েছি তিনি অন্যায্যকারী অত্যাচারী নিষ্ঠুর লোক, দিল্লীশ্বরকে উপেক্ষা করবার মতো অনভিজ্ঞ ঔদ্ধত্য তাঁর ছিল কিন্তু ক্ষমতা ছিল না। সে সময়কার ইতিহাস-লেখকদের উপরে পরবর্তী কালের দেশাভিমানের প্রভাব ছিল না। আমি যে সময়ে এই বই অসংকোচে লিখেছিলুম তখনো তাঁর পূজা প্রচলিত হয় নি।

উপহার
শ্রীমতী সৌদামিনী দেবী
শ্রীচরণেষু

দিদি,

তোমার স্নেহের কোলে আমার স্নেহের ধন
করিনু অর্পণ ।
বিমল প্রশান্ত মুখে ফুটিবে স্নেহের হাস
দেখিবারে আশ ।
সুদূর প্রবাস হতে আজি বহুদিন পরে
আসিতেছ ঘরে,
দুয়ারে দাঁড়িয়ে আছি উপহার লয়ে করে
সমর্পণ তরে ।
কাছে থাকি দূরে থাকি দেখ আর নাহি দেখ
শুধু স্নেহ দাও,
স্নেহ করে ভালো থাক স্নেহ দিতে ভালোবাস
কিছু নাহি চাও ।
দূরে থেকে কাছে থাক আপনি হৃদয় তাহা
জানিবারে পায়,
সুদূর প্রবাস হতে স্নেহের বাতাস এসে
লাগে যেন গায় ।
এত আছে এত দাও কথাটি নাহিক কও,
স্নেহপারাবার—
প্রভাতশিশিরসম নীরবে পরানে মম
ঝরে স্নেহধার ।
তব স্নেহ চারি পাশে কেবল নীরবে ভাসে
সৌরভের প্রায়—
নীরবে বিমল হাসি উষারাকিরণরাশি
প্রাণেরে জাগায় ।

বউ-ঠাকুরানীর হাট

প্রথম পরিচ্ছেদ

রাত্রি অনেক হইয়াছে। গ্রীষ্মকাল। বাতাস বন্ধ হইয়া গিয়াছে। গাছের পাতাটিও নড়িতেছে না। যশোহরের যুবরাজ, প্রতাপাদিত্যের জ্যেষ্ঠ পুত্র, উদয়াদিত্য তাঁহার শয়নগৃহের বাতায়নে বসিয়া আছেন। তাঁহার পার্শ্বে তাঁহার স্ত্রী সুরমা।

সুরমা কহিলেন, “প্রিয়তম, সহ্য করিয়া থাকো, ধৈর্য ধরিয়া থাকো। একদিন সুখের দিন আসিবে।”

উদয়াদিত্য কহিলেন, “আমি তো আর-কোনো সুখ চাই না। আমি চাই, আমি রাজপ্রাসাদে না যদি জন্মাইতাম, যুবরাজ না যদি হইতাম, যশোহর-অধিপতির ক্ষুদ্রতম তুচ্ছতম প্রজার প্রজা হইতাম! তাঁর জ্যেষ্ঠ পুত্র— তাঁহার সিংহাসনের, তাঁহার সমস্ত ধন মান যশ প্রভাব গৌরবের একমাত্র উত্তরাধিকারী না হইতাম! কী তপস্যা করিলে এ-সমস্ত অতীত উলটাইয়া যাইতে পারে!”

সুরমা অতি কাতর হইয়া যুবরাজের দক্ষিণ হস্ত দুই হাতে লইয়া চাপিয়া ধরিলেন, ও তাঁহার মুখের দিকে চাহিয়া ধীরে ধীরে দীর্ঘনিশ্বাস ফেলিলেন। যুবরাজের ইচ্ছা পুরাইতে প্রাণ দিতে পারেন, কিন্তু প্রাণ দিলেও এই ইচ্ছা পুরাইতে পারিবেন না এই দুঃখ।

যুবরাজ কহিলেন, “সুরমা, রাজার ঘরে জন্মিয়াছি বলিয়াই সুখী হইতে পারিলাম না। রাজার ঘরে সকলে বুঝি কেবল উত্তরাধিকারী হইয়া জন্মায়, সন্তান হইয়া জন্মায় না। পিতা ছেলেবেলা হইতেই আমাকে প্রতি মুহূর্তে পরখ করিয়া দেখিতেছেন, আমি তাঁহার উপার্জিত যশোমান বজায় রাখিতে পারিব কি না, বংশের মুখ উজ্জ্বল করিতে পারিব কি না, রাজ্যের গুরুভার বহন করিতে পারিব কি না। আমার প্রতি কার্য, প্রতি অঙ্গভঙ্গি তিনি পরীক্ষার চক্ষে দেখিয়া আসিতেছেন, স্নেহের চক্ষে নহে। আত্মীয়বর্গ, মন্ত্রী, রাজসভাসদগণ, প্রজারা আমার প্রতি কথা প্রতি কাজ খুঁটিয়া খুঁটিয়া লইয়া আমার ভবিষ্যৎ গণনা করিয়া আসিতেছে। সকলেই ঘাড় নাড়িয়া কহিল— না, আমার দ্বারা এ বিপদে রাজ্য রক্ষা হইবে না। আমি নির্বোধ, আমি কিছুই বুঝিতে পারি না। সকলেই আমাকে অবহেলা করিতে লাগিল, পিতা আমাকে ঘৃণা করিতে লাগিলেন। আমার আশা একেবারে পরিত্যাগ করিলেন। একবার খোঁজও লইতেন না।”

সুরমার চক্ষে জল আসিল। সে কহিল, “আহা! কেমন করিয়া পারিত!”

তাহার দুঃখ হইল, তাহার রাগ হইল, সে কহিল, “তোমাকে যাহারা নির্বোধ মনে করিত তাহারাই নির্বোধ।”

উদয়াদিত্য ঈষৎ হাসিলেন, সুরমার চিবুক ধরিয়া তাহার রোষে আরক্তিম মুখখানি নাড়িয়া দিলেন। মুহূর্তের মধ্যে গভীর হইয়া কহিলেন, “না সুরমা, সত্য সত্যই আমার রাজ্যশাসনের বৃদ্ধি নাই। তাহার যথেষ্ট পরীক্ষা হইয়া গেছে। আমার যখন ষোলো বৎসর বয়স তখন মহারাজ কাজ শিখাইবার জন্য হোসেনখালি পরগনার ভার আমার হাতে সমর্পণ করেন। ছয় মাসের মধ্যেই বিষম বিশৃঙ্খলা ঘটিতে লাগিল। খাজনা কমিয়া গেল, প্রজারা আশীর্বাদ করিতে লাগিল। কর্মচারীরা আমার বিরুদ্ধে রাজার নিকটে অভিযোগ করিতে লাগিল। রাজসভার সকলেরই মত হইল, যুবরাজ প্রজাদের যখন অত প্রিয়পাত্র হইয়া পড়িয়াছেন তখনই বুঝা যাইতেছে উহার দ্বারা রাজ্যশাসন কখনো ঘটিতে পারিবে না। সেই অবধি মহারাজ আমার পানে আর বড়ো একটা তাকাইতেন না। বলিতেন— ও কুলাঙ্গার ঠিক

রায়গড়ের খুড়া বসন্ত রায়ের মতো হইবে, সেতার বাজাইয়া নাচিয়া বেড়াইবে ও রাজ্য অধঃপাতে দিবে।”

সুরমা আবার কহিলেন, “প্রিয়তম, সহ্য করিয়া থাকো, ধৈর্য ধরিয়া থাকো। হাজার হউন, পিতা তো বটেন। আজকাল রাজ্য-উপার্জন রাজ্যবৃদ্ধির একমাত্র দুরাশায় তাঁহার সমস্ত হৃদয় পূর্ণ রহিয়াছে, সেখানে স্নেহের ঠাই নাই। যতই তাঁহার আশা পূর্ণ হইতে থাকিবে ততই তাঁহার স্নেহের রাজ্য বাড়িতে থাকিবে।”

যুবরাজ কহিলেন, “সুরমা, তোমার বুদ্ধি তীক্ষ্ণ, দূরদর্শী ; কিন্তু এইবারে তুমি ভুল বুঝিয়াছ। এক তো আশার শেষ নাই ; দ্বিতীয়ত পিতার রাজ্যের সীমা যতই বাড়িতে থাকিবে, রাজ্য যতই লাভ করিতে থাকিবেন, ততই তাহা হারাইবার ভয় তাঁহার মনে বাড়িতে থাকিবে— রাজকার্য যতই গুরুতর হইয়া উঠিবে ততই আমাকে তাহার অনুপযুক্ত মনে করিবেন।”

সুরমা ভুল বুঝে নাই, ভুল বিশ্বাস করিত মাত্র ; বিশ্বাস বুদ্ধিকেও লঙ্ঘন করে। সে একমনে আশা করিত, এইরূপই যেন হয়।

“চারি দিকে কোথাও বা কৃপাদৃষ্টি কোথাও বা অবহেলা সহ্য করিতে না পারিয়া আমি মাঝে মাঝে পালাইয়া রায়গড়ে দাদামহাশয়ের কাছে যাইতাম। পিতা বড়ো একটা খোঁজ লইতেন না। আঃ, সে কী পরিবর্তন ! সেখানে গাছপালা দেখিতে পাইতাম, গ্রামবাসীদের কুটিরে যাইতে পারিতাম, দিবানিশি রাজবেশ পরিয়া থাকিতে হইত না। তাহা ছাড়া জান তো, যেখানে দাদামহাশয় থাকেন তাহার ত্রিসীমায় বিষাদ ভাবনা বা কঠোর গাভীর্য তিষ্ঠিতে পারে না। গাহিয়া বাজাইয়া, আমোদ করিয়া চারি দিক পূর্ণ করিয়া রাখেন। চারি দিকে উল্লাস, সন্তোষ, শান্তি। সেইখানে গেলেই আমি ভুলিয়া যাইতাম যে, আমি যশোহরের যুবরাজ। সে কী আরামের ভুল ! অবশেষে আমার বয়স যখন আঠারো বৎসর, একদিন রায়গড়ে বসন্তের বাতাস বহিতেছিল, চারি দিকে সবুজ কুঞ্জবন, সেই বসন্তে আমি রুক্মিণীকে দেখিলাম।”

সুরমা বলিয়া উঠিল, “ও কথা অনেকবার শুনিয়াছি।”

উদয়াদিত্য। আর-একবার শুন। মাঝে মাঝে এক-একটা কথা প্রাণের মধ্যে দংশন করিতে থাকে, সে কথাগুলো যদি বাহির করিয়া না দিই তবে আর বাঁচিব কী করিয়া ? সেই কথাটা তোমার কাছে এখনো বলিতে লজ্জা করে, কষ্ট হয়, তাই বার বার করিয়া বলি। যেদিন আর লজ্জা করিবে না, কষ্ট হইবে না, সেদিন বুঝিব আমার প্রায়শ্চিত্ত শেষ হইল, সেদিন আর বলিব না।

সুরমা। কিসের প্রায়শ্চিত্ত প্রিয়তম ? তুমি যদি পাপ করিয়া থাক তো সে পাপের দোষ, তোমার দোষ নহে। আমি কি তোমাকে জানি না ? অন্তর্যামী কি তোমার মন দেখিতে পান না ?

উদয়াদিত্য বলিতে লাগিলেন, “রুক্মিণীর বয়স আমার অপেক্ষা তিন বৎসরের বড়ো। সে একাকিনী, বিধবা। দাদামহাশয়ের অনুগ্রহে সে রায়গড়ে বাস করিতে পাইত। মনে নাই, সে আমাকে কী কৌশলে প্রথমে আকর্ষণ করিয়া লইয়া গেল। তখন আমার মনের মধ্যে মধ্যাহ্নের কিরণ জ্বলিতেছিল। এত প্রখর আলো যে, কিছুই ভালো করিয়া দেখিতে পাইতেছিলাম না, চারি দিকে জগৎ জ্যোতির্ময় বাষ্পে আবৃত। সমস্ত রক্ত যেন মাথায় উঠিতেছিল ; কিছুই আশ্চর্য, কিছুই অসম্ভব মনে হইত না ; পথ-বিপথ, দিক-বিদিক সমস্ত এক আকার ধারণ করিয়াছিল। ইহার পূর্বেও আমার এমন কখনো হয় নাই, ইহার পরেও আমার এমন কখনো হয় নাই। জগদীশ্বর জানেন, তাঁহার কী উদ্দেশ্য সাধন করিতে এই ক্ষুদ্র দুর্বল বুদ্ধিহীন হৃদয়ের বিরুদ্ধে এক দিনের জন্য সমস্ত জগৎকে যেন উত্তেজিত করিয়া দিয়াছিলেন, বিশ্বচরাচর যেন একতন্ত্র হইয়া আমার এই ক্ষুদ্র হৃদয়টিকে মুহূর্তে বিপথে লইয়া গেল। মুহূর্তমাত্র— আর অধিক নয়— সমস্ত বহির্জগতের মুহূর্তস্থায়ী এক নিদারুণ আঘাত, আর মুহূর্তের মধ্যে একটি ক্ষীণ হৃদয়ের মূল বিদীর্ণ হইয়া গেল, বিদ্যুৎবেগে সে ধূলিকে আলিঙ্গন করিয়া পড়িল। তাহার পরে যখন উঠিল তখন ধূলিধূসরিত, ম্লান— সে ধূলি আর মুছিল না, সে মলিনতার চিহ্ন আর উঠিল না। আমি কী করিয়াছিলাম বিধাতা, যে, পাপে এক মুহূর্তের মধ্যে আমার জীবনের

সমস্ত শুভ্রকে কালি করিলে ? দিনকে রাত্রি করিলে ? আমার হৃদয়ের পুষ্পবনে মালতী ও জুঁই ফুলের মুখগুলিও যেন লজ্জায় কালো হইয়া গেল।”

বলিতে বলিতে উদয়াদিত্যের গৌরবর্ণ মুখ রক্তলর্ণ হইয়া উঠিল, আয়ত নেত্র অধিকতর বিস্ফারিত হইয়া উঠিল, মাথা হইতে পা পর্যন্ত একটি বিদ্যুৎশিখা কাঁপিয়া উঠিল। সুরমা হর্ষে, গর্বে, কষ্টে কহিল, “আমার মাথা খাও, ও কথা থাক।”

উদয়াদিত্য। ধীরে ধীরে যখন রক্ত শীতল হইয়া গেল সকলই তখন যথাযথ পরিমাণে দেখিতে পাইলাম। যখন জগৎকে উষ্ণ, ঘূর্ণিতমস্তিষ্ক, রক্তনয়ন মাতালের কুজ্জাটিকাময় ঘূর্ণমান স্বপ্নদৃশ্য বলিয়া মনে না হইয়া প্রকৃত কার্যক্ষেত্র বলিয়া মনে হইল, তখন মনের কী অবস্থা ! কোথা হইতে কোথায় পতন ! শত সহস্র লক্ষ ক্রোশ পাতালের গহ্বরে, অন্ধ অন্ধতর অন্ধতম রজনীর মধ্যে একেবারে পলক না ফেলিতে পড়িয়া গেলাম। দাদামহাশয় স্নেহভরে ডাকিয়া লইয়া গেলেন ; তাঁহার কাছে মুখ দেখাইলাম কী বলিয়া ? কিন্তু সেই অবধি আমাকে রায়গড় ছাড়িতে হইল। দাদামহাশয় আমাকে না দেখিলে থাকিতে পারেন না ; আমাকে ডাকিয়া পাঠাইতেন। আমার এমনি ভয় করিত যে, আমি কোনোমতেই যাইতে পারিতাম না। তিনি স্বয়ং আমাকে ও ভগিনী বিভাকে দেখিতে আসিতেন। অভিমান নাই, কিছুই নাই। জিজ্ঞাসাও করিতেন না, কেন যাই নাই। আমাদের দেখিতেন, আমোদ-উল্লাস করিতেন ও চলিয়া যাইতেন।

উদয়াদিত্য ঈষৎ হাস্য করিয়া অতিশয় মৃদু কোমল প্রেমে তাঁহার বড়ো বড়ো চোখ দুটি প্লাবিত করিয়া সুরমার মুখের দিকে চাহিলেন। সুরমা বুঝিল, এইবার কী কথা আসিতেছে। মুখ নত হইয়া আসিল ; ঈষৎ চঞ্চল হইয়া পড়িল। যুবরাজ দুই হস্তে তাহার দুই কপোল ধরিয়া নত মুখখানি তুলিয়া ধরিলেন। অধিকতর নিকটে গিয়া বসিলেন ; মুখখানি নিজের স্কন্ধে ধীরে ধীরে রাখিলেন। কটিদেশ বামহস্তে বেষ্টন করিয়া ধরিলেন ও গভীর প্রশান্ত প্রেমে তাহার কপোল চুম্বন করিয়া বলিলেন, “তার পর কী হইল, সুরমা বলো দেখি। এই বুদ্ধিতে দীপ্যমান, স্নেহপ্রেমে কোমল, হাস্যে উজ্জ্বল ও প্রশান্ত ভাবে বিমল, মুখখানি কোথা হইতে উদয় হইল ? আমার সে গভীর অন্ধকার ভাঙবে আশা ছিল কি ? তুমি আমার উষা, আমার আলো, আমার আশা, কী মায়ামন্ত্রে সে আঁধার দূর করিলে।”

যুবরাজ বার বার সুরমার মুখচুম্বন করিলেন। সুরমা কিছুই কথা কহিল না, আনন্দে তাহার চোখ জলে পুরিয়া আসিল। যুবরাজ কহিলেন, “এতদিনের পরে আমি যথার্থ আশ্রয় পাইলাম। তোমার কাছে প্রথম শুনলাম যে আমি নির্বোধ নই, তাহাই বিশ্বাস করিলাম, তাহাই বুঝিতে পারিলাম। তোমারই কাছে শিখিলাম বুদ্ধি অন্ধকারময় ক্ষুদ্র গলির মতো বাঁকাচোরা উঁচুনিচু নহে, রাজপথের ন্যায় সরল সমতল প্রশস্ত। পূর্বে আমি আপনাকে ঘৃণা করিতাম, আপনাকে অবহেলা করিতাম। কোনো কাজ করিতে সাহস করিতাম না। মন যদি বলিত ইহাই ঠিক, আত্মসংশয়ী সংস্কার বলিত উহা ঠিক না হইতেও পারে। যে যেরূপ ব্যবহার করিত তাহাই সহিয়া থাকিতাম, নিজে কিছু ভাবিতে চেষ্টা করিতাম না। এতদিনের পরে আমার মনে হইল, আমি কিছু, আমি কেহ। এতদিন আমি অগোচর ছিলাম, তুমি আমাকে বাহির করিয়াছ, সুরমা, তুমি আমাকে আবিষ্কার করিয়াছ, এখন আমার মনে যাহা ভালো বলে তৎক্ষণাৎ তাহা আমি সাধন করিতে চাই। তোমার উপর আমার এমন বিশ্বাস আছে যে, তুমি যখন আমাকে বিশ্বাস কর তখন আমিও আমাকে নির্ভয়ে বিশ্বাস করিতে পারি। ঐ সুকুমার শরীরে এত বল কোথায় ছিল যাহাতে আমাকেও তুমি বলীয়ান করিয়া তুলিয়াছ !”

কী অপরিসীম নির্ভরের ভাবে সুরমা স্বামীর বক্ষ বেষ্টন করিয়া ধরিল। কী সম্পূর্ণ আত্মবিসর্জী দৃষ্টিতে তাঁহার মুখের দিকে চাহিয়া রহিল। তাহার চোখ কহিল, ‘আমার আর কিছুই নাই কেবল তুমি আছ, তাই আমার সব আছে !’

বাল্যকাল হইতে উদয়াদিত্য আত্মীয়-স্বজনের উপেক্ষা সহিয়া আসিতেছেন, মাঝে মাঝে এক-একদিন নিস্তব্ধ গভীর রাত্রে সুরমার নিকট সেই শতবার-কথিত পুরানো জীবনকাহিনী খণ্ডে খণ্ডে সোপানে সোপানে আলোচনা করিতে তাঁহার বড়ো ভালো লাগে।

উদয়াদিত্য কহিলেন, “এমন করিয়া আর কতদিন চলিবে সুরমা ? এ দিকে রাজসভায় সভাসদগণ কেমন একপ্রকার কৃপাদৃষ্টিতে আমার প্রতি চায়, ও দিকে অন্তঃপুরে মা তোমাকে লাঞ্ছনা করিতেছেন । দাসদাসীরা পর্যন্ত তোমাকে তেমন মানে না । আমি কাহাকেও ভালো করিয়া কিছু বলিতে পারি না, চুপ করিয়া থাকি, সহ্য করিয়া যাই । তোমার তেজস্বী স্বভাব, কিন্তু তুমিও নীরবে সহিয়া যাও । যখন তোমাকে সুখী করিতে পারিলাম না, আমা হইতে কেবল তোমাকে অপমান আর কষ্টই সহ্য করিতে হইল, তখন আমাদের এই বিবাহ না হইলেই ভালো ছিল ।”

সুরমা । সে কী কথা নাথ ! এই সময়েই তো সুরমাকে আবশ্যিক । সুখের সময় আমি তোমার কী করিতে পারিতাম ! সুখের সময় তো সুরমা বিলাসের দ্রব্য, খেলিবার জিনিস । সকল দুঃখ অতিক্রম করিয়া আমার মনে এই সুখ জাগিতেছে যে, আমি তোমার কাজে লাগিতেছি, তোমার জন্য দুঃখ সহিতে যে অতুল আনন্দ আছে সেই আনন্দ উপভোগ করিতেছি । কেবল দুঃখ এই, তোমার সমুদয় কষ্ট কেন আমি বহন করিতে পারিলাম না ।

যুবরাজ কিয়ৎক্ষণ চুপ করিয়া থাকিয়া কহিলেন, “আমি নিজের জন্য তেমন ভাবি না । সকলই সহিয়া গিয়াছে কিন্তু আমার জন্য তুমি কেন অপমান সহ্য করিবে ? তুমি যথার্থ স্ত্রীর মতো আমার দুঃখের সময় সাহায্য দিয়াছ, শান্তির সময় বিশ্রাম দিয়াছ, কিন্তু আমি স্বামীর মতো তোমাকে অপমান হইতে, লজ্জা হইতে রক্ষা করিতে পারিলাম না । তোমার পিতা শ্রীপুররাজ আমার পিতাকে প্রধান বলিয়া না মানাতে, আপনাকে যশোহরছত্রের অধীন বলিয়া স্বীকার না করাতে, পিতা তোমার প্রতি অবহেলা দেখাইয়া নিজের প্রধানত্ব বজায় রাখিতে চান । তোমাকে কেহ অপমান করিলে তিনি কানেই আনেন না । তিনি মনে করেন, তোমাকে যে পুত্রবধূ করিয়াছেন, ইহাই তোমার পক্ষে যথেষ্ট । এক-একবার মনে হয় আর পারিয়া উঠি না, সমস্ত পরিত্যাগ করিয়া তোমাকে লইয়া চলিয়া যাই । এতদিনে হয়তো যাইতাম, তুমি কেবল আমাকে ধরিয়া রাখিয়াছ ।”

রাত্রি গভীর হইল । অনেকগুলি সন্ধ্যার তারা অস্ত গেল, অনেকগুলি গভীর রাত্রের তারা উদ্ভিত হইল । প্রাকারতোরণস্থিত প্রহরীদের পদশব্দ দূর হইতে শুনা যাইতেছে । সমুদয় জগৎ সুষুপ্ত । নগরের সমুদয় প্রদীপ নিবিয়া গিয়াছে, গৃহদ্বার রুদ্ধ, দৈবাৎ দু-একটা শৃগাল ছাড়া একটি জনপ্রাণীও নাই । উদয়াদিত্যের শয়নকক্ষের দ্বার রুদ্ধ ছিল । সহসা বাহির হইতে কে দুয়ারে আঘাত করিতে লাগিল ।

শশব্যস্ত যুবরাজ দুয়ার খুলিয়া দিলেন, “কেন বিভা ? কী হইয়াছে ? এত রাত্রে এখানে আসিয়াছ কেন ?”

পাঠকেরা পূর্বেই অবগত হইয়াছেন বিভা উদয়াদিত্যের ভগিনী । বিভা কহিল, “এতক্ষণে বুঝি সর্বনাশ হইল !”

সুরমা ও উদয়াদিত্য একসঙ্গে জিজ্ঞাসা করিয়া উঠিলেন, “কেন, কী হইয়াছে ?” বিভা ভয়কম্পিত স্বরে চুপি চুপি কী কহিল । বলিতে বলিতে আর থাকিতে পারিল না, কাঁদিয়া উঠিল ; কহিল, “দাদা, কী হইবে ?”

উদয়াদিত্য কহিলেন, “আমি তবে চলিলাম ।”

বিভা বলিয়া উঠিল, “না না, তুমি যাইয়ো না ।”

উদয়াদিত্য । কেন বিভা ?

বিভা । পিতা যদি জানিতে পারেন ? তোমার উপরে যদি রাগ করেন ?

সুরমা কহিল, “ছিঃ বিভা, এখন কি তাহা ভাবিবার সময় ?”

উদয়াদিত্য বস্ত্রাদি পরিয়া কটিবন্ধে তরবারি বাঁধিয়া প্রস্থানের উদ্যোগ করিলেন । বিভা তাহার হাত ধরিয়া কহিল, “দাদা, তুমি যাইয়ো না, তুমি লোক পাঠাইয়া দাও, আমার বড়ো ভয় করিতেছে ।”

উদয়াদিত্য কহিলেন, “বিভা, এখন বাধা দিস নে ; আর সময় নাই !” এই কথা বলিয়া তৎক্ষণাৎ বাহির হইয়া গেলেন ।

বিভা সুরমার হাত ধরিয়া কহিল, “কী হইবে ভাই ? বাবা যদি টের পান ?”

সুরমা কহিল, “আর কী হইবে ? স্নেহের বোধ করি আর কিছু অবশিষ্ট নাই । যেটুকু আছে সেটুকু গেলেও বড়ো একটা ক্ষতি হইবে না ।”

বিভা কহিল, “না ভাই, আমার বড়ো ভয় করিতেছে । পিতা যদি কোনো প্রকার হানি করেন । যদি দণ্ড দেন ?”

সুরমা দীর্ঘনিশ্বাস ফেলিয়া কহিল, “আমার বিশ্বাস, সংসারে যাহার কেহই সহায় নাই, নারায়ণ তাহার অধিক সহায় । হে প্রভু, তোমার নামে কলঙ্ক না হয় যেন । এ বিশ্বাস আমার ভাঙিয়ো না ।”

দ্বিতীয় পরিচ্ছেদ

মন্ত্রী কহিলেন, “মহারাজ, কাজটা কি ভালো হইবে ?”

প্রতাপাদিত্য জিজ্ঞাসা করিলেন, “কোন কাজটা ?”

মন্ত্রী কহিলেন, “কাল যাহা আদেশ করিয়াছিলেন ।”

প্রতাপাদিত্য বিরক্ত হইয়া কহিলেন, “কাল কী আদেশ করিয়াছিলাম ?”

মন্ত্রী কহিলেন, “আপনার পিতৃব্য সম্বন্ধে ।”

প্রতাপাদিত্য আরো বিরক্ত হইয়া কহিলেন, “আমার পিতৃব্য সম্বন্ধে কী ?”

মন্ত্রী কহিলেন, “মহারাজ আদেশ করিয়াছিলেন, যখন বসন্ত রায় যশোহরে আসিবার পথে শিমুলতলির চটিতে আশ্রয় লইবেন তখন—”

প্রতাপাদিত্য ভ্রুকৃষ্ণিত করিয়া কহিলেন, “তখন কী ? কথাটা শেষ করিয়াই ফেলো ।”

মন্ত্রী । তখন দুইজন পাঠান গিয়া—

প্রতাপ । হাঁ ।

মন্ত্রী । তাঁহাকে নিহত করিবে ।

প্রতাপাদিত্য রুষ্ট হইয়া কহিলেন, “মন্ত্রী, হঠাৎ তুমি শিশু হইয়াছ নাকি ? একটা কথা শুনিতে দশটা প্রশ্ন করিতে হয় কেন ? কথাটা মুখে আনিতে বুঝি সংকোচ হইতেছে ! এখন বোধ করি তোমার রাজকার্যে মনোযোগ দিবার বয়স গিয়াছে, এখন পরকাল চিন্তার সময় আসিয়াছে । এতদিন অবসর প্রার্থনা কর নাই কেন ?”

মন্ত্রী । মহারাজ আমার ভাবটা ভালো বুঝিতে পারেন নাই ।

প্রতাপ । বিলক্ষণ বুঝিতে পারিয়াছি । কিন্তু একটা কথা তোমাকে জিজ্ঞাসা করি, আমি যে কাজটা করিতে পারি, তুমি তাহা মুখে আনিতেও পার না ? তোমার বিবেচনা করা উচিত ছিল, আমি যখন এ কাজটা করিতে যাইতেছি, তখন অবশ্য তাহার গুরুতর কারণ আছে ; আমি অবশ্য ধর্ম অধর্ম সমস্ত ভাবিয়াছিলাম ।

মন্ত্রী । আজ্ঞা মহারাজ, আমি—

প্রতাপ । চুপ করো, আমার সমস্ত কথাটা শোনো আগে । আমি যখন এ কাজটা— আমি যখন নিজের পিতৃব্যকে খুন করিতে উদ্যত হইয়াছি, তখন অবশ্য তোমার চেয়ে ঢের বেশি ভাবিয়াছি । এ কাজে অধর্ম নাই । আমার ব্রত এই— এই যে স্নেহেরা আমাদের দেশে আসিয়া অনাচার আরম্ভ করিয়াছে, যাহাদের অত্যাচারে আমাদের দেশ হইতে সনাতন আর্যধর্ম লোপ পাইবার উপক্রম হইয়াছে, ক্ষত্রিয়েরা মোগলকে কন্যা দিতেছে, হিন্দুরা আচারভ্রষ্ট হইতেছে, এই স্নেহদের আমি দূর করিয়া দিব, আমাদের আর্যধর্মকে রাহুর গ্রাস হইতে মুক্ত করিব । এই ব্রত সাধন করিতে অনেক বলের আবশ্যিক । আমি চাই, সমস্ত বঙ্গদেশের রাজারা আমার অধীনে এক হয় ; যাহারা যবনের মিত্র, তাহাদের বিনাশ না করিলে ইহা সিদ্ধ হইবে না । পিতৃব্য বসন্ত রায় আমার পূজ্যপাদ, কিন্তু যথার্থ কথা বলিতে পাপ নাই, তিনি আমাদের বংশের কলঙ্ক । তিনি আপনাকে স্নেহের দাস বলিয়া স্বীকার করিয়াছেন, এমন লোকের সহিত প্রতাপাদিত্য রায়ের কোনো সম্পর্ক নাই । ক্ষত হইলে নিজের বাহুকে কাটিয়া ফেলা

যায় ; আমার ইচ্ছা যায় রায়বংশের ক্ষত, বঙ্গদেশের ক্ষত ঐ বসন্ত রায়কে কাটিয়া ফেলিয়া বায়বংশকে বাঁচাই, বঙ্গদেশকে বাঁচাই ।

মন্ত্রী কহিলেন, “এ বিষয়ে মহারাজের সহিত আমার অন্য মত ছিল না ।”

প্রতাপাদিত্য কহিলেন, “হাঁ ছিল । ঠিক কথা বলো । এখনো আছে । দেখো মন্ত্রী, যতক্ষণ আমার মতের সহিত তোমার মত না মিলিবে, ততক্ষণ তাহা প্রকাশ করিয়ো । সে সাহস যদি না থাকে তবে এ পদ তোমার নহে । সন্দেহ থাকে তো বলিয়ো । আমাকে বুঝাইবার অবসর দিয়ো । তুমি মনে করিতেছ নিজের পিতৃব্যকে হনন করা সকল সময়েই পাপ ; ‘না’ বলিয়ো না, ঠিক এই কথাই তোমার মনে জাগিতেছে । ইহার উত্তর আছে । পিতার অনুরোধে ভৃগু নিজের মাতাকে বধ করিয়াছিলেন, ধর্মের অনুরোধে আমি আমার পিতৃব্যকে বধ করিতে পারি না ?”

এ বিষয়ে— অর্থাৎ ধর্ম অধর্ম বিষয়ে যথার্থই মন্ত্রীর কোনো মতামত ছিল না । মন্ত্রী যতদূর তলাইয়াছিলেন, রাজা ততদূর তলাইতে পারেন নাই । মন্ত্রী বিলক্ষণ জানিতেন যে, উপস্থিত বিষয়ে তিনি যদি সংকোচ দেখান তাহা হইলে রাজা আপাতত কিছু রুষ্ট হইবেন বটে, কিন্তু পরিণামে তাহার জন্য মনে মনে সন্তুষ্ট হইবেন । এইরূপ না করিলে মন্ত্রীর বিরুদ্ধে এককালে-না-এককালে রাজার সন্দেহ ও আশঙ্কা জন্মিতে পারে ।

মন্ত্রী কহিলেন, “আমি বলিতেছিলাম কি, দিল্লীশ্বর এ সংবাদ শুনিয়া নিশ্চয়ই রুষ্ট হইবেন ।”

প্রতাপাদিত্য জ্বলিয়া উঠিলেন, “হাঁ হাঁ, রুষ্ট হইবেন ! রুষ্ট হইবার অধিকার তো সকলেরই আছে । দিল্লীশ্বর তো আমার ঈশ্বর নহেন । তিনি রুষ্ট হইলে থরথর করিয়া কাঁপিতে থাকিবে এমন জীব যথেষ্ট আছে, মানসিংহ আছে বীরবল আছে, আমাদের বসন্ত রায় আছেন, আর সম্প্রতি দেখিতেছি তুমিও আছ ; কিন্তু আত্মবৎ সকলকে মনে করিয়ো না ।”

মন্ত্রী হাসিয়া কহিলেন, “আজ্ঞা, মহারাজ, ফাঁকা রোষকে আমিও বড়ো একটা ডরাই না, কিন্তু তাহার সঙ্গে সঙ্গে ঢাল-তলোয়ার যদি থাকে তাহা হইলে ভাবিতে হয় বৈকি । দিল্লীশ্বরের রোষের অর্থ পঞ্চাশ সহস্র সৈন্য ।”

প্রতাপাদিত্য ইহার একটা সদুত্তর না দিতে পারিয়া কহিলেন, “দেখো মন্ত্রী, দিল্লীশ্বরের ভয় দেখাইয়া আমাকে কোনো কাজ হইতে নিরস্ত করিতে চেষ্টা করিয়ো না, তাহাতে আমার নিতান্ত অপমান বোধ হয় ।”

মন্ত্রী কহিলেন, “প্রজারা জানিতে পারিলে কী বলিবে ?”

প্রতাপ । জানিতে পারিলে তো ?

মন্ত্রী । এ কাজ অধিকদিন চাপা রহিবে না । এ সংবাদ রাষ্ট্র হইলে সমস্ত বঙ্গদেশ আপনার বিরোধী হইবে । যে উদ্দেশ্যে এই কাজ করিতে চান, তাহা সমলে বিনাশ পাইবে । আপনাকে জাতিচ্যুত করিবে ও বিবিধ নিগ্রহ সহিতে হইবে ।

প্রতাপ । দেখো মন্ত্রী, আবার তোমাকে বলিতেছি, আমি যাহা করি তাহা বিশেষ ভাবিয়া করি । অতএব আমি কাজে প্রবৃত্ত হইলে মিছামিছি কতকগুলো ভয় দেখাইয়া আমাকে নিরস্ত করিতে চেষ্টা করিয়ো না, আমি শিশু নহি । প্রতি পদে আমাকে বাধা দিবার জন্য, তোমাকে আমার নিজের শৃঙ্খলস্বরূপে রাখি নাই ।

মন্ত্রী চুপ করিয়া গেলেন । তাহার প্রতি রাজার দুইটি আদেশ ছিল । এক যতক্ষণ মতের অমিল হইবে ততক্ষণ প্রকাশ করিবে ; দ্বিতীয়ত বিরুদ্ধ মত প্রকাশ করিয়া রাজাকে কোনো কাজ হইতে নিরস্ত করিবার চেষ্টা করিবে না । মন্ত্রী আজ পর্যন্ত এই দুই আদেশের ভালোরূপ সামঞ্জস্য করিতে পারেন নাই ।

মন্ত্রী কিয়ৎক্ষণ পরে আবার কহিলেন, “মহারাজ, দিল্লীশ্বর—” প্রতাপাদিত্য জ্বলিয়া উঠিয়া কহিলেন, “আবার দিল্লীশ্বর ? মন্ত্রী, দিনের মধ্যে তুমি যতবার দিল্লীশ্বরের নাম কর ততবার যদি জগদীশ্বরের নাম করিতে তাহা হইলে পরকালের কাজ গুছাইতে পারিতে । যতক্ষণে না আমার এই

কাজটা শেষ হইবে, ততক্ষণ দিল্লীশ্বরের নাম মুখে আনিয়ো না । যখন আজ বিকালে এই কাজ সমাধার সংবাদ পাইব, তখন আসিয়া আমার কানের কাছে তুমি মনের সাধ মিটাইয়া দিল্লীশ্বরের নাম জপিয়ো । ততক্ষণ একটু আত্মসংযম করিয়া থাকো ।”

মন্ত্রী আবার চুপ করিয়া গেলেন । দিল্লীশ্বরের কথা বন্ধ করিয়া কহিলেন, “মহারাজ, যুবরাজ উদয়াদিত্য—”

রাজা কহিলেন, “দিল্লীশ্বর গেল, প্রজারা গেল, এখন অবশেষে সেই স্ত্রৈণ বালকটার কথা বলিয়া ভয় দেখাইবে না কি ?”

মন্ত্রী কহিলেন, “মহারাজ, আপনি অত্যন্ত ভুল বুঝিতেছেন ! আপনার কাজে বাধা দিবার অভিপ্রায় আমার মূলেই নাই ।”

প্রতাপাদিত্য ঠাণ্ডা হইয়া কহিলেন, “তবে কী বলিতেছিলে বলো ।”

মন্ত্রী বলিলেন, “কাল রাতে যুবরাজ সহসা অশ্বারোহণ করিয়া একাকী চলিয়া গিয়াছেন, এখনো ফিরিয়া আসেন নাই ।”

প্রতাপাদিত্য বিরক্ত হইয়া কহিলেন, “কোন্ দিকে গেছেন ?”

মন্ত্রী কহিলেন, “পূর্বাভিমুখে ।”

প্রতাপাদিত্য দাঁতে দাঁত লাগাইয়া কহিলেন, “কখন গিয়াছিল ?”

মন্ত্রী । কাল প্রায় অর্ধরাত্রের সময় ।

প্রতাপাদিত্য কহিলেন, “শ্রীপুরের জমিদারের মেয়ে কি এখানেই আছে ?”

মন্ত্রী । আজ্ঞা হাঁ ।

প্রতাপাদিত্য । সে তাহার পিত্রালয়ে থাকিলেই তো ভালো হয় ।

মন্ত্রী কোনো উত্তর দিলেন না ।

প্রতাপাদিত্য কহিলেন, “উদয়াদিত্য কোনোকালেই রাজার মতো ছিল না । ছেলেবেলা হইতে প্রজাদের সঙ্গেই তাহার মেশামেশি । আমার সম্ভান যে এমন হইবে তাহা কে জানিত ? সিংহ-শাবককে কি, কী করিয়া সিংহ হইতে হয় তাহা শিখাইতে হয় ? তবে কিনা— নরাণাং মাতুলক্রমঃ । বোধ করি সে তাহার মাতামহদের স্বভাব পাইয়াছে । তাহার উপরে আবার সম্প্রতি শ্রীপুরের ঘরে বিবাহ দিয়াছি ; সেই অবধি বালকটা একেবারে অধঃপাতে গিয়াছে । ঈশ্বর করুন, আমার কনিষ্ঠ পুত্রটি যেন উপযুক্ত হয়, আমি যাহা আরম্ভ করিয়াছি তাহা শেষ যদি না করিতে পারি তাহা হইলে মরিবার সময়ে ভাবনা না থাকিয়া যায় যেন । সে কি তবে এখনো ফিরিয়া আসে নাই ?”

মন্ত্রী । না মহারাজ ।

ভূমিতে পদাঘাত করিয়া প্রতাপাদিত্য কহিলেন, “একজন প্রহরী তাহার সঙ্গে কেন যায় নাই ?”

মন্ত্রী । একজন যাইতে প্রস্তুত হইয়াছিল, কিন্তু তিনি বারণ করিয়াছিলেন ।

প্রতাপ । অদৃশ্যভাবে দূরে দূরে থাকিয়া কেন যায় নাই ?

মন্ত্রী । তাহারা কোনো প্রকার অন্যায় সন্দেহ করে নাই ।

প্রতাপ । সন্দেহ করে নাই ! মন্ত্রী, তুমি কি আমাকে বুঝাইতে চাও, তাহারা বড়ো ভালো কাজ করিয়াছিল ? মন্ত্রী, তুমি আমাকে অনর্থক যাহা-তাহা একটা বুঝাইতে চেষ্টা পাইয়ো না । প্রহরীরা কর্তব্য-কাজে বিশেষ অবহেলা করিয়াছে । সে-সময়ে দ্বারে কাহারা ছিল ডাকিয়া পাঠাও । ঘটনাটির জন্য যদি আমার কোনো একটা ইচ্ছা বিফল হয়, তবে আমি সর্বনাশ করিব । মন্ত্রী, তোমারও তাহা হইলে ভয়ের সম্ভাবনা আছে । আমার কাছে তুমি প্রমাণ করিতে আসিয়াছ, এ কাজের জন্য কেহই দায়ী নহে ! তবে এ দায় তোমার ।

প্রতাপাদিত্য প্রহরীকে ডাকিয়া পাঠাইলেন । কিয়ৎক্ষণ গম্ভীর ভাবে থাকিয়া জিজ্ঞাসা করিলেন, “হাঁ । দিল্লীশ্বরের কথা কী বলিতেছিলে ?”

মন্ত্রী । শুনলাম আপনার নামে দিল্লীশ্বরের নিকটে অভিযোগ করিয়াছে ।

প্রতাপ । কে ? তোমাদের যুবরাজ উদয়াদিত্য নাকি ?

মন্ত্রী । আজ্ঞা মহারাজ, এমন কথা বলিবেন না । কে করিয়াছে সন্ধান পাই নাই ।

প্রতাপ । যেই করুক, তাহার জন্য অধিক ভাবিয়ো না, আমিই দিল্লীশ্বরের বিচারকর্তা, আমিই তাহার দণ্ডের উদ্যোগ করিতেছি । সে পাঠানেরা এখনো ফিরিল না ? উদয়াদিত্য এখনো আসিল না ? শীঘ্র প্রহরীকে ডাকো ।

তৃতীয় পরিচ্ছেদ

বিজন পথ দিয়া বিদ্যুদবেগে যুবরাজ অশ্ব ছুটাইয়া চলিয়াছেন । অন্ধকার রাত্রি, কিন্তু পথ দীর্ঘ সরল প্রশস্ত বলিয়া কোনো ভয়ের আশঙ্কা নাই । স্তব্ধ রাত্রে অশ্বের খুরের শব্দে চারি দিক প্রতিধ্বনিত হইতেছে, দুই-একটি কুকুর ঘেউ-ঘেউ করিয়া ডাকিয়া উঠিতেছে, দুই-একটা শৃগাল চকিত হইয়া পথ ছাড়িয়া বাঁশঝাড়ের মধ্যে লুকাইতেছে । আলোকের মধ্যে আকাশের তারা ও পথপ্রান্তস্থিত গাছে জোনাকি ; শব্দের মধ্যে ঝিঝি পোকাকার অবিশ্রাম শব্দ, মনুষ্যের মধ্যে কঙ্কাল-অবশেষ একটি ভিখারি বৃদ্ধা গাছের তলায় ঘুমাইয়া আছে । পাঁচ ক্রোশ পথ অতিক্রম করিয়া যুবরাজ পথ ছাড়িয়া একটা মাঠে নামিলেন । অশ্বের বেগ অপেক্ষাকৃত সংযত করিতে হইল । দিনের বেলায় বৃষ্টি হইয়াছিল, মাটি ভিজ ছিল, পদে পদে অশ্বের পা বসিয়া যাইতেছে । যাইতে যাইতে সম্মুখের পায়ে ভর দিয়া অশ্ব তিন বার পড়িয়া গেল । শ্রান্ত অশ্বের নাসারন্ধ্র বিস্ফারিত, মুখে ফেন, পশ্চাতের পদদ্বয়ের ঘর্ষণে ফেন জন্মিয়াছে, পঞ্জরের ভিতর হইতে একটা শব্দ বাহির হইতেছে, সর্বাঙ্গ ঘর্মে প্লাবিত । এ দিকে দারুণ গ্রীষ্ম, বাতাসের লেশমাত্র নাই, এখনো অনেকটা পথ অবশিষ্ট রহিয়াছে । বহুতর জলা ও চষা মাঠ অতিক্রম করিয়া যুবরাজ অবশেষে একটা কাঁচা রাস্তায় আসিয়া উপস্থিত হইলেন । অশ্বকে আবার দ্রুতবেগে ছুটাইলেন । একবার তাহার স্কন্ধ চাপড়াইয়া উৎসাহ দিয়া ডাকিলেন, “সুগ্রীব ।” সে চকিতে একবার কান খাড়া করিয়া বড়ো বড়ো চোখে বন্ধিম দৃষ্টিতে প্রভুর দিকে চাহিল, একবার গ্রীবা বাঁকাইয়া হ্রেষাধ্বনি করিল ও সবলে মুখ নামাইয়া রাশ শিথিল করিয়া লইল ও গ্রীবা নত করিয়া উর্ধ্বশ্বাসে ছুটিতে লাগিল । দুই পার্শ্বের গাছপালা চোখে ভালো দেখা যাইতেছে না, আকাশে চাহিলে মনে হইতেছে যেন দলে দলে নক্ষত্রেরা অগ্নিস্ফুলিঙ্গের মতো সবেগে উড়িয়া যাইতেছে এবং সেই স্তব্ধবায়ু আকাশে বায়ু তরঙ্গিত হইয়া কানের কাছে সাঁ সাঁ করিতে লাগিল । রাত্রি যখন তৃতীয় প্রহর, লোকালয়ের কাছে শৃগালেরা যখন প্রহর ডাকিয়া গেল, তখন যুবরাজ শিমুলতলির চটির দুয়ারে আসিয়া দাঁড়াইলেন, তাহার অশ্ব তৎক্ষণাৎ গতজীবন হইয়া ভূমিতে পড়িয়া গেল । নামিয়া তাহার পিঠ চাপড়াইলেন, তাহার মুখ তুলিয়া ধরিলেন, “সুগ্রীব” বলিয়া কতবার ডাকিলেন, সে আর নড়িল না ! দীর্ঘনিশ্বাস ফেলিয়া যুবরাজ দ্বারে গিয়া আঘাত করিলেন । বার বার আঘাতের পর চটির অধ্যক্ষ দ্বার না খুলিয়া জানালার মধ্য দিয়া কহিল, “এত রাত্রে তুমি কে গো ?” দেখিল একজন সশস্ত্র যুবক দ্বারে দাঁড়াইয়া ।

যুবরাজ কহিলেন, “একটা কথা জিজ্ঞাসা করিব, দ্বার খোলো ।”

সে কহিল, “দ্বার খুলিবার আবশ্যিক কী, যাহা জিজ্ঞাসা করিবার আছে, জিজ্ঞাসা করো-না ।”

যুবরাজ জিজ্ঞাসা করিলেন, “রায়গড়ের রাজা বসন্ত রায় এখানে আছেন ?”

সে কহিল, “আজ্ঞা, সন্ধ্যার পর তাঁহার আসিবার কথা ছিল বটে কিন্তু এখনো আসেন নাই । আজ বোধ করি তাঁহার আসা হইল না ।”

যুবরাজ দুইটি মুদ্রা লইয়া শব্দ করিয়া কহিলেন, “এই লও ।”

সে তাড়াতাড়ি ছুটিয়া আসিয়া দ্বার খুলিয়া মুদ্রা দুইটি লইল । তখন যুবরাজ তাহাকে কহিলেন, “বাপু, আমি একবারটি তোমার চটি অনুসন্ধান করিয়া দেখিব, কে কে আছে ?”

চটি-রক্ষক সন্দিগ্ধভাবে কহিল, “না মহাশয়, তাহা হইবে না ।”

উদয়াদিত্য কহিলেন, “আমাকে বাধা দিয়ো না । আমি রাজবাটীর কর্মচারী । দুইজন অপরাধীর অনুসন্ধানে আসিয়াছি ।”

এই কথা বলিয়াই তিনি প্রবেশ করিলেন । চটি-রক্ষক তাঁহাকে আর বাধা দিল না । তিনি সমস্ত অনুসন্ধান করিয়া দেখিলেন । না বসন্ত রায়, না তাঁহার অনুচর, না কোনো পাঠানকে দেখিতে পাইলেন । কেবল দুইজন সুপ্তোখিতা প্রৌঢ়া চৈচাইয়া উঠিল, “আ মরণ, মিনসে অমন করিয়া তাকাইতেছিস কেন ?”

চটি হইতে বাহির হইয়া পথে দাঁড়াইয়া যুবরাজ ভাবিতে লাগিলেন । একবার মনে করিলেন যে, ভালোই হইয়াছে, হয়তো আজ দৈবক্রমে তিনি আসিতে পারেন নাই । আবার মনে করিলেন, যদি ইহার পূর্ববর্তী কোনো চটিতে থাকেন ও পাঠানেরা তাঁহার অনুসন্ধানে সেখানে গিয়া থাকে ? এইরূপ ভাবিতে ভাবিতে সেই পথ বাহিয়া চলিতে লাগিলেন । কিয়দূর গিয়া দেখিলেন, বিপরীত দিক হইতে একজন অশ্বারোহী আসিতেছে । নিকটে আসিলে কহিলেন, “কে ও, রতন নাকি ?” সে অশ্ব হইতে তৎক্ষণাৎ নামিয়া তাঁহাকে প্রণাম করিয়া কহিল, “আজ্ঞা হাঁ । যুবরাজ, আপনি এত রাত্রে এখানে যে ?”

যুবরাজ কহিলেন, “তাহার কারণ পরে বলিব । এখন বলো তো দাদামহাশয় কোথায় আছেন ।”

“আজ্ঞা, তাঁহার তো চটিতেই থাকিবার কথা ।”

“সে কী ! সেখানে তো তাঁহাকে দেখিলাম না ।”

সে অবাক হইয়া কহিল, “ত্রিশজন অনুচর সমেত মহারাজ যশোর উদ্দেশে যাত্রা করিয়াছেন । আমি কার্যবশত পিছাইয়া পড়িয়াছিলাম । এই চটিতে আজ সন্ধ্যাবেলা তাঁহার সহিত মিলিবার কথা ।”

“পথে যেরূপ কাদা তাহাতে পদচিহ্ন থাকিবার কথা, তাহাই অনুসরণ করিয়া আমি তাঁহার অনুসন্ধানে চলিলাম । তোমার ঘোটক লইলাম । তুমি পদব্রজে আইস ।”

চতুর্থ পরিচ্ছেদ

বিজন পথের ধারে অশথ গাছের তলায় বাহকশূন্য ভূতলস্থিত এক শিবিকার মধ্যে বৃদ্ধ বসন্ত রায় বসিয়া আছেন । কাছে আর কেহ নাই, কেবল একটি পাঠান শিবিকার বাহিরে । একটা জনকোলাহল দূরে মিলাইয়া গেল । রজনী স্তব্ধ হইয়া গেল । বসন্ত রায় জিজ্ঞাসা করিলেন, “খাঁ সাহেব, তুমি যে গেলে না ?”

পাঠান কহিল, “হুজুর, কী করিয়া যাইব ? আপনি আমাদের ধনপ্রাণ রক্ষার জন্য আপনার সকল অনুচরগুলিকেই পাঠাইলেন । আপনাকে এই পথের ধারে রাত্রে অরক্ষিত অবস্থায় ফেলিয়া যাইব, এতবড়ো অকৃতজ্ঞ আমাকে ঠাহরাইবেন না । আমাদের কবি বলেন, যে আমার অপকার করে সে আমার কাছে ঋণী ; পরকালে সে ঋণ তাহাকে শোধ করিতে হইবে ; যে আমার উপকার করে আমি তাহার কাছে ঋণী, কিন্তু কোনোকালে তাহার সে ঋণ শোধ করিতে পারিব না ।”

বসন্ত রায় মনে মনে কহিলেন, বাহবা, লোকটা তো বড়ো ভালো । কিছুক্ষণ বিতর্ক করিয়া পালকি হইতে তাঁহার টাকবিশিষ্ট মাথাটি বাহির করিয়া কহিলেন, “খাঁ সাহেব, তুমি বড়ো ভালো লোক ।”

খাঁ সাহেব তৎক্ষণাৎ এক সেলাম করিলেন । এ বিষয়ে বসন্ত রায়ের সহিত খাঁ সাহেবের কিছুমাত্র মতের অনৈক্য ছিল না । বসন্ত রায় মশালের আলোকে তাহার মুখ নিরীক্ষণ করিয়া কহিলেন, “তোমাকে বড়োঘরের লোক বলিয়া মনে হইতেছে ।”

পাঠান আবার সেলাম করিয়া কহিল, “কেয়া তাজ্জব, মহারাজ, ঠিক ঠাহরাইয়াছেন ।”

বসন্ত রায় কহিলেন, “এখন তোমার কী করা হয় ?”

পাঠান নিশ্বাস ছাড়িয়া কহিল, “হুজুর, দুরবস্থায় পড়িয়াছি, এখন চাষবাস করিয়া গুজরান চালাইতে হইতেছে । কবি বলিতেছেন, হে অদৃষ্ট, তুমি যে তৃণকে তৃণ করিয়া গড়িয়াছ, ইহাতে তোমার নিষ্ঠুরতা প্রকাশ পায় না, কিন্তু তুমি যে অশথ গাছকে অশথ গাছ করিয়া গড়িয়া অবশেষে ঝড়ের হাতে তাহাকে

ভূগের সহিত সমতল করিয়া শোয়াও ইহাতেই আন্দাজ করিতেছি, তোমার মনটা পাথরে গড়া।”

বসন্ত রায় নিতান্ত উল্লসিত হইয়া বলিয়া উঠিলেন, “বাহবা, বাহবা, কবি কী কথাই বলিয়াছেন। সাহেব, যে দুইটি বয়েৎ আজ বলিলে, ঐ দুইটি লিখিয়া দিতে হইবে।”

পাঠান ভাবিল, তাহার অদৃষ্ট সুপ্রসন্ন। বুড়া, লোক বড়ো সরেস ; গরিবের বহুৎ কাজে লাগিতে পারিবে। বসন্ত রায় ভাবিলেন, আহা, এককালে যে ব্যক্তি বড়োলোক ছিল আজ তাহার এমন দুরবস্থা। চপলা লক্ষ্মীর এ বড়ো অত্যাচার। মনে মনে তিনি কিছু কাতর হইলেন, পাঠানকে কহিলেন, “তোমার যেরকম সুন্দর শরীর আছে তাহাতে তো তুমি অনায়াসে সৈন্যশ্রেণীতে নিযুক্ত হইতে পার।”

পাঠান তৎক্ষণাৎ বলিয়া উঠিল, “হুজুর, পারি বৈকি। সেই তো আমাদের কাজ। আমার পিতা-পিতামহেরা সকলেই তলোয়ার হাতে করিয়া মরিয়াছেন, আমারও সেই একমাত্র সাধ আছে। কবি বলেন—”

বসন্ত রায় হাসিতে হাসিতে কহিলেন, “কবি যাহাই বলুন বাপু, আমার কাজ যদি গ্রহণ কর, তবে তলোয়ার হাতে করিয়া মরিবার সাধ মিটিতেও পারে, কিন্তু সে তলোয়ার খুঁপ হইতে খোলা তোমার ভাগ্যে ঘটিয়া উঠিবে না। বুড়া হইয়া পড়িয়াছি, প্রজারা সুখে স্বচ্ছন্দে আছে, ভগবান করুন, আর যেন লড়াই করিবার দরকার না হয়। বয়স গিয়াছে ; তলোয়ার ত্যাগ করিয়াছি। এখন তলোয়ারের পরিবর্তে আর-একজন আমার পাণিগ্রহণ করিয়াছে।” এই বলিয়াই পার্শ্বে শায়িত সহচরী সেতারটিকে দুই-একটি ঝংকার দিয়া একবার জাগাইয়া দিলেন।

পাঠান ঘাড় নাড়িয়া চোখ বুজিয়া কহিল, “আহা, যাহা বলিতেছেন, ঠিক বলিতেছেন। একটি বয়েৎ আছে যে, তলোয়ারে শত্রুকে জয় করা যায়, কিন্তু সংগীতে শত্রুকে মিত্র করা যায়।”

বসন্ত রায় বলিয়া উঠিলেন, “কী বলিলে ঠা সাহেব ? সংগীতে শত্রুকে মিত্র করা যায় ! কী চমৎকার !” চুপ করিয়া কিয়ৎক্ষণ ভাবিতে লাগিলেন, যতই ভাবিতে লাগিলেন ততই যেন অধিকতর অবাক হইতে লাগিলেন। কিছুক্ষণ পরে বয়েৎটির ব্যাখ্যা করিয়া বলিতে লাগিলেন, “তলোয়ার যে এতবড়ো ভয়ানক দ্রব্য তাহাতেও শত্রুর শত্রুতা নাশ করা যায় না— কেমন করিয়া বলিব নাশ করা যায় ? রোগীকে বধ করিয়া রোগ আরোগ্য করা সে কেমনতরো আরোগ্য ? কিন্তু সংগীত যে এমন মধুর জিনিস, তাহাতে শত্রু নাশ না করিয়াও শত্রুতা নাশ করা যায়। এ কি সাধারণ কবিত্বের কথা ? বাঃ, কী তারিফ !” বৃদ্ধ এতদূর উত্তেজিত হইয়া উঠিলেন যে, শিবিকার বাহিরে পা রাখিয়া বসিলেন, পাঠানকে আরো কাছে আসিতে বলিলেন ও কহিলেন, “তলোয়ারে শত্রুকে জয় করা যায়, কিন্তু সংগীতে শত্রুকেও মিত্র করা যায়, কেমন ঠা সাহেব ?”

পাঠান। আজ্ঞা হাঁ হুজুর।

বসন্ত রায়। তুমি একবার রায়গড়ে যাইয়ো। আমি যশোর হইতে ফিরিয়া গিয়া তোমার যথাসাধ্য উপকার করিব।

পাঠান উৎফুল্ল হইয়া কহিল, “আপনি ইচ্ছা করিলে কী না করিতে পারেন।” পাঠান ভাবিল একরকম বেশ গুছাইয়া লইয়াছি। জিজ্ঞাসা করিল, “আপনার সেতার বাজানো আসে ?”

বসন্ত রায় কহিলেন, “হাঁ” ও তৎক্ষণাৎ সেতার তুলিয়া লইলেন। অঙ্গুলিতে মেজরাপ আঁটিয়া বেহাগ আলাপ করিতে লাগিলেন। মাঝে মাঝে পাঠান মাথা নাড়িয়া বলিয়া উঠিল, “বাহবা ! খাসী !” ক্রমে উত্তেজনার প্রভাবে শিবিকার মধ্যে বসিয়া থাকা বসন্ত রায়ের পক্ষে অসাধ্য হইয়া উঠিল। তিনি উঠিয়া দাঁড়াইয়া বাজাইতে লাগিলেন। মর্যাদা গান্ধীর্ষ আত্মপর সমস্ত বিস্মৃত হইলেন ও বাজাইতে বাজাইতে অবশেষে গান ধরিলেন, “কেয়সে কাটোঙ্গী রয়ন, সো পিয়া বিনা।”

গান থামিলে পাঠান কহিল, “বাঃ, কী চমৎকার আওয়াজ।”

বসন্ত রায় কহিলেন, “তবে বোধ করি নিস্তরক রাত্রে, খোলা মাঠে সকলের আওয়াজই মিঠা লাগে। কারণ, গলা অনেক সাধিয়াছি বটে কিন্তু লোকে আমার আওয়াজের তো বড়ো প্রশংসা করে না। তবে কি না, বিধাতা যতগুলি রোগ দিয়াছেন তাহার সকলগুলিরই একটি-না-একটি ঔষধ দিয়াছেন, তেমনি

যতগুলি গলা দিয়াছেন তাহার একটি-না-একটি শ্রোতা আছেই । আমার গলাও ভালো লাগে এমন দুটো অর্বাচীন আছে । নইলে এতদিনে সাহেব, এ গলার দোকানপাট বন্ধ করিতাম ; সেই দুটো আনাড়ি খরিদার আছে, মাল চিনে না, তাহাদেরই কাছ হইতে বাহবা মিলে । অনেকদিন দুটাকে দেখি নাই, গীতগানও বন্ধ আছে ; তাই ছুটিয়া চলিয়াছি । মনের সাধে গান শুনাইয়া, প্রাণের বোঝা নামাইয়া বাড়ি ফিরিব ।” বৃদ্ধের ক্ষীণজ্যোতি চোখদুটি স্নেহে ও আনন্দে দীপ্যমান হইয়া উঠিল ।

পাঠান মনে মনে কহিল, তোমার একটা সাধ মিটিয়াছে, গান শুনানো হইয়াছে, এখন প্রাণের বোঝাটা আমিই নামাইব কি ? তোবা, তোবা, এমন কাজও করে ! কাফেরকে মারিলে পুণ্য আছে বটে কিন্তু সে পুণ্য এত উপার্জন করিয়াছি যে পরকালের বিষয়ে আর বড়ো ভাবনা নাই, কিন্তু ইহকালের সমস্তই যে-প্রকার বেবন্দোবস্ত দেখিতেছি, তাহাতে এই কাফেরটাকে না মারিয়া যদি তাহার একটা বিলিবন্দেজ করিয়া লইতে পারি তাহাতে আপত্তি দেখিতেছি না ।

বসন্ত রায় কিয়ৎক্ষণ চুপ করিয়া আর থাকিতে পারিলেন না, তাঁহার কল্পনা উত্তেজিত হইয়া উঠিল— পাঠানের নিকটবর্তী হইয়া অতি চুপি চুপি কহিলেন, “কাহাদের কথা বলিতেছিলাম, সাহেব, জান ? তাহারা আমার নাতি ও নাতনী ।” বলিতে বলিতে অধীর হইয়া উঠিলেন, ভাবিলেন— আমার অনুচরেরা কখন ফিরিয়া আসিবে ? আবার সেতার লইয়া গান আরম্ভ করিলেন ।

একজন অশ্বারোহী পুরুষ নিকটে আসিয়া কহিল, “আঃ বাঁচিলাম । দাদামহাশয় পথের ধারে এত রাত্রে কাহাকে গান শুনাইতেছ ?”

আনন্দে ও বিস্ময়ে বসন্ত রায় তৎক্ষণাৎ তাঁহার সেতার শিবিকা-উপরে রাখিয়া উদয়াদিত্যের হাত ধরিয়া নামাইলেন ও তাঁহাকে দৃঢ়রূপে আলিঙ্গন করিলেন । জিজ্ঞাসা করিলেন, “খবর কী দাদা ? দিদি ভালো আছে তো ?”

উদয়াদিত্য কহিলেন, “সমস্তই মঙ্গল ।”

তখন বৃদ্ধ হাসিতে হাসিতে সেতার তুলিয়া লইলেন ও পা দিয়া তাল রাখিয়া মাথা নাড়িয়া গান আরম্ভ করিয়া দিলেন—

“বঁধুয়া অসময়ে কেন হে প্রকাশ ?

সকলি যে স্বপ্ন বলে হতেছে বিশ্বাস ।

চন্দ্রাবলীর কুঞ্জ ছিলে, সেথায় তো আদর মিলে ?

এরি মধ্যে মিটিল কি প্রণয়েরি আশ ?

এখনো তো রয়েছে রাত, এখনো তো হয় নি প্রভাত,

এখনো এ রাধিকার ফুরায় নি তো অশ্রুপাত ।

চন্দ্রাবলীর কুসুমসাজ এখনি কি শুকাল আজ ?

চকোর হে, মিলাল কি সে চন্দ্রমুখের মধুর হাস ?”

উদয়াদিত্য পাঠানের দিকে চাহিয়া বসন্ত রায়কে কানে কানে জিজ্ঞাসা করিলেন, “দাদামহাশয়, এ কাবুলি কোথা হইতে জুটিল ?”

বসন্ত রায় তাড়াতাড়ি কহিলেন, “খাঁ সাহেব বড়ো ভালো লোক । সমঝদার ব্যক্তি । আজ রাত্রি বড়ো আনন্দে কাটানো গিয়াছে ।”

উদয়াদিত্যকে দেখিয়া খাঁ সাহেব মনে মনে বিশেষ চঞ্চল হইয়া পড়িয়াছিল, কী করিবে ভাবিয়া পাইতেছিল না ।

উদয়াদিত্য পিতামহকে জিজ্ঞাসা করিলেন, “চটিতে না গিয়া এখানে যে ?”

পাঠান সহসা বলিয়া উঠিল, “হজুর, আশ্বাস পাই তো একটা কথা বলি । আমরা রাজা প্রতাপাদিত্যের প্রজা । মহারাজ আমাকে ও আমার ভাইকে আদেশ করেন যে আপনি যখন যশোরের মুখে আসিবেন, তখন পথে আপনাকে খুন করা হয় ।”

বসন্ত রায় চমকিয়া কহিয়া উঠিলেন, “রাম রাম রাম ।”

উদয়াদিত্য কহিলেন, “বলিয়া যাও ।”

পাঠান । আমরা কখনো এমন কাজ করি নাই, সুতরাং আপত্তি করাতে তিনি আমাদের নানাপ্রকার ভয় দেখান । সুতরাং বাধ্য হইয়া এই কাজের উদ্দেশ্যে যাত্রা করিতে হইল । পথের মধ্যে আপনার সহিত সাক্ষাৎ হইল । আমার ভাই গ্রামে ডাকাত পড়িয়াছে বলিয়া কাঁদিয়া কাটিয়া আপনার অনুচরদের লইয়া গেলেন । আমার উপর এই কাজের ভার ছিল । কিন্তু মহারাজ, যদিও রাজার আদেশ, তথাপি এমন কাজে আমার কোনোমতেই প্রবৃত্তি হইল না । কারণ, আমাদের কবি বলেন, রাজার আদেশে প্রভুর আদেশে সমস্ত পৃথিবী ধ্বংস করিতে পার । কিন্তু সাবধান, স্বর্গের এক কোণও ধ্বংস করিযো না । এখন গরিব, মহারাজের শরণাপন্ন হইল । দেশে ফিরিয়া গেলে আমার সর্বনাশ হইবে । আপনি রক্ষা না করিলে আমার আর উপায় নাই । বলিয়া জোড়হাত করিয়া দাঁড়াইল ।

বসন্ত রায় অবাক হইয়া দাঁড়াইয়া রহিলেন । কিছুক্ষণ পরে পাঠানকে কহিলেন, “তোমাকে একটি পত্র দিতেছি তুমি রায়গড়ে চলিয়া যাও । আমি সেখানে ফিরিয়া গিয়া তোমার একটা সুবিধা করিয়া দিব ।”

উদয়াদিত্য কহিলেন, “দাদামহাশয়, আবার যশোহরে যাইবে নাকি ?”

বসন্ত রায় কহিলেন, “হাঁ ভাই ।”

উদয়াদিত্য অবাক হইয়া কহিলেন, “সে কী কথা !”

বসন্ত রায় । প্রতাপ আমার তো আর কেহ নয়, সহস্র অপরাধ করুক, সে আমার নিতান্তই স্নেহভাজন । আমার নিজের কোনো হানি হইবে বলিয়া ভয় করি না । আমি তো ভাই, ভবসমুদ্রের কূলে দাঁড়াইয়া । একটা ঢেউ লাগিলেই আমার সমস্ত ফুরাইল । কিন্তু এই পাপকার্য করিলে প্রতাপের ইহকালের ও পরকালের যে হানি হইত, তাহা ভাবিয়া আমি কি নিশ্চিত থাকিতে পারি ? তাহাকে আলিঙ্গন করিয়া একবার সমস্ত বুঝাইয়া বলি ।

বলিতে বলিতে বসন্ত রায়ের চোখে জল আসিল । উদয়াদিত্য দুই হস্তে চক্ষু আচ্ছাদন করিলেন ।

এমন সময় কোলাহল করিতে করিতে বসন্ত রায়ের অনুচরগণ ফিরিয়া আসিল ।

“মহারাজ কোথায় ? মহারাজ কোথায় ?”

“এইখানেই আছি বাপু, আর কোথায় যাইব ?”

সকলে সমস্বরে বলিল, “সে নেড়ে বেটা কোথায় ।”

বসন্ত রায় বিব্রত হইয়া মাঝে পড়িয়া কহিলেন, “হাঁ হাঁ বাপু, তোমরা ঝাঁ সাহেবকে কিছু বলিযো না ।”

প্রথম । আজ মহারাজ, বড়ো কষ্ট পাইয়াছি, আজ সে—

দ্বিতীয় । তুই থাম না রে ; আমি সমস্ত ভালো করিয়া গুছাইয়া বলি । সে পাঠান বেটা আমাদের বরাবর সোজা লইয়া গিয়া অবশেষে বাঁ-হাতি একটা আমবাগানের মধ্যে—

তৃতীয় । না রে সেটা বাবলা বন ।

চতুর্থ । সেটা বাঁ-হাতি নয়, সেটা ডান-হাতি ।

দ্বিতীয় । দূর খেপা, সেটা বাঁ-হাতি ।

চতুর্থ । তোর কথাতেই সেটা বাঁ-হাতি ?

দ্বিতীয় । বাঁ-হাতি যদি না হইবে তবে সে পুকুরটা—

উদয়াদিত্য । হাঁ-বাপু, সেটা বাঁ-হাতি বলিয়া বোধ হইতেছে, তার পরে বলিয়া যাও ।

দ্বিতীয় । আজ্ঞা হাঁ । সেই বাঁ-হাতি আমবাগানের মধ্য দিয়া একটা মাঠে লইয়া গেল । কত চষা মাঠ জমি জলা বাঁশঝাড় পার হইয়া গেলাম, কিন্তু গায়ের নামগন্ধও পাইলাম না । এমনি করিয়া তিন ঘণ্টা ঘুরিয়া গায়ের কাছাকাছি হইতেই সে বেটা যে কোথায় পালাইল খোঁজ পাইলাম না ।

প্রথম । সে বেটাকে দেখিয়াই আমার ভালো ঠেকে নাই ।

দ্বিতীয় । আমিও মনে করিয়াছিলাম এইরকম একটা কিছু হইবেই ।
তৃতীয় । যখনই দেখিয়াছি নেড়ে, তখনই আমার সন্দেহ হইয়াছে ।
অবশেষে সকলেই ব্যস্ত করিল যে তাহারা পূর্ব হইতেই সমস্ত বুঝিতে পারিয়াছিল ।

পঞ্চম পরিচ্ছেদ

প্রতাপাদিত্য কহিলেন, “দেখো দেখি মন্ত্রী, সে পাঠান দুটা এখনো আসিল না ।”
মন্ত্রী ধীরে ধীরে কহিলেন, “সেটা তো আর আমার দোষ নয় মহারাজ ।”
প্রতাপাদিত্য বিরক্ত হইয়া কহিলেন, “দোষের কথা হইতেছে না । দেরি যে হইতেছে তাহার তো একটা কারণ আছে ? তুমি কী অনুমান কর, তাহাই জিজ্ঞাসা করিতেছি ।”
মন্ত্রী । শিমুলতলি এখান হইতে বিস্তর দূর । যাইতে, কাজ সমাধা করিতে ও ফিরিয়া আসিতে বিলম্ব হইবার কথা ।
প্রতাপাদিত্য মন্ত্রীর কথায় অসন্তুষ্ট হইলেন । তিনি চান, তিনিও যাহা অনুমান করিতেছেন, মন্ত্রীও তাহাই অনুমান করেন । কিন্তু মন্ত্রী সে দিক দিয়া গেলেন না ।
প্রতাপাদিত্য কহিলেন, “উদয়াদিত্য কাল রাত্রে বাহির হইয়া গেছে ?”
মন্ত্রী । আজ্ঞা হাঁ, সে তো পূর্বেই জানাইয়াছি ।
প্রতাপাদিত্য । পূর্বেই জানাইয়াছি ! কী উপযুক্ত সময়েই জানাইয়াছ ! যে সময়ে হউক জানাইলেই বুঝি তোমার কাজ শেষ হইল ? উদয়াদিত্য তো পূর্বে এমনতরো ছিল না । শ্রীপুরের জমিদারের মেয়ে বোধ করি তাহাকে কুপরামর্শ দিয়া থাকিবে । কী বোধ হয় ?
মন্ত্রী । কেমন করিয়া বলিব মহারাজ ?
প্রতাপাদিত্য বলিয়া উঠিলেন, “তোমার কাছে কি আমি বেদবাক্য শুনিতে চাহিতেছি ? তুমি কী আন্দাজ কর, তাই বলো-না !”
মন্ত্রী । আপনি মহিষীর কাছে বধুমাতা ঠাকুরানীর কথা সমস্তই শুনিতো পান, এ বিষয়ে আপনিই অনুমান করিতে পারেন, আমি কেমন করিয়া অনুমান করিব ?
একজন পাঠান গৃহে প্রবেশ করিল ।
প্রতাপাদিত্য বলিয়া উঠিলেন, “কী হইল ? কাজ নিকাশ করিয়াছ ?”
পাঠান । হাঁ, মহারাজ, এতক্ষণে নিকাশ হইয়া গেছে ।
প্রতাপাদিত্য । সে কী রকম কথা ? তবে তুমি জান না ?
পাঠান । আজ্ঞা হাঁ, জানি । কাজ নিকাশ হইয়াছে, তাহাতে আর ভুল নাই, তবে আমি সে সময়ে উপস্থিত ছিলাম না ।
প্রতাপাদিত্য । তবে কী করিয়া কাজ নিকাশ হইল ?
পাঠান । আপনার পরামর্শমতে আমি তাহার লোকজনদের তফাত করিয়াই চলিয়া আসিতেছি, হোসেন খাঁ কাজ শেষ করিয়াছে ।
প্রতাপাদিত্য । যদি না করিয়া থাকে ?
পাঠান । মহারাজ, আমার শির জামিন রাখিলাম ।
প্রতাপাদিত্য । আচ্ছা, এখানে হাজির থাকো । তোমার ভাই ফিরিয়া আসিলে পুরস্কার মিলিবে ।
পাঠান দূরে দ্বারের নিকট প্রহরীদের জিন্মায় দাঁড়াইয়া রহিল ।
প্রতাপাদিত্য অনেকক্ষণ চুপ করিয়া থাকিয়া মন্ত্রীকে ধীরে ধীরে কহিলেন, “এটা যাহাতে প্রজারা কোনোমতে না জানিতে পায় তাহার চেষ্টা করিতে হইবে ।”
মন্ত্রী কহিলেন, “মহারাজ, অসন্তুষ্ট না হন যদি তো বলি ইহা প্রকাশ হইবেই ।”
প্রতাপাদিত্য । কিসে তুমি জানিতে পারিলে ?

মন্ত্রী । ইতিপূর্বে আপনি প্রকাশ্যভাবে আপনার পিতৃব্যের প্রতি ঘৃণা প্রকাশ করিয়াছেন । আপনার কন্যার বিবাহের সময় আপনি বসন্ত রায়কে নিমন্ত্রণ করেন নাই, তিনি স্বয়ং অনিমন্ত্রিত আসিয়া উপস্থিত হইয়াছিলেন । আজ আপনি সহসা বিনা কারণে তাঁহাকে নিমন্ত্রণ করিলেন ও পথের মধ্যে কে তাঁহাকে হত্যা করিল । এমন অবস্থায় প্রজারা আপনাকেই এই ঘটনাটির মূল বলিয়া জানিবে ।

প্রতাপাদিত্য রুষ্ট হইয়া কহিলেন, “তোমার ভাব আমি কিছুই বুঝিতে পারি না মন্ত্রী । এই কথাটা প্রকাশ হইলেই তুমি যেন খুশি হও, আমার নিন্দা রটিলেই তোমার যেন মনস্কামনা পূর্ণ হয় । নহিলে দিনরাত্রি তুমি কেন বলিতেছ যে, কথাটা প্রকাশ হইবেই । প্রকাশ হইবার আমি তো কোনো কারণ দেখিতেছি না । বোধ করি, আর কিছুতেই সংবাদটা রাষ্ট্র না হইলে তুমি নিজে গিয়া দ্বারে দ্বারে প্রকাশ করিয়া বেড়াইবে !”

মন্ত্রী কহিলেন, “মহারাজ, মার্জনা করিবেন । আপনি আমার অপেক্ষা সকল বিষয়েই অনেক ভালো বুঝেন । আপনাকে মন্ত্রণা দেওয়া আমাদের মতো ক্ষুদ্রবুদ্ধি লোকের পক্ষে অত্যন্ত স্পর্ধার বিষয় । তবে আপনি নাকি আমাকে বাছিয়া মন্ত্রী রাখিয়াছেন, এই সাহসেই ক্ষুদ্র বুদ্ধিতে যাহা মনে হয় আপনাকে মাঝে মাঝে বলিয়া থাকি । মন্ত্রণায় রুষ্ট হন যদি তবে এ দাসকে এ কার্যভার হইতে অব্যাহতি দিন ।”

প্রতাপাদিত্য সিধা হইলেন । মাঝে মাঝে মন্ত্রী যখন তাঁহাকে দুই-একটা শক্ত কথা শুনাইয়া দেন, তখন প্রতাপাদিত্য মনে মনে সন্তুষ্ট হন ।

প্রতাপাদিত্য কহিলেন, “আমি বিবেচনা করিতেছি, ঐ পাঠান দুটাকে মারিয়া ফেলিলে এ বিষয়ে আর কোনো ভয়ের কারণ থাকিবে না ।”

মন্ত্রী কহিলেন, “একটা খুন চাপিয়া রাখাই দায়, তিনটা খুন সামলানো অসম্ভব । প্রজারা জানিতে পারিবেই ।” মন্ত্রী বরাবর নিজের কথা বজায় রাখিলেন ।

প্রতাপাদিত্য বলিয়া উঠিলেন, “তবে তো আমি ভয়ে সারা হইলাম ! প্রজারা জানিতে পারিবে ! যশোহর রায়গড় নহে ; এখানে প্রজাদের রাজত্ব নাই । এখানে রাজা ছাড়া আর বাকি সকলেই রাজা নহে । অতএব আমাকে তুমি প্রজার ভয় দেখাইয়ো না । যদি কোনো প্রজা এ বিষয়ে আমার বিরুদ্ধে কোনো কথা কহে, তবে তাহার জিহ্বা তপ্ত লৌহ দিয়া পুড়াইব ।”

মন্ত্রী মনে মনে হাসিলেন । মনে মনে কহিলেন— প্রজার জিহ্বাকে এত ভয় ! তথাপি মনকে প্রবোধ দিয়া থাকেন যে, কোনো প্রজাকে ডরাই না !

প্রতাপাদিত্য । শ্রদ্ধশাস্তি শেষ করিয়া লোকজন লইয়া একবার রায়গড়ে যাইতে হইবে । আমি ছাড়া সেখানকার সিংহাসনের উত্তরাধিকারী আর তো কাহাকেও দেখিতেছি না ।

বৃদ্ধ বসন্ত রায় ধীরে ধীরে গৃহমধ্যে প্রবেশ করিলেন— প্রতাপাদিত্য চমকিয়া পিছু হটিয়া গেলেন । সহসা তাঁহার মনে হইল, বুঝি উপদেবতা । অবাক হইয়া একটি কথাও বলিতে পারিলেন না । বসন্ত রায় নিকটে গিয়া তাঁহার গায়ে হাত বুলাইয়া মৃদুস্বরে কহিলেন, “আমাকে কিসের ভয় প্রতাপ ? আমি তোমার পিতৃব্য । তাহাতেও যদি বিশ্বাস না হয়, আমি বৃদ্ধ, তোমার অনিষ্ট করিতে পারি এমন শক্তি আমার নাই ।”

প্রতাপাদিত্যের চৈতন্য হইয়াছে, কিন্তু কথা বানাইয়া বলিতে তিনি নিতান্ত অপটু । নিরুত্তর হইয়া অবাক হইয়া দাঁড়াইয়া রহিলেন । পিতৃব্যকে প্রণাম করা পর্যন্ত হইল না ।

বসন্ত রায় আবার ধীরে ধীরে কহিলেন, “প্রতাপ, একটি যাহা হয় কথা কও । যদি দৈবাৎ এমন একটা কাজ করিয়া থাক, যাহাতে আমাকে দেখিয়া তোমার লজ্জা ও সংকোচ উপস্থিত হয়, তবে তাহার জন্য ভাবিয়ো না । আমি কোনো কথা উত্থাপন করিব না । এসো বৎস, দুইজনে একবার কোলাকুলি করি । আজ অনেকদিনের পর দেখা হইয়াছে ; আর তো অধিক দিন দেখা হইবে না ।”

এতক্ষণের পর প্রতাপাদিত্য প্রণাম করিলেন ও উঠিয়া পিতৃব্যের সহিত কোলাকুলি করিলেন । ইতিমধ্যে মন্ত্রী আস্তে আস্তে গৃহ হইতে বাহির হইয়া গেছেন । বসন্ত রায় ঈষৎ কোমল হাস্য হাসিয়া প্রতাপাদিত্যের গায়ে হাত দিয়া কহিলেন, “বসন্ত রায় অনেকদিন বাঁচিয়া আছে— না প্রতাপ ? সময়

হইয়া আসিয়াছে, এখনো যে কেন ডাক পড়িল না বিধাতা জানেন । কিন্তু আর অধিক বিলম্ব নাই ।”

বসন্ত রায় কিয়ৎক্ষণ চুপ করিয়া রহিলেন, প্রতাপাদিত্য কোনো উত্তর করিলেন না । বসন্ত রায় আবার কহিলেন, “তবে স্পষ্ট করিয়া সমস্ত বলি । তুমি যে আমাকে ছুরি তুলিয়াছ, তাহাতে আমাকে ছুরির অপেক্ষা অধিক বাজিয়াছে । (বলিতে বলিতে তাঁহার চক্ষে জল আসিল ।) কিন্তু আমি কিছুমাত্র রাগ করি নাই । আমি কেবল তোমাকে দুটি কথা বলিব । আমাকে বধ করিয়ো না প্রতাপ ! তাহাতে তোমার ইহকাল পরকালের ভালো হইবে না । এতদিন পর্যন্ত যদি আমার মৃত্যুর জন্য অপেক্ষা করিয়া থাকিতে পারিলে, তবে আর দুটা দিন পারিবে না ? এইটুকুর জন্য পাপের ভাগী হইবে ?”

বসন্ত রায় দেখিলেন, প্রতাপাদিত্য কোনো উত্তর দিলেন না । দোষ অস্বীকার করিলেন না, বা অনুতাপের কথা কহিলেন না । তৎক্ষণাৎ তিনি অন্য কথা পাড়িলেন, কহিলেন, “প্রতাপ, একবার রায়গড়ে চলো । অনেকদিন সেখানে যাও নাই । অনেক পরিবর্তন দেখিবে । সৈন্যেরা এখন তলোয়ার ছাড়িয়া লাঙল ধরিয়াছে ; যেখানে সৈন্যদের বাসস্থান ছিল সেখানে অতিথিশালা—”

এমন সময়ে প্রতাপাদিত্য দূর হইতে দেখিলেন, পাঠানটা পালাইবার উদ্যোগ করিতেছে । আর থাকিতে পারিলেন না । মনের মধ্যে যে বিরুদ্ধ রোষ ফুটিতেছিল, তাহা অগ্নি-উৎসের ন্যায় উচ্ছ্বসিত হইয়া উঠিল । বজ্রস্বরে বলিয়া উঠিলেন, “খবরদার উহাকে ছাড়িস না । পাকড়া করিয়া রাখ ।” বলিয়া ঘর হইতে দ্রুতপদে বাহির হইয়া গেলেন ।

রাজা মন্ত্রীকে ডাকাইয়া কহিলেন, “রাজকার্যে তোমার অত্যন্ত অমনোযোগ লক্ষিত হইতেছে ।”

মন্ত্রী আস্তে আস্তে কহিলেন, “মহারাজ, এ বিষয়ে আমার কোনো দোষ নাই ।”

প্রতাপাদিত্য তারস্বরে বলিয়া উঠিলেন, “আমি কি কোনো বিষয়ের উল্লেখ করিতেছি ? আমি বলিতেছি, রাজকার্যে তোমার অত্যন্ত অমনোযোগ লক্ষিত হইতেছে । সেদিন তোমার কাছে এক চিঠি রাখিতে দিলাম, তুমি হারাইয়া ফেলিলে ।”

দেড় মাস পূর্বে এইরূপ একটা ঘটনা ঘটিয়াছিল বটে, কিন্তু তখন মহারাজ মন্ত্রীকে একটি কথাও বলেন নাই ।

“আর-একদিন উমেশ রায়ের নিকট তোমাকে যাইতে আদেশ করিলাম, তুমি লোক পাঠাইয়া কাজ সারিলে । চুপ করো । দোষ কাটাইবার জন্য মিছামিছি চেষ্টা করিয়ো না । যাহা হউক তোমাকে জানাইয়া রাখিলাম, রাজকার্যে তুমি কিছুমাত্র মনোযোগ দিতেছ না ।”

রাজা প্রহরীদের ডাকাইলেন । পূর্বে রাত্রের প্রহরীদের বেতন কাটিয়াছিলেন, এখন তাহাদের প্রতি কারাবাসের আদেশ হইল ।

অন্তঃপুরে গিয়া মহিষীকে ডাকাইয়া কহিলেন, “মহিষী, রাজপরিবারের মধ্যে অত্যন্ত বিশৃঙ্খলা দেখিতেছি । উদয়াদিত্য পূর্বে তো এমন ছিল না । এখন সে যখন-তখন বাহির হইয়া যায় । প্রজাদের কাজে যোগ দেয় । আমার বিরুদ্ধাচরণ করে । এ সকলের অর্থ কী ?”

মহিষী ভীতা হইয়া কহিলেন, “মহারাজ, তাহার কোনো দোষ নাই । এ সমস্ত অনর্থের মূল ঐ বড়োবউ । বাছা আমার তো আগে এমন ছিল না । যেদিন হইতে শ্রীপুরের ঘরে তাহার বিয়ে হইল, সেই দিন হইতে উদয় কেমন যে হইল কিছু বুঝিতে পারিতেছি না ।”

মহারাজ সুরমাকে শাসনে রাখিতে আদেশ করিয়া বাহিরে গেলেন । মহিষী উদয়াদিত্যকে ডাকাইয়া পাঠাইলেন । উদয়াদিত্য আসিলে তাঁহার মুখের দিকে চাহিয়া কহিলেন, “আহা, বাছা আমার রোগা কালো হইয়া গিয়াছে । বিয়ের আগে বাছার রঙ কেমন ছিল । যেন তপ্ত সোনার মতো । তোর এমন দশা কে করিল ? বাবা, বড়োবউ তোকে যা বলে তা শুনিস না । তার কথা শুনিয়াই তোর এমন দশা হইয়াছে ।” সুরমা ঘোমটা দিয়া চুপ করিয়া একপাশে দাঁড়াইয়া ছিল । মহিষী বলিতে লাগিলেন, “ওর ছোটো বংশে জন্ম, ও কি তোর যোগ্য ? ও কি তোকে পরামর্শ দিতে জানে ? আমি যথার্থ কথা বলিতেছি ও কখনো তোকে ভালো পরামর্শ দেয় না, তোর মন্দ হইলেই ও যেন বাঁচে । এমন রাক্ষসীর সঙ্গেও মহারাজ তোর বিবাহ দিয়াছিলেন ।” মহিষী অশ্রুবর্ষণ করিতে আরম্ভ করিলেন ।

উদয়াদিত্যের প্রশান্ত ললাটে ঘর্মবিন্দু দেখা দিল । তাঁহার মনের অধীরতা পাছে প্রকাশ হইয়া পড়ে, এই নিমিত্ত তাঁহার আয়ত নেত্র অন্য দিকে ফিরাইলেন ।

একজন পুরানো বৃদ্ধা দাসী বসিয়া ছিল, সে হাত নাড়িয়া বলিয়া উঠিল, “শ্রীপুরের মেয়েরা জাদু জানে । নিশ্চয় বাছাকে ওষুধ করিয়াছে ।” এই বলিয়া, উঠিয়া উদয়াদিত্যের কাছে গিয়া বলিল, “বাবা, ও তোমাকে ওষুধ করিয়াছে । ঐ যে মেয়েটি দেখিতেছ, উনি বড়ো সামান্য মেয়ে নন । শ্রীপুরের ঘরের মেয়ে । ওরা ডাইনী ! আহা, বাছার শরীরে আর কিছু রাখিল না ।” এই বলিয়া সে সুরমার দিকে তীরের মতো এক কটাঙ্ক বর্ষণ করিল ও আঁচল দিয়া দুই হস্তে দুই শুষ্ক চক্ষু রগড়াইয়া লাল করিয়া তুলিল । তাহা দেখিয়া আবার মহিষীর দুঃখ একেবারে উথলিয়া উঠিল । অন্তঃপুরে বৃদ্ধাদের মধ্যে ক্রন্দনের সংক্রামকতা ব্যাপ্ত হইয়া পড়িল । কাঁদিবার অভিপ্রায়ে সকলে রানীর ঘরে আসিয়া সমবেত হইল । উদয়াদিত্য করুণনেত্রে একবার সুরমার মুখের দিকে চাহিলেন । ঘোমটার মধ্য হইতে সুরমা তাহা দেখিতে পাইল ও চোখ মুছিয়া একটি কথা না কহিয়া ধীরে ধীরে ঘরে চলিয়া গেল ।

সন্ধ্যাবেলা মহিষী প্রতাপাদিত্যকে কহিলেন, “আজ উদয়কে সমস্ত বুঝাইয়া বলিলাম । বাছা আমার তেমন নহে । বুঝাইয়া বলিলে বুঝে । আজ তাহার চোখ ফুটিয়াছে ।”

ষষ্ঠ পরিচ্ছেদ

বিভার স্নান মুখ দেখিয়া সুরমা আর থাকিতে পারিল না, তাহার গলা ধরিয়া কহিল, “বিভা, তুই চুপ করিয়া থাকিস কেন ? তোর মনে যখন যাহা হয় বলিস না কেন ?”

বিভা ধীরে ধীরে কহিল, “আমার আর কী বলিবার আছে ?”

সুরমা কহিল, “অনেকদিন তাঁহাকে দেখিস নাই, তোর মন কেমন করিবেই তো ! তুই তাঁহাকে আসিবার জন্য একখানা চিঠি লেখ-না । আমি তোর দাদাকে দিয়া পাঠাইবার সুবিধা করিয়া দিব ।”

বিভার স্বামী চন্দ্রদ্বীপপতি রামচন্দ্র রায়ের সম্বন্ধে কথা হইতেছে ।

বিভা ঘাড় হেঁট করিয়া কহিতে লাগিল, “এখানে কেহ যদি তাঁহাকে গ্রাহ্য না করে, কেহ যদি তাঁহাকে ডাকিবার আবশ্যক বিবেচনা না করে, তবে এখানে তিনি না আসিলেই ভালো । তিনি যদি আপনি আসেন তবে আমি বারণ করিব । তিনি রাজা, যেখানে তাঁহার আদর নাই, সেখানে তিনি কেন আসিবেন ? আমাদের চেয়ে তিনি কিসে ছোটো যে, পিতা তাঁহাকে অপমান করিবেন ?” বলিতে বলিতে বিভা আর সামলাইতে পারিল না, তাহার মুখখানি লাল হইয়া উঠিল ও সে কাঁদিয়া ফেলিল ।

সুরমা বিভার মুখ বুকে রাখিয়া তাহার চোখের জল মুছাইয়া কহিল, “আচ্ছা বিভা, তুই যদি পুরুষ হইতিস তো কী করিতিস ? নিমন্ত্রণপত্র পাস নাই বলিয়া কি শ্বশুরবাড়ি যাইতিস না ?”

বিভা বলিয়া উঠিল, “না, তাহা পারিতাম না, আমি যদি পুরুষ হইতাম তো এখনই চলিয়া যাইতাম ; মান অপমান কিছুই ভাবিতাম না । কিন্তু তাহা বলিয়া তাঁহাকে আদর করিয়া না ডাকিয়া আনিলে তিনি কেন আসিবেন ?”

বিভা এত কথা কখনো কহে নাই । আজ আবেগের মাথায় অনেক কথা বলিয়াছে । এতক্ষণে একটু লজ্জা করিতে লাগিল । মনে হইল, বড়ো অধিক কথা বলিয়া ফেলিয়াছি । আবার, যেরকম করিয়া বলিয়াছি, বড়ো লজ্জা করিতেছে । ক্রমে তাহার মনের উত্তেজনা হ্রাস হইয়া আসিল ও মনের মধ্যে একটা গুরুভার অবসাদ আস্তে আস্তে চাপিয়া পড়িতে লাগিল । বিভা বাহুতে মুখ ঢাকিয়া সুরমার কোলে মাথা দিয়া শুইয়া পড়িল, সুরমা মাথা নত করিয়া কোমল হস্তে তাহার ঘন কেশভার পৃথক করিয়া দিতে লাগিল । এমন কতক্ষণ গেল । উভয়ের মুখে একটি কথা নাই । বিভার চোখ দিয়া এক-এক বিন্দু করিয়া জল পড়িতেছে ও সুরমা আস্তে আস্তে মুছাইয়া দিতেছে ।

অনেকক্ষণ বাদে যখন সন্ধ্যা হইয়া আসিল তখন বিভা ধীরে ধীরে উঠিয়া বসিল ও চোখের জল মুছিয়া ঈষৎ হাসিল । সে হাসির অর্থ, “আজ কী ছেলেমানুষিই করিয়াছি ।” ক্রমে মুখ ফিরাইয়া সরিয়া

গিয়া পালাইয়া যাইবার উদ্যোগ করিতে লাগিল ।

সুরমা কিছু না বলিয়া তাহার হাত ধরিয়া রহিল । পূর্বকার কথা আর কিছু উত্থাপন না করিয়া কহিল, “বিভা শুনিয়াছিস, দাদামহাশয় আসিয়াছেন ?”

বিভা । দাদামহাশয় আসিয়াছেন ?

সুরমা । হাঁ ।

বিভা আগ্রহের সহিত জিজ্ঞাসা করিল, “কখন আসিয়াছেন ?”

সুরমা । প্রায় চার প্রহর বেলার সময় ।

বিভা । এখনো যে আমাদের দেখিতে আসিলেন না ?

বিভার মনে ঈষৎ অভিমানের উদয় হইল । দাদামহাশয়ের দখল লইয়া বিভা অতিশয় সতর্ক । এমন-কি, একদিন বসন্ত রায় উদয়াদিত্যের সহিত অনেকক্ষণ কথোপকথন করিয়া বিভাকে অন্তঃপুরে তিন দণ্ড অপেক্ষা করাইয়াছিলেন, একেবারেই তাহার সহিত দেখা করিতে যান নাই, এইজন্য বিভার এমন কষ্ট হইয়াছিল যে, যদিও সে-বিষয়ে সে কিছু বলে নাই বটে তবু প্রসন্নমুখে দাদামহাশয়ের সঙ্গে কথা কহিতে পারে নাই ।

বসন্ত রায় ঘরে প্রবেশ করিয়াই হাসিতে হাসিতে গান ধরিলেন,

“আজ তোমারে দেখতে এলেম অনেক দিনের পরে ।

ভয় নাইকো সুখে থাকো,

অধিকক্ষণ থাকব নাকো,

আসিয়াছি দু-দণ্ডেরি তরে ।

দেখব শুধু মুখখানি ।

শুনব দুটি মধুর বাণী

আড়াল থেকে হাসি দেখে চলে যাব দেশান্তরে ।”

গান শুনিয়া বিভা মুখ নত করিয়া হাসিল । তাহার বড়ো আহ্লাদ হইয়াছে । অতটা আহ্লাদ পাছে ধরা পড়ে বলিয়া বিব্রত হইয়া পড়িয়াছে ।

সুরমা বিভার মুখ তুলিয়া ধরিয়া কহিল, “দাদামহাশয়, বিভার হাসি দেখিবার জন্য তো আড়ালে যাইতে হইল না ।”

বসন্ত রায় । না, বিভা মনে করিল, নিতান্তই না হাসিলে যদি বুড়া বিদায় না হয়, তবে না-হয় একটু হাসি । ও ডাকিনীর মতলব আমি বেশ বুঝি, আমাকে তাড়াইবার ফন্দি । কিন্তু শীঘ্র তাহা হইতেছে না । আসিলাম যদি তো ভালো করিয়া জ্বালাইয়া যাইব, আবার যতদিন না দেখা হয় মনে থাকিবে ।

সুরমা হাসিয়া কহিল, “দেখো দাদামহাশয়, বিভা আমার কানে কানে বলিল যে, মনে রাখানোই যদি অভিপ্রায় হয়, তবে যা জ্বালাইয়াছ তাহাই যথেষ্ট হইয়াছে, আর নূতন করিয়া জ্বালাইতে হইবে না ।”

কথাটা শুনিয়া বসন্ত রায়ের বড়োই আমোদ বোধ হইল । তিনি হাসিতে লাগিলেন ।

বিভা অপ্রতিভ হইয়া বলিয়া উঠিল, “না, আমি কখনো ও-কথা বলি নাই । আমি কোনো কথাই কই নাই ।”

সুরমা কহিল, “দাদামহাশয়, তোমার মনস্কামনা তো পূর্ণ হইল ! তুমি হাসি দেখিতে চাহিলে তাহা দেখিলে, কথা শুনিতে চাহিয়াছিলে তাহাও শুনাইলাম, তবে এখন দেশান্তরে যাও ।”

বসন্ত রায় । না ভাই, তাহা পারিলাম না । আমি গোটা-পনেরো গান ও একমাথা পাকা চুল আনিয়াছি, সেগুলি সমস্ত নিকাশ না করিয়া যাইতে পারিতেছি না ।

বিভা আর থাকিতে পারিল না, হাসিয়া উঠিল, কহিল, “তোমার আধমাথা বৈ চুল নাই যে দাদামহাশয় ।”

দাদামহাশয়ের অভিসন্ধি সিদ্ধ হইল। অনেকদিনের পর প্রথম আলাপে বিভার মুখ খুলিতে কিছু আয়োজনের আবশ্যক করে, কিন্তু দাদামহাশয়ের কাছে বিভার মুখ একবার খুলিলে তাহা বন্ধ করিতে আবার ততোধিক আয়োজনের আবশ্যক হয়। কিন্তু দাদামহাশয় ব্যতীত আর কাহারও কাছে কোনো অবস্থাতেই বিভার মুখ খুলে না।

বসন্ত রায় টাকে হাত বুলাইতে বুলাইতে বলিলেন, “সে একদিন গিয়াছে রে ভাই। যেদিন বসন্ত রায়ের মাথায় একমাথা চুল ছিল, সেদিন কি আর এত রাস্তা হাঁটিয়া তোমাদের খোশামোদ করিতে আসিতাম? একগাছি চুল পাকিলে তোমাদের মতো পাঁচটা রূপসী চুল তুলিবার জন্য উমেদার হইত ও মনের আগ্রহে দশটা কাঁচা চুল তুলিয়া ফেলিত।”

বিভা গম্ভীর স্বরে জিজ্ঞাসা করিল, “আচ্ছা দাদামহাশয়, তোমার যখন একমাথা চুল ছিল, তখন কি তোমাকে এখনকার চেয়ে ভালো দেখিতে ছিল?”

মনে মনে বিভার সে-বিষয়ে বিষম সন্দেহ ছিল। দাদামহাশয়ের টাকটি, তাঁহার গুণ্ফসম্পর্কশূন্য অধরের প্রশস্ত হাসিটি, তাঁহার পাকা আঙ্গুরের ন্যায় ভাবটি, সে মনে মনে পরিবর্তন করিতে চেষ্টা করিল, কোনোমতেই ভালো ঠেকিল না। সে দেখিল, সে টাকটি না দিলে তাহার দাদামহাশয়কে কিছুতে মানায় না। আর গৌফ জুড়িয়া দিলে দাদামহাশয়ের মুখখানি একেবারে খারাপ দেখিতে হইয়া যায়। এত খারাপ হইয়া যায় যে, সে তাহা কল্পনা করিলে হাসি রাখিতে পারে না। দাদামহাশয়ের আবার গৌফ! দাদামহাশয়ের আবার টাক নাই!

বসন্ত রায় কহিলেন, “সে-বিষয়ে অনেক মতভেদ আছে। আমার নাতনীরা আমার টাক দেখিয়া মোহিত হয়, তাহারা আমার চুল দেখে নাই। আমার দিদিমারা আমার চুল দেখিয়া মোহিত হইতেন, তাহারা আমার টাক দেখেন নাই। তাহারা উভয়ই দেখিয়াছে, তাহার এখনো একটা মত স্থির করিতে পারে নাই।”

বিভা কহিল, “কিন্তু তা বলিয়া দাদামহাশয়, যতটা টাক পড়িয়াছে তাহার অধিক পড়িলে আর ভালো দেখাইবে না।”

সুরমা কহিল, “দাদামহাশয়, টাকের আলোচনা পরে হইবে। এখন বিভার একটা যাহা হয় উপায় করিয়া দাও।”

বিভা তাড়াতাড়ি বসন্ত রায়ের কাছে গিয়া বলিয়া উঠিল, “দাদামহাশয়, আমি তোমার পাকা চুল তুলিয়া দিই।”

সুরমা। আমি বলি কি—

বিভা। শোনো-না দাদামহাশয়, তোমার—

সুরমা। বিভা, চুপ কর। আমি বলি কি, তুমি গিয়ে একবার—

বিভা। দাদামহাশয়, তোমার মাথায় পাকা চুল ছাড়া যে আর কিছুই নেই, তুলে দিলে সমস্ত মাথায় টাক পড়বে।

বসন্ত রায়। আমাকে যদি কথা শুনতে না দিস দিদি, আমাকে যদি বিরক্ত করিস তবে আমি রাগ হিন্দোল আলাপ করিব।

বলিয়া তাঁহার ক্ষুদ্রায়তন সেতারটির কান মোচড়াইতে আরম্ভ করিলেন। হিন্দোল রাগের উপর বিভার বিশেষ বিদ্বেষ ছিল।

বিভা বলিল, “কী সর্বনাশ। তবে আমি পালাই।” বলিয়া ঘর হইতে বাহির হইয়া গেল।

তখন সুরমা গম্ভীর হইয়া কহিল, “বিভা নীরব হইয়া দিনরাত্রি যে কষ্ট প্রাণের মধ্যে বহন করে তাহা জানিতে পারিলে বোধ করি মহারাজারও মনে দয়া হয়!”

“কেন। কেন। তাহার কী হয়েছে।” বলিয়া নিতান্ত আগ্রহের সহিত বসন্ত রায় সুরমার কাছে গিয়া বসিলেন।

সুরমা কহিল, “বৎসরের মধ্যে একটি দিন ঠাকুরজামাইকে নিমন্ত্রণ করিয়া পাঠাইতেও কাহারও মনে পড়ে না।”

বসন্ত রায় চিন্তা করিয়া কহিলেন, “ঠিক কথাই তো।”

সুরমা কহিল, “স্বামীর প্রতি এ অনাদর কয়জন মেয়ে সহিতে পারে বলো তো ? বিভা ভালো-মানুষ, তাই কাহাকেও কিছু বলে না, আপনার মনে লুকাইয়া কাঁদে।”

বসন্ত রায় ব্যাকুল হইয়া বলিয়া উঠিলেন, “আপনার মনে লুকাইয়া কাঁদে ?”

সুরমা। আজ বিকেলে আমার কাছে কত কাঁদিতেন।

বসন্ত রায়। বিভা আজ বিকালে কাঁদিতেন ?

সুরমা। হাঁ।

বসন্ত রায়। আহা, তাহাকে একবার ডাকিয়া আনো, আমি দেখি।

সুরমা বিভাকে ধরিয়া আনিল। বসন্ত রায় তাহার চিবুক ধরিয়া কহিলেন, “তুই কাঁদিস কেন দিদি ? যখন তোর যা কষ্ট হয় তোর দাদামহাশয়কে বলিস না কেন ? তা হলে আমি আমার যথাসাধ্য করি। আমি এখনই যাই, প্রতাপকে বলিয়া আসি গে।”

বিভা বলিয়া উঠিল, “দাদামহাশয়, তোমার দুটি পায়ে পড়ি আমার বিষয়ে বাবাকে কিছু বলিয়ো না। দাদামহাশয়, তোমার পায়ে পড়ি, যাইয়ো না।”

বলিতে বলিতে, বসন্ত রায় বাহির হইয়া গেলেন ; প্রতাপাদিত্যকে গিয়া বলিলেন, “তোমার জামাতাকে অনেকদিন নিমন্ত্রণ কর নাই, ইহাতে তাহার প্রতি নিতান্ত অবহেলা প্রকাশ করা হইতেছে। যশোহরপতির জামাতাকে যতখানি সমাদর করা উচিত, ততখানি সমাদর যদি তাহাকে না করা হয়, তবে তাহাতে তোমারই অপমান। তাহাতে গৌরবের কথা কিছুই নাই।”

প্রতাপাদিত্য পিতৃব্যের কথায় কিছুমাত্র দ্বিধা করিলেন না। লোকসহ নিমন্ত্রণপত্র চন্দ্রদ্বীপে পাঠাইবার হুকুম হইল।

অন্তঃপুরে বিভা ও সুরমার কাছে আসিয়া বসন্ত রায়ের সেতার বাজাইবার ধুম পড়িয়া গেল।

“মলিন মুখে ফুটুক হাসি জুড়াক দু-নয়ন।”

বিভা লজ্জিত হইয়া কহিল, “দাদামহাশয়, বাবার কাছে আমার কথা সমস্ত বলিয়াছ ?” বসন্ত রায় গান গাহিতে লাগিলেন,

“মলিন মুখে ফুটুক হাসি, জুড়াক দু-নয়ন।

মলিন বসন ছাড়ো সখী, পরো আভরণ।”

বিভা সেতারের তারে হাত দিয়া সেতার বন্ধ করিয়া আবার কহিল, “বাবার কাছে আমার কথা বলিয়াছ ?”

এমন সময়ে উদয়াদিত্যের কনিষ্ঠ অষ্টমবর্ষীয় সমরাদিত্য ঘরের মধ্যে উকি মারিয়া বলিয়া উঠিল, “অ্যা দিদি। দাদামহাশয়ের সহিত গল্প করিতেছ ! আমি মাকে বলিয়া দিয়া আসিতেছি।”

“এসো, এসো, ভাই এসো।” বলিয়া বসন্ত রায় তাহাকে পাকড়া করিলেন।

রাজপরিবারের বিশ্বাস এই যে, বসন্ত রায় ও সুরমায় মিলিয়া উদয়াদিত্যের সর্বনাশ করিয়াছে। এই নিমিত্ত বসন্ত রায় আসিলে সামাল সামাল পড়িয়া যায়। সমরাদিত্য বসন্ত রায়ের হাত ছাড়াইবার জন্য টানা হেঁচড়া আরম্ভ করিল। বসন্ত রায় তাহাকে সেতার দিয়া, তাহাকে কাঁধে চড়াইয়া, তাহাকে চশমা পরাইয়া, দুই দণ্ডের মধ্যে এমনি বশ করিয়া লইলেন যে, সে সমস্ত দিন দাদামহাশয়ের পশ্চাৎ পশ্চাৎ ফিরিতে লাগিল ও অনবরত সেতার বাজাইয়া তাঁহার সেতারের পাঁচটা তার ছিড়িয়া দিল ও মেজরাপ কাড়িয়া লইয়া আর দিল না।

সপ্তম পরিচ্ছেদ

চন্দ্রদ্বীপের রাজা রামচন্দ্র রায় তাঁহার রাজকক্ষে বসিয়া আছেন। ঘরটি অষ্টকোণ। কড়ি হইতে কাপড়ে মোড়া ঝাড় ঝুলিতেছে। দেয়ালের কুলঙ্গির মধ্যে একটাতে গণেশের ও বাকিগুলিতে শ্রীকৃষ্ণের নানা অবস্থার প্রতিমূর্তি স্থাপিত। সেগুলি বিখ্যাত কারিকর বটকৃষ্ণ কুন্ডকারের স্বহস্তে গঠিত। চারি দিকে চন্দ্র পড়িয়াছে, মধ্যস্থলে জরিখচিত মছলন্দের গদি, তাহার উপর একটি রাজা ও একটা তাকিয়া। তাহার চারি কোণে জরির ঝালর। দেয়ালের চারি দিকে দেশী আয়না ঝুলানো, তাহাতে মুখ ঠিক দেখা যায় না। রাজার চারি দিকে যে-সকল মনুষ্য-আয়না আছে, তাহাতেও তিনি মুখ ঠিক দেখিতে পান না, শরীরের পরিমাণ অত্যন্ত বড়ো দেখায়। রাজার বাম পার্শ্বে এক প্রকাণ্ড আলবোলা ও মন্ত্রী হরিশংকর। রাজার দক্ষিণে রমাই ভাঁড় ও চশমাপরা সেনাপতি ফর্নাণ্ডিজ।

রাজা বলিলেন, “ওহে রমাই।”

রমাই বলিল, “আজ্ঞা, মহারাজ।”

রাজা হাসিয়া আকুল। মন্ত্রী রাজার অপেক্ষা অধিক হাসিলেন। ফর্নাণ্ডিজ হাততালি দিয়া হাসিয়া উঠিল। সন্তোষে রমাইয়ের চোখ মিটমিট করিতে লাগিল। রাজা ভাবেন, রমাইয়ের কথায় না হাসিলে অরসিকতা প্রকাশ পায়; মন্ত্রী ভাবেন, রাজা হাসিলে হাসা কর্তব্য; ফর্নাণ্ডিজ ভাবে, অবশ্য হাসিবার কিছু আছে। তাহা ছাড়া, যে দুর্ভাগ্য রমাই ঠোট খুলিলে দৈবাৎ না হাসে, রমাই তাহাকে কাঁদাইয়া ছাড়ে। নহিলে রমাইয়ের মান্ধাতার সমবয়স্ক ঠাট্টাগুলি শুনিয়া অল্প লোকই আমোদে হাসে। তবে ভয়ে ও কর্তব্যজ্ঞানে সকলেরই বিষম হাসি পায়, রাজা হইতে আরম্ভ করিয়া দ্বারী পর্যন্ত।

রাজা জিজ্ঞাসা করিলেন, “খবর কী হে?”

রমাই ভাবিল রসিকতা করা আবশ্যিক।

“পরম্পরায় শুনা গেল সেনাপতি মহাশয়ের ঘরে চোর পড়িয়াছিল।”

সেনাপতি মহাশয় অধীর হইয়া উঠিলেন। তিনি বুঝিলেন একটা পুরাতন গল্প তাঁহার উপর দিয়া চলাইবার চেষ্টা হইতেছে। তিনি রমাইয়ের রসিকতার ভয়ে যেমন কাতর, রমাই প্রতিবারে তেমনি তাঁহাকেই চাপিয়া ধরে। রাজার বড়োই আমোদ। রমাই আসিলেই ফর্নাণ্ডিজকে ডাকিয়া পাঠান। রাজার জীবনে দুইটি প্রধান আমোদ আছে; এক ভেড়ার লড়াই দেখা, আর রমাইয়ের মুখের সামনে ফর্নাণ্ডিজকে স্থাপন করা; রাজকার্যে প্রবেশ করিয়া অবধি সেনাপতির গায়ে একটা ছিটাগুলি বা তীরের আঁচড় লাগে নাই। অনবরত হাস্যের গোলাগুলি খাইয়া সে ব্যক্তি কাঁদো কাঁদো হইয়া আসিয়াছে। পাঠকেরা মার্জনা করিবেন, আমরা রমাইয়ের সকল রসিকতাগুলি লিপিবদ্ধ করিতে পারিব না, সুরুচির অনুরোধে অধিকাংশ স্থলই পরিত্যাগ করিতে হইবে।

রাজা চোখ টিপিয়া জিজ্ঞাসা করিলেন, “তার পরে?”

“নিবেদন করি মহারাজ। (ফর্নাণ্ডিজ তাঁহার কোর্তার বোতাম খুলিতে লাগিলেন ও পরিতে লাগিলেন।) আজ দিন তিন-চার ধরিয়া সেনাপতি মহাশয়ের ঘরে রাত্রে চোর আনাগোনা করিতেছিল। সাহেবের ব্রাহ্মণী জানিতে পারিয়া কর্তাকে অনেক ঠেলাঠেলি করেন, কিন্তু কোনোমতেই কর্তার ঘুম ভাঙাইতে পারেন নাই।”

রাজা। হাঃ হাঃ হাঃ হাঃ!

মন্ত্রী। হোঃ হোঃ হোঃ হোঃ হোঃ হোঃ।

সেনাপতি। হিঃ হিঃ।

“দিনের বেলা গৃহিণীর নিগ্রহ আর সহিতে না পারিয়া জোড়হস্তে কহিলেন, ‘দোহাই তোমার, আজ রাত্রে চোর ধরিব।’ রাত্রি দুই দণ্ডের সময় গৃহিণী বলিলেন, ‘ওগো, চোর আসিয়াছে।’ কর্তা বলিলেন, ‘ঐ যাঃ, ঘরে যে আলো জ্বলিতেছে। চোর যে আমাদের দেখিতে পাইবে ও দেখিতে পাইলেই পলাইবে।’ চোরকে ডাকিয়া কহিলেন, ‘আজ তুই বড়ো ঝাঁচিয়া গেলি। ঘরে আলো আছে, আজ

নিরাপদে পলাইতে পারিবি, কাল আসিস দেখি, অন্ধকারে কেমন না ধরা পড়িস । ”

রাজা । হা হা হা হা ।

মন্ত্রী । হো হো হো হো হো ।

সেনাপতি । হি ।

রাজা বলিলেন, “তার পর ?”

রমাই দেখিল, এখনো রাজার তৃপ্তি হয় নাই । “জানি না, কী কারণে চোরের যথেষ্ট ভয় হইল না । তাহার পররাত্রের ঘরে আসিল । গিন্নি কহিলেন, ‘সর্বনাশ হইল ওঠো ।’ কর্তা কহিলেন, ‘তুমি ওঠো-না ।’ গিন্নি কহিলেন, ‘আমি উঠিয়া কী করিব ।’ কর্তা বলিলেন, ‘কেন, ঘরে একটা আলো জ্বালাও-না । কিছু যে দেখিতে পাই না ।’ গিন্নি বিষম ক্রুদ্ধ । কর্তা ততোধিক ক্রুদ্ধ হইয়া কহিলেন, ‘দেখো দেখি, তোমার জন্যই তো যথাসর্বস্ব গেল । আলোটা জ্বালাও বন্দুকটা আনো ।’ ইতিমধ্যে চোর কাজকর্ম সারিয়া কহিল, ‘মহাশয়, এক ছিলিম তামাকু খাওয়াইতে পারেন ? বড়ো পরিশ্রম হইয়াছে ।’ কর্তা বিষম ধমক দিয়া কহিলেন, ‘রোস্ বেটা ! আমি তামাক সাজিয়া দিতেছি । কিন্তু আমার কাছে আসিবি তো এই বন্দুকে তোর মাথা উড়াইয়া দিব ।’ তামাক খাইয়া চোর কহিল, ‘মহাশয়, আলোটা যদি জ্বালেন তো উপকার হয় । সিধকাঠিটা পড়িয়া গিয়াছে খুঁজিয়া পাইতেছি না ।’ সেনাপতি কহিলেন, ‘বেটার ভয় হইয়াছে । তফাতে থাক, কাছে আসিস না ।’ বলিয়া তাড়াতাড়ি আলো জ্বালিয়া দিলেন । ধীরে সুস্থে জিনিসপত্র বাঁধিয়া চোর চলিয়া গেল । কর্তা গিন্নিকে কহিলেন, ‘বেটা বিষম ভয় পাইয়াছে ।’ ”

রাজা ও মন্ত্রী হাসি সামলাইতে পারেন না । ফর্নাণ্ডিজ থাকিয়া থাকিয়া মাঝে মাঝে “হিঃ হিঃ” করিয়া টুকরা টুকরা হাসি টানিয়া টানিয়া বাহির করিতে লাগিলেন ।

রাজা কহিলেন, “রমাই, শুনিয়াছ আমি স্বশুরালয়ে যাইতেছি ?”

রমাই মুখভঙ্গি করিয়া কহিল, “অসারং খলু সংসারং সারং স্বশুরমন্দিরং (হাস্য । প্রথমে রাজা, পরে মন্ত্রী, পরে সেনাপতি ।) কথাটা মিথ্যা নহে । (দীর্ঘনিশ্বাস ফেলিয়া) স্বশুরমন্দিরের সকলই সার— আহারটা, সমাদরটা ; দুধের সরটি পাওয়া যায়, মাছের মুড়োটি পাওয়া যায় ; সকলই সার পদার্থ ; কেবল সর্বাপেক্ষা অসার ঐ স্ত্রীটা ।”

রাজা হাসিয়া কহিলেন, “সে কী হে, তোমার অর্ধাঙ্গ—”

রমাই জোড়হস্তে ব্যাকুলভাবে কহিল, “মহারাজ, তাহাকে অর্ধাঙ্গ বলিবেন না । তিন জন্ম তপস্যা করিলে আমি বরঞ্চ একদিন তাহার অর্ধাঙ্গ হইতে পারিব, এমন ভরসা আছে । আমার মতো পাঁচটা অর্ধাঙ্গ জুড়িলেও তাহার আয়তনে কুলায় না !” (যথাক্রমে হাস্য ।) কথাটার রস আর সকলেই বুঝিল, কেবল মন্ত্রী পারিলেন না, এই নিমিত্ত মন্ত্রীকে সর্বাপেক্ষা অধিক হাসিতে হইল ।

রাজা কহিলেন, “আমি তো শুনিয়াছি, তোমার ব্রাহ্মণী বড়োই শান্তস্বভাবা ও ঘরকন্মায় বিশেষ পটু ।”

রমাই । সে কথায় কাজ কী । ঘরে আর সকল রকম জঞ্জালই আছে, কেবল আমি তিষ্ঠিতে পারি না । প্রত্যুষে গৃহিণী এমনি ঝাঁটাইয়া দেন যে, একেবারে মহারাজের দুয়ারে আসিয়া পড়ি ।

এইখানে কথাপ্রসঙ্গে রমাইয়ের ব্রাহ্মণীর পরিচয় দিই । তিনি অত্যন্ত কৃশাঙ্গী ও দিনে দিনে ক্রমেই আরো ক্ষীণ হইয়া যাইতেছেন । রমাই ঘরে আসিলে তিনি কোথায় যে আশ্রয় লইবেন ভাবিয়া পান না । রাজসভায় রমাই একপ্রকার ভঙ্গিতে দাঁত দেখায় ও ঘরে আসিয়া গৃহিণীর কাছে আর-একপ্রকার ভঙ্গিতে দাঁত দেখায় । কিন্তু গৃহিণীর যথার্থ স্বরূপ বর্ণনা করিলে নাকি হাস্যরস না আসিয়া করুণ-রস আসে, এই নিমিত্ত রাজসভায় রমাই তাহার গৃহিণীকে স্থূলকায়া ও উগ্রচণ্ডা করিয়া বর্ণনা করেন, রাজা ও মন্ত্রীরা হাসি রাখিতে পারেন না ।

হাসি থামিলে পর রাজা কহিলেন, “ওহে রমাই, তোমাকে যাইতে হইবে, সেনাপতিকেও সঙ্গে লইব ।”

সেনাপতি বুঝিলেন, এবার রমাই তাঁহার উপর দ্বিতীয় আক্রমণ করিবে। চশমাটা চোখে তুলিয়া পরিলেন এবং বোতাম খুলিতে ও পরিতে লাগিলেন।

রমাই কহিল, “উৎসবস্থলে যাইতে সেনাপতি মহাশয়ের কোনো আপত্তি থাকিতে পারে না, কারণ এ তো আর যুদ্ধস্থল নয়।”

রাজা ও মন্ত্রী ভাবিলেন, ভারি একটা মজার কথা আসিতেছে ; আগ্রহের সহিত জিজ্ঞাসা করিলেন, “কেন ?”

রমাই। সাহেবের চক্ষে দিনরাত্রি চশমা আঁটা। ঘুমাইবার সময়েও চশমা পরিয়া শোন, নহিলে ভালো করিয়া স্বপ্ন দেখিতে পারেন না। সেনাপতি মহাশয়ের যুদ্ধে যাইতে আর কোনো আপত্তি নাই, কেবল পাছে চশমার কাঁচে কামানের গোলা লাগে ও কাঁচ ভাঙিয়া চোখ কানা হইয়া যায়, এই যা ভয় কেমন মহাশয় ?

সেনাপতি চোখ টিপিয়া কহিলেন, “তাহা নয় তো কী।” তিনি আসন হইতে উঠিয়া কহিলেন, “মহারাজ, আদেশ করেন তো বিদায় হই।”

রাজা সেনাপতিকে যাত্রার জন্য প্রস্তুত হইতে কহিলেন, “যাত্রার সমস্ত উদ্যোগ করো। আমার চৌষটি দাঁড়ের নৌকা যেন প্রস্তুত থাকে।” মন্ত্রী ও সেনাপতি প্রস্থান করিলেন।

রাজা কহিলেন, “রমাই, তুমি তো সমস্তই শুনিয়াছ। গতবারে স্বশুরালয়ে আমাকে বড়োই মাটি করিয়াছিল।”

রমাই। আজ্ঞা হাঁ, মহাবাজের লাঙ্গুল বানাইয়া দিয়াছিল।

রাজা হাসিলেন, মুখে দস্তুর বিদ্যুৎছটা বিকাশ হইল বটে, কিন্তু মনের মধ্যে ঘোরতর মেঘ করিয়া উঠিল। এ সংবাদ রমাই জানিতে পারিয়াছে শুনিয়া তিনি বড়ো সন্তুষ্ট নহেন। আর কেহ জানিলে ততটা ক্ষতি ছিল না। অনবরত গুড়গুড়ি টানিতে লাগিলেন।

রমাই কহিল, “আপনার এক শ্যালক আসিয়া আমাকে কহিলেন, ‘বাসর-এরে তোমাদের রাজার লেজ প্রকাশ পাইয়াছে ; তিনি রামচন্দ্র, না রামদাস ? এমন তো পূর্বে জানিতাম না।’ আমি তৎক্ষণাৎ কহিলাম, ‘পূর্বে জানিবেন কিরূপে ? পূর্বে তো ছিল না। আপনাদের ঘরে বিবাহ করিতে আসিয়াছেন তাই যশ্বিন্ দেশে যদাচার অবলম্বন করিয়াছেন।’ ”

রাজা জবাব শুনিয়া বড়োই সুখী। ভাবিলেন, রমাই হইতে তাঁহার এবং তাঁহার পূর্বপুরুষদের মুখ উজ্জ্বল হইল ও প্রতাপাদিত্যের আদিত্য একেবারে চির-রাহুগ্রস্ত হইল। রাজা যুদ্ধবিগ্রহের বড়ো একটা ধার ধারেন না। এই-সকল ছোটোখাটো ঘটনাগুলিকে তিনি যুদ্ধবিগ্রহের ন্যায় বিষম বড়ো করিয়া দেখেন। এতদিন তাঁহার ধারণা ছিল যে তাঁহার ঘোরতর অপমানসূচক পরাজয় হইয়াছে। এ কলঙ্কের কথা দিনরাত্রি তাঁহার মনে পড়িত ও তিনি লজ্জায় পৃথিবীকে দ্বিধা হইতে অনুরোধ করিতেন। আজ তাঁহার মন অনেকটা সাস্তুনা লাভ করিল যে সেনাপতি রমাই রণে জিতিয়া আসিয়াছে। কিন্তু তথাপি তাঁহার মন হইতে লজ্জার ভার একেবারে দূর হয় নাই।

রাজা রমাইকে কহিলেন, “রমাই, এবারে গিয়া জিতিয়া আসিতে হইবে। যদি জয় হয় তবে তোমাকে আমার অঙ্গুরী উপহার দিব।”

রমাই বলিল, “মহারাজ, জয়ের ভাবনা কী ? রমাইকে যদি অস্ত্রপুরে লইয়া যাইতে পারেন, তবে স্বয়ং শাশুড়ি ঠাকুরানীকে পর্যন্ত মনের সাথে ঘোল পান করাইয়া আসিতে পারি।”

রাজা কহিলেন, “তাহার ভাবনা ? তোমাকে আমি অস্ত্রপুরেই লইয়া যাইব।”

রমাই কহিল, “আপনার অসাধ্য কী আছে ?”

রাজারও তাহাই বিশ্বাস। তিনি কী না করিতে পারেন ? অনুগতবর্গের কেহ যদি বলে, “মহারাজের জয় হউক, সেবকের বাসনা পূর্ণ করুন।” মহামহিম রামচন্দ্র রায় তৎক্ষণাৎ বলেন, “হাঁ, তাহাই হইবে।” কেহ যেন মনে না করে এমন কিছু কাজ আছে, যাহা তাঁহা দ্বারা হইতে পারে না। তিনি স্থির করিলেন, রমাই তাঁড়কে প্রতাপাদিত্যের অস্ত্রপুরে লইয়া যাইবেন, স্বয়ং মহিষী-মাতার সঙ্গে বিদ্রূপ

করাইবেন, তবে তাঁহার নাম রাজা রামচন্দ্র রায়। এতবড়ো মহৎ কাজটা যদি তিনি না করিতে পারিলেন তবে আর তিনি কিসের রাজা।

চন্দ্রদ্বীপাধিপতি রামমোহন মালকে ডাকিয়া পাঠাইলেন। রামমোহন মাল পরাক্রমে ভীমের মতো ছিল। শরীর প্রায় সাড়ে চারিহাত লম্বা। সমস্ত শরীরে মাংসপেশী তরঙ্গিত। সে স্বর্গীয় রাজার আমলের লোক। রামচন্দ্রকে বাল্যকাল হইতে পালন করিয়াছে। রমাইকে সকলেই ভয় করে, রমাই যদি কাহাকেও ভয় করে তো সে এই রামমোহন। রামমোহন রমাইকে অত্যন্ত ঘৃণা করিত। রমাই তাহার ঘৃণার দৃষ্টিতে কেমন আপনা-আপনি সংকুচিত হইয়া পড়িত। রামমোহনের দৃষ্টি এড়াইতে পারিলে সে ছাড়িত না। রামমোহন আসিয়া দাঁড়াইল। রাজা কহিলেন, তাঁহার সঙ্গে পঞ্চাশজন অনুচর যাইবে। রামমোহন তাহাদিগের সর্দার হইয়া যাইবে।

রামমোহন কহিল, “যে আজ্ঞা। রমাই ঠাকুর যাইবেন কি?” বিড়ালচক্ষু খর্বাকৃতি রমাই ঠাকুর সংকুচিত হইয়া পড়িল।

অষ্টম পরিচ্ছেদ

যশোহর রাজবাটীতে আজ কর্মচারীরা ভারি ব্যস্ত। জামাতা আসিবে, নানাপ্রকার উদ্যোগ করিতে হইতেছে। আহাৰাদির বিস্তৃত আয়োজন হইতেছে। চন্দ্রদ্বীপের রাজবংশ যশোহরের তুলনায় যে নিতান্ত অকিঞ্চিৎকর, সে বিষয়ে প্রতাপাদিত্যের সহিত মহিষীর কোনো মতান্তর ছিল না, তথাপি জামাতা আসিবে বলিয়া আজ তাঁহার অত্যন্ত আহ্লাদ হইয়াছে। প্রাতঃকাল হইতে বিভাকে তিনি স্বহস্তে সাজাইতে আরম্ভ করিয়াছেন— বিভা বিষম গোলযোগে পড়িয়াছে। কারণ, সাজাইবার পদ্ধতি সম্বন্ধে ঐয়স্ক মাতার সহিত যুবতী দুহিতার নানা বিষয়ে রুচিভেদ আছে; কিন্তু হইলে হয় কী, বিভার কিসে ভালো হয়, মহিষী তাহা অবশ্য ভালো বুঝেন। বিভার মনে মনে ধারণা ছিল তিনগাছি করিয়া পাতলা ফিরোজ রঙের চুড়ি পরিলে তাহার শুভ্র কচি হাত দুইখানি বড়ো মানাইবে; মহিষী তাহাকে সোনার আটগাছা মোটা চুড়ি ও হীরার এক-একগাছা বৃহদাকার বালা পরাইয়া এত অধিক আনন্দিত হইয়া উঠিলেন যে, সকলকে দেখাইবার জন্য বাড়ির সমুদয় বৃদ্ধা দাসী ও বিধবা পিসীদিগকে ডাকাইয়া পাঠাইলেন। বিভা জানিত যে তাহার ছোটো সুকুমার মুখখানিতে নথ কোনোমতেই মানায় না— কিন্তু মহিষী তাহাকে একটা বড়ো নথ পরাইয়া তাহার মুখখানি একবার দক্ষিণ পার্শ্বে একবার বাম পার্শ্বে ফিরাইয়া গর্বসহকারে নিরীক্ষণ করিতে লাগিলেন। ইহাতেও বিভা চুপ করিয়া ছিল, কিন্তু মহিষী যে হাঁদে তাহার চুল বাঁধিয়া দিলেন, তাহা তাহার একবারে অসহ্য হইয়া উঠিল। সে গোপনে সুরমার কাছে মনের মতো চুল বাঁধিয়া আসিল। কিন্তু তাহা মহিষীর নজর এড়াইতে পারিল না। মহিষী দেখিলেন, কেবল চুল বাঁধার দোষে বিভার সমস্ত সাজ মাটি হইয়া গিয়াছে। তিনি স্পষ্ট দেখিতে পাইলেন, সুরমা হিংসা করিয়া বিভার চুল বাঁধা খারাপ করিয়া দিয়াছে। সুরমার হীন উদ্দেশ্যের প্রতি বিভার চোখ ফুটাইতে চেষ্টা করিলেন। অনেকক্ষণ বকিয়া যখন স্থির করিলেন কৃতকার্য হইয়াছেন তখন তাহার চুল খুলিয়া পুনরায় বাঁধিয়া দিলেন। এইরূপে বিভা তাহার খোঁপা, তাহার নথ, তাহার দুই বাহুপূর্ণ চুড়ি, তাহার এক হৃদয়পূর্ণ আনন্দের ভার বহন করিয়া নিতান্ত বিব্রত হইয়া পড়িয়াছে। সে বুঝিতে পারিয়াছে যে, দুরন্ত আহ্লাদকে কোনোমতেই সে কেবলই অন্তঃপুরে বদ্ধ করিয়া রাখিতে পারিতেছে না, চোখে মুখে সে কেবলই বিদ্যুতের মতো উকি মারিয়া যাইতেছে। তাহার মনে হইতেছে, বাড়ির দেওয়ালগুলা পর্যন্ত তাহাকে উপহাস করিতে উদ্যত রহিয়াছে। যুবরাজ উদয়াদিত্য আসিয়া গভীর স্নেহপূর্ণ প্রশান্ত আনন্দের সহিত বিভার সলজ্জ হর্ষপূর্ণ মুখখানি দেখিলেন। বিভার হর্ষ দেখিয়া তাঁহার এমনি আনন্দ হইল যে, গৃহে গিয়া সন্নেহে মৃদু হাস্যে সুরমাকে চুম্বন করিলেন।

সুরমা জিজ্ঞাসা করিল, “কী?”

উদয়াদিত্য কহিলেন, “কিছুই না।”

এমন সময়ে বসন্ত রায় জোর করিয়া বিভাকে টানিয়া ঘরের মধ্যে আনিয়া হাজির করিলেন । চিবুক ধরিয়া তাহার মুখ তুলিয়া ধরিয়া কহিলেন, “দেখো দাদা, আজ একবার তোমাদের বিভার মুখখানি দেখো । সুরমা, ও সুরমা, একবার দেখে যাও । আনন্দে গদগদ হইয়া বৃদ্ধ হাসিতে লাগিলেন । বিভার মুখের দিকে চাহিয়া কহিলেন, “আহ্লাদ হয় তো ভালো করেই হাস-না ভাই, দেখি ।

হাসিরে পায়ে ধরে রাখিবি কেমন করে,
হাসির সে প্রাণের সাধ ওই অধরে খেলা করে ।

বয়স যদি না যাইত তো আজ তোর ঐ মুখখানি দেখিয়া এইখানে পড়িতাম আর মরিতাম । হায়, হায়, মরিবার বয়স গিয়াছে । যৌবনকালে ঘড়ি ঘড়ি মরিতাম । বুড়াবয়সে রোগ না হইলে আর মরণ হয় না ।”

প্রতাপাদিত্যকে যখন তাঁহার শ্যালক আসিয়া জিজ্ঞাসা করিলেন, “জামাই বাবাজিকে অভ্যর্থনা করিবার জন্য কে গিয়াছে ?” তিনি কহিলেন, “আমি কী জানি ।” “আজ পথে অবশ্য আলো দিতে হইবে ?” নেত্র বিস্ফারিত করিয়া মহারাজ কহিলেন, “অবশ্যই দিতে হইবে, এমন কোনো কথা নাই ।” তখন রাজশ্যালক সসংকোচে কহিলেন, “নহবত বসিবে নাকি ?” “সে-সকল বিষয় ভাবিবার অবসর নাই ।” আসল কথা, বাজনা বাজাইয়া একটা জামাই ঘরে আনা প্রতাপাদিত্যের কার্য নহে ।

রামচন্দ্র রায়ের মহা অভিমান উপস্থিত হইয়াছে । তিনি স্থির করিয়াছেন তাঁহাকে ইচ্ছাপূর্বক অপমান করা হইয়াছে । পূর্বে দুই-এক বার তাঁহাকে অভ্যর্থনা করিয়া লইয়া যাইবার জন্য রাজবাটী হইতে চকদিহিতে লোক প্রেরিত হইত, এবারে চকদিহি পার হইয়া দুই ক্রোশ আসিলে পর বামনহাটিতে দেওয়ানজি তাঁহাকে অভ্যর্থনা করিতে আসিয়াছেন । যদি বা দেওয়ানজি আসিলেন, তাঁহার সহিত দুই শত পঞ্চাশজন বৈ লোক আসে নাই । কেন, সমস্ত যশোহরে কি আর-পঞ্চাশজন লোক মিলিল না । রাজাকে লইতে যে হাতিটি আসিয়াছে রমাই ভাঁড়ের মতে স্থূলকায় দেওয়ানজি তাহার অপেক্ষা বৃহত্তর । দেওয়ানকে রমাই জিজ্ঞাসা করিয়াছিল, “মহাশয়, উটি বুঝি আপনার কনিষ্ঠ ?” ভালোমানুষ দেওয়ানজি ঈষৎ বিস্মিত হইয়া উত্তর দিয়াছেন, “না, ওটা হাতি ।”

রাজা ক্ষুব্ধ হইয়া দেওয়ানকে কহিলেন, “তোমাদের মন্ত্রী যে হাতিটাতে চড়িয়া থাকে সেটাও যে ইহা অপেক্ষা বড়ো ।”

দেওয়ান কহিলেন, “বড়ো হাতিগুলি রাজকার্য উপলক্ষে দূরে পাঠানো হইয়াছে, শহরে একটিও নাই ।”

রামচন্দ্র স্থির করিলেন, তাঁহাকে অপমান করিবার জন্যই তাহাদের দূরে পাঠানো হইয়াছে । নহিলে আর কী কারণ থাকিতে পারে !

রাজাধিরাজ রামচন্দ্র রায় আরক্তিম হইয়া স্বশুরের নাম ধরিয়া বলিয়া উঠিলেন, “প্রতাপাদিত্য রায়ের চেয়ে আমি কিসে ছোটো ?”

রমাই ভাঁড় কহিল, “বয়সে আর সম্পর্কে, নহিলে আর কিসে ? তাঁহার মেয়েকে যে আপনি বিবাহ করিয়াছেন ইহাতেই—”

কাছে রামমোহন মাল দাঁড়াইয়া ছিল, তাহার আর সহ্য হইল না, বিষম ক্রুদ্ধ হইয়া বলিয়া উঠিল, “দেখো ঠাকুর, তোমার বড়ো বাড় বাড়িয়াছে ! আমার মা-ঠাকুরনের কথা অমন করিয়া বলিয়ো না ! এই স্পষ্ট কথা বলিলাম ।”

প্রতাপাদিত্যকে লক্ষ্য করিয়া রমাই কহিল, “অমন ঢের ঢের আদিত্য দেখিয়াছি । জানেন তো মহারাজ, আদিত্যকে যে-ব্যক্তি বগলে ধরিয়া রাখিতে পারে, সে-ব্যক্তি রামচন্দ্রের দাস ।”

রাজা মুখ টিপিয়া হাসিতে লাগিলেন । রামমোহন তখন ধীরপদক্ষেপে রাজার সম্মুখে আসিয়া জোড়হস্তে কহিল, “মহারাজ, ঐ বামনা যে আপনার স্বশুরের নামে যাহা ইচ্ছা তাই বলিবে, ইহা তো আমার সহ্য হয় না । বলেন তো উহার মুখ বন্ধ করি ।”

রাজা কহিলেন, “রামমোহন, তুই থাম ।”

তখন রামমোহন সেখান হইতে দূরে চলিয়া গেল ।

রামচন্দ্র সেদিন বহু সহস্র খুঁটিনাটি পর্যালোচনা করিয়া স্থির করিলেন, প্রতাপাদিত্য তাঁহাকে অপমান করিবার জন্য বহুদিন ধরিয়া বিস্তৃত আয়োজন করিয়াছেন । অভিমানে তিনি নিতান্ত স্ফীত হইয়া উঠিয়াছেন । স্থির করিয়াছেন, প্রতাপাদিত্যের কাছে এমন মূর্তি ধারণ করিবেন, যাহাতে প্রতাপাদিত্য বুকিতে পারেন তাঁহার জামাতা কতবড়ো লোক ।

যখন প্রতাপাদিত্যের সহিত রামচন্দ্র রায়ের দেখা হইল, তখন প্রতাপাদিত্য রাজকক্ষে তাঁহার মন্ত্রী সহিত উপবিষ্ট ছিলেন । প্রতাপাদিত্যকে দেখিবামাত্রই রামচন্দ্র নতমুখে ধীরে ধীরে আসিয়া তাঁহাকে প্রণাম করিলেন ।

প্রতাপাদিত্য কিছুমাত্র উল্লাস বা ব্যস্তভাব প্রকাশ না করিয়া শান্তভাবে কহিলেন “এসো, ভালো আছ তো ?”

রামচন্দ্র মৃদুস্বরে কহিলেন, “আজ্ঞা হাঁ ।”

মন্ত্রীর দিকে চাহিয়া প্রতাপাদিত্য কহিলেন, “ভাঙামাথি পরগনার তহসিলদারের নামে যে অভিযোগ আসিয়াছে, তাহার কোনো তদন্ত করিয়াছ ?”

মন্ত্রী দীর্ঘ এক কাগজ বাহির করিয়া রাজার হাতে দিলেন, রাজা পড়িতে লাগিলেন । কিয়দূর পড়িয়া একবার চোখ তুলিয়া জামাতাকে জিজ্ঞাসা করিলেন, “গত বৎসরের মতো এবার তো তোমাদের ওখানে বন্যা হয় নাই ?”

রামচন্দ্র । আজ্ঞা না । আশ্বিন মাসে একবার জলবৃষ্টি—

প্রতাপাদিত্য । মন্ত্রী, এ চিঠিখানার অবশ্য একটা নকল রাখা হইয়াছে ?

বলিয়া আবার পড়িতে লাগিলেন । পড়া শেষ করিয়া জামাতাকে কহিলেন, “যাও বাপু, অন্তঃপুরে যাও ।”

রামচন্দ্র ধীরে ধীরে উঠিলেন । তিনি বুকিতে পারিয়াছেন, তাঁহার অপেক্ষা প্রতাপাদিত্য কিসে বড়ো ।

নবম পরিচ্ছেদ

রামমোহন মাল যখন অন্তঃপুরে আসিয়া বিভাকে প্রণাম করিয়া কহিল, “মা, তোমায় একবার দেখিতে আসিলাম ।” তখন বিভার মনে বড়ো আহ্লাদ হইল । রামমোহনকে সে বড়ো ভালোবাসিত । কুটুম্বিতার নানাবিধ কার্যভার বহন করিয়া রামমোহন প্রায় মাঝে মাঝে চন্দ্রদ্বীপ হইতে যশোহরে আসিত । কোনো আবশ্যিক না থাকিলেও অবসর পাইলে সে এক-একবার বিভাকে দেখিতে আসিত । রামমোহনকে বিভা কিছুমাত্র লজ্জা করিত না । বৃদ্ধ বলিষ্ঠ দীর্ঘ রামমোহন যখন “মা” বলিয়া আসিয়া দাঁড়াইত তখন তাহার মধ্যে এমন একটা বিশুদ্ধ সরল অলংকারশূন্য স্নেহের ভাব থাকিত যে, বিভা তাহার কাছে আপনাকে নিতান্ত বালিকা মনে করিত । বিভা তাহাকে কহিল, “মোহন, তুই এতদিন আসিস নাই কেন ?”

রামমোহন কহিল, “তা মা, ‘কুপুত্র যদি বা হয়, কুমাতা কখনো নয় ।’ তুমি কোন্ আমাকে মনে করিলে । আমি মনে মনে কহিলাম, ‘মা না ডাকিলে আমি যাব না, দেখি কতদিনে তাঁর মনে পড়ে ।’ তা কই, একবারও তো মনে পড়িল না !”

বিভা ভারি মুশকিলে পড়িল । সে কেন ডাকে নাই, তাহা ভালো করিয়া বলিতে পারিল না । তাহা ছাড়া, ডাকে নাই বলিয়া যে মনে করে নাই, এই কথাটার মধ্যে এক জায়গায় কোথায় যুক্তির দোষ আছে বলিয়া মনে হইতেছে, অথচ ভালো করিয়া বুঝাইয়া বলিতে পারিতেছে না ।

বিভার মুশকিল দেখিয়া রামমোহন হাসিয়া কহিল, “না মা, অবসর পাই নাই বলিয়া আসিতে পারি নাই ।”

বিভা কহিল, “মোহন, তুই বোস্ ; তোদের দেশের গল্প আমায় বল্ !”

রামমোহন বসিল । চন্দ্রদ্বীপের বর্ণনা করিতে লাগিল । বিভা গালে হাত দিয়া একমনে শুনিতো লাগিল । চন্দ্রদ্বীপের বর্ণনা শুনিতো শুনিতো তাহার হৃদয়টুকুর মধ্যে কত কী কল্পনা জাগিয়া উঠিয়াছিল, সেদিন সে আসমানের উপর কত ঘরবাড়িই বাঁধিয়াছিল তাহার আর ঠিকানা নাই । যখন রামমোহন গল্প করিল গত বর্ষার বন্যায় তাহার ঘরবাড়ি সমস্ত ভাসিয়া গিয়াছিল, সন্ধ্যার প্রাক্কালে সে একাকী তাহার বন্ধা মাতাকে পিঠে করিয়া সাঁতার দিয়া মন্দিরের চূড়ায় উঠিয়াছিল ও দুইজনে মিলিয়া সমস্ত রাত্রি সেখানে যাপন করিয়াছিল তখন বিভার ক্ষুদ্র বুকটির মধ্যে কী হৃৎকম্পই উপস্থিত হইয়াছিল ।

গল্প ফুরাইলে পর রামমোহন কহিল, “মা, তোমার জন্য চারগাছি শাঁখা আনিয়াছি, তোমাকে ঐ হাতে পরিতে হইবে, আমি দেখিব ।”

বিভা তাহার চারগাছি সোনার চূড়ি খুলিয়া শাঁখা পরিল ও হাসিতে হাসিতে মায়ের কাছে গিয়া কহিল, “মা, মোহন তোমার চূড়ি খুলিয়া আমাকে চারগাছি শাঁখা পরাইয়া দিয়াছে ।”

মহিষী কিছুমাত্র অসন্তুষ্ট না হইয়া হাসিয়া কহিলেন, “তা বেশ তো সাজিয়াছে, বেশ তো মানাইয়াছে ।”

রামমোহন অত্যন্ত উৎসাহিত ও গর্বিত হইয়া উঠিল । মহিষী তাহাকে ডাকাইয়া লইয়া গেলেন, নিজে উপস্থিত থাকিয়া তাহাকে আহার করাইলেন । সে তৃপ্তিপূর্বক ভোজন করিলে পর তিনি অত্যন্ত সন্তুষ্ট হইয়া কহিলেন, “মোহন, এইবারে তোর সেই আগমনীর গানটি গা ।” রামমোহন বিভার দিকে চাহিয়া গাহিল,

“সারা বরষ দেখি নে মা, মা তুই আমার কেমনধারা,
নয়নতারা হারিয়ে আমার অন্ধ হল নয়নতারা ।
এলি কি পাষণী ওরে,
দেখব তোরে আঁখি ভরে—
কিছুতেই থামে না যে মা, পোড়া এ নয়নের ধারা ।”

রামমোহনের চোখে জল আসিল, মহিষীও বিভার মুখের দিকে চাহিয়া চোখের জল মুছিলেন । আগমনীর গানে তাঁহার বিজয়ার কথা মনে পড়িল ।

ক্রমে সন্ধ্যা হইয়া আসিল । পুরমহিলাদের জনতা বাড়িতে লাগিল । প্রতিবেশিনীরা জামাই দেখিবার জন্য ও সম্পর্ক অনুসারে জামাইকে উপহাস করিবার জন্য অন্তঃপুরে সমাগত হইল । আনন্দ, লজ্জা, আশঙ্কা, একটা অনিশ্চিত অনির্দেশ্য না-জানি-কী-হইবে ভাবে বিভার হৃদয় তোলপাড় করিতেছে, তাহার মুখ-কান লাল হইয়া উঠিয়াছে, তাহার হাত-পা শীতল হইয়া গিয়াছে । ইহা কষ্ট কি সুখ কে জানে !

জামাই অন্তঃপুরে আসিয়াছেন । হুলবিশিষ্ট সৌন্দর্যের ঝাঁকের ন্যায় রমণীগণ চারি দিক হইতে তাঁহাকে আক্রমণ করিয়াছে । চারি দিকে হাসির কোলাহল উঠিল । চারি দিক হইতে কোকিল-কণ্ঠের তীব্র উপহাস, মৃগাল-বাহুর কণ্ঠের তাড়ন; চম্পক-অঙ্গুলির চন্দ্র-নখরের তীক্ষ্ণ পীড়ন চলিতে লাগিল । রামচন্দ্র রায় যখন নিতান্ত কাতর হইয়া পড়িয়াছেন, তখন একজন প্রৌঢ়া রমণী আসিয়া তাঁহার পক্ষ অবলম্বন করিয়া বসিল । সে কণ্ঠের কণ্ঠে এমনি কাটা কাটা কথা কহিতে লাগিল ও ক্রমেই তাহার মুখ দিয়া এমনি সকল রুচির বিকার বাহির হইতে লাগিল যে পুররমণীদের মুখ একপ্রকার বন্ধ হইয়া আসিল । তাহার মুখের কাছে থাকোদিদিও চূপ করিয়া গেলেন । বিমলাদিদি ঘর হইতে উঠিয়া চলিয়া গেলেন । কেবল ভূতোর মা তাহাকে খুব এক কথা শুনাইয়াছিল । যখন উল্লিখিত ভূতোর মার মুখ খুব চলিতেছিল, তখন সেই প্রৌঢ়া তাহাকে বলিয়াছিল, “মাগো, মা, তোমার মুখ নয় তো, একগাছা ঝাঁটা ।” ভূতোর মা তৎক্ষণাৎ কহিল, “আর মাগি, তোর মুখটা আঁস্তাকুড়, এত ঝাঁটাইলাম তবুও সাফ

হইল না।” বলিয়া গস গস করিয়া চলিয়া গেল। একে একে ঘর খালি হইল, রামচন্দ্র রায় বিরাম পাইলেন।

তখন সেই প্রৌঢ়া গৃহ হইতে বাহির হইয়া মহিষীর কক্ষে উপস্থিত হইল। সেখানে মহিষী দাসদাসীদিগকে খাওয়াইতেছিলেন। রামমোহনও এক পার্শ্বে বসিয়া খাইতেছিল। সেই প্রৌঢ়া মহিষীর কাছে আসিয়া তাঁহাকে নিরীক্ষণ করিয়া কহিল, “এই যে নিকষা জননী।” শুনিবামাত্র রামমোহন চমকিয়া উঠিল, প্রৌঢ়ার মুখের দিকে চাহিল। তৎক্ষণাৎ আহার পরিত্যাগ করিয়া শার্দূলের ন্যায় লক্ষ্য দিয়া তাহার দুই হস্ত বজ্রমুষ্টিতে ধরিয়া বজ্রস্বরে বলিয়া উঠিল, “আমি যে ঠাকুর তোমায় চিনি।” বলিয়া তাহার মস্তকের বস্ত্র উন্মোচন করিয়া ফেলিল। আর কেহ নহে, রমাই ঠাকুর। রামমোহন ক্রোধে কাঁপিতে লাগিল, গাত্র হইতে চাদর খুলিয়া ফেলিল; দুই হস্তে অবলীলাক্রমে রমাইকে আকাশে তুলিল, কহিল, “আজ আমার হাতে তোমার মরণ আছে।” বলিয়া তাহাকে দুই-এক পাক আকাশে ঘুরাইল। মহিষী ছুটিয়া আসিয়া কহিলেন, “রামমোহন, তুই করিস কী?” রমাই কাতরস্বরে কহিল, “দোহাই বাবা, ব্রহ্মহত্যা করিস না।” চারি দিক হইতে বিষম একটা গোলযোগ উঠিল। তখন রামমোহন রমাইকে ভূমিতে নামাইয়া কাঁপিতে কাঁপিতে কহিল, “হতভাগা, তোমার কি আর মরিবার জায়গা ছিল না?”

রমাই কহিল, “মহারাজ আমাকে আদেশ করিয়াছেন।” রামমোহন বলিয়া উঠিল, “কী বলিলি, নিমকহারাম? ফের অমন কথা বলিবি তো এই শানের পাথরে তোমার মুখ ঘষিয়া দিব।” বলিয়া তাহার গলা টিপিয়া ধরিল।

রমাই আর্তনাদ করিয়া উঠিল। তখন রামমোহন খর্বকায় রমাইকে চাদর দিয়া বাঁধিয়া বস্ত্রের মতন করিয়া বুলাইয়া অন্তঃপুর হইতে বাহির হইয়া গেল।

দেখিতে দেখিতে কথাটা অনেকটা রাষ্ট্র হইয়া গিয়াছে। রাত্রি তখন দুই প্রহর অতীত হইয়া গিয়াছে। রাজার শ্যালক আসিয়া সেই রাত্রে প্রতাপাদিত্যকে সংবাদ দিলেন যে, জামাতা রমাই ভাঁড়কে রমণীবেশে অন্তঃপুরে লইয়া গেছেন। সেখানে সে পুররমণীদের সহিত, এমন-কি, মহিষীর সহিত বিদ্রূপ করিয়াছে।

তখন প্রতাপাদিত্যের মূর্তি অতিশয় ভয়ংকর হইয়া উঠিল। রোয়ে তাঁহার সর্বাঙ্গ আলোড়িত হইয়া উঠিল। সফীতজটা সিংহের ন্যায় শয্যা হইতে উঠিয়া বসিলেন। কহিলেন, “লছমন সর্দারকে ডাকো।” লছমন সর্দারকে কহিলেন, “আজ রাত্রে আমি রামচন্দ্র রায়ের ছিন্ন মুণ্ড দেখিতে চাই।” সে তৎক্ষণাৎ সেলাম করিয়া কহিল, “যো হুকুম মহারাজ।” তৎক্ষণাৎ তাঁহার শ্যালক তাঁহার পদতলে পড়িল, কহিল, “মহারাজ, মার্জনা করুন, বিভার কথা একবার মনে করুন। অমন কাজ করিবেন না।” প্রতাপাদিত্য পুনরায় দৃঢ়স্বরে কহিলেন, “আজ রাত্রে মধোই আমি রামচন্দ্র রায়ের মুণ্ড চাই।” তাঁহার শ্যালক তাঁহার পা জড়াইয়া ধরিয়া কহিল, “মহারাজ, আজ তাঁহারা অন্তঃপুরে শয়ন করিয়াছেন, মার্জনা করুন, মহারাজ, মার্জনা করুন।” তখন প্রতাপাদিত্য ক্রিয়ৎক্ষণ স্তব্ধভাবে থাকিয়া কহিলেন, “লছমন, শুন, কাল প্রভাতে যখন রামচন্দ্র রায় অন্তঃপুর হইতে বাহির হইবে তখন তাহাকে বধ করিবে, তোমার উপর আদেশ রহিল।” শ্যালক দেখিলেন, তিনি যতদূর মনে করিয়াছিলেন তাহা অপেক্ষা অনেক অধিক হইয়া গিয়াছে। তিনি সেই রাত্রে চুপি চুপি আসিয়া বিভার শয়নকক্ষের দ্বারে আঘাত করিলেন।

তখন দূর হইতে দুই প্রহরের নহবত বাজিতেছে। নিস্তব্ধ রাত্রে সেই নহবতের শব্দ জ্যোৎস্নার সহিত দক্ষিণা বাতাসের সহিত মিশিয়া ঘুমন্ত প্রাণের মধ্যে স্বপ্ন সৃষ্টি করিতেছে। বিভার শয়নকক্ষের মুক্ত বাতায়ন ভেদ করিয়া জ্যোৎস্নার আলো বিছানায় আসিয়া পড়িয়াছে, রামচন্দ্র রায় নিদ্রায় মগ্ন। বিভা উঠিয়া বসিয়া চুপ করিয়া গালে হাত দিয়া ভাবিতেছে। জ্যোৎস্নার দিকে চাহিয়া তাহার চোখ দিয়া দুই-এক বিন্দু অশ্রু ঝরিয়া পড়িতেছিল। বুঝি যেমনটি কল্পনা করিয়াছিল ঠিক তেমনটি হয় নাই। তাহার প্রাণের মধ্যে কাঁদিতেছিল। এতদিন যাহার জন্য অপেক্ষা করিয়াছিল, সে দিন তো আজ আসিয়াছে।

রামচন্দ্র রায় শয্যায় শয়ন করিয়া অবধি বিভার সহিত একটি কথা কন নাই। প্রতাপাদিত্য তাঁহাকে অপমান করিয়াছে— তিনি প্রতাপাদিত্যকে অপমান করিবেন কী করিয়া? না, বিভাকে অগ্রাহ্য করিয়া। তিনি জানাইতে চান, ‘তুমি তো যশোহরের প্রতাপাদিত্যের মেয়ে, চন্দ্রদ্বীপাধিপতি রাজা রামচন্দ্র রায়ের পাশে কি তোমাকে সাজে?’ এই স্থির করিয়া সেই যে পাশ ফিরিয়া শুইয়াছেন আর পার্শ্ব পরিবর্তন করেন নাই। যত মান-অভিমান সমস্তই বিভার প্রতি। বিভা জাগিয়া বসিয়া ভাবিতেছে। একবার জ্যোৎস্নার দিকে চাহিতেছে, একবার স্বামীর মুখের দিকে চাহিতেছে। তাহার বুক কাঁপিয়া কাঁপিয়া এক-একবার দীর্ঘনিশ্বাস উঠিতেছে— প্রাণের মধ্যে বড়ো ব্যথা বাজিয়াছে। সহসা একবার রামচন্দ্রের ঘুম ভাঙিয়া গেল। সহসা দেখিলেন, বিভা চুপ করিয়া বসিয়া কাঁদিতেছে। সেই নিদ্রোথিত অবস্থার প্রথম মুহূর্তে যখন অপমানের স্মৃতি জাগিয়া উঠে নাই, গভীর নিদ্রার পরে মনের সুস্থ ভাব ফিরিয়া আসিয়াছে, রোষের ভাব চলিয়া গিয়াছে, তখন সহসা বিভার সেই অশ্রুপ্লাবিত করুণ কচি মুখখানি দেখিয়া সহসা তাঁর মনে করুণা জাগিয়া উঠিল। বিভার হাত ধরিয়া কহিলেন, “বিভা, কাঁদিতেছ?” বিভা আকুল হইয়া উঠিল। বিভা কথা কহিতে পারিল না, বিভা চোখে দেখিতে পাইল না, বিভা শুইয়া পড়িল। তখন রামচন্দ্র রায় উঠিয়া বসিয়া ধীরে ধীরে বিভার মাথাটি লইয়া কোলের উপর রাখিলেন, তাহার অশ্রুজল মুছাইয়া দিলেন। এমন সময়ে দ্বারে কে আঘাত করিল। রামচন্দ্র বলিয়া উঠিলেন, “কে ও?” বাহির হইতে উত্তর আসিল, “অবিলম্বে দ্বার খোলো।”

দশম পরিচ্ছেদ

রামচন্দ্র রায় শয়নকক্ষের দ্বার উদ্ঘাটন করিয়া বাহিরে আসিলেন। রাজশ্যালক রমাপতি কহিলেন, “বাবা, এখনই পালাও, মুহূর্ত বিলম্ব করিয়ো না।”

সেই রাত্রে সহসা এই কথা শুনিয়া রামচন্দ্র রায় একেবারে চমকিয়া উঠিলেন, তাঁহার মুখ সাদা হইয়া গেল, রুদ্ধ নিশ্বাসে জিজ্ঞাসা করিলেন, “কেন, কেন, কী হইয়াছে?”

“কী হইয়াছে তাহা বলিব না, এখনই পালাও।”

বিভা শয্যা ত্যাগ করিয়া আসিয়া জিজ্ঞাসা করিল, “মামা, কী হইয়াছে?”

রমাপতি কহিলেন, “সে কথা তোমার শুনিয়া কাজ নাই, মা।”

বিভার প্রাণ কাঁদিয়া উঠিল। সে একবার বসন্ত রায়ের কথা ভাবিল, একবার উদয়াদিত্যের কথা ভাবিল। বলিয়া উঠিল, “মামা, কী হইয়াছে বলো।”

রমাপতি তাহার কথার কোনো উত্তর না দিয়া রামচন্দ্রকে কহিলেন, “বাবা, অনর্থক কালবিলম্ব হইতেছে। এই বেলা গোপনে পলাইবার উপায় দেখো।”

হঠাৎ বিভার মনে একটা দারুণ অশুভ আশঙ্কা জাগিয়া উঠিল। গমনোদ্যত মাতুলের পথরোধ করিয়া কহিল, “ওগো তোমার দুটি পায়ে পড়ি, কী হইয়াছে বলিয়া যাও।”

রমাপতি সভয়ে চারি দিকে চাহিয়া কহিলেন, “গোল করিস নে বিভা, চুপ কর, আমি সমস্তই বলিতেছি।”

যখন রমাপতি একে একে সমস্তটা বলিলেন, তখন বিভা একেবারে চীৎকার করিয়া উঠিবার উপক্রম করিল। রমাপতি তাড়াতাড়ি তাহার মুখ চাপিয়া ধরিলেন— কহিলেন, “চুপ, চুপ, সর্বনাশ করিস নে।”

বিভা রুদ্ধশ্বাসে অর্ধরুদ্ধস্বরে সেইখানে বসিয়া পড়িল।

রামচন্দ্র রায় সকাতরে কহিলেন, “এখন আমি কী উপায় করিব? পলাইবার কী পথ আছে, আমি তো কিছুই জানি না।”

রমাপতি কহিলেন, “আজ রাত্রে প্রহরীরা চারি দিকে সতর্ক আছে। আমি একবার চারি দিকে দেখিয়া আসি যদি কোথাও কোনো উপায় থাকে।”

এই বলিয়া তিনি প্রস্থানের উপক্রম করিলেন। বিভা তাঁহাকে ধরিয়া কহিল, “মামা, তুমি কোথায় যাও। তুমি যাইয়ো না, তুমি আমাদের কাছে থাকো।”

রমাপতি কহিলেন, “বিভা, তুই পাগল হইয়াছিস। আমি কাছে থাকিলে কোনো উপকার দেখিবে না। ততক্ষণ আমি একবার চারি দিকের অবস্থা দেখিয়া আসি।”

বিভা তখন বলপূর্বক উঠিয়া দাঁড়াইল। হাত-পা থরথর করিয়া কাঁপিতেছে। কহিল, “মামা, তুমি আর-একটু এইখানে থাকো। আমি একবার দাদার কাছে যাই।” বলিয়া বিভা তাড়াতাড়ি উদয়াদিত্যের শয়নকক্ষে গিয়া উপস্থিত হইল।

তখন ক্ষীণ চন্দ্র অস্ত যায় যায়। চারি দিকে অন্ধকার হইয়া আসিতেছে। কোথাও সাড়াশব্দ নাই। রামচন্দ্র রায় তাঁহার শয়নকক্ষের দ্বারে দাঁড়াইয়া দেখিলেন দুই পার্শ্বে রাজ-অস্তঃপুরে শ্রেণীবদ্ধ কক্ষে দ্বার রুদ্ধ, সকলেই নিঃশব্দচিত্তে ঘুমাইতেছে। সম্মুখের প্রাঙ্গণে চারি দিকের ভিত্তির ছায়া পড়িয়াছে ও তাহার এক পার্শ্বে একটুখানি জ্যোৎস্না এখনো অবশিষ্ট রহিয়াছে। ক্রমে সেটুকুও মিলাইয়া গেল। অন্ধকার এক পা এক পা করিয়া সমস্ত জগৎ দখল করিয়া লইল। অন্ধকার দূরে বাগানের শ্রেণীবদ্ধ নারিকেল গাছগুলির মধ্যে আসিয়া জমিয়া বসিল। অন্ধকার কোল ঘেঁষিয়া অতি কাছে আসিয়া দাঁড়াইল। রামচন্দ্র রায় কল্পনা করিতে লাগিলেন, এই চারি দিকের অন্ধকারের মধ্যে না জানি কোথায় একটা ছুরি তাঁহার জন্য অপেক্ষা করিতেছে। দক্ষিণে না বামে, সম্মুখে না পশ্চাতে? ঐ যে ইতস্তত এক-একটা কোণ দেখা যাইতেছে, উহার মধ্যে একটা কোণে তো কেহ মুখ গুঁজিয়া সর্বাঙ্গ চাদরে ঢাকিয়া চুপ করিয়া বসিয়া নাই? কী জানি ঘরের মধ্যে যদি কেহ থাকে। খাটের নীচে, অথবা দেওয়ালের এক পাশে। তাঁহার সর্বাঙ্গ শিহরিয়া উঠিল, কপাল দিয়া ঘাম পড়িতে লাগিল। একবার মনে হইল যদি মামা কিছু করেন, যদি তাঁহার কোনো অভিসন্ধি থাকে? আন্তে আন্তে একটু সরিয়া দাঁড়াইলেন। একটা বাতাস আসিয়া ঘরের প্রদীপ নিবিয়া গেল। রামচন্দ্র ভাবিলেন, কে একজন বুঝি প্রদীপ নিবাইয়া দিল— কে একজন বুঝি ঘরে আছে। রমাপতির কাছে ঘেঁষিয়া গিয়া ডাকিলেন, “মামা।” মামা কহিলেন, “কী বাবা?” রামচন্দ্র রায় মনে মনে কহিলেন, বিভা কাছে থাকিলে ভালো হইত, মামাকে ভালো বিশ্বাস হইতেছে না।

বিভা উদয়াদিত্যের কাছে একেবারে কাঁদিয়া গিয়া পড়িল, তাহার মুখ দিয়া আর কথা বাহির হইল না। সুরমা তাহাকে উঠাইয়া বসাইয়া জিজ্ঞাসা করিল, “কী হইয়াছে বিভা?” বিভা সুরমাকে দুই হস্তে জড়াইয়া ধরিয়া একটি কথাও বলিতে পারিল না। উদয়াদিত্য সম্মুখে বিভার মাথায় হাত দিয়া কহিলেন, “কেন বিভা, কী হইয়াছে?” বিভা তাহার ভ্রাতার দুই হাত ধরিয়া কহিল, “দাদা, আমার সঙ্গে এসো, সমস্ত শুনিবে।”

তিনজনে মিলিয়া বিভার শয়নকক্ষের দ্বারে গিয়া উপস্থিত হইলেন। সেখানে অন্ধকারে রামচন্দ্র বসিয়া ও রমাপতি দাঁড়াইয়া আছেন। উদয়াদিত্য তাড়াতাড়ি জিজ্ঞাসা করিলেন, “মামা, হইয়াছে কী?” রমাপতি একে একে সমস্তটা কহিলেন, উদয়াদিত্য তাঁহার আয়ত নেত্র বিস্ফারিত করিয়া সুরমার দিকে চাহিয়া কহিলেন, “আমি এখনই পিতার কাছে যাই— তাঁহাকে কোনোমতেই আমি ও কাজ করিতে দিব না। কোনোমতেই না।”

সুরমা কহিল, “তাহাতে কি কোনো ফল হইবে? তাহার চেয়ে বরং একবার দাদামহাশয়কে তাঁহার কাছে পাঠাও, যদি কিছু উপকার দেখে।”

যুবরাজ কহিলেন, “আচ্ছা।”

বসন্ত রায় তখন অগাধ নিদ্রা দিতেছিলেন। ঘুম ভাঙিয়াই উদয়াদিত্যকে দেখিয়া ভাবিলেন, বুঝি ভোর হইয়াছে। তৎক্ষণাৎ ললিতে একটা গান গাহিবার উপক্রম করিলেন,

“কবরীতে ফুল শুকাল, কাননের ফুল ফুটল বনে,
দিনের আলো প্রকাশিল, মনের সাধ রহিল মনে।”

উদয়াদিত্য বলিলেন, “দাদামহাশয়, বিপদ ঘটয়াছে।”

তৎক্ষণাৎ বসন্ত রায়ের গান বন্ধ হইয়া গেল। ত্রস্তভাবে উঠিয়া উদয়াদিত্যের কাছে আসিয়া শব্দব্যস্তে জিজ্ঞাসা করিলেন, “অ্যা ! সে কী দাদা। কী হইয়াছে। কিসের বিপদ।”

উদয়াদিত্য সমস্ত বলিলেন। বসন্ত রায় শয্যায় বসিয়া পড়িলেন। উদয়াদিত্যের মুখের দিকে চাহিয়া ঘাড় নাড়িয়া কহিলেন, “না দাদা, না, এ কি কখনো হয় ? এ কি কখনো সম্ভব ?”

উদয়াদিত্য কহিলেন, “আর সময় নাই, একবার পিতার কাছে যাও।”

বসন্ত রায় উঠিলেন, চলিলেন, যাইতে যাইতে কতবার জিজ্ঞাসা করিলেন, “দাদা, এ কি কখনো হয় ? এ কি কখনো সম্ভব ?”

প্রতাপাদিত্যের গৃহে প্রবেশ করিয়াই জিজ্ঞাসা করিলেন, “বাবা প্রতাপ, এ কি কখনো সম্ভব ?” প্রতাপাদিত্য এখনো শয়নকক্ষে যান নাই— তিনি তাঁহার মস্তগৃহে বসিয়া আছেন। একবার এক মুহূর্তের জন্য মনে হইয়াছিল লছমন সর্দারকে ফিরিয়া ডাকিবেন। কিন্তু সে সংকল্প তৎক্ষণাৎ মনে হইতে দূর হইয়া গেল। প্রতাপাদিত্য কখনো দুইবার আদেশ করেন ? যে মুখে আদেশ দেওয়া সেই মুখে আদেশ ফিরাইয়া লওয়া ? আদেশ লইয়া ছেলেখেলা করা তাঁহার কার্য নহে। কিন্তু বিভা ? বিভা বিধবা হইবে। রামচন্দ্র রায় যদি স্বেচ্ছাপূর্বক অগ্নিতে ঝাঁপ দিত, তাহা হইলেও তো বিভা বিধবা হইত। রামচন্দ্র রায় প্রতাপাদিত্য রায়ের রোষাগ্নিতে স্বেচ্ছাপূর্বক ঝাঁপ দিয়াছে, তাহার অনিবার্য ফলস্বরূপ বিভা বিধবা হইবে। ইহাতে প্রতাপাদিত্যের কী হাত আছে। কিন্তু এত কথাও তাঁহার মনে হয় নাই। মাঝে মাঝে যখনই সমস্ত ঘটনাটা উজ্জ্বলরূপে তাঁহার মনে জাগিয়া উঠিতেছে তখনই তিনি একেবারে অধীর হইয়া উঠিতেছেন, ভাবিতেছেন, রাত কখন পোহাইবে ? ঠিক এমন সময় বৃদ্ধ বসন্ত রায় ব্যস্তসমস্ত হইয়া গৃহে প্রবেশ করিলেন ও আকুল ভাবে প্রতাপাদিত্যের দুই হাত ধরিয়া কহিলেন, “বাবা প্রতাপ, ইহা কি কখনো সম্ভব ?”

প্রতাপাদিত্য একেবারে জ্বলিয়া উঠিয়া বলিলেন, “কেন সম্ভব নয় ?”

বসন্ত রায় কহিলেন, “ছেলেমানুষ, অপরিণামদর্শী, সে কি তোমার ক্রোধের যোগ্য পাত্র ?”

প্রতাপাদিত্য বলিয়া উঠিলেন, “ছেলেমানুষ ! আগুনে হাত দিলে হাত পুড়িয়া যায়, ইহা বুঝিবার বয়স তাহার হয় নাই ! ছেলেমানুষ ! কোথাকার একটা লক্ষ্মীছাড়া নির্বোধ মূর্খ ব্রাহ্মণ, নির্বোধের কাছে দাঁত দেখাইয়া যে রোজগার করিয়া খায়, তাহাকে স্ত্রীলোক সাজাইয়া আমার মহিষীর সঙ্গে বিদ্রূপ করিবার জন্য আনিয়াছে— এতটা বুদ্ধি যাহার জোগাইতে পারে, তাহার ফল কী হইতে পারে, সে বুদ্ধিটা আর তাহার মাথায় জোগাইল না ! দুঃখ এই, বুদ্ধিটা যখন মাথায় জোগাইবে, তখন তাহার মাথাও তাহার শরীরে থাকিবে না।” যতই বলিতে লাগিলেন, তাঁহার শরীর আরো কাঁপিতে লাগিল, তাঁহার প্রতিজ্ঞা আরো দৃঢ় হইতে লাগিল, তাঁহার অধীরতা আরো বাড়িয়া উঠিল।

বসন্ত রায় মাথা নাড়িয়া কহিলেন, “আহা সে ছেলেমানুষ। সে কিছুই বুঝে না।”

প্রতাপাদিত্যের অসহ্য হইয়া উঠিল, তিনি বলিলেন, “দেখো পিতৃব্যঠাকুর, যশোহরের রায়-বংশের কিসে মান-অপমান হয় সে জ্ঞান যদি তোমার থাকিবে, তবে কি ঐ পাকা চুলের উপর মোগল বাদশাহের শিরোপা জড়াইয়া বেড়াইতে পার। বাদশাহের প্রসাদগর্বে তুমি মাথা তুলিয়া বেড়াইতেছ বলিয়া প্রতাপাদিত্যের মাথা একেবারে নত হইয়া পড়িয়াছে। যবন-চরণের মৃত্তিকা তুমি কপালে ফেঁটা করিয়া পরিয়া থাকো। তোমার ঐ যবনের পদধূলিময় অকিঞ্চিৎকর মাথাটা ধূলিতে লুটাইবার সাধ ছিল, বিধাতার বিড়ম্বনায় তাহাতে বাধা পড়িল। এই তোমাকে স্পষ্টই বলিলাম। তুমি বলিয়াই বুঝিলে না, আজ রায়-বংশের কতবড়ো অপমান হইয়াছে, তুমি বলিয়াই আজ রায়-বংশের অপমানকারীর জন্য মার্জনা ভিক্ষা করিতে আসিয়াছ।”

বসন্ত রায় তখন ধীরে ধীরে বলিলেন, “প্রতাপ, আমি বুঝিয়াছি, তুমি যখন একবার ছুরি তোল, তখন সে ছুরি একজনের উপর পড়িতেই চায়। আমি তাহার লক্ষ্য হইতে সরিয়া পড়িলাম বলিয়া আর-একজন তাহার লক্ষ্য হইয়াছে। ভালো প্রতাপ, তোমার মনে যদি দয়া না থাকে, তোমার ক্ষুধিত ক্রোধ একজনকে যদি গ্রাস করিতেই চায়, তবে আমাকেই করুক। এই তোমার খুড়ার মাথা (বলিয়া

বসন্ত রায় মাথা নিচু করিয়া দিলেন)। ইহা লইয়া যদি তোমার তৃপ্তি হয় তবে লও। ছুরি আনো। এ মাথায় চুল নাই, এ মুখে যৌবনের রূপ নাই। যম নিমন্ত্রণলিপি পাঠাইয়াছে, সে সভার উপযোগী সাজসজ্জাও শেষ হইয়াছে। (বসন্ত রায়ের মুখে অতি মৃদু হাস্যরেখা দেখা দিল)। কিন্তু ভাবিয়া দেখো, প্রতাপ, বিভা আমাদের দুধের মেয়ে, তার যখন দুটি চক্ষু দিয়া অশ্রু পড়িবে তখন—” বলিতে বলিতে বসন্ত রায় অধীর উচ্ছ্বাসে একেবারে কাঁদিয়া উঠিলেন, “আমাকে শেষ করিয়া ফেলো প্রতাপ। আমার বাঁচিয়া সুখ নাই। তাহার চোখে জল দেখিবার আগে আমাকে শেষ করিয়া ফেলো।”

প্রতাপাদিত্য এতক্ষণ চুপ করিয়া ছিলেন। যখন বসন্ত রায়ের কথা শেষ হইল তখন তিনি ধীরে ধীরে উঠিয়া চলিয়া গেলেন। বুঝিলেন কথাটা প্রকাশ হইয়াছে। নীচে গিয়া প্রহরীদের ডাকাইয়া আদেশ করিলেন, রাজপ্রাসাদসংলগ্ন খাল এখনই যেন বড়ো বড়ো শালকাঠ দিয়া বন্ধ করিয়া দেওয়া হয়। সেই খালে রামচন্দ্র রায়ের নৌকা আছে। প্রহরীদেরকে বিশেষ করিয়া সাবধান করিয়া দিলেন, আজ রাত্রে অন্তঃপুর হইতে কেহ যেন বাহির হইতে না পারে।

একাদশ পরিচ্ছেদ

বসন্ত রায় যখন অন্তঃপুরে ফিরিয়া আসিলেন, তাঁহাকে দেখিয়া বিভা একেবারে কাঁদিয়া উঠিল। বসন্ত রায় আর অশ্রুসম্বরণ করিতে পারিলেন না, তিনি উদয়াদিত্যের হাত ধরিয়া কহিলেন, “দাদা, তুমি ইহার একটা উপায় করিয়া দাও।” রামচন্দ্র রায় একেবারে অধীর হইয়া উঠিলেন। তখন উদয়াদিত্য তাঁহার তরবারি হস্তে লইলেন, কহিলেন, “এসো, আমার সঙ্গে এসো।” সকলে সঙ্গে সঙ্গে চলিল। উদয়াদিত্য কহিলেন, “বিভা, তুমি এখানে থাক, তুমি আসিস নে।” বিভা শুনিল না। রামচন্দ্র রায়ও কহিলেন, “না, বিভা সঙ্গে সঙ্গেই আসুক।” সেই নিস্তরুর রাত্রে সকলে পা টিপিয়া চলিতে লাগিল। মনে হইতে লাগিল, বিভীষিকা চারি দিক হইতে তাহার অদৃশ্য হস্ত প্রসারিত করিতেছে। রামচন্দ্র রায় সম্মুখে পশ্চাতে পার্শ্বে দৃষ্টিপাত করিতে লাগিলেন। মামার প্রতি মাঝে মাঝে সন্দেহ জন্মিতে লাগিল। অন্তঃপুর অতিক্রম করিয়া বহির্দেশে যাইবার দ্বারে আসিয়া উদয়াদিত্য দেখিলেন দ্বার রুদ্ধ। বিভা ভয়কম্পিত রুদ্ধকণ্ঠে কহিল, “দাদা, নীচে যাইবার দরজা হয়তো বন্ধ করে নাই সেইখানে চলো।” সকলে সেই দিকে চলিল। দীর্ঘ অন্ধকার সিঁড়ি বাহিয়া নীচে চলিতে লাগিল। রামচন্দ্র রায়ের মনে হইল, এ সিঁড়ি দিয়া নামিলে বুঝি আর কেহ উঠে না, বুঝি বাসুকি-সাপের গর্তটা এইখানে, পাতালে নামিবার সিঁড়ি এই। সিঁড়ি ফুরাইলে দ্বারের কাছে গিয়া দেখিলেন দ্বার বন্ধ। আবার সকলে ধীরে ধীরে উঠিল। অন্তঃপুর হইতে বাহির হইবার যতগুলি পথ আছে সমস্তই বন্ধ। সকলে মিলিয়া দ্বারে দ্বারে ঘুরিয়া বেড়াইল, প্রত্যেক দ্বারে ফিরিয়া ফিরিয়া দুই-তিন বার করিয়া গেল। সকলগুলিই বন্ধ।

যখন বিভা দেখিল, বাহির হইবার কোনো পথই নাই, তখন সে অশ্রু মুছিয়া ফেলিল। স্বামীর হাত ধরিয়া তাহার শয়নকক্ষে লইয়া গেল। দৃঢ়পদে দ্বারের নিকট দাঁড়াইয়া অকম্পিত স্বরে কহিল, “দেখিব, এ ঘর হইতে তোমাকে কে বাহির করিয়া লইতে পারে। তুমি যেখানে যাইবে, আমি তোমার আগে আগে যাইব, দেখিব আমাকে কে বাধা দেয়।” উদয়াদিত্য দ্বারের নিকট দাঁড়াইয়া কহিলেন, “আমাকে বধ না করিয়া কেহ ঘরের মধ্যে প্রবেশ করিতে পারিবে না।” সুরমা কিছু না বলিয়া স্বামীর পার্শ্বে গিয়া দাঁড়াইল। বৃদ্ধ বসন্ত রায় সকলের আগে আসিয়া দাঁড়াইলেন। মামা ধীরে ধীরে চলিয়া গেলেন। কিন্তু রামচন্দ্র রায়ের এ বন্দোবস্ত কিছুতেই ভালো লাগিল না। তিনি ভাবিতেছেন, ‘প্রতাপাদিত্য যেরকম লোক দেখিতেছি তিনি কী না করিতে পারেন। বিভা ও উদয়াদিত্য যে মাঝে পড়িয়া কিছু করিতে পারিবেন, এমন ভরসা হয় না। এ বাড়ি হইতে কোনোমতে বাহির হইতে পারিলে বাঁচি।’

কিছুক্ষণ বাদে সুরমা উদয়াদিত্যকে মদুস্বরে কহিল, “আমাদের এখানে দাঁড়াইয়া থাকিলে যে কোনো ফল হইবে তাহা তো বোধ হয় না, বরং উলটা। পিতা যতই বাধা পাইবেন, ততই তাঁহার সংকল্প

আরো দৃঢ় হইবে। আজ রাত্রেই কোনোমতে প্রাসাদ হইতে পলাইবার উপায় করিয়া দাও।”

উদয়াদিত্য চিন্তিতভাবে কিয়ৎক্ষণ সুরমার মুখের দিকে চাহিয়া কহিলেন, “তবে আমি যাই, বলপ্রয়োগ করিয়া দেখি গে।”

সুরমা দৃঢ়ভাবে সম্মতিসূচক ঘাড় নাড়িয়া কহিল, “যাও।”

উদয়াদিত্য তাঁহার উত্তরীয় বসন ফেলিয়া দিলেন, চলিলেন। সুরমা সঙ্গে সঙ্গে কিছুদূর গেল। নিভৃত স্থানে গিয়া সে উদয়াদিত্যের বক্ষ আলিঙ্গন করিয়া ধরিল। উদয়াদিত্য শির নত করিয়া তাহাকে একটি দীর্ঘ চুম্বন করিলেন ও মুহূর্তের মধ্যে চলিয়া গেলেন। তখন সুরমা তাহার শয়নকক্ষে আসিয়া উপস্থিত হইল। তাহার দুই চোখ বাহিয়া অশ্রু পড়িতে লাগিল। জোড়হস্তে কহিল, “মাগো, যদি আমি পতিব্রতা সতী হই, তবে এবার আমার স্বামীকে তাঁহার পিতার হাত হইতে রক্ষা করো। আমি যে তাঁহাকে আজ এই বিপদের মধ্যে বিদায় দিলাম, সে কেবল তোমার ভরসাতেই মা। তুই যদি আমাকে বিনাশ করিস, তবে পৃথিবীতে তোকে আর কেহ বিশ্বাস করিবে না।” বলিতে বলিতে কাঁদিয়া উঠিল। সুরমা সেই অন্ধকারে বসিয়া কতবার মনে মনে “মা” “মা” বলিয়া ডাকিল, কিন্তু মনে হইল যেন মা তাহার কথা শুনিতে পাইলেন না। মনে মনে তাঁহার পায়ে যে পুষ্পাঞ্জলি দিল মনে হইল যেন তিনি তাহা লইলেন না, তাঁহার পা হইতে পড়িয়া গেল। সুরমা কাঁদিয়া কহিল, “কেন মা, আমি কী করিয়াছি?” তাহার উত্তর শুনিতে পাইল না। সে সেই চারি দিকের অন্ধকারের মধ্যে দেখিতে পাইল, প্রলয়ের মূর্তি নাচিতেছে। সুরমা চারি দিক শূন্যময় দেখিতে লাগিল। সে একাকী সে-ঘরে আর বসিয়া থাকিতে পারিল না। বাহির হইয়া বিভার ঘরে আসিল।

বসন্ত রায় কাতর স্বরে কহিলেন, “দাদা এখনো ফিরিল না, কী হইবে?”

সুরমা দেয়ালে ঠেস দিয়া দাঁড়াইয়া কহিল, “বিধাতা যাহা করেন।”

রামচন্দ্র রায় তখন মনে মনে তাঁহার পুরাতন ভৃত্য রামমোহনের সর্বনাশ করিতেছিলেন। কেননা, তাহা হইতেই এই-সমস্ত বিপদ ঘটিল। তাহার যতপ্রকার শাস্তি সম্ভব তাহার বিধান করিতেছিলেন। মাঝে মাঝে এক-একবার চৈতন্য হইতেছে যে, শাস্তি দিবার বৃষ্টি আর অবসর থাকিবে না।

উদয়াদিত্য তরবারি হস্তে অন্তঃপুর অতিক্রম করিয়া রুদ্ধ দ্বারে গিয়া সবলে পদাঘাত করিলেন— কহিলেন, “কে আছিস?”

বাহির হইতে উত্তর আসিল, “আজ্ঞা, আমি সীতারাম।”

যুবরাজ দৃঢ়স্বরে কহিলেন, “শীঘ্র দ্বার খোলো।”

সে অবিলম্বে দ্বার খুলিয়া দিল। উদয়াদিত্য চলিয়া যাইবার উপক্রম করিলে সে জোড়হস্তে কহিল, “যুবরাজ মাপ করুন, আজ রাত্রে অন্তঃপুর হইতে কাহারও বাহির হইবার হুকুম নাই।”

যুবরাজ কহিল, “সীতারাম, তবে কি তুমিও আমার বিরুদ্ধে অস্ত্র ধারণ করিবে? আচ্ছা, তবে এসো।” বলিয়া অসি নিষ্কাশিত করিলেন।

সীতারাম জোড়হস্তে কহিল, “না যুবরাজ, আপনার বিরুদ্ধে অস্ত্রধারণ করিতে পারিব না, আপনি দুইবার আমার প্রাণ রক্ষা করিয়াছেন।” বলিয়া তাঁহার পায়ে ধূলা মাথায় তুলিয়া লইল।

যুবরাজ কহিলেন, “তবে কী করিতে চাও শীঘ্র করো, আর সময় নাই।”

সীতারাম কহিল, “যে প্রাণ আপনি দুইবার রক্ষা করিয়াছেন, এবার তাহাকে বিনাশ করিবেন না। আমাকে নিরস্ত্র করুন। এই লউন আমার অস্ত্র। আমাকে আপাদমস্তক বন্ধন করুন। নহিলে মহারাজের নিকট কাল আমার রক্ষা নাই।”

যুবরাজ তাহার অস্ত্র লইলেন, তাহার কাপড় দিয়া তাহাকে বাঁধিয়া ফেলিলেন। সে সেইখানে পড়িয়া রহিল, তিনি চলিয়া গেলেন। কিছুদূর গিয়া একটা অনতিউচ্চ প্রাচীরের মতো আ— সে প্রাচীরের একটিমাত্র দ্বার, সে দ্বারও রুদ্ধ। সেই দ্বার অতিক্রম করিলেই একেবারে অন্তঃপুরের বাহিরে যাওয়া যায়। যুবরাজ দ্বারে আঘাত না করিয়া একেবারে প্রাচীরের উপর লাফ দিয়া উঠিলেন। দেখিলেন, একজন প্রহরী প্রাচীরে ঠেসান দিয়া দিব্য আরামে নিদ্রা যাইতেছে। অতি সাবধানে তিনি

নামিয়া পড়িলেন । বিদ্যুদ্বেগে সেই নিদ্রিত প্রহরীর উপর গিয়া পড়িলেন । তাহার অস্ত্র কাড়িয়া দূরে ফেলিয়া দিলেন ও সেই হতবুদ্ধি অভিভূত প্রহরীকে আপাদমস্তক বাঁধিয়া ফেলিলেন । তাহার কাছে চাবি ছিল, সেই চাবি কাড়িয়া লইয়া দ্বার খুলিলেন । তখন প্রহরীর চৈতন্য হইল, বিস্মিত স্বরে কহিল, “যুবরাজ, করেন কী ?”

যুবরাজ কহিলেন, “অস্ত্রপুরের দ্বার খুলিতেছি ।”

প্রহরী কহিল, “কাল মহারাজের কাছে কী জবাব দিব ?”

উদয়াদিত্য কহিলেন, “বলিস, যুবরাজ বলপূর্বক আমাদিগকে পরাভূত করিয়া অস্ত্রপুরের দ্বার খুলিয়াছেন । তাহা হইলে খালাস পাইবি ।”

উদয়াদিত্য অস্ত্রপুর হইতে বাহির হইয়া যে-ঘরে জামাতার লোকজন থাকে সেইখানে উপস্থিত হইলেন । সে-ঘরে কেবল রামমোহন ও রমাই ভাঁড় ঘুমাইতেছিল, আর বাকি সকলে আহালাদি করিয়া নৌকায় গিয়াছে । যুবরাজ ধীরে ধীরে রামমোহনকে স্পর্শ করিলেন । সে চমকিয়া লাফাইয়া উঠিল । বিস্মিত হইয়া কহিল, “এ কী ? যুবরাজ ?” যুবরাজ কহিলেন, “বাহিরে এসো ।” রামমোহন বাহিরে আসিল । রামমোহনকে যুবরাজ সমস্ত কহিলেন ।

তখন রামমোহন মাথায় চাদর বাঁধিয়া লাঠি বাগাইয়া ধরিল, ক্রোধে স্ফীত হইয়া কহিল, “দেখিব লছমন সর্দার কতবড়ো লোক । যুবরাজ আমাদের মহারাজকে একবার কেবল আমার কাছে আনিয়া দিন । আমি একা এই লাঠি লইয়া একশো জন লোক ভাগাইতে পারি !”

যুবরাজ কহিলেন, “সে কথা আমি মানি, কিন্তু যশোহরের রাজপ্রাসাদে এক শত অপেক্ষা অনেক অধিক লোক আছে । তুমি বলপূর্বক কিছু করিতে পারিবে না । অন্য কোনো উপায় দেখিতে হইবে ।”

রামমোহন কহিল, “আচ্ছা, মহারাজকে একবার আমার কাছে আনুন, আমার পাশে তিনি দাঁড়াইলে আমি নিশ্চিত হইয়া উপায় ভাবিতে পারি ।” তখন অস্ত্রপুরে গিয়া উদয়াদিত্য রামচন্দ্রকে আহ্বান করিলেন । তিনি এবং তাঁহার সঙ্গে সকলেই আসিল ।

রামচন্দ্র রামমোহনকে দেখিয়াই ক্রোধে অভিভূত হইয়া কহিলেন, “তোকে আমি এখনই ছাড়াইয়া দিলাম, তুই দূর হইয়া যা । তুই পুরানো লোক, তোকে আর অধিক কী শাস্তি দিব । যদি এ-যাত্রা বাঁচিয়া যাই তবে তোর মুখ আর আমি দেখিব না ।” বলিতে বলিতে রামচন্দ্রের কণ্ঠরোধ হইয়া আসিল । তিনি যথার্থই রামমোহনকে ভালোবাসিতেন, শিশুকাল হইতে রামমোহন তাঁহাকে পালন করিয়া আসিতেছে ।

রামমোহন জোড়হাত করিয়া কহিল, “তুমি আমাকে ছাড়াইবার কে, মহারাজ ? আমার এ চাকরি ভগবান দিয়াছেন । যেদিন যমের তলব পড়িবে, সেদিন ভগবান আমার এ চাকরি ছাড়াইবেন ! তুমি আমাকে রাখ না রাখ আমি তোমার চাকর ।” বলিয়া সে রামচন্দ্রকে আগলাইয়া দাঁড়াইল ।

উদয়াদিত্য কহিলেন, “রামমোহন, কী উপায় করিলে ?” রামমোহন কহিল, “আপনার শ্রীচরণাশীর্বাদে এই লাঠিই উপায় । আর মা কালীর চরণ ভরসা ।”

উদয়াদিত্য ঘাড় নাড়িয়া কহিলেন, “ও উপায় কোনো কাজের নয় । আচ্ছা রামমোহন, তোমাদের নৌকা কোন্ দিকে আছে ?”

রামমোহন কহিল, “রাজবাটীর দক্ষিণ পার্শ্বের খালে ।”

উদয়াদিত্য কহিলেন, “চলো একবার ছাদে যাই ।”

রামমোহনের মাথায় হঠাৎ একটা উপায় উদ্ভাবিত হইল— সে কহিল, “হাঁ, ঠিক কথা, সেইখানে চলুন ।”

সকলে প্রাসাদের ছাদে উঠিলেন । ছাদ হইতে প্রায় সত্তর হাত নীচে খাল । সেই খালে রামচন্দ্রের চৌষটি দাঁড়ের নৌকা ভাসিতেছে । রামমোহন কহিল, রামচন্দ্র রায়কে পিঠে বাঁধিয়া লইয়া সে সেইখানে ঝাঁপাইয়া পড়িবে ।

বসন্ত রায় তাড়াতাড়ি শশব্যস্ত হইয়া রামমোহনকে ধরিয়া বলিয়া উঠিলেন, “না না না, সে কি হয় ?

রামমোহন, তুমি অমন অসম্ভব কাজ করিতে যাইয়ো না।”

বিভা চমকিয়া সত্রাসে বলিয়া উঠিল, “না মোহন, তুই ও কী বলিতেছিস।”

রামচন্দ্র বলিলেন, “না রামমোহন, তাহা হইবে না।”

তখন উদয়াদিত্য অন্তঃপুরে গিয়া কতকগুলি খুব মোটা বহৎ চাদর সংগ্রহ করিয়া আনিলেন। রামমোহন সেগুলি পাকাইয়া বাঁধিয়া বাঁধিয়া একটা প্রকাণ্ড রজ্জুর মতো প্রস্তুত করিল। যদিকে নৌকা ছিল, সেইদিককার ছাদের উপরের একটি ক্ষুদ্র স্তম্ভের সহিত রজ্জু বাঁধিল। রজ্জু নৌকার কিঞ্চিৎ উর্ধ্বে গিয়া শেষ হইল। রামমোহন রামচন্দ্র রায়কে কহিল, “মহারাজ, আপনি আমার পিঠ জড়াইয়া ধরিবেন, আমি রজ্জু বাহিয়া নামিয়া পড়িব।” রামচন্দ্র তাহাতে অগত্যা সম্মত হইলেন। তখন রামমোহন সকলকে একে একে প্রণাম করিল ও সকলের পদধূলি লইল, কহিল, “জয় মা কালী।” রামচন্দ্রকে পিঠে তুলিয়া লইল, রামচন্দ্র চোখ বুজিয়া প্রাণপণে তাহার পিঠ আঁকড়িয়া ধরিলেন। বিভার দিকে চাহিয়া রামমোহন কহিল, “মা, তবে আমি চলিলাম। তোমার সন্তান থাকিতে কোনো ভয় করিয়ো না।”

রামমোহন রজ্জু আঁকড়াইয়া ধরিল। বিভা স্তম্ভে ভর দিয়া প্রাণপণে দাঁড়াইয়া রহিল। বৃদ্ধ বসন্ত রায় কম্পিত চরণে দাঁড়াইয়া চোখ বুজিয়া “দুর্গা” “দুর্গা” জপিতে লাগিলেন। রামমোহন রজ্জু বাহিয়া নামিয়া রজ্জুর শেষ প্রান্তে গেল। তখন সে হাত ছাড়িয়া দাঁত দিয়া রজ্জু কামড়াইয়া ধরিল ও রামচন্দ্রকে পৃষ্ঠ হইতে ছাড়াইয়া দুই হস্তে বুলাইয়া অতি সাবধানে নৌকায় নামাইয়া দিল ও নিজেও লাফাইয়া পড়িল। রামচন্দ্র যেমন নৌকায় নামিলেন অমনি মূর্ছিত হইলেন। রামচন্দ্র যেমন নৌকায় নামিলেন, অমনি বিভা গভীর ও সুদীর্ঘ এক নিশ্বাস ফেলিয়া মূর্ছিত হইয়া পড়িল। বসন্ত রায় চোখ মেলিয়া জিজ্ঞাসা করিলেন, “দাদা, কী হইল?” উদয়াদিত্য মূর্ছিত বিভাকে সম্মেহে কোলে করিয়া অন্তঃপুরে চলিয়া গেলেন। সুরমা উদয়াদিত্যের হাত ধরিয়া কহিল, “এখন তোমার কী হইবে?” উদয়াদিত্য কহিলেন, “আমার জন্য আমি ভাবি না।”

এদিকে নৌকা খানিক দূর গিয়া আটক পড়িল। বড়ো বড়ো শাল কাঠে খাল বন্ধ। এমন সময়ে সহসা প্রহরীরা দূর হইতে দেখিল, নৌকা পলাইয়া যায়। পাথর ছুঁড়িতে আরম্ভ করিল, একটাও গিয়া পৌঁছিল না। প্রহরীদের হাতে তলোয়ার ছিল, বন্দুক ছিল না, একজন বন্দুক আনিতে গেল। খোঁজ খোঁজ করিয়া বন্দুক জুটিল তো চকমকি জুটিল না। “ওরে বারুদ কোথায়—গুলি কোথায়” করিতে করিতে রামমোহন ও অনুচরগণ কাঠের উপর দিয়া নৌকা টানিয়া তুলিয়া লইয়া গেল। প্রহরীগণ অনুসরণ করিবার জন্য একটা নৌকা ডাকিতে গেল। যাহার উপরে নৌকা ডাকিবার ভার পড়িল পথের মধ্যে সে হরি মুদির দোকানে এক ছিলিম তামাক খাইয়া লইল ও রামশংকরকে তাহার বিছানা হইতে উঠাইয়া তাহার পাওনা টাকা শীঘ্র পাইবার অন্য তাগাদা করিয়া গেল। যখন নৌকার প্রয়োজন একেবারে ফুরাইল তখন হাঁকডাক করিতে করিতে নৌকা আসিল। বিলম্ব দেখিয়া সকলে নৌকা-আহ্বানকারীকে সুদীর্ঘ ভৎসনা করিতে আরম্ভ করিল। সে কহিল, “আমি তো আর ঘোড়া নই।” একে একে সকলের যখন ভৎসনা করা ফুরাইল, তখন তাহাদের চৈতন্য হইল যে নৌকা ধরিবার আর কোনো সম্ভাবনা নাই। নৌকা আনিতে যে বিলম্ব হইয়াছিল, ভৎসনা করিতে তাহার তিন গুণ বিলম্ব হইল। যখন রামচন্দ্রের নৌকা ভৈরব নদে গিয়া পৌঁছিল তখন ফর্নাগুজ এক তোপের আওয়াজ করিল। প্রত্যুষে প্রতাপাদিত্যের নিদ্রাকর্ষণ হইয়াছিল। সেই তোপের শব্দে সহসা ঘুম ভাঙিয়া গেল। তিনি ডাকিয়া উঠিলেন, “প্রহরী।” কেহই আসিল না। দ্বারের প্রহরীগণ সেই রাত্রেই পলাইয়া গেছে। প্রতাপাদিত্য উচ্চতর স্বরে ডাকিলেন, “প্রহরী।”

দ্বাদশ পরিচ্ছেদ

প্রতাপাদিত্য ঘুম ভাঙিয়া উচ্চস্বরে ডাকিলেন, “প্রহরী ।” যখন প্রহরী আসিল না, তখন অবিলম্বে শয্যা ত্যাগ করিয়া তিনি বিদ্যুদ্বেগে ঘর হইতে বাহির হইয়া গেলেন । ডাকিলেন, “মন্ত্রী ।” একজন ভৃত্য ছুটিয়া গিয়া অবিলম্বে মন্ত্রীকে অন্তঃপুরে ডাকিয়া আনিল ।

“মন্ত্রী, প্রহরীরা কোথায় গেল ?”

মন্ত্রী কহিলেন, “বহির্দ্বারের প্রহরীরা পলাইয়া গেছে ।” মন্ত্রী দেখিলেন, মাথার উপরে বিপদ ঘনাইয়া আসিয়াছে । এই নিমিত্ত প্রতাপাদিত্যের কথার স্পষ্ট পরিষ্কার দ্রুত উত্তর দিলেন । যতই ঘুরাইয়া ও যতই বিলম্ব করিয়া তাঁহার কথার উত্তর দেওয়া হয়, ততই তিনি আগুন হইয়া উঠিতে থাকেন ।

প্রতাপাদিত্য কহিলেন, “অন্তঃপুরের প্রহরীরা ?”

মন্ত্রী কহিলেন, “আসিবার সময় দেখিলাম তাহারা হাত-পা বাঁধা পড়িয়া আছে ।”

মন্ত্রী রাত্রির ব্যাপার কিছুই জানিতেন না । কী হইয়াছে কিছু অনুমান করিতে পারিতেছেন না । অথচ বুঝিয়াছেন, একটা কী ঘোরতর ব্যাপার ঘটিয়াছে ; সে সময়ে মহারাজকে কোনো কথা জিজ্ঞাসা করা অসম্ভব ।

প্রতাপাদিত্য তাড়াতাড়ি বলিয়া উঠিলেন, “রামচন্দ্র রায় কোথায় ? উদয়াদিত্য কোথায় ? বসন্ত রায় কোথায় ?”

মন্ত্রী ধীরে ধীরে কহিলেন, “বোধ করি তাঁহারা অন্তঃপুরেই আছেন ।”

প্রতাপাদিত্য বিরক্ত হইয়া কহিলেন, “বোধ তো আমিও করিতে পারিতাম । তোমাকে জিজ্ঞাসা করিলাম কী করিতে । যাহা বোধ করা যায় তাহা সকল সময়ে সত্য হয় না ।”

মন্ত্রী কিছু না বলিয়া ধীরে ধীরে বাহির হইয়া গেলেন । রমাপতির কাছে রাত্রের ঘটনা সমস্তই অবগত হইলেন ; যখন শুনিলেন, রামচন্দ্র রায় পলাইয়া গেছেন, তখন তাঁহার বিশেষ ভাবনা উপস্থিত হইল । মন্ত্রী বাহিরে গিয়া দেখিলেন, খর্বকায় রমাই ভাঁড় গুড়ি মারিয়া বসিয়া আছে । মন্ত্রীকে দেখিয়া রমাই ভাঁড় কহিল, “এই যে মন্ত্রী জানুবান ।” বলিয়া দাঁত বাহির করিল । তাহার সেই দন্তপ্রধান হাস্যকে রামচন্দ্রের সভাসদেরা রসিকতা বলিত, বিভীষিকা বলিত না । মন্ত্রী তাহার সাদর সম্ভাষণ শুনিয়া কিছুই বলিলেন না, তাহার প্রতি দৃকপাতও করিলেন না । একজন ভৃত্যকে কহিলেন, “ইহাকে লইয়া আয় ।” মন্ত্রী ভাবিলেন, এই অপদার্থটাকে এই বেলা প্রতাপাদিত্যের ক্রোধের সামনে খাড়া করিয়া দিই । প্রতাপাদিত্যের বজ্র একজন-না-একজনের উপরে পড়িবেই— তা এই কলাগাছটার উপরেই পড়ুক, বাকি বড়ো বড়ো গাছ রক্ষা পাক ।

রমাইকে দেখিয়াই প্রতাপাদিত্য একেবারে জ্বলিয়া উঠিলেন । বিশেষত সে যখন প্রতাপাদিত্যকে সমস্তট করিবার জন্য দাঁত বাহির করিয়া, অঙ্গভঙ্গি করিয়া একটা হাস্যরসের কথা কহিবার উপক্রম করিল, তখন প্রতাপাদিত্যের আর সহ্য হইল না । তিনি অবিলম্বে আসন ত্যাগ করিয়া উঠিয়া দুই হাত নাড়িয়া দারুণ ঘৃণায় বলিয়া উঠিলেন, “দূর করো, দূর করো, উহাকে এখনই দূর করিয়া দাও । ওটাকে আমার সম্মুখে আনিতে কে কহিল ?” প্রতাপাদিত্যের রাগের সহিত যদি ঘৃণার উদয় না হইত, তবে রমাই ভাঁড় এ-যাত্রা পরিত্রাণ পাইত না । কেননা ঘৃণ্য ব্যক্তিকে প্রহার করিতে গেলেও স্পর্শ করিতে হয় । রমাইকে তৎক্ষণাৎ বাহির করিয়া দেওয়া হইল ।

মন্ত্রী কহিলেন, “মহারাজ, রাজজামাতা—”

প্রতাপাদিত্য অধীর ভাবে মাথা নাড়িয়া কহিলেন, “রামচন্দ্র রায়—”

মন্ত্রী কহিলেন, “হাঁ, তিনি কাল রাত্রে রাজপুরী পরিত্যাগ করিয়া গিয়াছেন ।”

প্রতাপাদিত্য দাঁড়াইয়া উঠিয়া কহিলেন, “পরিত্যাগ করিয়া গিয়াছেন ? প্রহরীরা গেল কোথায় ?”

মন্ত্রী পুনরায় কহিলেন, “বহির্দ্বারের প্রহরীরা পলাইয়া গেছে ।”

প্রতাপাদিত্য মুষ্টিবদ্ধ করিয়া কহিলেন, “পলাইয়া গেছে ? পলাইবে কোথায় ? যেখানে থাকে

তাহাদের খুঁজিয়া আনিতে হইবে । অন্তঃপুরের প্রহরীদের এখনই ডাকিয়া লইয়া এসো ।” মন্ত্রী বাহির হইয়া গেলেন ।

রামচন্দ্র রায় যখন নৌকায় চড়িলেন তখনো অন্ধকার আছে । উদয়াদিত্য, বসন্ত রায়, সুরমা ও বিভা সে-রাত্রে আসিয়া আর বিছানায় শুইল না । বিভা একটি কথা না বলিয়া, একটি অশ্রু না ফেলিয়া অবসন্নভাবে শুইয়া রহিল, সুরমা তাহার কাছে বসিয়া তাহার মাথায় হাত বুলাইয়া দিতে লাগিল । উদয়াদিত্য ও বসন্ত রায় চুপ করিয়া বসিয়া রহিলেন । অন্ধকার ঘরে পরস্পরের মুখ অস্পষ্টভাবে দেখা যাইতেছে । ঘরের মধ্যে যেন অদৃশ্য একজন কে— অন্ধকার বল, আশঙ্কা বল, অদৃষ্ট বল— বসিয়া আছে, তাহার নিশ্বাস-পতনের শব্দ শুনা যাইতেছে । সদানন্দ-হৃদয় বসন্ত রায় চারি দিকে নিরানন্দ দেখিয়া একেবারে আকুল হইয়া পড়িয়াছেন । তিনি অনবরত টাকে হাত বুলাইতেছেন, চারি দিক দেখিতেছেন, ও ভাবিতেছেন— এ কী হইল । তাঁহার গোলমাল ঠেকিয়াছে, চারি দিককার ব্যাপার ভালোরূপ আয়ত্ত করিতে পারিতেছেন না । সমস্ত ঘটনা তাঁহার একটা জটিল দুঃস্বপ্ন বলিয়া মনে হইতেছে । এক-একবার বসন্ত রায় উদয়াদিত্যের হাত ধরিয়া কাতর স্বরে কহিতেছেন, “দাদা ।” উদয়াদিত্য কহিতেছেন, “কী দাদামহাশয় ?” তাহার উত্তরে বসন্ত রায়ের আর কথা নাই । ঐ এক “দাদা” সম্বোধনের মধ্যে একটি আকুল দিশাহারা হৃদয়ের বাক্যহীন সহস্র অব্যক্ত প্রশ্ন প্রকাশ পাইবার জন্য আঁকুঁকি করিতেছে । তাঁহার বিশেষ একটা কোনো প্রশ্ন নাই, তাঁহার সমস্ত কথার অর্থ এই— এ কী ? চারি দিককার অন্ধকার এমনি গোলমাল করিয়া একটা কী ভাষায় তাঁহার কানের কাছে কথা কহিতেছে, তিনি কিছুই বুঝিতে পারিতেছেন না । এমন সময়ে উদয়াদিত্যের সাড়া পাইলেও তাঁহার মনটা একটু স্থির হয় । থাকিয়া থাকিয়া তিনি সকাতরে উদয়াদিত্যের হাত ধরিয়া কহিলেন, “দাদা, আমার জন্যই কি এ-সমস্ত হইল ?” তাঁহার বার বার মনে হইতেছে তাঁহাকে বিনাশ করিতে না পারাতেই এই-সমস্ত ঘটিয়াছে । উদয়াদিত্যের তখন অধিক কথা কহিবার মতো ভাব নহে । তিনি কোমল স্বরে কহিলেন, “না দাদামহাশয় ।” অনেকক্ষণ ঘর নিস্তব্ধ হইয়া রহিল । থাকিয়া থাকিয়া বসন্ত রায় আবার বলিয়া উঠিলেন, “বিভা, দিদি আমার, তুই কথা কহিতেছিস না কেন ?” বলিয়া বসন্ত রায় বিভার কাছে গিয়া বসিলেন । কিছুক্ষণ পরে বসন্ত রায় আবার বলিয়া উঠিলেন, “সুরমা, ও সুরমা !” সুরমা মুখ তুলিয়া চাহিল, আর কিছু বলিল না । বৃদ্ধ বসিয়া বসিয়া মাথায় হাত বুলাইতে লাগিলেন । একটা অনির্দেশ্য বিপদের প্রতীক্ষা করিয়া রহিলেন । সুরমা তখন স্থিরভাবে বসিয়া বিভার কপালে হাত বুলাইতেছিল, কিন্তু সুরমার হৃদয়ে যাহা হইতেছিল, তাহা অন্তর্যামীই দেখিতেছিলেন । সুরমা সেই অন্ধকারে একবার উদয়াদিত্যের মুখের দিকে চাহিল । তখন উদয়াদিত্য দেয়ালে মাথা রাখিয়া একমনে কী ভাবিতেছিলেন । সুরমার দুই চক্ষু বাহিয়া অশ্রু পড়িতে লাগিল । আন্তে আন্তে মুছিয়া ফেলিল পাছে বিভা জানিতে পায় ।

যখন চারি দিক আলো হইয়া আসিল তখন বসন্ত রায় নিশ্বাস ফেলিয়া ঝাঁচিলেন । তখন তাঁহার মন হইতে একটা অনির্দেশ্য আশঙ্কার ভাব দূর হইল । তখন স্থিরচিত্তে সমস্ত ঘটনা একবার আলোচনা করিয়া দেখিলেন । তিনি বিভার ঘর হইতে উঠিয়া গেলেন । অন্তঃপুরের দ্বারে হাত-পা-বাঁধা সীতারামের কাছে গিয়া উপস্থিত হইলেন । তাহাকে কহিলেন, “দেখ সীতারাম, তোকে যখন প্রতাপ জিজ্ঞাসা করিবে, কে তোকে বাঁধিয়াছে, তুই আমার নাম করিস । প্রতাপ জানে, এককালে বসন্ত রায় বলিষ্ঠ ছিল, সে তোর কথা বিশ্বাস করিবে ।”

সীতারাম প্রতাপাদিত্যের কাছে কী জবাব দিবে, এতক্ষণ ধরিয়া তাহাই ভাবিতেছিল । এ সম্বন্ধে উদয়াদিত্যের নাম করিতে কোনোমতেই তাহার মন উঠিতেছিল না । সে একটা ঝাঁকা-পা তিন-চোখো তালবৃক্ষাকৃতি ভূতকে আসামী করিবে বলিয়া একবার স্থির করিয়াছিল, কিন্তু বসন্ত রায়কে পাইয়া নিরপরাধ ভূতটাকে খালাস দিল । বসন্ত রায়ের কথায় সে তৎক্ষণাৎ রাজি হইল । তখন তিনি দ্বিতীয় প্রহরীর নিকট গিয়া কহিলেন, “ভাগবত, প্রতাপ জিজ্ঞাসা করিলে বলিয়ো বসন্ত রায় তোমাকে বাঁধিয়াছে ।” সহসা ভাগবতের ধর্মজ্ঞান অত্যন্ত প্রবল হইয়া উঠিল, অসত্যের প্রতি নিতান্ত বিরাগ

জন্মিল ; তাহার প্রধান কারণ, উদয়াদিত্যের প্রতি সে ভারি ক্রুদ্ধ হইয়া উঠিয়াছিল ।

ভাগবত কহিল, “এমন কথা আমাকে আদেশ করিবেন না, ইহাতে আমার অধর্ম হইবে ।”

বসন্ত রায় তাহার কাঁধে হাত দিয়া কহিলেন, “ভাগবত, আমার কথা শুন ; ইহাতে কোনো অধর্ম নাই । সাধু লোকের প্রাণ বাঁচাইতে মিথ্যা কথা বলিতে যদি কোনো অধর্ম থাকিবে, তবে আমি কেন তোমাকে এমন অনুরোধ করিব ?” বসন্ত রায় তাহার কাঁধে হাত দিয়া পিঠে হাত দিয়া বার বার করিয়া বুঝাইতে চেষ্টা করিলেন, ইহাতে কোনো অধর্ম নাই । কিন্তু লোকের যখন ধর্মজ্ঞান সহসা বিশেষ প্রবল হইয়া উঠে, তখন কোনো যুক্তিই তাহার কাছে খাটে না । সে কহিল, “না মহারাজ, মনিবের কাছে মিথ্যা কথা বলিব কী করিয়া ।”

বসন্ত রায় বিষম অস্থির হইয়া উঠিলেন । ব্যাকুলভাবে কহিলেন, “ভাগবত, আমার কথা শুন, আমি তোমাকে বুঝাইয়া বলি, এ মিথ্যা কথায় কোনো পাপ নাই । দেখো বাপু, আমি তোমাকে পরে খুব খুশি করিব, তুমি আমার কথা রাখো । এই লও আমার কাছে যাহা আছে, এই দিলাম ।”

ভাগবত তৎক্ষণাৎ হাত বাড়াইল ও সেই টাকাগুলি মুহূর্তের মধ্যে তাহার টাকে আশ্রয় লাভ করিল । বসন্ত রায় কিয়ৎপরিমাণে নিশ্চিন্ত হইয়া ফিরিয়া গেলেন ।

প্রতাপাদিত্যের নিকট প্রহরীদ্বয়ের ডাক পড়িয়াছে । মন্ত্রী তাহাদিগকে সঙ্গে করিয়া লইয়া গেলেন । প্রতাপাদিত্য তখন তাঁহার উচ্ছ্বসিত ক্রোধ দমন করিয়া স্থির গম্ভীর ভাবে বসিয়া আছেন । প্রত্যেক কথা ধীরে ধীরে স্পষ্টরূপে উচ্চারণ করিয়া কহিলেন, “কাল রাত্রে অন্তঃপুরের দ্বার খোলা হইল কী করিয়া ?”

সীতারামের প্রাণ কাঁপিয়া উঠিল, সে জোড়হস্তে কহিল, “দোহাই মহারাজ, আমার কোনো দোষ নাই ।”

মহারাজ ভ্রুকুণ্ঠিত করিয়া কহিলেন, “সে কথা তোকে কে জিজ্ঞাসা করিতেছে ?”

সীতারাম তাড়াতাড়ি কহিল, “আজ্ঞা না, বলি মহারাজ, যুবরাজ— যুবরাজ আমাকে বলপূর্বক বাঁধিয়া অন্তঃপুর হইতে বাহির হইয়াছিলেন ।” যুবরাজের নাম তাহার মুখ দিয়া কেমন হঠাৎ বাহির হইয়া গেল । ঐ নামটা কোনোমতে করিবে না বলিয়া সে সর্বাপেক্ষা অধিক ভাবিয়াছিল, এই নিমিত্ত গোলমালে ঐ নামটাই সর্বাগ্রে তাহার মুখাগ্রে উপস্থিত হইল । একবার যখন বাহির হইল তখন আর রক্ষা নাই ।

এমন সময় বসন্ত রায় শুনিলেন, প্রহরীদের ডাক পড়িয়াছে । তিনি ব্যস্তসমস্ত হইয়া প্রতাপাদিত্যের কক্ষে গিয়া উপস্থিত হইলেন । তখন সীতারাম কহিতেছে, “যুবরাজকে আমি নিষেধ করিলাম, তিনি শুনিলেন না ।”

বসন্ত রায় তাড়াতাড়ি বলিয়া উঠিলেন, “হাঁ হাঁ সীতারাম, কী কহিলি ? অধর্ম করিস নে, সীতারাম, ভগবান তোর পরে সন্তুষ্ট হইবেন । উদয়াদিত্যের ইহাতে কোনো দোষ নাই ।”

সীতারাম তাড়াতাড়ি বলিয়া ফেলিল, “আজ্ঞা না, যুবরাজের কোনো দোষ নাই ।” প্রতাপাদিত্য দৃঢ়স্বরে কহিলেন, “তবে তোর দোষ ?”

সীতারাম কহিল, “আজ্ঞা না ।”

“তবে কার দোষ ?”

“আজ্ঞা মহারাজ—”

ভাগবতকে যখন জিজ্ঞাসা করা হইল, তখন সে সমস্ত কথা ঠিক করিয়া কহিল, কেবল সে যে ঘুমাইয়া পড়িয়াছিল সেইটে গোপন করিল । বৃদ্ধ বসন্ত রায় চারি দিক ভাবিয়া কোনো উপায় দেখিলেন না । তিনি চোখ বুজিয়া মনে মনে ‘দুর্গা’ ‘দুর্গা’ কহিলেন । প্রহরীদ্বয়কে তৎক্ষণাৎ কর্মচ্যুত করা হইল । তাহাদের অপরাধ এই যে, তাহাদের যদি বলপূর্বক বাঁধিতে পারা যায় তবে তাহারা প্রহরী-বৃত্তি করিতে আসিয়াছে কী বলিয়া ? এই অপরাধের জন্য তাহাদের প্রতি কশাঘাতের আদেশ হইল ।

তখন প্রতাপাদিত্য বসন্ত রায়ের মুখের দিকে চাহিয়া বজ্রগম্ভীর স্বরে কহিলেন, “উদয়াদিত্যের এ অপরাধের মার্জনা নাই !” এমনি ভাবে বলিলেন যেন উদয়াদিত্যের সে অপরাধ বসন্ত রায়েরই । যেন

তিনি উদয়াদিত্যকে সম্মুখে রাখিয়াই ভৎসনা করিতেছেন। বসন্ত রায়ের অপরাধ, তিনি উদয়াদিত্যকে প্রাণের অধিক ভালোবাসেন।

বসন্ত রায় তাড়াতাড়ি কহিয়া উঠিলেন, “বাবা প্রতাপ, উদয়ের ইহাতে কোনো দোষ নাই।”

প্রতাপাদিত্য আগুন হইয়া কহিলেন, “দোষ নাই? তুমি দোষ নাই বলিতেছ বলিয়াই তাহাকে বিশেষরূপে শাস্তি দিব। তুমি মাঝে পড়িয়া মীমাংসা করিতে আসিয়াছ কেন?”

বসন্ত রায় অত করিয়া উদয়াদিত্যের পক্ষ লইয়াছেন বলিয়াই প্রতাপাদিত্যের মন উদয়াদিত্যের বিশেষ বিপক্ষ হইয়া দাঁড়াইল। বসন্ত রায় দেখিলেন, তাহাকে শাস্তি দিবার জন্যই পাছে উদয়াদিত্যকে শাস্তি দেওয়া হয়। চুপ করিয়া বসিয়া ভাবিতে লাগিলেন।

কিয়ৎক্ষণ পরে শাস্ত হইয়া প্রতাপাদিত্য কহিলেন, “যদি জানিতাম উদয়াদিত্যের কিছুমাত্র নিজের মনের জোর আছে, তাহার একটা মত আছে, একটা অভিপ্রায় আছে, যাহা করে, সব নিজে হইতেই করে, যদি না জানিতাম যে সে-নির্বোধটাকে যে খুশি ফুঁ দিয়া উড়াইয়া বেড়াইতে পারে, কটাফের সংকেতে ঘুরাইয়া মারিতে পারে তাহা হইলে তাহার আজ আর রক্ষা ছিল না। আমি যেখানে ঐ পালকটাকে উড়িতে দেখিয়াছি, নীচের দিকে চাহিয়া দেখিয়াছি ফুঁ দিতেছে কে। এইজন্য উদয়াদিত্যকে শাস্তি দিতে ইচ্ছা করে না। সে শাস্তিরও অযোগ্য। কিন্তু শোনো পিতৃব্যঠাকুর, তুমি যদি দ্বিতীয়বার যশোহরে আসিয়া উদয়াদিত্যের সহিত দেখা কর তবে তাহার প্রাণ বাঁচানো দায় হইবে।”

বসন্ত রায় অনেকক্ষণ চুপ করিয়া বসিয়া রহিলেন; পরে ধীরে ধীরে উঠিয়া কহিলেন, “ভালো প্রতাপ, আজ সন্ধ্যাবেলায় তবে আমি চলিলাম।” আর একটি কথা না বলিয়া বসন্ত রায় ঘর হইতে বাহির হইয়া গেলেন, বাহির হইয়া গিয়া গভীর এক নিশ্বাস ফেলিলেন।

প্রতাপাদিত্য স্থির করিয়াছেন, যে-কেহ উদয়াদিত্যকে ভালোবাসে, উদয়াদিত্য যাহাদের বশীভূত তাহাদিগকে উদয়াদিত্যের নিকট হইতে তফাত করিতে হইবে। মন্ত্রীকে কহিলেন, “বউমাকে আর রাজপুরীতে থাকিতে দেওয়া হইবে না, কোনো সূত্রে তাহাকে তাহার বাপের বাড়ি পাঠাইতে হইবে।” বিভার প্রতি প্রতাপাদিত্যের কোনো আশঙ্কা হয় নাই; হাজার হউক, সে বাড়ির মেয়ে।

ত্রয়োদশ পরিচ্ছেদ

বসন্ত রায় উদয়াদিত্যের ঘরে আসিয়া কহিলেন, “দাদা, তোর সঙ্গে আর দেখা হইবে না।” বলিয়া উদয়াদিত্যকে বৃদ্ধ দুই হাতে জড়াইয়া ধরিলেন।

উদয়াদিত্য বসন্ত রায়ের হাত ধরিয়া কহিলেন, “কেন দাদামহাশয়?”

বসন্তরায় সমস্ত বলিলেন। কাঁদিয়া কহিলেন, “ভাই, তোকে আমি ভালোবাসি বলিয়াই তোর এত দুঃখ। তা তুই যদি সুখে থাকিস তো এ-কটা দিন আমি একরকম কাটাইয়া দিব।”

উদয়াদিত্য মাথা নাড়িয়া কহিলেন, “না, তাহা কখনোই হইবে না। তোমাতে আমাতে দেখা হইবেই। তাহাতে কেহ বাধা দিতে পারিবে না। তুমি গেলে দাদামহাশয়, আমি আর বাঁচিব না।”

বসন্ত রায় ব্যাকুল হইয়া কহিলেন, “প্রতাপ আমাকে বধ করিল না, তোকে আমার কাছ হইতে কাড়িয়া লইল! দাদা, আমি যখন চলিয়া যাইব, আমার পানে ফিরিয়া চাহিস নে, মনে করিস বসন্ত রায় মরিয়া গেল।”

উদয়াদিত্য শয়নকক্ষে সুরমার নিকটে গেলেন। বসন্ত রায় বিভার কাছে গিয়া বিভার চিবুক ধরিয়া কহিলেন, “বিভা, দিদি আমার, একবার ওঠ। বুড়ার এই মাথাটায় একবার ঐ হাত বুলাইয়া দে।” বিভা উঠিয়া বসিয়া দাদামহাশয়ের মাথা লইয়া পাকা চুল তুলিয়া দিতে লাগিল।

উদয়াদিত্য সুরমাকে সমস্ত কহিলেন ও বলিলেন, “সুরমা, পৃথিবীতে আমার যাহা-কিছু অবশিষ্ট আছে তাহাই কাড়িয়া লইবার জন্য যেন একটা যড়যন্ত্র চলিতেছে।” সুরমার হাত ধরিয়া কহিলেন, “সুরমা, তোমাকে যদি কেহ আমার কাছ হইতে ছিনিয়া লইয়া যায়?”

সুরমা দৃঢ়ভাবে উদয়াদিত্যকে আলিঙ্গন করিয়া দৃঢ়স্বরে কহিল, “সে যম পারে, আর কেহ পারে না।”

সুরমার মনেও অনেকক্ষণ ধরিয়া সেইরূপ একটা আশঙ্কা জন্মিতেছে। সে যেন দেখিতে পাইতেছে, একটা কঠোর হস্ত তাহার উদয়াদিত্যকে তাহার কাছ হইতে সরাইয়া দিবার জন্য অগ্রসর হইতেছে। সে মনে মনে উদয়াদিত্যকে প্রাণপণে আলিঙ্গন করিয়া ধরিল, মনে মনে কহিল, ‘আমি ছাড়িব না, আমাকে কেহ ছাড়াইতে পারিবে না।’

সুরমা আবার কহিল, “আমি অনেকক্ষণ হইতে ভাবিয়া রাখিয়াছি আমাকে তোমার কাছ হইতে কেহই লইতে পারিবে না।”

সুরমা ঐ কথা বার বার করিয়া বলিল। সে মনের মধ্যে বল সঞ্চয় করিতে চায়, যে-বলে সে উদয়াদিত্যকে দুই বাহু দিয়া এমন জড়াইয়া থাকিবে যে, কোনো পার্থিব শক্তি তাহাদের বিচ্ছিন্ন করিতে পারিবে না। বার বার ঐ কথা বলিয়া মনকে সে বজ্রের বলে বাঁধিতেছে।

উদয়াদিত্য সুরমার মুখের দিকে চাহিয়া নিশ্বাস ফেলিয়া কহিলেন, “সুরমা, দাদামহাশয়কে আর দেখিতে পাইব না।”

সুরমা নিশ্বাস ফেলিল।

উদয়াদিত্য কহিলেন, “আমি নিজের কষ্টের জন্য ভাবি না সুরমা, কিন্তু দাদামহাশয়ের প্রাণে যে বড়ো বাজিবে। দেখি বিধাতা আরো কী করেন। তাঁর আরো কী ইচ্ছা আছে।”

উদয়াদিত্য বসন্ত রায়ের কত গল্প করিলেন।

বসন্ত রায় কোথায় কী কহিয়াছিলেন, কোথায় কী করিয়াছিলেন সমুদায় তাঁহার মনে পড়িতে লাগিল। বসন্ত রায়ের করুণ হৃদয়ের কত ক্ষুদ্র ক্ষুদ্র কাজ, কত ক্ষুদ্র ক্ষুদ্র কথা, তাঁহার স্মৃতির ভাণ্ডারে ছোটো ছোটো রত্নের মতো জমা করিয়া রাখিয়াছিলেন, তাহাই আজ একে একে সুরমার কাছে বাহির করিতে লাগিলেন।

সুরমা কহিল, “আহা, দাদামহাশয়ের মতো কি আর লোক আছে।”

সুরমা ও উদয়াদিত্য বিভার ঘরে গেলেন।

তখন বিভা তাহার দাদামহাশয়ের পাকা চুল তুলিতেছে, ও তিনি বসিয়া গান গাহিতেছেন,

“ওরে, যেতে হবে, আর দেরি নাই,
পিছিয়ে পড়ে রবি কত, সঙ্গীরা তোর গেল সবাই।
আয় রে ভবের খেলা সেরে, আঁধার করে এসেছে রে,
(ওরে) পিছন ফিরে বারে বারে কাহার পানে চাহিস রে ভাই।
খেলতে এল ভবের নাটে, নতুন লোকে নতুন খেলা,
হেথা হতে আয় রে সেরে, নইলে তোরে মারবে ঢেলা,
নামিয়ে দে রে প্রাণের বোঝা, আর এক দেশে চল রে সোজা,
(সেথা) নতুন করে বাঁধবি বাসা, নতুন খেলা খেলবি সে ঠাই।”

উদয়াদিত্যকে দেখিয়া বসন্ত রায় হাসিয়া কহিলেন, “দেখো ভাই, বিভা আমাকে ছাড়িতে চায় না। কী জানি আমাকে উহার কিসের আবশ্যক। এক কালে যে দুধ ছিল, বুড়া হইয়া সে ঘোল হইয়া উঠিয়াছে, তা বিভা দুধের সাধ ঘোলে মিটাইতে চায় কেন? আমি যাব শুনিয়া বিভা কাঁদে! এমন আর কখনো শুনিয়াছ? আমি ভাই বিভার কান্না দেখিতে পারি না।” বলিয়া গাহিতে লাগিলেন,

“আমার যাবার সময় হল,
আমায় কেন রাখিস ধরে,
চোখের জলের বাঁধন দিয়ে
বাঁধিস নে আর মায়াডোরে।

ফুরিয়েছে জীবনের ছুটি,
ফিরিয়ে নে তোর নয়ন দুটি,
নাম ধরে আর ডাকিস নে ভাই,
যেতে হবে ত্বরা করে ।

“ঐ দেখো, ঐ দেখো বিভার রকম দেখো । দেখ্ বিভা, তুই যদি অমন করিয়া কাঁদিবি তো—” বলিতে বলিতে বসন্ত রায়ের আর কথা বাহির হইল না । তিনি বিভাকে শাসন করিতে গিয়া নিজেকে আর সামলাইতে পারিলেন না, তাড়াতাড়ি চোখের জল মুছিয়া হাসিয়া কহিলেন, “দাদা, ঐ দেখো ভাই, সুরমা কাঁদিতেছে । এই বেলা ইহার প্রতিবিধান করো ; নহিলে আমি সত্য সত্যই থাকিয়া যাইব, তোমার জায়গাটি দখল করিয়া বসিব । ঐ দুই হাতে পাকা চুল তোলাইব, ঐ কানের কাছে এই ভাঙা দাঁতের পাটির মধ্য হইতে ফিসফিস করিব, আর কানের অত কাছে গিয়া আর যদি কোনোপ্রকার অঘটন সংঘটন হয় তবে তাহার দায়ী আমি হইব না ।”

বসন্ত রায় দেখিলেন, কেহ কোনো কথা কহিল না, তখন তিনি কাতর হইয়া তাঁহার সেতারটা তুলিয়া লইয়া বন্বন্ করিয়া বিষম বেগে বাজাইতে শুরু করিলেন । কিন্তু বিভার চোখের জল দেখিয়া তাঁহার সেতার বাজাইবার বড়োই ব্যাঘাত হইতে লাগিল, তাঁহার চোখ মাঝে মাঝে ঝাপসা হইয়া আসিতে লাগিল, মাঝে মাঝে বিভাকে এবং উপস্থিত সকলকে তিরস্কারচ্ছলে রাশ রাশ কথা বলিবার বাসনা হইতে লাগিল, কিন্তু আর কথা জোগাইল না, কণ্ঠ রুদ্ধ হইয়া আসিল, সেতার বন্ধ করিয়া নামাইয়া রাখিতে হইল । অবশেষে বিদায়ের সময় আসিল ।

উদয়াদিত্যকে দীর্ঘকাল আলিঙ্গন করিয়া শেষ কথা এই বলিয়া গেলেন, “এই সেতার রাখিয়া গেলাম দাদা, আর সেতার বাজাইব না । সুরমা ভাই সুখে থাকো ; বিভা—” কথা শেষ হইল না, অশ্রু মুছিয়া পালকিতে উঠিলেন ।

চতুর্দশ পরিচ্ছেদ

মঙ্গলার কুটির যশোহরের এক প্রান্তে ছিল । সেইখানে বসিয়া সে মালা জপ করিতেছিল । এমন সময়ে শাকসবজির চুবড়ি হাতে করিয়া রাজবাটীর দাসী মাতঙ্গিনী আসিয়া উপস্থিত হইল ।

মাতঙ্গ কহিল, “আজ হাটে আসিয়াছিলাম, অমনি ভাবিলাম, অনেকদিন মঙ্গলা দিদিকে দেখি নাই, তা একবার দেখিয়া আসি গে । আজ ভাই অনেক কাজ আছে, অধিকক্ষণ থাকিতে পারিব না ।” বলিয়া চুবড়ি রাখিয়া নিশ্চিতভাবে সেইখানে বসিল । “তা দিদি, তুমি তো সব জানই, সেই মিনসে আমাকে বড়ো ভালোবাসিত, ভালো এখনো বাসে তবে আর-একজন কার 'পরে তার মন গিয়াছে আমি টের পাইয়াছি— তা সেই মাগীটার ত্রিরাত্রির মধ্যে মরণ হয় এমন করিতে পার না ?”

মঙ্গলার নিকট গোরু হারানো হইতে স্বামী হারানো পর্যন্ত সকলপ্রকার দুর্ঘটনারই ঔষধ আছে, তা ছাড়া সে বশীকরণের এমন উপায় জানে যে, রাজবাটীর বড়ো বড়ো ভৃত্য মঙ্গলার কুটিরে কত গণ্ডা গণ্ডা গড়াগড়ি যায় । যে-মাগীটার ত্রিরাত্রির মধ্যে মরণ হইলে মাতঙ্গিনী ঝাঁচে সে আর কেহ নহে স্বয়ং মঙ্গলা ।

মঙ্গলা মনে মনে হাসিয়া কহিল, ‘সে মাগীর মরিবার জন্য বড়ো তাড়াতাড়ি পড়ে নাই, যমের কাজ বাড়াইয়া তবে সে মরিবে ।’ মঙ্গলা হাসিয়া প্রকাশ্যে কহিল, “তোমার মতন রূপসীকে ফেলিয়া আর কোথাও মন যায় এমন অরসিক আছে নাকি ? তা নাতিনী, তোমার ভাবনা নাই । তাহার মন তুমি ফিরিয়া পাইবে । তোমার চোখের মধ্যেই ঔষধ আছে, একটু বেশি করিয়া প্রয়োগ করিয়া দেখিয়ো, তাহাতেও যদি না হয় তবে এই শিকড়টি তাহাকে পানের সঙ্গে খাওয়াইয়ো ।” বলিয়া এক শুকনো শিকড় আনিয়া দিল ।

মঙ্গলা মাতঙ্গিনীকে জিজ্ঞাসা করিল, “বলি রাজবাটীর খবর কী ?”

মাতঙ্গিনী হাত উলটাইয়া কহিল, “সে-সব কথায় আমাদের কাজ কী ভাই ?”

মঙ্গলা কহিল, “ঠিক কথা । ঠিক কথা ।”

মঙ্গলার যে এ-বিষয়ে সহসা মতের এতটা ঐক্য হইয়া যাইবে, তাহা মাতঙ্গিনী আশা করে নাই । সে কিঞ্চিৎ ফাঁপরে পড়িয়া কহিল, “তা তোমাকে বলিতে দোষ নাই । তবে আজ আমার বড়ো সময় নাই, আর-একদিন সমস্ত বলিব ।” বলিয়া বসিয়া রহিল ।

মঙ্গলা কহিল, “তা বেশ, আর-একদিন শুনা যাইবে ।”

মাতঙ্গিনী অধীর হইয়া পড়িল, কহিল, “তবে আমি যাই ভাই । দেরি করিলাম বলিয়া আবার কত বকুনি খাইতে হইবে । দেখো ভাই, সেদিন আমাদের ওখানে রাজার জামাই আসিয়াছিলেন, তা তিনি যেদিন আসিয়াছিলেন সেই রাত্রেই কাহাকে না বলিয়া চলিয়া গিয়াছেন ।”

মঙ্গলা কহিল, “সত্যি নাকি ? বটে । কেন বলো দেখি ? তাই বলি, মাতঙ্গ না হইলে আমাকে ভিতরকার খবর কেহ দিতে পারে না ।”

মাতঙ্গ প্রফুল্ল হইয়া কহিল, “আসল কথা কী জান ? আমাদের যে বউ-ঠাকুরনটি আছেন, তিনি দুটি চক্ষে কাহারও ভালো দেখিতে পারেন না । তিনি কি মস্তুর জানেন, সোয়ামিকে একেবারে ভেড়ার মতন করিয়া রাখিয়াছেন, তিনি— না ভাই, কাজ নাই, কে কোথা দিয়া শুনিবে আর বলিবে মাতঙ্গ রাজবাড়ির কথা বাহিরে বলিয়া বেড়ায় ।”

মঙ্গলা আর কৌতূহল সামলাইতে পারিল না ; যদিও সে জানিত, আর খানিকক্ষণ চুপ করিয়া থাকিলে মাতঙ্গ আপনি সমস্ত বলিবে, তবু তাহার বিলম্ব সহিল না, কহিল, “এখানে কোনো লোক নাই নাতনী । আর আপনা-আপনি মধ্যে কথা, ইহাতে আর দোষ কী ? তা তোমাদের বউ-ঠাকুরন কী করিলেন ?”

“তিনি আমাদের দিদি-ঠাকুরনের নামে জামাইয়ের কাছে কী সব লাগাইয়াছিলেন, তাই জামাই রাতারাতিই দিদি-ঠাকুরনকে ফেলিয়া চলিয়া গেছেন । দিদি-ঠাকুরন তো কাঁদিয়া কাটিয়া অনাস্ত করিতেছেন । মহারাজা খাপা হইয়া উঠিয়াছেন, তিনি বউ-ঠাকুরনকে শ্রীপুরে বাপের বাড়িতে পাঠাইতে চান । ঐ দেখো ভাই, তোমার সকল কথাতেই হাসি । ইহাতে হাসিবার কী পাইলে ? তোমার যে আর হাসি ধরে না ।”

রামচন্দ্র রায়ের পলায়নবার্তার যথার্থ কারণ রাজবাটীর প্রত্যেক দাসদাসী সঠিক অবগত ছিল, কিন্তু কাহারও সহিত কাহারও কথার ঐক্য ছিল না ।

মঙ্গলা কহিল, “তোমাদের মা-ঠাকুরনকে বলিয়ো যে, বউ-ঠাকুরনকে শীঘ্র বাপের বাড়ি পাঠাইয়া কাজ নাই । মঙ্গলা এমন ওষুধ দিতে পারে যাহাতে যুবরাজের মন তাঁহার উপর হইতে একেবারে চলিয়া যায় ।” বলিয়া সে খল খল করিয়া হাসিতে লাগিল । মাতঙ্গ কহিল, “তা বেশ কথা ।”

মঙ্গলা জিজ্ঞাসা করিল, “তোমাদের বউ-ঠাকুরনকে কি যুবরাজ বড়ো ভালোবাসেন ?”

“সে কথায় কাজ কী । এক দণ্ড না দেখিলে থাকিতে পারেন না । যুবরাজকে ‘তু’ বলিয়া ডাকিলেই আসেন ।”

“আচ্ছা আমি ওষুধ দিব । দিনের বেলাও কি যুবরাজ তাঁহার কাছেই থাকেন ?”

“হাঁ ।”

মঙ্গলা কহিল, “ও মা কী হইবে । তা সে যুবরাজকে কী বলে, কী করে, দেখিয়াছিস ?”

“না ভাই, তাহা দেখি নাই ।”

“আমাকে একবার রাজবাটিতে লইয়া যাইতে পারিস, আমি তাহা হইলে একবার দেখিয়া আসি ।”

মাতঙ্গ কহিল, “কেন ভাই, তোমার এত মাথাব্যথা কেন ?”

মঙ্গলা কহিল, “বলি তা নয় । একবার দেখিলেই বুঝিতে পারিব, কী মন্ত্রে সে বশ করিয়াছে, আমার মন্ত্র খাটিবে কি না ।”

মাতঙ্গ কহিল, “তা বেশ, আজ তবে আসি।” বলিয়া চুবড়ি লইয়া চলিয়া গেল।

মাতঙ্গ চলিয়া গেলে মঙ্গলা যেন ফুলিতে লাগিল। দাঁতে দাঁত লাগাইয়া চক্ষুতারকা প্রসারিত করিয়া বিড়বিড় করিয়া বকিতে লাগিল।

পঞ্চদশ পরিচ্ছেদ

বসন্ত রায় চলিয়া গেলেন। তখন সন্ধ্যা হইয়া আসিয়াছে। বিভা প্রাসাদের ছাদের উপর গেল। ছাদের উপর হইতে দেখিল, পালকি চলিয়া গেল। বসন্ত রায় পালকির মধ্য হইতে মাথাটি বাহির করিয়া একবার মুখ ফিরাইয়া পশ্চাতে চাহিয়া দেখিলেন। সন্ধ্যার অন্ধকারের মধ্যে চোখের জলের মধ্য হইতে পরিবর্তনহীন অবিচলিত পাষণহৃদয় রাজবাটীর দীর্ঘ কঠোর দেয়ালগুলা ঝাপসা ঝাপসা দেখিতে পাইলেন। পালকি চলিয়া গেল, কিন্তু বিভা সেইখানে দাঁড়াইয়া রহিল। পথের পানে চাহিয়া রহিল। তারাগুলি উঠিল, দীপগুলি জ্বলিল, পথে লোক রহিল না। বিভা দাঁড়াইয়া চুপ করিয়া চাহিয়া রহিল। সুরমা তাহাকে সারা দেশ খুঁজিয়া কোথাও না পাইয়া অবশেষে ছাদে গিয়া উপস্থিত হইল। বিভার গলা ধরিয়া স্নেহের স্বরে কহিল, “কী দেখিতেছিস বিভা?” বিভা নিশ্বাস ফেলিয়া কহিল, “কে জানে ভাই।” বিভা সমস্তই শূন্যময় দেখিতেছে, তাহার প্রাণে সুখ নাই। সে কেন যে ঘরের মধ্যে যায়, কেন যে ঘর হইতে বাহির হইয়া আসে, কেন শুইয়া পড়ে, কেন উঠিয়া যায়, কেন দুই প্রহর মধ্যাহ্নে বাড়ির এ-ঘরে ও-ঘরে ঘুরিয়া বেড়ায়, তাহার কারণ কিছু খুঁজিয়া পায় না। রাজবাড়ি হইতে তাহার বাড়ি চলিয়া গেছে যেন, রাজবাড়িতে যেন তাহার ঘর নাই। অতি ছেলেবেলা হইতে নানা খেলাধুলা, নানা সুখদুঃখ হাসিকান্নায় মিলিয়া রাজবাটীর মধ্যে তাহার জন্য যে একটি সাধের ঘর বাঁধিয়া দিয়াছিল, সে ঘরটি একদিনে কে ভাঙিয়া দিল রে। এ ঘর তো আর তাহার ঘর নয়। সে এখন গৃহের মধ্যেই গৃহহীন। তাহার দাদামহাশয় ছিল, গেল; তাহার— চন্দ্রদ্বীপ হইতে বিভাকে লইতে কবে লোক আসিবে? হয়তো রামমোহন মাল রওনা হইয়াছে, এতক্ষণে তাহারা না জানি কোথায়। বিভার সুখের এখনো কিছু অবশিষ্ট আছে। তাহার অমন দাদা আছে, তাহার প্রাণের সুরমা আছে, কিন্তু তাহাদের সম্বন্ধেও যেন একটা কী বিপদ ছায়ার মতো পশ্চাতে ফিরিতেছে। যে-বাড়ির ভিটা ভেদ করিয়া একটা ঘন ঘোর গুপ্ত রহস্য অদৃশ্যভাবে ধূমায়িত হইতেছে সে বাড়িকে কি আর ঘর বলিয়া মনে হয়?

উদয়াদিত্য শুনিলেন, কর্মচ্যুত হইয়া সীতারামের দুর্দশা হইয়াছে। একে তাহার এক পয়সার সম্বল নাই, তাহার উপর তাহার অনেকগুলি গলগ্রহ জুটিয়াছে। কারণ যখন সে রাজবাড়ি হইতে মোটা মাহিয়ানা পাইত, তখন তাহার পিসা সহসা স্নেহের আধিক্যবশত কাজকর্ম সমস্ত ছাড়িয়া দিয়া তাহার স্নেহাস্পদের বিরহে কাতর হইয়া পড়িয়াছিল। মিলনের সুব্যবস্থা করিয়া লইয়া আনন্দে গদগদ হইয়া কহিল যে, সীতারামকে দেখিয়াই তাহার ক্ষুধাতৃষ্ণা সমস্ত দূর হইয়াছে। ক্ষুধাতৃষ্ণা দূর হওয়ার বিষয়ে অনেক প্রমাণ আছে, কিন্তু কেবল সীতারামকে দেখিয়াই হইত কি না, সে বিষয়ে কোনো প্রমাণ নাই। সীতারামের এক দূরসম্পর্কের বিধবা ভগিনী তাহার এক পুত্রকে কাজকর্মে পাঠাইবার উদ্যোগ করিতেছিল, এমন সময়ে সহসা তাহার চৈতন্য হইল যে, বাছাকে ছোটো কাজে নিযুক্ত করিলে বাছার মামাকে অপমান করা হয়। এই বুঝিয়া সে বাছার মামার মান রক্ষা করিবার জন্য কোনোমতে সে-কাজ করিতে পারিল না। এইরূপে সে মান রক্ষা করিয়া সীতারামকে ঋণী করিল ও তাহার বিনিময়ে আপনার প্রাণরক্ষার বন্দোবস্ত করিয়া লইল। ইহার উপর সীতারামের বিধবা মাতা আছে ও এক অবিবাহিতা বালিকা কন্যা আছে। এদিকে আবার সীতারাম লোকটি অতিশয় শৌখিন, আমোদপ্রমোদটি নহিলে তাহার চলে না। সীতারামের অবস্থার পরিবর্তন হইয়াছে, অথচ তাহার সঙ্গে সঙ্গে আনুষঙ্গিক পরিবর্তন কিছুই হয় নাই। তাহার পিসার ক্ষুধাতৃষ্ণা ঠিক সমান রহিয়াছে; তাহার ভাগিনেয়টির যতই বয়স বাড়িতেছে, ততই তাহার উদরের প্রসর ও মামার মান-অপমানের প্রতি দৃষ্টি অধিক করিয়া বাড়িতেছে। সীতারামের টাকার থলি ব্যতীত আর কাহারও উদর কমিবার কোনো লক্ষণ

প্রকাশ করিতেছে না। সীতারামের অন্যান্য গলগ্রহের সঙ্গে শখটিও বজায় আছে, সেটি ধারের উপর বর্ধিত হইতেছে, সুদও যে-পরিমাণে পুষ্ট হইতেছে, সেও সেই পরিমাণে পুষ্ট হইয়া উঠিতেছে। উদয়াদিত্য সীতারামের দারিদ্র্যদশা শুনিয়া তাহার ও ভাগবতের মাসিক বৃত্তি নির্ধারণ করিয়া দিলেন। সীতারাম টাকাটা পাইয়া অত্যন্ত লজ্জিত হইয়া পড়িল। মহারাজার নিকট উদয়াদিত্যের নাম করিয়া অবধি সে নিজের কাছে ও উদয়াদিত্যের কাছে নিতান্ত অপরাধী হইয়া আছে। উদয়াদিত্যের টাকা পাইয়া সে কাঁদিয়া ফেলিল। একদিন যুবরাজের সাক্ষাৎ পাইয়া তাঁহার পা জড়াইয়া ধরিয়া তাঁহাকে ভগবান, জগদীশ্বর, দয়াময় সম্বোধন করিয়া বিস্তর ক্ষমা চাহিল। ভাগবত লোকটা অত্যন্ত ঠাণ্ডা প্রকৃতির। সে শতরঞ্জ খেলে, তামাক খায় ও প্রতিবেশীদিগকে স্বর্গনরকের জমি বিলি করিয়া দেয়। সে যখন উদয়াদিত্যের টাকা পাইল, তখন মুখ বাঁকাইয়া নানা ভাবভঙ্গিতে জানাইল যে যুবরাজ তাহার যে সর্বনাশ করিয়াছেন এ টাকাতে তাহার কী প্রতিশোধ হইবে। টাকাটা লইতে সে কিছুমাত্র আপত্তি করিল না।

যুবরাজ কর্মচ্যুত প্রহরীদ্বয়কে মাসিক বৃত্তি দিতেছেন, এ কথা প্রতাপাদিত্যের কানে গেল। আগে হইলে যাইত না। আগে তিনি উদয়াদিত্যকে এত অবহেলা করিতেন যে, উদয়াদিত্য সম্বন্ধে সকল কথা তাঁহার কানে যাইত না। মহারাজ জানিতেন যে, উদয়াদিত্য প্রজাদের সহিত মিশিতেন, এবং অনেক সময়ে প্রজাদের পক্ষ অবলম্বন করিয়া তাঁহার বিরুদ্ধাচরণ করিয়াছেন, কিন্তু সেগুলি প্রায় এমন সামান্য ও এমন অল্পে অল্পে তাহা তাঁহার সহিয়া আসিয়াছিল যে, বিশেষ একটা কিছু না হইলে উদয়াদিত্যের অস্তিত্ব সম্বন্ধে তাঁহার মনোযোগ আকর্ষণ করিতে পারিত না। এইবার উদয়াদিত্যের প্রতি তাঁহার একটু বিশেষ মনোযোগ পড়িয়াছে, তাই উপরি-উক্ত ঘটনাটি অবিলম্বে তাঁহার কানে গেল। শুনিয়া প্রতাপাদিত্য অত্যন্ত রুষ্ট হইলেন। উদয়াদিত্যকে ডাকাইয়া আনিলেন ও কহিলেন, “আমি যে সীতারামকে ও ভাগবতকে কর্মচ্যুত করিলাম, সে কি কেবল রাজকোষে তাহাদের বেতন দিবার উপযুক্ত অর্থ ছিল না বলিয়া? তবে যে তুমি নিজের হইতে তাহাদের মাসিক বৃত্তি নির্ধারণ করিয়া দিয়াছ?”

উদয়াদিত্য ধীরে ধীরে কহিলেন, “আমি দোষী। আপনি তাহাদের দণ্ড দিয়া আমাকে দণ্ডিত করিয়াছেন। আমি আপনার সেই বিচার-অনুসারে মাসে মাসে তাহাদের নিকট দণ্ড দিয়া থাকি।”

ইতিপূর্বে কখনোই প্রতাপাদিত্যকে উদয়াদিত্যের কথা মনোযোগ দিয়া শুনিতো হয় নাই। উদয়াদিত্যের ধীর গম্ভীর বিনীত স্বর ও তাঁহার সুসংযত কথাগুলি প্রতাপাদিত্যের নিতান্ত মন্দ লাগিল না। উদয়াদিত্যের কথার কোনো উত্তর না দিয়া প্রতাপাদিত্য কহিলেন, “আমি আদেশ করিতেছি উদয়, ভবিষ্যতে তাহাদের যেন আর অর্থসাহায্য না করা হয়।”

উদয়াদিত্য কহিলেন, “আমার প্রতি আরো গুরুতর শাস্তির আদেশ হইল।” হাত জোড় করিয়া কহিলেন, “কিন্তু এমন কী অপরাধ করিয়াছি, যাহাতে এতবড়ো শাস্তি আমাকে বহন করিতে হইবে? আমি কী করিয়া দেখিব, আমার জন্য আট-নয়টি ক্ষুধিত মুখে অন্ন জুটিতেছে না, আট-নয়টি হতভাগা নিরাশ্রয় হইয়া পথে পথে কাঁদিয়া বেড়াইতেছে, অথচ আমার পাতে অন্নের অভাব নাই? পিতা, আমার যাহা-কিছু সব আপনারই প্রসাদে। আপনি আমার পাতে আবশ্যিকের অধিক অন্ন দিতেছেন, কিন্তু আপনি যদি আমার আহারের সময় আমার সম্মুখে আট-নয়টি ক্ষুধিত কাতরকে বসাইয়া রাখেন, অথচ তাহাদের মুখে অন্ন তুলিয়া দিতে বাধা দেন, তবে সে অন্ন যে আমার বিষ।”

উত্তেজিত উদয়াদিত্যকে প্রতাপাদিত্য কথা কহিবার সময় কিছুমাত্র বাধা দিলেন না, সমস্ত কথা শেষ হইলে পর আস্তে আস্তে কহিলেন, “তোমার যা বক্তব্য তাহা শুনিলাম, এক্ষণে আমার যা বক্তব্য তাহা বলি। ভাগবত ও সীতারামের বৃত্তি আমি বন্ধ করিয়া দিয়াছি, আর কেহ যদি তাহাদের বৃত্তি নির্ধারণ করিয়া দেয়, তবে সে আমার ইচ্ছার বিরুদ্ধাচারী বলিয়া গণ্য হইবে।” প্রতাপাদিত্যের মনে মনে বিশেষ একটু রোষের উদয় হইয়াছিল। সম্ভবত তিনি নিজেও তাহার কারণ বুঝিতে পারেন নাই, কিন্তু তাহার কারণ এই ‘আমি যেন ভারি একটা নিষ্ঠুরতা করিয়াছি, তাই দয়ার শরীর উদয়াদিত্য তাহার

প্রতিবিধান করিতে আসিলেন। দেখি, তিনি দয়া করিয়া কী করিতে পারেন। আমি যেখানে নিষ্ঠুর সেখানে আর যে কেহ দয়ালু হইবে, এতবড়ো আত্মপর্থা কাহার প্রাণে সয় !’

উদয়াদিত্য সুরমার কাছে গিয়া সমস্ত कहিলেন। সুরমা कहিল, “সেদিন সমস্ত দিন কিছু খাইতে পায় নাই, সন্ধ্যাবেলায় সীতারামের মা সীতারামের ছোটো মেয়েটিকে লইয়া আমার কাছে আসিয়া কাঁদিয়া পড়িল। আমি সেই সন্ধ্যাবেলায় কিছু দিই, তবে তাহারা সমস্ত পরিবার খাইতে পায়। সীতারামের মেয়েটি দুধের মেয়ে, সমস্ত দিন কিছু খায় নাই, তাহার মুখপানে কি তাকানো যায়। ইহাদের কিছু কিছু না দিলে ইহারা যাইবে কোথায় ?”

উদয়াদিত্য कहিলেন, “বিশেষত রাজবাটী হইতে যখন তাহারা তাড়িত হইয়াছে, তখন পিতার ভয়ে অন্য কেহ তাহাদের কর্ম দিতে বা সাহায্য করিতে সাহস করিবে না, এ-সময়ে আমরাও যদি বিমুখ হই তাহা হইলে তাহাদের আর সংসারে কেহই থাকিবে না। সাহায্য আমি করিবই, তাহার জন্য ভাবিয়ো না সুরমা, কিন্তু অনর্থক পিতাকে অসন্তুষ্ট করা ভালো হয় না, যাহাতে এ-কাজটা গোপনে সমাধা করা যায়, তাহার উপায় করিতে হইবে।”

সুরমা উদয়াদিত্যের হাত ধরিয়া कहিল, “তোমাকে আর কিছু করিতে হইবে না, আমি সমস্ত করিব। আমার উপরে ভার দাও।” সুরমা নিজেকে দিয়া উদয়াদিত্যকে ঢাকিয়া রাখিতে চায়। এই বৎসরটা উদয়াদিত্যের দুর্বৎসর পড়িয়াছে। অদৃষ্ট তাঁহাকে যে-কাজেই প্রবৃত্ত করাইতেছে, সবগুলিই তাঁহার পিতার বিরুদ্ধে; অথচ সেগুলি এমন কাজ যে, সুরমার মতো স্ত্রী প্রাণ ধরিয়া স্বামীকে সে-কাজ হইতে নিবৃত্ত করিতে পারে না। সুরমা তেমন স্ত্রী নহে। স্বামী যখন ধর্মযুদ্ধে যান, তখন সুরমা নিজের হাতে তাঁহার বর্ম বাঁধিয়া দেয়, তাহার পর ঘরে গিয়া সে কাঁদে। সুরমার প্রাণ প্রতি পদে ভয়ে আকুল হইয়াছে, অথচ উদয়াদিত্যকে সে প্রতি পদে ভরসা দিয়াছে। উদয়াদিত্য ঘোর বিপদের সময় সুরমার মুখের দিকে চাহিয়াছেন, দেখিয়াছেন সুরমার চোখে জল, কিন্তু সুরমার হাত কাঁপে নাই, সুরমার পদক্ষেপ অটল।

সুরমা তাঁহার এক বিশ্বস্তা দাসীর হাত দিয়া সীতারামের মায়ের কাছে ও ভাগবতের স্ত্রীর কাছে বৃত্তি পাঠাইবার বন্দোবস্ত করিয়া দিলেন। দাসী বিশ্বস্তা বটে, কিন্তু মঙ্গলার কাছে এ কথা গোপন রাখিবার সে কোনো আবশ্যিক বিবেচনা করে নাই। এই নিমিত্ত মঙ্গলা ব্যতীত বাহিরের আর কেহ অবগত ছিল না।

ষোড়শ পরিচ্ছেদ

যখন গোপনে বৃত্তি পাঠানোর কথা প্রতাপাদিত্যের কানে গেল, তখন তিনি কথা না कहিয়া অন্তঃপুরে আদেশ পাঠাইয়া দিলেন, সুরমাকে পিত্রালয়ে যাইতে হইবে। উদয়াদিত্য বক্ষে দৃঢ় বল বাঁধিলেন। বিভা কাঁদিয়া সুরমার গলা জড়াইয়া कहিল, “তুমি যদি যাও, তবে এ শ্মশানপুরীতে আমি কী করিব ?” সুরমা বিভার চিবুক ধরিয়া, বিভার মুখ চুম্বন করিয়া कहিল, “আমি কেন যাইব বিভা, আমার সর্বস্ব এখানে রহিয়াছে।” সুরমা যখন প্রতাপাদিত্যের আদেশ শুনিল, তখন कहিল, “আমি পিত্রালয়ে যাইবার কোনো কারণ দেখিতেছি না। সেখান হইতে আমাকে লইতে লোক আসে নাই, আমার স্বামীরও এ-বিষয়ে মত নাই। অতএব বিনা কারণে সহসা পিত্রালয়ে যাইবার আমি কোনো আবশ্যিক দেখিতেছি না।” শুনিয়া প্রতাপাদিত্য জ্বলিয়া গেলেন। কিন্তু ভাবিয়া দেখিলেন, কোনো উপায় নাই। সুরমাকে কিছু বলপূর্বক বাড়ি হইতে বাহির করা যায় না, অন্তঃপুরে শারীরিক বল খাটে না। প্রতাপাদিত্য মেয়েদের বিষয়ে নিতান্ত আনাড়ি ছিলেন, বলের প্রতি বল প্রয়োগ করিতে তিনি জানিতেন, কিন্তু এই অবলাদের সম্বন্ধে কিরূপ চাল চালিতে হয়, তাহা তাঁহার মাথায় আসিত না। তিনি বড়ো বড়ো কাছি টানিয়া ছিড়িতে পারেন কিন্তু তাঁহার মোটা মোটা অঙ্গুলি দিয়া ক্ষীণ সূত্রের সূক্ষ্ম সূক্ষ্ম গ্রন্থি মোচন করিতে পারেন না। এই মেয়েগুলো তাঁহার মতে নিতান্ত দুর্জ্ঞেয় ও জানিবার

অনুপযুক্ত সামগ্রী । ইহাদের সম্বন্ধে যখনই কোনো গোল বাধে, তিনি তাড়াতাড়ি মহিষীর প্রতি ভার দেন । ইহাদের বিষয়ে ভাবিতে বসিতে তাঁহার অবসরও নাই, ইচ্ছাও নাই এবং যোগ্যতাও নাই । ইহা তাঁহার নিতান্ত অনুপযুক্ত কাজ । এবারেও প্রতাপাদিত্য মহিষীকে ডাকিয়া কহিলেন, “সুরমাকে বাপের বাড়ি পাঠাও ।” মহিষী কহিলেন, “তাহা হইলে বাবা উদয়ের কী হইবে ।” প্রতাপাদিত্য বিরক্ত হইয়া কহিলেন, “উদয় তো আর ছেলেমানুষ নয়, আমি রাজকার্যের অনুরোধে সুরমাকে রাজপুরী হইতে দূরে পাঠাইতে চাই, এই আমার আদেশ ।”

মহিষী উদয়াদিত্যকে ডাকিয়া কহিলেন, “বাবা উদয়, সুরমাকে বাপের বাড়ি পাঠানো যাক ।” উদয়াদিত্য কহিলেন, “কেন মা, সুরমা কী অপরাধ করিয়াছে ?”

মহিষী কহিলেন, “কী জানি বাছা, আমরা মেয়েমানুষ, কিছু বুঝি না, বউমাকে বাপের বাড়ি পাঠাইয়া মহারাজার রাজকার্যে যে কী সুযোগ হইবে, তা মহারাজই জানেন ।”

উদয়াদিত্য কহিলেন, “মা, আমাকে কষ্ট দিয়া আমাকে দুঃখী করিয়া রাজকার্যের কী উন্নতি হইল ? যতদূর কষ্ট সহিবার তাহা তো সহিয়াছি, কোন্ সুখ আমার অবশিষ্ট আছে ? সুরমা যে বড়ো সুখে আছে তাহা নয় । দুই সন্ধ্যা সে ভৎসনা সহিয়াছে, ‘দূর ছাই’ সে অঙ্গ-আভরণ করিয়াছে, অবশেষে কি রাজবাড়িতে তাহার জন্য একটুকু স্থানও কুলাইল না । তোমাদের সঙ্গে কি তাহার কোনো সম্পর্ক নাই মা ? সে কি ভিখারি অতিথি যে, যখন খুশি রাখিবে, যখন খুশি তাড়াইবে ? তাহা হইলে মা, আমার জন্যও রাজবাড়িতে স্থান নাই, আমাকেও বিদায় করিয়া দাও ।”

মহিষী কাঁদিতে আরম্ভ করিলেন, কহিলেন, “কী জানি বাবা । মহারাজা কখন কী যে করেন, কিছু বুঝিতে পারি না । কিন্তু তাও বলি বাছা, আমাদের বউমাও বড়ো ভালো মেয়ে নয় । ও রাজবাড়িতে প্রবেশ করিয়া অবধি এখানে আর শান্তি নাই । হাড় জ্বালাতন হইয়া গেল । তা ও দিনকতক বাপের বাড়িতেই যাক-না কেন, দেখা যাক । কী বল বাছা ! ও দিনকতক এখান হইতে গেলেই দেখিতে পাইবে, বাড়ির শ্রী ফেরে কি না ।”

উদয়াদিত্য এ কথার আর কোনো উত্তর করিলেন না, কিছুক্ষণ চুপ করিয়া বসিয়া রহিলেন, তাহার পরে উঠিয়া চলিয়া গেলেন ।

মহিষী কাঁদিয়া প্রতাপাদিত্যের কাছে গিয়া পড়িলেন, কহিলেন, “মহারাজ, রক্ষা করো ! সুরমাকে পাঠাইলে উদয় বাঁচিবে না । বাছার কোনো দোষ নাই, ঐ সুরমা ঐ ডাইনীটা তাহাকে কী মন্ত্র করিয়াছে ।” বলিয়া মহিষী কাঁদিয়া আকুল হইলেন ।

প্রতাপাদিত্য বিষম রুষ্ট হইয়া কহিলেন, “সুরমা যদি না যায় তো আমি উদয়াদিত্যকে কারারুদ্ধ করিয়া রাখিব ।”

মহিষী মহারাজার কাছ হইতে আসিয়া সুরমার কাছে গিয়া কহিলেন, “পোড়ামুখী, আমার বাছাকে তুই কী করিলি ? আমার বাছাকে আমাকে ফিরাইয়া দে । আসিয়া অবধি তুই তাহার কী সর্বনাশ না করিলি ? অবশেষে— সে রাজার ছেলে, তার হাতে বেড়ি না দিয়া কি তুই ক্ষান্ত হইবি না ?”

সুরমা শিহরিয়া উঠিয়া কহিল, “আমার জন্য তাঁর হাতে বেড়ি পড়িবে ? সে কী কথা মা । আমি এখনই চলিলাম ।”

সুরমা বিভার কাছে গিয়া সমস্ত কহিল । বিভার গলা ধরিয়া কহিল, “বিভা এই যে চলিলাম, আর বোধ করি আমাকে এখানে ফিরিয়া আসিতে দিবে না ।” বিভা কাঁদিয়া সুরমাকে জড়াইয়া ধরিল । সুরমা সেইখানে বসিয়া পড়িল । অনন্ত ভবিষ্যতের অনন্ত প্রাপ্ত হইতে একটা কথা আসিয়া তাহার প্রাণে বাজিতে লাগিল, “আর হইবে না !” আর আসিতে পাইব না, আর হইবে না, আর কিছু রহিবে না ! এমন একটা মহাশূন্য ভবিষ্যৎ তাহার সম্মুখে প্রসারিত হইল— যে ভবিষ্যতে সে সুখ নাই, সে হাসি নাই, সে আদর নাই, চোখে চোখে বুক বুক প্রাণে প্রাণে মিলন নাই, সুখদুঃখের বিনিময় নাই, বুক ফাটিয়া গেলেও এক মুহূর্তের জন্যও একবিন্দু প্রেম নাই, স্নেহ নাই, কিছু নাই, কী ভয়ানক ভবিষ্যৎ । সুরমার বুক ফাটিতে লাগিল, মাথা ঘুরিতে লাগিল, চোখের জল শুকাইয়া গেল । উদয়াদিত্য

আসিবা মাত্র সুরমা তাঁহার পা দুটি জড়াইয়া বুক চাপিয়া বুক ফাটিয়া কাঁদিয়া উঠিল। সুরমা এমন করিয়া কখনো কাঁদে নাই। তাহার বলিষ্ঠ হৃদয় আজ শতধা হইয়া গিয়াছে। উদয়াদিত্য সুরমার মাথা কোলে তুলিয়া লইয়া জিজ্ঞাসা করিলেন, “কী হইয়াছে সুরমা?” সুরমা উদয়াদিত্যের মুখের দিকে চাহিয়া আর কি কথা কহিতে পারে? মুখের দিকে চায় আর কাঁদিয়া ওঠে। বলিল, “ঐ মুখ আমি দেখিতে পাইব না? সন্ধ্যা হইবে, তুমি বাতায়নে আসিয়া বসিবে, আমি পাশে নাই? ঘরে দীপ জ্বলাইয়া দিবে, তুমি ঐ দ্বারের নিকট আসিয়া দাঁড়াইবে, আর আমি হাসিতে হাসিতে তোমার হাত ধরিয়া আনিব না? তুমি যখন এখানে, আমি তখন কোথায়?” সুরমা যে বলিল “কোথায়”, তাহাতে কতখানি নিরাশা, তাহাতে কত দূর-দূরান্তরের বিচ্ছেদের ভাব! যখন কেবলমাত্র চোখে চোখেই মিলন হইতে পারে তখন মধ্যে কত দূর! যখন তাহাও হইতে পারে না, তখন আরো কতদূর! যখন বার্তা লইতে বিলম্ব হয় তখন আরো কতদূর! যখন প্রাণান্তিক ইচ্ছা হইলেও এক মুহূর্তের জন্যও দেখা হইবে না, তখন— তখন ঐ পা দুখানি ধরিয়া এমনি করিয়া বুক চাপিয়া এই মুহূর্তেই মরিয়া যাওয়াতেই সুখ।

সপ্তদশ পরিচ্ছেদ

উপাখ্যানের আরম্ভভাগে রুক্মিণীর উল্লেখ করা হইয়াছে, বোধ করি পাঠকেরা তাহাকে বিস্মৃত হন নাই। এই মঙ্গলাই সেই রুক্মিণী। সে রায়গড় পরিত্যাগ করিয়া নাম-পরিবর্তন-পূর্বক যশোহরের প্রান্তদেশে বাস করিতেছে। রুক্মিণীর মধ্যে অসাধারণ কিছুই নাই। সাধারণ নীচ প্রকৃতির স্ত্রীলোকের ন্যায় সে ইন্দ্রিয়পরায়ণ, ঈর্ষাপরায়ণ, মনোরাজ্য-অধিকার-লোলুপ। হাসিকান্না তাহার হাত-ধরা, আবশ্যক হইলে বাহির করে, আবশ্যক হইলে তুলিয়া রাখে। যখন সে রাগে তখন সে অতি প্রচণ্ডা, মনে হয় যেন রাগের পাত্রকে দাঁতে নখে ছিড়িয়া ফেলিবে। তখন অধিক কথা কয় না, চোখ দিয়া আগুন শাহির হইতে থাকে, থর্থর্ করিয়া কাঁপে। গলিত লৌহের মতো তাহার হৃদয়ের কটাহে রাগ টগ্গব্গ করিতে থাকে। তাহার মনের মধ্যে ঈর্ষা সাপের মতো ফোঁস ফোঁস করে ও ফুলিয়া ফুলিয়া লেজ আছড়াইতে থাকে। এদিকে সে নানাবিধ ব্রত করে, নানাবিধ তান্ত্রিক অনুষ্ঠান করে। যে শ্রেণীর লোকদের সহিত সে মেশে, তাহাদের মন সে আশ্চর্যরূপে বুদ্ধিতে পারে। যুবরাজ যখন সিংহাসনে বসিবেন তখন সে যুবরাজের হৃদয়ের উপর সিংহাসন পাতিয়া তাঁহার হৃদয়রাজ্য ও যশোহর-রাজ্য একত্রে শাসন করিবে, এ আশা শয়নে স্বপ্নে তাহার হৃদয়ে জাগিতেছে। ইহার জন্য সে কী না করিতে পারে। বহুদিন ধরিয়া অনবরত চেষ্টা করিয়া রাজবাটীর সমস্ত দাসদাসীর সহিত সে ভাব করিয়া লইয়াছে। রাজবাটীর প্রত্যেক ক্ষুদ্র খবরটি পর্যন্ত সে রাখে। সুরমার মুখ কবে মলিন হইল তাহাও সে শুনিতো পায়, প্রতাপাদিত্যের সামান্য পীড়া হইলেও তাহার কানে যায়, ভাবে এইবার বুকি আপদটার মরণ হইবে। প্রতাপাদিত্য ও সুরমার মরণোদ্দেশে সে নানা অনুষ্ঠান করিয়াছে, কিন্তু এখনো তো কিছুই সফল হয় নাই। প্রতিদিন প্রাতে উঠিয়া সে মনে করে আজ হয়তো শুনিতো পাইব, প্রতাপাদিত্য অথবা সুরমা বিছানায় পড়িয়া মরিয়া আছে। প্রতিদিন তাহার অধীরতা বাড়িয়া উঠিতেছে। ভাবিতেছে মন্ত্রতন্ত্র চুলায় যাক, একবার হাতের কাছে পাই তো মনের সাধ মিটাই। ভাবিতে ভাবিতে এমন অধর দংশন করিতে থাকে যে, অধর কাটিয়া রক্ত পড়িবার উপক্রম হয়।

রুক্মিণী দেখিল যে, প্রতিদিন সুরমার প্রতি রাজার ও রাজমহিষীর বিরাগ বাড়িতেছে। অবশেষে এতদূর পর্যন্ত হইল যে, সুরমাকে রাজবাটী হইতে বিদায় করিয়া দিবার প্রস্তাব হইয়াছে। তাহার আর আনন্দের সীমা নাই। যখন সে দেখিল তবুও সুরমা গেল না, তখন সে বিদায় করিয়া দিবার সহজ উপায় অবলম্বন করিল।

রাজমহিষী যখন শুনিলেন, মঙ্গলা-নামক একজন বিধবা তন্ত্র মন্ত্র ঔষধ নানাপ্রকার জানে তখন তিনি ভাবিলেন, সুরমাকে রাজবাটী হইতে বিদায় করিবার আগে যুবরাজের মনটা তাহার কাছ হইতে

আদায় করিয়া লওয়া ভালো। মাতঙ্গিনীকে মঙ্গলার নিকট হইতে গোপনে ঔষধ আনাইতে পাঠাইলেন।

মঙ্গলা নানাবিধ শিকড় লইয়া সমস্ত রাত ধরিয়া কাটিয়া ভিজাইয়া ঝাঁটিয়া মিশাইয়া মন্ত্র পড়িয়া বিষ প্রস্তুত করিতে লাগিল।

সেই নিস্তরক গভীর রাতে নির্জন নগরপ্রান্তে প্রচ্ছন্ন কুটির-মধ্যে হামানদিস্তার শব্দ উঠিতে লাগিল, সেই শব্দই তাহার একমাত্র সঙ্গী হইল, সেই অবিশ্রাম একঘেয়ে শব্দ তাহার নর্তনশীল উৎসাহের তালে তালে করতালি দিতে লাগিল, তাহা উৎসাহ দ্বিগুণ নাচিতে লাগিল, তাহার চোখে আর ঘুম রহিল না।

ঔষধ প্রস্তুত করিতে পাঁচদিন লাগিল। বিষ প্রস্তুত করিতে পাঁচদিন লাগিবার আবশ্যক করে না। কিন্তু সুরমা মরিবার সময় যাহাতে যুবরাজের মনে দয়া না হয়, এই উদ্দেশে মন্ত্র পড়িতে ও অনুষ্ঠান করিতে অনেক সময় লাগিল।

প্রতাপাদিত্যের মত লইয়া মহিষী সুরমাকে আরো কিছুদিন রাজবাটীতে থাকিতে দিলেন। সুরমা চলিয়া যাইবে, বিভা চারি দিকে অকূল পাথার দেখিতেছে। এ কয়দিন সে অনবরত সুরমার কাছে বসিয়া আছে। একটি মলিন ছায়ার মতো সে চুপ করিয়া সুরমার সঙ্গে সঙ্গে ফেরে। এক-একটা দিন যায়, সন্ধ্যা আইসে, বিভা ততই যেন ঘনিষ্ঠতর ভাবে সুরমাকে আলিঙ্গন করিয়া ধরিয়া রাখিতে চায়। দিনগুলিকে কে যেন তাহার প্রাণপণ আকর্ষণ হইতে টানিয়া ছিঁড়িয়া লইয়া যাইতেছে। বিভার চারি দিকে অন্ধকার। সুরমার চক্ষেও সমস্তই শূন্য। তাহার আর উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম নাই, সংসারের দিগ্বিদিক সমস্ত মিশাইয়া গেছে। সে উদয়াদিত্যের পায়ের কাছে পড়িয়া থাকে, কোলের উপর শুইয়া থাকে, তাহার মুখের পানে চুপ করিয়া চাহিয়া থাকে, আর কিছু করে না। বিভাকে বলে, “বিভা, তোর কাছে আমার সমস্ত রাখিয়া গেলাম।” বলিয়া দুই হাতে মুখ আচ্ছাদন করিয়া কাঁদিয়া ফেলে।

অপরাত্ন হইয়া আসিয়াছে; কাল প্রত্যুষে সুরমার বিদায়ের দিন। তাহার গার্হস্থ্যের যাহা-কিছু সমস্ত একে একে বিভার হাতে সমর্পণ করিল। উদয়াদিত্য প্রশান্ত ও দৃঢ়প্রতিজ্ঞ ভাবে বসিয়া আছেন। তিনি স্থির করিয়াছেন, হয় সুরমাকে রাজপুরীতে রাখিবেন নয় তিনিও চলিয়া যাইবেন। যখন সন্ধ্যা হইল তখন সুরমা আর দাঁড়াইতে পারিল না, তাহার পা কাঁপিতে লাগিল, মাথা ঘুরিতে লাগিল। সে শয়নগৃহে গিয়া শুইয়া পড়িল, কহিল, “বিভা, বিভা, শীঘ্র একবার তাঁহাকে ডাক, আর বিলম্ব নাই!”

উদয়াদিত্য দ্বারের কাছে আসিতেই সুরমা বলিয়া উঠিল, “এসো, এসো, আমার প্রাণ কেমন করিতেছে” বলিয়া দুই বাহু বাড়াইয়া দিল। উদয়াদিত্য কাছে আসিতেই তাঁহার পা দুটি জড়াইয়া ধরিল। উদয়াদিত্য বসিলেন, তখন সুরমা বহু কষ্টে নিশ্বাস লইতেছে; তাহার হাত পা শীতল হইয়া আসিয়াছে। উদয়াদিত্য ভীত হইয়া ডাকিলেন, “সুরমা!” সুরমা অতি ধীরে মাথা তুলিয়া উদয়াদিত্যের মুখের পানে চাহিয়া কহিল, “কী নাথ।” উদয়াদিত্য ব্যাকুল হইয়া কহিলেন, “কী হইয়াছে সুরমা?” সুরমা কহিল, “বোধ করি আমার সময় হইয়া আসিয়াছে।” বলিয়া উদয়াদিত্যের কণ্ঠ আলিঙ্গন করিবার জন্য হাত উঠাইতে চাহিল, হাত উঠিল না। কেবল মুখের দিকে সে চাহিয়া রহিল। উদয়াদিত্য দুই হাতে সুরমার মুখ তুলিয়া ধরিয়া কহিলেন, “সুরমা, সুরমা তুমি কোথায় যাইবে সুরমা। আমার আর কে রহিল?” সুরমার দুই চোখ দিয়া জল পড়িতে লাগিল। সে কেবল বিভার মুখের দিকে চাহিল। বিভা তখন হতচেতন হইয়া বোধশূন্য নয়নে সুরমার দিকে চাহিয়া আছে। যেখানে প্রতি সন্ধ্যায় সুরমা ও উদয়াদিত্য বসিয়া থাকিতেন, সম্মুখে সে বাতায়ন উন্মুক্ত। আকাশের তারা দেখা যাইতেছে, ধীরে ধীরে বাতাস বহিতেছে, চারি দিক স্তব্ধ। ঘরে প্রদীপ জ্বলাইয়া গেল। রাজবাটীতে পূজার শাখ-ঘণ্টা বাজিয়া ক্রমে থামিয়া গেল। সুরমা উদয়াদিত্যকে মৃদুস্বরে কহিল, “একটা কথা কও, আমি চোখে ভালো দেখিতে পাইতেছি না।”

ক্রমে রাজবাটীতে রাষ্ট্র হইল যে, সুরমা নিজ হস্তে বিষ খাইয়া মরিতেছে। রাজমহিষী ছুটিয়া আসিলেন, সকলে ছুটিয়া আসিল। সুরমার মুখ দেখিয়া মহিষী কাঁদিয়া উঠিয়া কহিলেন, “সুরমা মা

আমার, তুই এইখানেই থাক, তোকে কোথাও যাইতে হইবে না। তুই আমাদের ঘরের লক্ষ্মী, তোকে কে যাইতে বলে ?” সুরমা শাশুড়ির পায়ের ধূলা মাথায় তুলিয়া লইল। মহিষী দ্বিগুণ কাঁদিয়া উঠিয়া কহিলেন, “মা, তুই কি রাগ করিয়া গেলি রে ?” তখন সুরমার কণ্ঠরোধ হইয়াছে, কী কথা বলিতে গেল, বাহির হইল না ! রাত্রি যখন চারিদণ্ড আছে, তখন চিকিৎসক কহিলেন, “শেষ হইয়া গেছে।” “দাদা, কী হইল গো” বলিয়া বিভা সুরমার বুকের উপরে পড়িয়া সুরমাকে জুড়াইয়া ধরিল। প্রভাত হইয়া গেল, উদয়াদিত্য সুরমার মাথা কোলে রাখিয়া বসিয়া রহিলেন।

অষ্টাদশ পরিচ্ছেদ

সুরমা কি আর নাই ? বিভার কিছুতেই তাহা মনে হয় না কেন ? যেন সুরমার দেখা পাইবে, যেন সুরমা ঐ দিকে কোথায় আছে ! বিভা ঘরে ঘরে ঘুরিয়া বেড়ায়, তাহার প্রাণ যেন সুরমাকে খুঁজিয়া বেড়াইতেছে। চুল বাঁধিবার সময় সে চুপ করিয়া বসিয়া থাকে, যেন এখনই সুরমা আসিবে, তাহার চুল বাঁধিয়া দিবে, তাহারই জন্য অপেক্ষা করিতেছে। না রে না, সন্ধ্যা হইয়া আসিল, রাত্রি হইয়া আসে। সুরমা বুঝি আর আসিল না। চুল বাঁধা আর হইল না। আজ বিভার মুখ এত মলিন হইয়া গিয়াছে, আজ বিভা এত কাঁদিতেছে, তবু কেন সুরমা আসিল না, সুরমা তো কখনো এমন করে না। বিভার মুখ একটু মলিন হইলেই অমনি সুরমা তাহার কাছে আসে, তাহার গলা ধরে, প্রাণ জুড়াইয়া তাহার মুখের পানে চাহিয়া থাকে। আর আজ— ওরে, আজ বুক ফাটিয়া গেলেও সে আসিবে না।

উদয়াদিত্যের অর্ধেক বল অর্ধেক প্রাণ চলিয়া গিয়াছে। প্রত্যেক কাজে যে তাঁহার আশা ছিল, উৎসাহ ছিল, তাহার মন্ত্রণা তাঁহার একমাত্র সহায় ছিল, তাহার হাসি তাঁহার একমাত্র পুরস্কার ছিল— সে-ই চলিয়া গেল। তিনি তাঁহার শয়নগৃহে যাইতেন, যেন কী ভাবিতেন, একবার চারি দিকে দেখিতেন, দেখিতেন— কেহ নাই। ধীরে ধীরে সেই বাতায়নে আসিয়া বসিতেন ; যেখানে সুরমা বসিত সেইখানটি শূন্য রাখিয়া দিতেন— আকাশে সেই জ্যোৎস্না, সম্মুখে সেই কানন, তেমনি করিয়া বাতাস বহিতেছে— মনে করিতেন, এমন সন্ধ্যায় সুরমা কি না আসিয়া থাকিতে পারিবে।

সহসা তাঁহার মনে হইত, যেন সুরমার মতো কার গলার স্বর শুনিত পাইলাম, চমকিয়া উঠিতেন, যদিও অসম্ভব মনে হইত, তবু একবার চারি দিক দেখিতেন, একবার বিছানায় যাইতেন, দেখিতেন— কেহ আছে কি না। যে উদয়াদিত্য সমস্ত দিন শত শত ক্ষুদ্র কাজে ব্যস্ত থাকিতেন, দরিদ্র প্রজারা তাহাদের খেতের ও বাগানের ফলমূল শাকসবজি উপহার লইয়া তাঁহার কাছে আসিত, তিনি তাহাদের জিজ্ঞাসা-পড়া করিতেন, তাহাদের পরামর্শ দিতেন, আজকাল আর সে-সব কিছুই করিতে পারেন না, তবুও সন্ধ্যাবেলায় শ্রান্ত হইয়া পড়েন। শ্রান্তপদে শয়নালয়ে আসেন, মনের মধ্যে যেন একটা আশা থাকে যে, সহসা শয়নকক্ষের দ্বার খুলিলেই দেখিতে পাইব— সুরমা সেই বাতায়নে বসিয়া আছে। উদয়াদিত্য যখন দেখিতে পান, বিভা একাকী ম্লানমুখে ঘুরিয়া বেড়াইতেছে, তখন তাঁহার প্রাণ কাঁদিয়া উঠে। বিভাকে কাছে ডাকেন, তাহাকে আদর করেন, তাহাকে কত কী স্নেহের কথা বলেন, অবশেষে দাদার হাত ধরিয়া বিভা কাঁদিয়া উঠে, উদয়াদিত্যেরও চোখ দিয়া জল পড়িতে থাকে। একদিন উদয়াদিত্য বিভাকে ডাকিয়া কহিলেন, “বিভা, এ বাড়িতে আর তোর কে রহিল ? তোকে এখন স্বশুরবাড়ি পাঠাইবার বন্দোবস্ত করিয়া দিই। কী বলিস ? আমার কাছে লজ্জা করিস না বিভা। তুই আর কার কাছে তোর মনের সাধ প্রকাশ করিবি বল ?” বিভা চুপ করিয়া রহিল। কিছু বলিল না। এ কথা কি আর জিজ্ঞাসা করিতে হয় ? পিতৃভবনে কি আর তাহার থাকিতে ইচ্ছা করে ? পৃথিবীতে যে তাহার একমাত্র জুড়াইবার স্থল আছে, সেইখানে— সেই চন্দ্রদ্বীপে যাইবার জন্য তাহার প্রাণ অস্থির হইবে না তো কী ? কিন্তু তাহাকে লইতে এ পর্যন্ত একটিও তো লোক আসিল না ! কেন আসিল না ?

বিভাকে স্বশুরবাড়ি পাঠাইবার প্রস্তাব উদয়াদিত্য একবার পিতার নিকট উত্থাপন করিলেন। প্রতাপাদিত্য কহিলেন, “বিভাকে স্বশুরবাড়ি পাঠাইতে আমার কোনো আপত্তি নাই। কিন্তু তাহাদের

নিকট যদি বিভার কোনো আদর থাকিত, তবে তাহারা বিভাকে লইতে নিজে হইতে লোক পাঠাইত । আমাদের অত ব্যস্ত হইবার আবশ্যক দেখি না ।”

রাজমহিষী বিভাকে দেখিয়া কান্নাকাটি করেন । বিভার সধবা অবস্থায় বৈধবা কি চোখে দেখা যায় ? বিভার করুণ মুখখানি দেখিলে তাঁহার প্রাণে শেল বাজে । তাহা ছাড়া মহিষী তাঁহার জামাতাকে অত্যন্ত ভালোবাসেন, সে একটা কী ছেলেমানুষী করিয়াছে বলিয়া তাহার ফল যে এতদূর পর্যন্ত হইবে, ইহা তাঁহার কিছুতেই ভালো লাগে নাই । তিনি মহারাজের কাছে গিয়া মিনতি করিয়া বলিলেন, “মহারাজ, বিভাকে স্বশুরবাড়ি পাঠাও ।” মহারাজ রাগ করিলেন, কহিলেন, “ঐ এক কথা আমি অনেকবার শুনিয়াছি, আর আমাকে বিরক্ত করিয়ো না । যখন তাহারা বিভাকে ভিক্ষা চাহিবে, তখন তাহারা বিভাকে পাইবে ।” মহিষী কহিলেন, “মেয়ে অধিক দিন স্বশুরবাড়ি না গেলে দশজনে কী বলিবে ?” প্রতাপাদিত্য কহিলেন, “আর প্রতাপাদিত্য নিজে সাধিয়া যদি মেয়েকে পাঠায় আর রামচন্দ্র রায় যদি তাহাকে দ্বার হইতে দূর করিয়া দেয়, তাহা হইলেই বা দশজনে কী বলিবে ?”

মহিষী কাঁদিতে কাঁদিতে ভাবিলেন, মহারাজ এক-এক সময় কী যে করেন তাহার কোনো ঠিকানা থাকে না ।

উনবিংশ পরিচ্ছেদ

মান অপমানের প্রতি রাজা রামচন্দ্র রায়ের অত্যন্ত সূক্ষ্ম দৃষ্টি । রাজা একদিন চতুর্দোলায় করিয়া রাস্তায় বাহির হইয়াছিলেন, দুইজন অনভিজ্ঞ তাঁতি তাহাদের কুটিরের সম্মুখে বসিয়া তাঁত বুনিতেন, চতুর্দোল দেখিয়া উঠিয়া দাঁড়ায় নাই, রাজা তাহা লইয়া ছলুস্থূল করিয়া তুলিয়াছিলেন । একবার যশোহরে তাঁহার স্বশুরবাড়ির এক চাকরকে তিনি একটা কী কাজের জন্য আদেশ করিয়াছিলেন, সে বেচারা এক শুনিতে আর শুনিয়াছিল, কাজে ভুল করিয়াছিল, মহামানী রামচন্দ্র রায় তাহা হইতে সিদ্ধান্ত করিয়াছিলেন যে, স্বশুরবাড়ির ভৃত্যেরা তাঁহাকে মানে না । তাহারা অবশ্য তাহাদের মনিবদের কাছেই এইরূপ শিখিয়াছে নহিলে তাহারা সাহস করিত না । বিশেষত সেইদিন প্রাতঃকালেই তিনি দেখিয়াছিলেন যুবরাজ উদয়াদিত্য সেই চাকরকে চুপি চুপি কী একটা কথা বলিতেছিলেন— অবশ্য তাঁহাকে অপমান করিবার পরামর্শই চলিতেছিল, নহিলে আর কী হইতে পারে । একদিন কয়েকজন বালক মাটির টিপির সিংহাসন গড়িয়া, রাজা, মন্ত্রী ও সভাসদ সাজিয়া রাজসভার অনুকরণে খেলা করিতেছিল । রাজার কানে যায়, তিনি তাহাদের পিতাদের ডাকিয়া বিলক্ষণ শাসন করিয়া দেন ।

আজ মহারাজা গদির উপরে তাকিয়া ঠেসান দিয়া গুড়গুড়ি টানিতেছেন । সম্মুখে এক ভীকু দরিদ্র অপরাধী খাড়া রহিয়াছে, তাহার বিচার চলিতেছে । সে ব্যক্তি কোনো সূত্রে প্রতাপাদিত্য ও রামচন্দ্র রায় সংক্রান্ত ঘটনা শুনিতো পায় ও তাহা লইয়া আপনা-আপনির মধ্যে আলোচনা করে, তাহাই শুনিয়া তাহার শত্রুপক্ষের একজন সে কথাটা রাজার কানে উত্থাপন করে । রাজা মহা-খাপা হইয়া তাহাকে তলব করেন । তাহাকে ফাঁসিই দেন কি নির্বাসনই দেন, এমনি একটা কাণ্ড বাধিয়া গেছে ।

রাজা বলিতেছেন, “বেটা, তোর এতবড়ো যোগ্যতা !”

সে কাঁদিয়া কহিতেছে, “দোহাই মহারাজ, আমি এমন কাজ করি নাই ।”

মন্ত্রী কহিতেছেন, “বেটা, প্রতাপাদিত্যের সঙ্গে আমাদের মহারাজের তুলনা ।”

দেওয়ান কহিতেছেন, “বেটা, জানিস না, যখন প্রতাপাদিত্যের বাপ প্রথম রাজা হয়, তাহাকে রাজটিকা পরাইবার জন্য সে আমাদের মহারাজার স্বর্গীয় পিতামহের কাছে আবেদন করে । অনেক কাঁদাকাটা করাতো তিনি তাঁহার বাঁ পায়ের কড়ে আঙুল দিয়া তাহাকে টিকা পরাইয়া দেন ।”

রমাই ভাঁড় কহিতেছে, “বিক্রমাদিত্যের ছেলে প্রতাপাদিত্য, উহারা তো দুই পুরুষে রাজা । প্রতাপাদিত্যের পিতামহ ছিল কেঁচো, কেঁচোর পুত্র হইল জোক, বেটা প্রজার রক্ত খাইয়া খাইয়া বিষম ফুলিয়া উঠিল, সেই জোকের পুত্র আজ মাথা খুঁড়িয়া খুঁড়িয়া মাথাটা কুলোপানা করিয়া তুলিয়াছে ও

সাপের মতো চক্র ধরিতে শিখিয়াছে। আমরা পুরুষানুক্রমে রাজসভায় ভাঁড়বৃত্তি করিয়া আসিতেছি, আমরা বেদে, আমরা জাত-সাপ চিনি না?" রাজা রামচন্দ্র রায় বিষম সন্তুষ্ট হইয়া সহাস্যবদনে গুড়গুড়ি টানিতে লাগিলেন। আজকাল প্রত্যহ সভায় প্রতাপাদিত্যের উপর একবার করিয়া আক্রমণ হয়। প্রতাপাদিত্যের পৃষ্ঠ লক্ষ্যপূর্বক শব্দভেদী বচনবাণ বর্ষণ করিয়া সেনানীদের তৃণ নিঃশর হইলে সভা ভঙ্গ হয়। যাহা হউক, আজিকার বিচারে অপরাধী অনেক কাঁদাকাটি করাতে দোর্দণ্ডপ্রতাপ রামচন্দ্র রায় কহিলেন, "আচ্ছা যা, এ যাত্রা বাঁচিয়া গেলি, ভবিষ্যতে সাবধান থাকিস।"

অন্যান্য সভাসদ চলিয়া গেল, কেবল মন্ত্রী ও রমাই ভাঁড় রাজার কাছে রহিল। প্রতাপাদিত্যের কথাই চলিতে লাগিল।

রমাই কহিল, "আপনি তো চলিয়া আসিলেন, এদিকে যুবরাজ বাবাজি বিষম গোলে পড়িলেন। রাজার অভিপ্রায় ছিল, কন্যাটি বিধবা হইলে হাতের লোহা ও বালা দুগাছি বিক্রয় করিয়া রাজকোষে কিঞ্চিৎ অর্থাগম হয়। যুবরাজ তাহাতে ব্যাঘাত করিলেন। তাহা লইয়া তম্বি কত!"

রাজা হাসিতে লাগিলেন, কহিলেন, "বটে!"

মন্ত্রী কহিলেন, "মহারাজ, শুনিতে পাই, প্রতাপাদিত্য আজকাল আপসোসে সারা হইতেছেন। এখন কী উপায়ে মেয়েকে স্বশুরবাড়ি পাঠাইবেন, তাহাই ভাবিয়া তাঁহার আহারনিদ্রা নাই।"

রাজা কহিলেন, "সত্য নাকি!" বলিয়া হাসিতে লাগিলেন, তামাক টানিতে লাগিলেন, বড়োই আনন্দ বোধ হইল।

মন্ত্রী কহিল, "আমি বলিলাম, আর মেয়েকে স্বশুরবাড়ি পাঠাইয়া কাজ নাই। তোমাদের ঘরে মহারাজ বিবাহ করিয়াছেন, ইহাতেই তোমাদের সাত পুরুষ উদ্ধার হইয়া গেছে। তাহার পরে আবার তোমাদের মেয়েকে ঘরে আনিয়া ঘর নিচু করা, এত পুণ্য এখনো তোমরা কর নাই। কেমন হে ঠাকুর!"

রমাই কহিল, "তাহার সন্দেহ আছে! মহারাজ, আপনি যে পাকে পা দিয়াছেন, সে তো পাকের বাবার ভাগ্য, কিন্তু তাই বলিয়া ঘরে ঢুকিবার সময় পা ধুইয়া আসিবেন না তো কী!"

এইরূপে হাস্যপরিহাস চলিতে লাগিল। প্রতাপাদিত্য ও উদয়াদিত্যের কাল্পনিক মূর্তি সম্মুখে রাখিয়া তাহাদিগকে ক্ষতবিক্ষত করা হইতে লাগিল। উদয়াদিত্যের যে কী অপরাধ তাহা বুঝিতে পারি না। তিনি যে নিজে বিপদকে অগ্রাহ্য করিয়া রামচন্দ্র রায়ের প্রাণরক্ষা করিলেন, সে-সকল কথা চুলায় গেল, আর তিনি প্রতাপাদিত্যের সন্তান হইয়াছেন এই অপরাধে রামচন্দ্র রায় তাঁহার কথা তুলিয়া অকাতরে হাস্যপরিহাস করিতে লাগিলেন। রামচন্দ্র রায় যে নিষ্ঠুর তাহা নহে, তিনি একজন লঘুহৃদয় সংকীর্ণপ্রাণ লোক। উদয়াদিত্য যে তাঁহার প্রাণ রক্ষা করিয়াছেন, তজ্জন্য তিনি কৃতজ্ঞ নহেন। তিনি মনে করেন, ইহা তো হইবেই, ইহা না হওয়াই অন্যায। রামচন্দ্র রায় বিপদে পড়িলে তাঁহাকে সকলে মিলিয়া বাঁচাইবে না তো কী! তাঁহার মনে হয়, রামচন্দ্র রায়ের পায়ে কাঁটা ফুটিলে সমস্ত জগৎ-সংসারের প্রাণে বেদনা লাগে। তিনি মনে করিতে পারেন না যে, পৃথিবীর একজন অতি ক্ষুদ্রতম লোকেরও নিজের বিপদের কাছে মহারাজাধিরাজ রামচন্দ্র রায় কিছুই নহে। দিবারাত্রি শত শত স্তুতিবাদকের দাঁড়িপাল্লায় এক দিকে জগৎকে ও আর-এক দিকে নিজেকে চড়াইয়া তিনি নিজেকেই ওজনে ভারী বলিয়া স্থির করিয়া রাখিয়াছেন, এইজন্য সহজে আর কাহারও উপরে তাঁর কৃতজ্ঞতার উদয় হয় না। তাহা ছাড়া উদয়াদিত্যের প্রতি কৃতজ্ঞতার উদয় না হইবার আর-এক কারণ এই যে, তিনি মনে করেন উদয়াদিত্য নিজের ভগিনীর জন্যই তাঁহাকে বাঁচাইয়াছেন, তাঁহার প্রাণরক্ষাই উদয়াদিত্যের উদ্দেশ্য ছিল না। তাহা ছাড়া যদি বা রামচন্দ্রের হৃদয়ে কৃতজ্ঞতার সঞ্চয় হইত, তবুও তিনি উদয়াদিত্যকে লইয়া হাস্যপরিহাসের ক্রটি করিতেন না। কারণ যেখানে দশজনে মিলিয়া একজনকে লইয়া হাসিতামাশা করিতেছে, বিশেষত রমাই ভাঁড় যাহাকে লইয়া বিদ্রূপ করিতেছে, সেখানে তিনি তাহাদের মুখ বন্ধ করেন বা তাহাদের সহিত যোগ না দেন, এমন তাঁহার মনের জোর নাই। তাঁহার মনে হয়, তাহা হইলে সকলে কী মনে করিবে।

এখনো বিভার প্রতি রামচন্দ্র রায়ের আসক্তির মতো একটা ভাব আছে। বিভা সুন্দরী, বিভা সবেমাত্র যৌবনে পদার্পণ করিয়াছে। রামচন্দ্র রায়ের সহিত বিভার অতি অল্পদিনই সাক্ষাৎ হইয়াছে। প্রতাপাদিত্যের প্রতি অবহেলা প্রদর্শন করিয়াছেন— কিন্তু যখন সেই রাতে প্রথম নিদ্রা ভাঙিয়া সহসা তিনি দেখিলেন, বিভা শয্যায় বসিয়া কাঁদিতেছে, তাহার মুখে জ্যোৎস্না পড়িয়াছে, তাহার অর্ধ-অনাবৃত বক্ষ কাঁপিয়া কাঁপিয়া উঠিতেছে, তাহার মধুর করুণ দুটি চক্ষু বহিয়া জল পড়িতেছে, তাহার ক্ষুদ্র দুটি অধর কচি কিশলয়ের মতো কাঁপিতেছে, তখন তাঁহার মনে সহসা একটা কী উচ্ছ্বাস হইল, বিভার মাথা কোলে রাখিলেন, চোখের জল মুছাইয়া দিলেন, বিভার করুণ অধর চুম্বন করিবার জন্য হৃদয়ে একটা আবেগ উপস্থিত হইল, তখনই প্রথম তাঁহার শরীরে মুহূর্তের জন্য বিদ্যুৎ সঞ্চারণ হইল, তখনই প্রথম তিনি বিভার নববিকশিত যৌবনের লাবণ্যরাশি দেখিতে পাইলেন, সেই প্রথম তাঁহার নিশ্বাস বেগে বহিল, অর্ধনিমীলিত নেত্রপল্লবে জলের রেখা দেখা দিল, হৃদয় বেগে উঠিতে পড়িতে লাগিল। বিভাকে চুম্বন করিতে গেলেন। এমন সময়ে দ্বারে আঘাত পড়িল, এমন সময়ে বিপদের সংবাদ শুনিতে পাইলেন। সেই যে হৃদয়ের প্রথম বিকাশ, সেই যে বাসনার প্রথম উচ্ছ্বাস, সেই যে নয়নের মোহদৃষ্টি, তাহা পরিতৃপ্ত হইল না বলিয়া তাহারা তৃষাকাতর হইয়া রামচন্দ্র রায়ের স্মৃতি অধিকার করিয়া রহিল। ইহা স্থায়ী প্রেমের ভাব নহে, কারণ রামচন্দ্র রায়ের লঘু হৃদয়ের পক্ষে তাহা সম্ভব নহে। একটা বিলাসদ্রব্যের প্রতি শৌখিন হৃদয়ের যেমন সহসা একটা টান পড়ে, শৌখিন রামচন্দ্র রায়েরও বিভার প্রতি সেইরূপ একটা ভাব জন্মিয়াছিল। যাহা হউক, যে-কারণেই হউক রামচন্দ্র রায়ের যৌবনস্বপ্নে বিভা জাগিতেছিল। বিভাকে পাইবার জন্য তাঁহার একটা অভিলাষ উদয় হইয়াছিল। কিন্তু যদি বিভাকে আনিতে পাঠান, তাহা হইলে সকলে কী মনে করিবে। সভাসদেরা যে তাঁহাকে স্ত্রৈণ মনে করিবে, মন্ত্রী যে মনে মনে অসন্তুষ্ট হইবে, রমাই ভাঁড় যে মনে মনে হাসিবে। তাহা ছাড়া, প্রতাপাদিত্যের তাহা হইলে কী শাস্তি হইল? স্বশুরের উপর প্রতিহিংসা তোলা হইল কই? এইরূপ সাত-পাঁচ ভাবিয়া বিভাকে আনিতে পাঠাইতে তাঁহার ভরসা হয় না, প্রবৃত্তি হয় না। এমন-কি, বিভাকে লইয়া হাস্যপরিহাস চলিতে থাকে, তাহাতে বাধা দিতেও তাঁহার সাহস হয় না এবং প্রতাপাদিত্যের কথা মনে করিয়া তাহাতে বাধা দিতে তাঁহার ইচ্ছাও হয় না।

রমাই ভাঁড় ও মন্ত্রী চলিয়া গেলে রামমোহন মাল আসিয়া জোড়হাতে কহিল, “মহারাজ।”

রাজা কহিলেন, “কী রামমোহন।”

রামমোহন। মহারাজ, আজ্ঞা দিন, আমি ঠাকুরানীকে আনিতে যাই।

রাজা কহিলেন, “সে কী কথা!”

রামমোহন কহিল, “আজ্ঞা হাঁ। অন্তঃপুর শূন্য হইয়া আছে, আমি তাহা দেখিতে পারিব না। অন্তঃপুরে যাই, মহারাজের ঘরে কাহাকেও দেখিতে পাই না, আমার যেন প্রাণ কেমন করিতে থাকে। আমার মা-লক্ষ্মী গৃহে আসিয়া গৃহ উজ্জ্বল করুন আমরা দেখিয়া চক্ষু সার্থক করি।”

রাজা কহিলেন, “রামমোহন, তুমি পাগল হইয়াছ? সে-মেয়েকে আমি ঘরে আনি?”

রামমোহন নেত্র বিস্ফারিত করিয়া কহিল, “কেন মহারাজ, আমার মা-ঠাকুরানী কী অপরাধ করিয়াছেন?”

রাজা কহিলেন, “বল কী রামমোহন! প্রতাপাদিত্যের মেয়েকে আমি ঘরে আনিব?”

রামমোহন কহিল, “কেন আনিবেন না? প্রতাপাদিত্যের সহিত তাঁহার সম্পর্ক কিসের? যতদিন বিবাহ না হয় ততদিন মেয়ে বাপের; বিবাহ হইলে পর আর তাহাতে বাপের অধিকার থাকে না। এখন আপনার মহিষী আপনার— আপনি যদি তাঁহাকে ঘরে না আনেন, আপনি যদি তাঁহাকে সমাদর না করেন, তবে আর কে করিবে?”

রাজা কহিলেন, “প্রতাপাদিত্যের মেয়েকে যে আমি বিবাহ করিয়াছি, ইহাই যথেষ্ট হইয়াছে, আবার তাহাকে ঘরে আনিব? তাহা হইলে মান রক্ষা হইবে কী করিয়া?”

রামমোহন কহিল, “মান রক্ষা? আপনার নিজের মহিষীকে আপনি পরের ঘরে ফেলিয়া

রাখিয়াছেন, তাঁহার উপর আপনার কোনো অধিকার নাই, তাঁহার উপর অন্য লোক যাহা ইচ্ছা প্রভুত্ব করিতে পারে, ইহাতেই কি আপনার মান রক্ষা হইতেছে ?”

রাজা কহিলেন, “যদি প্রতাপাদিত্য মেয়েকে না দেয় ?”

রামমোহন বিশাল বক্ষ ফুলাইয়া কহিল, “কী বলিলেন মহারাজ ? যদি না দেয় ? এতবড়ো সাধা কাহার যে দিবে না ? আমার মা-জননী, আমাদের ঘরের মা-লক্ষ্মী, কাহার সাধ্য তাঁহাকে আমাদের কাছ হইতে রাখিতে পারে ? যতবড়ো প্রতাপাদিত্য হউন-না কেন, তাঁহার হাত হইতে কাড়িয়া লইব । এই বলিয়া গেলাম । আমার মাকে আমি আনিব, তুমি বারণ করিবার কে ?” বলিয়া রামমোহন প্রস্থানের উপক্রম করিল ।

রাজা তাড়াতাড়ি কহিলেন, “রামমোহন, যেয়ো না, শোনো শোনো । আচ্ছা, তুমি মহিষীকে আনিতে যাও তাহাতে কোনো আপত্তি নাই, কিন্তু— দেখো, এ কথা যেন কেহ শুনিতো না পায় । রমাই কিংবা মন্ত্রী কানে যেন এ কথা না উঠে ।”

রামমোহন কহিল, “যে আজ্ঞা মহারাজ ।” বলিয়া চলিয়া গেল ।

যদিও মহিষী রাজপুরে আসিলেই সকলে জানিতে পারিবে, তথাপি সে অনেক বিলম্ব আছে, তাহার জন্য প্রস্তুত হইবার সময় আছে । আপাতত উপস্থিত লজ্জার হাত এড়াইতে পারিলেই রামচন্দ্র রায় বাঁচেন ।

বিংশ পরিচ্ছেদ

উদয়াদিত্য কিসে সুখে থাকেন, দিনরাত বিভার সেই একমাত্র চেষ্টা । নিজের হাতে সে তাঁহার সমস্ত কাজ করে । সে নিজে তাঁহার খাবার আনিয়া দেয়, আহারের সময় সম্মুখে বসিয়া থাকে, সামান্য বিষয়েও ক্রটি হইতে দেয় না । যখন সন্ধ্যার সময় উদয়াদিত্য তাঁহার ঘরে আসিয়া বসেন, দুই হাতে চক্ষু আচ্ছাদন করিয়া চুপ করিয়া বসিয়া থাকেন, বুঝি চোখ দিয়া জল পড়িতে থাকে, তখন বিভা আস্তে আস্তে তাঁহার পায়ের কাছে আসিয়া বসে— কথা উত্থাপন করিতে চেষ্টা করে, কিছুই কথা যোগায় না । দুইজনে স্তব্ধ, কাহারও মুখে কথা নাই । মলিন দীপের আলো মাঝে মাঝে কাঁপিয়া কাঁপিয়া উঠিতেছে, সেই সঙ্গে সঙ্গে দেয়ালের উপরে একটা আঁধারের ছায়া কাঁপিতেছে, বিভা অনেকক্ষণ ধরিয়া চুপ করিয়া সেই ছায়ার দিকে চাহিয়া চাহিয়া বুক ফাটিয়া নিশ্বাস ফেলিয়া কাঁদিয়া উঠে, “দাদা, সে কোথায় গেল ?” উদয়াদিত্য চমকিয়া উঠেন, চক্ষুর আচ্ছাদন অপসারণ করিয়া বিভার মুখের দিকে চাহিয়া থাকেন, যেন বিভা কী বলিল ভালো বুঝিতে পারেন নাই, যেন তাহাই বুঝিতে চেষ্টা করিতেছেন, সহসা চৈতন্য হয়, তাড়াতাড়ি চোখের জল মুছিয়া বিভার কাছে আসিয়া বলেন, “আয় বিভা, একটা গল্প বলি শোন ।”

বর্ষার দিন খুব মেঘ করিয়াছে, সমস্ত দিন ঝুপ ঝুপ করিয়া বৃষ্টি হইতেছে । দিনটা আঁধার করিয়া রহিয়াছে, বাগানের গাছপালাগুলো স্থিরভাবে দাঁড়াইয়া ভিজিতেছে । এক-এক বার বাতাস দিতেছে ও ঘরের মধ্যে বৃষ্টির ছাট আসিতেছে । উদয়াদিত্য চুপ করিয়া বসিয়া আছেন । আকাশে মেঘ ডাকিতেছে, দিগন্তে বিদ্যুৎ হানিতেছে । বৃষ্টির অবিশ্রাম শব্দ কেবল যেন বলিতেছে, “সুরমা নাই— সে নাই ।” মাঝে মাঝে আর্দ্র বাতাস ছুঁ করিয়া আসিয়া যেন বলিয়া যায়, “সুরমা কোথায় !” বিভা ধীরে ধীরে উদয়াদিত্যের কাছে আসিয়া কহে, “দাদা !” দাদা আর উত্তর দিতে পারেন না, বিভাকে দেখিয়াই তিনি মুখ ঢাকিয়া বাতায়নের উপরে মাথা রাখিয়া পড়েন, মাথার উপরে বৃষ্টি পড়িতে থাকে । এমনি করিয়া দিন চলিয়া যায়, সন্ধ্যা হইয়া আসে, রাত্রি হইতে থাকে । বিভা উদয়াদিত্যের আহারের আয়োজন করিয়া আবার আসিয়া বলে, “দাদা, খাবার আসিয়াছে, খাও’সে ।” উদয়াদিত্য কোনো উত্তর করেন না । রাত্রি অধিক হইতে লাগিল । বিভা কাঁদিয়া কহে, “দাদা, উঠ, রাত হইল ।” উদয়াদিত্য মুখ তুলিয়া দেখেন, বিভা কাঁদিতেছে, তাড়াতাড়ি উঠিয়া বিভার চোখ মুছাইয়া খাইতে যান । ভালো করিয়া খান

না। বিভা তাই দেখিয়া নিশ্বাস ফেলিয়া শুইতে যায়, সে আর আহাৰ স্পর্শ করে না।

বিভা কথা কহিতে, গল্প করিতে চেষ্টা করে, কিন্তু বিভা অধিক কথা কহিতে পারে না। উদয়াদিত্যকে কী করিয়া যে সুখে রাখিবে ভাবিয়া পায় না। সে কেবল ভাবে, আহা যদি দাদামহাশয় থাকিতেন!

আজকাল উদয়াদিত্যের মনে কেমন একটা ভয় উপস্থিত হইয়াছে। তিনি প্রতাপাদিত্যকে অত্যন্ত ভয় করেন। আর সে পূর্বকাল সাহস নাই। বিপদকে তৃণজ্ঞান করিয়া অত্যাচারের বিরুদ্ধে প্রাণপণ করিতে এখন আর পারেন না। সকল কাজেই ইতস্তত করেন, সকল বিষয়েই সংশয় উপস্থিত হয়।

একদিন উদয়াদিত্য শুনিলেন ছাপরার জমিদারের কাছারিতে রাত্রিযোগে লাঠিয়াল পাঠাইয়া কাছারি লুট করিবার ও কাছারিতে আগুন লাগাইয়া দিবার আদেশ হইয়াছে। উদয়াদিত্য তৎক্ষণাৎ তাঁহার অশ্ব প্রস্তুত করিতে কহিয়া অস্ত্রপুরে গেলেন। শয়নগৃহে প্রবেশ করিয়া একবার চারি দিক দেখিলেন। কী ভাবিতে লাগিলেন। ভাবিতে ভাবিতে অন্যমনস্ক হইয়া বেশ পরিবর্তন করিতে লাগিলেন। বাহিরে আসিলেন। ভৃত্য আসিয়া কহিল, “যুবরাজ, অশ্ব প্রস্তুত হইয়াছে। কোথায় যাইতে হইবে?” যুবরাজ কিছুক্ষণ অন্যমনস্ক হইয়া ভৃত্যের মুখের দিকে চাহিয়া রহিলেন ও অবশেষে কহিলেন, “কোথাও না। তুমি অশ্ব লইয়া যাও।”

একদিন এক ক্রন্দনের শব্দ শুনিতে পাইয়া উদয়াদিত্য বাহির হইয়া আসিলেন, দেখিলেন রাজকর্মচারী এক প্রজাকে গাছে বাঁধিয়া মারিতেছে। প্রজা কাঁদিয়া যুবরাজের মুখের দিকে চাহিয়া কহিল, “দোহাই যুবরাজ।” যুবরাজ তাহার যন্ত্রণা দেখিতে পারিলেন না, তাড়াতাড়ি ছুটিয়া গৃহের মধ্যে প্রবেশ করিলেন। আগে হইলে ফলাফল বিচার না করিয়া কর্মচারীকে বাধা দিতেন, প্রজাকে রক্ষা করিতে চেষ্টা করিতেন।

ভাগবত ও সীতারামের বৃত্তি বন্ধ হইয়া গেছে। তাহাদিগকে প্রকাশ্যে অথবা গোপনে অর্থ সাহায্য করিতে যুবরাজের আর সাহস হয় না। যখনই তাহাদের কষ্টের কথা শুনেন, তখনই মনে করেন, ‘আজই আমি টাকা পাঠাইয়া দিব।’ তাহার পরেই ইতস্তত করিতে থাকেন, পাঠানো আর হয় না।

কেহ যেন না মনে করেন, উদয়াদিত্য প্রাণের ভয়ে এরূপ করিতেছেন। সম্প্রতি জীবনের প্রতি তাঁহার যে পূর্বাপেক্ষা বিশেষ আসক্তি জন্মিয়াছে তাহা নহে। তাঁহার মনে একটা অন্ধ ভয় উপস্থিত হইয়াছে। প্রতাপাদিত্যকে তিনি যেন রহস্যময় কী একটা মনে করেন। যেন উদয়াদিত্যের অদৃষ্ট, উদয়াদিত্যের ভবিষ্যৎ জীবনের প্রতিদিন প্রতি মুহূর্ত প্রতাপাদিত্যের মুষ্টির মধ্যে রহিয়াছে। উদয়াদিত্য যখন মৃত্যুকে আলিঙ্গন করিতে যাইতেছেন, জীবনের শেষ মুহূর্তে অবস্থান করিতেছেন, তখনো যদি প্রতাপাদিত্য ভুকুঞ্চিত করিয়া বাঁচিতে আদেশ করেন, তাহা হইলে যেন তখনো তাঁহাকে মৃত্যুর মুখ হইতে ফিরিয়া আসিতে হইবে।

একবিংশ পরিচ্ছেদ

বিধবা রুক্মিণীর (মঙ্গলার) কিঞ্চিৎ নগদ টাকা আছে। সেই টাকা খাটাইয়া সুদ লইয়া সে জীবিকা নির্বাহ করে। রূপ এবং রূপা এই দুয়ের জোরে সে অনেককে বশে রাখিয়াছে। সীতারাম শৌখিন লোক, অথচ ঘরে এক পয়সার সংস্থান নাই, এইজন্য রুক্মিণীর রূপ ও রূপা উভয়ের প্রতিই তাহার আন্তরিক টান আছে। যেদিন ঘরে হাঁড়ি কাঁদিতেছে, সেদিন সীতারামকে দেখো, দিব্য নিশ্চিন্ত মুখে হাতে লাঠি লইয়া পাতলা চাদর উড়াইয়া বুক ফুলাইয়া রাস্তা দিয়া চলিতেছে, মঙ্গলার বাড়ি যাইবে। পথে যদি কেহ জিজ্ঞাসা করে, “কেমন হে সীতারাম, সংসার কেমন চলিতেছে?” সীতারাম তৎক্ষণাৎ অমানবদনে বলে, “বেশ চলিতেছে। কাল আমাদের ওখানে তোমার নিমন্ত্রণ রহিল।” সীতারামের বড়ো বড়ো কথাগুলো কিছুমাত্র কমে নাই, বরঞ্চ অবস্থা যতই মন্দ হইতেছে কথার পরিমাণ লম্বা ও চওড়ার দিকে ততই বাড়িতেছে। সীতারামের অবস্থা বড়ো মন্দ হইতে চলিল। সম্প্রতি এমন হইয়া

দাঁড়াইয়াছে যে, পিসা তাঁহার অনরারি পিসা-বৃত্তি পরিত্যাগ করিয়া স্বদেশে ফিরিয়া যাইতে মানস করিতেছেন।

আজ টাকার বিশেষ আবশ্যক হইয়াছে, সীতারাম রুক্ষিণীর বাড়িতে আসিয়াছে। হাসিয়া কাছে ঘেঁষিয়া কহিল—

“ভিক্ষা যদি দিবে রাই,
আমার সোনা-রুপায় কাজ নাই,
আমি প্রাণের দায়ে এসেছি হে,
মানরতন ভিক্ষা চাই।

না ভাই, ছড়াটা ঠিক খাটিল না। মানরতনে আমার আপাতত তেমন আবশ্যক নাই, যদি আবশ্যক হয় পরে দেখা যাইবে, আপাতত কিঞ্চিৎ সোনা-রুপা পাইলে কাজে লাগে।”

রুক্ষিণী সহসা বিশেষ অনুরাগ প্রকাশ করিয়া কহিল, “তা, তোমার যদি আবশ্যক হইয়া থাকে তো তোমাকে দিব না তো কাহাকে দিব?”

সীতারাম তাড়াতাড়ি কহিল, “নাঃ— আবশ্যক এমনই কী। তবে কী জান ভাই, আমার মার কাছে টাকা থাকে, আমি নিজের হাতে টাকা রাখি না। আজ সকালে মা জোড়াঘাটায় তাঁর জামাইয়ের বাড়ি গিয়াছেন। টাকা বাহির করিয়া দিতে ভুলিয়া গেছেন। তা আমি কালই শোধ করিয়া দিব।”

মঙ্গলা মনে মনে হাসিয়া কহিল, “তোমার অত তাড়াতাড়ি করিবার আবশ্যক কী? যখন সুবিধা হয় শোধ দিলেই হইবে। তোমার হাতে দিতেছি, এ তো আর জলে ফেলিয়া দিতেছি না।” জলে ফেলিয়া দিলেও বরঞ্চ পাইবার সম্ভাবনা আছে, সীতারামের হাতে দিলে সে সম্ভাবনাটুকুও নাই, এই প্রভেদ।

মঙ্গলার এইরূপ অনুরাগের লক্ষণ দেখিয়া সীতারামের ভালোবাসা একেবারে উথলিয়া উঠিল। সীতারাম রসিকতা করিবার উদ্যোগ করিল। বিনা টাকায় নবাবি করা ও বিনা হাস্যরসে রসিকতা করা সীতারামের স্বভাবসিদ্ধ। সে যাহা মুখে আসে তাহাই বলে ও আর কাহারও অপেক্ষা না করিয়া নিজেই হাসিতে থাকে। তাহার হাসি দেখিয়া হাসি পায়। সে যখন রাজবাড়ির প্রহরী ছিল, তখন অন্যান্য প্রহরীদের সহিত সীতারামের প্রায় মাঝে মাঝে দাঙ্গাহাঙ্গামা বাধিবার উদ্যোগ হইত, তাহার প্রধান কারণ, সীতারাম যাহাকে মজা মনে করিত আর-সকলে তাহাকে মজা মনে করিত না। হনুমানপ্রসাদ তেওয়ারি পাহারা দিতে দিতে ঢুলিতেছিল, সীতারাম আস্তে আস্তে তাহার পশ্চাতে গিয়া হঠাৎ পিঠে এমন এক কিল মারিল যে, সেই হাড়ভাঙা রসিকতার জ্বালায় তাহার পিঠ ও পিঙ্গ একসঙ্গে জ্বলিয়া উঠিল। সীতারাম উচ্চৈঃস্বরে হাসিতে লাগিল, কিন্তু হনুমানপ্রসাদ সে হাসিতে যোগ না দিয়া কিলের সহিত হাস্যরসের প্রভেদ ও করুণ রসের সম্বন্ধ উদাহরণ দ্বারা সীতারামকে অতিশয় স্পষ্ট করিয়া বুঝাইয়া দিয়াছিল। সীতারামের রসিকতার এমন আরো শত শত গল্প এইখানে উদ্ধৃত করা যাইতে পারে।

পূর্বেই বলা হইয়াছে সীতারামের অনুরাগ সহসা উথলিয়া উঠিল, সে রুক্ষিণীর কাছে ঘেঁষিয়া প্রীতিভরে কহিল, “তুমি আমার সুভদ্রা, আমি তোমার জগন্নাথ!”

রুক্ষিণী কহিল, “মর্ মিনসে। সুভদ্রা যে জগন্নাথের বোন!”

সীতারাম কহিল, “তাহা কেমন করিয়া হইবে? তাহা হইলে সুভদ্রাহরণ হইল কী করিয়া।”

রুক্ষিণী হাসিতে লাগিল, সীতারাম বুক ফুলাইয়া কহিল, “না, তা হইবে না, হাসিলে হইবে না, জবার দাও। সুভদ্রা যদি বোনই হইল তবে সুভদ্রাহরণ হইল কী করিয়া।”

সীতারামের বিশ্বাস যে, সে এমন প্রবল যুক্তি প্রয়োগ করিয়াছে যে ইহার উপরে আর কথা কহিবার জো নাই।

রুক্ষিণী অতি মিষ্টস্বরে কহিল, “দূর মূর্খ।”

সীতারাম গলিয়া গিয়া কহিল, “মূর্খই তো বটে, তোমার কাছে আমি তো ভাই হারিয়াই আছি।

তোমার কাছে আমি চিরকাল মূর্থ ।” সীতারাম মনে মনে ভাবিল খুব জবাব দিয়াছি, বেশ কথা জোগাইয়াছে ।

আবার কহিল, “আচ্ছা ভাই, কথাটা যদি তোমার পছন্দ না হইল, কী বলিয়া ডাকিলে তুমি খুশি হইবে, আমাকে বলো ।”

রুক্ষিণী হাসিয়া কহিল, “বলো প্রাণ ।”

সীতারাম কহিল, “প্রাণ ।”

রুক্ষিণী কহিল, “বলো প্রিয়ে ।”

সীতারাম কহিল, “প্রিয়ে ।”

রুক্ষিণী কহিল, “বলো প্রিয়তমে ।”

সীতারাম কহিল, “প্রিয়তমে ।”

রুক্ষিণী কহিল, “বলো প্রাণপ্রিয়ে ।”

সীতারাম কহিল, “প্রাণপ্রিয়ে, আচ্ছা ভাই প্রাণপ্রিয়ে, তুমি যে টাকাটা দিলে, তাহার সুদ কত লইবে ?”

রুক্ষিণী রাগ করিল, মুখ বাঁকাইয়া কহিল, “যাও যাও, এই বুঝি তোমার ভালোবাসা । সুদের কথা কোন মুখে জিজ্ঞাসা করিলে ?”

সীতারাম আনন্দে উচ্ছ্বসিত হইয়া কহিল, “না না, সে কি হয় ? আমি কি ভাই সত্য বলিতেছিলাম ? আমি যে ঠাট্টা করিতেছিলাম এইটে আর বুঝিতে পারিলে না ? ছি প্রিয়তমে ।”

সীতারামের মায়ের কী রোগ হইল জানি না, আজকাল প্রায় মাঝে মাঝে সে জামাইবাড়ি যাইতে লাগিল ও টাকা বাহির করিয়া দিবার বিষয়ে তাহার স্মরণশক্তি একেবারে বিলুপ্ত হইয়া গেল । কাজেই সীতারামকে প্রায় মাঝে মাঝে রুক্ষিণীর কাছে আসিতে হইত । আজকাল দেখা যায় সীতারাম ও রুক্ষিণীতে মিলিয়া অতি গোপনে কী একটা বিষয় লইয়া পরামর্শ চলিতেছে । অনেকদিন পরামর্শের পর সীতারাম কহিল, “আমার ভাই অত ফন্দি আসে না, এ বিষয়ে ভাগবতের সাহায্য না লইলে চলিবে না ।”

সেইদিন সন্ধ্যাবেলায় অত্যন্ত ঝড় হইতেছে । রাজবাড়ির ইতস্তত দুম্দাম করিয়া দরজা পড়িতেছে । বাতাস এমন বেগে বহিতেছে যে, বাগানের বড়ো বড়ো গাছের শাখা হেলিয়া ভূমি স্পর্শ করিতেছে । বন্যার মুখে ভগ্ন চূর্ণ গ্রামপল্লীর মতো ঝড়ের মুখে ছিন্নভিন্ন মেঘ ছুটিয়া চলিয়াছে । ঘন ঘন বিদ্যুৎ, ঘন ঘন গর্জন । উদয়াদিত্য চারি দিকের দ্বার রুদ্ধ করিয়া ছোটো একটি মেয়েকে কোলে লইয়া বসিয়া আছেন । ঘরের প্রদীপ নিবাইয়া দিয়াছেন । ঘর অন্ধকার । মেয়েটি কোলের উপর ঘুমাইয়া পড়িয়াছে । সুরমা যখন বাঁচিয়া ছিল, এই মেয়েটিকে অত্যন্ত ভালোবাসিত । সুরমার মৃত্যুর পর ইহার মা ইহাকে আর রাজবাড়িতে পাঠান নাই । অনেক দিনের পর সে আজ একবার রাজবাড়িতে বেড়াইতে আসিয়াছিল । সহসা উদয়াদিত্যকে দেখিয়া “কাকা” “কাকা” বলিয়া সে তাঁহার কোলের উপর ঝাঁপাইয়া পড়িয়াছিল । উদয়াদিত্য তাহাকে বুকে চাপিয়া ধরিয়া তাঁহার শয়নগৃহে লইয়া আসিয়াছেন । উদয়াদিত্যের মনের ভাব এই যে, সুরমা এই মেয়েটিকে যদি একবার দেখিতে আসে । ইহাকে যে সে বড়ো ভালোবাসিত । এত স্নেহের ছিল, সে কি না আসিয়া থাকিতে পারিবে । মেয়েটি একবার জিজ্ঞাসা করিল, “কাকা, কাকীমা কোথায় ?”

উদয়াদিত্য রুদ্ধকণ্ঠে কহিলেন, “একবার তাঁহাকে ডাক-না ।” মেয়েটি “কাকীমা” “কাকীমা” করিয়া ডাকিতে লাগিল । উদয়াদিত্যের মনে হইল, ঐ যেন কে সাড়া দিল । দূর হইতে ঐ যেন কে বলিয়া উঠিল, “এই যাই রে ।” যেন স্নেহের মেয়েটির করুণ আহ্বান শুনিয়া স্নেহময়ী আর থাকিতে পারিল না, তাহাকে বুকে তুলিয়া লইতে আসিতেছে । বালিকা কোলের উপর ঘুমাইয়া পড়িল । উদয়াদিত্য প্রদীপ নিবাইয়া দিলেন । একটি ঘুমন্ত মেয়েকে কোলে করিয়া অন্ধকার ঘরে একাকী বসিয়া রহিলেন । বাহিরে ছ ছ করিয়া বাতাস বহিতেছে । ইতস্তত খট খট করিয়া শব্দ হইতেছে । ঐ-না পদশব্দ শুনা

গেল ? পদশব্দই বটে । বুক এমন দুড় দুড় করিতেছে যে, শব্দ ভালো শুনা যাইতেছে না । দ্বার খুলিয়া গেল, ঘরের মধ্যে দীপালোক প্রবেশ করিল । ইহাও কি কখনো সম্ভব । দীপ হস্তে চুপি চুপি ঘরে একটি স্ত্রীলোক প্রবেশ করিল । উদয়াদিত্য চক্ষু মুদ্রিত করিয়া কহিলেন, “সুরমা কি ?” পাছে সুরমাকে দেখিলে সুরমা চলিয়া যায় । পাছে সুরমা না হয় ।

রমণী প্রদীপ রাখিয়া কহিল, “কেন গা, আমাকে কি আর মনে পড়ে না ।”

বজ্রধ্বনি শুনিয়া যেন স্বপ্ন ভাঙিল । উদয়াদিত্য চমকিয়া উঠিয়া চক্ষু চাহিলেন । মেয়েটি জাগিয়া উঠিয়া “কাকা” বলিয়া কাঁদিয়া উঠিল । তাহাকে বিছানার উপরে ফেলিয়া উদয়াদিত্য উঠিয়া দাঁড়াইলেন । কী করিবেন কোথায় যাইবেন যেন ভাবিয়া পাইতেছেন না । রুক্মিণী কাছে আসিয়া মুখ নাড়িয়া কহিল, “বলি, এখন তো মনে পড়িবেই না । তবে এককালে কেন আশা দিয়া আকাশে তুলিয়াছিলে ?” উদয়াদিত্য চুপ করিয়া দাঁড়াইয়া রহিলেন, কিছুতেই কথা কহিতে পারিলেন না ।

তখন রুক্মিণী তাহার ব্রহ্মাস্ত্র বাহির করিল । কাঁদিয়া কহিল, “আমি তোমার কী দোষ করিয়াছি, যাহাতে তোমার চক্ষুশূল হইলাম । তুমিই তো আমার সর্বনাশ করিয়াছ । যে রমণী যুবরাজকে একদিন দেহপ্রাণ বিকাইয়াছে সে আজ ভিখারিনীর মতো পথে পথে বেড়াইতেছে । এ পোড়া কপালে বিধাতা কি এই লিখিয়াছিল ?”

এইবার উদয়াদিত্যের প্রাণে গিয়া আঘাত লাগিল । সহসা তাঁহার মনে হইল আমিই বুঝি ইহার সর্বনাশ করিয়াছি । অতীতের কথা ভুলিয়া গেলেন । ভুলিয়া গেলেন যৌবনের প্রমত্ত অবস্থায় রুক্মিণী কী করিয়া পদে পদে তাঁহাকে প্রলোভন দেখাইয়াছে, প্রতিদিন তাঁহার পথের সম্মুখে জাল পাতিয়া বসিয়া ছিল, আবর্তের মতো তাঁহাকে তাহার দুই মোহময় বাহু দিয়া বেষ্টিত করিয়া ঘুরাইয়া ঘুরাইয়া মুহূর্তের মধ্যে পাতালের অন্ধকারে নিক্ষেপ করিয়াছিল— সে সমস্তই ভুলিয়া গেলেন । দেখিলেন রুক্মিণীর বসন মলিন, ছিন্ন । রুক্মিণী কাঁদিতেছে । করুণহৃদয় উদয়াদিত্য কহিলেন, “তোমার কী চাই ?”

রুক্মিণী কহিল, “আমার আর কিছু চাই না, আমার ভালোবাসা চাই । আমি ঐ বাতায়নে বসিয়া তোমার বুক মুখ রাখিয়া তোমার সোহাগ পাইতে চাই । কেন গা, সুরমার চেয়ে কি এ মুখ কালো ? যদি কালোই হইয়া থাকে তো সে তোমার জন্যই পথে পথে ভ্রমণ করিয়া । আগে তো কালো ছিল না ।”

এই বলিয়া রুক্মিণী উদয়াদিত্যের শয্যার উপর বসিতে গেল । উদয়াদিত্য আর থাকিতে পারিলেন না । কাতর হইয়া বলিয়া উঠিলেন, “ও বিছানায় বসিয়ো না, বসিয়ো না ।”

রুক্মিণী আহত ফণিনীর মতো মাথা তুলিয়া বলিল, “কেন বসিব না ?”

উদয়াদিত্য তাহার পথ রোধ করিয়া কহিলেন, “না, ও বিছানার কাছে তুমি যাইয়ো না । তুমি কী চাও আমি এখনই দিতেছি ।”

রুক্মিণী কহিল, “আচ্ছা তোমার আঙুলের ঐ আংটিটি দাও ।”

উদয়াদিত্য তৎক্ষণাৎ তাঁহার হাত হইতে আংটি খুলিয়া ফেলিয়া দিলেন । রুক্মিণী কুড়াইয়া লইয়া বাহির হইয়া গেল । মনে ভাবিল ডাকিনীর মস্ত্রমোহ এখনো দূর হয় নাই, আরো কিছুদিন যাক, তাহার পর আমার মস্ত্র খাটিবে । রুক্মিণী চলিয়া গেলে উদয়াদিত্য শয্যার উপরে আসিয়া পড়িলেন । দুই বাহুতে মুখ ঢাকিয়া কাঁদিয়া কহিলেন, “কোথায়, সুরমা কোথায় । আজ আমার এ দক্ষ বজ্রাহত হৃদয়ে শান্তি দিবে কে ?”

দ্বাবিংশ পরিচ্ছেদ

ভাগবতের অবস্থা বড়ো ভালো নহে। সে চুপচাপ বসিয়া কয়দিন ধরিয়া অনবরত তামাক ফুকিতেছে। ভাগবত যখন মনোযোগের সহিত তামাক ফুকিতে থাকে, তখন প্রতিবেশীদের আশঙ্কার কারণ উপস্থিত হয়। কারণ, তাহার মুখ দিয়া কালো কালো ধোঁয়া পাকাইয়া পাকাইয়া উঠিতে থাকে, তাহার মনের মধ্যেও তেমনি একটা কৃষ্ণবর্ণ পাকচক্রের কারখানা চলিতে থাকে। কিন্তু ভাগবত লোকটা বড়ো ধর্মনিষ্ঠ। সে কাহারও সঙ্গে মেশে না এই যা তাহার দোষ, হরিনামের মালা লইয়া থাকে, অধিক কথা কয় না, পরচর্চায় থাকে না। কিন্তু কেহ যখন ঘোরতর বিপদে পড়ে, তখন ভাগবতের মতো পাকা পরামর্শ দিতে আর কেহ পারে না। ভাগবত কখনো ইচ্ছা করিয়া পরের অনিষ্ট করে না, কিন্তু আর কেহ যদি তাহার অনিষ্ট করে তবে ভাগবত ইহজন্মে তাহা কখনো ভোলে না, তাহার শোধ তুলিয়া তবে সে হুঁকা নামাইয়া রাখে। এক কথায়, সংসারে যাহাকে ভালো বলে ভাগবত তাহাই। পাড়ার লোকেরাও তাহাকে মান্য করে, দুরবস্থায় ভাগবত ধার করিয়াছিল, কিন্তু ঘটটি বেচিয়া তাহা শোধ করিয়াছে।

একদিন সকালে সীতারাম আসিয়া ভাগবতকে জিজ্ঞাসা করিল, “দাদা, কেমন আছ হে?”

ভাগবত কহিল, “ভালো না।”

সীতারাম কহিল, “কেন বলো দেখি?”

ভাগবত কিয়ৎক্ষণ তামাক টানিয়া সীতারামের হাতে হুঁকা দিয়া কহিল, “বড়ো টানাটানি পড়িয়াছে।”

সীতারাম কহিল, “বটে? তা কেমন করিয়া হইল?”

ভাগবত মনে মনে কিঞ্চিৎ রুষ্ট হইয়া কহিল, “কেমন করিয়া হইল? তোমাকেও তাহা বলিতে হইবে নাকি? আমি তো জানিতাম আমারও যে দশা তোমারও সে দশা।”

সীতারাম কিছু অপ্রস্তুত হইয়া কহিল, “না হে, আমি সে কথা কহিতেছি না, আমি বলিতেছি তুমি ধার কর না কেন?”

ভাগবত কহিল, “ধার করিলে তো শুধিতে হইবে। শুধিব কী দিয়া? বিক্রি করিবার ও ঝাড়া দিবার জিনিস বড়ো অধিক নাই।”

সীতারাম সগর্বে কহিল, “তোমার কত টাকা ধার চাই, আমি দিব।”

ভাগবত কহিল, “বটে? তা এতই যদি তোমার টাকা হইয়া থাকে যে এক মুঠা জলে ফেলিয়া দিলেও কিছু না আসে যায়, তাহা হইলে আমাকে গোটা দশেক দিয়া ফেলো। কিন্তু আগে হইতে বলিয়া রাখিতেছি, আমার শুধিবার শক্তি নাই!”

সীতারাম কহিল, “সেজন্যে দাদা তোমাকে ভাবিতে হইবে না।”

সীতারামের কাছে এইরূপ সাহায্যপ্রাপ্তির আশা পাইয়া ভাগবত বন্ধুতার উচ্ছ্বাসে যে নিতান্ত উচ্ছ্বসিত হইয়া উঠিয়াছিল, তাহা নহে। আর-এক ছিলিম তামাক সাজিয়া চুপ করিয়া বসিয়া টানিতে লাগিল।

সীতারাম আস্তে আস্তে কথা পাড়িল, “দাদা, রাজার অন্যায় বিচারে আমাদের তো অন্ন মারা গেল।”

ভাগবত কহিল, “কই, তোমার ভাবে তো তাহা বোধ হইল না।” সীতারামের বদান্যতা ভাগবতের বড়ো সহ্য হয় নাই, মনে মনে কিছু চটিয়াছিল।

সীতারাম কহিল, “না ভাই, কথার কথা বলিতেছি। আজ না যায় তো দশ দিন পরে তো যাইবে।”

ভাগবত কহিল, “তা, রাজা যদি অন্যায় বিচার করেন তো আমরা কী করিতে পারি।”

সীতারাম কহিল, “আহা, যুবরাজ যখন রাজা হইবে তখন যশোরে রামরাজত্ব হইবে, ততদিন যেন আমরা ঝাঁচিয়া থাকি।”

ভাগবত চটিয়া গিয়া কহিল, “ও-সব কথায় আমাদের কাজ কী ভাই ? তুমি বড়োমানুষ লোক, তুমি নিজের ঘরে বসিয়া রাজা-উজির মার, সে শোভা পায় । আমি গরিব মানুষ, আমার অতটা ভরসা হয় না ।”

সীতারাম কহিল, “রাগ কর কেন দাদা ? কথাটা মন দিয়া শোনোই-না কেন ?” বলিয়া চুপি চুপি কী বলিতে লাগিল ।

ভাগবত মহাক্রুদ্ধ হইয়া বলিল, “দেখো সীতারাম, আমি তোমাকে স্পষ্ট করিয়া বলিতেছি, আমার কাছে এমন কথা তুমি মুখে উচ্চারণ করিয়ো না ।”

সীতারাম সেদিন তো চলিয়া গেল । ভাগবত ভারি মনোযোগ দিয়া সমস্ত দিন কী একটা ভাবিতে লাগিল, তাহার পরদিন সকালবেলায় সে নিজে সীতারামের কাছে গেল । সীতারামকে কহিল, “কাল যে কথাটা বলিয়াছিলে বড়ো পাকা কথা বলিয়াছিলে ।”

সীতারাম গর্বিত হইয়া উঠিয়া কহিল, “কেমন দাদা, বলি নাই !”

ভাগবত কহিল, “আজ সেই বিষয়ে তোমার সঙ্গে পরামর্শ করিতে আসিয়াছি ।”

সীতারাম আরো গর্বিত হইয়া উঠিল । কয়দিন ধরিয়া ক্রমিক পরামর্শ চলিতে লাগিল ।

পরামর্শ করিয়া যাহা স্থির হইল তাহা এই, একটা জাল দরখাস্ত লিখিতে হইবে, যেন যুবরাজ প্রতাপাদিত্যের নামে সম্রাট-বিদ্রোহিতার অভিযোগ করিয়া নিজে রাজ্য পাইবার জন্য দরখাস্ত করিতেছেন । তাহাতে যুবরাজের সীলমোহর মুদ্রিত থাকিবে । রুক্মিণী যে আংটিটি লইয়া আসিয়াছে, তাহাতে যুবরাজের নাম-মুদ্রাঙ্কিত সীল আছে, অতএব কাজ অনেকটা অগ্রসর হইয়া আছে ।

পরামর্শমত কাজ হইল । একখানা জাল দরখাস্ত লেখা হইল, তাহাতে যুবরাজের নাম মুদ্রিত রহিল । নির্বোধ সীতারামের উপর নির্ভর করা যায় না, অতএব স্থির হইল, ভাগবত নিজে দরখাস্ত লইয়া দিল্লীশ্বরের হস্তে সমর্পণ করিবে ।

ভাগবত সেই দরখাস্তখানি লইয়া দিল্লীর দিকে না গিয়া প্রতাপাদিত্যের কাছে গেল । মহারাজকে কহিল, “উদয়াদিত্যের এক ভৃত্য এই দরখাস্তটি লইয়া দিল্লীর দিকে যাইতেছিল, আমি কোনো সূত্রে জানিতে পারি । ভৃত্যটা দেশ ছাড়িয়া পলাইয়া গেছে, দরখাস্তটি লইয়া আমি মহারাজের নিকট আসিতেছি ।” ভাগবত সীতারামের নাম করে নাই । দরখাস্ত পাঠ করিয়া প্রতাপাদিত্যের কী অবস্থা হইল তাহা আর বলিবার আবশ্যক করে না । ভাগবতের পুনর্বীর রাজবাড়িতে চাকরি হইল !

ত্রয়োবিংশ পরিচ্ছেদ

বিভার প্রাণের মধ্যে আঁধার করিয়া আসিয়াছে । ভবিষ্যতে কী যেন একটা মর্মভেদী দুঃখ, একটা মরুময়ী নিরাশা, জীবনের সমস্ত সুখের জলাঞ্জলি তাহার জন্য অপেক্ষা করিয়া আছে, প্রতিমুহূর্তে তাহার কাছে কাছে সরিয়া আসিতেছে । সেই যে জীবনশূন্যকারী চরাচরগ্রাসী শুষ্ক সীমাহীন ভবিষ্যৎ অদৃষ্টের আশঙ্কা, তাহারই একটা ছায়া আসিয়া যেন বিভার প্রাণের মধ্যে পড়িয়াছে । বিভার মনের ভিতরে কেমন করিতেছে । বিভা বিছানায় একেলা পড়িয়া আছে । এ সময়ে বিভার কাছে কেহ নাই । বিভা নিশ্বাস ফেলিয়া, বিভা কাঁদিয়া, বিভা আকুল হইয়া কহিল, “আমাকে কি তবে পরিত্যাগ করিলে ? আমি তোমার নিকট কী অপরাধ করিয়াছি ?” কাঁদিয়া কাঁদিয়া কহিতে লাগিল, “আমি কী অপরাধ করিয়াছি ?” দুটি হাতে মুখ ঢাকিয়া বালিশ বুক লইয়া কাঁদিয়া কাঁদিয়া বার বার করিয়া কহিল, “আমি কী করিয়াছি ? একখানি পত্র না, একটি লোকও আসিল না, কাহারও মুখে সংবাদ শুনিতে পাই না । আমি কী করিব ? বুক ফাটিয়া ছট্ ফট্ করিয়া সমস্ত দিন ঘরে ঘরে ঘুরিয়া বেড়াইতেছি, কেহ তোমার সংবাদ বলে না, কাহারও মুখে তোমার নাম শুনিতে পাই না । মা গো মা, দিন কী করিয়া কাটিবে ।” এমন কত দিন গেল । এমন কত মধ্যাহ্নে কত অপরাহ্নে কত রাত্রে সঙ্গিহীন বিভা রাজবাড়ির শূন্য ঘরে ঘরে একখানি শীর্ণ ছায়ার মতো ঘুরিয়া বেড়ায় ।

এমন সময় একদিন প্রাতঃকালে রামমোহন আসিয়া “মা গো জয় হোক” বলিয়া প্রণাম করিল, বিভা এমনই চমকিয়া উঠিল যেন তাহার মাথায় একটা সুখের বজ্র ভাঙিয়া পড়িল। তাহার চোখ দিয়া জল বাহির হইল। সে সচকিত হইয়া কহিল, “মোহন, তুই এলি!”

“হাঁ মা, দেখিলাম মা আমাদের ভুলিয়া গেছেন, তাঁহাকে একবার স্মরণ করাইয়া আসি।” বিভা কত কী জিজ্ঞাসা করিবে মনে করিল কিন্তু লজ্জায় পারিল না— বলে বলে করিয়া হইয়া উঠিল না, অথচ শুনিবার জন্য প্রাণটা আকুল হইয়া রহিল।

রামমোহন বিভার মুখের দিকে চাহিয়া কহিল, “কেন মা, তোমার মুখখানি অমন মলিন কেন? তোমার চোখে কালি পড়িয়াছে। মুখে হাসি নাই। চুল রুক্ষ। এসো মা, আমাদের ঘরে এসো। এখানে বুঝি তোমাকে যত্ন করিবার কেহ নাই।”

বিভা ম্লান হাসি হাসিল, কিছু কহিল না। হাসিতে হাসিতে হাসি আর রহিল না। দুই চক্ষু দিয়া জল পড়িতে লাগিল— শীর্ণ বিবর্ণ দুটি কপোল প্লাবিত করিয়া জল পড়িতে লাগিল, অশ্রু আর থামে না। বহুদিন অনাদরের পর একটু আদর পাইলে যে অভিমান উথলিয়া উঠে, বিভা সেই অতিকোমল মৃদু অনন্তপ্রীতিপূর্ণ অভিমানে কাঁদিয়া ফেলিল। মনে মনে কহিল, ‘এতদিন পরে কি আমাকে মনে পড়িল?’

রামমোহন আর থাকিতে পারিল না, তাহার চোখে জল আসিল, কহিল, “এ কী অলক্ষণ! মা লক্ষ্মী তুমি, হাসিমুখে আমাদের ঘরে এসো। আজ শুভদিনে চোখের জল মোছো।”

মহিষীর মনে মনে ভয় ছিল, পাছে জামাই তাঁর মেয়েকে গ্রহণ না করে। রামমোহন বিভাকে লইতে আসিয়াছে শুনিয়া তাঁহার অত্যন্ত আনন্দ হইল। তিনি রামমোহনকে ডাকাইয়া জামাইবাড়ির কুশল জিজ্ঞাসা করিলেন, বিশেষ যত্নে রামমোহনকে আহর করাইলেন, রামমোহনের গল্প শুনিলেন, আনন্দে দিন কাটিল। কাল যাত্রার দিন ভালো, কাল প্রভাতেই বিভাকে পাঠাইবেন স্থির হইল। প্রতাপাদিত্য এ বিষয়ে আর কিছু আপত্তি করিলেন না।

যাত্রার যখন সমস্তই স্থির হইয়া গেছে, তখন বিভা একবার উদয়াদিত্যের কাছে গেল। উদয়াদিত্য একাকী বসিয়া কী একটা ভাবিতেছিলেন।

বিভাকে দেখিয়া সহসা ঈষৎ চমকিত হইয়া কহিলেন, “বিভা, তবে তুই চলিলি! তা ভালোই হইল। তুই সুখে থাকিতে পারিবি। আশীর্বাদ করি লক্ষ্মীস্বরূপা হইয়া স্বামীর ঘর উজ্জ্বল করিয়া থাক।”

বিভা উদয়াদিত্যের পায়ের কাছে পড়িয়া কাঁদিতে লাগিল। উদয়াদিত্যের চোখ দিয়া জল পড়িতে লাগিল, বিভার মাথায় হাত দিয়া তিনি কহিলেন, “কেন কাঁদিতেছিস? এখানে তোর কী সুখ ছিল বিভা, চারি দিকে কেবল দুঃখ কষ্ট শোক। এ কারাগার হইতে পালাইলি— তুই ঝাঁচিলি।”

বিভা যখন উঠিল, তখন উদয়াদিত্য কহিলেন, “যাইতেছিস? তবে আর। স্বামীগৃহে গিয়া আমাদের একেবারে যেন ভুলিয়া যাস নে। এক-একবার মনে করিস, মাঝে মাঝে যেন সংবাদ পাই।”

বিভা রামমোহনের কাছে গিয়া কহিল, “এখন আমি যাইতে পারিব না।”

রামমোহন বিস্মিত হইয়া কহিল, “সে কী কথা মা!”

বিভা কহিল, “না, আমি যাইতে পারিব না। দাদাকে আমি এখন একলা ফেলিয়া যাইতে পারিব না। আমা হইতেই তাঁহার এত কষ্ট, এত দুঃখ, আর আমি আজ তাঁহাকে এখানে ফেলিয়া রাখিয়া সুখ ভোগ করিতে যাইব? যতদিন তাঁহার মনে তিলমাত্র কষ্ট থাকিবে ততদিন আমিও তাঁহার সঙ্গে সঙ্গে থাকিব। এখানে আমার মতো তাঁহাকে কে যত্ন করিবে?” বলিয়া বিভা কাঁদিয়া চলিয়া গেল।

অন্তঃপুরে একটা গোলযোগ বাধিয়া উঠিল। মহিষী আসিয়া বিভাকে তিরস্কার করিতে লাগিলেন, তাহাকে অনেক ভয় দেখাইলেন, অনেক পরামর্শ দিলেন। বিভা কেবল কহিল, “না মা, আমি পারিব না।”

মহিষী রোষে বিরক্তিতে কাঁদিয়া কহিলেন, “এমন মেয়েও তো কোথাও দেখি নাই।” তিনি

মহারাজের কাছে গিয়া সমস্ত कहিলেন । মহারাজ প্রশান্তভাবে कहিলেন, “তা বেশ তো, বিভার যদি ইচ্ছা না হয় তো কেন যাইবে ?”

মহিষী অবাক হইয়া, হাত উলটাইয়া, হাল ছাড়িয়া দিয়া कहিলেন, “তোমাদের যাহা ইচ্ছা তাহাই করো, আমি আর কোনো কথায় থাকিব না ।”

উদয়াদিত্য সমস্ত শুনিয়া বিস্মিত হইলেন । তিনি বিভাকে আসিয়া অনেক করিয়া বুঝাইলেন । বিভা চুপ করিয়া কাঁদিতে লাগিল, ভালো বুঝিল না ।

হতাশ্বাস রামমোহন আসিয়া স্নানমুখে कहিল, “মা, তবে চলিলাম । মহারাজকে গিয়া কী বলিব ।”

বিভা কিছু বলিতে পারিল না, অনেকক্ষণ নিরুত্তর হইয়া রহিল ।

রামমোহন कहিল, “তবে বিদায় হই মা ।” বলিয়া প্রণাম করিয়া উঠিয়া গেল । বিভা একেবারে আকুল হইয়া কাঁদিয়া উঠিল, কাতর স্বরে ডাকিল, “মোহন ।”

মোহন ফিরিয়া আসিয়া कहিল, “কী মা ?”

বিভা कहিল, “মহারাজকে বলিয়ো, আমাকে যেন মার্জনা করেন । তিনি স্বয়ং ডাকিতেছেন, তবু আমি যাইতে পারিলাম না, সে কেবল নিতান্তই আমার দুরদৃষ্ট ।”

রামমোহন শুষ্কভাবে कहিল, “যে আজ্ঞা ।”

রামমোহন আবার প্রণাম করিয়া বিদায় হইয়া গেল । বিভা দেখিল, রামমোহন বিভার ভাব কিছুই বুঝিতে পারে নাই, তাহার ভারি গোলমাল ঠেকিয়াছে । একে তো বিভার প্রাণ যেখানে যাইতে চায়, বিভা সেখানে যাইতে পারিল না । তাহার উপর রামমোহন, যাহাকে সে যথার্থ স্নেহ করে, সে আজ রাগ করিয়া চলিয়া গেল । বিভার প্রাণে যাহা হইল তাহা বিভাই জানে ।

বিভা রহিল । চোখের জল মুছিয়া প্রাণের মধ্যে পাষণ্ডভার বহিয়া সে তাহার দাদার কাছে পড়িয়া রহিল । স্নান শীর্ণ একখানি ছায়ার মতো সে নীরবে সমস্ত ঘরের কাজ করে । উদয়াদিত্য স্নেহ করিয়া আদর করিয়া কোনো কথা कहিলে চোখ নিচু করিয়া একটুখানি হাসে । সন্ধ্যাবেলায় উদয়াদিত্যের পায়ের কাছে বসিয়া একটু কথা कहিতে চেষ্টা করে ; যখন মহিষী তিরস্কার করিয়া কিছু বলেন, চুপ করিয়া দাঁড়াইয়া শোনে ও অবশেষে একখণ্ড মলিন মেঘের মতো ভাসিয়া চলিয়া যায় ; যখন কেহ বিভার চিবুক ধরিয়া বলে “বিভা, তুই এত রোগা হইতেছিস কেন” বিভা কিছু বলে না, কেবল একটু হাসে ।

এই সময়ে ভাগবত পূর্বোক্ত জাল দরখাস্তটি লইয়া প্রতাপাদিত্যকে দেখায় । প্রতাপাদিত্য আগুন হইয়া উঠিলেন, পরে অনেক বিবেচনা করিয়া উদয়াদিত্যকে কারারুদ্ধ করিবার আদেশ দিলেন । মন্ত্রী कहিলেন, “মহারাজ, যুবরাজ যে এ কাজ করিয়াছেন, ইহা কোনোমতেই বিশ্বাস হয় না । যে শোনে সেই জিভ কাটিয়া বলে, ও কথা কানে আনিতে নাই । যুবরাজ এ কাজ করিবেন ইহা বিশ্বাসযোগ্য নহে ।” প্রতাপাদিত্য कहিলেন, “আমারও তো বড়ো একটা বিশ্বাস হয় না । কিন্তু তাই বলিয়া কারাগারে থাকিতে দোষ কী ? সেখানে কোনোপ্রকার কষ্ট না দিলেই হইল । কেবল গোপনে কিছু না করিতে পারে, তাহার জন্য পাহারা নিযুক্ত থাকিবে ।”

চতুর্বিংশ পরিচ্ছেদ

যখন রামমোহন চন্দ্রদ্বীপে ফিরিয়া গিয়া একাকী জোড়হস্তে অপরাধীর মতো রাজার সম্মুখে গিয়া দাঁড়াইল তখন রামচন্দ্র রায়ের সর্বাঙ্গ জ্বলিয়া উঠিল । তিনি স্থির করিয়াছিলেন বিভা আসিলে পর তাহাকে প্রতাপাদিত্য ও তাহার বংশ সম্বন্ধে খুব দু-চারিটা খরধার কথা শুনাইয়া তাঁহার শ্বশুরের উপর শোধ তুলিবেন । কী কী কথা বলিবেন, কেমন করিয়া বলিবেন, কখন বলিবেন, সমস্ত তিনি মনে মনে স্থির করিয়া রাখিয়াছিলেন । রামচন্দ্র রায় গৌয়ার নহেন, বিভাকে যে কোনোপ্রকারে পীড়ন করিবেন ইহা তাঁহার অভিপ্রায় ছিল না । কেবল বিভাকে তাহার পিতার সম্বন্ধে মাঝে মাঝে খুব লজ্জা দিবেন

এই আনন্দেই তিনি অধীর ছিলেন। এমন-কি, এই আনন্দের প্রভাবে তাঁহার মনেই হয় নাই যে, বিভার আসিবার পক্ষে কোনো বাধা থাকিতে পারে। এমন সময়ে রামমোহনকে একাকী আসিতে দেখিয়া রামচন্দ্র রায় নিতান্ত বিস্মিত হইয়া বলিয়া উঠিলেন, “কী হইল রামমোহন?”

রামমোহন কহিল, “সকলই নিষ্ফল হইয়াছে।”

রাজা চমকিয়া উঠিয়া কহিলেন, “আনিতে পারিলি না?”

রামমোহন। আঞ্জা, না মহারাজ! কুলগ্নে যাত্রা করিয়াছিলাম।

রাজা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া বলিয়া উঠিলেন, “বেটা তোকে যাত্রা করিতে কে বলিয়াছিল? তখন তোকে বার বার করিয়া বারণ করিলাম, তখন যে তুই বুক ফুলাইয়া গেলি, আর আজ—”

রামমোহন কপালে হাত দিয়া ম্লানমুখে কহিল, “মহারাজ, আমার অদৃষ্টের দোষ।”

রামচন্দ্র রায় আরো ক্রুদ্ধ হইয়া বলিলেন, “রামচন্দ্র রায়ের অপমান! তুই বেটা আমার নাম করিয়া ভিক্ষা চাহিতে গেলি, আর প্রতাপাদিত্য দিল না। এত বড়ো অপমান আমাদের বংশে আর কখনো হয় নাই।”

তখন রামমোহন নতশির তুলিয়া ঈষৎ গর্বিতভাবে কহিল, “ও কথা বলিবেন না। প্রতাপাদিত্য যদি না দিত, আমি কাড়িয়া আনিতাম। আপনার কাছে তাহা তো বলিয়াই গিয়াছিলাম। মহারাজ, যখন আপনার আদেশ পালন করিতে যাই, তখন কি আর প্রতাপাদিত্যকে ভয় করি? প্রতাপাদিত্য রাজা বটে, কিন্তু আমার রাজা তো সে নয়।”

রাজা কহিলেন, “তবে হইল না কেন?”

রামমোহন অনেকক্ষণ চুপ করিয়া রহিল, তাহার চোখে জল দেখা দিল।

রাজা অধীর হইয়া কহিলেন, “রামমোহন, শীঘ্র বল!”

রামমোহন জোড়হাতে কহিল, “মহারাজ—”

রাজা কহিলেন, “কী বল।”

রামমোহন। মহারাজ, মা-ঠাকরুন আসিতে চাহিলেন না।

বলিয়া রামমোহনের চোখ দিয়া জল পড়িতে লাগিল। বুঝি এ সম্ভানের অভিমানের অশ্রু। বোধ করি এ অশ্রুজলের অর্থ— ‘মায়ের প্রতি আমার এত বিশ্বাস ছিল যে, সেই বিশ্বাসের জোরে আমি বুক ফুলাইয়া আনন্দ করিয়া মাকে আনিতে গেলাম, আর মা আসিলেন না, মা আমার সম্মান রাখিলেন না।’ কী জানি কী মনে করিয়া বৃদ্ধ রামমোহন চোখের জল সামলাইতে পারিল না।

রাজা কথাটা শুনিয়াই একেবারে দাঁড়াইয়া উঠিয়া চোখ পাকাইয়া বলিয়া উঠিলেন, “বটে।” অনেকক্ষণ পর্যন্ত তাঁহার আর বাক্যস্মৃতি হইল না।

“আসিতে চাহিলেন না! বটে! বেটা, তুই বেরো, বেরো, আমার সম্মুখ হইতে এখনই বেরো।”

রামমোহন একটি কথা না কহিয়া বাহির হইয়া গেল। সে জানিত তাহারই সমস্ত দোষ, অতএব সমুচিত দণ্ড পাওয়া কিছু অন্যায় নহে।

রাজা কী করিয়া যে ইহার শোধ তুলিবেন কিছুতেই ভাবিয়া পাইলেন না। প্রতাপাদিত্যের কিছু করিতে পারিবেন না, বিভাকেও হাতের কাছে পাইতেছেন না। রামচন্দ্র রায় অধীর হইয়া বেড়াইতে লাগিলেন।

দিন-দুয়েকের মধ্যে সংবাদটা নানা আকারে নানা দিকে রাষ্ট্র হইয়া পড়িল। এমন অবস্থা হইয়া দাঁড়াইল যে, প্রতিশোধ না লইলে আর মুখ রক্ষা হয় না। এমন-কি, প্রজারা পর্যন্ত প্রতিশোধ লইবার জন্য ব্যস্ত হইল। তাহারা কহিল, “আমাদের মহারাজার অপমান!” অপমানটা যেন সকলের গায়ে লাগিয়াছে। একে তো প্রতিহিংসা-প্রবৃত্তি রামচন্দ্র রায়ের মনে স্বভাবতই বলবান আছে, তাহার উপরে তাঁহার মনে হইতে লাগিল, প্রতিহিংসা না লইলে প্রজারা কী মনে করিবে, ভৃত্যেরা কী মনে করিবে, রমাই ভাঁড় কী মনে করিবে? তিনি যখন কল্পনায় মনে করেন, এই কথা লইয়া রমাই আর-একজন ব্যক্তির কাছে হাসি-টিটকারি করিতেছে তখন তিনি অত্যন্ত অস্থির হইয়া পড়েন।

একদিন সভায় মন্ত্রী প্রস্তাব করিলেন, “মহারাজ, আপনি আর-একটি বিবাহ করুন।”

রমাই ভাঁড় কহিল, “আর প্রতাপাদিত্যের মেয়ে তাহার ভাইকে লইয়া থাকুক।”

রাজা রমাইয়ের দিকে চাহিয়া হাসিয়া কহিলেন, “ঠিক বলিয়াছ রমাই।” রাজাকে হাসিতে দেখিয়া সকল সভাসদই হাসিতে লাগিল। কেবল ফর্নাণ্ডিজ বিরক্ত হইল, সে হাসিল না। রামচন্দ্র রায়ের মতো লোকেরা সম্ভ্রম রক্ষার জন্য সততই ব্যস্ত, কিন্তু সম্ভ্রম কাহাকে বলে ও কী করিয়া সম্ভ্রম রাখিতে হয় সে জ্ঞান তাহাদের নাই।

দেওয়ানজি কহিলেন, “মন্ত্রী মহাশয় ঠিক বলিয়াছেন। তাহা হইলে প্রতাপাদিত্যকে ও তাহার কন্যাকে বিলক্ষণ শিক্ষা দেওয়া হইবে।”

রমাই ভাঁড় কহিল, “এ শুভকার্যে আপনার বর্তমান স্বশুরমহাশয়কে একখানা নিমন্ত্রণপত্র পাঠাইতে ভুলিবেন না, নহিলে কী জানি তিনি মনে দুঃখ করিতে পারেন।” বলিয়া রমাই চোখ টিপিল। সভাস্থ সকলে হাসিতে লাগিল। যাহারা দূরে বসিয়াছিল, কথাটা শুনিতে পায় নাই, তাহারাও না হাসিয়া কিছুতেই থাকিতে পারিল না।

রমাই কহিল, “বরণ করিবার নিমিত্ত এয়োস্ত্রীদের মধ্যে যশোরে আপনার শাশুড়িঠাকরুনকে ডাকিয়া পাঠাইবেন। আর মিষ্টান্নমিতরেজনাঃ, প্রতাপাদিত্যের মেয়েকে যখন একখাল মিষ্টান্ন পাঠাইবেন তখন তাহার সঙ্গে দুটো কাঁচা রস্তা পাঠাইয়া দিবেন।”

রাজা হাসিয়া অস্থির হইলেন। সভাসদেরা মুখে চাদর দিয়া মুখ বাঁকাইয়া হাসিতে লাগিল। ফর্নাণ্ডিজ অলক্ষিতভাবে উঠিয়া চলিয়া গেল।

দেওয়ানজি একবার রসিকতা করিবার চেষ্টা করিলেন, কহিলেন, “মিষ্টান্নমিতরেজনাঃ— যদি ইতর লোকের ভাগ্যেই মিষ্টান্ন থাকে, তাহা হইলে যশোহরেই সমস্ত মিষ্টান্ন খরচ হইয়া যায়, চন্দ্রদ্বীপে আর মিষ্টান্ন খাইবার উপযুক্ত লোক থাকে না।”

কথাটা শুনিয়া কাহারও হাসি পাইল না। রাজা চুপ করিয়া গুড়গুড়ি টানিতে লাগিলেন, সভাসদেরা গম্ভীর হইয়া রহিল, রমাই দেওয়ানের দিকে একবার অবাক হইয়া চাহিল, এমন-কি, একজন অমাত্য বিশেষভাবে জিজ্ঞাসা করিল, “সে কী কথা দেওয়ানজি মহাশয়। রাজার বিবাহে মিষ্টান্নের বন্দোবস্ত কি এত কম হইবে?” দেওয়ানজি মহাশয় মাথা চুলকাইতে লাগিলেন।

বিবাহের কথা সমস্ত স্থির হইয়া গেল।

পঞ্চবিংশ পরিচ্ছেদ

উদয়াদিত্যকে যেখানে রুদ্ধ করা হইয়াছে তাহা প্রকৃত কারাগার নহে; তাহা প্রাসাদসংলগ্ন একটি ক্ষুদ্র অট্টালিকা। বাটীর ঠিক ডানপাশেই এক রাজপথ ও তাহার পূর্ব দিকে প্রশস্ত এক প্রাচীর আছে, তাহার উপর প্রহরীরা পায়চারি করিয়া পাহারা দিতেছে। ঘরেতে একটি অতি ক্ষুদ্র জানালা কাটা। তাহার মধ্য দিয়া খানিকটা আকাশ, একটা বাঁশঝাড় ও একটি শিবমন্দির দেখা যায়। উদয়াদিত্য প্রথম যখন কারাগারে প্রবেশ করিলেন, তখন সন্ধ্যা উত্তীর্ণ হইয়া গিয়াছে। জানালার কাছে মুখ রাখিয়া ভূমিতে গিয়া বসিলেন। বর্ষাকাল। আকাশে মেঘ জমিয়া আছে। রাস্তায় জল দাঁড়াইয়াছে। নিস্তরু রাত্রে দৈবাৎ দুই-একজন পথিক চলিতেছে, ছপ্ ছপ্ করিয়া তাহাদের পায়ের শব্দ হইতেছে। পূর্ব দিক হইতে কারাগারের হৃৎস্পন্দন-ধ্বনির মতো প্রহরীদের পদশব্দ অনবরত কানে আসিতেছে। এক-এক প্রহর অতীত হইতে লাগিল, দূর হইতে এক-একটা হাঁক শোনা যাইতেছে। আকাশে একটিমাত্র তারা নাই। যে বাঁশঝাড়ের দিকে উদয়াদিত্য চাহিয়া আছেন তাহা জোনাকিতে একেবারে ছাইয়া ফেলিয়াছে। সে রাত্রে উদয়াদিত্য আর শয়ন করিলেন না, জানালার কাছে বসিয়া প্রহরীদের অবিরাম পদশব্দ শুনিতে লাগিলেন।

বিভা আজ সন্ধ্যাবেলায় একবার অস্তঃপুরের বাগানে গিয়াছে। প্রাসাদে বোধ করি অনেক লোক। চারি দিকে দাসদাসী, চারি দিকেই পিসি মাসি। কথায় কথায় কী হইয়াছে, কী বৃত্তান্ত, জিজ্ঞাসা করে;

প্রতি অশ্রুবিन्दুর হিসাব দিতে হয় ; প্রতি দীর্ঘনিশ্বাসের বিস্তৃত ভাষ্য ও সমালোচনা বাহির হইতে থাকে । বিভা বুঝি আর পারে নাই, ছুটিয়া বাগানে আসিয়াছে । সূর্য আজ মেঘের মধ্যেই উঠিয়াছে, মেঘের মধ্যেই অস্ত গেল । কখন যে দিনের অবসান হইল ও সন্ধ্যার আরম্ভ হইল বুঝা গেল না । বিকালের দিকে পশ্চিমের মুখে একটুখানি সোনার রেখা ফুটিয়াছিল, কিন্তু দিন শেষ হইতে না হইতেই মিলাইয়া গেল । আঁধারের উপর আঁধার ঘনাইতে লাগিল । দিগন্ত হইতে দিগন্ত আচ্ছন্ন হইয়া গেল । ঘনশ্রেণী ঝাউগাছগুলির মাথার উপর অন্ধকার এমনি করিয়া জমিয়া আসিল যে, তাহাদের পরস্পরের মধ্যে একটা ব্যবধান আর দেখা গেল না, ঠিক মনে হইতে লাগিল যেন সহস্র দীর্ঘ পায়ের উপর ভর দিয়া একটা প্রকাণ্ড বিস্তৃত নিস্তর অন্ধকার দাঁড়াইয়া আছে । রাত হইতে লাগিল, রাজবাড়ির প্রদীপ একে একে নিবিয়া গেল । বিভা ঝাউগাছের তলায় বসিয়া আছে । বিভা স্বভাবতই ভীরা, কিন্তু আজ তাহার ভয় নাই । কেবল যতই আঁধার বাড়িতেছে ততই তাহার মনে হইতেছে যেন পৃথিবীকে কে তাহার কাছ হইতে কাড়িয়া লইতেছে, যেন সুখ হইতে শাস্তি হইতে জগৎ-সংসারের উপকূল হইতে কে তাহাকে ঠেলিয়া ফেলিয়াছে, অতলস্পর্শ অন্ধকারের সমুদ্রের মধ্যে সে পড়িয়া গিয়াছে । ক্রমেই ডুবিতেছে, ক্রমেই নামিতেছে, মাথার উপরে অন্ধকার ক্রমেই বাড়িতেছে, পদতলে ভূমি নাই, চারি দিকে কিছুই নাই । আশ্রয় উপকূল জগৎ-সংসার ক্রমেই দূর হইতে দূরে চলিয়া যাইতেছে । তাহার মনে হইতে লাগিল যেন একটু একটু করিয়া তাহার সম্মুখে একটা প্রকাণ্ড ব্যবধান আকাশের দিকে উঠিতেছে । তাহার ওপারে কত কী পড়িয়া রহিল । প্রাণ যেন আকুল হইয়া উঠিল । যেন ওপারে সকলই দেখা যাইতেছে ; সেখানকার সূর্যালোক, খেলাধুলা, উৎসব সকলই দেখা যাইতেছে ; কে যেন নিষ্ঠুরভাবে, কঠোর হস্তে তাহাকে ধরিয়া রাখিয়াছে, তাহার কাছে বুকের শিরা টানিয়া ছিড়িয়া ফেলিলেও সে যেন সেদিকে যাইতে দিবে না । বিভা যেন আজ দিব্যচক্ষু পাইয়াছে ; এই চরাচরব্যাপী ঘনঘোর অন্ধকারের উপর বিধাতা যেন বিভার ভবিষ্যৎ অদৃষ্ট লিখিয়া দিয়াছেন, অনন্ত জগৎ-সংসারে একাকী বসিয়া বিভা যেন তাহাই পাঠ করিতেছে ; তাই তাহার চক্ষে জল নাই, দেহ নিষ্পন্দ, নেত্র নির্নিমেষ । রাত্রি দুই প্রহরের পর একটা বাতাস উঠিল, অন্ধকারে গাছপালাগুলো হা হা করিয়া উঠিল । বাতাস অতি দূরে হু হু করিয়া শিশুর কণ্ঠে কাঁদিতে লাগিল । বিভার মনে হইতে লাগিল যেন দূর দূর দূরান্তরে সমুদ্রের তীরে বসিয়া বিভার সাধের স্নেহের প্রেমের শিশুগুলি দুই হাত বাড়াইয়া কাঁদিতেছে, আকুল হইয়া তাহারা বিভাকে ডাকিতেছে, তাহারা কোলে আসিতে চায়, সম্মুখে তাহারা পথ দেখিতে পাইতেছে না, যেন তাহাদের ক্রন্দন এই শত যোজন লক্ষ যোজন গাঢ় স্তর অন্ধকার ভেদ করিয়া বিভার কানে আসিয়া পৌঁছিল । বিভার প্রাণ যেন কাতর হইয়া কহিল, “কে রে, তোরা কে, তোরা কে কাঁদিতেছিস, তোরা কোথায় ।” বিভা মনে মনে যেন এই লক্ষ যোজন অন্ধকারের পথে একাকিনী যাত্রা করিল । সহস্র বৎসর ধরিয়া যেন অবিশ্রান্ত ভ্রমণ করিল, পথ শেষ হইল না, কাহাকেও দেখিতে পাইল না । কেবল সেই বায়ুহীন শব্দহীন দিনরাত্রিহীন জনশূন্য তারাশূন্য দিগ্দিগন্তশূন্য মহাঅন্ধকারের মধ্যে দাঁড়াইয়া মাঝে মাঝে চারি দিক হইতে ক্রন্দন শুনিতে পাইল, কেবল বাতাস দূর হইতে করিতে লাগিল— হু হু ।

সমস্ত রাত্রি অনিদ্রায় কাটিয়া গেল । পরদিন বিভা কারাগারে উদয়াদিত্যের নিকট যাইবার নিমিত্ত অনেক চেষ্টা করিল, সেখানে তাহার যাওয়া নিষেধ । সমস্ত দিন ধরিয়া অনেক কাঁদাকাটি করিল । এমন-কি, স্বয়ং প্রতাপাদিত্যের কাছে গেল । বিভা তাঁহার পা জড়াইয়া ধরিল । অনেক কষ্টে সম্মতি পাইল । পরদিন প্রভাত হইতে না হইতেই বিভা শয্যা হইতে উঠিয়া কারাগৃহে প্রবেশ করিল । গিয়া দেখিল উদয়াদিত্য বিছানায় শোন নাই । ভূমিতলে বসিয়া বাতায়নের উপরে মাথা দিয়া ঘুমাইয়া পড়িয়াছেন । দেখিয়া বিভার প্রাণ যেন বুক ফাটিয়া কাঁদিয়া উঠিতে চাহিল । অনেক কষ্টে রোদন সংবরণ করিল । অতি ধীরে নিঃশব্দে উদয়াদিত্যের কাছে গিয়া বসিল । ক্রমে প্রভাত পরিষ্কার হইয়া আসিল । নিকটের বন হইতে পাখিরা গাহিয়া উঠিল । পাশের রাজপথ হইতে পাছেরা গান গাহিয়া উঠিল, দুই-একটি রাত্রিজাগরণে ক্লাস্ত প্রহরী আলো দেখিয়া মৃদুস্বরে গান গাহিতে লাগিল । নিকটস্থ

মন্দির হইতে শাখ-ঘণ্টার শব্দ উঠিল। উদয়াদিত্য সহসা চমকিয়া জাগিয়া উঠিলেন। বিভাকে দেখিয়াই বলিয়া উঠিলেন, “এ কী বিভা, এত সকালে যে ?” ঘরের চারি দিকে চাহিয়া দেখিয়া বলিলেন, “এ কী, আমি কোথায় ?” মুহূর্তের মধ্যে মনে পড়িল, তিনি কোথায়। বিভার দিকে চাহিয়া নিশ্বাস ফেলিয়া কহিলেন, “আঃ ! বিভা, তুই আসিয়াছিস ? কাল তোকে সমস্তদিন দেখি নাই, মনে হইয়াছিল বুঝি তোদের আর দেখিতে পাইব না।”

বিভা উদয়াদিত্যের কাছে আসিয়া চোখ মুছিয়া কহিল, “দাদা, মাটিতে বসিয়া কেন ? খাটে বিছানা পাতা রহিয়াছে। দেখিয়া বোধ হইতেছে, একবারও তুমি খাটে বস নাই। এ দুদিন কি তবে ভূমিতেই আসন করিয়াছ ?” বলিয়া বিভা কাঁদিতে লাগিল।

উদয়াদিত্য ধীরে ধীরে কহিলেন, “খাটে বসিলে আমি যে আকাশ দেখিতে পাই না বিভা। জানালার ভিতর দিয়া আকাশের দিকে চাহিয়া যখন পাখিদের উড়িতে দেখি, তখন মনে হয়, আমারও একদিন খাঁচা ভাঙিবে, আমিও একদিন ঐ পাখিদের মতো ঐ অনন্ত আকাশে প্রাণের সাথে সঁতার দিয়া বেড়াইব। এ জানালা হইতে যখন সরিয়া যাই, তখন চারি দিকে অন্ধকার দেখি, তখন ভুলিয়া যাই যে আমার একদিন মুক্তি হইবে, একদিন নিষ্কৃতি হইবে— মনে হয় না জীবনের বেড়ি একদিন ভাঙিয়া যাইবে, এ কারাগার হইতে একদিন খালাস পাইব। বিভা, এ কারাগারের মধ্যে এই দুই হাত জমি আছে যেখানে আসিলেই আমি জানিতে পারি যে আমি স্বভাবতই স্বাধীন ; কোনো রাজা-মহারাজা আমাকে বন্দী করিতে পারে না। আর ঐখানে ঐ ঘরের মধ্যে ঐ কোমল শয্যা, ঐখানেই আমার কারাগার।”

আজ বিভাকে সহসা দেখিয়া উদয়াদিত্যের মনে অত্যন্ত আনন্দ হইল। বিভা যখন তাঁহার চক্ষে পড়িল, তখন তাঁহার কারাগারের সমুদয় দ্বার যেন মুক্ত হইয়া গেল ! সেদিন তিনি বিভাকে কাছে বসাইয়া আনন্দে এত কথা বলিয়াছিলেন যে কারাপ্রবেশের পূর্বে বোধ করি এত কথা কখনো বলেন নাই। বিভা উদয়াদিত্যের সে আনন্দ মনে মনে বুঝিতে পারিয়াছিল। জানি না, এক প্রাণ হইতে আর-এক প্রাণে কী করিয়া বার্তা যায়, এক প্রাণে তরঙ্গ উঠিলে আর-এক প্রাণে কী নিয়মে তরঙ্গ উঠে। বিভার হৃদয় পুলকে পুরিয়া উঠিল। তাহার অনেক দিনের উদ্দেশ্য আজ সফল হইল। বিভা সামান্য বালিকা, উদয়াদিত্যকে সে যে আনন্দ দিতে পারে অনেক দিনের পর ইহা সে সহসা আজ বুঝিতে পারিল। হৃদয়ে সে বল পাইল। এতদিন সে চারি দিকে অন্ধকার দেখিতেছিল, কোথাও কিনারা পাইতেছিল না, নিরাশার গুরুভারে একেবারে নত হইয়া পড়িয়াছিল। নিজের উপর তাহার বিশ্বাস ছিল না ; অনবরত সে উদয়াদিত্যের কাজ করিত, কিন্তু বিশ্বাস করিতে পারিত না যে, তাঁহাকে সুখী করিতে পারিবে। আজ সে সহসা একটা পথ দেখিতে পাইয়াছে, এতদিনকার সমস্ত শ্রান্তি একেবারে ভুলিয়া গেল। আজ তাহার চোখে প্রভাতের শিশিরের মতো অশ্রুজল দেখা দিল, আজ তাহার অধরে অরুণকিরণের নির্মল হাসি ফুটিয়া উঠিল।

বিভাও প্রায় কারাবাসিনী হইয়া উঠিল। গৃহের বাতায়নের মধ্য দিয়া যখনই প্রভাত প্রবেশ করিত, কারাদ্বার খুলিয়া গিয়া তখনই বিভার বিমল মূর্তি দেখা দিত। বিভা বেতনভোগী ভৃত্যদের কিছুই করিতে দিত না, নিজের হাতে সমুদয় কাজ করিত, নিজে আহার আনিয়া দিত, নিজে শয্যা রচনা করিয়া দিত। একটি টিয়াপাখি আনিয়া ঘরে টাঙাইয়া দিল ও প্রতিদিন সকালে অস্তঃপুরের বাগান হইতে ফুল তুলিয়া আনিয়া দিত। ঘরে একখানি মহাভারত ছিল, উদয়াদিত্য বিভাকে কাছে বসাইয়া তাহাই পড়িয়া শুনাইতেন।

কিন্তু উদয়াদিত্যের মনের ভিতরে একটি কষ্ট জাগিয়া আছে। তিনি তো ডুবিতেই বসিয়াছেন, তবে কেন এমন সময়ে এই অসম্পূর্ণ-সুখ অতৃপ্ত-আশা সুকুমার বিভাকে আশ্রয়স্বরূপে আলিঙ্গন করিয়া তাহাকে পর্যন্ত ডুবাইতেছেন ? প্রতিদিন মনে করেন বিভাকে বলিবেন, “তুই যা বিভা।” কিন্তু বিভা যখন উষার বাতাস লইয়া উষার আলোক লইয়া তরুণী উষার হাত ধরিয়া কারার মধ্যে প্রবেশ করে, যখন সেই স্নেহের ধন সুকুমার মুখখানি লইয়া কাছে আসিয়া বসে, কত যত্ন কত আদরের দৃষ্টিতে তাঁহার মুখের দিকে একবার চাহিয়া দেখে, কত মিষ্ট স্বরে কত কথা জিজ্ঞাসা করে, তখন তিনি আর

কোনোমতেই প্রাণ ধরিয়ে বলিতে পারেন না, “বিভা, তুই যা, তুই আর আসিস না, তোকে আর দেখিব না।” প্রত্যহ মনে করেন, কাল বলিব। কিন্তু সে কাল আর কিছুতেই আসিতে চায় না। অবশেষে একদিন দৃঢ় প্রতিজ্ঞা করিলেন। বিভা আসিল, বিভাকে বলিলেন, “বিভা, তুই আর এখানে থাকিস নে। তুই না গেলে আমি কিছুতেই শান্তি পাইতেছি না। প্রতিদিন সন্ধ্যাবেলায় এই কারাগৃহের অন্ধকারে কে আসিয়া আমাকে যেন বলে, বিভার বিপদ কাছে আসিতেছে। বিভা, আমার কাছ হইতে তোরা শীঘ্র পালাইয়া যা। আমি শনিগ্রহ, আমার দেখা পাইলেই চারি দিক হইতে দেশে বিপদ ছুটিয়া আসে। তুই শ্বশুরবাড়ি যা। মাঝে মাঝে যদি সংবাদ পাই, তাহা হইলেই আমি সুখে থাকিব।”

বিভা চূপ করিয়া রহিল।

উদয়াদিত্য মুখ নত করিয়া বিভার সেই মুখখানি অনেকক্ষণ ধরিয়ে দেখিতে লাগিলেন। তাঁহার দুই চক্ষু দিয়া ঝর্ ঝর্ করিয়া অশ্রু পড়িতে লাগিল। উদয়াদিত্য বুঝিলেন, ‘আমি কারাগার হইতে না মুক্ত হইলে বিভা কিছুতেই আমাকে ছাড়িয়া যাইবে না, কী করিয়া মুক্ত হইতে পারিব।’

ষড়বিংশ পরিচ্ছেদ

রামচন্দ্র রায় ভাবিলেন, বিভা যে চন্দ্রদ্বীপে আসিল না, সে কেবল প্রতাপাদিত্যের শাসনে ও উদয়াদিত্যের মন্ত্রণায়। বিভা যে নিজের ইচ্ছায় আসিল না, তাহা মনে করিলে তাঁহার আত্মগৌরবে অত্যন্ত আঘাত লাগে। তিনি ভাবিলেন প্রতাপাদিত্য আমাকে অপমান করিতে চাহে, অতএব সে কখনো বিভাকে আমার কাছে পাঠাইবে না। কিন্তু এ অপমান আমিই তাহাকে ফিরাইয়া দিই না কেন? আমিই তাহাকে এক পত্র লিখি না কেন যে তোমার মেয়েকে আমি পরিত্যাগ করিলাম, তাহাকে যেন আর চন্দ্রদ্বীপে পাঠানো না হয়। এইরূপ সাত-পাঁচ ভাবিয়া পাঁচজনের সহিত মন্ত্রণা করিয়া প্রতাপাদিত্যকে ঐ মর্মে এক পত্র লেখা হইল। প্রতাপাদিত্যকে এরূপ চিঠি লেখা বড়ো সাধারণ সাহসের কর্ম নহে। রামচন্দ্র রায়ের মনে মনে বিলক্ষণ ভয় হইতেছিল। কিন্তু ঢালু পর্বতে বেগে নামিতে নামিতে হাজার ভয় হইলেও যেমন মাঝে থামা যায় না, রামচন্দ্র রায়ের মনেও সেইরূপ একটা ভাবের উদয় হইয়াছিল। সহসা একটা দুঃসাহসিকতায় প্রবৃত্ত হইয়াছেন, শেষ পর্যন্ত না পৌঁছিয়া যেন দাঁড়াইতে পারিতেছেন না। রামমোহনকে ডাকিয়া কহিলেন, “এই পত্র যশোহরে লইয়া যা।” রামমোহন জোড়হস্তে কহিল, “আজ্ঞা না মহারাজ, আমি পারিব না। আমি স্থির করিয়াছি আর যশোহরে যাইব না। এক যদি পুনরায় মা-ঠাকুরানীকে আনিতে যাইতে বলেন তো আর-একবার যাইতে পারি, নতুবা এ চিঠি লইয়া যাইতে পারিব না।” রামমোহনকে আর কিছু না বলিয়া বৃদ্ধ নয়ানচাঁদের হাতে রাজা সেই পত্রখানি দিলেন। সে সেই পত্র লইয়া যশোহরে যাত্রা করিল।

পত্র লইয়া গেল বটে, কিন্তু নয়ানচাঁদের মনে বড়ো ভয় হইল। প্রতাপাদিত্যের হাতে এ পত্র পড়িলে না জানি তিনি কী করিয়া বসেন। অনেক ভাবিয়া চিন্তিয়া মহিষীর হাতে সে এই পত্র দিতে সংকল্প করিল। মহিষীর মনের অবস্থা বড়ো ভালো নয়। এক দিকে বিভার জন্য তাঁহার ভাবনা, আর-এক দিকে উদয়াদিত্যের জন্য তাঁহার কষ্ট। সংসারের গোলেমালে তিনি যেন একেবারে ঝালাপালা হইয়া গিয়াছেন। মাঝে মাঝে প্রায় তাঁহাকে কাঁদিতে দেখা যায়। তাঁহার যেন আর ঘরকন্মায় মন লাগে না। এইরূপ অবস্থায় তিনি এই পত্রখানি পাইলেন— কী যে করিবেন কিছু ভাবিয়া পাইলেন না। বিভাকে কিছু বলিতে পারেন না, তাহা হইলে সুকুমার বিভা আর বাঁচিবে না। মহারাজের কানে এ চিঠির কথা উঠিলে কী যে অনর্থপাত হইবে তাহার ঠিকানা নাই। অথচ এমন সংকটের অবস্থায় কাহাকে কিছু না বলিয়া কাহারও নিকট কোনো পরামর্শ না লইয়া মহিষী বাঁচিতে পারেন না, চারি দিক অকূল পাথর দেখিয়া কাঁদিতে কাঁদিতে প্রতাপাদিত্যের কাছে গেলেন। কহিলেন, “মহারাজ, বিভার তো যাহা হয় একটা কিছু করিতে হইবে।”

প্রতাপাদিত্য কহিলেন, “কেন বলো দেখি?”

মহিষী কহিলেন, “নাঃ, কিছু যে হইয়াছে তাহা নহে, তবে বিভাকে তো এক সময়ে শ্বশুরবাড়ি পাঠাইতেই হইবে।”

প্রতাপাদিত্য। সে তো বুঝিলাম, তবে এতদিন পরে আজ যে সহসা তাহা মনে পড়িল ? মহিষী ভীত হইয়া কহিলেন, “ঐ তোমার এক কথা, আমি কি বলিতেছি যে কিছু হইয়াছে ? যদি কিছু হয়—”

প্রতাপাদিত্য বিরক্ত হইয়া কহিলেন, “হইবে আর কী ?”

মহিষী। এই মনে করো যদি জামাই বিভাকে একেবারে ত্যাগ করে।

বলিয়া মহিষী রুদ্ধকণ্ঠ হইয়া কাঁদিতে লাগিলেন।

প্রতাপাদিত্য অত্যন্ত ক্রুদ্ধ হইয়া উঠিলেন। তাহার চোখ দিয়া অগ্নিকণা বাহির হইল।

মহারাজের সেই মূর্তি দেখিয়া মহিষী চোখের জল মুছিয়া তাড়াতাড়ি কহিলেন, “তাই বলিয়া জামাই কি আর সত্য সত্যই লিখিয়াছে যে ওগো তোমাদের বিভাকে আমি ত্যাগ করিলাম, তাহাকে আর চন্দ্রদ্বীপে পাঠাইয়ো না, তাহা নহে— তবে কথা এই, যদি কোনোদিন তাই লিখিয়া বসে !”

প্রতাপাদিত্য কহিলেন, “তখন তাহার বিহিত বিধান করিব, এখন তাহার জন্য ভাবিবার অবসর নাই।”

মহিষী কাঁদিয়া কহিলেন, “মহারাজ, তোমার পায়ে পড়ি, আমার একটি কথা রাখো, একবার ভাবিয়া দেখো বিভার কী হইবে। আমার পাষণ প্রাণ বলিয়া আজও রহিয়াছে, নহিলে আমাকে যত দূর যন্ত্রণা দিবার তা দিয়াছ। উদয়কে— আমার বাছাকে— রাজার ছেলেকে সামান্য অপরাধীর মতো রুদ্ধ করিয়াছ। সে আমার কাহারও কোনো অপকার করে না, কিছুতেই লিপ্ত থাকে না, দোষের মধ্যে সে কিছু বোঝে-সোঝে না, রাজকার্য শেখে নাই, প্রজা শাসন করিতে জানে না, তাহার বুদ্ধি নাই, তা ভগবান তাহাকে যা করিয়াছেন তাহার দোষ কী।”

বলিয়া মহিষী দ্বিগুণ কাঁদিতে লাগিলেন।

প্রতাপাদিত্য ঈষৎ বিরক্ত হইয়া কহিলেন, “ও কথা তো অনেকবার হইয়া গিয়াছে। যে কথা হইতেছিল তাহাই বলো-না।”

মহিষী কপালে করাঘাত করিয়া কহিলেন, “আমারই পোড়া কপাল। বলিব আর কী ! বলিলে কি তুমি কিছু শোন ! একবার বিভার মুখপানে চাও মহারাজ। সে যে কাহাকেও কিছু বলে না— সে কেবল দিনে দিনে শুকাইয়া যায়, ছায়ার মতো হইয়া আসে, কিন্তু সে কথা কহিতে জানে না। তাহার একটা উপায় করো।”

প্রতাপাদিত্য বিরক্ত হইয়া উঠিলেন। মহিষী আর কিছু না বলিয়া ফিরিয়া আসিলেন।

সপ্তবিংশ পরিচ্ছেদ

ইতিমধ্যে এক ঘটনা ঘটিয়াছে। যখন সীতারাম দেখিল, উদয়াদিত্যকে কারারুদ্ধ করা হইয়াছে, তখন সে আর হাত-পা আছড়াইয়া বাঁচে না। প্রথমেই তো সে রুক্মিণীর বাড়ি গেল। তাহাকে যাহা মুখে আসিল তাহাই বলিল। তাহাকে মারিতে যায় আর-কি। কহিল, “সর্বনাশী, তোর ঘরে আগুন জ্বলাইয়া দিব, তোর ভিটায় ঘুঘু চরাইব, আর যুবরাজকে খালাস করিব, তবে আমার নাম সীতারাম। আজই আমি রায়গড়ে চলিলাম, রায়গড় হইতে আসি, তার পরে তোর ঐ কালামুখ লইয়া এই শানের উপরে ঘষিব, তোর মুখে চুনকালি মাখাইয়া শহর হইতে বাহির করিয়া দিব, তবে জলগ্রহণ করিব।”

রুক্মিণী কিয়ৎক্ষণ অনিমেঘনে সীতারামের মুখের দিকে চাহিয়া শুনিল, ক্রমে তাহার দাঁতে দাঁতে লাগিল, ঠোটে ঠোট চাপিল, তাহার হাতের মুষ্টি দৃঢ়বদ্ধ হইল, তাহার ঘনকৃষ্ণ ভ্রুয়ুগলের উপর মেঘ ঘনাইয়া আসিল, তাহার ঘনকৃষ্ণ চক্ষুতারকায় বিদ্যুৎ সঞ্চিত হইতে লাগিল, তাহার সমস্ত শরীর নিম্পন্দ হইয়া গেল। ক্রমে তাহার স্থূল অধরৌষ্ঠ কাঁপিতে লাগিল, ঘন ভ্রু তরঙ্গিত হইল, অন্ধকার চক্ষু বিদ্যুৎ

খেলাইতে লাগিল, কেশরাশি ফুলিয়া উঠিল, হাত-পা থর্ থর্ করিয়া কাঁপিতে আরম্ভ করিল। একটা পৈশাচিক অভিশাপ, একটা সর্বাঙ্গস্ফীত কম্পমান হিংসা সীতারামের মাথার উপরে যেন পড়ে পড়ে। সেই মুহূর্তে সীতারাম কুটির হইতে বাহির হইয়া গেল। ক্রমে যখন রুক্ষিণীর মুষ্টি শিথিল হইয়া আসিল, দাঁত খুলিয়া গেল, অধরৌষ্ঠ পৃথক হইল, কুঞ্চিত ভ্রু প্রসারিত হইল, তখন সে বসিয়া পড়িল, কহিল, “বটে ! যুবরাজ তোমারই বটে ! যুবরাজের বিপদ হইয়াছে বলিয়া তোমার গায়ে বড়ো লাগিয়াছে— যেন যুবরাজ আমার কেহ নয়। পোড়ারমুখো, এটা জানিস না যে সে আমারই যুবরাজ, আমিই তাহার ভালো করিতে পারি আর আমিই তাহার মন্দ করিতে পারি। আমার যুবরাজকে তুই কারামুক্ত করিতে চাহিস। দেখিব কেমন তাহা পারিস।”

সীতারাম সেই দিনই রায়গড়ে চলিয়া গেল।

বিকালবেলা বসন্ত রায় রায়গড়ের প্রাসাদের বারান্দায় বসিয়া রহিয়াছেন। সম্মুখে এক প্রশস্ত মাঠ দেখা যাইতেছে। মাঠের প্রান্তে খালের পরপারে একটি আশ্রবনের মধ্যে সূর্য অস্ত যাইতেছেন। বসন্ত রায়ের হাতে তাঁহার চিরসহচর সেতারটি আর নাই। বৃদ্ধ সেই অস্তমান সূর্যের দিকে চাহিয়া আপনার মনে গুন্ গুন্ করিয়া গান গাহিতেছেন—

আমিই শুধু রইনু বাকি।

যা ছিল তা গেল চলে, রইল যা তা কেবল ফাঁকি।

আমার ব'লে ছিল যারা

আর তো তারা দেয় না সাড়া—

কোথায় তারা ? কোথায় তারা ? কেঁদে কেঁদে কারে ডাকি।

বল্ দেখি মা শুধাই তোরে,

আমার কিছু রাখলি নে রে ?

আমি কেবল আমায় নিয়ে কোন্ প্রাণেতে বেঁচে থাকি।

কে জানে কী ভাবিয়া বৃদ্ধ এই গান গাহিতেছিলেন। বৃদ্ধি তাঁহার মনে হইতেছিল, ‘গান গাহিতেছি, কিন্তু যাহাদের গান শুনাইতাম তাহারা যে নাই। গান আপনি আসে, কিন্তু গান গাহিয়া যে আর সুখ নাই। এখনো আনন্দ ভুলি নাই, কিন্তু যখনই আনন্দ জন্মিত তখনই যাহাদের আলিঙ্গন করিতে সাধ যাইত তাহারা কোথায় ? যেদিন প্রভাতে রায়গড়ে ঐ তালগাছটার উপরে মেঘ করিত, মনটা আনন্দে নাচিয়া উঠিত, সেই দিনই আমি যাহাদের দেখিতে যশোরে যাত্রা করিতাম, তাহাদের কি আর দেখিতে পাইব না ? এখনো এক-একবার মনটা তেমনি আনন্দে নাচিয়া উঠে, কিন্তু হয়—’

এই-সব বৃদ্ধি ভাবিয়া আজ বিকালবেলায় অস্তমান সূর্যের দিকে চাহিয়া বৃদ্ধ বসন্ত রায়ের মুখে আপনা-আপনি গান উঠিতেছে— আমিই শুধু রইনু বাকি।

এমন সময়ে ঝাঁ সাহেব আসিয়া এক মস্ত সেলাম করিল। ঝাঁ সাহেবকে দেখিয়া বসন্ত রায় উৎফুল্ল হইয়া কহিলেন, “ঝাঁ সাহেব, এসো এসো।” অধিকতর নিকটে গিয়া ব্যস্তসমস্ত হইয়া কহিলেন, “সাহেব, তোমার মুখ অমন মলিন দেখিতেছি কেন ? মেজাজ ভালো আছে তো ?”

ঝাঁ সাহেব। মেজাজের কথা আর জিজ্ঞাসা করিবেন না, মহারাজ। আপনাকে মলিন দেখিয়া আমাদের মনে আর সুখ নাই। একটি বয়েত আছে— রাত্রি বলে আমি কেহই নই, আমি যাহাকে মাথায় করিয়া রাখিয়াছি সেই চাঁদ, তাহারই সহিত আমি একত্রে হাসি, একত্রে ম্লান হইয়া যাই ! মহারাজ, আমরাই বা কে, আপনি না হাসিলে আমাদের হাসিবার ক্ষমতা কী ? আমাদের আর সুখ নাই, জনাব।

বসন্ত রায় ব্যগ্র হইয়া কহিলেন, “সে কী কথা সাহেব ? আমার তো অসুখ কিছুই নাই, আমি নিজেকে দেখিয়া নিজে হাসি, নিজের আনন্দে নিজে থাকি, আমার অসুখ কী ঝাঁ সাহেব ?”

ঝাঁ সাহেব। মহারাজ এখন আপনার আর তেমন গান বাদ্য শুনায় না।

বসন্ত রায় সহসা ঈষৎ গম্ভীর হইয়া কহিলেন, “আমার গান শুনিবে সাহেব ?—

আমিই শুধু রইনু বাকি ।
যা ছিল তা গেল চলে,
রইল যা তা কেবল ফাঁকি ।”

খাঁ সাহেব । আপনি আর সে সেতার বাজান কই ? আপনার সে সেতার কোথায় ?

বসন্ত রায় ঈষৎ হাসিয়া কহিলেন, “সে সেতার যে নাই, তাহা নয় । সেতার আছে, শুধু তাহার তার ছিড়িয়া গেছে, তাহাতে আর সুর মেলে না ।”

বলিয়া আশ্রবনের দিকে চাহিয়া মাথায় হাত বুলাইতে লাগিলেন ।

কিয়ৎক্ষণ পরে বসন্ত রায় বলিয়া উঠিলেন, “খাঁ সাহেব, একটা গান গাও-না— একটা গান গাও ; গাও, তাজবে তাজ নওবে নও ।”

খাঁ সাহেব গান ধরিলেন—

তাজবে তাজ নওবে নও ।

দেখিতে দেখিতে বসন্ত রায় মাতিয়া উঠিলেন, আর বসিয়া থাকিতে পারিলেন না । উঠিয়া দাঁড়াইলেন, একত্রে গাহিতে লাগিলেন— তাজবে তাজ নওবে নও । ঘন ঘন তাল দিতে লাগিলেন এবং বার বার করিয়া গাহিতে লাগিলেন । গাহিতে গাহিতে সূর্য অস্ত গেল, অন্ধকার হইয়া আসিল, রাখালেরা বাড়িমুখে আসিতে আসিতে গান ধরিল । এমন সময়ে আসিয়া সীতারাম “মহারাজের জয় হউক” বলিয়া প্রণাম করিল । বসন্ত রায় একেবারে চমকিত হইয়া তৎক্ষণাৎ গান বন্ধ করিয়া তাড়াতাড়ি তাহার কাছে আসিয়া তাহার গায়ে হাত দিয়া কহিলেন, “আরে সীতারাম যে ! ভালো আছিস তো ? দাদা কেমন আছে ? দিদি কোথায় ? খবর ভালো তো ?”

খাঁ সাহেব চলিয়া গেল । সীতারাম কহিল, “একে একে নিবেদন করিতেছি মহারাজ ।” বলিয়া একে একে যুবরাজের কারারোধের কথা কহিল । সীতারাম আগাগোড়া সত্য কথা বলে নাই । যে কারণে উদয়াদিত্যের কারারোধ ঘটিয়াছিল, সে কারণটা তেমন স্পষ্ট করিয়া বলে নাই ।

বসন্ত রায়ের মাথায় আকাশ ভাঙিয়া পড়িল, তিনি সীতারামের হাত দৃঢ় করিয়া ধরিলেন । তাঁহার ভ্রু উর্ধ্বে উঠিল, তাঁহার চক্ষু প্রসারিত হইয়া গেল, তাঁহার অর্ধরৌষ্ঠ বিভিন্ন হইয়া গেল— নির্নিমেষ নেত্রে সীতারামের মুখের দিকে চাহিয়া কহিলেন, “অ্যা ?”

সীতারাম কহিল, “আজ্ঞা হাঁ মহারাজ ।”

কিয়ৎক্ষণ চূপ করিয়া বসন্ত রায় কহিলেন, “সীতারাম !”

সীতারাম । মহারাজ !

বসন্ত রায় । তাহা হইলে দাদা এখন কোথায় ?

সীতারাম । আজ্ঞা, তিনি কারাগারে ।

বসন্ত রায় মাথায় হাত বুলাইতে লাগিলেন । উদয়াদিত্য কারাগারে, এ কথাটা বুঝি তাঁহার মাথায় ভালো করিয়া বসিতেছে না, কিছুতেই কল্পনা করিয়া উঠিতে পারিতেছেন না । আবার কিছুক্ষণ বাদে সীতারামের হাত ধরিয়া কহিলেন, “সীতারাম !”

সীতারাম । আজ্ঞা মহারাজ !

বসন্ত রায় । তাহা হইলে দাদা এখন কী করিতেছে ?

সীতারাম । কী আর করিবেন । তিনি কারাগারেই আছেন ।

বসন্ত রায় । তাহাকে কি সকলে বন্ধ করিয়া রাখিয়াছে ?

সীতারাম । আজ্ঞা হাঁ মহারাজ ।

বসন্ত রায় । তাহাকে কি কেহ একবার বাহির হইতে দেয় না ?

সীতারাম । আজ্ঞা না ।

বসন্ত রায় । সে একলা কারাগারে বসিয়া আছে ?

বসন্ত রায় এ কথাগুলি বিশেষ কোনো ব্যক্তিকে জিজ্ঞাসা করেন নাই— আপনা-আপনি বলিতেছিলেন । সীতারাম তাহা বুঝিতে পারে নাই— সে উত্তর করিল, “হাঁ মহারাজ ।”

বসন্ত রায় বলিয়া উঠিলেন, “দাদা, তুই আমার কাছে আয় রে, তোকে কেহ চিনিল না ।”

অষ্টাবিংশ পরিচ্ছেদ

বসন্ত রায় তাহার পরদিনই যশোহরে যাত্রা করিলেন । কাহারও নিষেধ মানিলেন না । যশোহরে পৌঁছিয়াই একেবারে রাজবাটীর অন্তঃপুরে গেলেন । বিভা সহসা তাহার দাদামহাশয়কে দেখিয়া যেন কী হইয়া গেল । কিছুক্ষণ কী যে করিবে কিছু যেন ভাবিয়া পাইল না । কেবল চোখে বিস্ময়, অধরে আনন্দ, মুখে কথা নাই, শরীর নিষ্পন্দ— খানিকটা দাঁড়াইয়া রহিল, তাহার পর তাঁহার পায়ের কাছে পড়িয়া প্রণাম করিল, পায়ের ধুলা মাথায় লইল । বিভা উঠিয়া দাঁড়াইলে পর বসন্ত রায় একবার নিতান্ত একাগ্রদৃষ্টে বিভার মুখের দিকে চাহিয়া জিজ্ঞাসা করিলেন, “বিভা ?” আর কিছু বলিলেন না, কেবল জিজ্ঞাসা করিলেন, “বিভা ?” যেন তাঁহার মনে একটি অতি ক্ষীণ আশা জাগিয়াছিল যে, সীতারাম যাহা বলিয়াছিল তাহা সত্য না হইতেও পারে । সমস্তটা স্পষ্ট জিজ্ঞাসা করিতে ভয় হইতেছে, পাছে বিভা তাহার উত্তর দিয়া ফেলে । তাঁহার ইচ্ছা নয় যে, বিভা তৎক্ষণাৎ তাঁহার এ প্রশ্নের উত্তর দেয় । তাই তিনি অতি ভয়ে ভয়ে বিভার মুখখানিকে জিজ্ঞাসা করিলেন, “বিভা ?” তাই তিনি অতি একাগ্রদৃষ্টে তাহার মুখের দিকে একবার চাহিলেন । বিভা বুঝিল এবং বিভা উত্তর দিতেও পারিল না ; তাহার প্রথম আনন্দ-উচ্ছ্বাস ফুরাইয়া গেছে । আগে যখন দাদামহাশয় আসিতেন, সেই-সব দিন তাহার মনে পড়িয়াছে । সে এক কী উৎসবের দিনই গিয়াছে । তিনি আসিলে কী একটা আনন্দই পড়িত । সুরমা হাসিয়া তামাশা করিত, বিভা হাসিত কিন্তু তামাশা করিতে পারিত না, দাদা প্রশান্ত আনন্দমূর্তিতে দাদামহাশয়ের গান শুনিতেন । আজ দাদামহাশয় আসিলেন, কিন্তু আর কেহ তাঁহার কাছে আসিল না, কেবল এই আধার সংসারে একলা বিভা— সুখের সংসারের একমাত্র ভগ্নাবশেষের মতো একলা দাদামহাশয়ের কাছে দাঁড়াইয়া আছে । দাদামহাশয় আসিলে যে ঘরে আনন্দধ্বনি উঠিত— সেই সুরমার ঘর আজ এমন কেন ? সে আজ স্তব্ধ, অন্ধকার, শূন্যময়— দাদামহাশয়কে দেখিলেই সে ঘরটা যেন এখনই কাঁদিয়া উঠিবে । বসন্ত রায় একবার কী যেন কিসের আশ্বাসে সেই ঘরের সম্মুখে গিয়া দাঁড়াইলেন— দরজার কাছে দাঁড়াইয়া ঘরের মধ্যে মাথা লইয়া একবার চারি দিক দেখিলেন, তৎক্ষণাৎ মুখ ফিরাইয়া বুক-ফাটা কণ্ঠে জিজ্ঞাসা করিলেন, “দিদি, ঘরে কি কেহই নাই ।”

বিভা কাঁদিয়া উঠিয়া কহিল, “না দাদামহাশয়, কেহই নাই ।”

স্তব্ধ ঘরটা যেন হা হা করিয়া বলিয়া উঠিল, ‘আগে যাহারা ছিল তাহারা কেহই নাই ।’

বসন্ত রায় অনেকক্ষণ পর্যন্ত চূপ করিয়া দাঁড়াইয়া রহিলেন, অবশেষে বিভার হাত ধরিয়া আস্তে আস্তে গাহিয়া উঠিলেন—

আমিই শুধু রইনু বাকি ।

বসন্ত রায় প্রতাপাদিত্যের কাছে গিয়া নিতান্ত মিনতি করিয়া কহিলেন, “বাবা প্রতাপ, উদয়কে আর কেন কষ্ট দাও— সে তোমাদের কী করিয়াছে ? তাহাকে যদি তোমরা ভালো না বাস, পদে পদেই যদি সে তোমাদের কাছে অপরাধ করে তবে তাহাকে এই বুড়ার কাছে দাও-না । আমি তাহাকে লইয়া যাই— আমি তাহাকে রাখিয়া দিই । তাহাকে আর তোমাদের দেখিতে হইবে না— সে আমার কাছে থাকিবে !”

প্রতাপাদিত্য অনেকক্ষণ পর্যন্ত ধৈর্য ধরিয়া চূপ করিয়া বসন্ত রায়ের কথা শুনিলেন, অবশেষে বলিলেন, “খুড়ামহাশয়, আমি যাহা করিয়াছি তাহা অনেক বিবেচনা করিয়াই করিয়াছি, এ বিষয়ে

আপনি অবশ্যই আমার অপেক্ষা অনেক অল্প জানেন— অথচ আপনি পরামর্শ দিতে আসিয়াছেন, আপনার এ-সকল কথা আমি গ্রাহ্য করিতে পারি না।”

তখন বসন্ত রায় উঠিয়া প্রতাপাদিত্যের কাছে আসিয়া প্রতাপাদিত্যের হাত ধরিয়া কহিলেন, “বাবা প্রতাপ, মনে কি নাই ! তোকে যে আমি ছেলেবেলায় কোলে পিঠে করিয়া মানুষ করিলাম, সে কি আর মনে পড়ে না ? স্বর্গীয় দাদা যেদিন তোকে আমার হাতে সমর্পণ করিয়া গিয়াছেন, সেদিন হইতে আমি কি এক মুহূর্তের জন্য তোকে কষ্ট দিয়াছি ? অসহায় অবস্থায় যখন তুই আমার হাতে ছিলি একদিনও কি তুই আপনাকে পিতৃহীন বলিয়া মনে করিতে পারিয়াছিলি ? প্রতাপ, বল্ দেখি, আমি তোর কী অপরাধ করিয়াছিলাম যাহাতে আমার এই বৃদ্ধ বয়সে তুই আমাকে এত কষ্ট দিতে পারিলি ? এমন কথা আমি বলি না যে, তোকে পালন করিয়াছিলাম বলিয়া তুই আমার কাছে ঋণী— তোদের মানুষ করিয়া আমিই আমার দাদার স্নেহ-ঋণ শোধ করিতে চেষ্টা করিয়াছিলাম। অতএব প্রতাপ, আমি প্রাপ্য বলিয়া তোর কাছে কিছুই চাহি না, কখনো চাহিও নাই, আমি কেবল তোর কাছে ভিক্ষা চাহিতেছি— তাও দিবি না ?”

বসন্ত রায়ের চোখে জল পড়িতে লাগিল, প্রতাপাদিত্য পাষণমূর্তির ন্যায় বসিয়া রহিলেন।

বসন্ত রায় আবার কহিলেন, “তবে আমার কথা শুনিবি না, আমার ভিক্ষা রাখিবি না ? কথার উত্তর দিবি নে প্রতাপ ?” দীর্ঘনিশ্বাস ফেলিয়া কহিলেন, “ভালো, আমার আর-একটি ক্ষুদ্র প্রার্থনা আছে, একবার আমি উদয়কে দেখিতে চাই। আমাকে তাহার সেই কারাগৃহে প্রবেশ করিতে কেহ যেন নিষেধ না করে— এই অনুমতি দাও।”

প্রতাপাদিত্য তাহাও দিলেন না। তাহার বিরুদ্ধে উদয়াদিত্যের প্রতি এতখানি স্নেহ প্রকাশ করাতে প্রতাপাদিত্য মনে মনে অত্যন্ত বিরক্ত হইয়া উঠিয়াছিলেন। তাহার যতই মনে হয় লোকে তাহাকেই অপরাধী করিয়া তুলিতেছে, ততই তিনি আরো ঝাঁকিয়া দাঁড়ান।

বসন্ত রায় নিতান্ত স্নানমুখে অস্তঃপুরে ফিরিয়া গেলেন, তাহার মুখ দেখিয়া বিভার অত্যন্ত কষ্ট হইল। বিভা দাদামহাশয়ের হাত ধরিয়া কহিল, “দাদামহাশয়, আমার ঘরে এসো।” বসন্ত রায় নীরবে বিভার সঙ্গে সঙ্গে বিভার ঘরে প্রবেশ করিলেন। তিনি ঘরে বসিলে পর বিভা তাহার কোমল অঙ্গুলি দিয়া তাহার পাকা চুলগুলি নাড়িয়া দিয়া কহিল, “দাদামহাশয়, এসো, তোমার পাকা চুল তুলিয়া দিই।” বসন্ত রায় কহিলেন, “দিদি, সে পাকা চুল কি আর আছে ? যখন বয়স হয় নাই তখন সে-সব ছিল, তখন তোদের পাকা চুল তুলিতে বলিতাম। আজ আমি বুড়া হইয়া গিয়াছি, আজ আর আমার পাকা চুল নাই।”

বসন্ত রায় দেখিলেন বিভার মুখখানি মলিন হইয়া আসিল, তাহার চোখ ছলছল করিয়া আসিল। অমনি তাড়াতাড়ি কহিলেন, “আয় বিভা আয়, গোটাকতক চুল তুলিয়া দে। তোদের পাকা চুল সরবরাহ করিয়া উঠিতে আর তো আমি পারি না ভাই। বয়স হইতে চলিল, ক্রমেই মাথায় টাক পড়িতে চলিল। এখন আর-একটা মাথার অনুসন্ধান কর, আমি জবাব দিলাম।” বলিয়া বসন্ত রায় হাসিতে লাগিলেন।

একজন দাসী আসিয়া বসন্ত রায়কে কহিল, “রানীমা আপনাকে একবার প্রণাম করিতে চান।”

বসন্ত রায় মহিষীর ঘরে গেলেন, বিভা কারাগারে গেল।

মহিষী বসন্ত রায়কে প্রণাম করিলেন। বসন্ত রায় আশীর্বাদ করিলেন, “মা, আয়ুস্বতী হও।”

মহিষী কহিলেন, “কাকামহাশয়, ও আশীর্বাদ আর করিবেন না। এখন আমার মরণ হইলেই আমি ঝাঁচি।”

বসন্ত রায় ব্যস্ত হইয়া কহিলেন, “রাম রাম ! ও কথা মুখে আনিতে নাই।”

মহিষী কহিলেন, “আর কী বলিব কাকামহাশয়, আমার ঘরকন্না যেন শনির দৃষ্টি পড়িয়াছে।”

বসন্ত রায় অধিকতর ব্যস্ত হইয়া পড়িলেন।

মহিষী কহিলেন, “বিভার মুখখানি দেখিয়া আমার মুখে আর অন্নজল রুচে না। তাহাকে জিজ্ঞাসা

করিলে সে কিছু বলে না, কেবল দিনে দিনে তাহার শরীর ক্ষয় হইয়া যাইতেছে । তাহাকে লইয়া যে আমি কী করিব কিছু ভাবিয়া পাই না ।”

বসন্ত রায় অত্যন্ত ব্যাকুল হইয়া পড়িলেন ।

“এই দেখুন কাকামহাশয়, এক সর্বনেশে চিঠি আসিয়াছে ।” বলিয়া এক চিঠি বসন্ত রায়ের হাতে দিলেন ।

বসন্ত রায় সে চিঠি পড়িতে না পড়িতে মহিষী কাঁদিয়া বলিতে লাগিলেন, “আমার আর কিসের সুখ আছে ? উদয়— বাছা আমার কিছু জানে না । তাহাকে তো মহারাজ— সে যেন রাজার মতোই হয় নাই, কিন্তু তাহাকে তো আমি গর্ভে ধারণ করিয়াছিলাম, সে তো আমার আপনার সন্তান বটে । জানি না, বাছা সেখানে কী করিয়া থাকে, একবার আমাকে দেখিতেও দেয় না ।” মহিষী আজকাল যে কথাই পাড়েন, উদয়াদিত্যের কথা তাহার মধ্যে এক স্থলে আসিয়া পড়ে । ঐ কষ্টটাই তাহার প্রাণের মধ্যে যেন দিনরাত জাগিয়া আছে ।

চিঠি পড়িয়া বসন্ত রায় একেবারে অবাক হইয়া গেলেন, চুপ করিয়া বসিয়া মাথায় হাত বুলাইতে লাগিলেন । কিয়ৎক্ষণ পরে বসন্ত রায় মহিষীকে জিজ্ঞাসা করিলেন, “এ চিঠি তো কাহাকেও দেখাও নি মা !”

মহিষী কহিলেন, “মহারাজ এ চিঠির কথা শুনিলে কি আর রক্ষা রাখিবেন, বিভাও কি তাহা হইলে আর বাঁচিবে ।”

বসন্ত রায় কহিলেন, “ভালো করিয়াছ । এ চিঠি আর কাহাকেও দেখাইয়ো না, বউমা । তুমি বিভাকে শীঘ্র তাহার স্বশুরবাড়ি পাঠাইয়া দাও । মান-অপমানের কথা ভাবিয়ো না !”

মহিষী কহিলেন, “আমিও তাহাই মনে করিয়াছি । মান লইয়া আমার কাজ নাই, আমার বিভা সুখী হইলেই হইল । কেবল ভয় হয় পাছে বিভাকে তাহারা অযত্ন করে ।”

বসন্ত রায় কহিলেন, “বিভাকে অযত্ন করিবে ! বিভা কি অযত্নের ধন ! বিভা যেখানে যাইবে সেইখানেই আদর পাইবে । অমন লক্ষ্মী অমন সোনার প্রতিমা আর কোথায় আছে । রামচন্দ্র কেবল তোমাদের উপর রাগ করিয়াই এই চিঠি লিখিয়াছে, আবার পাঠাইয়া দিলেই তাহার রাগ পড়িয়া যাইবে ।” বসন্ত রায় তাহার সরল হৃদয়ে সরল বুদ্ধিতে এই বুঝিলেন । মহিষীও তাহাই বুঝিলেন ।

বসন্ত রায় কহিলেন, “বাড়িতে রাষ্ট্র করিয়া দাও যে, বিভাকে চন্দ্রদ্বীপে পাঠাইতে অনুরোধ করিয়া রামচন্দ্র এক চিঠি লিখিয়াছে । তাহা হইলে বিভা নিশ্চয়ই সেখানে যাইতে আর অমত করিবে না ।”

উনত্রিংশ পরিচ্ছেদ

সন্ধ্যার পর বসন্ত রায় একাকী বহির্বাটীতে বসিয়া আছেন । এমন সময়ে সীতারাম তাহাকে আসিয়া প্রণাম করিল ।

বসন্ত রায় তাহাকে জিজ্ঞাসা করিলেন, “কী সীতারাম, কী খবর ?”

সীতারাম কহিল, “সে পরে বলিব, আপনাকে আমার সঙ্গে আসিতে হইবে ।”

বসন্ত রায় কহিলেন, “কেন, কোথায় সীতারাম ?”

সীতারাম তখন কাছে আসিয়া বসিল । চুপি চুপি ফিস ফিস করিয়া কী বলিল ! বসন্ত রায় চক্ষু বিস্ফারিত করিয়া কহিলেন, “সত্য নাকি ?”

সীতারাম কহিল, “আজ্ঞা হাঁ মহারাজ ।”

বসন্ত রায় মনে মনে অনেক ইতস্তত করিতে লাগিলেন । কহিলেন, “এখনই যাইতে হইবে নাকি ।”

সীতারাম । আজ্ঞা হাঁ ।

বসন্ত রায় । একবার বিভার সঙ্গে দেখা করিয়া আসিব না ।

সীতারাম । আজ্ঞা না, আর সময় নাই ।

বসন্ত রায় । কোথায় যাইতে হইবে ?

সীতারাম । আমার সঙ্গে আসুন, আমি লইয়া যাইতেছি ।

বসন্ত রায় উঠিয়া দাঁড়াইয়া কহিলেন, “একবার বিভার সঙ্গে দেখা করিয়া আসি-না কেন ?”

সীতারাম । আজ্ঞা না মহারাজ । দেরি হইলে সমস্ত নষ্ট হইয়া যাইবে ।

বসন্ত রায় তাড়াতাড়ি কহিলেন, “তবে কাজ নাই— কাজ নাই ।” উভয়ে চলিলেন ।

আবার কিছু দূর গিয়া কহিলেন, “একটু বিলম্ব করিলে কি চলে না ?”

সীতারাম । না মহারাজ, তাহা হইলে বিপদ হইবে ।

“দুর্গা বলো” বলিয়া বসন্ত রায় প্রাসাদের বাহির হইয়া গেলেন ।

বসন্ত রায় যে আসিয়াছেন, তাহা উদয়াদিত্য জানেন না । বিভা তাঁহাকে বলে নাই । কেননা যখন উভয়ের দেখা হইবার কোনো সম্ভাবনা ছিল না তখন এ সংবাদ তাঁহার কণ্ঠের কারণ হইত । সন্ধ্যার পর বিদায় লইয়া বিভা কারাগার হইতে চলিয়া গিয়াছে । উদয়াদিত্য একটি প্রদীপ লইয়া একখানি সংস্কৃত গ্রন্থ পড়িতেছেন । জানালার ভিতর দিয়া বাতাস আসিতেছে, দীপের ক্ষীণ শিখা কাঁপিতেছে, অক্ষর ভালো দেখা যাইতেছে না । কীটপতঙ্গ আসিয়া দীপের উপর পড়িতেছে । এক-একবার দীপ নিভে-নিভে হইতেছে । একবার বাতাস বেগে আসিল— দীপ নিভিয়া গেল । উদয়াদিত্য পুঁথি কাঁপিয়া তাঁহার খাটে গিয়া বসিলেন । একে একে কত কী ভাবনা আসিয়া পড়িল । বিভার কথা মনে আসিল । আজ বিভা কিছু দেরি করিয়া আসিয়াছিল, কিছু সকাল সকাল চলিয়া গিয়াছিল । আজ বিভাকে কিছু বিশেষ ল্নান দেখিয়াছিলেন ; তাহাই লইয়া মনে মনে আলোচনা করিতেছিলেন । পৃথিবীতে যেন তাঁহার আর কেহ নাই । সমস্ত দিন বিভাকে ছাড়া আর কাহাকেও দেখিতে পান না । বিভাই তাঁহার একমাত্র আলোচ্য । বিভার প্রত্যেক হাসিটি প্রত্যেক কথাটি তাঁহার মনে সঞ্চিত হইতে থাকে । তৃষিত ব্যক্তি তাহার পানীয়ের প্রত্যেক বিন্দুটি পর্যন্ত যেমন উপভোগ করে তেমনি বিভার প্রীতির অতি সামান্য চিহ্নটুকু পর্যন্ত তিনি প্রাণ-মনে উপভোগ করেন । আজ তাই এই বিজন ক্ষুদ্র অন্ধকার ঘরের মধ্যে একলা শুইয়া স্নেহের প্রতিমা বিভার ল্নান মুখখানি ভাবিতেছিলেন । সেই অন্ধকারে বসিয়া তাঁহার একবার মনে হইল, ‘বিভার কি ক্রমেই বিরক্তি ধরিতেছে ? এই নিরানন্দ কারাগারের মধ্যে এক বিষণ্ণ অন্ধকার মূর্তির সেবা করিতে আর কি তাহার ভালো লাগিতেছে না ? আমাকে কি ক্রমেই সে তাহার সুখের বাধা, তাহার সংসারপথের কণ্টক বলিয়া দেখিবে ? আজ দেরি করিয়া আসিয়াছে, কাল হয়তো আরো দেরি করিয়া আসিবে, তাহার পরে একদিন হয়তো সমস্ত দিন বসিয়া আছি কখন বিভা আসিবে— বিকাল হইল, সন্ধ্যা হইল— রাত্রি হইল, বিভা আর আসিল না ।— তাহার পর হইতে আর হয়তো বিভা আসিবে না ।’ উদয়াদিত্যের মনে যতই এই কথা উদয় হইতে লাগিল ততই তাঁহার মনটা হা হা করিতে লাগিল— তাঁহার কল্পনারাজ্যের চারি দিক কী ভয়ানক শূন্যময় দেখিতে লাগিলেন । একদিন আসিবে যেদিন বিভা তাঁহাকে স্নেহশূন্য নয়নে তাহার সুখের কণ্টক বলিয়া দেখিবে— সেই অতিদূর কল্পনার আভাসমাত্র লাগিয়া তাঁহার হৃদয় একেবারে ব্যাকুল হইয়া উঠিল । একবার মনে করিতেছেন, ‘আমি কী ভয়ানক স্বার্থপর । আমি বিভাকে ভালোবাসি বলিয়া তাহার যে ঘোরতর শত্রুতা করিতেছি কোনো শত্রুও বোধ করি এমন পারে না ।’ বার বার করিয়া প্রতিজ্ঞা করিতেছেন আর বিভার উপর নির্ভর করিবেন না । কিন্তু যখনই কল্পনা করিতেছেন তিনি বিভাকে হারাইয়াছেন তখনই তাঁহার মনের সে বল চলিয়া যাইতেছে, তখনই তিনি অকূল পাথারে পড়িয়া যাইতেছেন— মরণাপন্ন মজ্জমান ব্যক্তির মতো বিভার কাল্পনিক মূর্তিকে আকুলভাবে ঝাঁকড়িয়া ধরিতেছেন ।

এমন সময়ে বহির্দেশে সহসা “আগুন আগুন” বলিয়া এক ঘোরতর কোলাহল উঠিল । উদয়াদিত্যের বুক কাঁপিয়া উঠিল । সহসা নানা কণ্ঠের নানাবিধ চীৎকার আকাশে উঠিল— বাহিরে শত

শত লোকের দ্রুত পদশব্দ শুনা গেল। উদয়াদিত্য বুঝিলেন প্রাসাদের কাছাকাছি কোথাও আগুন লাগিয়াছে। অনেকক্ষণ ধরিয়া গোলমাল চলিতে লাগিল— তাঁহার মন অত্যন্ত অধীর হইয়া উঠিল। সহসা দ্রুতবেগে তাঁহার কারাগারের দ্বার খুলিয়া গেল। কে একজন তাঁহার অন্ধকার গৃহে প্রবেশ করিল— তিনি চমকিয়া উঠিয়া জিজ্ঞাসা করিলেন, “কে ও?”

সে উত্তর করিল, “আমি সীতারাম, আপনি বাহির হইয়া আসুন।”

উদয়াদিত্য কহিলেন, “কেন?”

সীতারাম কহিল, “যুবরাজ, কারাগৃহে আগুন লাগিয়াছে, শীঘ্র বাহির হইয়া আসুন।” বলিয়া তাঁহাকে ধরিয়া প্রায় তাঁহাকে বহন করিয়া কারাগারের বাহিরে লইয়া গেল।

অনেক দিনের পর উদয়াদিত্য আজ মুক্ত স্থানে আসিলেন— মাথার উপরে সহসা অনেকটা আকাশ দেখিতে পাইলেন, বাতাস যেন তাঁহার বিস্তৃত বক্ষ প্রসারিত করিয়া তাঁহাকে আলিঙ্গন করিতে লাগিল! চোখের বাধা চারি দিক হইতে খুলিয়া গেল। সেই অন্ধকার রাত্রে, আকাশের অসংখ্য তারকার দৃষ্টির নিম্নে, বিস্তৃত মাঠের মধ্যে কোমল তৃণজালের উপর দাঁড়াইয়া সহসা তাঁহার মনের মধ্যে এক অপরিসীম অনির্বচনীয় আনন্দের উদয় হইল। সেই আনন্দে কিয়ৎক্ষণ নিস্তব্ধ থাকিয়া তাহার পর সীতারামকে জিজ্ঞাসা করিলেন, “কী করিব, কোথায় যাইব?” অনেক দিন সংকীর্ণ স্থানে বদ্ধ ছিলেন, চলেন ফেরেন নাই— আজ এই বিস্তৃত মাঠের মধ্যে আসিয়া অসহায়ভাবে সীতারামকে জিজ্ঞাসা করিলেন, “কী করিব? কোথায় যাইব?”

সীতারাম কহিল, “আসুন, আমার সঙ্গে আসুন।”

এ দিকে আগুন খুব জ্বলিতেছে। বৈকালে কতকগুলি প্রজা প্রধান কর্মচারীদের নিকট কী একটা নিবেদন করিবার জন্য আসিয়াছিল। তাহারা প্রাসাদের প্রাঙ্গণে একত্র বসিয়াছিল, তাহারা ই-প্রথমে আগুনের গোল তোলে। প্রহরীদের বাসের জন্য কারাগারের কাছে একটি দীর্ঘ কুটিরশ্রেণী ছিল, সেইখানেই তাহাদের চারপাই বাসন কাপড়চোপড় জিনিসপত্র সমস্তই থাকে। অগ্নির সংবাদ পাইয়াই যত প্রহরী পারিল সকলেই ছুটিয়া গেল, যাহারা নিতান্তই পারিল না তাহারা হাত-পা আছড়াইতে লাগিল। উদয়াদিত্যের গৃহদ্বারেও দুই-একজন প্রহরী ছিল বটে, কিন্তু সেখানে কড়াকড় পাহারা দিবার কোনো প্রয়োজনই ছিল না। দস্তুর ছিল বলিয়া তাহারা পাহারা দিত মাত্র। কারণ, উদয়াদিত্য এমন শাস্তভাবে তাঁহার গৃহে বসিয়া থাকিতেন যে, বোধ হইত না যে তিনি কখনো পলাইবার চেষ্টা করিবেন বা তাঁহার পলাইবার ইচ্ছা আছে। এইজন্য তাঁহার দ্বারের প্রহরীরা সর্বাগ্রে ছুটিয়া গিয়াছিল। রাত হইতে লাগিল, আগুন নেবে না— কেহ বা জিনিসপত্র সরাইতে লাগিল, কেহ বা জল ঢালিতে লাগিল। কেহ বা কিছুই না করিয়া কেবল গোলমাল করিয়া বেড়াইতে লাগিল— আগুন নিবিলে পর তাহারা ই-সকলের অপেক্ষা অধিক বাহবা পাইয়াছিল। এইরূপ সকলে ব্যস্ত আছে, এমন সময়ে একজন স্ত্রীলোক তাহাদের মধ্যে ছুটিয়া আসিল— সে কী একটা বলিতে চায়। কিন্তু তাহার কথা শোনে কে? কেহ তাহাকে গালাগালি দিল, কেহ তাহাকে ঠেলিয়া ফেলিয়া দিল, কেহই তাহার কথা শুনিল না। যে শুনিল সে কহিল, “যুবরাজ পলাইলেন তাতে আমার কী মাগী, তোরই বা কী? সে দয়াল সিং জানে। আমার ঘর ফেলিয়া এখন আমি কোথাও যাইতে পারি না।” বলিয়া সে ভিড়ের মধ্যে মিশিয়া গেল। এইরূপ বার বার প্রতিহত হইয়া সেই রমণী অতি প্রচণ্ড হইয়া উঠিল। একজন যাহাকে সম্মুখে পাইল তাহাকেই সবলে ধরিয়া কহিল, “পোড়ারমুখো, তোমরা কি চোখের মাথা খাইয়াছ? রাজার চাকরি কর সে জ্ঞান কি নাই? কাল রাজাকে বলিয়া হেঁটোয় কাঁটা উপরে কাঁটা দিয়া তোমাদের মাটিতে পুঁতিব তবে ছাড়িব। যুবরাজ যে পলাইয়া গেল।”

“ভালোই হইয়াছে, তোর তাহাতে কী?” বলিয়া সে তাহাকে উত্তমরূপে প্রহার করিল। যাহারা ঘরে আগুন লাগাইয়াছিল, এ ব্যক্তি তাহাদের মধ্যে একজন। প্রহার খাইয়া সেই রমণীর মূর্তি অতি ভীষণ হইয়া উঠিল। ক্রুদ্ধ বাঘিনীর মতো তাহার চোখ দুটা জ্বলিতে লাগিল, তাহার চুলগুলো ফুলিয়া উঠিল; সে দাঁতে দাঁতে কিড়মিড় করিতে লাগিল, তাহার সেই মুখের উপর বহির্শিখার আভা পড়িয়া

তাহার মুখ পিশাচীর মতো দেখিতে হইল। সম্মুখে একটি কাষ্ঠখণ্ড জ্বলিতেছিল, সেইটি তুলিয়া লইল— হাত পুড়িয়া গেল, কিন্তু তাহা ফেলিল না— সেই জ্বলন্ত কাষ্ঠ লইয়া তাহার পশ্চাৎ পশ্চাৎ ছুটিল। কিছুতে ধরিতে না পারিয়া সেই কাষ্ঠ তাহার প্রতি ছুঁড়িয়া মারিল।

ত্রিংশ পরিচ্ছেদ

সীতারাম যুবরাজকে সঙ্গে করিয়া খালের ধারে লইয়া গেল। সেখানে একখানা বড়ো নৌকা বাঁধা ছিল, সেই নৌকার সম্মুখে উভয়ে গিয়া দাঁড়াইলেন। তাঁহাদের দেখিয়া নৌকা হইতে এক ব্যক্তি তাড়াতাড়ি বাহির হইয়া আসিয়া কহিল, “দাদা, আসিয়াছিস?” উদয়াদিত্য একেবারে চমকিয়া উঠিলেন— সেই চিরপরিচিত স্বর, যে স্বর বাল্যের স্মৃতির সহিত, যৌবনের সুখদুঃখের সহিত জড়িত, পৃথিবীতে যতটুকু সুখ আছে, যতটুকু আনন্দ আছে, যে স্বর তাহারই সহিত অবিচ্ছিন্ন। এক-একদিন কারাগারে গভীর রাত্রে বিনিদ্রনয়নে বসিয়া সহসা স্বপ্নে বংশীধ্বনির ন্যায় যে স্বর শুনিয়া চমকিয়া উঠিতেন— সেই স্বর। বিস্ময় ভাঙিতে না ভাঙিতে বসন্ত রায় আসিয়া তাঁহাকে আলিঙ্গন করিয়া ধরিলেন। উভয়ের দুই চক্ষু বাষ্পে পুরিয়া গেল। উভয়ে সেইখানে তৃণের উপর বসিয়া পড়িলেন। অনেকক্ষণের পর উদয়াদিত্য কহিলেন, “দাদামহাশয়।” বসন্ত রায় কহিলেন, “কী দাদা!” আর কিছু কথা হইল না। আবার অনেকক্ষণের পর উদয়াদিত্য চারি দিকে চাহিয়া, আকাশের দিকে চাহিয়া বসন্ত রায়ের মুখের দিকে চাহিয়া আকুলকণ্ঠে কহিলেন, “দাদামহাশয়, আজ আমি স্বাধীনতা পাইয়াছি, তোমাকে পাইয়াছি, আমার আর সুখের কী অবশিষ্ট আছে? এ মুহূর্ত আর কতক্ষণ থাকিবে?” কিয়ৎক্ষণ পরে সীতারাম জোড়হাত করিয়া কহিল, “যুবরাজ, নৌকায় উঠুন।”

যুবরাজ চমক ভাঙিয়া কহিলেন, “কেন, নৌকায় কেন?”

সীতারাম কহিল, “নহিলে এখনই আবার প্রহরীরা আসিবে।”

উদয়াদিত্য বিস্মিত হইয়া বসন্ত রায়কে জিজ্ঞাসা করিলেন, “দাদামহাশয়, আমরা কি পলাইয়া যাইতেছি?”

বসন্ত রায় উদয়াদিত্যের হাত ধরিয়া কহিলেন, “হাঁ ভাই, আমি তোকে চুরি করিয়া লইয়া যাইতেছি। এ যে পাষণ্ড-হৃদয়ের দেশ— এরা যে তোকে ভালোবাসে না। তুই হরিণ-শিশু এ ব্যাধের রাজ্যে বাস করিস, আমি তোকে প্রাণের মধ্যে লুকাইয়া রাখিব, সেখানে নিরাপদে থাকিবি।” বলিয়া উদয়াদিত্যকে বৃকের কাছে টানিয়া আনিলেন যেন তাঁহাকে কঠোর সংসার হইতে কাড়িয়া আনিয়া স্নেহের রাজ্যে আবদ্ধ করিয়া রাখিতে চান।

উদয়াদিত্য অনেকক্ষণ ভাবিয়া কহিলেন, “না দাদামহাশয়, আমি পলাইতে পারিব না।”

বসন্ত রায় কহিলেন, “কেন দাদা, এ বড়াকে কি ভুলিয়া গেছিস।”

উদয়াদিত্য কহিলেন, “আমি যাই— একবার পিতার পা ধরিয়া কাঁদিয়া ভিক্ষা চাই যে, তিনি হয়তো রায়গড়ে যাইতে সম্মতি দিবেন।”

বসন্ত রায় অস্থির হইয়া উঠিয়া কহিলেন, “দাদা, আমার কথা শোন্— সেখানে যাস নে, সে-চেষ্টা করা নিষ্ফল।”

উদয়াদিত্য নিশ্বাস ফেলিয়া কহিলেন, “তবে যাই। আমি কারাগারে ফিরিয়া যাই।”

বসন্ত রায় তাঁহার হাত চাপিয়া ধরিয়া কহিলেন, “কেমন যাইবি যা দেখি। আমি যাইতে দিব না।”

উদয়াদিত্য কহিলেন, “দাদামহাশয়, এ-হতভাগ্যকে লইয়া কেন বিপদকে ডাকিতেছ। আমি যেখানে থাকি সেখানে কি তিলেক শান্তির সম্ভাবনা আছে?”

বসন্ত রায় কহিলেন, “দাদা, তোর জন্য যে বিভাও কারাবাসিনী হইয়া উঠিল। এই তাহার নবীন কয়সে সে কি তাহার সমস্ত জীবনের সুখ জলাঞ্জলি দিবে?” বসন্ত রায়ের চোখ দিয়া জল পড়িতে লাগিল।

তখন উদয়াদিত্য তাড়াতাড়ি কহিলেন, “তবে চলো চলো দাদামহাশয় ।” সীতারামের দিকে চাহিয়া কহিলেন, “সীতারাম, প্রাসাদে তিনখানি পত্র পাঠাইতে চাই ।”

সীতারাম কহিল, “নৌকাতেই কাগজ-কলম আছে, আনিয়া দিতেছি । শীঘ্র করিয়া লিখিবেন, অধিক সময় নাই ।”

উদয়াদিত্য পিতার কাছে মার্জনা ভিক্ষা করিলেন । মাতাকে লিখিলেন, “মা, আমাকে গর্ভে ধরিয়া তুমি কখনো সুখী হইতে পার নাই । এইবার নিশ্চিত হও মা— আমি দাদামহাশয়ের কাছে যাইতেছি, সেখানে আমি সুখে থাকিব, স্নেহে থাকিব, তোমার কোনো ভাবনার কারণ থাকিবে না ।” বিভাকে লিখিলেন, “চিরায়ুধ্মতীষু— তোমাকে আর কী লিখিব— তুমি জন্ম জন্ম সুখে থাকো— স্বামিগৃহে গিয়া সুখের সংসার পাতিয়া সমস্ত দুঃখকষ্ট ভুলিয়া যাও ।” লিখিতে লিখিতে উদয়াদিত্যের চোখ জলে পুরিয়া আসিল । সীতারাম সেই চিঠি তিনখানি একজন দাঁড়ির হাত দিয়া প্রাসাদে পাঠাইয়া দিল । সকলে নৌকাতে উঠিতেছেন— এমন সময়ে দেখিলেন, কে একজন ছুটিয়া তাঁহাদের দিকে আসিতেছে । সীতারাম চমকিয়া বলিয়া উঠিল, “ঐ রে— সেই ডাকিনী আসিতেছে ।” দেখিতে দেখিতে রুক্মিণী কাছে আসিয়া পৌছিল । তাহার চুল এলোথেলো, তাহার অঞ্চল খসিয়া পড়িয়াছে, তাহার জ্বলন্ত অঙ্গারের মতো চোখ দুটা অগ্নি উদ্গার করিতেছে— তাহার বার বার প্রতিহত বাসনা, অপরিতুষ্ট প্রতিহিংসা-প্রবৃত্তির যন্ত্রণায় অস্থির হইয়া সে যেন যাহাকে সম্মুখে পায় তাহাকেই খণ্ড খণ্ড করিয়া ছিড়িয়া ফেলিয়া রোষ মিটাইতে চায় । যেখানে প্রহরীরা আগুন নিবাইতেছিল, সেখানে বার বার ধাক্কা খাইয়া ক্রোধে অধীর হইয়া পাগলের মতো প্রাসাদের মধ্যে প্রবেশ করে— একেবারে প্রতাপাদিত্যের ঘরের মধ্যে প্রবেশ করিবার জন্য বার বার নিষ্ফল চেষ্টা করে, প্রহরীরা তাহাকে পাগল মনে করিয়া মারিয়া ধরিয়া তাড়াইয়া দেয় । যন্ত্রণায় অস্থির হইয়া সে প্রাসাদ হইতে ছুটিয়া আসিতেছে । বাঘিনীর মতো সে উদয়াদিত্যের উপর লাফাইয়া পড়িবার চেষ্টা করিল । সীতারাম মাঝে আসিয়া পড়িল ; চীৎকার করিয়া সে সীতারামের উপর ঝাঁপাইয়া পড়িল, প্রাণপণে তাহাকে দুই হাতে জড়াইয়া ধরিল— সহসা সীতারাম চীৎকার করিয়া উঠিল, দাঁড়ি মাঝিরা তাড়াতাড়ি আসিয়া বলপূর্বক রুক্মিণীকে ছাড়াইয়া লইল । আত্মঘাতী বৃশ্চিক যেমন নিজের সর্বাঙ্গে ছল ফুটাইতে থাকে, তেমনি সে অধীর হইয়া নিজের বক্ষ নখে আঁচড়াইয়া চুল ছিড়িয়া চীৎকার করিয়া কহিল, “কিছুই হইল না, কিছুই হইল না— এই আমি মরিলাম, এ স্ত্রীহত্যার পাপ তোদের হইবে ।” সেই অন্ধকার রাতে এই অভিশাপ দিকে দিকে ধ্বনিত হইয়া উঠিল । মুহূর্তমধ্যে বিদ্যুৎবেগে রুক্মিণী জলে ঝাঁপাইয়া পড়িল । বর্ষায় খালের জল অত্যন্ত বাড়িয়াছিল— কোথায় সে তলাইয়া গেল ঠিকানা রহিল না । সীতারামের কাঁধ হইতে রক্ত পড়িতেছিল, চাদর জলে ভিজাইয়া কাঁধে বাঁধিল । নিকটে গিয়া দেখিল, উদয়াদিত্যের কপালে ঘর্মবিন্দু দেখা দিয়াছে, তাঁহার হাত পা শীতল হইয়া গিয়াছে, তিনি প্রায় অজ্ঞান হইয়া গিয়াছেন— বসন্ত রায়ও যেন দিশাহারা হইয়া অবাক হইয়া গিয়াছেন । দাঁড়িগণ উভয়কে ধরিয়া নৌকায় তুলিয়া তৎক্ষণাৎ নৌকা ছাড়িয়া দিল । সীতারাম ভীত হইয়া কহিল, “যাত্রার সময় কী অমঙ্গল !”

একত্রিংশ পরিচ্ছেদ

উদয়াদিত্যের নৌকা খাল অতিক্রম করিয়া নদীতে গিয়া পৌছিল, তখন সীতারাম নৌকা হইতে নামিয়া শহরে ফিরিয়া আসিল । আসিবার সময় যুবরাজের নিকট হইতে তাঁহার তলোয়ারটি চাহিয়া লইল ।

উদয়াদিত্যের তিনখানি পত্র একটি লোকের হাত দিয়া সীতারাম প্রাসাদে প্রেরণ করিয়াছিল বটে, কিন্তু সে চিঠি কয়খানি কাহারও হাতে দিতে তাহাকে গোপনে বিশেষরূপে নিষেধ করিয়াছিল । নৌকা হইতে প্রাসাদে ফিরিয়া আসিয়া সীতারাম সেই চিঠি কয়খানি ফিরাইয়া লইল । কেবল মহিষী ও বিভার

চিঠিখানি রাখিয়া বাকি পত্রখানি নষ্ট করিয়া ফেলিল।

তখন আগুন আরো ব্যাপ্ত হইয়া পড়িয়াছে। রাত্রে শয্যা হইতে উঠিয়া কৌতুক দেখিবার জন্য অনেক লোক জড়ো হইয়াছে। তাহাতে নির্বাণের ব্যাঘাত হইতেছে বৈ সুবিধা হইতেছে না।

এই অগ্নিকাণ্ডে যে সীতারামের হাত ছিল, তাহা বলাই বাহুল্য। উদয়াদিত্যের প্রতি আসক্ত কয়েকজন প্রজা ও প্রাসাদের ভৃত্যের সাহায্যে সে-ই এই কীর্তি করিয়াছে। সন্ধ্যাবেলায় একেবারে পাঁচ-ছয়টা ঘরে যে বিনা কারণে আগুন ধরিয়া উঠিল, ইহা কখনো দৈবের কর্ম নহে, এতক্ষণ এত চেষ্টা করিয়া আগুন নিবিয়াও যে নিবিতোছে না, তাহারও কারণ আছে। যাহারা আগুন নিবাইতে যোগ দিয়াছে, তাহাদের মধ্যেই দুই-একজন করিয়া সীতারামের লোক আছে। যেখানে আগুন নাই তাহারা সেইখানে জল ঢালে, জল আনিতে গিয়া আনে না, কৌশলে কলসী ভাঙিয়া ফেলে, গোলমাল করিয়া এ ওর ঘাড়ের উপর গিয়া পড়ে। আগুন আর নেবে না।

এ দিকে যখন এইরূপ গোলযোগ চলিতেছে, তখন সীতারামের দলস্থ লোকেরা উদয়াদিত্যের শূন্য কারাগারে আগুন লাগাইয়া দিল। একে একে জানালা দরজা কড়ি-বরগা চৌকাঠ কাঠের বেড়া প্রভৃতিতে আগুন ধরাইয়া দিল। সেই কারাগৃহে যে কোনো সূত্রে আগুন ধরিতে পারে, ইহা সকলের স্বপ্নেরও অগোচর, সুতরাং সে দিকে আর কাহারও মনোযোগ পড়ে নাই। সীতারাম ফিরিয়া আসিয়া দেখিল, আগুন বেশ রীতিমত ধরিয়াছে। কতকগুলো হাড়, মড়ার মাথা ও উদয়াদিত্যের তলোয়ারটি সীতারাম কোনোপ্রকারে উদয়াদিত্যের সেই ঘরের মধ্যে ফেলিয়া দিল।

এ দিকে যাহারা প্রহরীশালার আগুন নিবাইতেছিল, কারাগারের দিক হইতে সহসা তাহারা এক চীৎকার শুনিতে পাইল। সকলে চমকিয়া একবাক্যে বলিয়া উঠিল, “ও কী রে।” একজন ছুটিয়া আসিয়া কহিল, “ওরে, যুবরাজের ঘরে আগুন ধরিয়াছে।” প্রহরীদের রক্ত জল হইয়া গেল, দয়াল সিংহের মাথা ঘুরিয়া গেল। কলসী হাত হইতে পড়িয়া গেল, জিনিসপত্র ভূমিতে ফেলিয়া দিল। এমন সময়ে আর-একজন সেই দিক হইতে ছুটিয়া আসিয়া কহিল, “কারাগৃহের মধ্য হইতে যুবরাজ চীৎকার করিতেছেন শুনা গেল।” তাহার কথা শেষ হইতে না হইতেই সীতারাম ছুটিয়া আসিয়া কহিল, “ওরে তোরা শীঘ্র আয়। যুবরাজের ঘরের ছাদ ভাঙিয়া পড়িয়াছে, আর তো তাহার সাড়া পাওয়া যাইতেছে না।” যুবরাজের কারাগৃহের দিকে সকলে ছুটিল। গিয়া দেখিল গৃহ ভাঙিয়া পড়িয়াছে— চারি দিকে আগুন— ঘরে প্রবেশ করিবার উপায় নাই। তখন সেইখানে দাঁড়াইয়া পরস্পর পরস্পরের প্রতি দোষারোপ করিতে লাগিল। কাহার অসাবধানতায় এই ঘটনাটি ঘটিল, সকলেই তাহা স্থির করিতে প্রবৃত্ত হইল। ঘোরতর বিবাদ বাধিয়া উঠিল, পরস্পর পরস্পরকে গালাগালি দিতে লাগিল। এমন-কি, মারামারি হইবার উপক্রম হইল।

সীতারাম ভাবিল, গৃহদাহে যুবরাজের মৃত্যু হইয়াছে, এই সংবাদ রাষ্ট্র করিয়া আপাতত কিছুদিন নিশ্চিন্ত থাকিতে পারিব। যখন সে দেখিল, ঘরে বেশ করিয়া আগুন লাগিয়াছে, তখন সে মাথায় চাদর বাধিয়া আনন্দমনে তাহার কুটিরাভিমুখে চলিল। প্রাসাদ হইতে অনেক দূরে আসিল। তখন রাত্রি অনেক, পথে লোক নাই, চারি দিক স্তব্ধ। বাঁশ গাছের পাতা ঝর ঝর করিয়া মাঝে মাঝে দক্ষিণা বাতাস বহিতেছে, সীতারামের শৌখিন প্রাণ উল্লসিত হইয়া উঠিয়াছে, সে একটি রসগর্ভ গান ধরিয়াছে। সেই জনশূন্য স্তব্ধ পথ দিয়া একাকী পাশ্চ মনের উল্লাসে গান গাহিতে গাহিতে চলিল। কিছুদূর গিয়া তাহার মনের মধ্যে এক ভাবনা উপস্থিত হইল। সে ভাবিল, যশোহর হইতে তো সপরিবারে পলাইতেই হইবে, অমনি বিনা মেহনতে কিঞ্চিৎ টাকার সংস্থান করিয়া লওয়া যাক-না। মঙ্গলা পোড়ামুখী তো মরিয়াছে, বলাই গিয়াছে, একবার তাহার বাড়ি হইয়া যাওয়া যাক। বেটির টাকা আছে ঢের, তাহার ত্রিসংসারে কেহই নাই, সে-টাকা আমি না লই তো আর-একজন লইবে— তাই কাজ কী, একবার চেষ্টা করিয়া দেখা যাক। এইরূপ সাত-পাঁচ ভাবিয়া সীতারাম রুশ্বিনীর বাড়ির মুখে চলিল, প্রফুল্লমনে আবার গান ধরিল। যাইতে যাইতে পথে একজন অভিসারিণীকে দেখিতে পাইল। সীতারামের নজরে এ-সকল কিছুতেই এড়াইতে পায় না। দুইটা রসিকতা করিবার জন্য তাহার মনে

অনিবার্য আবেগ উপস্থিত হইল— কিন্তু সময় নাই দেখিয়া সে আবেগ দমন করিয়া হন হন করিয়া চলিল ।

সীতারাম রুক্মিণীর কুটিরের নিকটে গিয়া দেখিল, দ্বার খোলাই আছে । হৃষ্টচিত্তে কুটিরের মধ্যে প্রবেশ করিয়া একবার চারি দিকে নিরীক্ষণ করিল । ঘোরতর অন্ধকার— কিছুই দেখা যাইতেছে না । একবার চারি দিক হাতড়াইয়া দেখিল । একটা সিন্দুকের উপর হুঁচট খাইয়া পড়িয়া গেল, দুই-একবার দেয়ালে মাথা ঠুকিয়া গেল । সীতারামের গা ছম্ছম করিতে লাগিল । মনে হইল, কে যেন ঘরে আছে । কাহার যেন নিশ্বাসপ্রশ্বাস শুনা যাইতেছে— আশ্বে আশ্বে পাশের ঘরে গেল । গিয়া দেখিল, রুক্মিণীর শয়নগৃহ হইতে আলো আসিতেছে । প্রদীপটা এখনো জ্বলিতেছে মনে করিয়া সীতারামের অত্যন্ত আনন্দ হইল । তাড়াতাড়ি সেই ঘরের দিকে গেল । ও কে ও ! ঘরে বসিয়া কে ! বিনিদ্রনয়নে চুপ করিয়া বসিয়া কে ও রমণী থর্থর্ করিয়া কাঁপিতেছে ! অর্ধাবৃত দেহে ভিজা কাপড় জড়ানো, এলোচুল দিয়া ফোঁটা ফোঁটা করিয়া জল পড়িতেছে । কাঁপিতে কাঁপিতে তাহার দাঁত ঠক ঠক করিতেছে । ঘরে একটিমাত্র প্রদীপ জ্বলিতেছে । সেই প্রদীপের ক্ষীণ আলো তাহার পাংশুবর্ণ মুখের উপর পড়িতেছে, পশ্চাতে সেই রমণীর অতি বৃহৎ এক ছায়া দেওয়ালের উপর পড়িয়াছে— ঘরে আর কিছুই নাই— কেবল সেই পাংশু মুখশ্রী সেই দীর্ঘ ছায়া আর এক ভীষণ নিস্তব্ধতা । ঘরে প্রবেশ করিয়াই সীতারামের শরীর হিম হইয়া গেল । দেখিল ক্ষীণ আলোকে, এলোচুলে, ভিজা কাপড়ে সেই মঙ্গলা বসিয়া আছে । সহসা দেখিয়া তাহাকে প্রেতিনী বলিয়া বোধ হইল । অগ্রসর হইতেও সীতারামের সাহস হইল না— ভরসা বাঁধিয়া পিছন ফিরিতেও পাইল না । সীতারাম নিতান্ত ভীক ছিল না, অন্ধকার স্তব্ধভাবে দাঁড়াইয়া অবশেষে একপ্রকার বাহ্যিক সাহস ও মৌখিক উপহাসের স্বরে কহিল, “তুই কোথা হইতে মাগী । তোর মরণ নাই নাকি ।” রুক্মিণী কটমট করিয়া খানিকক্ষণ সীতারামের মুখের দিকে চাহিয়া রহিল— তখন সীতারামের প্রাণটা তাহার কণ্ঠের কাছে আসিয়া ধুকধুক করিতে লাগিল । অবশেষে রুক্মিণী সহসা বলিয়া উঠিল, “বটে । তোদের এখনো সর্বনাশ হইল না, আর আমি মরিব !” উঠিয়া দাঁড়াইয়া হাত নাড়িয়া কহিল, “যমের দুয়ার হইতে ফিরিয়া আসিলাম, আগে তোকে আর যুবরাজকে চুলায় শুয়াইব, তোদের চুলা হইতে দু-মুঠা ছাই লইয়া গায়ে মাখিয়া দেহ সার্থক করিব— তার পরে যমের সাধ মিটাইব । তাহার আগে যমালয়ে আমার ঠাই নাই ।”

রুক্মিণীর গলা শুনিয়া সীতারামের অত্যন্ত সাহস হইল । সে সহসা অত্যন্ত অনুরাগ দেখাইয়া রুক্মিণীর সহিত ভাব করিয়া লইবার চেষ্টা করিতে লাগিল । খুব যে কাছে ঘেঁষিয়া গেল তাহা নহে, অপেক্ষাকৃত কাছে আসিয়া কোমল স্বরে কহিল, “মাইরি ভাই, ঐজন্যই তো রাগ ধরে । তোমার কখন যে কী মতি হয়, ভালো বুঝতে পারি না । বল্ তো মঙ্গলা, আমি তোর কী করেছি । অধীনের প্রতি এত অপ্রসন্ন কেন ? মান করেছিস বুঝি ভাই ? সেই গানটা গাব ?”

সীতারাম যতই অনুরাগের ভান করিতে লাগিল, রুক্মিণী ততই ফুলিয়া উঠিতে লাগিল । তাহার আপাদমস্তক রাগে জ্বলিতে লাগিল— সীতারাম যদি তাহার নিজের মাথার চুল হইত, তবে তাহা দুই হাতে পটপট করিয়া ছিড়িয়া ফেলিতে পারিত । সীতারাম যদি তাহার নিজের চোখ হইত, তবে তৎক্ষণাৎ তাহা নখ দিয়া উপড়াইয়া পা দিয়া দলিয়া ফেলিতে পারিত । চারি দিকে চাহিয়া দেখিল কিছুই হাতের কাছে পাইল না । দাঁতে দাঁতে লাগাইয়া কহিল, “একটু রোসো, তোমার মুণ্ডপাত করিতেছি ।” বলিয়া থর্থর্ করিয়া কাঁপিতে কাঁপিতে ঝটির অশ্রুধারা পাশের ঘরে চলিয়া গেল । এই কিছুক্ষণ হইল— সীতারাম গলায় চাদর বাঁধিয়া রূপক অলংকারে মরিবার প্রস্তাব উত্থাপিত করিয়াছিল, কিন্তু রুক্মিণীর চেহারা দেখিয়া তাহার রূপক ঘুরিয়া গেল এবং চৈতন্য হইল যে সত্যকার ঝটির আঘাতে মরিতে এখনো সে প্রস্তুত হইতে পারে নাই, এই নিমিত্ত অবসর বুঝিয়া তৎক্ষণাৎ কুটিরের বাহিরে সরিয়া পড়িল । রুক্মিণী ঝটিহস্তে শূন্যগৃহে আসিয়া ঘরের মেজেতে সীতারামের উদ্দেশে বার বার আঘাত করিল ।

রুক্মিণী এখন মরিয়া হইয়াছে । যুবরাজের আচরণে তাহার দুরাশা একেবারে ভাঙিয়া গিয়াছে—

তাহার সমস্ত উপায় সমস্ত উদ্দেশ্য একেবারে ভূমিসাৎ হইয়াছে। এখন রুক্ষিণীর আর সেই তীক্ষ্ণশানিত হাস্য নাই, বিদ্যুদ্বর্ষী কটাক্ষ নাই, তাহার সেই ভাদ্র মাসের জাহ্নবীর ঢলঢলে তরঙ্গ-উচ্ছ্বাস নাই— রাজবাটীর যে-সকল ভৃত্যেরা তাহার কাছে আসিত, তাহাদের সহিত ঝগড়া করিয়া তাহাদিগকে গালাগালি দিয়া ভাগাইয়া দিয়াছে। দেওয়ানজির জ্যেষ্ঠ পুত্রটি সেদিন পান চিবাইতে চিবাইতে তাহার সহিত রসিকতা করিতে আসিয়াছিল, রুক্ষিণী তাহাকে ঝাঁটাইয়া তাড়াইয়াছে। এখন আর কেহ তাহার কাছে ঘেঁষিতে পারে না। পাড়ার সকলেই তাহাকে ভয় করে।

সীতারাম কুটির হইতে বাহির হইয়া আসিয়া ভাবিল, মঙ্গলা যুবরাজের পলায়ন-বৃত্তান্ত সমস্তই অবগত হইয়াছে; অতএব ইহার দ্বারাই সব ফাঁস হইবে। সর্বনাশীকে গলা টিপিয়া মারিয়া আসিলাম না কেন। যাহা হউক, আমার আর যশোহরে একমুহূর্ত থাকা শ্রেয় নয়। আমি এখনই পলাই। সেই রাত্রেই সীতারাম সপরিবারে যশোহর ছাড়িয়া রায়গড়ে পলাইল।

শেষরাত্রে মেঘ করিয়া মুষলধারে বৃষ্টি আরম্ভ হইল, আগুনও ক্রমে নিবিয়া গেল। যুবরাজের মৃত্যুর জনরব প্রতাপাদিত্যের কানে গেল। শুনিয়া তৎক্ষণাৎ প্রতাপাদিত্য বহির্দেশে তাঁহার সভাভবনে আসিয়া বসিলেন। প্রহরীদের ডাকাইয়া আনিলেন, মন্ত্রী আসিল, আর দুই-একজন সভাসদ আসিল। একজন সাক্ষ্য দিল, যখন আগুন ধু ধু করিয়া জ্বলিতেছিল, তখন সে যুবরাজকে জানালার মধ্য হইতে দেখিয়াছে। আর-কয়েকজন কহিল, তাহারা যুবরাজের চীৎকার শুনিতে পাইয়াছিল। আর-একজন যুবরাজের গৃহ হইতে তাঁহার গলিত দধি তলোয়ারের অবশিষ্টাংশ আনিয়া উপস্থিত করিল। প্রতাপাদিত্য জিজ্ঞাসা করিলেন, “খুড়া কোথায়?” রাজবাটী অনুসন্ধান করিয়া তাঁহাকে খুঁজিয়া পাইল না। কেহ কহিল, “যখন আগুন লাগিয়াছিল, তখন তিনিও কারাগারে ছিলেন।” কেহ কহিল, “না, রাত্রেই তিনি সংবাদ পাইয়াছিলেন যে, গৃহদাহে যুবরাজের মৃত্যু হইয়াছে ও তাহা শুনিয়াই তিনি তৎক্ষণাৎ যশোর ত্যাগ করিয়া চলিয়া গিয়াছেন।” প্রতাপাদিত্য এইরূপে যখন সভায় বসিয়া সকলের সাক্ষ্য শুনিতেছেন, এমন সময়ে গৃহদ্বারে এক কলরব উঠিল। একজন স্ত্রীলোক ঘরে প্রবেশ করিতে চায়, কিন্তু প্রহরীরা তাহাকে নিষেধ করিতেছে। শুনিয়া প্রতাপাদিত্য তাহাকে ঘরে লইয়া আসিতে আদেশ করিলেন। একজন প্রহরী রুক্ষিণীকে সঙ্গে করিয়া আনিল। রাজা তাহাকে জিজ্ঞাসা করিলেন, “তুমি কী চাও?” সে হাত নাড়িয়া উচ্চৈঃস্বরে বলিল, “আমি আর-কিছু চাই না— তোমার ঐ প্রহরীদেরকে, সকলকে একে একে ছয় মাস গারদে পচাইয়া ডালকুত্তা দিয়া খাওয়াও, এই আমি দেখিতে চাই। ওরা কি তোমাকে মানে না তোমাকে ভয় করে!” এই কথা শুনিয়া প্রহরীরা চারি দিক হইতে গোল করিয়া উঠিল। রুক্ষিণী পিছন ফিরিয়া চোখ পাকাইয়া তীব্র এক ধমক দিয়া কহিল, “চুপ কর মিন্সেরা। কাল যখন তোদের হাতে-পায়ে ধরিয়া, পই পই করিয়া বলিলাম, ওগো তোমাদের যুবরাজ তোমাদের রায়গড়ের বুড়া রাজার সঙ্গে পলায়, তখন যে তোরা পোড়ারমুখেরা আমার কথায় কান দিলি নে? রাজার বাড়ি চাকরি কর, তোমাদের বড়ো অহংকার হইয়াছে, তোমরা সাপের পাঁচ পা দেখিয়াছ। পিপড়ের পাখা উঠে মরিবার তরে।”

প্রতাপাদিত্য কহিলেন, “যাহা যাহা ঘটিয়াছে সমস্ত বলো।”

রুক্ষিণী কহিল, “বলিব আর কী। তোমাদের যুবরাজ কাল রাত্রে বুড়া রাজার সঙ্গে পলাইয়াছে!”

প্রতাপাদিত্য জিজ্ঞাসা করিলেন, “ঘরে কে আগুন দিয়াছে জান?”

রুক্ষিণী কহিল, “আমি আর জানি না! সেই যে তোমাদের সীতারাম। তোমাদের যুবরাজের সঙ্গে যে তার বড়ো পিরিত, আর কেউ যেন তাঁর কেউ নয় সীতারামই যেন তাঁর সব। এ-সমস্ত সেই সীতারামের কাজ। বুড়া রাজা, সীতারাম আর তোমাদের যুবরাজ, এই তিনজনে মিলিয়া পরামর্শ করিয়া ইহা করিয়াছে, এই তোমাকে স্পষ্ট বলিলাম।”

প্রতাপাদিত্য অনেকক্ষণ ধরিয়া স্তব্ধ হইয়া রহিলেন। জিজ্ঞাসা করিলেন, “তুমি এ-সব কী করিয়া জানিতে পারিলে?” রুক্ষিণী কহিল, “সে কথায় কাজ কী গা! আমার সঙ্গে লোক দাও, আমি স্বয়ং

গিয়া তাহাদের খুঁজিয়া বাহির করিয়া দিব । তোমার রাজবাড়ির চাকররা সব ভেড়া, উহারা এ কাজ করিবে না ।”

প্রতাপাদিত্য রুক্মিণীর সহিত লোক দিতে আদেশ করিলেন ও প্রহরীদিগের প্রতি যথাবিহিত শাস্তির বিধান করিলেন । একে একে সভাগৃহ শূন্য হইয়া গেল । কেবল মন্ত্রী ও মহারাজ অবশিষ্ট রহিলেন । মন্ত্রী মনে করিলেন, মহারাজ অবশ্য তাঁহাকে কিছু বলিবেন । কিন্তু প্রতাপাদিত্য কিছুই বলিলেন না, স্তব্ধ হইয়া বসিয়া রহিলেন । মন্ত্রী একবার কী বলিবার অভিপ্রায়ে অতি ধীরস্বরে কহিলেন, “মহারাজ ।” মহারাজ তাহার কোনো উত্তর করিলেন না । মন্ত্রী ধীরে ধীরে উঠিয়া গেলেন ।

সেইদিনই সন্ধ্যার পূর্বে প্রতাপাদিত্য একজন জেলের মুখে উদয়াদিত্যের পলায়ন-সংবাদ পাইলেন । নৌকা করিয়া নদী বাহিয়া উদয়াদিত্য চলিয়াছিলেন, সে তাঁহাকে দেখিয়াছিল । ক্রমে ক্রমে অন্যান্য নানা লোকের মুখ হইতে সংবাদ পাইতে লাগিলেন । রুক্মিণীর সহিত যে লোকেরা গিয়াছিল তাহারা এক সপ্তাহ পরে ফিরিয়া আসিয়া কহিল, যুবরাজকে রায়গড়ে দেখিয়া আসিলাম । রাজা জিজ্ঞাসা করিলেন, “সেই স্ত্রীলোকটি কোথায় ?” তাহারা কহিল, “সে আর ফিরিয়া আসিল না, সে সেইখানেই রহিল ।”

তখন প্রতাপাদিত্য মুক্তিক্যার খাঁ নামক তাঁহার এক পাঠান সেনাপতিকে ডাকিয়া তাহার প্রতি গোপনে কী একটা আদেশ করিলেন । সে সেলাম করিয়া চলিয়া গেল ।

দ্বাত্রিংশ পরিচ্ছেদ

প্রতাপাদিত্যের পূর্বেই মহিষী ও বিভা উদয়াদিত্যের পলায়ন-সংবাদ অবগত হইয়াছিলেন । উভয়েই ভয়ে অভিভূত হইয়া ভাবিতেছিলেন যে, মহারাজ যখন জানিতে পারিবেন, তখন না জানি কী করিবেন । প্রতিদিন মহারাজ যখন এক-একটি করিয়া সংবাদ পাইতেছিলেন, আশঙ্কায় উভয়ের প্রাণ ততই আকুল হইয়া উঠিতেছিল । এইরূপে সপ্তাহ গেল, অবশেষে মহারাজ বিশ্বাসযোগ্য যথার্থ সংবাদ পাইলেন । কিন্তু তিনি কিছুই করিলেন না । ক্রোধের আভাসমাত্র প্রকাশ করিলেন না । মহিষী আর সংশয়ে থাকিতে না পারিয়া একবার প্রতাপাদিত্যের কাছে গেলেন । কিন্তু অনেকক্ষণ উদয়াদিত্য সম্বন্ধে কোনো কথা জিজ্ঞাসা করিতে সাহস করিলেন না । মহারাজও সে-বিষয়ে কোনো কথা উত্থাপিত করিলেন না । অবশেষে আর থাকিতে না পারিয়া মহিষী বলিয়া উঠিলেন, “মহারাজ, আমার এক ভিক্ষা রাখো, এবার উদয়কে মাপ করো । বাছাকে আরো যদি কষ্ট দাও তবে আমি বিষ খাইয়া মরিব ।”

প্রতাপাদিত্য ঈষৎ বিরক্তভাবে কহিলেন, “আগে হইতে যে তুমি কাঁদিতে বসিলে ! আমি তো কিছুই করি নাই ।”

পাছে প্রতাপাদিত্য আবার সহসা ঝাঁকিয়া দাঁড়ান এই নিমিত্ত মহিষী ও-কথা আর দ্বিতীয় বার উত্থাপিত করিতে সাহস করিলেন না । ভীত মনে ধীরে ধীরে চলিয়া আসিলেন । একদিন, দুইদিন, তিনদিন গেল, মহারাজের কোনোপ্রকার ভাবান্তর লক্ষিত হইল না । তাহাই দেখিয়া মহিষী ও বিভা আশ্বস্তা হইলেন । মনে করিলেন, উদয়াদিত্য স্থানান্তরে যাওয়ায় মহারাজ মনে মনে বুদ্ধি সস্তুষ্ট হইয়াছেন ।

এখন কিছুদিনের জন্য মহিষী একপ্রকার নিশ্চিন্ত হইতে পারিলেন ।

ইতিপূর্বেই মহিষী বিভাকে বলিয়াছেন ও বাড়িতে রাষ্ট্র করিয়া দিয়াছেন যে বিভাকে শ্বশুরবাড়ি পাঠাইতে অনুরোধ করিয়া রামচন্দ্র রায় এক পত্র লিখিয়াছেন । বিভার মনে আর আহ্লাদ ধরে না । রামমোহনকে বিদায় করিয়া অবধি বিভার মনে আর এক মুহূর্তের জন্য শান্তি ছিল না । যখনই সে অবসর পাইত তখনই ভাবিত ‘তিনি কী মনে করিতেছেন ? তিনি কি আমার অবস্থা ঠিক বুঝিতে পারিয়াছেন ? হয়তো তিনি রাগ করিয়াছেন । তাঁহাকে বুঝাইয়া বলিলে তিনি আমাকে কি মাপ

করিবেন না ? হা জগদীশ্বর, বুঝাইয়া বলিব কবে ? কবে আবার দেখা হইবে ?' উলটিয়া পালটিয়া বিভা ক্রমাগত এই কথাই ভাবিত । দিবানিশি তাহার মনের মধ্যে একটা আশঙ্কা চাপিয়া ছিল । মহিষীর কথা শুনিয়া বিভার কী অপরিসীম আনন্দ হইল, তাহার মন হইতে কী ভয়ানক একটা গুরুভার তৎক্ষণাৎ দূর হইয়া গেল । লজ্জা-শরম দূর করিয়া হাসিয়া কাঁদিয়া সে তাহার মায়ের বুকে মুখ লুকাইয়া কতক্ষণ চুপ করিয়া রহিল । তাহার মা কাঁদিতে লাগিলেন । বিভা যখন মনে করিল তাহার স্বামী তাহাকে ভুল বুঝেন নাই, তাহার মনের কথা ঠিক বুঝিয়াছেন— তখন তাহার চক্ষে সমস্ত জগৎ নন্দনকানন হইয়া উঠিল । তাহার স্বামীর হৃদয়কে কী প্রশস্ত বলিয়াই মনে হইল ! তাহার স্বামীর ভালোবাসার উপর কতখানি বিশ্বাস, কতখানি আস্থা জন্মিল । সে মনে করিল, তাহার স্বামীর ভালোবাসা এ জগতে তাহার অটল আশ্রয় । সে যে এক বলিষ্ঠ মহাপুরুষের বিশাল স্কন্ধে তাহার ক্ষুদ্র সুকুমার লতাটির মতো বাহু জড়াইয়া নির্ভয়ে অসীম বিশ্বাসে নির্ভর করিয়া রহিয়াছে, সে নির্ভর হইতে কিছুতেই সে বিচ্ছিন্ন হইবে না । বিভা প্রফুল্ল হইয়া উঠিল । তাহার প্রাণ মেঘমুক্ত শরতের আকাশের মতো প্রসারিত, নির্মল হইয়া গেল । সে এখন তাহার ভাই সমরাদিত্যের সঙ্গে ছেলেমানুষের মতো কত কী খেলা করে । ছোটো স্নেহের মেয়েটির মতো তাহার মায়ের কাছে কত কী আবদার করে, তাহার মায়ের গৃহকার্যে সাহায্য করে । আগে যে তাহার একটি বাক্যহীন নিস্তব্ধ বিষণ্ণ ছায়ার মতো ভাব ছিল, তাহা ঘুচিয়া গেছে— এখন তাহার প্রফুল্ল হৃদয়খানি পরিস্ফুট প্রভাতের ন্যায় তাহার সর্বাপেক্ষে বিকশিত হইয়া উঠিয়াছে । আগেকার মতো সে সংকোচ, সে লজ্জা, সে বিষাদ, সে অভিমান, সেই নীরব ভাব আর নাই ; সে এখন আনন্দভরে বিশ্বস্তভাবে মায়ের সহিত এত কথা বলে যে আগে হইলে বলিতে লজ্জা করিত, ইচ্ছাই হইত না । মেয়ের এই আনন্দ দেখিয়া মায়ের অসীম স্নেহ উথলিয়া উঠিল । মনের ভিতরে ভিতরে একটা ভাবনা জাগিতেছে বটে, কিন্তু বিভার নিকট আভাসেও সে ভাবনা কখনো প্রকাশ করেন নাই । মা হইয়া আবার কোন্ প্রাণে বিভার সেই বিমল প্রশান্ত হাসিটুকু এক তিল মলিন করিবেন । এইজন্য মেয়েটি প্রতিদিন চোখের সামনে হাসিয়া খেলিয়া বেড়ায়, মা হাস্যমুখে অপরিতৃপ্ত নয়নে তাহাই দেখেন ।

মহিষীর মনের ভিতর নাকি একটা ভয়, একটা সন্দেহ বর্তমান ছিল, তারই জন্য আজ কাল করিয়া এ-পর্যন্ত বিভাকে আর প্রাণ ধরিয়া স্বশুরালয়ে পাঠাইতে পারিতেছেন না । দুই-এক সপ্তাহ চলিয়া গেল, উদয়াদিত্যের বিষয়ে সকলেই একপ্রকার নিশ্চিন্ত হইয়াছেন । কেবল বিভার সম্বন্ধে যে কী করিবেন, মহিষী এখনো তাহার একটা স্থির করিতে পারিতেছেন না । এমন আরো কিছুদিন গেল । যতই বিলম্ব হইতেছে, ততই বিভার অধীরতা বাড়িতেছে । বিভা মনে করিতেছে, যতই বিলম্ব হইতেছে, ততই সে যেন তাহার স্বামীর নিকট অপরাধী হইতেছে । তিনি যখন ডাকিয়া পাঠাইয়াছেন, তখন আর কিসের জন্য বিলম্ব করা । একবার তিনি মার্জনা করিয়াছেন, আবার— । কয়েক দিন বিভা আর-কিছু বলিল না, অবশেষে একদিন আর থাকিতে পারিল না ; মায়ের কাছে গিয়া মায়ের গলা ধরিয়া মায়ের মুখের দিকে চাহিয়া বিভা কহিল, “মা ।” ঐ কথাতেই তাহার মা সমস্ত বুঝিতে পারিলেন, বিভাকে বুকে টানিয়া লইয়া কহিলেন, “কী বাছা ।” বিভা কিয়ৎক্ষণ চুপ করিয়া থাকিয়া অবশেষে কহিল, “মা, তুই আমাকে কবে পাঠাইবি মা ।” বলিতে বলিতে বিভার মুখ কান লাল হইয়া উঠিল । মা ঈষৎ হাসিয়া জিজ্ঞাসা করিলেন, “কোথায় পাঠাইব বিভা ।” বিভা মিনতিস্বরে কহিল, “বলো-না মা ।” মহিষী কহিলেন, “আর কিছুদিন সবুর করো বাছা । শীঘ্রই পাঠাইব ।” বলিতে বলিতে তাহার চক্ষে জল আসিল ।

ত্রয়স্ত্রিংশ পরিচ্ছেদ

বহুদিনের পর উদয়াদিত্য রায়গড়ে আসিলেন, কিন্তু আগেকার মতো তেমন আনন্দ আর পাইলেন না। মনের মধ্যে একটা ভাবনা চাপিয়া ছিল, তাই কিছুই তেমন ভালো লাগিল না। তিনি ভাবিতেছিলেন, দাদামহাশয় যে কাজ করিয়াছেন, তাঁহার যে কী হইবে তাহার ঠিকানা নাই, পিতা যে সহজে নিষ্কৃতি দিবেন এমন তো বোধ হয় না। আমার কী কৃষ্ণণেই জন্ম হইয়াছিল। তিনি বসন্ত রায়ের কাছে গিয়া কহিলেন, “দাদামহাশয়, আমি যাই, যশোহরে ফিরিয়া যাই।” প্রথম প্রথম বসন্ত রায় গান গাহিয়া হাসিয়া এ কথা উড়াইয়া দিলেন; তিনি গাহিলেন,

আর কি আমি ছাড়ব তোরে।
মন দিয়ে মন নাই বা পেলেম
জোর করে রাখিব ধরে।
শূন্য করে হৃদয়-পুরী প্রাণ যদি করিলে চুরি
তুমিই তবে থাকো সেথায়
শূন্য হৃদয় পূর্ণ করে।

অবশেষে উদয়াদিত্য বার বার কহিলে পর বসন্ত রায়ের মনে আঘাত লাগিল, তিনি গান বন্ধ করিয়া বিষণ্ণমুখে কহিলেন, “কেন দাদা, আমি কাছে থাকিলে তোর কিসের অসুখ?” উদয়াদিত্য আর কিছু বলিতে পারিলেন না।

উদয়াদিত্যকে উন্মনা দেখিয়া বসন্ত রায় তাঁহাকে সুখী করিবার জন্য দিনরাত প্রাণপণে চেষ্টা করিতেন। সেতার বাজাইতেন, গান গাহিতেন, সঙ্গে করিয়া লইয়া ঘুরিয়া বেড়াইতেন, উদয়াদিত্যের জন্য প্রায় তাঁহার রাজকার্য বন্ধ হইল। বসন্ত রায়ের ভয় পাছে উদয়াদিত্যকে না রাখিতে পারেন, পাছে উদয়াদিত্য আবার যশোহরে চলিয়া যান। দিনরাত তাঁহাকে চোখে চোখে রাখেন, তাঁহাকে বলেন, “দাদা, তোকে আর সে পাষণহৃদয়ের দেশে যাইতে দিব না।”

দিনকতক থাকিতে থাকিতে উদয়াদিত্যের মনের ভাবনা অনেকটা শিথিল হইয়া আসিল। অনেকদিনের পর স্বাধীনতা লাভ করিয়া, সংকীর্ণপ্রসর পাষণময় চারিটি কারাভিত্তি হইতে মুক্ত হইয়া বসন্ত রায়ের কোমল হৃদয়ের মধ্যে তাঁহার অসীম স্নেহের মধ্যে বাস করিতেছেন। অনেক দিনের পর চারি দিকে গাছপালা দেখিতেছেন, আকাশ দেখিতেছেন, দিগ্দিগন্তে পরিব্যাপ্ত উন্মুক্ত উষার আলো দেখিতেছেন, পাখির গান শুনিতেছেন, দূর দিগন্ত হইতে হু হু করিয়া সর্বাঙ্গে বাতাস লাগিতেছে, রাত্রি হইলে সমস্ত আকাশময় তারা দেখিতে পান, জ্যোৎস্নার প্রবাহের মধ্যে ডুবিয়া যান, ঘুমন্ত স্তব্ধতার প্রাণের মধ্যে বিরাজ করিতে থাকেন। যেখানে ইচ্ছা যাইতে পারেন, যাহা ইচ্ছা করিতে পারেন, কিছুতেই আর বাধা নাই। ছেলেবেলা যে-সকল প্রজারা উদয়াদিত্যকে চিনিত, তাহারা দূর-দূরান্তর হইতে উদয়াদিত্যকে দেখিবার জন্য আসিল। গঙ্গাধর আসিল, ফটিক আসিল, হবিচাচা ও করিমউল্লা আসিল, মথুর তাহার তিনটি ছেলে সঙ্গে করিয়া আসিল, পরান ও হরি দুই ভাই আসিল, শীতল সর্দার খেলা দেখাইবার জন্য পাঁচজন লাঠিয়াল সঙ্গে লইয়া আসিল। প্রত্যহ যুবরাজের কাছে প্রজারা আসিতে লাগিল। যুবরাজ তাহাদের কত কী কথা জিজ্ঞাসা করিলেন। এখনো যে উদয়াদিত্য তাহাদিগকে ভোলেন নাই তাহা দেখিয়া প্রজারা অত্যন্ত আনন্দিত ও বিস্মিত হইল। মথুর কহিল, “মহারাজ, আপনি যে মাসে রায়গড়ে আসিয়াছিলেন সেই মাসে আমার এই ছেলেটি জন্মায়, আপনি দেখিয়া গিয়াছিলেন, তার পরে আপনার আশীর্বাদে আমার আরো দুটি সন্তান জন্মিয়াছে।” বলিয়া সে তাহার তিন ছেলেকে যুবরাজের কাছে আনিয়া কহিল, “প্রণাম করো।” তাহারা ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল। পরান আসিয়া কহিল, “এখান হইতে যশোর যাইবার সময় হজুর যে নৌকায় গিয়াছিলেন,

আমি সেই নৌকায় মাঝি ছিলাম, মহারাজ ।” শীতল সর্দার আসিয়া কহিল, “মহারাজ, আপনি যখন রায়গড়ে ছিলেন, তখন আমার লাঠিখেলা দেখিয়া বকশিশ দিয়াছিলেন, আজ ইচ্ছা আছে একবার আমার ছেলেদের খেলা মহারাজকে দেখাইব । এসো তো বাপধন, তোমরা এগোও তো ।” বলিয়া ছেলেদের ডাকিল । এইরূপ প্রত্যহ সকাল হইলে উদয়াদিত্যের কাছে দলে দলে প্রজারা আসিত ও সকলে একত্রে মিলিয়া কথা কহিত ।

এইরূপ স্নেহের মধ্যে, গাছপালার মধ্যে, আনন্দের মধ্যে, গীতোচ্ছ্বাসের মধ্যে থাকিয়া স্বভাবতই উদয়াদিত্যের মন হইতে ভাবনা অনেকটা শিথিল হইয়া আসিল । তিনি চোখ বুজিয়া মনে করিলেন, পিতা হয়তো রাগ করেন নাই, তিনি হয়তো সন্তুষ্ট হইয়াছেন, নহিলে এতদিন আর কি কিছু করিতেন না ।

কিন্তু এরূপ চোখ-বাঁধা বিশ্বাসে বেশিদিন মনকে ভুলাইয়া রাখিতে পারিলেন না । তাঁহার দাদামহাশয়ের জন্য মনে কেমন একটা ভয় হইতে লাগিল । যশোহরে ফিরিয়া যাইবার কথা দাদামহাশয়কে বলা বৃথা ; তিনি স্থির করিলেন— একদিন লুকাইয়া যশোহরে পলাইয়া যাইব । আবার সেই কারাগার মনে পড়িল । কোথায় এই আনন্দের স্বাধীনতা আর কোথায় সেই সংকীর্ণ ক্ষুদ্র কারাগারের একঘেয়ে জীবন । কারাগারের সেই প্রতিমূর্ত্তকে এক-এক বৎসর রূপে মনে পড়িতে লাগিল । সেই নিরালোক, নির্জন, বায়ুহীন, বন্ধ ঘরটি কল্পনায় স্পষ্ট দেখিতে পাইলেন, শরীর শিহরিয়া উঠিল । তবুও স্থির করিলেন, এখান হইতে একদিন সেই কারাগারের অভিমুখে পলাইতে হইবে । আজই পলাইব— এমন কথা মনে করিতে পারিলেন না । একদিন পলাইব— মনে করিয়া অনেকটা নিশ্চিত হইলেন ।

আজ বৃহস্পতিবার, বারবেলা, আজ যাত্রা হইতে পারে না, কাল হইবে । আজ দিন বড়ো খারাপ । সকাল হইতে ক্রমাগত টিপ টিপ করিয়া বৃষ্টি হইতেছে । সমস্ত আকাশ লেপিয়া মেঘ করিয়া আছে । আজ সন্ধ্যাবেলা রায়গড় ছাড়িয়া যাইতেই হইবে বলিয়া উদয়াদিত্য স্থির করিয়া রাখিয়াছেন । সকালে যখন বসন্ত রায়ের সঙ্গে তাঁহার দেখা হইল, তখন বসন্ত রায় উদয়াদিত্যকে জড়াইয়া ধরিয়া কহিলেন, “দাদা, কাল রাত্রে আমি একটা বড়ো দুঃস্বপ্ন দেখিয়াছি । স্বপ্নটা ভালো মনে পড়িতেছে না, কেবল মনে আছে, তোতে আমাতে যেন— যেন জন্মের মতো ছাড়াছাড়ি হইতেছে ।”

উদয়াদিত্য বসন্ত রায়ের হাত ধরিয়া কহিলেন, “না, দাদামহাশয় । ছাড়াছাড়ি যদি বা হয় তো জন্মের মতো কেন হইবে ?”

বসন্ত রায় অন্য দিকে চাহিয়া ভাবনার ভাবে কহিলেন, “তা নয় তো আর কী । কতদিন আর বাঁচিব বল, বুড়া হইয়াছি ।”

গত রাত্রের দুঃস্বপ্নের শেষ তান এখনো বসন্ত রায়ের মনের গুহার মধ্যে প্রতিধ্বনিত হইতেছিল, তাই তিনি অন্যমনস্ক হইয়া কী ভাবিতেছিলেন ।

উদয়াদিত্য কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া বলিলেন, “দাদামহাশয়, আবার যদি আমাদের ছাড়াছাড়ি হয় তো কী হইবে ।”

বসন্ত রায় উদয়াদিত্যের গলা ধরিয়া কহিলেন, “কেন ভাই, কেন ছাড়াছাড়ি হইবে ? তুই আমাকে ছাড়িয়া যাস নে । এ বুড়া বয়সে তুই আমাকে ফেলিয়া পালাস নে ভাই ।”

উদয়াদিত্যের চোখে জল আসিল । তিনি বিস্মিত হইলেন, তাঁহার মনের অভিসন্ধি যেন বসন্ত রায় কী করিয়া টের পাইয়াছেন । নিশ্বাস ফেলিয়া কহিলেন, “আমি কাছে থাকিলেই যে তোমার বিপদ ঘটিবে দাদামহাশয় ।”

বসন্ত রায় হাসিয়া কহিলেন, “কিসের বিপদ ভাই ? এ বয়সে কি আর বিপদকে ভয় করি । মরণের বাড়া তো আর বিপদ নাই । তা মরণ যে আমার প্রতিবেশী । সে নিত্য আমার তত্ত্ব লইতে পাঠায়, তাহাকে আমি ভয় করি না । যে ব্যক্তি জীবনের সমস্ত বিপদ অতিক্রম করিয়া বুড়া বয়স পর্যন্ত বাঁচিয়া থাকিতে পারে, তীরে আসিয়া তাহার নৌকাডুবি হইলই বা !”

উদয়াদিত্য আজ সমস্ত দিন বসন্ত রায়ের সঙ্গে সঙ্গে রহিলেন। সমস্ত দিন টিপ টিপ করিয়া বৃষ্টি পড়িতে লাগিল।

বিকালবেলায় বৃষ্টি ধরিয়া গেল, উদয়াদিত্য উঠিলেন। বসন্ত রায় কহিলেন, “দাদা, কোথায় যাস ?”

উদয়াদিত্য কহিলেন, “একটু বেড়াইয়া আসি।”

বসন্ত রায় কহিলেন, “আজ নাই-বা গেলি।”

উদয়াদিত্য কহিলেন, “কেন দাদামহাশয় ?”

বসন্ত রায় উদয়াদিত্যকে জড়াইয়া ধরিয়া কহিলেন, “আজ তুই বাড়ি হইতে বাহির হোস নে, আজ তুই আমার কাছে থাক্ ভাই !”

উদয়াদিত্য কহিলেন, “আমি অধিক দূর যাইব না দাদামহাশয়, এখনই ফিরিয়া আসিব।” বলিয়া বাহির হইয়া গেলেন।

প্রাসাদের বহির্দ্বারে যাইতেই একজন প্রহরী কহিল, “মহারাজ, আপনার সঙ্গে যাইব ?”

যুবরাজ কহিলেন, “না, আবশ্যিক নাই।”

প্রহরী কহিল, “মহারাজের হাতে অস্ত্র নাই !”

যুবরাজ কহিলেন, “অস্ত্রের প্রয়োজন কী ?”

উদয়াদিত্য প্রাসাদের বাহিরে গেলেন। একটি দীর্ঘ বিস্তৃত মাঠ আছে, সেই মাঠের মধ্যে গিয়া পড়িলেন। একলা বেড়াইতে লাগিলেন। ক্রমে দিনের আলো মিলাইয়া আসিতে লাগিল। মনে কত কী ভাবনা উঠিল। যুবরাজ তাঁহার এই লক্ষ্যহীন উদ্দেশ্যহীন জীবনের কথা ভাবিতে লাগিলেন। ভাবিয়া দেখিলেন, তাঁহার কিছু স্থির নাই, কোথাও স্থিতি নাই— পরের মুহূর্তেই কী হইবে তাহার ঠিকানা নাই। বয়স অল্প, এখনো জীবনের অনেক অবশিষ্ট আছে। কোথাও ঘরবাড়ি না বাঁধিয়া কোথাও স্থায়ী আশ্রয় না পাইয়া এই সুদূরবিস্তৃত ভবিষ্যৎ এমন করিয়া কিরূপে কাটিবে ? তাহার পর মনে পড়িল— বিভা। বিভা এখন কোথায় আছে ? এতকাল আমিই তাহার সুখের সূর্য আড়াল করিয়া বসিয়া ছিলাম, এখন কি সে সুখী হইয়াছে ? বিভাকে মনে মনে কত আশীর্বাদ করিলেন।

মাঠের মধ্যে রৌদ্রে রাখালদের বসিবার নিমিত্ত অশথ বট খেজুর সুপারি প্রভৃতির এক বন আছে— যুবরাজ তাহার মধ্যে গিয়া প্রবেশ করিলেন। তখন সন্ধ্যা হইয়া আসিয়াছে। অন্ধকার করিয়াছে। যুবরাজের আজ পলাইবার কথা ছিল— সেই সংকল্প লইয়া তিনি মনে মনে আন্দোলন করিতেছিলেন। বসন্ত রায় যখন শুনিবেন উদয়াদিত্য পলাইয়া গেছেন, তখন তাঁহার কিরূপ অবস্থা হইবে, তখন তিনি হৃদয়ে আঘাত পাইয়া করুণ মুখে কেমন করিয়া বলিবেন, ‘অ্যা, দাদা আমার কাছ হইতে পলাইয়া গেল !’ সে ছবি তিনি যেন স্পষ্ট দেখিতে পাইলেন।

এমন সময়ে একজন রমণী কর্কশ কণ্ঠে বলিয়া উঠিলেন, “এই যে গা, এইখানে তোমাদের যুবরাজ— এইখানে।”

দুইজন সৈন্য মশাল হাতে করিয়া যুবরাজের কাছে আসিয়া দাঁড়াইল। দেখিতে দেখিতে আরো অনেকে আসিয়া তাঁহাকে ঘিরিয়া ফেলিল। তখন সেই রমণী তাঁহার কাছে আসিয়া কহিল, “আমাকে চিনিতে পার কি গা। একবার এই দিকে তাকাও ! একবার এই দিকে তাকাও !” যুবরাজ মশালের আলোকে দেখিলেন, রুক্মিণী। সৈন্যগণ রুক্মিণীর ব্যবহার দেখিয়া তাহাকে ধমক দিয়া কহিল, “দূর হ মাগী।” সে তাহাতে কর্ণপাতও না করিয়া কহিতে লাগিল, “এ-সব কে করিয়াছে ? আমি করিয়াছি। এ-সব কে করিয়াছে ? আমি করিয়াছি। এ-সব সৈন্যদের এখানে কে আনিয়াছে ? আমি আনিয়াছি। আমি তোমার লাগিয়া এত করিলাম, আর তুমি—।” যুবরাজ ঘৃণায় রুক্মিণীর দিকে পশ্চাৎ ফিরিয়া দাঁড়াইলেন। সৈন্যগণ রুক্মিণীকে বলপূর্বক ধরিয়া তফাত করিয়া দিল। তখন মুক্তিয়ার খাঁ সম্মুখে আসিয়া যুবরাজকে সেলাম করিয়া দাঁড়াইল। যুবরাজ বিস্মিত হইয়া কহিলেন, “মুক্তিয়ার খাঁ, কী খবর ?”

মুক্তিয়ার ঝাঁ বিনীতভাবে কহিল, “জনাব, আমাদের মহারাজের নিকট হইতে আদেশ লইয়া আসিতেছি।”

যুবরাজ জিজ্ঞাসা করিলেন, “কী আদেশ।”

মুক্তিয়ার ঝাঁ প্রতাপাদিত্যের স্বাক্ষরিত আদেশপত্র বাহির করিয়া যুবরাজের হাতে দিল।

যুবরাজ পড়িয়া কহিলেন, “ইহার জন্য এত সৈন্যের প্রয়োজন কী ? আমাকে একখানা পত্র লিখিয়া আদেশ করিলেই তো আমি যাইতাম। আমি তো আপনিই যাইতেছিলাম, যাইব বলিয়াই স্থির করিয়াছি। তবে আর বিলম্বে প্রয়োজন কী ? এখনই চলো। এখনই যশোহরে ফিরিয়া যাই।” মুক্তিয়ার ঝাঁ হাত জোড় করিয়া কহিল, “এখনই ফিরিতে পারিব না।” যুবরাজ ভীত হইয়া কহিলেন, “কেন ?”

মুক্তিয়ার ঝাঁ কহিল, “আর-একটি আদেশ আছে, তাহা পালন না করিয়া যাইতে পারিব না।”

যুবরাজ ভীতস্বরে কহিলেন, “কী আদেশ।”

মুক্তিয়ার ঝাঁ কহিল, “রায়গড়ের রাজার প্রতি মহারাজা প্রাণদণ্ডের আদেশ করিয়াছেন।”

যুবরাজ চমকিয়া উচ্চস্বরে কহিয়া উঠিলেন, “না, করেন নাই, মিথ্যা কথা।”

মুক্তিয়ার ঝাঁ কহিল, “আজ্ঞা যুবরাজ, মিথ্যা নহে। আমার নিকট মহারাজের স্বাক্ষরিত পত্র আছে।”

যুবরাজ সেনাপতির হাত ধরিয়া ব্যগ্র হইয়া কহিলেন, “মুক্তিয়ার ঝাঁ, তুমি ভুল বুঝিয়াছ। মহারাজ আদেশ করিয়াছেন যে, যদি উদয়াদিত্যকে না পাও, তাহা হইলে বসন্ত রায়ে— আমি যখন আপনি ধরা দিতেছি তখন আর কী ! আমাকে এখনই লইয়া চলো, এখনই লইয়া চলো— আমাকে বন্দী করিয়া লইয়া চলো, আর বিলম্ব করিয়ো না।”

মুক্তিয়ার ঝাঁ কহিল, “যুবরাজ, আমি ভুল বুঝি নাই। মহারাজ স্পষ্ট আদেশ করিয়াছেন।”

যুবরাজ অধীর হইয়া কহিলেন, “তুমি নিশ্চয়ই ভুল বুঝিয়াছ। তাঁহার অভিপ্রায় এরূপ নহে। আচ্ছা চলো, যশোহরে চলো। আমি মহারাজের সম্মুখে তোমাদের বুঝাইয়া দিব, তিনি যদি দ্বিতীয় বার আদেশ করেন, তবে আদেশ সম্পন্ন করিয়ো।”

মুক্তিয়ার জোড়হস্তে কহিল, “যুবরাজ, মার্জনা করুন, তাহা পারিব না।”

যুবরাজ অধিকতর অধীর হইয়া কহিলেন, “মুক্তিয়ার, মনে আছে, আমি এক কালে সিংহাসন পাইব ? আমার কথা রাখো, আমাকে সন্তুষ্ট করো।”

মুক্তিয়ার নিরন্তরে দাঁড়াইয়া রহিল।

যুবরাজের মুখ পাংশুবর্ণ হইয়া গেল, তাঁহার কপালে ঘর্মবিন্দু দেখা দিল। তিনি সেনাপতির হাত দৃঢ়ভাবে ধরিয়া কহিলেন, “মুক্তিয়ার ঝাঁ, বৃদ্ধ নিরপরাধ পুণ্যাত্মাকে বধ করিলে নরকেও তোমার স্থান হইবে না।”

মুক্তিয়ার ঝাঁ কহিল, “মনিবের আদেশ পালন করিতে পাপ নাই।”

উদয়াদিত্য উচ্চৈঃস্বরে কহিয়া উঠিলেন, “মিথ্যা কথা। যে ধর্মশাস্ত্রে তাহা বলে, সে ধর্মশাস্ত্র মিথ্যা। নিশ্চয়ই জানিয়ো মুক্তিয়ার, পাপ আদেশ পালন করিলে পাপ।”

মুক্তিয়ার নিরন্তরে দাঁড়াইয়া রহিল।

উদয়াদিত্য চারি দিকে চাহিয়া বলিয়া উঠিলেন, “তবে আমাকে ছাড়িয়া দাও। আমি গড়ে ফিরিয়া যাই। তোমার সৈন্যসামন্ত লইয়া সেখানে যাও, আমি তোমাকে যুদ্ধে আহ্বান করিতেছি। সেখানে রণক্ষেত্রে জয়লাভ করিয়া তার পরে তোমার আদেশ পালন করিয়ো।”

মুক্তিয়ার নিরন্তরে দাঁড়াইয়া রহিল। সৈন্যগণ অধিকতর ঘেঁষিয়া আসিয়া যুবরাজকে ঘিরিল। যুবরাজ কোনো উপায় না দেখিয়া সেই অন্ধকারে প্রাণপণে চীৎকার করিয়া উঠিলেন, “দাদামহাশয়, সাবধান।” বন কাঁপিয়া উঠিল, মাঠের প্রান্তে গিয়া সে সুর মিলাইয়া গেল। সৈন্যেরা আসিয়া উদয়াদিত্যকে ধরিল। উদয়াদিত্য আর-একবার চীৎকার করিয়া উঠিলেন, “দাদামহাশয়, সাবধান।”

একজন পথিক মাঠ দিয়া যাইতেছিল— শব্দ শুনিয়া কাছে আসিয়া কহিল, “কে গা !” উদয়াদিত্য তাড়াতাড়ি কহিলেন, “যাও যাও, গড়ে ছুটিয়া যাও, মহারাজকে সাবধান করিয়া দাও ।” দেখিতে দেখিতে সেই পথিককে সৈন্যেরা গ্রেপ্তার করিল । যে কেহ সেই মাঠ দিয়া চলিয়াছিল, সৈন্যেরা অবিলম্বে তাহাকে বন্দী করিল ।

কয়েকজন সৈন্য উদয়াদিত্যকে বন্দী করিয়া রহিল, মুক্তিয়ার খাঁ এবং অবশিষ্ট সৈন্যগণ সৈনিকের বেশ পরিত্যাগ করিয়া অস্ত্রশস্ত্র লুকাইয়া সহজ বেশে গড়ের অভিমুখে গেল । রায়গড়ের শতাধিক দ্বার ছিল, ভিন্ন ভিন্ন দ্বার দিয়া তাহারা গড়ের মধ্যে প্রবেশ করিল ।

তখন সন্ধ্যাকালে বসন্ত রায় বসিয়া আহ্নিক করিতেছিলেন । ওদিকে রাজবাড়ির ঠাকুরঘরে সন্ধ্যাপূজার শাঁখ-ঘণ্টা বাজিতেছে । বৃহৎ রাজবাড়ীতে কোনো কোলাহল নাই, চারি দিক নিস্তব্ধ । বসন্ত রায়ের নিয়মানুসারে অধিকাংশ ভৃত্য সন্ধ্যাবেলায় কিছুক্ষণের জন্য ছুটি পাইয়াছে ।

আহ্নিক করিতে করিতে বসন্ত রায় সহসা দেখিলেন, তাঁহার ঘরের মধ্যে মুক্তিয়ার খাঁ প্রবেশ করিল । ব্যস্তসমস্ত হইয়া বলিয়া উঠিলেন, “খাঁ সাহেব, এ ঘরে প্রবেশ করিয়ো না । আমি এখনই আহ্নিক সারিয়া আসিতেছি ।”

মুক্তিয়ার খাঁ ঘরের বাহিরে গিয়া দুয়ারের নিকট দাঁড়াইয়া রহিল । বসন্ত রায় আহ্নিক সমাপন করিয়া তাড়াতাড়ি বাহিরে আসিয়া মুক্তিয়ার খাঁর গায়ে হাত দিয়া জিজ্ঞাসা করিলেন, “খাঁ সাহেব, ভালো আছ তো ?”

মুক্তিয়ার সেলাম করিয়া সংক্ষেপে কহিল, “হাঁ মহারাজ ।”

বসন্ত রায় কহিলেন, “আহারাদি হইয়াছে ?”

মুক্তিয়ার । আজ্ঞা হাঁ ।

বসন্ত রায় । আজ তবে তোমার এখানে থাকিবার বন্দোবস্ত করিয়া দিই ।

মুক্তিয়ার কহিল, “আজ্ঞা না, প্রয়োজন নাই । কাজ সারিয়া এখনই যাইতে হইবে ।”

বসন্ত রায় । না, তা হইবে না খাঁ সাহেব, আজ তোমাদের ছাড়িব না, আজ এখানে থাকিতেই হইবে ।

মুক্তিয়ার । না মহারাজ, শীঘ্রই যাইতে হইবে ।

বসন্ত রায় জিজ্ঞাসা করিলেন, “কেন বলো দেখি ? বিশেষ কাজ আছে বুঝি ? প্রতাপ ভালো আছে তো ?”

মুক্তিয়ার । মহারাজ ভালো আছেন ।

বসন্ত রায় । তবে কী তোমার কাজ, শীঘ্র বলো । বিশেষ জরুরি শুনিয়া উদ্বেগ হইতেছে । প্রতাপের তো কোনো বিপদ ঘটে নাই ?

মুক্তিয়ার । আজ্ঞে না, তাঁহার কোনো বিপদ ঘটে নাই । মহারাজার একটি আদেশ পালন করিতে আসিয়াছি ।

বসন্ত রায় তাড়াতাড়ি জিজ্ঞাসা করিলেন, “কী আদেশ ? এখনই বলো ।”

মুক্তিয়ার খাঁ এক আদেশপত্র বাহির করিয়া বসন্ত রায়ের হাতে দিল । বসন্ত রায় আলোর কাছে লইয়া পড়িতে লাগিলেন । ইতিমধ্যে একে একে সমুদয় সৈন্য দরজার নিকট আসিয়া ঘেরিয়া দাঁড়াইল ।

পড়া শেষ করিয়া বসন্ত রায় ধীরে ধীরে মুক্তিয়ার খাঁর নিকট আসিয়া জিজ্ঞাসা করিলেন, “এ কি প্রতাপের লেখা ?”

মুক্তিয়ার কহিল, “হাঁ ।”

বসন্ত রায় আবার জিজ্ঞাসা করিলেন, “খাঁ সাহেব, এ কি প্রতাপের স্বহস্তে লেখা ?”

মুক্তিয়ার কহিল, “হাঁ মহারাজ ।”

তখন বসন্ত রায় কাঁদিয়া বলিয়া উঠিলেন, “খাঁ সাহেব, আমি প্রতাপকে নিজের হাতে মানুষ করিয়াছি।”

কিছুক্ষণ চুপ করিয়া রহিলেন, অবশেষে আবার কহিলেন, “প্রতাপ যখন এতটুকু ছিল আমি তাহাকে দিনরাত কোলে করিয়া থাকিতাম, সে আমাকে একমুহূর্ত ছাড়িয়া থাকিতে চাহিত না। সেই প্রতাপ বড়ো হইল, তাহার বিবাহ দিয়া দিলাম, তাহাকে সিংহাসনে বসাইলাম, তাহার সম্ভানদের কোলে লইলাম— সেই প্রতাপ আজ স্বহস্তে এই লেখা লিখিয়াছে খাঁ সাহেব?”

মুক্তিয়ার খাঁর চোখের পাতা ভিজিয়া আসিল, সে অধোবদনে চুপ করিয়া দাঁড়াইয়া রহিল।

বসন্ত রায় জিজ্ঞাসা করিলেন, “দাদা কোথায়? উদয় কোথায়?”

মুক্তিয়ার খাঁ কহিল, “তিনি বন্দী হইয়াছেন। মহারাজের নিকট বিচারের নিমিত্ত প্রেরিত হইয়াছেন।”

বসন্ত রায় বলিয়া উঠিলেন, “উদয় বন্দী হইয়াছে? বন্দী হইয়াছে খাঁ সাহেব? আমি একবার তাহাকে কি দেখিতে পাইব না?”

মুক্তিয়ার খাঁ জোড়হাত করিয়া কহিল, “না জনাব, হুকুম নাই।”

বসন্ত রায় সাক্ষনেত্রে মুক্তিয়ার খাঁর হাত ধরিয়া কহিলেন, “একবার আমাকে দেখিতে দিবে না খাঁ সাহেব!”

মুক্তিয়ার কহিল, “আমি আদেশপালক ভৃত্য মাত্র।”

বসন্ত রায় গভীর নিশ্বাস ফেলিয়া কহিলেন, “এ সংসারে কাহারও দয়ামায়া নাই, এসো সাহেব, তোমার আদেশ পালন করো।”

মুক্তিয়ার তখন মাটি ছুঁইয়া সেলাম করিয়া জোড়হস্তে কহিল, “মহারাজ, আমাকে মার্জনা করিবেন— আমি প্রভুর আদেশ পালন করিতেছি মাত্র, আমার কোনো দোষ নাই।”

বসন্ত রায় কহিলেন, “না সাহেব, তোমার দোষ কী? তোমার কোনো দোষ নাই। তোমাকে আর মার্জনা করিব কী?” বলিয়া মুক্তিয়ার খাঁর কাছে গিয়া তাহার সহিত কোলাকুলি করিলেন; কহিলেন, “প্রতাপকে বলিও, আমি তাহাকে আশীর্বাদ করিয়া মরিলাম। আর দেখো খাঁ সাহেব, আমি মরিবার সময় তোমার উপরেই উদয়ের ভার দিয়া গেলাম। সে নিরপরাধ— দেখিও অন্যায় বিচারে সে যেন আর কষ্ট না পায়।”

বলিয়া বসন্ত রায় চোখ বুজিয়া ইষ্টদেবতার নিকট ভূমিষ্ঠ হইয়া রহিলেন, দক্ষিণ হস্তে মালা জপিতে লাগিলেন ও কহিলেন, “সাহেব, এইবার।”

মুক্তিয়ার খাঁ ডাকিল, “আবদুল।” আবদুল মুক্ত তলোয়ার হস্তে আসিল। মুক্তিয়ার মুখ ফিরাইয়া সরিয়া গেল। মুহূর্ত পরেই রক্তাক্ত অসি হস্তে আবদুল গৃহ হইতে বাহির হইয়া আসিল। গৃহে রক্তশ্রোত বহিতে লাগিল।

চতুস্ত্রিংশ পরিচ্ছেদ

মুক্তিয়ার খাঁ ফিরিয়া আসিল। রায়গড়ে অধিকাংশ সৈন্য রাখিয়া উদয়াদিত্যকে লইয়া তৎক্ষণাৎ যশোহরে যাত্রা করিল। পথে যাইতে দুইদিন উদয়াদিত্য খাদ্যদ্রব্য স্পর্শ করিলেন না, কাহারও সহিত একটি কথাও কহিলেন না, কেবল চুপ করিয়া ভাবিতে লাগিলেন। পাষণমূর্তির ন্যায় স্থির— তাহার নেত্রে নিদ্রা নাই, নিমেষ নাই, অশ্রু নাই, দৃষ্টি নাই— কেবলই ভাবিতেছেন। নৌকায় উঠিলেন, নৌকা হইতে মুখ বাড়াইয়া জলের দিকে চাহিয়া রহিলেন, নৌকা চলিতে লাগিল— দাঁড়ের শব্দ শুনিতে লাগিলেন, জলের কল্লোল কানে প্রবেশ করিল। তবুও কিছু শুনিলেন না, কিছুই দেখিলেন না, কেবলই ভাবিতে লাগিলেন। রাত্রি হইল, আকাশে তারা উঠিল, মাঝিরা নৌকা বাঁধিয়া রাখিল, নৌকায় সকলেই ঘুমাইল। কেবল জলের শব্দ শুনা যাইতেছে, নৌকার উপর ছোটো ছোটো তরঙ্গ আসিয়া আঘাত

করিতেছে— যুবরাজ একদৃষ্টে সম্মুখে চাহিয়া সুদূরপ্রসারিত শুভ বালির চড়ার দিকে চাহিয়া কেবলই ভাবিতে লাগিলেন। প্রত্যুষে মাঝিরা জাগিয়া উঠিল, নৌকা খুলিয়া দিল, উষার বাতাস বহিল, পূর্ব দিক রাঙা হইয়া উঠিল, যুবরাজ ভাবিতে লাগিলেন। তৃতীয় দিবসে যুবরাজের দুই চক্ষু ভাসিয়া ছ ছ করিয়া অশ্রু পড়িতে লাগিল— হাতের উপর মাথা রাখিয়া জলের দিকে চাহিয়া রহিলেন, আকাশের দিকে চাহিয়া রহিলেন। নৌকা চলিতে লাগিল— তীরে গাছপালাগুলি মেঘের মতো চোখের উপর দিয়া চলিয়া যাইতে লাগিল, চোখ দিয়া সহস্র ধারায় অশ্রু পড়িতে লাগিল। অনেকক্ষণের পর অবসর বুঝিয়া মুক্তিয়ার খাঁ ব্যথিত হৃদয়ে যুবরাজের নিকট আসিয়া বসিল, বিনীতভাবে জিজ্ঞাসা করিল, “যুবরাজ, কী ভাবিতেছেন।” যুবরাজ চমকিয়া উঠিলেন, অনেকক্ষণ স্তব্ধভাবে অবাক হইয়া মুক্তিয়ারের মুখের দিকে চাহিয়া রহিলেন। মুক্তিয়ারের মুখে মমতার ভাব দেখিয়া সহসা রুদ্ধ প্রাণ খুলিয়া যুবরাজ বলিয়া উঠিলেন, “ভাবিতেছি, পৃথিবীতে জন্মাইয়া আমি কী করিলাম। আমার জন্য কী সর্বনাশই হইল। হে বিধাতা, যাহারা দুর্বল এ পৃথিবীতে তাহারা কেন জন্মায়? যাহারা নিজের বলে সংসারে দাঁড়াইতে পারে না, যাহারা পদে পদে পরকে জড়াইয়া ধরে, তাহাদের দ্বারা পৃথিবীর কী উপকার হয়? তাহারা যাহাকে ধরে, তাহাকেই ডুবায়, পৃথিবীর সকল কাজে বাধা দেয়— নিজেও দাঁড়াইতে পারে না, আর-সকলকেও ভারাক্রান্ত করে। আমি একজন দুর্বল ভীকু, ঈশ্বর আমাকেই বাঁচাইলেন, আরা যাহারা সংসারের আনন্দ ছিল, সংসারের ভরসা ছিল— আমার জন্য তাহাদেরই বিনাশ করিলেন। আর না, এ সংসার হইতে আমি বিদায় লইলাম।”

উদয়াদিত্য বন্দিভাবে প্রতাপাদিত্যের সম্মুখে আনীত হইলেন। প্রতাপাদিত্য তাঁহাকে অস্তঃপুরের কক্ষে লইয়া গিয়া দ্বার রুদ্ধ করিলেন। প্রতাপাদিত্যের কাছে আসিতেই উদয়াদিত্যের শরীর যেন শিহরিয়া উঠিল, অনিবার্য ঘণায় তাঁহার সর্ব শরীরের মাংস যেন কুণ্ডিত হইয়া আসিল— তিনি পিতার মুখের দিকে আর চাহিতে পারিলেন না।

প্রতাপাদিত্য গম্ভীর স্বরে কহিলেন, “কোন্ শাস্তি তোমার উপযুক্ত?”

উদয়াদিত্য অবিচলিত ভাবে কহিলেন, “আপনি যাহা আদেশ করেন।”

প্রতাপাদিত্য কহিলেন, “তুমি আমার এ রাজ্যের যোগ্য নহ।”

উদয়াদিত্য কহিলেন, “না মহারাজ, আমি যোগ্য নহি। আমি আপনার রাজ্য চাহি না। আপনার সিংহাসন হইতে আমাকে অব্যাহতি দিন, এই ভিক্ষা।”

প্রতাপাদিত্যও তাহাই চান, তিনি কহিলেন, “তুমি যাহা বলিতেছ, তাহা যে সত্যই তোমার হৃদয়ের ভাব তাহা কী করিয়া জানিব?”

উদয়াদিত্য কহিলেন, “দুর্বলতা লইয়া জন্মগ্রহণ করিয়াছি বটে, কিন্তু আজ পর্যন্ত নিজের স্বার্থের জন্য কখনো মিথ্যা কথা বলি নাই। বিশ্বাস না করেন যদি, আজ আমি মা কালীর চরণ স্পর্শ করিয়া শপথ করিব— আপনার রাজ্যের এক সূচ্যগ্রভূমিও আমি কখনো শাসন করিব না। সমরাদিত্যই আপনার রাজ্যের উত্তরাধিকারী।”

প্রতাপাদিত্য সন্তুষ্ট হইয়া কহিলেন, “তুমি তবে কী চাও?”

উদয়াদিত্য কহিলেন, “মহারাজ, আমি আর কিছুই চাই না, কেবল আমাকে পিঞ্জরাবদ্ধ পশুর মতো গারদে পুরিয়া রাখিবেন না। আমাকে পরিত্যাগ করুন, আমি এখনই কাশী চলিয়া যাই। আর-একটি ভিক্ষা— আমাকে কিঞ্চিৎ অর্থ দিন। আমি সেখানে দাদামহাশয়ের নামে এক অতিথিশালা ও একটি মন্দির প্রতিষ্ঠা করিব।”

প্রতাপাদিত্য কহিলেন, “আচ্ছা, তাহাই স্বীকার করিতেছি।”

সেইদিনই উদয়াদিত্য মন্দিরে গিয়া প্রতাপাদিত্যের সম্মুখে শপথ করিয়া কহিলেন, “মা কালী, তুমি সাক্ষী থাকো, তোমার পা ছুঁইয়া আমি শপথ করিতেছি— যতদিন আমি বাঁচিয়া থাকিব, যশোহরের মহারাজের রাজ্যের এক তিলও আমি আমার বলিয়া গ্রহণ করিব না। যশোহরের সিংহাসনে আমি বসিব না, যশোহরের রাজদণ্ড আমি স্পর্শও করিব না। যদি কখনো করি, তবে এই দাদামহাশয়ের

হত্যার পাপ সমস্ত যেন আমারই হয়।” বলিয়া শিহরিয়া উঠিলেন।

মহারানী যখন শুনিলেন উদয়াদিত্য কাশী চলিয়া যাইতেছেন, তখন উদয়াদিত্যের কাছে আসিয়া কহিলেন, “বাবা উদয়, আমাকেও তোর সঙ্গে লইয়া চল।”

উদয়াদিত্য কহিলেন, “সে কী কথা মা। তোমার সমরাদিত্য আছে, তোমার সমস্ত সংসার এখানে রহিল, তুমি যদি এখান হইতে যাও, তবে যশোহরে রাজলক্ষ্মী থাকিবে না।”

মহিষী কাঁদিয়া কহিলেন, “বাছা, এই বয়সে তুই যদি সংসার ছাড়িয়া গেলি, আমি কোন্ প্রাণে সংসার লইয়া থাকিব? রাজ্য সংসার পরিত্যাগ করিয়া তুই সন্ন্যাসী হইয়া থাকিবি, তোকে সেখানে কে দেখিবে? তোর পিতা পাষণ বলিয়া আমি তোকে ছাড়িতে পারিব না।” মহিষী তাঁহার সকল সম্ভানের মধ্যে উদয়াদিত্যকে অধিক ভালোবাসিতেন, উদয়াদিত্যের জন্য তিনি বুক ফাটিয়া কাঁদিতে লাগিলেন।

উদয়াদিত্য মায়ের হাত ধরিয়া অশ্রুনেত্রে কহিলেন, “মা, তুমি তো জানই রাজবাড়িতে থাকিলে আমার পদে পদে আশঙ্কার কারণ থাকিবে। তুমি নিশ্চিন্ত হও মা, আমি বিশ্বেশ্বরের চরণে গিয়া নিরাপদ হই।”

উদয়াদিত্য বিভার কাছে গিয়া কহিলেন, “বিভা, দিদি আমার, কাশী যাইবার আগে তোকে আমি সুখী করিয়া যাইব। আমি নিজে সঙ্গে করিয়া তোকে স্বশুরবাড়ি লইয়া যাইব, এই আমার একমাত্র সাধ আছে।”

বিভা উদয়াদিত্যকে জিজ্ঞাসা করিল, “দাদামহাশয় কেমন আছেন?”

“দাদামহাশয় ভালো আছেন।” বলিয়াই উদয়াদিত্য তাড়াতাড়ি সেখান হইতে চলিয়া গেলেন।

পঞ্চত্রিংশ পরিচ্ছেদ

উদয়াদিত্য ও বিভার যাত্রার উদ্যোগ হইতে লাগিল। বিভা মায়ের গলা ধরিয়া কাঁদিল। অন্তঃপুরে যে যেখানে ছিল, স্বশুরালয়ে যাইবার আগে সকলেই বিভাকে নানাপ্রকার সদুপদেশ দিতে লাগিল।

মহিষী একবার উদয়াদিত্যকে ডাকিয়া পাঠাইলেন, কহিলেন, “বাবা, বিভাকে তো লইয়া যাইতেছ, যদি তাহারা অযত্ন করে।”

উদয়াদিত্য চমকিয়া উঠিয়া কহিলেন, “কেন মা, তাহারা অযত্ন করিবে কেন?”

মহিষী কহিলেন, “কী জানি, তাহারা যদি বিভার উপর রাগ করিয়া থাকে?”

উদয়াদিত্য কহিলেন, “না মা, বিভা ছেলেমানুষ, বিভার উপর কি তাহারা কখনো রাগ করিতে পারে?”

মহিষী কাঁদিয়া কহিলেন, “বাছা, সাবধানে লইয়া যাইয়ো, যদি তাহারা অনাদর করে তবে আর বিভা বাঁচিবে না।”

উদয়াদিত্যের মনে একটা আশঙ্কা জাগিয়া উঠিল। বিভাকে যে স্বশুরালয়ে অনাদর করিতে পারে, আগে তাহা তাঁহার মনেই হয় নাই। উদয়াদিত্য মনে করিয়াছিলেন, তাঁহার কর্মফল সমস্তই বৃষ্টি শেষ হইয়া গিয়াছে, দেখিলেন এখনো শেষ হয় নাই। বিভাকে তিনি আশ্রয় করিয়াছেন, তাহার পরিণামস্বরূপে বিভার অদৃষ্টে কী আছে তা কে জানে।

যাত্রার সময় উদয়াদিত্য ও বিভা মাকে আসিয়া প্রণাম করিলেন। পাছে যাত্রার বিঘ্ন হয়, মহিষী তখন কাঁদিলেন না, তাঁহারা চলিয়া যাইতেই তিনি ভূমিতে লুটাইয়া পড়িয়া কাঁদিতে লাগিলেন। উদয়াদিত্য ও বিভা পিতাকে প্রণাম করিয়া আসিলেন, বাড়ির অন্যান্য গুরুজনদের প্রণাম করিলেন। উদয়াদিত্য সমরাদিত্যকে কোলে তুলিয়া লইয়া তাহাকে চুম্বন করিলেন ও আপনার মনে কহিলেন, ‘বৎস, যে সিংহাসনে তুমি বসিবে, সে সিংহাসনের অভিশাপ তোমাকে স্পর্শ যেন না করে।’ রাজবাড়ির ভৃত্যেরা উদয়াদিত্যকে বড়ো ভালোবাসিত, তাহারা একে একে আসিয়া তাঁহাকে প্রণাম

করিল, সকলে কাঁদিতে লাগিল। অবশেষে মন্দিরে গিয়া উভয়ে দেবতাকে প্রণাম করিয়া যাত্রা করিলেন।

শোক বিপদ অত্যাচারের রক্তভূমি পশ্চাতে পড়িয়া রহিল— জীবনের কাগার পশ্চাতে পড়িয়া রহিল। উদয়াদিত্য মনে করিলেন এ বাড়িতে এ জীবনে আর প্রবেশ করিব না। একবার পশ্চাৎ ফিরিয়া দেখিলেন। দেখিলেন রক্তপিপাসু কঠোর হৃদয় রাজবাটী আকাশের মধ্যে মাথা তুলিয়া দৈত্যের ন্যায় দাঁড়াইয়া আছে। পশ্চাতে ষড়যন্ত্র, যথেষ্টাচারিতা, রক্তলালসা, দুর্বলের পীড়ন, অসহায়ের অশ্রুজল পড়িয়া রহিল, সম্মুখে অনন্ত স্বাধীনতা, প্রকৃতির অকলঙ্ক সৌন্দর্য, হৃদয়ের স্বাভাবিক স্নেহমমতা তাঁহাকে আলিঙ্গন করিবার জন্য দুই হাত বাড়াইয়া দিল। তখন সবে প্রভাত হইয়াছে। নদীর পূর্ব পারে বনাশুর মধ্য হইতে কিরণের ছটা উর্ধ্বশিখা হইয়া উঠিয়াছে। গাছপাল্লার মাথার উপরে সোনার আভা পড়িয়াছে। লোকজন জাগিয়া উঠিয়াছে। মাঝিরা আনন্দে গান গাহিতে গাহিতে পাল তুলিয়া নৌকা খুলিয়া দিয়াছে। প্রকৃতির এই বিমল প্রশান্ত পবিত্র প্রভাত-মুখশ্রী দেখিয়া উদয়াদিত্যের প্রাণ পাখিদের সহিত স্বাধীনতার গান গাহিয়া উঠিল। মনে মনে কহিলেন, 'জন্ম জন্ম যেন প্রকৃতির এই বিমল শ্যামল ভাবের মধ্যে স্বাধীনভাবে বিচরণ করিতে পারি, আর সরল প্রাণীদের সহিত একত্রে বাস করিতে পারি।'

নৌকা ছাড়িয়া দিল। মাঝিদের গান ও জলের কল্লোল শুনিতে শুনিতে উভয়ে অগ্রসর হইলেন। বিভার প্রশান্ত হৃদয়ে আনন্দের উষালোক বিরাজ করিতেছিল, তাহার মুখে চোখে অরণের দীপ্তি। সে যেন এতদিনের পর একটা দুঃস্বপ্ন হইতে জাগিয়া উঠিয়া জগতের মুখ দেখিয়া আশ্বস্ত হইল। বিভা যাইতেছে। কাহার কাছে যাইতেছে? কে তাহাকে ডাকিতেছে? অনন্ত অচল প্রেম তাহাকে ডাকিয়াছে— বিভা ছোটো পাখিটির মতো ডানা ঢাকিয়া সেই কোমল প্রেমের স্তরের মধ্যে আরামে বিশ্বস্ত হৃদয়ে লুকাইয়া থাকিবে। জগতের চারি দিকে সে আজ স্নেহের সমুদ্র দেখিতে পাইতেছে। উদয়াদিত্য বিভাকে কাছে ডাকিয়া জলের কল্লোলের ন্যায় মৃদু স্বরে তাঁহাকে কত কী কাহিনী শুনাইতে লাগিলেন। যাহা শুনিল, বিভার তাহাই ভালো লাগিল।

রামচন্দ্র রায়ের রাজ্যের মধ্যে নৌকা প্রবেশ করিল। চারি দিক দেখিয়া বিভার মনে এক অভূতপূর্ব আনন্দের উদয় হইল। কী সুন্দর শোভা। কুটিরগুলি দেখিয়া লোকজনদের দেখিয়া বিভার মনে হইল সকলে কী সুখেই আছে। বিভার ইচ্ছা হইতে লাগিল, প্রজাদিগকে কাছে ডাকিয়া তাহাদের রাজার কথা একবার জিজ্ঞাসা করে। প্রজাদিগকে দেখিয়া তাহার মনে কেমন একপ্রকার অপূর্ব স্নেহের উদয় হইল। যাহাকে দেখিল সকলকেই তাহার ভালো লাগিল। মাঝে মাঝে দুই-একজন দরিদ্র দেখিতে পাইল; বিভা মনে মনে কহিল, 'আহা, ইহার এমন দশা কেন? আমি অন্তঃপুরে গিয়া ইহাকে ডাকাইয়া পাঠাইব। যাহাতে ইহার দুঃখ মোচন হয়, তাহাই করিব।' সকলই তাহার আপনার বলিয়া মনে হইল। এ-রাজ্যে যে দুঃখ-দারিদ্র্য আছে, ইহা তাহার প্রাণে সহিল না। বিভার ইচ্ছা করিতে লাগিল, প্রজারা তাহার কাছে আসিয়া একবার তাহাকে মা বলিয়া ডাকে, তাহার কাছে নিজের নিজের দুঃখ নিবেদন করে ও সে সেই দুঃখ দূর করিয়া দেয়।

রাজধানীর নিকটবর্তী গ্রামে উদয়াদিত্য নৌকা লাগাইলেন। তিনি স্থির করিয়াছেন, রাজবাটীতে তাঁহাদের আগমন-বার্তা বলিয়া পাঠাইবেন ও তাহারা অভ্যর্থনা করিয়া তাঁহাদের লইয়া যাইবে। যখন নৌকা লাগাইলেন, তখন বিকাল হইয়া গিয়াছে। উদয়াদিত্য মনে করিলেন, কাল প্রাতে লোক পাঠানো যাইবে। বিভার মনের ইচ্ছা আজই সংবাদ দেওয়া হয়।

ষট্‌ত্রিংশ পরিচ্ছেদ

আজ লোকজনেরা ভারি ব্যস্ত । চারি দিকে বাজনা বাজিতেছে । গ্রামে যেন একটি উৎসব পড়িয়াছে । একে বিভার প্রাণে অধীর আনন্দ জাগিতেছে, তাহার 'পরে চারি দিকে বাজনার শব্দ শুনিয়া তাহার হৃদয় যেন উচ্ছ্বসিত হইয়া উঠিল । পাছে উদয়াদিত্যের কাছে তাহার এই অত্যধিক আনন্দ প্রকাশ হইয়া পড়ে, এইজন্য কত কষ্টে সে হাসি নিবারণ করিয়া রাখিয়াছে । উদয়াদিত্য নদীতীরে উৎসবের ভাব দেখিয়া কী হইতেছে জানিবার জন্য গ্রামে বেড়াইতে গেলেন ।

এমন কিছুক্ষণ গেল । একজন তীর হইতে জিজ্ঞাসা করিল, “কাহাদের নৌকা গা ?” নৌকা হইতে রাজবাটীর ভৃত্যেরা বলিয়া উঠিল, “কে ও ? রামমোহন যে ? আরে, এসো এসো ।” রামমোহন তাড়াতাড়ি নৌকায় প্রবেশ করিল । নৌকায় একলা বিভা বসিয়া আছে, রামমোহনকে দেখিয়া হর্ষে উচ্ছ্বসিত হইয়া কহিল, “মোহন !”

রামমোহন । মা ।

রামমোহন বিভার সেই সরল আনন্দে পরিপূর্ণ হাসিহাসি মুখখানি অনেকক্ষণ দেখিয়া ম্লানমুখে কহিল, “মা তুমি আসিলে ?”

বিভা তাড়াতাড়ি কহিল, “হাঁ, মোহন । মহারাজ কী ইহারই মধ্যে সংবাদ পাইয়াছেন ? তুই কি আমাকে লইতে আসিয়াছিস ।”

রামমোহন কহিল, “না মা, অত ব্যস্ত হইয়ো না । আজ থাক্, আর-একদিন লইয়া যাইব ।”

রামমোহনের ভাব দেখিয়া বিভা একেবারে মলিন হইয়া গিয়া কহিল, “কেন মোহন, আজ কেন যাইব না ।”

রামমোহন কহিল, “আজ সন্ধ্যা হইয়া গিয়াছে— আজ থাক্ মা ।”

বিভা নিতান্ত ভীত হইয়া কহিল, “সত্য করিয়া বল মোহন, কী হইয়াছে ?”

রামমোহন আর থাকিতে পারিল না । আত্মগোপন করা তাহার অভ্যাস নাই । সেইখানেই সে বসিয়া পড়িল, কাঁদিয়া কহিল, “মা জননী, আজ তোমার রাজ্যে তোমার স্থান নাই, তোমার রাজবাটিতে তোমার গৃহ নাই । আজ মহারাজ বিবাহ করিতেছেন ।”

বিভার মুখ একেবারে পাণ্ডুবর্ণ হইয়া গেল । তাহার হাত-পা হিম হইয়া গেল । রামমোহন কহিতে লাগিল, “মা, যখন তোর এই অধম সন্তান তোকে ডাকিতে গিয়াছিল, তখন তুই কেন আসিলি না মা ? তখন তুই নিষ্ঠুর পাষণী হইয়া আমাকে কেন ফিরাইয়া দিলি মা ? মহারাজের কাছে আমার যে আর মুখ রহিল না । বুক ফাটিয়া গেল, তবু যে তোর হইয়া একটি কথাও কহিতে পারিলাম না ।”

বিভা আর চোখে কিছু দেখিতে পাইল না, মাথা ঘুরিয়া সেখানে পড়িয়া গেল । রামমোহন তাড়াতাড়ি জল আনিয়া বিভার মুখে-চোখে ছিটা দিল । কিছুক্ষণ পরে বিভা উঠিয়া বসিল । এক আঘাতে বিভার সমস্ত জগৎ ভাঙিয়া গেছে । স্বামীর রাজ্যের মধ্যে আসিয়া রাজধানীর কাছে পৌঁছিয়া, রাজপুরীর দুয়ারে আসিয়া তৃষার্ত-হৃদয় বিভার সমস্ত সুখের আশা, মরীচিকার মতো মিলাইয়া গেল ।

বিভা আকুলভাবে কহিল, “মোহন, তিনি যে আমাকে ডাকিয়া পাঠাইলেন— আমার আসিতে কি বড়ো বিলম্ব হইয়াছে ।”

মোহন কহিল, “বিলম্ব হইয়াছে বৈকি ।”

বিভা অধীর হইয়া কহিল, “আর কি মার্জনা করিবেন না ?”

মোহন কহিল, “মার্জনা আর করিলেন কই ।”

বিভা কহিল, “মোহন, আমি কেবল একবার তাঁহাকে দেখিতে যাইব ।” বলিয়া উর্ধ্বশ্বাসে কাঁদিয়া উঠিল ।

রামমোহন চোখ মুছিয়া কহিল, “আজ থাক্-না, মা ।”

বিভা কহিল, “না মোহন, আমি আজই একবার তাঁহাকে দেখিয়া আসিব।”

রামমোহন কহিল, “যুবরাজ আগে গ্রাম হইতে ফিরিয়া আসুন।”

বিভা কহিল, “না মোহন, আমি এখনই একবার যাই।”

বিভা মনে করিয়াছিল, উদয়াদিত্য এ সংবাদ শুনিলে অপমানের ভয়ে পাছে না যাইতে দেন।

রামমোহন কহিল, “তবে একখানি শিবিকা আনাই।”

বিভা কহিল, “শিবিকা কেন? আমি কি রানী যে শিবিকা চাই। আমি একজন সামান্য প্রজার মতো, একজন ভিখারিনীর মতো যাইব, আমার শিবিকায় কাজ কী?”

রামমোহন কহিল, “আমার প্রাণ থাকিতে আমি তাহা দেখিতে পারিব না।”

বিভা কাতর স্বরে কহিল, “মোহন, তোর পায়ে পড়ি, আমাকে আর বাধা দিস্ নে, বিলম্ব হইয়া যাইতেছে।”

রামমোহন ব্যথিতহৃদয়ে কহিল, “আচ্ছা মা, তাহাই হউক।”

বিভা সামান্য রমণীর বেশে নৌকা হইতে বাহির হইল। নৌকার ভৃত্যেরা আসিয়া কহিল, “এ কী মা, এমন করিয়া এ বেশে কোথায় যাও!”

রামমোহন কহিল, “এ তো মায়েরই রাজ্য, যেখানে ইচ্ছা সেইখানেই যাইতে পারেন।”

ভৃত্যেরা আপত্তি করিতে লাগিল, রামমোহন তাহাদের ভাগাইয়া দিল।

সপ্তত্রিংশ পরিচ্ছেদ

চারি দিকে লোকজন, চারি দিকেই ভিড়। আগে হইলে বিভা সংকোচে মরিয়া যাইত, আজ কিছুই যেন তাহার চোখে পড়িতেছে না। যাহা কিছু দেখিতেছে সমস্ত যেন বিভার মিথ্যা বলিয়া মনে হইতেছে। চারি দিকে যেন একটা কোলাহলময় স্বপ্নের ঘেঁষাঘেঁষি— কিছুই যেন কিছু নয়। চারি দিকে একটা ভিড় চোখে পড়িতেছে এই পর্যন্ত, চারি দিক হইতে একটা কোলাহল শোনা যাইতেছে এই পর্যন্ত, তাহার যেন একটা কোনো অর্থ নাই।

ভিড়ের মধ্য দিয়া রাজপুরীর দ্বারের নিকট আসিতেই একজন দ্বারী সহসা বিভার হাত ধরিয়া বিভাকে নিবারণ করিল, তখন সহসা বিভা একমুহূর্তে বাহ্য জগতের মধ্যে আসিয়া পড়িল, চারি দিক দেখিতে পাইল, লজ্জায় মরিয়া গেল। তাহার ঘোমটা খুলিয়া গিয়াছিল, তাড়াতাড়ি মাথার ঘোমটা তুলিয়া দিল। রামমোহন আগে আগে যাইতেছিল, সে পশ্চাৎ ফিরিয়া দ্বারীর প্রতি চোখ পাকাইয়া দাঁড়াইল। অদূরে ফর্নাগিজ ছিল, সে আসিয়া দ্বারীকে ধরিয়া বিলক্ষণ শাসন করিল। বিভা প্রাসাদে প্রবেশ করিল। অন্যান্য দাসদাসীর ন্যায় বিভা প্রাসাদে প্রবেশ করিল, কেহ তাহাকে সমাদর করিল না।

ঘরে কেবল রাজা ও রমাই ভাঁড় বসিয়াছিলেন। বিভা গৃহে প্রবেশ করিয়া রাজার মুখের দিকে চাহিয়াই রাজার পায়ের কাছে ভূমিতে পড়িয়া গেল। রাজা শশব্যস্ত হইয়া দাঁড়াইয়া জিজ্ঞাসা করিলেন, “কে তুই? ভিখারিনী? ভিক্ষা চাহিতে আসিয়াছিস?”

বিভা নত মুখ তুলিয়া অশ্রুপূর্ণনেত্রে রাজার মুখের দিকে চাহিয়া কহিল, “না মহারাজ, আমার সর্বস্ব দান করিতে আসিয়াছি। আমি তোমাকে পরের হাতে সমর্পণ করিয়া বিদায় লইতে আসিয়াছি।”

রামমোহন থাকিতে পারিল না, কাছে আসিয়া কহিল, “মহারাজ, আপনার মহিষী— যশোহরের রাজকুমারী।”

সহসা রামচন্দ্র রায়ের প্রাণ যেন কেমন চমকিয়া উঠিল। কিন্তু তৎক্ষণাৎ রমাই ভাঁড় হাসিয়া রাজার দিকে কটাক্ষ করিয়া কঠোর কণ্ঠে কহিল, “কেন, এখন কি আর দাদাকে মনে ধরে না নাকি?”

রামচন্দ্র রায়ের হৃদয়ে করুণার আভাস জাগিয়া উঠিয়াছিল, তথাপি রমাইয়ের কথায় তিনি নিষ্ঠুর

রবীন্দ্র-রচনাবলী

হাস্য করিয়া উঠিলেন । তিনি ভাবিলেন, বিভাকে এখন মমতা দেখাইলে পাছে উপহাসাস্পদ হইতে হয় ।

বিভার মাথায় একেবারে সহস্র বজ্রাঘাত হইল, সে লজ্জায় একেবারে মরিয়া গেল । চোখ বুজিয়া মনে মনে কহিল, মা গো, বসুন্ধরা, তুমি দ্বিধা হও । কাতর হইয়া চারি দিকে চাহিল, রামমোহনের মুখের দিকে একবার অসহায় দৃষ্টিতে চাহিয়া দেখিল ।

রামমোহন ছুটিয়া আসিয়া সবলে রমাই ভাঁড়ের ঘাড় টিপিয়া ধরিয়া তাহাকে ঘর হইতে বাহির করিয়া দিল ।

রাজা ক্রুদ্ধ হইয়া কহিলেন, “রামমোহন, তুই আমার সম্মুখে বেয়াদবি করিস !”

রামমোহন কাঁপিতে কাঁপিতে কহিল, “মহারাজ, আমি বেয়াদবি করিলাম । তোমার মহিষীকে— আমার মা-ঠাকরুনকে বেটা অপমান করিল— উহার হইয়াছে কী, আমি উহার মাথা মুড়াইয়া ঘোল ঢালিয়া শহর হইতে বাহির করিয়া দিব, তবে আমার নাম রামমোহন ।”

রাজা রামমোহনকে ধমক দিয়া কহিলেন, “কে আমার মহিষী ? আমি উহাকে চিনি না ।”

বিভার মুখ নীল হইয়া গেল, সে মুখে আঁচল চাপিয়া ধরিল, থর থর করিয়া তাহার সর্বাঙ্গ কাঁপিতে লাগিল, অবশেষে কাঁপিতে কাঁপিতে বিভা মূর্ছিতা হইয়া ভূমিতে পড়িল । তখন রামমোহন জোড়হস্তে রাজাকে কহিল, “মহারাজ, আজ চারপুরুষে তোমার বংশে আমরা চাকরি করিয়া আসিতেছি । বাল্যকাল হইতে তোমাকে পালন করিয়াছি । আজ তুমি আমার মা-ঠাকরুনকে অপমান করিলে, তোমার রাজ্যলক্ষ্মীকে দূর করিয়া দিলে, আজ আমিও তোমার চাকরি ছাড়িয়া দিয়া চলিলাম । আমার মা-ঠাকরুনের সেবা করিয়া জীবন কাটাইব । শিক্ষা করিয়া খাইব, তবুও এ রাজবাটীর ছায়া মাড়াইব না ।” বলিয়া রামমোহন রাজাকে প্রণাম করিল ও বিভাকে কহিল, “আয় মা, আয় । এখান হইতে শীঘ্র চলিয়া আয় । আর এক মুহূর্তও এখানে থাকা নয় ।” বলিয়া বিভাকে ধরিয়া তুলিয়া আনিল । দ্বারের নিকট অনেকগুলি শিবিকা ছিল, তাহার মধ্যে একটিতে হতজ্ঞান অবসন্ন বিভাকে তুলিয়া নৌকায় ফিরিয়া আসিল ।

বিভা উদয়াদিত্যের সহিত কাশী চলিয়া গেল । সেইখানে দানধ্যান, দেবসেবা ও তাহার ভ্রাতার সেবায় জীবন কাটাইতে লাগিল । রামমোহন যতদিন বাঁচিয়া ছিল, তাহাদের সঙ্গে ছিল । সীতারামও সপরিবারে কাশীতে আসিয়া উদয়াদিত্যের আশ্রয় লইল ।

চন্দ্রদ্বীপের যে হাটের সম্মুখে বিভার নৌকা লাগিয়াছিল, অদ্যাপি তাহার নাম রহিয়াছে—

“বউ-ঠাকুরানীর হাট ।”

রাজর্ষি

সূচনা

রাজর্ষি সম্বন্ধে কিছু বলবার জন্যে অনুরোধ পেয়েছি। বলবার বিশেষ কিছু নেই। এর প্রধান বক্তব্য এই যে, এ আমার স্বপ্নলব্ধ উপন্যাস।

বালক পত্রের সম্পাদিকা আমাকে ঐ মাসিকের পাতে নিয়মিত পরিবেশনের কাজে লাগিয়ে দিয়েছিলেন। তার ফল হল এই যে, প্রায় একমাত্র আমিই হলুম তার ভোজের জোগানদার। একটু সময় পেলেই মনটা 'কী লিখি' 'কী লিখি' করতে থাকে।

রাজনারায়ণ বাবু ছিলেন দেওঘরে। তাঁকে দেখতে যাব বলে বেরনো গেল। রাত্রে গাড়ির আলোটা বিশ্রামের ব্যাঘাত করবে বলে তার নিচেকার আবরণটা টেনে দিলুম। অ্যাংলোইণ্ডিয়ান সহযাত্রীর মন তাতে প্রসন্ন হল না, ঢাকা খুলে দিলেন। জাগা অনিবার্য ভেবে একটা গল্পের প্লট মনে আনতে চেষ্টা করলুম। ঘুম এসে গেল। স্বপ্নে দেখলুম— একটা পাথরের মন্দির। ছোটো মেয়েকে নিয়ে বাপ এসেছেন পূজো দিতে। সাদাপাথরের সিঁড়ির উপর দিয়ে বলির রক্ত গড়িয়ে পড়ছে। দেখে মেয়েটির মুখে কী ভয়! কী বেদনা! বাপকে সে বার বার করুণস্বরে বলতে লাগল, বাবা, এত রক্ত কেন! বাপ কোনোমতে মেয়ের মুখ চাপা দিতে চায়, মেয়ে তখন নিজের আঁচল দিয়ে রক্ত মুছতে লাগল। জেগে উঠেই বললুম, গল্প পাওয়া গেল! এই স্বপ্নের বিবরণ 'জীবনস্মৃতি'তে পূর্বেই লিখেছি, পুনরুক্তি করতে হল। আসল গল্পটা ছিল প্রেমের অহিংস পূজার সঙ্গে হিংস্র শক্তিপূজার বিরোধ। কিন্তু মাসিক পত্রের পেটুক দাবি সাহিত্যের বৈধ ক্ষুধার মাপে পরিমিত হতে চায় না। ব্যঞ্জনের পদসংখ্যা বাড়িয়ে চলতে হল।

বস্তুত উপন্যাসটি সমাপ্ত হয়েছে পঞ্চদশ পরিচ্ছেদে। ফসল-খেতের যেখানে কিনারা সেদিকটাতে চাষ পড়ে নি, আগাছায় জঙ্গল হয়ে উঠেছে। সাময়িক পত্রের অবিবেচনায় প্রায়ই লেখনীর জাত নষ্ট হয়। বিশেষ যেখানে শিশু পাঠকই লক্ষ্য সেখানে বাজে বাচালতার সংকোচ থাকে না। অল্পবয়সের ছেলেদেরও সম্মান রাখার দরকার আছে, এ কথা শিশুসাহিত্য-লেখকেরা প্রায় ভোলেন। সাহিত্যরচনায় গুণী-লেখনীর সতর্কতা যদি না থাকে, যদি সে রচনা বিনা লজ্জায় অকিঞ্চিৎকর হয়ে ওঠে, তবে সেটা অস্বাস্থ্যকর হবেই, বিশেষত ছেলেদের পাকযন্ত্রের পক্ষে। দুধের বদলে পিঠুলি-গোলা যদি ব্যাবসার খাতিরে চালাতেই হয়, তবে সে ফাঁকি বরঞ্চ চালানো যেতে পারে বয়স্কদের পাত্র, তাতে তাঁদের রুচির পরীক্ষা হবে; কিন্তু ছেলেদের ভোগে নৈব নৈব চ।

শ্রাবণ ১৩৪৭

রাজর্ষি

প্রথম পরিচ্ছেদ

ভুবনেশ্বরী মন্দিরের পাথরের ঘাট গোমতী নদীতে গিয়া প্রবেশ করিয়াছে। ত্রিপুরার মহারাজা গোবিন্দমাণিক্য একদিন গ্রীষ্মকালের প্রভাতে স্নান করিতে আসিয়াছেন, সঙ্গে তাঁহার ভাই নক্ষত্ররায়ও আসিয়াছেন। এমন সময় একটি ছোটো মেয়ে তাহার ছোটো ভাইকে সঙ্গে করিয়া সেই ঘাটে আসিল। রাজার কাপড় টানিয়া জিজ্ঞাসা করিল, “তুমি কে?”

রাজা ঈষৎ হাসিয়া বলিলেন, “মা, আমি তোমার সন্তান।”

মেয়েটি বলিল, “আমাকে পূজার ফুল পাড়িয়া দাও-না।”

রাজা বলিলেন, “আচ্ছা, চলো।”

অনুচরণগণ অস্থির হইয়া উঠিল। তাহারা কহিল, “মহারাজ, আপনি কেন যাইবেন, আমরা পাড়িয়া দিতেছি।”

রাজা বলিলেন, “না, আমাকে যখন বলিয়াছে আমিই পাড়িয়া দিব।”

রাজা সেই মেয়েটির মুখের দিকে চাহিয়া দেখিলেন। সেদিনকার বিমল উষার সঙ্গে তাহার মুখের সাদৃশ্য ছিল। রাজার হাত ধরিয়া যখন সে মন্দিরসংলগ্ন ফুলবাগানে বেড়াইতেছিল, তখন চারি দিকের শুভ্র বেলফুলগুলির মতো তাহার ফুটফুটে মুখখানি হইতে যেন একটি বিমল সৌরভের ভাব উখিত হইয়া প্রভাতের কাননে ব্যাপ্ত হইতেছিল। ছোটো ভাইটি দিদির কাপড় ধরিয়া দিদির সঙ্গে সঙ্গে বেড়াইতেছিল। সে কেবল একমাত্র দিদিকেই জানে, রাজার সঙ্গে তাহার বড়ো একটা ভাব হইল না।

রাজা মেয়েটিকে জিজ্ঞাসা করিলেন, “তোমার নাম কী মা?”

মেয়ে বলিল, “হাসি।”

রাজা ছেলেটিকে জিজ্ঞাসা করিলেন, “তোমার নাম কী?”

ছেলেটি বড়ো বড়ো চোখ মেলিয়া দিদির মুখের দিকে চাহিয়া রহিল, কিছু উত্তর করিল না।

হাসি তাহার গায়ে হাত দিয়া কহিল, “বল্-না ভাই, আমার নাম তাতা।”

ছেলেটি তাহার অতি ছোটো দুইখানি ঠোঁট একটুখানি খুলিয়া গম্ভীরভাবে দিদির কথার প্রতিধ্বনির মতো বলিল, “আমার নাম তাতা।”

বলিয়া দিদির কাপড় আরো শক্ত করিয়া ধরিল।

হাসি রাজাকে বুঝাইয়া বলিল, “ও কিনা ছেলেমানুষ, তাই ওকে সকলে তাতা বলে।”

ছোটো ভাইটির দিকে মুখ ফিরাইয়া কহিল, “আচ্ছা, বল্ দেখি মন্দির।”

ছেলেটি দিদির মুখের দিকে চাহিয়া কহিল, “লদন্দ।”

হাসি হাসিয়া উঠিয়া কহিল, “তাতা মন্দির বলিতে পারে না, বলে লদন্দ।— আচ্ছা, বল্ দেখি কড়াই।”

ছেলেটি গম্ভীর হইয়া বলিল, “বলাই।”

হাসি আবার হাসিয়া উঠিয়া কহিল, “তাতা আমাদের কড়াই বলিতে পারে না, বলে বলাই।”

বলিয়া তাহাকে ধরিয়া চুমো খাইয়া খাইয়া অস্থির করিয়া দিল।

তাতা সহসা দিদির এত হাসি ও এত আদরের কোনোই কারণ খুঁজিয়া পাইল না, সে কেবল মস্ত চোখ মেলিয়া চাহিয়া রহিল। বাস্তবিকই মন্দির এবং কড়াই শব্দ উচ্চারণ সম্বন্ধে তাতার সম্পূর্ণ ক্রটি ছিল, ইহা অস্বীকার করা যায় না; তাতার বয়সে হাসি মন্দিরকে কথো লদন্দ বলিত না, সে

মন্দিরকে বলিত পালু, আর সে কড়াইকে বলাই বলিত কিনা জানি না কিন্তু কড়িকে বলিত ঘয়ি, সুতরাং তাতার এরূপ বিচিত্র উচ্চারণ শুনিয়া তাহার যে অত্যন্ত হাসি পাইবে, তাহাতে আর আশ্চর্য কী। তাতা সম্বন্ধে নানা ঘটনা সে রাজাকে বলিতে লাগিল। একবার একজন বুড়োমানুষ কম্বল জড়াইয়া আসিয়াছিল, তাতা তাহাকে ভাল্লুক বলিয়াছিল, এমনি তাতার মন্দবুদ্ধি। আর-একবার তাতা গাছের আতাফলগুলিকে পাখি মনে করিয়া মোটা মোটা ছোটো দুটি হাতে তালি দিয়া তাহাদিগকে উড়াইয়া দিবার চেষ্টা করিয়াছিল। তাতা যে হাসির চেয়ে অনেক ছেলেমানুষ, ইহা তাতার দিদি বিস্তর উদাহরণ-দ্বারা সম্পূর্ণরূপে প্রমাণ করিয়া দিল। তাতা নিজের বুদ্ধির পরিচয়ের কথা সম্পূর্ণ অবিচলিতচিত্তে শুনিতেন, যতটুকু বুদ্ধিতে পারিল তাহাতে ক্ষোভের কারণ কিছুই দেখিতে পাইল না। এইরূপে সেদিনকার সকালে ফুল তোলা শেষ হইল। ছোটো মেয়েটির আঁচল ভরিয়া যখন ফুল দিলেন তখন রাজার মনে হইল, যেন তাঁহার পূজা শেষ হইল; এই দুইটি সরল প্রাণের স্নেহের দৃশ্য দেখিয়া, এই পবিত্র হৃদয়ের আশ মিটাইয়া ফুল তুলিয়া দিয়া, তাঁহার যেন দেবপূজার কাজ হইল।

দ্বিতীয় পরিচ্ছেদ

তাহার পরদিন হইতে ঘুম ভাঙিলে সূর্য উঠিলেও রাজার প্রভাত হইত না, ছোটো দুটি ভাইবোনের মুখ দেখিলে তবে তাঁহার প্রভাত হইত। প্রতিদিন তাহাদিগকে ফুল তুলিয়া দিয়া তবে তিনি স্নান করিতেন; দুই ভাইবোনে ঘাটে বসিয়া তাঁহার স্নান দেখিত। যেদিন সকালে এই দুটি ছেলেমেয়ে না আসিত, সেদিন তাঁহার সন্ধ্যা-আহ্নিক যেন সম্পূর্ণ হইত না।

হাসি ও তাতার বাপ মা কেহ নাই। কেবল একটি কাকা আছে। কাকার নাম কেদারেশ্বর। এই দুটি ছেলেমেয়েই তাহার জীবনের একমাত্র সুখ ও সম্বল।

এক বৎসর কাটিয়া গেল। তাতা এখন মন্দির বলিতে পারে, কিন্তু এখনো কড়াই বলিতে বলাই বলে। অধিক কথা সে কয় না। গোমতী নদীর ধারে নাগকেশর গাছের তলায় পা ছড়াইয়া তাহার দিদি তাহাকে যে-কোনো গল্পই করিত, সে তাহাই ডাবাডাবা চোখে অবাক হইয়া শুনিত। সে গল্পের কোনো মাথামুণ্ড ছিল না; কিন্তু সে যে কী বুদ্ধিতে সেই জানে; গল্প শুনিয়া সেই গাছের তলায়, সেই সূর্যের আলোতে, সেই মুক্ত সমীরণে, একটি ছোটো ছেলের ছোটো হৃদয়টুকুতে যে কত কথা কত ছবি উঠিত তাহা আমরা কী জানি। তাতা আর-কোনো ছেলের সঙ্গে খেলা করিত না, কেবল তাহার দিদির সঙ্গে ছায়ার মতো বেড়াইত।

আষাঢ় মাস। সকাল হইতে ঘন মেঘ করিয়া রহিয়াছে। এখনো বৃষ্টি পড়ে নাই, কিন্তু বাদলা হইবার উপক্রম দেখা যাইতেছে। দূর দেশের বৃষ্টির কণা বহিয়া শীতল বাতাস বহিতেছে। গোমতী নদীর জলে এবং গোমতী নদীর উভয় পারের অরণ্যে অন্ধকার আকাশের ছায়া পড়িয়াছে। কাল রাত্রে অমাবস্যা ছিল, কাল ভুবনেশ্বরীর পূজা হইয়া গিয়াছে।

যথাসময়ে হাসি ও তাতার হাত ধরিয়া রাজা স্নান করিতে আসিয়াছেন। একটি রক্তশ্রোতের রেখা শ্বেত প্রস্তরের ঘাটের সোপান বাহিয়া জলে গিয়া শেষ হইয়াছে। কাল রাত্রে যে একশো-এক মহিষ বলি হইয়াছে তাহারই রক্ত।

হাসি সেই রক্তের রেখা দেখিয়া সহসা একপ্রকার সংকোচে সরিয়া গিয়া রাজাকে জিজ্ঞাসা করিল, “এ কিসের দাগ বাবা!”

রাজা বলিলেন, “রক্তের দাগ মা!”

সে কহিল, “এত রক্ত কেন!” এমন একপ্রকার কাতর স্বরে মেয়েটি জিজ্ঞাসা করিল ‘এত রক্ত কেন,’ যে, রাজারও হৃদয়ের মধ্যে ক্রমাগত এই প্রশ্ন উঠিতে লাগিল, ‘এত রক্ত কেন!’ তিনি সহসা শিহরিয়া উঠিলেন। বহুদিন ধরিয়া প্রতিবৎসর রক্তের শ্রোত দেখিয়া আসিতেছেন, একটি ছোটো মেয়ের প্রশ্ন শুনিয়া তাঁহার মনে উদ্ভিত হইতে লাগিল, ‘এত রক্ত কেন!’ তিনি উত্তর দিতে ভুলিয়া

গেলেন। অন্যমনে স্নান করিতে করিতে ঐ প্রশ্নই ভাবিতে লাগিলেন।

হাসি জলে আঁচল ভিজাইয়া সিঁড়িতে বসিয়া ধীরে ধীরে রক্তের রেখা মুছিতে লাগিল, তাহার দেখাদেখি ছোটো হাত দুটি দিয়া তাতাও তাহাই করিতে লাগিল। হাসির আঁচলখানি রক্তে লাল হইয়া গেল। রাজার যখন স্নান হইয়া গেল, তখন দুই ভাইবোনে মিলিয়া রক্তের দাগ মুছিয়া ফেলিয়াছে।

সেইদিন বাড়ি ফিরিয়া গিয়া হাসির জ্বর হইল। তাতা কাছে বসিয়া দুটি ছোটো আঙুলে দিদির মুদ্রিত চোখের পাতা খুলিয়া দিবার চেষ্টা করিয়া মাঝে মাঝে ডাকিতেছে, “দিদি!” দিদি অমনি সচকিতে একটুখানি জাগিয়া উঠিতেছে। “কী তাতা” বলিয়া তাহাকে কাছে টানিয়া লইতেছে; আবার তাহার চোখ ঢুলিয়া পড়িতেছে। তাতা অনেকক্ষণ ধরিয়া চুপ করিয়া দিদির মুখের দিকে চাহিয়া থাকে, কোনো কথাই বলে না। অবশেষে অনেকক্ষণ পরে ধীরে ধীরে দিদির গলা জড়াইয়া ধরিয়া দিদির মুখের কাছে মুখ দিয়া আস্তে আস্তে বলিল, “দিদি, তুই উঠবি নে?” হাসি চমকিয়া জাগিয়া তাতাকে বুকে চাপিয়া কহিল, “কেন উঠব না ধন!” কিন্তু দিদির উঠিবার আর সাধা নাই। তাতার ক্ষুদ্র হৃদয় যেন অত্যন্ত অন্ধকার হইয়া গেল। তাতার সমস্ত দিনের খেলাধুলা আনন্দের আশা একেবারে স্নান হইয়া গেল। আকাশ অত্যন্ত অন্ধকার, ঘরের চালের উপর ক্রমাগতই বৃষ্টির শব্দ শুনা যাইতেছে, প্রাঙ্গণের তেঁতুল গাছ জলে ভিজিতেছে, পথে পথিক নাই। কেদারেশ্বর একজন বৈদ্যকে সঙ্গে করিয়া আনিল। বৈদ্য নাড়ি টিপিয়া অবস্থা দেখিয়া ভালো বোধ করিল না।

তাহার পরদিন স্নান করিতে আসিয়া রাজা দেখিলেন, মন্দিরে দুইটি ভাইবোন তাঁহার অপেক্ষায় বসিয়া নাই। মনে করিলেন এই ঘোরতর বর্ষায় তাহারা আসিতে পারে নাই। স্নান-তর্পণ শেষ করিয়া শিবিকায় চড়িয়া বাহকদিগকে কেদারেশ্বরের কুটিরে যাইতে আঞ্জা দিলেন। অনুচরেরা সকলে আশ্চর্য হইয়া গেল, কিন্তু রাজাজ্ঞার উপরে আর কথা কহিতে পারিল না।

রাজার শিবিকা প্রাঙ্গণে গিয়া পৌঁছিলে কুটিরে অত্যন্ত গোলযোগ পড়িয়া গেল। সে গোলমালে রোগীর রোগের কথা সকলেই ভুলিয়া গেল! কেবল তাতা নড়িল না, সে অচেতন দিদির কোলের কাছে বসিয়া দিদির কাপড়ের এক প্রান্ত মুখের ভিতর পুরিয়া চুপ করিয়া চাহিয়া রহিল।

রাজাকে ঘরে আসিতে দেখিয়া তাতা জিজ্ঞাসা করিল, “কী হয়েছে?”

উদ্বিগ্নহৃদয় রাজা কিছুই উত্তর দিলেন না। তাতা ঘাড় নাড়িয়া নাড়িয়া আবার জিজ্ঞাসা করিল, “দিদির নেগেছে?”

খুড়ো কেদারেশ্বর কিছু বিরক্ত হইয়া উত্তর দিল, “হাঁ, লেগেছে।”

অমনি তাতা দিদির কাছে গিয়া দিদির মুখ তুলিয়া ধরিবার চেষ্টা করিয়া গলা জড়াইয়া জিজ্ঞাসা করিল, “দিদি, তোমার কোথায় নেগেছে?”

মনের অভিপ্রায় এই যে, সেই জায়গাটাতে ফুঁ দিয়া, হাত বুলাইয়া, দিদির সমস্ত বেদনা দূর করিয়া দিবে। কিন্তু যখন দিদি কোনো উত্তর দিল না তখন তাহার আর সহ্য হইল না— ছোটো দুইটি ঠোঁট উত্তরোত্তর ফুলিতে লাগিল, অভিমানে কাঁদিয়া উঠিল। কাল হইতে বসিয়া আছে, একটি কথা নাই কেন! তাতা কী করিয়াছে যে তাহার উপর এত অনাদর! রাজার সম্মুখে তাতার এইরূপ ব্যবহার দেখিয়া কেদারেশ্বর অত্যন্ত শশব্যস্ত হইয়া উঠিল। সে বিরক্ত হইয়া তাতার হাত ধরিয়া অন্য ঘরে টানিয়া লইয়া গেল। তবুও দিদি কিছু বলিল না!

রাজবৈদ্য আসিয়া সন্দেহ প্রকাশ করিয়া গেল। রাজা সন্ধ্যাবেলায় আবার হাসিকে দেখিতে আসিলেন। তখন বালিকা প্রলাপ বকিতেছে। বলিতেছে, “মাগো, এত রক্ত কেন!”

রাজা কহিলেন, “মা, এ রক্তশ্রোত আমি নিবারণ করিব।”

বালিকা বলিল, “আয় ভাই তাতা, আমরা দুজনে এ রক্ত মুছে ফেলি।”

রাজা কহিলেন, “আয় মা, আমিও মুছি।”

সন্ধ্যার কিছু পরেই হাসি একবার চোখ খুলিয়াছিল। একবার চারি দিকে চাহিয়া কাহাকে যেন খুঁজিল। তখন তাতা অন্য ঘরে কাঁদিয়া কাঁদিয়া ঘুমাইয়া পড়িয়াছে। কাহাকে যেন না দেখিতে পাইয়া

হাসি চোখ বুজিল । চক্ষু আর খুলিল না । রাত্রি দ্বিপ্রহরের সময় রাজার কোলে হাসির মৃত্যু হইল ।
হাসিকে যখন চিরদিনের জন্য কুটির হইতে লইয়া গেল, তখন তাতা অজ্ঞান হইয়া ঘুমাইতেছিল ।
সে যদি জানিতে পাইত, তবে সেও বুঝি দিদির সঙ্গে সঙ্গে ছোটো ছায়াটির মতো চলিয়া যাইত ।

তৃতীয় পরিচ্ছেদ

রাজার সভা বসিয়াছে । ভুবনেশ্বরী-দেবী-মন্দিরের পুরোহিত কার্যবশত রাজদর্শনে আসিয়াছেন ।
পুরোহিতের নাম রঘুপতি । এ দেশে পুরোহিতকে চোস্তাই বলিয়া থাকে । ভুবনেশ্বরী দেবীর পূজার
চৌদ্দ দিন পরে গভীর রাত্রে চতুর্দশ দেবতার এক পূজা হয় । এই পূজার সময় এক দিন দুই রাত্রি কেহ
ঘরের বাহির হইতে পারে না, রাজাও না । রাজা যদি বাহির হন, তবে চোস্তাইয়ের নিকটে তাঁহাকে
অর্থদণ্ড দিতে হয় । প্রবাদ আছে, এই পূজার রাত্রে মন্দিরে নরবলি হয় । এই পূজা উপলক্ষে সর্বপ্রথমে
যে-সকল পশুবলি হয়, তাহা রাজবাড়ির দান বলিয়া গৃহীত হয় । এই বলির পশু গ্রহণ করিবার জন্য
চোস্তাই রাজসমীপে আসিয়াছেন । পূজার আর বারো দিন বাকি আছে ।

রাজা বলিলেন, “এ বৎসর হইতে মন্দিরে জীববলি আর হইবে না ।”

সভাসুদ্ধ লোক অবাক হইয়া গেল । রাজভ্রাতা নক্ষত্রায়ের মাথার চুল পর্যন্ত দাঁড়াইয়া উঠিল ।
চোস্তাই রঘুপতি বলিলেন, “আমি এ কি স্বপ্ন দেখিতেছি !”

রাজা বলিলেন, “না ঠাকুর, এতদিন আমরা স্বপ্ন দেখিতেছিলাম, আজ আমাদের চেতনা হইয়াছে ।
একটি বালিকার মূর্তি ধরিয়া মা আমাকে দেখা দিয়াছিলেন । তিনি বলিয়া গিয়াছেন, করুণাময়ী জননী
হইয়া মা তাঁহার জীবের রক্ত আর দেখিতে পারেন না ।”

রঘুপতি কহিলেন, “মা তবে এতদিন ধরিয়া জীবের রক্ত পান করিয়া আসিতেছেন কী করিয়া ?”

রাজা কহিলেন, “না, পান করেন নাই । তোমরা যখন রক্তপাত করিতে তখন তিনি মুখ ফিরাইয়া
থাকিতেন ।”

রঘুপতি বলিলেন, “মহারাজ, রাজকার্য আপনি ভালো বুঝেন সন্দেহ নাই, কিন্তু পূজা সম্বন্ধে আপনি
কিছুই জানেন না । দেবীর যদি কিছুতে অসন্তোষ হইত, আমিই আগে জানিতে পারিতাম ।”

নক্ষত্রায় অত্যন্ত বুদ্ধিমানের মতো ঘাড় নাড়িয়া কহিলেন, “হাঁ, এ ঠিক কথা । দেবীর যদি কিছুতে
অসন্তোষ হইত, ঠাকুরমহাশয়ই আগে জানিতে পাইতেন ।”

রাজা বলিলেন, “হৃদয় যার কঠিন হইয়া গিয়াছে, দেবীর কথা সে শুনিতো পায় না ।”

নক্ষত্রায় পুরোহিতের মুখের দিকে চাহিলেন— ভাবটা এই যে, এ কথার একটা উত্তর দেওয়া
আবশ্যিক । রঘুপতি আগুন হইয়া উঠিয়া বলিলেন, “মহারাজ, আপনি পাষণ্ড নাস্তিকের মতো কথা
কহিতেছেন ।”

নক্ষত্রায় মৃদু প্রতিধ্বনির মতো বলিলেন, “হাঁ, নাস্তিকের মতো কথা কহিতেছেন ।”

গোবিন্দমাণিক্য উদ্দীপ্তমূর্তি পুরোহিতের মুখের দিকে চাহিয়া বলিলেন, “ঠাকুর, রাজসভায় বসিয়া
আপনি মিথ্যা সময় নষ্ট করিতেছেন । মন্দিরের কাজ বহিয়া যাইতেছে, আপনি মন্দিরে যান । যাইবার
সময় পথে প্রচার করিয়া দিবেন যে, আমার রাজ্যে যে ব্যক্তি দেবতার নিকট জীববলি দিবে তাহার
নির্বাসনদণ্ড হইবে ।”

তখন রঘুপতি কাঁপিতে কাঁপিতে উঠিয়া দাঁড়াইয়া পইতা স্পর্শ করিয়া বলিলেন, “তবে তুমি উচ্ছন্ন
যাও !”

চারি দিক হইতে হাঁ-হাঁ করিয়া সভাসদগণ পুরোহিতের উপর গিয়া পড়িলেন । রাজা ইঙ্গিতে
সকলকে নিষেধ করিলেন, সকলে সরিয়া দাঁড়াইলেন । রঘুপতি বলিতে লাগিলেন, “তুমি রাজা, তুমি
ইচ্ছা করিলে প্রজার সর্বস্ব হরণ করিতে পারো, তাই বলিয়া তুমি মায়ের বলি হরণ করিবে ! বটে ! কী
তোমার সাধ্য ! আমি রঘুপতি মায়ের সেবক থাকিতে কেমন তুমি পূজার ব্যাঘাত কর দেখিব ।”

মন্ত্রী রাজার স্বভাব বিলক্ষণ অবগত আছেন। তিনি জানেন সংকল্প হইতে রাজাকে শীঘ্র বিচলিত করা যায় না। তিনি ধীরে ধীরে সভয়ে কহিলেন, “মহারাজ, আপনার স্বর্গীয় পিতৃপুরুষগণ বরাবর দেবীর নিকটে নিয়মিত বলি দিয়া আসিতেছেন। কখনো একদিনের জন্য ইহার অন্যথা হয় নাই।”

মন্ত্রী থামিলেন।

রাজা চুপ করিয়া রহিলেন। মন্ত্রী বলিলেন, “আজ এতদিন পরে আপনার পিতৃপুরুষদের প্রতিষ্ঠিত সেই প্রাচীন পূজার ব্যাঘাত সাধন করিলে স্বর্গে তাঁহারা অসন্তুষ্ট হইবেন।”

মহারাজ ভাবিতে লাগিলেন। নক্ষত্রায় বিজ্ঞতাসহকারে বলিলেন, “হাঁ, স্বর্গে তাঁহারা অসন্তুষ্ট হইবেন।”

মন্ত্রী আবার বলিলেন, “মহারাজ, এক কাজ করুন, যেখানে সহস্র বলি হইয়া থাকে সেখানে একশত বলির আদেশ করুন।”

সভাসদেরা বজ্রাহতের মতো অবাক হইয়া রহিল, গোবিন্দমাণিক্যও বসিয়া ভাবিতে লাগিলেন। ক্রুদ্ধ পুরোহিত অধীর হইয়া সভা হইতে উঠিয়া যাইতে উদ্যত হইলেন।

এমন সময়ে কেমন করিয়া গ্রহরীদের হাত এড়াইয়া খালি-গায়ে খালি-পায়ে একটি ছোটো ছেলে সভায় প্রবেশ করিল। রাজসভার মাঝখানে দাঁড়াইয়া রাজার মুখের দিকে বড়ো বড়ো চোখ তুলিয়া জিজ্ঞাসা করিল, “দিদি কোথায়?”

বৃহৎ রাজসভার সমস্ত যেন সহসা নিস্তব্ধ হইয়া গেল। দীর্ঘ গৃহে কেবল একটি ছেলের কণ্ঠধ্বনি প্রতিধ্বনিত হইয়া উঠিল ‘দিদি কোথায়’।

রাজা তৎক্ষণাৎ সিংহাসন হইতে নামিয়া ছেলেকে কোলে করিয়া দৃঢ়স্বরে মন্ত্রীকে বলিলেন, “আজ হইতে আমার রাজ্যে বলিদান হইতে পারিবে না। ইহার উপর আর কথা কহিও না।”

মন্ত্রী কহিলেন, “যে আঞ্জা।”

তাতা রাজাকে জিজ্ঞাসা করিল, “দিদি কোথায়?”

রাজা বলিলেন, “মায়ের কাছে।”

তাতা অনেকক্ষণ মুখে আঙুল দিয়া চুপ করিয়া রহিল, একটা যেন ঠিকানা পাইল এমনি তাহার মনে হইল। আজ হইতে রাজা তাতাকে নিজের কাছে রাখিলেন। খুড়ো কেদারেশ্বর রাজবাড়িতে স্থান পাইল।

সভাসদেরা আপনা-আপনি বলাবলি করিতে লাগিল, “এ যে মগের মুল্লুক হইয়া দাঁড়াইল। আমরা তো জানি বৌদ্ধ মগেরাই রক্তপাত করে না, অবশেষে আমাদের হিন্দুদের দেশেও কি সেই নিয়ম চলিবে নাকি!”

নক্ষত্রায়ও তাহাদের মতে সম্পূর্ণ মত দিয়া কহিলেন, “হাঁ, শেষে হিন্দুদের দেশেও কি সেই নিয়ম চলিবে নাকি!”

সকলেই ভাবিল, অবনতির লক্ষণ ইহা হইতে আর কী হইতে পারে! মগে হিন্দুতে তফাত রহিল কী!

চতুর্থ পরিচ্ছেদ

ভুবনেশ্বরী-দেবী-মন্দিরের ভৃত্য জয়সিংহ জাতিতে রাজপুত, ক্ষত্রিয়। তাঁহার বাপ সুচেতসিংহ ত্রিপুরার রাজবাড়ীর একজন পুরাতন ভৃত্য ছিলেন। সুচেতসিংহের মৃত্যুকালে জয়সিংহ নিতান্ত বালক ছিলেন। এই অনাথ বালককে রাজা মন্দিরের কাজে নিযুক্ত করেন। জয়সিংহ মন্দিরের পুরোহিত রঘুপতির দ্বারাই পালিত ও শিক্ষিত হইয়াছেন। ছেলেবেলা হইতে মন্দিরে পালিত হইয়া জয়সিংহ মন্দিরকে গৃহের মতো ভালোবাসিতেন, মন্দিরের প্রত্যেক সোপান প্রত্যেক প্রস্তরখণ্ডের সহিত তাঁহার পরিচয় ছিল। তাঁহার মা ছিলেন না, ভুবনেশ্বরী প্রতিমাকেই তিনি মায়ের মতো দেখিতেন, প্রতিমার

সম্মুখে বসিয়া তিনি কথা কহিতেন, তাঁহার একলা বোধ হইত না। তাঁহার আরো সঙ্গী ছিল। মন্দিরের বাগানের অনেকগুলি গাছকে তিনি নিজের হাতে মানুষ করিয়াছেন। তাঁহার চারি দিকে প্রতিদিন তাঁহার গাছগুলি বাড়িতেছে, লতাগুলি জড়াইতেছে, শাখা পুষ্পিত হইতেছে, ছায়া বিস্তৃত হইতেছে, শ্যামল বল্লরীর পল্লবস্তুবকে যৌবনগর্বে নিকুঞ্জ পরিপূর্ণ হইয়া উঠিতেছে। কিন্তু জয়সিংহের এ-সকল প্রাণের কথা, ভালোবাসার কথা, বড়ো কেহ একটা জানিত না; তাঁহার বিপুল বল ও সাহসের জন্যই তিনি বিখ্যাত ছিলেন।

মন্দিরের কাজকর্ম শেষ করিয়া জয়সিংহ তাঁহার কুটিরের দ্বারে বসিয়া আছেন। সম্মুখে মন্দিরের কানন। বিকাল হইয়া আসিয়াছে। অত্যন্ত ঘন মেঘ করিয়া বৃষ্টি হইতেছে। নববর্ষার জলে জয়সিংহের গাছগুলি স্নান করিতেছে, বৃষ্টিবিন্দুর নৃত্যে পাতায় পাতায় উৎসব পড়িয়া গিয়াছে, বর্ষাজলের ছোটো ছোটো শত শত প্রবাহ ঘোলা হইয়া, কলকল করিয়া গোমতী নদীতে গিয়া পড়িতেছে— জয়সিংহ পরমানন্দে তাঁহার কাননের দিকে চাহিয়া চুপ করিয়া বসিয়া আছেন। চারি দিকে মেঘের স্নিগ্ধ অঙ্ককার, বনের ছায়া, ঘনপল্লবের শ্যামশ্রী, ভেকের কোলাহল, বৃষ্টির অবিশ্রাম ঝর্ঝর্ শব্দ— কাননের মধ্যে এইরূপ নববর্ষার ঘোরঘটা দেখিয়া তাঁহার প্রাণ জুড়াইয়া যাইতেছে।

ভিজিতে ভিজিতে রঘুপতি আসিয়া উপস্থিত হইলেন। জয়সিংহ তাড়াতাড়ি উঠিয়া পা ধুইবার জল ও শুকনো কাপড় আনিয়া দিলেন।

রঘুপতি বিরক্ত হইয়া বলিলেন, “তোমাকে কাপড় আনিতে কে বলিল?”

বলিয়া কাপড়গুলো লইয়া ঘরের মধ্যে ফেলিয়া দিলেন।

জয়সিংহ পা ধুইবার জল লইয়া অগ্রসর হইলেন। রঘুপতি বিরক্তির স্বরে কহিলেন, “থাক থাক, তোমার ও জল রাখিয়া দাও।”

বলিয়া পা দিয়া জলের ঘটি ঠেলিয়া ফেলিলেন।

জয়সিংহ সহসা একরূপ ব্যবহারের কারণ বুঝিতে না পারিয়া অবাক হইলেন— কাপড় ভূমি হইতে তুলিয়া যথাস্থানে রাখিতে উদ্যত হইলেন— রঘুপতি পুনশ্চ বিরক্তভাবে কহিলেন, “থাক থাক, ও কাপড়ে তোমার হাত দিতে হইবে না।”

বলিয়া নিজে গিয়া কাপড় ছাড়িয়া আসিলেন। জল লইয়া পা ধুইলেন।

জয়সিংহ ধীরে ধীরে কহিলেন, “প্রভু, আমি কি কোনো অপরাধ করিয়াছি?”

রঘুপতি কিঞ্চিৎ উগ্রস্বরে কহিলেন, “কে বলিতেছে যে তুমি অপরাধ করিয়াছ?”

জয়সিংহ ব্যথিত হইয়া চুপ করিয়া বসিয়া রহিলেন।

রঘুপতি অস্থিরভাবে কুটিরের দাওয়ায় বেড়াইতে লাগিলেন। এইরূপে রাত্রি অনেক হইল। ক্রমাগত বৃষ্টি পড়িতে লাগিল। অবশেষে রঘুপতি জয়সিংহের পিঠে হাত দিয়া কোমলস্বরে কহিলেন, “বৎস, শয়ন করিতে যাও, রাত্রি অনেক হইল।”

জয়সিংহ রঘুপতির স্নেহের স্বরে বিচলিত হইয়া কহিলেন, “প্রভু আগে শয়ন করিতে যান, তার পরে আমি যাইব।”

রঘুপতি কহিলেন, “আমার বিলম্ব আছে। দেখো পুত্র, তোমার প্রতি আমি আজ কঠোর ব্যবহার করিয়াছি, কিছু মনে করিয়ো না। আমার মন ভালো ছিল না। সবিশেষ বৃত্তান্ত তোমাকে কাল প্রভাতে বলিব। আজ তুমি শয়ন করোগে।”

জয়সিংহ কহিলেন, “যে আজ্ঞে।”

বলিয়া শয়ন করিতে গেলেন। রঘুপতি সমস্ত রাত বেড়াইতে লাগিলেন।

প্রভাতে জয়সিংহ গুরুকে প্রণাম করিয়া দাঁড়াইলেন। রঘুপতি কহিলেন, “জয়সিংহ, মায়ের বলি বন্ধ হইয়াছে।”

জয়সিংহ বিস্মিত হইয়া কহিলেন, “সেকি কথা প্রভু!”

রঘুপতি । রাজার এইরূপ আদেশ ।

জয়সিংহ । কোন্ রাজার ?

রঘুপতি বিরক্ত হইয়া কহিলেন, “এখানে রাজা আবার কয় গণ্ডা আছে ? মহারাজ গোবিন্দমাণিক্য আদেশ করিয়াছেন, মন্দিরে জীববলি হইতে পারিবে না ।”

জয়সিংহ । নরবলি ?

রঘুপতি । আঃ, কী উৎপাত ! আমি বলিতেছি জীববলি, তুমি শুনিতেছ নরবলি ।

জয়সিংহ । কোনো জীববলিই হইতে পারিবে না ?

রঘুপতি । না ।

জয়সিংহ । মহারাজ গোবিন্দমাণিক্য এইরূপ আদেশ করিয়াছেন ?

রঘুপতি । হাঁ গো, এক কথা কতবার বলিব ?

জয়সিংহ অনেকক্ষণ কিছুই বলিলেন না, কেবল আপন মনে বলিতে লাগিলেন, ‘মহারাজ গোবিন্দমাণিক্য !’ গোবিন্দমাণিক্যকে জয়সিংহ ছেলেবেলা হইতে দেবতা বলিয়া জানিতেন । আকাশের পূর্ণচন্দ্রের প্রতি শিশুদের যেমন একপ্রকার আসক্তি আছে, গোবিন্দমাণিক্যের প্রতি জয়সিংহের সেইরূপ মনের ভাব ছিল । গোবিন্দমাণিক্যের প্রশান্ত সুন্দর মুখ দেখিয়া জয়সিংহ প্রাণ বিসর্জন করিতে পারিতেন ।

রঘুপতি কহিলেন, “ইহার একটা তো প্রতিবিধান করিতে হইবে ।”

জয়সিংহ কহিলেন, “তা অবশ্য । আমি মহারাজের কাছে যাই, তাঁহাকে মিনতি করিয়া বলি—”

রঘুপতি । সে চেষ্টা বৃথা ।

জয়সিংহ । তবে কী করিতে হইবে ?

রঘুপতি ক্রিয়ৎক্ষণ ভাবিয়া বলিলেন, “সে কাল বলিব । কাল তুমি প্রভাতে কুমার নক্ষত্ররায়ের নিকটে গিয়া তাঁহাকে গোপনে আমার সহিত সাক্ষাৎ করিতে অনুরোধ করিবে ।”

পঞ্চম পরিচ্ছেদ

প্রভাতে নক্ষত্ররায় আসিয়া রঘুপতিকে প্রণাম করিয়া জিজ্ঞাসা করিলেন, “ঠাকুর, কী আদেশ করেন ?”

রঘুপতি কহিলেন, “তোমার প্রতি মায়ের আদেশ আছে । আগে মাকে প্রণাম করিবে চলো ।”

উভয়ে মন্দিরে গেলেন । জয়সিংহও সঙ্গে সঙ্গে গেলেন । নক্ষত্ররায় ভুবনেশ্বরী-প্রতিমার সম্মুখে সাষ্টাঙ্গ প্রণিপাত করিলেন ।

রঘুপতি নক্ষত্ররায়কে কহিলেন, “কুমার, তুমি রাজা হইবে ।”

নক্ষত্ররায় কহিলেন, “আমি রাজা হইব ? ঠাকুরমশায় যে কী বলেন তার ঠিক নাই ।”

বলিয়া নক্ষত্ররায় অত্যন্ত হাসিতে লাগিলেন ।

রঘুপতি কহিলেন, “আমি বলিতেছি তুমি রাজা হইবে ।”

নক্ষত্ররায় কহিলেন, “আপনি বলিতেছেন আমি রাজা হইব ?”

বলিয়া রঘুপতির মুখের দিকে তাকাইয়া রহিলেন ।

রঘুপতি কহিলেন, “আমি কি মিথ্যা কথা বলিতেছি ?”

নক্ষত্ররায় কহিলেন, “আপনি কি মিথ্যা কথা বলিতেছেন? সে কেমন করিয়া হইবে ? দেখুন ঠাকুরমশায়, আমি কাল ব্যাঙের স্বপ্ন দেখিয়াছি । আচ্ছা, ব্যাঙের স্বপ্ন দেখিলে কী হয় বলুন দেখি ।”

রঘুপতি হাস্য সম্বরণ করিয়া কহিলেন, “কেমনতরো ব্যাঙ বলো দেখি । তাহার মাথায় দাগ আছে তো ?”

নক্ষত্ররায় সগর্বে কহিলেন, “তাহার মাথায় দাগ আছে বৈকি । দাগ না থাকিলে চলিবে কেন !”

রঘুপতি কহিলেন, “বটে ! তবে তো তোমার রাজটিকা লাভ হইবে।”

নক্ষত্ররায় কহিলেন, “তবে আমার রাজটিকা লাভ হইবে ! আপনি বলিতেছেন আমার রাজটিকা লাভ হইবে ? আর যদি না হয় ?”

রঘুপতি কহিলেন, “আমার কথা ব্যর্থ হইবে ? বল কী !”

নক্ষত্ররায় কহিলেন, “না, না, সে কথা হইতেছে না। আপনি কিনা বলিতেছেন আমার রাজটিকা লাভ হইবে, মনে করুন যদিই না হয়। দৈবাৎ কি এমন হয় না যে—”

রঘুপতি কহিলেন, “না না, ইহার অন্যথা হইবে না।”

নক্ষত্ররায়। ইহার অন্যথা হইবে না। আপনি বলিতেছেন, ইহার অন্যথা হইবে না। দেখুন ঠাকুরমশায়, আমি রাজা হইলে আপনাকে মন্ত্রী করিব।

রঘুপতি। মন্ত্রীর পদে আমি পদাঘাত করি।

নক্ষত্ররায় অত্যন্ত উদারভাবে কহিলেন, “আচ্ছা, জয়সিংহকে মন্ত্রী করিব।”

রঘুপতি কহিলেন, “সে কথা পরে হইবে। রাজা হইবার আগে কী করিতে হইবে সেটা শোনো আগে। মা রাজরক্ত দেখিতে চান, স্বপ্নে আমার প্রতি এই আদেশ হইয়াছে।”

নক্ষত্ররায় কহিলেন, “মা রাজরক্ত দেখিতে চান, স্বপ্নে আপনার প্রতি এই আদেশ হইয়াছে। এ তো বেশ কথা।”

রঘুপতি কহিলেন, “তোমাকে গোবিন্দমাণিক্যের রক্ত আনিতে হইবে।”

নক্ষত্ররায় খানিকটা হাঁ করিয়া রহিলেন। এ কথাটা তত ‘বেশ’ বলিয়া মনে হইল না।

রঘুপতি তীব্রস্বরে কহিলেন, “সহসা ভ্রাতৃস্নেহের উদয় হইল নাকি ?”

নক্ষত্ররায় কাষ্ঠহাসি হাসিয়া বলিলেন, “হাঃ হাঃ, ভ্রাতৃস্নেহ ! ঠাকুরমশায় বেশ বলিলেন যা হোক, ভ্রাতৃস্নেহ !”

এমন মজার কথা, এমন হাসিবার কথা যেন আর হয় না। ভ্রাতৃস্নেহ ! কী লজ্জার বিষয় ! কিন্তু অন্তর্যামী জানেন, নক্ষত্ররায়ের প্রাণের ভিতরে ভ্রাতৃস্নেহ জাগিতেছে, তাহা হাসিয়া উড়াইবার জো নাই।”

রঘুপতি কহিলেন, “তা হইলে কী করিবে বলো।”

নক্ষত্ররায় কহিলেন, “কী করিব বলুন !”

রঘুপতি। কথাটা ভালো করিয়া শোনো। তোমাকে গোবিন্দমাণিক্যের রক্ত মায়ের দর্শনার্থ আনিতে হইবে।

নক্ষত্ররায় মস্তের মতো বলিয়া গেলেন, “গোবিন্দমাণিক্যের রক্ত মায়ের দর্শনার্থ আনিতে হইবে।”

রঘুপতি নিতান্ত ঘৃণার সহিত বলিয়া উঠিলেন, “নাঃ, তোমার দ্বারা কিছু হইবে না।”

নক্ষত্ররায় কহিলেন, “কেন হইবে না ? যাহা বলিবেন তাহাই হইবে। আপনি তো আদেশ করিতেছেন ?”

রঘুপতি। হাঁ, আমি আদেশ করিতেছি।

নক্ষত্ররায়। কী আদেশ করিতেছেন ?

রঘুপতি বিরক্ত হইয়া কহিলেন, “মায়ের ইচ্ছা, তিনি রাজরক্ত দর্শন করিবেন। তুমি গোবিন্দমাণিক্যের রক্ত দেখাইয়া তাঁহার ইচ্ছা পূর্ণ করিবে, এই আমার আদেশ।”

নক্ষত্ররায়। আমি আজই গিয়া ফতে খাঁকে এই কাজে নিযুক্ত করিব।

রঘুপতি। না না, আর কোনো লোককে ইহার বিন্দুবিসর্গ জানাইয়ো না। কেবল জয়সিংহকে তোমার সাহায্যে নিযুক্ত করিব। কাল প্রাতে আসিয়ো, কী উপায়ে এ কার্য সাধন করিতে হইবে কাল বলিব।”

নক্ষত্ররায় রঘুপতির হাত এড়াইয়া ঝাঁচিলেন। যত শীঘ্র পারিলেন বাহির হইয়া গেলেন।

ষষ্ঠ পরিচ্ছেদ

নক্ষত্ররায় চলিয়া গেলে জয়সিংহ কহিলেন, “গুরুদেব, এমন ভয়ানক কথা কখনো শুনি নাই। আপনি মায়ের সম্মুখে মায়ের নাম করিয়া ভাইকে দিয়া ভ্রাতৃহত্যার প্রস্তাব করিলেন, আর আমাকে তাই দাঁড়াইয়া শুনিতে হইল!”

রঘুপতি বলিলেন, “আর কী উপায় আছে বলা।”

জয়সিংহ কহিলেন, “উপায়! কিসের উপায়!”

রঘুপতি। তুমিও যে নক্ষত্ররায়ের মতো হইলে দেখিতেছি। এতক্ষণ তবে কী শুনিলে?

জয়সিংহ। যাহা শুনিলাম তাহা শুনিবার যোগ্য নহে, তাহা শুনিলে পাপ আছে।

রঘুপতি। পাপপুণ্যের তুমি কী বুঝ?

জয়সিংহ। এতকাল আপনার কাছে শিক্ষা পাইলাম, পাপপুণ্যের কিছুই বুঝি না কি?

রঘুপতি। শোনো বৎস, তোমাকে তবে আর-এক শিক্ষা দিই। পাপপুণ্য কিছুই নাই। কেই বা পিতা, কেই বা ভ্রাতা, কেই বা কে? হত্যা যদি পাপ হয় তো সকল হত্যাই সমান। কিন্তু কে বলে হত্যা পাপ? হত্যা তো প্রতিদিনই হইতেছে। কেহ বা মাথায় একখণ্ড পাথর পড়িয়া হত হইতেছে, কেহ বা বন্যায় ভাসিয়া গিয়া হত হইতেছে, কেহ বা মড়কের মুখে পড়িয়া হত হইতেছে, কেহ বা মনুষ্যের ছুরিকাঘাতে হত হইতেছে। কত পিপীলিকা আমরা প্রত্যহ পদতলে দলন করিয়া যাইতেছি, আমরা তাহাদের অপেক্ষা এমনই কি বড়ো? এই-সকল ক্ষুদ্র প্রাণীদের জীবন-মৃত্যু খেলা বৈ তো নয়, মহাশক্তির মায়া বৈ তো নয়। কালরূপিনী মহামায়ার নিকটে প্রতিদিন এমন কত লক্ষকোটি প্রাণীর বলিদান হইতেছে— জগতের চতুর্দিক হইতে জীবশোণিতের শ্রোত ঠাঁহার মহাখর্পরে আসিয়া গড়াইয়া পড়িতেছে। আমিই নাহয় সেই শ্রোতে আর-একটি কণা যোগ করিয়া দিলাম। ঠাঁহার বলি তিনিই এক কালে গ্রহণ করিতেন, আমি নাহয় মাঝখানে থাকিয়া উপলক্ষ হইলাম।

তখন জয়সিংহ প্রতিমার দিকে ফিরিয়া কহিতে লাগিলেন, “এইজনাই কি তোকে সকলে মা বলে মা! তুই এমন পাষণী! রাক্ষসী, সমস্ত জগৎ হইতে রক্ত নিষ্পেষণ করিয়া লইয়া উদরে পুরিবার জন্য তুই ঐ লোল জিহ্বা বাহির করিয়াছিস। স্নেহ প্রেম মমতা সৌন্দর্য ধর্ম সমস্তই মিথ্যা, সত্য কেবল তোর ঐ অনন্ত রক্ততৃষা! তোরই উদর-পূরণের জন্য মানুষ মানুষের গলায় ছুরি বসাইবে, ভাই ভাইকে খুন করিবে, পিতাপুত্র কাটাকাটি করিবে! নিষ্ঠুর, সত্যসত্যই এই যদি তোর ইচ্ছা তবে মেঘ রক্তবর্ষণ করে না কেন, করুণাস্বরূপিনী নদী রক্তশ্রোত লইয়া রক্তসমুদ্রে গিয়া পড়ে না কেন? না, না, মা, তুই প্রকাশ করিয়া বল— এ শিক্ষা মিথ্যা, এ শাস্ত্র মিথ্যা— আমার মাকে মা বলে না, সন্তানরক্তপিপাসু রাক্ষসী বলে, এ কথা আমি সহিতে পারিব না।”

জয়সিংহের চক্ষু দিয়া অশ্রু ঝরিয়া পড়িতে লাগিল— তিনি নিজের কথা লইয়া নিজেই ভাবিতে লাগিলেন। এত কথা ইতিপূর্বে কখনো ঠাঁহার মনে হয় নাই, রঘুপতি যদি ঠাঁহাকে নূতন শাস্ত্র শিক্ষা দিতে না আসিতেন, তবে কখনোই ঠাঁহার এত কথা মনেই আসিত না।

রঘুপতি ঈষৎ হাসিয়া বলিলেন, “তবে তো বলিদানের পালা একেবারে উঠাইয়া দিতে হয়।”

জয়সিংহ অতি শৈশবকাল হইতে প্রতিদিন বলিদান দেখিয়া আসিতেছেন। এইজন্য, মন্দিরে যে বলিদান কোনোকালে বন্ধ হইতে পারে কিম্বা হওয়া উচিত এ কথা কিছুতেই ঠাঁহার মনে লাগে না। এমন-কি, এ কথা মনে করিতে ঠাঁহার হৃদয়ে আঘাত লাগে। এইজন্য রঘুপতির কথার উত্তরে জয়সিংহ বলিলেন, “সে স্বতন্ত্র কথা। তাহার অন্য কোনো অর্থ আছে। তাহাতে তো কোনো পাপ নাই। কিন্তু তাই বলিয়া ভাইকে ভাই হত্যা করিবে! তাই বলিয়া মহারাজ গোবিন্দমাণিক্যকে— প্রভু, আপনার পায়ে ধরিয়া জিজ্ঞাসা করি, আমাকে প্রবঞ্চনা করিবেন না, সত্যই কি মা স্বপ্নে কহিয়াছেন— রাজরক্ত নহিলে ঠাঁর তৃপ্তি হইবে না?”

রঘুপতি কিয়ৎক্ষণ চুপ করিয়া থাকিয়া কহিলেন, “সত্য নহিলে কি মিথ্যা কহিতেছি ? তুমি কি আমাকে অবিশ্বাস কর ?”

জয়সিংহ রঘুপতির পদধূলি লইয়া কহিলেন, “গুরুদেবের প্রতি আমার বিশ্বাস শিথিল না হয় যেন । কিন্তু নক্ষত্ররায়েরও তো রাজকূলে জন্ম ।”

রঘুপতি কহিলেন, “দেবতাদের স্বপ্ন ইঙ্গিতমাত্র ; সকল কথা শুনা যায় না, অনেকটা বুঝিয়া লইতে হয় । স্পষ্টই দেখা যাইতেছে, গোবিন্দমাণিক্যের প্রতি দেবীর অসন্তোষ হইয়াছে, অসন্তোষের সম্পূর্ণ কারণও জন্মিয়াছে । অতএব দেবী যখন রাজরক্ত চাহিয়াছেন তখন বুঝিতে হইবে, তাহা গোবিন্দমাণিক্যেরই রক্ত ।”

জয়সিংহ কহিলেন, “তা যদি সত্য হয়, তবে আমিই রাজরক্ত আনিব— নক্ষত্ররায়কে পাপে লিপ্ত করিব না ।”

রঘুপতি কহিলেন, “দেবীর আদেশ পালন করিতে কোনো পাপ নাই ।”

জয়সিংহ । পুণ্য আছে তো প্রভু । সে পুণ্য আমিই উপার্জন করিব ।

রঘুপতি কহিলেন, “তবে সত্য করিয়া বলি বৎস ! আমি তোমাকে শিশুকাল হইতে পুত্রের অধিক যত্নে প্রাণের অধিক ভালোবাসিয়া পালন করিয়া আসিয়াছি, আমি তোমাকে হারাইতে পারিব না । নক্ষত্ররায় যদি গোবিন্দমাণিক্যকে বধ করিয়া রাজা হয়, তবে কেহ তাহাতে একটি কথা কহিবে না, কিন্তু তুমি যদি রাজার গায়ে হাত তোল তো তোমাকে আর আমি ফিরিয়া পাইব না ।”

জয়সিংহ কহিলেন, “আমার স্নেহে— পিতা, আমি অপদার্থ— আমার স্নেহে তুমি একটি পিপীলিকারও হানি করিতে পারিবে না । আমার প্রতি স্নেহে তুমি যদি পাপে লিপ্ত হও, তবে তোমার সে স্নেহ আমি বেশিদিন ভোগ করিতে পারিব না, সে স্নেহের পরিণাম কখনোই ভালো হইবে না ।”

রঘুপতি তাড়াতাড়ি কহিলেন, “আচ্ছা আচ্ছা, সে কথা পরে হইবে । কাল নক্ষত্ররায় আসিলে যা হয় একটা ব্যবস্থা হইবে ।”

জয়সিংহ মনে মনে প্রতিজ্ঞা করিলেন, “আমিই রাজরক্ত আনিব । মায়ের নামে, গুরুদেবের নামে ভ্রাতৃহত্যা ঘটিতে দিব না ।”

সপ্তম পরিচ্ছেদ

জয়সিংহের সমস্ত রাত্রি নিদ্রা হইল না । গুরুর সহিত যে কথা লইয়া আলোচনা হইয়াছিল, দেখিতে দেখিতে তাহার শাখাপ্রশাখা বাহির হইতে লাগিল । অধিকাংশ সময়েই আরম্ভ আমাদের আয়ত্ত, শেষ আমাদের আয়ত্ত নহে । চিন্তা সম্বন্ধেও এই কথা খাটে । জয়সিংহের মনে অনিবার্য বেগে এমন-সকল কথা উঠিতে লাগিল যাহা তাহার আশৈশব বিশ্বাসের মূলে অবিশ্রাম আঘাত করিতে লাগিল । জয়সিংহ পীড়িত ক্লিষ্ট হইতে লাগিলেন ।

কিন্তু দুঃস্বপ্নের মতো ভাবনা কিছুতেই ক্ষান্ত হইতে চায় না । যে দেবীকে জয়সিংহ এতদিন মা বলিয়া জানিতেন, গুরুদেব আজ কেন তাহার মাতৃদ্ব অপহরণ করিলেন, কেন তাহাকে হৃদয়হীন শক্তি বলিয়া ব্যাখ্যা করিলেন ! শক্তির সন্তোষই কী, আর অসন্তোষই বা কী ! শক্তির চক্ষুই বা কোথায়, কণ্ঠই বা কোথায় ! শক্তি তো মহারথের ন্যায় তাহার সহস্র চক্রের তলে জগৎ কর্ষিত করিয়া ঘর্ষর শব্দে চলিয়া যাইতেছে, তাহাকে অবলম্বন করিয়া কে চলিল, তাহার তলে পড়িয়া কে চূর্ণ হইল, তাহার উপরে উঠিয়া কে উৎসব করিতেছে, তাহার নিম্নে পড়িয়া কে আর্তনাদ করিতেছে, সে তাহার কী জানিবে ! তাহার সারথি কি কেহ নাই ? পৃথিবীর নিরীহ অসহায় ভীকু জীবদিগের রক্ত বাহির করিয়া কালরূপিনী নিষ্ঠুর শক্তির তৃষা নির্বাণ করিতে হইবে এই কি আমার ব্রত ! কেন ? সে তো আপনার কাজ আপনিই করিতেছে— তাহার দুর্ভিক্ষ আছে, বন্যা আছে, ভূমিকম্প আছে, জরা মারী অগ্নিদাহ আছে, নির্দয়মানবহৃদয়স্থিত হিংসা আছে— ক্ষুদ্র আমাকে তাহার আবশ্যিক কী !

তাহার পরদিন যে প্রভাত হইল তাহা অতি মনোহর প্রভাত । বৃষ্টি শেষ হইয়াছে । পূর্ব দিকে মেঘ নাই । সূর্যকিরণ যেন বর্ষার জলে ধৌত ও স্নিগ্ধ । বৃষ্টিবিন্দু ও সূর্যকিরণে দশ দিক ঝলমল করিতেছে । শুভ্র আনন্দপ্রভা আকাশে প্রান্তরে অরণ্যে নদীস্রোতে বিকশিত শ্বেতশতদলের ন্যায় পরিস্ফুট হইয়া উঠিয়াছে । নীল আকাশে চিল ভাসিয়া যাইতেছে— ইন্দ্রধনুর তোরণের নীচে দিয়া বকের শ্রেণী উড়িয়া চলিয়াছে । কাঠবিড়ালিরা গাছে গাছে ছুটাছুটি করিতেছে । দুই-একটি অতি ভীকু খরগোশ সচকিতে ঝোপের ভিতর হইতে বাহির হইয়া আবার আড়াল খুঁজিতেছে । ছাগশিশুরা অতি দুর্গম পাহাড়ে উঠিয়া ঘাস ছিড়িয়া খাইতেছে । গোরুগুলি আজ মনের আনন্দে মাঠ-ময় ছড়াইয়া পড়িয়াছে । রাখাল গান ধরিয়াছে । কলসকক্ষ মায়ের আঁচল ধরিয়া আজ ছেলেমেয়েরা বাহির হইয়াছে । বৃদ্ধ পূজার জন্য ফুল তুলিতেছে । স্নানের জন্য নদীতে আজ অনেক লোক সমবেত হইয়াছে, কলকল স্বরে তাহারা গল্প করিতেছে— নদীর কলধ্বনিরও বিরাম নাই । আষাঢ়ের প্রভাতে এই জীবময়ী আনন্দময়ী ধরণীর দিকে চাহিয়া দীর্ঘনিশ্বাস ফেলিয়া জয়সিংহ মন্দিরে প্রবেশ করিলেন ।

জয়সিংহ প্রতিমার দিকে চাহিয়া জোড়হস্তে কহিলেন, “কেন মা, আজ এমন অপ্রসন্ন কেন ? একদিন তোমার জীবের রক্ত তুমি দেখিতে পাও নাই বলিয়া এত ভুকুটি । আমাদের হৃদয়ের মধ্যে চাহিয়া দেখো, ভক্তির কি কিছু অভাব দেখিতেছ ? ভক্তের হৃদয় পাইলেই কি তোমার তৃপ্তি হয় না, নিরপরাধের শোণিত চাই ? আচ্ছা মা, সত্য করিয়া বল দেখি, পুণ্যের-শরীর গোবিন্দমাণিক্যকে পৃথিবী হইতে অপসৃত করিয়া এখানে দানবের রাজত্ব স্থাপন করাই কি তোর অভিপ্রায় । রাজরক্ত কি নিতান্তই চাই ? তোর মুখের উত্তর না শুনিলে আমি কখনোই রাজহত্যা ঘটিতে দিব না, আমি ব্যাঘাত করিব । বল, হাঁ কি না ।”

সহসা বিজন মন্দিরে শব্দ উঠিল, “হাঁ ।”

জয়সিংহ চমকিয়া পশ্চাতে চাহিয়া দেখিলেন, কাহাকেও দেখিতে পাইলেন না, মনে হইল যেন ছায়ার মতো কী একটা কাঁপিয়া গেল । স্বর শুনিয়া প্রথমেই তাহার মনে হইয়াছিল, যেন তাঁর গুরুর কণ্ঠস্বর । পরে মনে করিলেন, মা তাঁহাকে তাঁহার গুরুর কণ্ঠস্বরেই আদেশ করিলেন ইহাই সম্ভব । তাঁহার গাত্র রোমাঞ্চিত হইয়া উঠিল । তিনি প্রতিমাকে ভূমিষ্ঠ প্রণাম করিয়া সশস্ত্রে বাহির হইয়া পড়িলেন ।

অষ্টম পরিচ্ছেদ

গোমতী নদীর দক্ষিণ দিকের এক স্থানের পাড় অতিশয় উচ্চ । বর্ষার ধারা ও ছোটো ছোটো স্রোত এই উন্নত ভূমিকে নানা গুহাগহ্বরে বিভক্ত করিয়া ফেলিয়াছে । ইহার কিছু দূরে প্রায় অর্ধচন্দ্রাকারে বড়ো বড়ো শাল ও গাম্ভারি গাছে এই শতধাবিদীর্ণ ভূমিখণ্ডকে ঘিরিয়া রাখিয়াছে, কিন্তু মাঝখানের এই জমিটুকুর মধ্যে বড়ো গাছ একটিও নাই । কেবল স্থানে স্থানে ঢিপির উপর ছোটো ছোটো শাল গাছ বাড়িতে পারিতেছে না, বাকিয়া কালো হইয়া পড়িয়াছে । বিস্তর পাথর ছড়ানো । এক-হাত দুই-হাত প্রশস্ত ছোটো ছোটো জলস্রোত কত শত আকাঁকাকা পথে ঘুরিয়া ঘুরিয়া, মিলিয়া, বিভক্ত হইয়া, নদীতে গিয়া পড়িতেছে । এই স্থান অতি নির্জন— এখানকার আকাশ গাছের দ্বারা অপরূপ নহে । এখান হইতে গোমতী নদী এবং তাহার পরপারের বিচিত্রবর্ণ শস্যক্ষেত্রসকল অনেক দূর পর্যন্ত দেখা যায় । প্রতিদিন প্রাতে রাজা গোবিন্দমাণিক্য এইখানে বেড়াইতে আসিতেন, সঙ্গে একটি সঙ্গী বা একটি অনুচরও আসিত না । জেলেরা কখনো কখনো গোমতীতে মাছ ধরিতে আসিয়া দূর হইতে দেখিতে পাইত, তাহাদের সৌম্যমূর্তি রাজা যোগীর ন্যায় স্থিরভাবে চক্ষু মুদ্রিত করিয়া বসিয়া আছেন, তাঁহার মুখে প্রভাতের জ্যোতি কি তাঁহার আত্মার জ্যোতি বুঝা যাইত না । আজকাল বর্ষার দিনে প্রতিদিন এখানে আসিতে পারিতেন না, কিন্তু বর্ষা-উপশমে যেদিন আসিতেন সেদিন ছোটো তাতাকে সঙ্গে করিয়া আনিতেন ।

তাতাকে আর তাতা বলিতে ইচ্ছা করে না । একমাত্র যাহার মুখে তাতা সম্বোধন মানাইত সে তো

আর নাই। পাঠকের কাছে তাতা শব্দের কোনো অর্থই নাই। কিন্তু হাসি যখন সকালবেলায় শালবনে, দুষ্টুমি করিয়া শালগাছের আড়ালে লুকাইয়া, তাহার সুমিষ্ট তীক্ষ্ণ স্বরে তাতা বলিয়া ডাকিত এবং তাহার উত্তরে গাছে গাছে দোয়েল ডাকিয়া উঠিত, দূর কানন হইতে প্রতিধ্বনি ফিরিয়া আসিত, তখন সেই তাতা শব্দ অর্থে পরিপূর্ণ হইয়া কানন ব্যাপ্ত করিত— তখন সেই তাতা সম্বোধন একটি বালিকার ক্ষুদ্র হৃদয়ের অতি কোমল স্নেহনীড় পরিত্যাগ করিয়া পাখির মতো স্বর্গের দিকে উড়িয়া যাইত— তখন সেই একটি স্নেহসিক্ত মধুর সম্বোধন প্রভাতের সমুদয় পাখির গান লুটিয়া লইত— প্রভাত-প্রকৃতির আনন্দময় সৌন্দর্যের সহিত একটি ক্ষুদ্র বালিকার আনন্দময় স্নেহের ঐক্য দেখাইয়া দিত। এখন সে বালিকা নাই— বালকটি আছে, কিন্তু তাতা নাই। বালকটি এ সংসারের সহস্র লোকের, সহস্র বিষয়ের, কিন্তু তাতা কেবলমাত্র সেই বালিকারই। মহারাজ গোবিন্দমাণিক্য এই বালককে ধুব বলিয়া ডাকিতেন, আমরাও তাহাই বলিয়া ডাকিব।

মহারাজ পূর্বে একা গোমতীতীরে আসিতেন, এখন ধুবকে সঙ্গে করিয়া আনেন। তাহার পবিত্র সরল মুখচ্ছবিতে তিনি দেবলোকের ছায়া দেখিতে পান। মধ্যাহ্নে সংসারের আবর্তের মধ্যে রাজা যখন প্রবেশ করেন তখন বৃদ্ধ বিজ্ঞ মন্ত্রীরা তাঁহাকে ঘিরিয়া দাঁড়ায়, তাঁহাকে পরামর্শ দেয়। আর প্রভাত হইলে একটি শিশু তাঁহাকে সংসারের বাহিরে লইয়া আসে— তাহার বড়ো বড়ো দুটি নীরব চক্ষুর সম্মুখে বিষয়ের সহস্র কুটিলতা সংকুচিত হইয়া যায়— শিশুর হাত ধরিয়া মহারাজ বিশ্বজগতের মধ্যবর্তী অনন্তের দিকে প্রসারিত একটি উদার সরল বিস্তৃত রাজপথে গিয়া দাঁড়ান; সেখানে অনন্ত সুনীল আকাশচন্দ্রাতপের নিম্ন-স্থিত বিশ্বব্রহ্মাণ্ডের মহাসভা দেখিতে পাওয়া যায়; সেখানে ভুলোক ভুবলোক স্বর্লোক সপ্তলোকের সংগীতের আভাস শুনা যায়; সেখানে সরলপথে সকলই সরল সহজ শোভন বলিয়া বোধ হয়, কেবলই অগ্রসর হইতে উৎসাহ হয়, উৎকট ভাবনা-চিন্তা অসুখ-অশান্তি দূর হইয়া যায়। মহারাজ সেই প্রভাতে নির্জনে বনের মধ্যে, নদীর তীরে, মুক্ত আকাশে, একটি শিশুর প্রেমে নিমগ্ন হইয়া অসীম প্রেমসমুদ্রের পথ দেখিতে পান।

গোবিন্দমাণিক্য ধুবকে কোলে করিয়া লইয়া তাহাকে ধুবোপাখ্যান শুনাইতেছেন; সে যে বড়ো একটা-কিছু বুঝিতেছে তাহা নহে, কিন্তু রাজার ইচ্ছা ধুবের মুখে আধো-আধো স্বরে এই ধুবোপাখ্যান আবার ফিরিয়া শুনেন।

গল্প শুনিতে শুনিতে ধুব বলিল, “আমি বনে যাব।”

রাজা বলিলেন, “কী করতে বনে যাবে?”

ধুব বলিল, “হয়িকে দেখতে যাব।”

রাজা বলিলেন, “আমরা তো বনে এসেছি, হরিকে দেখতে এসেছি।”

ধুব। হয়ি কোথায়?

রাজা। এইখানেই আছেন।

ধুব কহিল, “দিদি কোথায়?”

বলিয়া উঠিয়া দাঁড়াইয়া পিছনে চাহিয়া দেখিল— তাহার মনে হইল, দিদি যেন আগেকার মতো পিছন হইতে সহসা তাহার চোখ টিপিবার জন্য আসিতেছে। কাহাকেও না পাইয়া ঘাড় নামাইয়া চোখ তুলিয়া জিজ্ঞাসা করিল, “দিদি কোথায়?”

রাজা কহিলেন, “হরি তোমার দিদিকে ডেকে নিয়েছেন।”

ধুব কহিল, “হয়ি কোথায়?”

রাজা কহিলেন, “তাঁকে ডাকো বৎস। তোমাকে সেই যে শ্লোক শিখিয়ে দিয়েছিলেম সেইটে বলো।”

ধুব দুলিয়া দুলিয়া বলিতে লাগিল—

হরি তোমায় ডাকি— বালক একাকী,

আধার অরণ্যে ধাই হে।

গহন তিমিরে নয়নের নীরে
 পথ খুঁজে নাহি পাই হে ।
 সদা মনে হয় কী করি কী করি,
 কখন আসিবে কাল-বিভাবরী,
 তাই ভয়ে মরি ডাকি 'হরি হরি'—
 হরি বিনা কেহ নাই হে ।
 নয়নের জল হবে না বিফল,
 তোমায় সবে বলে ভকতবৎসল,
 সেই আশা মনে করেছি সম্বল—
 বেঁচে আছি আমি তাই হে ।
 আধারেতে জাগে তোমার আখিতারা,
 তোমার ভক্ত কভু হয় না পথহারা,
 ধুব তোমায় চাহে, তুমি ধুবতারা—
 আর কার পানে চাই হে ।

'র'য়ে-ল'য়ে 'ড'য়ে-'দ'য়ে উলটপালট করিয়া, অর্ধেক কথা মুখের মধ্যে রাখিয়া, অর্ধেক কথা উচ্চারণ করিয়া, ধুব দুলিয়া দুলিয়া সুধাময় কণ্ঠে এই শ্লোক পাঠ করিল । শুনিয়া রাজার প্রাণ আনন্দে নিমগ্ন হইয়া গেল, প্রভাত দ্বিগুণ মধুর হইয়া উঠিল, চারি দিকে নদী কানন তরুলতা হাসিতে লাগিল । কনকসুধাসিক্ত নীলাকাশে তিনি কাহার অনুপম সুন্দর সহাস্য মুখচ্ছবি দেখিতে পাইলেন । ধুব যেমন তাঁহার কোলে বসিয়া আছে— তাঁহাকেও তেমনি কে যেন বাহুপাশের মধ্যে, কোলের মধ্যে তুলিয়া লইল । তিনি আপনাকে, আপনার চারি দিকের সকলকে, বিশ্বচরাচরকে, কাহার কোলের উপর দেখিতে পাইলেন । তাঁহার আনন্দ ও প্রেম সূর্যকিরণের ন্যায় দশ দিকে বিকিরিত হইয়া আকাশ পূর্ণ করিল ।

এমন সময় সশস্ত্র জয়সিংহ গুহাপথ দিয়া সহসা রাজার সম্মুখে আসিয়া উখিত হইলেন । রাজা তাঁহাকে দুই হাত বাড়াইয়া দিলেন ; কহিলেন, “এসো জয়সিংহ, এসো ।” রাজা তখন শিশুর সহিত মিশিয়া শিশু হইয়াছেন, তাঁহার রাজমর্যাদা কোথায় ? জয়সিংহ রাজাকে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিলেন । জয়সিংহ কহিলেন, “মহারাজ, এক নিবেদন আছে ।”

রাজা কহিলেন, “কী বলো ।”
 জয়সিংহ । মা আপনার প্রতি অপ্রসন্ন হইয়াছেন ।
 রাজা । কেন, আমি তাঁর অসন্তোষের কাজ কী করিয়াছি ?
 জয়সিংহ । মহারাজ বলি বন্ধ করিয়া দেবীর পূজার ব্যাঘাত করিয়াছেন ।
 রাজা বলিয়া উঠিলেন, “কেন জয়সিংহ, কেন এ হিংসার লালসা ! মাতৃক্রোড়ে সন্তানের রক্তপাত করিয়া তুমি মাকে প্রসন্ন করিতে চাও ।”

জয়সিংহ ধীরে ধীরে রাজার পায়ের কাছে বসিলেন । ধুব তাঁহার তলোয়ার লইয়া খেলা করিতে লাগিল ।

জয়সিংহ কহিলেন, “কেন মহারাজ, শাস্ত্রে তো বলিদানের ব্যবস্থা আছে ।”
 রাজা কহিলেন, “শাস্ত্রের যথার্থ বিধি কেই-বা পালন করে । আপনার প্রবৃত্তি অনুসারে সকলেই শাস্ত্রের ব্যাখ্যা করিয়া থাকে । যখন দেবীর সম্মুখে বলির সর্কর্দম রক্ত সর্বাঙ্গে মাখিয়া সকলে উৎকট চীৎকারে ভীষণ উল্লাসে প্রাক্গণে নৃত্য করিতে থাকে, তখন কি তাহারা মায়ের পূজা করে, না নিজের হৃদয়ের মধ্যে যে হিংসারাক্ষসী আছে সেই রাক্ষসীটার পূজা করে ! হিংসার নিকটে বলিদান দেওয়া শাস্ত্রের বিধি নহে, হিংসাকে বলি দেওয়াই শাস্ত্রের বিধি ।”

জয়সিংহ অনেকক্ষণ চুপ করিয়া রহিলেন । কল্যা রাত্রি হইতে তাঁহার মনেও এমন অনেক কথা তোলপাড় হইয়াছে ।

অবশেষে বলিলেন, “আমি মায়ের স্বমুখে শুনিয়াছি— এ বিষয়ে আর-কোনো সংশয় থাকিতে পারে না । তিনি স্বয়ং বলিয়াছেন, তিনি মহারাজের রক্ত চান ।”

বলিয়া জয়সিংহ প্রভাতের মন্দিরের ঘটনা রাজাকে বলিলেন ।

রাজা হাসিয়া বলিলেন, “এ তো মায়ের আদেশ নয়, এ রঘুপতির আদেশ । রঘুপতিই অন্তরাল হইতে তোমার কথার উত্তর দিয়াছিলেন ।”

রাজার মুখে এই কথা শুনিয়া জয়সিংহ একেবারে চমকিয়া উঠিলেন । তাঁহার মনেও এইরূপ সংশয় একবার চকিতের মতো উঠিয়াছিল, কিন্তু আবার বিদ্যুতের মতো অন্তর্হিত হইয়াছিল । রাজার কথায় সেই সন্দেহে আবার আঘাত লাগিল ।

জয়সিংহ অত্যন্ত কাতর হইয়া বলিয়া উঠিলেন, “না মহারাজ, আমাকে ক্রমাগত সংশয় হইতে সংশয়ান্তরে লইয়া যাইবেন না— আমাকে তীর হইতে ঠেলিয়া সমুদ্রে ফেলিবেন না— আপনার কথায় আমার চারি দিকের অন্ধকার কেবল বাড়িতেছে । আমার যে বিশ্বাস, যে ভক্তি ছিল, তাই থাক— তাহার পরিবর্তে এ কুয়াশা আমি চাই না । মায়ের আদেশই হউক আর গুরুর আদেশই হউক, সে একই কথা— আমি পালন করিব ।” বলিয়া বেগে উঠিয়া তাঁহার তলোয়ার খুলিলেন— তলোয়ার রৌদ্রকিরণে বিদ্যুতের মতো চক্‌মক্‌ করিয়া উঠিল । ইহা দেখিয়া ধুব উর্ধ্বস্বরে কাঁদিয়া উঠিল, তাহার ছোটো দুইটি হাতে রাজাকে জড়াইয়া রাজাকে প্রাণপণে আচ্ছাদন করিয়া ধরিল— রাজা জয়সিংহের প্রতি লক্ষ না করিয়া ধুবকেই বক্ষে চাপিয়া ধরিলেন ।

জয়সিংহ তলোয়ার দূরে ফেলিয়া দিলেন । ধুবের পিঠে হাত বুলাইয়া বলিলেন, “কোনো ভয় নেই বৎস, কোনো ভয় নেই । আমি এই চলিলাম, তুমি ঐ মহৎ আশ্রয়ে থাকো, ঐ বিশাল বক্ষে বিরাজ করো— তোমাকে কেহ বিচ্ছিন্ন করিবে না ।”

বলিয়া রাজাকে প্রণাম করিয়া প্রস্থান করিতে উদ্যত হইলেন ।

সহসা আবার কী ভাবিয়া ফিরিয়া কহিলেন, “মহারাজকে সাবধান করিয়া দিই, আপনার ভ্রাতা নক্ষত্ররায় আপনার বিনাশের পরামর্শ করিয়াছেন । ২৯শে আষাঢ় চতুর্দশ দেবতার পূজার রাত্রে আপনি সতর্ক থাকিবেন ।”

রাজা হাসিয়া কহিলেন, “নক্ষত্র কোনোমতেই আমাকে বধ করিতে পারিবে না, সে আমাকে ভালোবাসে ।”

জয়সিংহ বিদায় হইয়া গেলেন ।

রাজা ধুবের দিকে চাহিয়া ভক্তিভাবে কহিলেন, “তুমিই আজ রক্তপাত হইতে ধরণীকে রক্ষা করিলে, সেই উদ্দেশ্যেই তোমার দিদি তোমাকে রাখিয়া গিয়াছেন ।”

বলিয়া ধুবের অশ্রুসিক্ত দুইটি কপোল মুছাইয়া দিলেন ।

ধুব গভীর মুখে কহিল, “দিদি কোথায় ?”

এমন সময় মেঘ আসিয়া সূর্যকে আচ্ছন্ন করিয়া ফেলিল, নদীর উপর কালো ছায়া পড়িল । দূরের বনাস্ত্র মেঘের মতোই কালো হইয়া উঠিল । বৃষ্টিপাতের লক্ষণ দেখিয়া রাজা প্রাসাদে ফিরিয়া আসিলেন ।

নবম পরিচ্ছেদ

মন্দির অনেক দূরে নয় । কিন্তু জয়সিংহ বিজন নদীর ধার দিয়া অনেক ঘুরিয়া ধীরে ধীরে মন্দিরের দিকে চলিলেন । বিস্তর ভাবনা তাঁহার মনে উদয় হইতে লাগিল । এক জায়গায় নদীর তীরে গাছের তলায় বসিয়া পড়িলেন । দুই হস্তে মুখ আচ্ছাদন করিয়া ভাবিতে লাগিলেন, ‘একটা কাজ করিয়া

ফেলিয়াছি, অথচ সংশয় যাইতেছে না। আজ হইতে কেই-বা আমার সংশয় ঘুচাইবে ! কোনটা ভালো কোনটা মন্দ আজ হইতে কে তাহা আমাকে বুঝাইয়া দিবে ! সংসারের সহস্র কোটি পথের মোহানায় দাঁড়াইয়া কাহাকে জিজ্ঞাসা করিব কোনটা যথার্থ পথ। প্রান্তরের মধ্যে আমি অন্ধ একাকী দাঁড়াইয়া আছি, আজ আমার যষ্টি ভাঙিয়া গেছে।’

জয়সিংহ যখন উঠিলেন তখন বৃষ্টি পড়িতে আরম্ভ করিয়াছে। বৃষ্টিতে ভিজিতে ভিজিতে মন্দিরের দিকে চলিলেন। দেখিলেন বিস্তর লোক কোলাহল করিতে করিতে মন্দিরের দিক হইতে দল বাধিয়া চলিয়া আসিতেছে।

বুড়া বলিতেছে, “বাপ-পিতামহর কাল থেকে এই তো চলে আসছে জানি, আজ রাজার বুদ্ধি কি তাঁদের সকলকেই ছাড়িয়ে উঠল !”

যুবা বলিতেছে, “এখন আর মন্দিরে আসতে ইচ্ছে করে না, পূজার সে ধুম নেই।”

কেহ বলিল, “এ যেন নবাবের রাজত্ব হয়ে দাঁড়ালো।”

তাহার মনের ভাব এই যে, বলিদান সম্বন্ধে দ্বিধা একজন মুসলমানের মনেই জন্মাইতে পারে, কিন্তু একজন হিন্দুর মনে জন্মানো অত্যন্ত আশ্চর্য।

মেয়েরা বলিতে লাগিল, “এ রাজ্যের মঙ্গল হবে না।”

একজন কহিল, “পুরুত-ঠাকুর তো স্বয়ং বললেন যে, মা স্বপ্নে বলেছেন তিন মাসের মধ্যে এ দেশ মড়কে উচ্ছন্ন যাবে।”

হারু বলিল, “এই দেখো-না কেন, মোখো আজ দেড় বছর ধরে ব্যামো ভুগে বরাবর বেঁচে এসেছে যেই বলি বন্ধ হল অমনি সে মারা গেল।”

ক্ষান্ত বলিল, “তা কেন, আমার ভাশুরপো, সে যে মরবে এ কে জানত ! তিন দিনের জ্বর। যেমনি কবিরাজের বড়িটি খাওয়া অমনি চোখ উলটে গেল।”

ভাশুরপোর শোকে এবং রাজ্যের অমঙ্গল-আশঙ্কায় ক্ষান্ত কাতর হইয়া পড়িল।

তিনকড়ি কহিল, “সেদিন মথুরহাটির গঞ্জে আগুন লাগল, একখানা চালাও বাকি রইল না।”

চিন্তামণি চাষা তাহার একজন সঙ্গী চাষাকে কহিল, “অত কথায় কাজ কী, দেখো-না কেন এ বছর যেমন ধান সস্তা হয়েছে এমন অন্য কোনো বছর হয় নি। এ বছর চাষার কপালে কী আছে কে জানে !”

বলিদান বন্ধ হইবার পরে এবং পূর্বেও যাহার যাহা-কিছু ক্ষতি হইয়াছে, সর্বসম্মতিক্রমে ঐ বলি বন্ধ হওয়াই তাহার একমাত্র কারণ নির্দিষ্ট হইল। এ দেশ পরিত্যাগ করিয়া যাওয়াই ভালো, এইরূপ সকলের মত হইল। এ মত কিছুতেই পরিবর্তিত হইল না বটে, কিন্তু দেশেই সকলে বাস করিতে লাগিল।

জয়সিংহ অন্যমনস্ক ছিলেন। ইহাদের প্রতি কিছুমাত্র মনোযোগ না করিয়া তিনি মন্দিরে গিয়া উপস্থিত হইলেন; দেখিলেন, পূজা শেষ করিয়া রঘুপতি মন্দিরের বাহিরে বসিয়া আছেন।

দ্রুতগতি রঘুপতির নিকটে গিয়াই জয়সিংহ কাতর অথচ দৃঢ় স্বরে তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, “গুরুদেব, মায়ের আদেশ গ্রহণ করিবার জন্য আজ প্রভাতে আমি যখন মাকে প্রশ্ন জিজ্ঞাসা করিলাম, আপনি কেন তাহার উত্তর দিলেন?”

রঘুপতি একটু ইতস্তত করিয়া বলিলেন, “মা তো আমার দ্বারাই তাঁহার আদেশ প্রচার করিয়া থাকেন, তিনি নিজমুখে কিছু বলেন না।”

জয়সিংহ কহিলেন, “আপনি সম্মুখে উপস্থিত হইয়া বলিলেন না কেন? অন্তরালে লুক্কায়িত থাকিয়া আমাকে ছলনা করিলেন কেন?”

রঘুপতি ক্রুদ্ধ হইয়া বলিলেন, “চূপ করো। আমি কী ভাবিয়া কী করি তুমি তাহার কী বুঝিবে? বাচালের মতো যাহা মুখে আসে তাহাই বলিয়ো না। আমি যাহা আদেশ করিব তুমি কেবল তাহাই পালন করিবে, কোনো প্রশ্ন জিজ্ঞাসা করিয়ো না।”

জয়সিংহ চুপ করিয়া রহিলেন। তাঁহার সংশয় বাড়িল বৈ কমিল না। কিছুক্ষণ পরে বলিলেন, “আজ প্রাতে আমি মায়ের কাছে বলিয়াছিলাম যে, তিনি যদি স্বমুখে আমাকে আদেশ না করেন তবে আমি কখনোই রাজহত্যা ঘটিতে দিব না, তাহার ব্যাঘাত করিব। যখন স্থির বুঝিলাম মা আদেশ করেন নাই, তখন মহারাজের নিকট নক্ষত্রবায়ের সংকল্প প্রকাশ করিয়া দিতে হইল, তাঁহাকে সতর্ক করিয়া দিলাম।”

রঘুপতি কিয়ৎক্ষণ চুপ করিয়া বসিয়া রহিলেন। উদ্বেল ক্রোধ দমন করিয়া দৃঢ়স্বরে বলিলেন, “মন্দিরে প্রবেশ করো।”

উভয়ে মন্দিরে প্রবেশ করিলেন।

রঘুপতি কহিলেন, “মায়ের চরণ স্পর্শ করিয়া শপথ করো— বলো যে, ২৯শে আষাঢ়ের মধ্যে আমি রাজরক্ত আনিয়া এই চরণে উপহার দিব।”

জয়সিংহ ঘাড় হেঁট করিয়া কিছুক্ষণ চুপ করিয়া রহিলেন। পরে একবার গুরুর মুখের দিকে একবার প্রতিমার মুখের দিকে চাহিলেন। প্রতিমা স্পর্শ করিয়া ধীরে ধীরে বলিলেন, “২৯শে আষাঢ়ের মধ্যে আমি রাজরক্ত আনিয়া এই চরণে উপহার দিব।”

দশম পরিচ্ছেদ

গৃহে ফিরিয়া আসিয়া মহারাজ নিয়মিত রাজকার্য সমাপন করিলেন। প্রাতঃকালের সূর্যালোক আচ্ছন্ন হইয়া গেছে। মেঘের ছায়ায় দিন আবার অন্ধকার হইয়া আসিয়াছে। মহারাজ অত্যন্ত বিমন্য আছেন। অন্যদিন রাজসভায় নক্ষত্রবায় উপস্থিত থাকিতেন, আজ তিনি উপস্থিত ছিলেন না। রাজা তাঁহাকে ডাকিয়া পাঠাইলেন, তিনি ওজর করিয়া বলিয়া পাঠাইলেন তাঁহার শরীর অসুস্থ। রাজা স্বয়ং নক্ষত্রবায়ের কক্ষে গিয়া উপস্থিত হইলেন। নক্ষত্র মুখ তুলিয়া রাজার মুখের দিকে চাহিতে পারিলেন না। একখানা লিখিত কাগজ লইয়া কাজে ব্যস্ত আছেন এমনি ভান করিলেন। রাজা বলিলেন, “নক্ষত্র, তোমার কি অসুখ করিয়াছে?”

নক্ষত্র কাগজের এপিঠ ওপিঠ উল্টাইয়া হাতের অঙ্গুরি নিরীক্ষণ করিয়া বলিলেন, “অসুখ? না, অসুখ ঠিক নয়— এই একটুখানি কাজ ছিল— হাঁ হাঁ, অসুখ হয়েছিল— কতকটা অসুখের মতন বটে।”

নক্ষত্রবায় নিতান্ত অধীর হইয়া উঠিলেন, গোবিন্দমাণিক্য অতিশয় বিষণ্ণমুখে নক্ষত্রের মুখের দিকে চাহিয়া রহিলেন। তিনি ভাবিতে লাগিলেন— ‘হায় হায়, স্নেহের নীড়ের মধ্যেও হিংসা ঢুকিয়াছে, সে সাপের মতো লুকাইতে চায়, মুখ দেখাইতে চায় না। আমাদের অরণ্যে কি হিংস্র পশু যথেষ্ট নাই, শেষে কি মানুষও মানুষকে ভয় করিবে, ভাইও ভাইয়ের পাশে গিয়া নিঃশঙ্কচিত্তে বসিতে পাইবে না! এ সংসারে হিংসা-লোভই এত বড়ো হইয়া উঠিল, আর স্নেহ-প্রেম কোথাও ঠাই পাইল না! এই আমার ভাই, ইহার সহিত প্রতিদিন এক গৃহে বাস করি, একাসনে বসিয়া থাকি, হাসিমুখে কথা কই— এও আমার পাশে বসিয়া মনের মধ্যে ছুরি শানাইতেছে!’ গোবিন্দমাণিক্যের নিকট তখন সংসার হিংস্রজন্তুপূর্ণ অরণ্যের মতো বোধ হইতে লাগিল। ঘন অন্ধকারের মধ্যে কেবল চারি দিকে দস্ত ও নখরের ছটা দেখিতে পাইলেন। দীর্ঘনিশ্বাস ফেলিয়া মহারাজ মনে করিলেন, ‘এই স্নেহপ্রেমহীন হানাহানির রাজ্যে বাঁচিয়া থাকিয়া আমি আমার স্বজাতির, আমার ভাইদের মনে কেবলই হিংসা লোভ ও ঘেষের অনল জ্বলাইতেছি— আমার সিংহাসনের চারি দিকে আমার প্রাণাধিক আত্মীয়েরা আমার দিকে চাহিয়া মনে মনে মুখ বক্র করিতেছে, দস্ত ঘর্ষণ করিতেছে, শৃঙ্খলবদ্ধ ভীষণ কুকুরের মতো চারি দিক হইতে আমার উপরে ঝাঁপাইয়া পড়িবার অবসর খুঁজিতেছে। ইহা অপেক্ষা ইহাদের খরনখরাঘাতে ছিন্নবিচ্ছিন্ন হইয়া, ইহাদের রক্তের তৃষা মিটাইয়া এখান হইতে অপসৃত হওয়াই ভালো।’

প্রভাত-আকাশে গোবিন্দমাণিক্য যে প্রেমমুখচ্ছবি দেখিয়াছিলেন তাহা কোথায় মিলাইয়া গেল।

উঠিয়া দাঁড়াইয়া মহারাজ গম্ভীরস্বরে বলিলেন, “নক্ষত্র, আজ অপরাহ্নে গোমতীতীরের নির্জন অরণ্যে আমরা দুইজনে বেড়াইতে যাইব।”

রাজার এই গম্ভীর আদেশবাণীর বিরুদ্ধে নক্ষত্রের মুখে কথা সরিল না, কিন্তু সংশয়ে ও আশঙ্কায় তাঁহার মন আকুল হইয়া উঠিল। তাঁহার মনে হইতে লাগিল, মহারাজ এতক্ষণ নীরবে দুই চক্ষু তাঁহারই মনের দিকে নিবিষ্ট করিয়া বসিয়াছিলেন— সেখানে অন্ধকার গর্তের মধ্যে যে ভাবনাগুলো কীটের মতো কিল্বিল্ করিতেছিল, সেগুলো যেন সহসা আলো দেখিয়া অস্থির হইয়া বাহির হইয়া পড়িয়াছে। ভয়ে ভয়ে নক্ষত্ররায় রাজার মুখের দিকে একবার চাহিলেন— দেখিলেন তাঁহার মুখে কেবল সুগভীর বিষণ্ণ শান্তির ভাব, সেখানে রোষের রেখামাত্র নাই। মানবহৃদয়ের কঠিন নিষ্ঠুরতা দেখিয়া কেবল সুগভীর শোক তাঁহার হৃদয়ে বিরাজ করিতেছিল।

বেলা পড়িয়া আসিল। তখনো মেঘ করিয়া আছে। নক্ষত্ররায়কে সঙ্গে লইয়া মহারাজ পদব্রজে অরণ্যের দিকে চলিলেন। এখনো সন্ধ্যা হইতে বিলম্ব আছে, কিন্তু মেঘের অন্ধকারে সন্ধ্যা বলিয়া ভ্রম হইতেছে— কাকেরা অরণ্যের মধ্যে ফিরিয়া আসিয়া অবিশ্রাম চীৎকার করিতেছে, কিন্তু দুই-একটা চিল এখনো আকাশে সাঁতার দিতেছে। দুই ভাই যখন নির্জন বনের মধ্যে প্রবেশ করিলেন, তখন নক্ষত্ররায়ের গা ছম্ছম্ করিতে লাগিল। বড়ো বড়ো প্রাচীন গাছ জটলা করিয়া দাঁড়াইয়া আছে— তাহারা একটি কথা কহে না, কিন্তু স্থির হইয়া যেন কীটের পদশব্দটুকু পর্যন্তও শোনে; তাহারা কেবল নিজের ছায়ার দিকে, তলস্থিত অন্ধকারের দিকে অনিমেঘ নেত্রে চাহিয়া থাকে। অরণ্যের সেই জটিল রহস্যের ভিতরে পদক্ষেপ করিতে নক্ষত্ররায়ের পা যেন আর উঠে না— চারি দিকে সুগভীর নিস্তব্ধতার ভূকুটি দেখিয়া হৃৎকম্প উপস্থিত হইতে লাগিল; নক্ষত্ররায়ের অত্যন্ত সন্দেহ ও ভয় জন্মিল; ভীষণ অদৃষ্টের মতো নীরব রাজা এই সন্ধ্যাকালে এই পৃথিবীর অন্তরাল দিয়া তাঁহাকে কোথায় লইয়া যাইতেছেন কিছুই তাঁহার পাইলেন না। নিশ্চয় মনে করিলেন, রাজার কাছে ধরা পড়িয়াছেন, এবং গুরুতর শাস্তি দিবার জন্যই রাজা তাঁহাকে এই অরণ্যের মধ্যে আনিয়া ফেলিয়াছেন। নক্ষত্ররায় উর্ধ্বশ্বাসে পালাইতে পারিলে বাঁচেন, কিন্তু মনে হইল কে যেন তাঁহার হাত-পা বাঁধিয়া টানিয়া লইয়া যাইতেছে। কিছুতেই আর পরিত্রাণ নাই।

অরণ্যের মধ্যস্থলে কতকটা ফাঁকা। একটি স্বাভাবিক জলাশয়ের মতো আছে, বর্ষাকালে তাহা জলে পরিপূর্ণ। সেই জলাশয়ের ধারে সহসা ফিরিয়া দাঁড়াইয়া রাজা বলিলেন, “দাঁড়াও!”

নক্ষত্ররায় চমকিয়া দাঁড়াইলেন। মনে হইল রাজার আদেশ শুনিয়া সেই মুহূর্তে কালের শ্রোত যেন বন্ধ হইল— সেই মুহূর্তেই যেন অরণ্যের বৃক্ষগুলি যে যেখানে ছিল ঝুঁকিয়া দাঁড়াইল— নীচে হইতে ধরণী এবং উপর হইতে আকাশ যেন নিশ্বাস রুদ্ধ করিয়া স্তব্ধ হইয়া চাহিয়া রহিল। কাকের কোলাহল থামিয়া গেছে, বনের মধ্যে একটি শব্দ নাই। কেবল সেই ‘দাঁড়াও’ শব্দ অনেকক্ষণ ধরিয়া যেন গম্ গম্ করিতে লাগিল— সেই ‘দাঁড়াও’ শব্দ যেন তড়িৎপ্রবাহের মতো বৃক্ষ হইতে বৃক্ষান্তরে, শাখা হইতে প্রশাখায় প্রবাহিত হইতে লাগিল; অরণ্যের প্রত্যেক পাতাটা যেন সেই শব্দের কম্পনে রী রী করিতে লাগিল। নক্ষত্ররায়ও যেন গাছের মতোই স্তব্ধ হইয়া দাঁড়াইলেন।

রাজা তখন নক্ষত্ররায়ের মুখের দিকে মর্মভেদী স্থির বিষণ্ণ দৃষ্টি স্থাপিত করিয়া প্রশান্ত গম্ভীর স্বরে ধীরে ধীরে কহিলেন, “নক্ষত্র, তুমি আমাকে মারিতে চাও?”

নক্ষত্র বজ্রাহতের মতো দাঁড়াইয়া রহিলেন, উত্তর দিবার চেষ্ঠাও করিতে পারিলেন না।

রাজা কহিলেন, “কেন মারিবে ভাই? রাজ্যের লোভে? তুমি কি মনে কর রাজ্য কেবল সোনার সিংহাসন, হীরার মুকুট ও রাজছত্র? এই মুকুট, এই রাজছত্র, এই রাজদণ্ডের ভার কত তাহা জান? শত-সহস্র লোকের চিন্তা এই হীরার মুকুট দিয়া ঢাকিয়া রাখিয়াছি। রাজ্য পাইতে চাও তো সহস্র লোকের দুঃখকে আপনার দুঃখ বলিয়া গ্রহণ করো, সহস্র লোকের বিপদকে আপনার বিপদ বলিয়া বরণ করো, সহস্র লোকের দারিদ্র্যকে আপনার দারিদ্র্য বলিয়া স্কন্ধে বহন করো— এ যে করে সেই রাজা, সে পর্ণকুটিরেই থাক্ আর প্রাসাদেই থাক্। যে ব্যক্তি সকল লোককে আপনার বলিয়া মনে

করিতে পারে, সকল লোক তো তাহারই। পৃথিবীর দুঃখহরণ যে করে সেই পৃথিবীর রাজা। পৃথিবীর রক্ত ও অর্থ শোষণ যে করে সে তো দস্যু—সহস্র অভাগার অশ্রুজল তাহার মস্তকে অহর্নিশি বর্ষিত হইতেছে, সেই অভিশাপধারা হইতে কোনো রাজহত্ব তাহাকে রক্ষা করিতে পারে না। তাহার প্রচুর রাজভোগের মধ্যে শত শত উপবাসীর ক্ষুধা লুকাইয়া আছে, অনাথের দারিদ্র্য গলাইয়া সে সোনার অলংকার করিয়া পরে, তাহার ভূমিবিস্তৃত রাজবস্ত্রের মধ্যে শত শত শীতাতুরের মলিন ছিন্ন কস্থা। রাজাকে বধ করিয়া রাজত্ব মেলে না ভাই, পৃথিবীকে বশ করিয়া রাজা হইতে হয়।”

গোবিন্দমাণিক্য থামিলেন। চারি দিকে গভীর স্তব্ধতা বিরাজ করিতে লাগিল। নক্ষত্ররায় মাথা নত করিয়া চূপ করিয়া রহিলেন।

মহারাজ খাপ হইতে তরবারি খুলিলেন। নক্ষত্ররায়ের সম্মুখে ধরিয়া বলিলেন, “ভাই, এখানে লোক নাই, সাক্ষ্য নাই, কেহ নাই—ভাইয়ের বক্ষে ভাই যদি ছুরি মারিতে চায় তবে তাহার স্থান এই, সময় এই। এখানে কেহ তোমাকে নিবারণ করিবে না, কেহ তোমাকে নিন্দা করিবে না। তোমার শিরায় আর আমার শিরায় একই রক্ত বহিতেছে, একই পিতা একই পিতামহের রক্ত—তুমি সেই রক্ত পাত করিতে চাও করো, কিন্তু মনুষ্যের আবাসস্থলে করিয়ো না। কারণ, যেখানে এই রক্তের বিন্দু পড়িবে, সেইখানেই অলক্ষ্যে ভ্রাতৃত্বের পবিত্র বন্ধন শিথিল হইয়া যাইবে। পাপের শেষ কোথায় গিয়া হয় কে জানে। পাপের একটি বীজ যেখানে পড়ে সেখানে দেখিতে দেখিতে গোপনে কেমন করিয়া সহস্র বৃক্ষ জন্মায়, কেমন করিয়া অল্পে অল্পে সুশোভন মানবসমাজ অরণ্যে পরিণত হইয়া যায় তাহা কেহ জানিতে পারে না। অতএব নগরে গ্রামে যেখানে নিশ্চিতচিত্তে পরমস্নেহে ভাইয়ে ভাইয়ে গলাগলি করিয়া আছে, সেই ভাইদের নীড়ের মধ্যে ভাইয়ের রক্তপাত করিয়ো না। এইজন্য তোমাকে আজ অরণ্যে ডাকিয়া আনিয়াছি।”

এই বলিয়া রাজা নক্ষত্ররায়ের হাতে তরবারি দিলেন। নক্ষত্ররায়ের হাত হইতে তরবারি ভূমিতে পড়িয়া গেল। নক্ষত্ররায় দুই হাতে মুখ ঢাকিয়া কাঁদিয়া উঠিয়া রুদ্ধকণ্ঠে কহিলেন, “দাদা, আমি দোষী নই—এ কথা আমার মনে কখনো উদয় হয় নাই—”

রাজা তাঁহাকে আলিঙ্গন করিয়া বলিলেন, “আমি তাহা জানি। তুমি কি কখনো আমাকে আঘাত করিতে পারো—তোমাকে পাঁচজনে মন্দ পরামর্শ দিয়াছে।”

নক্ষত্ররায় বলিলেন, “আমাকে রঘুপতি কেবল এই উপদেশ দিতেছে।”

রাজা বলিলেন, “রঘুপতির কাছ হইতে দূরে থাকিয়ো।”

নক্ষত্ররায় বলিলেন, “কোথায় যাইব বলিয়া দিন। আমি এখানে থাকিতে চাই না। আমি এখান হইতে—রঘুপতির কাছ হইতে পালাইতে চাই।”

রাজা বলিলেন, “তুমি আমারই কাছে থাকো—আর কোথাও যাইতে হইবে না—রঘুপতি তোমার কী করিবে!”

নক্ষত্ররায় রাজার হাত দৃঢ় করিয়া ধরিলেন, যেন রঘুপতি তাঁহাকে টানিয়া লইবে বলিয়া আশঙ্কিত হইতেছে।

একাদশ পরিচ্ছেদ

নক্ষত্ররায় রাজার হাত ধরিয়া অরণ্যের মধ্য দিয়া যখন গৃহে ফিরিয়া আসিতেছেন তখনো আকাশ হইতে অল্প অল্প আলো আসিতেছিল—কিন্তু অরণ্যের নীচে অত্যন্ত অন্ধকার হইয়াছে। যেন অন্ধকারের বন্যা আসিয়াছে, কেবল গাছগুলোর মাথা উপরে জাগিয়া আছে। ক্রমে তাহাও ডুবিয়া যাইবে; তখন অন্ধকারে পূর্ণ হইয়া আকাশে পৃথিবীতে এক হইয়া যাইবে।

প্রাসাদের পথে না গিয়া রাজা মন্দিরের দিকে গেলেন। মন্দিরের সন্ধ্যা-আরতি সমাপন করিয়া একটি দীপ জ্বালিয়া রঘুপতি ও জয়সিংহ কুটিরে বসিয়া আছেন। উভয়েই নীরবে আপন আপন ভাবনা

লইয়া আছেন। দীপের ক্ষীণ আলোকে কেবল তাঁহাদের দুইজনের মুখের অন্ধকার দেখা যাইতেছে। নক্ষত্রায় রঘুপতিকে দেখিয়া মুখ তুলিতে পারিলেন না; রাজার ছায়ায় দাঁড়াইয়া মাটির দিকে চাহিয়া রহিলেন— রাজা তাঁহাকে পাশে টানিয়া লইয়া দৃঢ়রূপে তাঁহার হাত ধরিয়া দাঁড়াইলেন ও স্থির নেত্রে রঘুপতির মুখের দিকে একবার চাহিলেন। রঘুপতি তীব্রদৃষ্টিতে নক্ষত্রায়ের প্রতি কটাক্ষপাত করিলেন। অবশেষে রাজা রঘুপতিকে প্রণাম করিলেন, নক্ষত্রায়ও তাঁহার অনুসরণ করিলেন। রঘুপতি প্রণাম গ্রহণ করিয়া গম্ভীর স্বরে কহিলেন, “জয়োস্তু— রাজ্যের কুশল?”

রাজা একটুখানি থামিয়া বলিলেন, “ঠাকুর, আশীর্বাদ করুন, রাজ্যের অকুশল না ঘটুক। এ রাজ্যে মায়ের সকল সন্তান যেন সদ্ভাবে প্রেমে মিলিয়া থাকে, এ রাজ্যে ভাইয়ের কাছ হইতে ভাইকে কেহ যেন কাড়িয়া না লয়, যেখানে প্রেম আছে সেখানে কেহ যেন হিংসার প্রতিষ্ঠা না করে। রাজ্যের অমঙ্গল আশঙ্কা করিয়াই আসিয়াছি। পাপ-সংকল্পের সংঘর্ষণে দাবানল জ্বলিয়া উঠিতে পারে— নির্বাণ করুন, শান্তির বারি বর্ষণ করুন, পৃথিবী শীতল করুন।”

রঘুপতি কহিলেন, “দেবতার রোষানল জ্বলিয়া উঠিলে কে তাহা নির্বাণ করিবে? এক অপরাধীর জন্য সহস্র নিরপরাধ সে অনলে দগ্ধ হয়।”

রাজা বলিলেন, “সেই তো ভয়, সেইজন্যই তো কাঁপিতেছি। সে কথা কেহ বুঝিয়াও বোঝে না কেন! আপনি কি জানেন না, এ রাজ্যে দেবতার নাম করিয়া দেবতার নিয়ম লঙ্ঘন করা হইতেছে? সেইজন্যই অমঙ্গল-আশঙ্কায় আজ সন্ধ্যাবেলায় এখানে আসিয়াছি— এখানে পাপের বৃক্ষ রোপণ করিয়া আমার এই ধনধান্যময় সুখের রাজ্যে দেবতার বজ্র আহ্বান করিয়া আনিবেন না। আপনাকে এই কথা বলিয়া গেলাম, এই কথা বলিবার জন্যই আমি আজ আসিয়াছিলাম।”

বলিয়া মহারাজ রঘুপতির মুখের উপর তাঁহার মর্মভেদী দৃষ্টি স্থাপন করিলেন। রাজার সুগম্ভীর দৃঢ়স্বর রুদ্ধ ঝটিকার মতো কুটিরের মধ্যে কাঁপিতে লাগিল। রঘুপতি একটি উত্তর দিলেন না, পইতা লইয়া নাড়িতে লাগিলেন। রাজা প্রণাম করিয়া নক্ষত্রায়ের হাত ধরিয়া বাহির হইয়া আসিলেন, সঙ্গে সঙ্গে জয়সিংহও বাহির হইলেন। ঘরের মধ্যে কেবল একটি দীপ, রঘুপতি এবং রঘুপতির বৃহৎ ছায়া রহিল।

তখন আকাশের আলো নিবিয়া গেছে। মেঘের মধ্যে তারা নিমগ্ন। আকাশের কানায় কানায় অন্ধকার। পূবে বাতাসে সেই ঘোর অন্ধকারের মধ্যে কোথা হইতে কদম ফুলের গন্ধ পাওয়া যাইতেছে এবং অরণ্যে মর্মরশব্দ শুনা যাইতেছে। ভাবনায় নিমগ্ন হইয়া পরিচিত পথ দিয়া রাজা চলিতেছেন, সহসা পশ্চাৎ হইতে শুনিলেন কে ডাকিল— “মহারাজ!”

রাজা ফিরিয়া জিজ্ঞাসা করিলেন, “কে তুমি?”

পরিচিত স্বর কহিল, “আমি আপনার অধম সেবক, আমি জয়সিংহ। মহারাজ, আপনি আমার গুরু, আমার প্রভু। আপনি ছাড়া আমার আর কেহ নাই। যেমন আপনি আপনার কনিষ্ঠ ভ্রাতার হাত ধরিয়া অন্ধকারের মধ্যে দিয়া লইয়া যাইতেছেন, তেমনি আমারও হাত ধরুন, আমাকেও সঙ্গে লইয়া যান; আমি গুরুতর অন্ধকারের মধ্যে পড়িয়াছি। আমার কিসে ভালো হইবে, কিসে মন্দ হইবে, কিছুই জানি না। আমি একবার বামে যাইতেছি, একবার দক্ষিণে যাইতেছি, আমার কর্ণধার কেহ নাই।”

সেই অন্ধকারে অশ্রু পড়িতে লাগিল, কেহ দেখিতে পাইল না, কেবল আবেগভরে জয়সিংহের আর্দ্র স্বর কাঁপিতে কাঁপিতে রাজার কর্ণে প্রবেশ করিতে লাগিল। স্তব্ধ স্থির অন্ধকার বায়ুচঞ্চল সমুদ্রের মতো কাঁপিতে লাগিল। রাজা জয়সিংহের হাত ধরিয়া বলিলেন, “চলো, আমার সঙ্গে প্রাসাদে চলো।”

দ্বাদশ পরিচ্ছেদ

তাহার পরদিন যখন জয়সিংহ মন্দিরে ফিরিয়া আসিলেন, তখন পূজার সময় অতীত হইয়া গিয়াছে। রঘুপতি বিমর্ষ মুখে একাকী বসিয়া আছেন। ইহার পূর্বে কখনো এরূপ অনিয়ম হয় নাই।

জয়সিংহ আসিয়া গুরুর কাছে না গিয়া তাঁহার বাগানের মধ্যে গেলেন। তাঁহার গাছপালাগুলির মধ্যে গিয়া বসিলেন। তাহারা তাঁহার চারি দিকে কাঁপিতে লাগিল, নড়িতে লাগিল, ছায়া নাচাইতে লাগিল। তাঁহার চারি দিকে পুষ্পখচিত পল্লবের স্তর, শ্যামল স্তরের উপর স্তর, ছায়াপূর্ণ সুকোমল স্নেহের আচ্ছাদন, সুমধুর আহ্বান, প্রকৃতির প্রীতিপূর্ণ আলিঙ্গন। এখানে সকলে অপেক্ষা করিয়া থাকে, কথা জিজ্ঞাসা করে না, ভাবনার ব্যাঘাত করে না, চাহিলে তবে চায়, কথা कहিলে তবে কথা কয়। এই নীরব শুশ্রূষার মধ্যে, প্রকৃতির এই অস্তঃপুরের মধ্যে বসিয়া জয়সিংহ ভাবিতে লাগিলেন। রাজা তাঁহাকে যে-সকল উপদেশ দিয়াছিলেন, তাহাই মনে মনে আলোচনা করিতে লাগিলেন।

এমন সময়ে ধীরে ধীরে রঘুপতি আসিয়া তাঁহার পিঠে হাত দিলেন। জয়সিংহ সচকিত হইয়া উঠিলেন। রঘুপতি তাঁহার পাশে বসিলেন। জয়সিংহের মুখের দিকে চাহিয়া কম্পিতস্বরে कहিলেন, “বৎস, তোমার এমন ভাব দেখিতেছি কেন? আমি তোমার কী করিয়াছি যে, তুমি অল্পে অল্পে আমার কাছ হইতে সরিয়া যাইতেছ?”

জয়সিংহ কী বলিতে চেষ্টা করিলেন, রঘুপতি তাহাতে বাধা দিয়া বলিতে লাগিলেন, “এক মুহূর্তের জন্য কি আমার স্নেহের অভাব দেখিয়াছ? আমি কি তোমার কাছে কোনো অপরাধ করিয়াছি জয়সিংহ? যদি করিয়া থাকি তবে আমি তোমার গুরু, তোমার পিতৃতুল্য, আমি তোমার কাছে ক্ষমা ভিক্ষা চাহিতেছি— আমাকে মার্জনা করো।”

জয়সিংহ বজ্রাহতের ন্যায় চমকিয়া উঠিলেন; গুরুর চরণ ধরিয়া কাঁদিতে লাগিলেন; বলিলেন, “পিতা, আমি কিছুই জানি না, আমি কিছুই বুঝিতে পারি না, আমি কোথায় যাইতেছি দেখিতে পাইতেছি না।”

রঘুপতি জয়সিংহের হাত ধরিয়া বলিলেন, “বৎস, আমি তোমাকে তোমার শৈশব হইতে মাতার ন্যায় স্নেহে পালন করিয়াছি, পিতার অধিক যত্নে শাস্ত্রশিক্ষা দিয়াছি— তোমার প্রতি সম্পূর্ণ বিশ্বাস স্থাপন করিয়া সখার ন্যায় তোমাকে আমার সমুদয় মন্ত্রণার সহযোগী করিয়াছি। আজ তোমাকে কে আমার পাশ হইতে টানিয়া লইতেছে? এতদিনকার স্নেহমমতার বন্ধন কে বিচ্ছিন্ন করিতেছে? তোমার উপর আমার যে দেবদত্ত অধিকার জন্মিয়াছে সে পবিত্র অধিকারে কে হস্তক্ষেপ করিয়াছে? বলো, বৎস, সেই মহাপাতকের নাম বলো।”

জয়সিংহ বলিলেন, “প্রভু, আপনার কাছ হইতে আমাকে কেহ বিচ্ছিন্ন করে নাই— আপনিই আমাকে দূর করিয়া দিয়াছেন। আমি ছিলাম গৃহের মধ্যে, আপনি সহসা পথের মধ্যে আমাকে বাহির করিয়া দিয়াছেন। আপনি বলিয়াছেন, কেই-বা পিতা, কেই-বা মাতা, কেই-বা ভ্রাতা। আপনি বলিয়াছেন, পৃথিবীতে কোনো বন্ধন নাই, স্নেহপ্রেমের পবিত্র অধিকার নাই। যাহাকে মা বলিয়া জানিতাম, আপনি তাঁহাকে বলিয়াছেন শক্তি— যে যেখানে হিংসা করিতেছে, যে যেখানে রক্তপাত করিতেছে, যেখানেই ভাইয়ে ভাইয়ে বিবাদ, যেখানেই দুইজন মানুষে যুদ্ধ, সেইখানেই এই তৃষিত শক্তি রক্তলালসায় তাঁহার খর্পর লইয়া দাঁড়াইয়া আছেন। আপনি মায়ের কোল হইতে আমাকে এ কী রাক্ষসীর দেশে নির্বাসিত করিয়া দিয়াছেন!”

রঘুপতি অনেকক্ষণ স্তম্ভিত হইয়া বসিয়া রহিলেন। অবশেষে নিশ্বাস ফেলিয়া বলিলেন, “তবে তুমি স্বাধীন হইলে, বন্ধনমুক্ত হইলে, তোমার উপর হইতে আমার সমস্ত অধিকার আমি প্রত্যাহরণ করিলাম। তাহাতেই যদি তুমি সুখী হও, তবে তাই হউক।”

বলিয়া উঠিবার উদ্যোগ করিলেন।

জয়সিংহ তাঁহার পা ধরিয়া বলিলেন, “না না না প্রভু— আপনি আমাকে ত্যাগ করিলেও আমি

আপনাকে ত্যাগ করিতে পারি না। আমি রহিলাম— আপনার পদতলেই রহিলাম, আপনি যাহা ইচ্ছা করিবেন। আপনার পথ ছাড়া আমার অন্য পথ নাই।”

রঘুপতি তখন জয়সিংহকে আলিঙ্গন করিয়া ধরিলেন— তাঁহার অশ্রু প্রবাহিত হইয়া জয়সিংহের স্কন্ধে পড়িতে লাগিল।

ত্রয়োদশ পরিচ্ছেদ

মন্দিরে অনেক লোক জমা হইয়াছে। খুব কোলাহল উঠিয়াছে। রঘুপতি রুম্বস্বরে জিজ্ঞাসা করিলেন, “তোমরা কী করিতে আসিয়াছ?”

তাহারা নানা কণ্ঠে বলিয়া উঠিল, “আমরা ঠাকরুন-দর্শন করিতে আসিয়াছি।”

রঘুপতি বলিয়া উঠিলেন, “ঠাকরুন কোথায়! ঠাকরুন এ রাজ্য থেকে চলে গেছেন। তোরা ঠাকরুনকে রাখতে পারলি কই! তিনি চলে গেছেন।”

ভারি গোলমাল উঠিল, নানা দিক হইতে নানা কথা শুনা যাইতে লাগিল।

“সে কী কথা ঠাকুর!”

“আমরা কী অপরাধ করেছি ঠাকুর?”

“মা কি কিছুতেই প্রসন্ন হবেন না?”

“আমার ভাইপোর ব্যামো ছিল ব’লে আমি ক’দিন পূজো দিতে আসি নি।” (তার দৃঢ় বিশ্বাস, তাহারই উপেক্ষা সহিতে না পারিয়া দেবী দেশ ছাড়িতেছেন।)

“আমার পাঁঠা-দুটি ঠাকরুনকে দেব মনে করেছিলুম, বিস্তর দূর বলে আসতে পারি নি।” (দুটো পাঁঠা দিতে দেরি করিয়া রাজ্যের যে একরূপ অমঙ্গল ঘটিল, ইহাই মনে করিয়া সে কাতর হইতেছিল।)

“গোবর্ধন যা মানত করেছিল তা মাকে দেয় নি বটে, কিন্তু মাও তো তেমনি তাকে শাস্তি দিয়েছেন। তার পিলে বেড়ে ঢাক হয়েছে, সে আজ ছ মাস বিছানায় পড়ে।” (গোবর্ধন তাহার প্লীহার আতিশয্য লইয়াই চুলায় যাক, মা দেশে থাকুন— এইরূপ সে মনে মনে প্রার্থনা করিল। সকলেই অভাগা গোবর্ধনের প্লীহার প্রচুর উন্নতি কামনা করিতে লাগিল।)

ভিড়ের মধ্যে একটি দীর্ঘপ্রস্থ লোক ছিল, সে সকলকে ধমক দিয়া থামাইল এবং রঘুপতিকে জোড়হস্তে কহিল, “ঠাকুর, মা কেন চলিয়া গেলেন, আমাদের কী অপরাধ হইয়াছিল?”

রঘুপতি কহিলেন, “তোরা মায়ের জন্য এক ফোঁটা রক্ত দিতে পারিস নে, এই তো তোদের ভক্তি!”

সকলে চুপ করিয়া রহিল। অবশেষে কথা উঠিতে লাগিল। অস্পষ্ট স্বরে কেহ কেহ বলিতে লাগিল, “রাজার নিষেধ, আমরা কী করিব!”

জয়সিংহ প্রস্তরের পুত্তলিকার মতো স্থির হইয়া বসিয়া ছিলেন। ‘মায়ের নিষেধ’ এই কথা তড়িৎবেগে তাঁহার রসনাগ্রে উঠিয়াছিল; কিন্তু তিনি আপনাকে দমন করিলেন, একটি কথা কহিলেন না!

রঘুপতি তীব্রস্বরে বলিয়া উঠিলেন, “রাজা কে! মায়ের সিংহাসন কি রাজার সিংহাসনের নীচে? তবে এই মাতৃহীন দেশে তোদের রাজাকে লইয়াই তোরা থাক। দেখি তোদের কে রক্ষা করে।”

জনতার মধ্যে গুন্ গুন্ শব্দ উঠিল। সকলেই সাবধানে কথা কহিতে লাগিল।

রঘুপতি দাঁড়াইয়া উঠিয়া বলিলেন, “রাজাকেই বড়ো করিয়া লইয়া তোদের মাকে তোরা রাজ্য হইতে অপমান করিয়া বিদায় করিলি। সুখে থাকিবি মনে করিস নে। আর তিন বৎসর পরে এতবড়ো রাজ্যে তোদের ভিটের চিহ্ন থাকিবে না— তোদের বংশে বাতি দিবার কেহ থাকিবে না।”

জনতার মধ্যে সাগরের গুন্ গুন্ শব্দ ক্রমশ স্ফীত হইয়া উঠিতে লাগিল। জনতাও ক্রমে বাড়িতেছে। সেই দীর্ঘ লোকটি জোড়হাত করিয়া রঘুপতিকে কহিল, “সন্তান যদি অপরাধ ক’রে থাকে

তবে মা তাকে শাস্তি দিন, কিন্তু মা সন্তানকে একেবারে পরিত্যাগ করে যাবেন এ কি কখনো হয় ! প্রভু, বলে দিন কী করলে মা ফিরে আসবেন ।”

রঘুপতি কহিলেন, “তোদের এই রাজা যখন এ রাজ্য হইতে বাহির হইয়া যাইবেন মাও তখন এই রাজ্যে পুনর্বার পদার্পণ করিবেন ।”

এই কথা শুনিয়া জনতার গুন্ গুন্ শব্দ হঠাৎ থামিয়া গেল । হঠাৎ চতুর্দিক সুগভীর নিস্তব্ধ হইয়া গেল, অবশেষে পরস্পর পরস্পরের মুখের দিকে চাহিতে লাগিল ; কেহ সাহস করিয়া কথা কহিতে পারিল না ।

রঘুপতি মেঘগম্ভীর স্বরে কহিলেন, “তবে তোরা দেখিবি ! আয়, আমার সঙ্গে আয় । অনেক দূর হতে অনেক আশা করিয়া তোরা ঠাকরুনকে দর্শন করিতে আসিয়াছিস— চল, একবার মন্দিরে চল ।”

সকলে সভয়ে মন্দিরের প্রাঙ্গণে আসিয়া সমবেত হইল । মন্দিরের দ্বার রুদ্ধ ছিল, রঘুপতি ধীরে ধীরে দ্বার খুলিয়া দিলেন ।

কিয়ৎক্ষণ কাহারও মুখে বাক্যস্ফূর্তি হইল না । প্রতিমার মুখ দেখা যাইতেছে না, প্রতিমার পশ্চাদ্ভাগ দর্শকের দিকে স্থাপিত । মা বিমুখ হইয়াছেন । সহসা জনতার মধ্য হইতে ক্রন্দনধ্বনি উঠিল, “একবার ফিরে দাঁড়া মা ! আমরা কী অপরাধ করেছি !” চারি দিকে “মা কোথায়, মা কোথায়” রব উঠিল । প্রতিমা পাষণ বলিয়াই ফিরিল না । অনেকে মূর্ছা গেল । ছেলেরা কিছু না বুঝিয়া কাঁদিয়া উঠিল । বৃদ্ধেরা মাতৃহারা শিশুসন্তানের মতো কাঁদিতে লাগিল, “মা, ওমা !” স্ত্রীলোকদের ঘোমটা খুলিয়া গেল, অঞ্চল খসিয়া পড়িল, তাহারা বক্ষে করাঘাত করিতে লাগিল । যুবকেরা কম্পিত উর্ধ্বস্বরে বলিতে লাগিল, “মা, তোকে আমরা ফিরিয়ে আনব— তোকে আমরা ছাড়ব না ।”

একজন পাগল-গাহিয়া উঠিল—

“মা আমার পাষণের মেয়ে,
সন্তানে দেখলি নে চেয়ে ।”

মন্দিরের দ্বারে দাঁড়াইয়া সমস্ত রাজ্য যেন “মা” “মা” করিয়া বিলাপ করিতে লাগিল— কিন্তু প্রতিমা ফিরিল না । মধ্যাহ্নের সূর্য প্রখর হইয়া উঠিল, প্রাঙ্গণে উপবাসী জনতার বিলাপ থামিল না ।

তখন জয়সিংহ কম্পিতপদে আসিয়া রঘুপতিকে কহিলেন, “প্রভু, আমি কি একটি কথাও কহিতে পাইব না ?”

রঘুপতি কহিলেন, “না, একটি কথাও না ।”

জয়সিংহ কহিলেন, “সন্দেহের কি কোনো কারণ নাই ?”

রঘুপতি দৃঢ়স্বরে কহিলেন, “না ।”

জয়সিংহ দৃঢ়রূপে মুষ্টি বদ্ধ করিয়া কহিলেন, “সমস্তই কি বিশ্বাস করিব ?”

রঘুপতি জয়সিংহকে সুতীর দৃষ্টিদ্বারা দন্ধ করিয়া কহিলেন, “হাঁ ।”

জয়সিংহ বক্ষে হাত দিয়া কহিলেন, “আমার বক্ষ বিদীর্ণ হইয়া যাইতেছে ।”

তিনি জনতার মধ্য হইতে ছুটিয়া বাহির হইয়া গেলেন ।

চতুর্দশ পরিচ্ছেদ

তাহার পরদিন ২৯শে আষাঢ় । আজ রাত্রে চতুর্দশ দেবতার পূজা । আজ প্রভাতে তালবনের আড়ালে সূর্য যখন উঠিতেছে, তখন পূর্ব দিকে মেঘ নাই । কনককিরণপ্লাবিত আনন্দময় কাননের মধ্যে গিয়া জয়সিংহ যখন বসিলেন তখন তাহার পুরাতন স্মৃতি-সকল মনে উঠিতে লাগিল । এই বনের মধ্যে এই পাষণমন্দিরের পাষণসোপানাবলীর মধ্যে, এই গোমতীতীরে সেই বৃহৎ বটের ছায়ায়, সেই ছায়া-দিয়া-ঘেরা পুকুরের ধারে তাহার বাল্যকাল সুমধুর স্বপ্নের মতো মনে পড়িতে লাগিল । যে-সকল

মধুর দৃশ্য তাঁহার বাল্যকালকে সন্নেহে ঘিরিয়া থাকিত তাহারা আজ হাসিতেছে, তাঁহাকে আবার আহ্বান করিতেছে, কিন্তু তাঁহার মন বলিতেছে, 'আমি যাত্রা করিয়া বাহির হইয়াছি, আমি বিদায় লইয়াছি, আমি আর ফিরিব না।' শ্বেত পাষাণের মন্দিরের উপরে সূর্যকিরণ পড়িয়াছে এবং তাহার বাম দিকের ভিত্তিতে বকুলশাখার কম্পিত ছায়া পড়িয়াছে। ছেলেবেলায় এই পাষাণমন্দিরকে যেমন সচেতন বোধ হইত, এই সোপানের মধ্যে একলা বসিয়া যখন খেলা করিতেন তখন এই সোপানগুলির মধ্যে যেমন সঙ্গ পাইতেন, আজ প্রভাতের সূর্যকিরণে মন্দিরকে তেমনি সচেতন, তাহার সোপানগুলিকে তেমনি শৈশবের চক্ষে দেখিতে লাগিলেন। মন্দিরের ভিতরে মাকে আজ আবার মা বলিয়া মনে হইতে লাগিল। কিন্তু অভিমানে তাঁহার হৃদয় পুরিয়া গেল, তাঁহার দুই চক্ষু ভাসিয়া জল পড়িতে লাগিল।

রঘুপতিকে আসিতে দেখিয়া জয়সিংহ চোখের জল মুছিয়া ফেলিলেন। গুরুকে প্রণাম করিয়া দাঁড়াইলেন। রঘুপতি কহিলেন, "আজ পূজার দিন। মায়ের চরণ স্পর্শ করিয়া কী শপথ করিয়াছিলে মনে আছে?"

জয়সিংহ কহিলেন, "আছে।"

রঘুপতি। শপথ পালন করিবে তো?

জয়সিংহ। হাঁ।

রঘুপতি। দেখিয়ো বৎস, সাবধানে কাজ করিয়ো। বিপদের আশঙ্কা আছে। আমি তোমাকে রক্ষা করিবার জন্যই প্রজাদিগকে রাজার বিরুদ্ধে উত্তেজিত করিয়াছি।

জয়সিংহ চুপ করিয়া রঘুপতির মুখের দিকে চাহিয়া রহিলেন, কিছুই উত্তর করিলেন না; রঘুপতি তাঁহার মাথায় হাত দিয়া বলিলেন, "আমার আশীর্বাদে নির্বিঘ্নে তুমি তোমার কার্য সাধন করিতে পারিবে, মায়ের আদেশ পালন করিতে পারিবে।"

এই বলিয়া চলিয়া গেলেন।

অপরাত্নে একটি ঘরে বসিয়া রাজা ধ্রুবের সহিত খেলা করিতেছেন। ধ্রুবের আদেশমতে একবার মাথার মুকুট খুলিতেছেন একবার পরিতেছেন; ধ্রুব মহারাজের এই দুর্দশা দেখিয়া হাসিয়া অস্থির হইতেছে। রাজা ঈষৎ হাসিয়া বলিলেন, "আমি অভ্যাস করিতেছি। তাঁহার আদেশে এ মুকুট যেমন সহজে পরিতে পারিয়াছি, তাঁহার আদেশে এ মুকুট যেন তেমনি সহজে খুলিতে পারি। মুকুট পরা শক্ত, কিন্তু মুকুট ত্যাগ করা আরো কঠিন।"

ধ্রুবের মনে সহসা একটা ভাবোদয় হইল— কিয়ৎক্ষণ রাজার মুখের দিকে চাহিয়া মুখে আঙুল দিয়া বলিল, "তুমি আজ।" রাজা শব্দ হইতে 'র' অক্ষর একেবারে সমূলে লোপ করিয়া দিয়াও ধ্রুবের মনে কিছুমাত্র অনুতাপের উদয় হইল না। রাজার মুখের সামনে রাজাকে আজা বলিয়া সে সম্পূর্ণ আত্মপ্রসাদ লাভ করিল।

রাজা ধ্রুবের এই ধৃষ্টতা সহ্য করিতে না পারিয়া বলিলেন, "তুমি আজ।"

ধ্রুব বলিল, "তুমি আজ।"

এ বিষয়ে তর্কের শেষ হইল না। কোনো পক্ষে কোনো প্রমাণ নাই, তর্ক কেবলই গায়ের জোরে। অবশেষে রাজা নিজের মুকুট লইয়া ধ্রুবের মাথায় চড়াইয়া দিলেন। তখন ধ্রুবের আর কথাটি কহিবার জো রহিল না, সম্পূর্ণ হার হইল। ধ্রুবের মুখের আধখানা সেই মুকুটের নীচে ডুবিয়া গেল। মুকুট-সমেত মস্ত মাথা দুলাইয়া ধ্রুব মুকুটহীন রাজার প্রতি আদেশ করিল, "একটা গল্প বলো।"

রাজা বলিলেন, "কী গল্প বলিব?"

ধ্রুব কহিল, "দিদির গল্প বলো।"

গল্পমাত্রকেই ধ্রুব দিদির গল্প বলিয়া জানিত। সে জানিত, দিদি যে-সকল গল্প বলিত তাহা ছাড়া পৃথিবীতে আর গল্প নাই। রাজা তখন মস্ত এক পৌরাণিক গল্প ফাঁদিয়া বসিলেন। তিনি বলিতে

লাগিলেন, “হিরণ্যকশিপু নামে এক রাজা ছিল।”

রাজা শুনিয়া ধুব বলিয়া উঠিল, “আমি আজ।” মস্ত টিলে মুকুটের জোরে হিরণ্যকশিপুর রাজপদ সে একেবারে অগ্রাহ্য করিল।

চাটুভাষী সভাসদের ন্যায় গোবিন্দমাণিক্য সেই কিরীটি শিশুকে সন্তুষ্ট করিবার জন্য বলিলেন, “তুমিও আজ, সেও আজ।”

ধুব তাহাতেও সুস্পষ্ট অসম্মতি প্রকাশ করিয়া বলিল, “না, আমি আজ।”

অবশেষে মহারাজ যখন বলিলেন, “হিরণ্যকশিপু আজা নয়, সে আক্স”, তখন ধুব তাহাতে আপত্তি করিবার কিছুই দেখিল না।

এমন সময় নক্ষত্ররায় গৃহে প্রবেশ করিলেন— কহিলেন, “শুনিলাম রাজকার্যোপলক্ষে মহারাজ আমাকে ডাকিয়াছেন। আদেশের জন্য প্রতীক্ষা করিতেছি।”

রাজা কহিলেন, “আর-একটু অপেক্ষা করো, গল্পটা শেষ করিয়া লই।” বলিয়া গল্পটা সমস্ত শেষ করিলেন। “আক্স দুটু”— গল্প শুনিয়া সংক্ষেপে ধুব এইরূপ মত প্রকাশ করিল।

ধুবের মাথায় মুকুট দেখিয়া নক্ষত্ররায়ের ভালো লাগে নাই। ধুব যখন দেখিল নক্ষত্ররায়ের দৃষ্টি তাহার দিকে স্থাপিত রহিয়াছে, তখন সে নক্ষত্ররায়কে গম্ভীরভাবে জানাইয়া দিল, “আমি আজ।”

নক্ষত্র বলিলেন, “ছি, ও কথা বলিতে নাই।” বলিয়া ধুবের মাথা হইতে মুকুট তুলিয়া লইয়া রাজার হাতে দিতে উদ্যত হইলেন। ধুব মুকুটহরণের সম্ভাবনা দেখিয়া সত্যকার রাজাদের মতো চীৎকার করিয়া উঠিল। গোবিন্দমাণিক্য তাহাকে এই আসন্ন বিপদ হইতে উদ্ধার করিলেন, নক্ষত্রকে নিবারণ করিলেন।

অবশেষে গোবিন্দমাণিক্য নক্ষত্ররায়কে কহিলেন, “শুনিয়াছি রঘুপতি ঠাকুর অসৎ উপায়ে প্রজাদের অসন্তোষ উদ্বেক করিয়া দিতেছেন। তুমি স্বয়ং নগরের মধ্যে গিয়া এ বিষয়ে তদারক করিয়া আসিবে এবং সত্য মিথ্যা অবধারণ করিয়া আমাকে জানাইবে।”

নক্ষত্ররায় কহিলেন, “যে আজে।” বলিয়া চলিয়া গেলেন, কিন্তু ধুবের মাথায় মুকুট তাহার কিছুতেই ভালো লাগিল না।

প্রহরী আসিয়া কহিল, “পুরোহিত ঠাকুরের সেবক জয়সিংহ সাক্ষাৎ-প্রার্থনায় দ্বারে দাঁড়াইয়া।”

রাজা তাহাকে প্রবেশের অনুমতি দিলেন।

জয়সিংহ মহারাজকে প্রণাম করিয়া করজোড়ে কহিলেন, “মহারাজ, আমি বহুদূরদেশে চলিয়া যাইতেছি। আপনি আমার রাজা, আমার গুরু, আপনার আশীর্বাদ লইতে আসিয়াছি।”

রাজা জিজ্ঞাসা করিলেন, “কোথায় যাইবে জয়সিংহ?”

জয়সিংহ কহিলেন, “জানি না মহারাজ, কোথায় তাহা কেহ বলিতে পারে না।”

রাজাকে কথা কহিতে উদ্যত দেখিয়া জয়সিংহ কহিলেন, “নিষেধ করিবেন না মহারাজ! আপনি নিষেধ করিলে আমার যাত্রা শুভ হইবে না; আশীর্বাদ করুন, এখানে আমার যে-সকল সংশয় ছিল, সেখানে যেন সে-সকল সংশয় দূর হইয়া যায়। এখানকার মেঘ সেখানে যেন কাটিয়া যায়। যেন আপনার মতো রাজার রাজত্বে যাই, যেন শান্তি পাই।”

রাজা জিজ্ঞাসা করিলেন, “কবে যাইবে?”

জয়সিংহ কহিলেন, “আজ সন্ধ্যাকালে। অধিক সময় নাই মহারাজ, আজ আমি তবে বিদায় হই।”

বলিয়া রাজাকে প্রণাম করিয়া রাজার পদধূলি লইলেন, রাজার চরণে দুই ফোঁটা অশ্রু পড়িল।

জয়সিংহ উঠিয়া যখন যাইতে উদ্যত হইলেন তখন ধুব ধীরে ধীরে গিয়া তাহার কাপড় টানিয়া কহিল, “তুমি যেয়ো না।”

জয়সিংহ হাসিয়া ফিরিয়া দাঁড়াইলেন, ধুবকে কোলে তুলিয়া লইয়া তাহাকে চুম্বন করিয়া কহিলেন, “কার কাছে থাকিব বৎস? আমার কে আছে?”

ধুব কহিল, “আমি আজ।”

জয়সিংহ কহিলেন, “তোমরা রাজার রাজা, তোমরাই সকলকে বন্দী করিয়া রাখিয়াছ।”

ধুবকে কোল হইতে নামাইয়া জয়সিংহ গৃহ হইতে বাহির হইয়া গেলেন। মহারাজ গম্ভীরমুখে অনেকক্ষণ ধরিয়া ভাবিতে লাগিলেন।

পঞ্চদশ পরিচ্ছেদ

চতুর্দশী তিথি। মেঘও করিয়াছে, চাঁদও উঠিয়াছে। আকাশের কোথাও আলো কোথাও অন্ধকার। কখনো চাঁদ বাহির হইতেছে, কখনো চাঁদ লুকাইতেছে। গোমতীতীরের অরণ্যগুলি চাঁদের দিকে চাহিয়া তাহাদের গভীর অন্ধকারাশির মর্মভেদ করিয়া মাঝে মাঝে নিশ্বাস ফেলিতেছে।

আজ রাত্রে পথে লোক বাহির হওয়া নিষেধ। রাত্রে পথে লোক কেই-বা বাহির হয়। কিন্তু নিষেধ আছে বলিয়া পথের বিজনতা আজ আরো গভীর বোধ হইতেছে। নগরবাসীরা সকলেই আপনার ঘরের দীপ নিবাইয়া দ্বার রুদ্ধ করিয়া দিয়াছে। পথে একটি প্রহরী নাই। চোরও আজ পথে বাহির হয় না। যাহারা শ্মশানে শবদাহ করিতে যাইবে তাহারা মৃতদেহ ঘরে লইয়া প্রভাতের জন্য প্রতীক্ষা করিয়া আছে। ঘরে যাহাদের সন্তান মুমূর্ষু তাহারা বৈদ্য ডাকিতে বাহির হয় না। যে ভিক্ষুক পথপ্রান্তে বৃক্ষতলে শয়ন করিত সে আজ গৃহস্থের গোশালায় আশ্রয় লইয়াছে।

সে রাত্রে শৃগাল-কুকুর নগরের পথে পথে বিচরণ করিতেছে, দুই-একটা চিতাবাঘ গৃহস্থের দ্বারের কাছে আসিয়া উঁকি মারিতেছে। মানুষের মধ্যে কেবল একজন মাত্র আজ গৃহের বাহিরে আছে— আর মানুষ নাই। সে একখানা ছুরি লইয়া নদীতীরে পাথরের উপর শান দিতেছে, এবং অন্যমনস্ক হইয়া কী ভাবিতেছে। ছুরির ধার যথেষ্ট ছিল, কিন্তু সে বোধ করি ছুরির সঙ্গে সঙ্গে ভাবনাতেও শান দিতেছিল, তাই তার শান দেওয়া আর শেষ হইতেছে না। প্রস্তরের ঘর্ষণে তীক্ষ্ণ ছুরি হিস হিস শব্দ করিয়া হিংসার লালসায় তপ্ত হইয়া উঠিতেছে। অন্ধকারের মধ্যে অন্ধকার নদী বহিয়া যাইতেছিল। জগতের উপর দিয়া অন্ধকার রজনীর প্রহর বহিয়া যাইতেছিল। আকাশের উপর দিয়া অন্ধকার ঘনমেঘের স্রোত ভাসিয়া যাইতেছিল।

অবশেষে যখন মুঘলধারে বৃষ্টি পড়িতে আরম্ভ হইল তখন জয়সিংহের চেতনা হইল। তপ্ত ছুরি খাপের মধ্যে পুরিয়া উঠিয়া দাঁড়াইলেন। পূজার সময় নিকটবর্তী হইয়াছে। তাহার শপথের কথা মনে পড়িয়াছে। আর এক দণ্ডও বিলম্ব করিলে চলিবে না।

মন্দির আজ সহস্র দীপে আলোকিত। ত্রয়োদশ দেবতার মাঝখানে কালী দাঁড়াইয়া নররক্তের জন্য জিহ্বা মেলিয়াছেন। মন্দিরের সেবকদিগকে বিদায় করিয়া দিয়া চতুর্দশ দেবপ্রতিমা সম্মুখে করিয়া রঘুপতি একাকী বসিয়া আছেন। তাহার সম্মুখে এক দীর্ঘ খাঁড়া। উলঙ্গ উজ্জ্বল খড়্গ দীপালোকে বিভাসিত হইয়া স্থির বজ্রের ন্যায় দেবীর আদেশের জন্য অপেক্ষা করিয়া আছে।

অর্ধরাত্রে পূজা। সময় নিকটবর্তী। রঘুপতি অত্যন্ত অস্থিরচিত্তে জয়সিংহের জন্য অপেক্ষা করিয়া আছেন। সহসা ঝড়ের মতো বাতাস উঠিয়া মুঘলধারে বৃষ্টি পড়িতে আরম্ভ হইল। বাতাসে মন্দিরের সহস্র দীপশিখা কাঁপিতে লাগিল, উলঙ্গ খড়্গের উপর বিদ্যুৎ খেলিতে লাগিল। চতুর্দশ দেবতা এবং রঘুপতির ছায়া যেন জীবন পাইয়া দীপশিখার নৃত্যের তালে তালে মন্দিরের ভিত্তিময় নাচিতে লাগিল। একটা নরকপাল ঝড়ের বাতাসে ঘরময় গড়াইতে লাগিল। মন্দিরের মধ্যে দুইটা চামচিকা আসিয়া শুষ্ক পত্রের মতো ক্রমাগত উড়িয়া বেড়াইতে লাগিল। দেয়ালে তাহাদের ছায়া উড়িতে লাগিল।

দ্বিপ্রহর হইল। প্রথমে নিকটে, পরে দূর-দূরান্তরে শৃগাল ডাকিয়া উঠিল। ঝড়ের বাতাসও তাহাদের সঙ্গে মিলিয়া হু হু করিয়া কাঁদিতে লাগিল। পূজার সময় হইয়াছে। রঘুপতি অমঙ্গল-আশঙ্কায় অত্যন্ত চঞ্চল হইয়া উঠিয়াছেন।

এমন সময় জীবন্ত ঝড়বৃষ্টিবিদ্যুতের মতো জয়সিংহ নিশীথের অন্ধকারের মধ্য হইতে সহসা মন্দিরের আলোকের মধ্যে প্রবেশ করিলেন। দীর্ঘ চাদরে দেহ আচ্ছাদিত, সর্বাঙ্গ বাহিয়া বৃষ্টিধারা

পড়িতেছে, নিশ্বাস বেগে বহিতেছে, চক্ষুতারকায় অগ্নিকণা জ্বলিতেছে।

রঘুপতি তাঁহাকে ধরিয়া কানের কাছে মুখ দিয়া কহিলেন, “রাজরক্ত আনিয়াছ ?”

জয়সিংহ তাঁহার হাত ছাড়াইয়া উচ্চস্বরে কহিলেন, “আনিয়াছি। রাজরক্ত আনিয়াছি। আপনি সরিয়া দাঁড়ান, আমি দেবীকে নিবেদন করি।”

শব্দে মন্দির কাঁপিয়া উঠিল।

কালীর প্রতিমার সম্মুখে দাঁড়াইয়া বলিতে লাগিলেন, “সত্যই কি তবে তুই সন্তানের রক্ত চাস মা ! রাজরক্ত নহিলে তোর তৃষা মিটিবে না ? জন্মাবধি আমি তোকেই মা বলিয়া আসিয়াছি, আমি তোরই সেবা করিয়াছি, আমি আর-কাহারও দিকে চাই নাই, আমার জীবনের আর কোনো উদ্দেশ্য ছিল না। আমি রাজপুত্র, আমি ক্ষত্রিয়, আমার প্রপিতামহ রাজা ছিলেন, আমার মাতামহবংশীয়েরা আজও রাজত্ব করিতেছেন। এই নে তবে তোর সন্তানের রক্ত, তোর রাজরক্ত এই নে।” গাত্র হইতে চাদর পড়িয়া গেল। কটিবন্ধ হইতে ছুরি বাহির করিলেন— বিদ্যুৎ নাচিয়া উঠিল— চকিতের মধ্যে সেই ছুরি আমূল তাঁহার হৃদয়ে নিহিত করিলেন, মরণের তীক্ষ্ণ জিহ্বা তাঁহার বক্ষে বিদ্ধ হইল। প্রতিমার পদতলে পড়িয়া গেলেন ; পাষণপ্রতিমা বিচলিত হইল না।

রঘুপতি চীৎকার করিয়া উঠিলেন— জয়সিংহকে তুলিবার চেষ্টা করিলেন, তুলিতে পারিলেন না। তাঁহার মৃতদেহের উপর পড়িয়া রহিলেন। রক্ত গড়াইয়া মন্দিরের শ্বেত প্রস্তরের উপর প্রবাহিত হইতে লাগিল। ক্রমে দীপগুলি একে একে নিবিয়া গেল। অন্ধকারের মধ্যে সমস্ত রাত্রি একটি প্রাণীর নিশ্বাসের শব্দ শুনা গেল ; রাত্রি তৃতীয় প্রহরের সময় ঝড় থামিয়া চারি দিক নিস্তব্ধ হইয়া গেল। রাত্রি চতুর্থ প্রহরের সময় মেঘের ছিদ্র দিয়া চন্দ্রালোক মন্দিরের মধ্যে প্রবেশ করিল। চন্দ্রালোক জয়সিংহের পাণ্ডুবর্ণ মুখের উপর পড়িল, চতুর্দশ দেবতা শিয়রে দাঁড়াইয়া তাহাই দেখিতে লাগিল। প্রভাতে বন হইতে যখন পাখি ডাকিয়া উঠিল, তখন রঘুপতি মৃতদেহ ছাড়িয়া উঠিয়া গেলেন।

ষোড়শ পরিচ্ছেদ

রাজার আদেশমত প্রজাদের অসন্তোষের কারণ অনুসন্ধানের জন্য নক্ষত্ররায় স্বয়ং প্রাতঃকালে বাহির হইয়াছেন। তাঁহার ভাবনা হইতে লাগিল, মন্দিরে কী করিয়া যাই। রঘুপতির সম্মুখে পড়িলে তিনি কেমন অস্থির হইয়া পড়েন, আত্মসম্বরণ করিতে পারেন না। রঘুপতির সম্মুখে পড়িতে তাঁহার সম্পূর্ণ অনিচ্ছা। এইজন্য তিনি স্থির করিয়াছেন, রঘুপতির দৃষ্টি এড়াইয়া গোপনে জয়সিংহের কক্ষে গিয়া তাঁহার নিকট হইতে সবিশেষ বিবরণ অবগত হইতে পারিবেন।

নক্ষত্ররায় ধীরে ধীরে জয়সিংহের কক্ষে প্রবেশ করিলেন। প্রবেশ করিয়াই মনে করিলেন, ফিরিতে পারিলে বাঁচি। দেখিলেন জয়সিংহের পুঁথি, তাঁহার বসন, তাঁহার গৃহসজ্জা চারি দিকে ছড়ানো রহিয়াছে, মাঝখানে রঘুপতি বসিয়া। জয়সিংহ নাই। রঘুপতির লোহিত চক্ষু অঙ্গারের ন্যায় জ্বলিতেছে, তাঁহার কেশপাশ বিশৃঙ্খল। তিনি নক্ষত্ররায়কে দেখিয়াই দৃঢ় মুষ্টিতে তাঁহার হাত ধরিলেন। বলপূর্বক তাঁহাকে মাটিতে বসাইলেন। নক্ষত্ররায়ের প্রাণ উড়িয়া গেল। রঘুপতি তাঁহার অঙ্গারনয়নে নক্ষত্ররায়ের মর্মস্থান পর্যন্ত দৃষ্টি করিয়া পাগলের মতো বলিলেন, “রক্ত কোথায় ?”

নক্ষত্ররায়ের হৃৎপিণ্ডে রক্তের তরঙ্গ উঠিতে লাগিল, মুখ দিয়া কথা সরিল না।

রঘুপতি উচ্চস্বরে বলিলেন, “তোমার প্রতিজ্ঞা কোথায় ? রক্ত কোথায় ?”

নক্ষত্ররায় হাত নাড়িলেন, পা নাড়িলেন, বামে সরিয়া বসিলেন, কাপড়ের প্রান্ত ধরিয়া টানিতে লাগিলেন— তাঁহার ঘর্ম বহিতে লাগিল, তিনি শুষ্কমুখে বলিলেন, “ঠাকুর—”

রঘুপতি কহিলেন, “এবার মা যে স্বয়ং খড়া তুলিয়াছেন, এবার চারি দিকে যে রক্তের স্রোত বহিতে থাকিবে— এবার তোমাদের বংশে এক ফোঁটা রক্ত যে বাকি থাকিবে না। তখন দেখিব নক্ষত্ররায়ের ভ্রাতৃস্নেহ !”

“ভ্রাতৃশ্লেহ ! হাঃ হাঃ হাঃ ! ঠাকুর—”

নক্ষত্রায়ের হাসি আর বাহির হইল না, গলা শুকাইয়া গেল ।

রঘুপতি কহিলেন, “আমি গোবিন্দমণিক্যের রক্ত চাই না । পৃথিবীতে গোবিন্দমণিক্যের যে প্রাণের অপেক্ষা প্রিয়, আমি তাহাকেই চাই । তাহার রক্ত লইয়া আমি গোবিন্দমণিক্যের গায়ে মাখাইতে চাই— তাহার বক্ষস্থল রক্তবর্ণ হইয়া যাইবে— সে রক্তের চিহ্ন কিছুতেই মুছিবে না । এই দেখো— চাহিয়া দেখো ।” বলিয়া উত্তরীয় মোচন করিলেন, তাঁহার দেহ রক্তে লিপ্ত, তাঁহার বক্ষোদেশে স্থানে স্থানে রক্ত জমিয়া আছে ।

নক্ষত্রায় শিহরিয়া উঠিলেন । তাঁহার হাত-পা কাঁপিতে লাগিল । রঘুপতি বদ্ধমুষ্টিতে নক্ষত্রায়ের হাত চাপিয়া ধরিয়া বলিলেন, “সে কে ? কে গোবিন্দমণিক্যের প্রাণের অপেক্ষা প্রিয় ? কে চলিয়া গেলে গোবিন্দমণিক্যের চক্ষু পৃথিবী শ্মশান হইয়া যাইবে, তাঁহার জীবনের উদ্দেশ্য চলিয়া যাইবে ? সকালে শয্যা হইতে উঠিয়াই কাহার মুখ তাঁহার মনে পড়ে, কাহার স্মৃতি সঙ্গে করিয়া তিনি রাত্রে শয়ন করিতে যান, তাঁহার হৃদয়ের নীড় সমস্তটা পরিপূর্ণ করিয়া কে বিরাজ করিতেছে ? সে কে ? সে কি তুমি ?”

বলিয়া, ব্যাঘ্র লক্ষ দিবার পূর্বে কম্পিত হরিণশিশুর দিকে যেমন একদৃষ্টিতে চায়, রঘুপতি তেমনি নক্ষত্রের দিকে চাহিলেন । নক্ষত্রায় তাড়াতাড়ি বলিয়া উঠিলেন, “না, আমি না ।” কিন্তু কিছুতেই রঘুপতির মুষ্টি ছাড়াইতে পারিলেন না ।

রঘুপতি বলিলেন, “তবে বলো সে কে !”

নক্ষত্রায় বলিয়া ফেলিলেন, “সে ধুব ।”

রঘুপতি বলিলেন, “ধুব কে ?”

নক্ষত্রায় । সে একটি শিশু—

রঘুপতি বলিলেন, “আমি জানি, তাহাকে জানি । রাজার নিজের সন্তান নাই, তাহাকেই সন্তানের মতো পালন করিতেছেন । নিজের সন্তানকে লোকে কেমন ভালোবাসে জানি না, কিন্তু পালিত সন্তানকে প্রাণের চেয়ে ভালোবাসে তাহা জানি । আপনার সমুদয় সম্পদের চেয়ে তাহার সুখ রাজার বেশি মনে হয় । আপনার মাথায় মুকুটের চেয়ে তাহার মাথায় মুকুট দেখিতে রাজার বেশি আনন্দ হয় ।”

নক্ষত্রায় আশ্চর্য হইয়া বলিয়া উঠিলেন, “ঠিক কথা ।”

রঘুপতি কহিলেন, “ঠিক কথা নয় তো কী ! রাজা তাহাকে কতখানি ভালোবাসেন তাহা কি আমি জানি না ! আমি কি বুঝিতে পারি না ! আমিও তাহাকেই চাই ।”

নক্ষত্রায় হাঁ করিয়া রঘুপতির দিকে চাহিয়া রহিলেন । আপন মনে বলিলেন, ‘তাহাকেই চাই ।’

রঘুপতি কহিলেন, “তাহাকে আনিতেই হইবে— আজই আনিতে হইবে— আজ রাত্রেই চাই ।”

নক্ষত্রায় প্রতিধ্বনির মতো কহিলেন, “আজ রাত্রেই চাই ।”

নক্ষত্রায়ের মুখের দিকে কিছুক্ষণ চাহিয়া গলার স্বর নামাইয়া রঘুপতি বলিলেন, “এই শিশুই তোমার শত্রু, তাহা জান ? তুমি রাজবংশে জন্মিয়াছ— কোথাকার এক অজ্ঞাতকুলশীল শিশু তোমার মাথা হইতে মুকুট কাড়িয়া লইতে আসিয়াছে তাহা কি জান ? যে সিংহাসন তোমার জন্য অপেক্ষা করিতেছিল, সেই সিংহাসনে তাহার জন্য স্থান নির্দিষ্ট হইয়াছে তাহা কি দুটো চক্ষু থাকিতে দেখিতে পাইতেছ না !”

নক্ষত্রায়ের কাছে এ-সকল কথা নূতন নহে । তিনিও পূর্বে এইরূপ ভাবিয়াছিলেন । সগর্বে বলিলেন, “তা কি আর বলিতে হইবে ঠাকুর ! আমি কি আর এইটে দেখিতে পাই না !”

রঘুপতি কহিলেন, “তবে আর কী ! তবে তাহাকে আনিয়া দাও । তোমার সিংহাসনের বাধা দূর করি । এই কটা প্রহর কোনোমতে কাটিবে, তার পর— তুমি কখন আনিবে ?”

নক্ষত্রায় । আজ সন্ধ্যাবেলায়— অন্ধকার হইলে ।

পইতা স্পর্শ করিয়া রঘুপতি বলিলেন, “যদি না আনিতে পার তো ব্রাহ্মণের অভিশাপ লাগিবে । তা হইলে, যে মুখে তুমি প্রতিজ্ঞা উচ্চারণ করিয়া পালন না কর, ত্রিরাত্রি না পোহাইতে সেই মুখের মাংস শকুনি ছিড়িয়া ছিড়িয়া খাইবে ।”

শুনিয়া নক্ষত্ররায় চমকিয়া মুখে হাত বুলাইলেন— কোমল মাংসের উপরে শকুনির চঞ্চুপাত-কল্পনা তাঁহার নিতান্ত দুঃসহ বোধ হইল । রঘুপতিকে প্রণাম করিয়া তিনি তাড়াতাড়ি বিদায় লইলেন । সে ঘর হইতে আলোক বাতাস ও জনকোলাহলের মধ্যে গিয়া নক্ষত্ররায় পুনর্জীবন লাভ করিলেন ।

সপ্তদশ পরিচ্ছেদ

সেইদিন সন্ধ্যাবেলায় নক্ষত্ররায়কে দেখিয়া ধুব “কাকা” বলিয়া ছুটিয়া আসিল, দুটি ছোটো হাতে তাঁহার গলা জড়াইয়া তাঁহার কপোলে কপোল দিয়া মুখের কাছে মুখ রাখিল । চুপি চুপি বলিল, “কাকা ।”

নক্ষত্র কহিলেন, “ছি, ও কথা বোলো না, আমি তোমার কাকা না ।”

ধুব তাঁহাকে এককাল বরাবর কাকা বলিয়া আসিতেছিল, আজ সহসা বারণ শুনিয়া সে ভারি আশ্চর্য হইয়া গেল । গম্ভীর মুখে কিছুক্ষণ চুপ করিয়া বসিয়া রহিল ; তার পরে নক্ষত্রের মুখের দিকে বড়ো বড়ো চোখ তুলিয়া জিজ্ঞাসা করিল, “তুমি কে ?”

নক্ষত্ররায় কহিলেন, “আমি তোমার কাকা নই ।”

শুনিয়া সহসা ধুবের অত্যন্ত হাসি পাইল— এতবড়ো অসম্ভব কথা সে ইতিপূর্বে আর কখনোই শুনে নাই ; সে হাসিয়া বলিল, “তুমি কাকা ।” নক্ষত্র যত নিষেধ করিতে লাগিলেন সে ততই বলিতে লাগিল, “তুমি কাকা ।” তাহার হাসিও ততই বাড়িতে লাগিল । সে নক্ষত্ররায়কে কাকা বলিয়া খেপাইতে লাগিল । নক্ষত্র বলিলেন, “ধুব, তোমার দিদিকে দেখিতে যাইবে ?”

ধুব তাড়াতাড়ি নক্ষত্রের গলা ছাড়িয়া দাঁড়াইয়া উঠিয়া বলিল, “দিদি কোথায় ?”

নক্ষত্র বলিলেন, “মায়ের কাছে ।”

ধুব কহিল, “মা কোথায় ?”

নক্ষত্র । মা আছেন এক জায়গায় । আমি সেখানে তোমাকে নিয়ে যেতে পারি ।

ধুব হাততালি দিয়া জিজ্ঞাসা করিল, “কখন নিয়ে যাবে কাকা ?”

নক্ষত্র । এখন ।

ধুব আনন্দে চীৎকার করিয়া উঠিয়া সজোরে নক্ষত্রের গলা জড়াইয়া ধরিল ; নক্ষত্র তাহাকে কোলে তুলিয়া লইয়া চাদরে আচ্ছাদন করিয়া গুপ্ত দ্বার দিয়া বাহির হইয়া গেলেন ।

আজ রাত্রেও পথে লোক বাহির হওয়া নিষেধ । এইজন্য পথে প্রহরী নাই, পথিক নাই । আকাশে পূর্ণচন্দ্র ।

মন্দিরে গিয়া নক্ষত্ররায় ধুবকে রঘুপতির হাতে সমর্পণ করিতে উদ্যত হইলেন । রঘুপতিকে দেখিয়া ধুব সবলে নক্ষত্ররায়কে জড়াইয়া ধরিল, কোনোমতে ছাড়িতে চাহিল না । রঘুপতি তাহাকে বলপূর্বক কাড়িয়া লইলেন । ধুব “কাকা” বলিয়া কাঁদিয়া উঠিল । নক্ষত্ররায়ের চোখে জল আসিল, কিন্তু রঘুপতির কাছে এই হৃদয়ের দুর্বলতা দেখাইতে তাঁহার নিতান্ত লজ্জা করিতে লাগিল । তিনি ভান করিলেন যেন তিনি পাষাণে গঠিত । তখন ধুব কাঁদিয়া কাঁদিয়া “দিদি” “দিদি” বলিয়া ডাকিতে লাগিল, দিদি আসিল না । রঘুপতি বজ্রস্বরে এক ধমক দিয়া উঠিলেন । ভয়ে ধুবের কান্না থামিয়া গেল । কেবল তাহার কান্না ফাটিয়া ফাটিয়া বাহির হইতে লাগিল । চতুর্দশ দেবমূর্তি চাহিয়া রহিল ।

গোবিন্দমাণিক্য নিশীথে স্বপ্নে ক্রন্দন শুনিয়া জাগিয়া উঠিলেন । সহসা শুনিতে পাইলেন, তাঁহার বাতায়নের নীচে হইতে কে কাতরস্বরে ডাকিতেছে, “মহারাজ ! মহারাজ !”

রাজা সত্বর উঠিয়া গিয়া চন্দ্রালোকে দেখিতে পাইলেন, ধ্রুবের পিতৃব্য কেদারেশ্বর । জিজ্ঞাসা করিলেন, “কী হইয়াছে ?”

কেদারেশ্বর কহিলেন, “মহারাজ, আমার ধ্রুব কোথায় ?”

রাজা কহিলেন, “কেন, তাহার শয্যাতে নাই ?”

“না ।”

কেদারেশ্বর বলিতে লাগিলেন, “অপরাহ্ন হইতে ধ্রুবকে না দেখিতে পাওয়ায় জিজ্ঞাসা করাতে যুবরাজ নক্ষত্ররায়ের ভৃত্য কহিল, ধ্রুব অন্তঃপুরে যুবরাজের কাছে আছে । শুনিয়া আমি নিশ্চিত ছিলাম । অনেক রাত হইতে দেখিয়া আমার আশঙ্কা জন্মিল ; অনুসন্ধান করিয়া জানিলাম, যুবরাজ নক্ষত্ররায় প্রাসাদে নাই । আমি মহারাজের সহিত সাক্ষাৎ-প্রার্থনার জন্য অনেক চেষ্টা করিয়াছিলাম, কিন্তু প্রহরীরা কিছুতেই আমার কথা গ্রাহ্য করিল না— এইজন্য বাতায়নের নীচে হইতে মহারাজকে ডাকিয়াছি, আপনার নিদ্রাভঙ্গ করিয়াছি, আমার এই অপরাধ মার্জনা করিবেন ।”

রাজার মনে একটা ভাব বিদ্যুতের মতো চমকিয়া উঠিল । তিনি চারিজন প্রহরীকে ডাকিলেন, কহিলেন, “সশস্ত্রে আমার অনুসরণ করো ।”

একজন কহিল, “মহারাজ, আজ রাত্রে পথে বাহির হওয়া নিষেধ ।”

রাজা কহিলেন, “আমি আদেশ করিতেছি ।”

কেদারেশ্বর সঙ্গে যাইতে উদাত হইলেন, রাজা তাঁহাকে ফিরিয়া যাইতে কহিলেন । বিজন পথে চন্দ্রালোকে রাজা মন্দিরাভিমুখে চলিলেন ।

মন্দিরের দ্বার যখন সহসা খুলিয়া গেল, দেখা গেল খড়্গা সম্মুখে করিয়া নক্ষত্র এবং রঘুপতি মদ্যপান করিতেছেন । আলোক অধিক নাই, একটি দীপ জ্বলিতেছে । ধ্রুব কোথায় ? ধ্রুব কালীপ্রতিমার পায়ের কাছে শুইয়া ঘুমাইয়া পড়িয়াছে— তাহার কপোলের অশ্রুরেখা শুকাইয়া গেছে, ঠোঁট দুটি একটু খুলিয়া গেছে, মুখে ভয় নাই, ভাবনা নাই— এ যেন পাষণ-শয্যা নয়, যেন সে দিদির কোলের উপরে শুইয়া আছে । দিদি যেন চুমো খাইয়া তাহার চোখের জল মুছাইয়া দিয়াছে ।

মদ খাইয়া নক্ষত্রের প্রাণ খুলিয়া গিয়াছিল, কিন্তু রঘুপতি স্থির হইয়া বসিয়া পূজার লগ্নের জন্য অপেক্ষা করিতেছিলেন— নক্ষত্রের প্রলাপে কিছুমাত্র কান দিতেছিলেন না । নক্ষত্র বলিতেছিলেন, “ঠাকুর, তোমার মনে মনে ভয় হচ্ছে । তুমি মনে করছ আমিও ভয় করছি । কিছু ভয় নেই ঠাকুর ! ভয় কিসের ! ভয় কাকে ! আমি তোমাকে রক্ষা করব । তুমি কি মনে কর আমি রাজাকে ভয় করি ! আমি শাসুজাকে ভয় করি নে, আমি শাজাহানকে ভয় করি নে । ঠাকুর, তুমি বললে না কেন— আমি রাজাকে ধরে আনতুম, দেবীকে সন্তুষ্ট করে দেওয়া যেত । ঐটুকু ছেলের কতটুকুই বা রক্ত !”

এমন সময় সহসা মন্দিরের ভিত্তির উপরে ছায়া পড়িল । নক্ষত্ররায় পশ্চাতে চাহিয়া দেখিলেন— রাজা । চকিতের মধ্যে নেশা সম্পূর্ণ ছুটিয়া গেল । নিজের ছায়ার চেয়ে নিজে মলিন হইয়া গেলেন । দ্রুতবেগে নিদ্রিত ধ্রুবকে কোলে তুলিয়া লইয়া গোবিন্দমাণিক্য প্রহরীদিগকে কহিলেন, “ইহাদের দুজনকে বন্দী করো ।”

চারিজন প্রহরী রঘুপতি ও নক্ষত্ররায়ের দুই হাত ধরিল । ধ্রুবকে বুকের মধ্যে চাপিয়া ধরিয়া বিজন পথে জ্যোৎস্নালোকে রাজা প্রাসাদে ফিরিয়া আসিলেন । রঘুপতি ও নক্ষত্ররায় সে রাত্রে কারাগারে রহিলেন ।

অষ্টাদশ পরিচ্ছেদ

তাহার পরদিন বিচার । বিচারশালা লোকে লোকারণ্য । বিচারাসনে রাজা বসিয়াছেন, সভাসদেরা চারি দিকে বসিয়াছেন । সম্মুখে দুইজন বন্দী । কাহারও হাতে শৃঙ্খল নাই । কেবল সশস্ত্র প্রহরী তাঁহাদিগকে ঘেরিয়া আছে— রঘুপতি পাষণমূর্তির মতো দাঁড়াইয়া আছেন, নক্ষত্ররায়ের মাথা নত ।

রঘুপতির দোষ সপ্রমাণ করিয়া রাজা তাঁহাকে বলিলেন, “তোমার কী বলিবার আছে ?”

রঘুপতি কহিলেন, “আমার বিচার করিবার অধিকার আপনার নাই।”

রাজা কহিলেন, “তবে তোমার বিচার কে করিবে ?”

রঘুপতি । আমি ব্রাহ্মণ, আমি দেবসেবক, দেবতা আমার বিচার করিবেন ।

রাজা । পাপের দণ্ড ও পুণ্যের পুরস্কার দিবার জন্য জগতে দেবতার সহস্র অনুচর আছে । আমরাও তাহার একজন । সে কথা লইয়া আমি তোমার সহিত বিচার করিতে চাই না— আমি জিজ্ঞাসা করিতেছি, কাল সন্ধ্যাকালে বলির মানসে তুমি একটি শিশুকে হরণ করিয়াছিলে কি না ।

রঘুপতি কহিলেন, “হাঁ ।”

রাজা কহিলেন, “তুমি অপরাধ স্বীকার করিতেছ ?”

রঘুপতি । অপরাধ ! অপরাধ কিসের ! আমি মায়ের আদেশ পালন করিতেছিলাম, মায়ের কাণ্ড করিতেছিলাম, তুমি তাহার ব্যাঘাত করিয়াছ— অপরাধ তুমি করিয়াছ— আমি মায়ের সমক্ষে তোমাকে অপরাধী করিতেছি, তিনি তোমার বিচার করিবেন ।

রাজা তাঁহার কথার কোনো উত্তর না দিয়া কহিলেন, “আমার রাজ্যের নিয়ম এই, যে ব্যক্তি দেবতার উদ্দেশে জীব-বলি দিবে বা দিতে উদ্যত হইবে তাহার নির্বাসনদণ্ড । সেই দণ্ড আমি তোমার প্রতি প্রয়োগ করিলাম । আট বৎসরের জন্য তুমি নির্বাসিত হইলে । প্রহরীরা তোমাকে আমার রাজ্যের বাহিরে রাখিয়া আসিবে ।”

প্রহরীরা রঘুপতিকে সভাগৃহ হইতে লইয়া যাইতে উদ্যত হইল । রঘুপতি তাহাদিগকে কহিলেন, “স্থির হও ।” রাজার দিকে চাহিয়া কহিলেন, “তোমার বিচার শেষ হইল, এখন আমি তোমার বিচার করিব, তুমি অবধান করো । চতুর্দশ দেবতা-পূজার দুই রাত্রে যে কেহ পথে বাহির হইবে, পুরোহিতের কাছে সে দণ্ডিত হইবে এই আমাদের মন্দিরের নিয়ম । সেই প্রাচীন নিয়ম-অনুসারে তুমি আমার নিকটে দণ্ডার্থ ।”

রাজা কহিলেন, “আমি তোমার দণ্ড গ্রহণ করিতে প্রস্তুত আছি ।”

সভাসদেরা কহিলেন, “এ অপরাধের কেবল অর্থদণ্ড হইতে পারে ।”

পুরোহিত কহিলেন, “আমি তোমার দুই লক্ষ মুদ্রা দণ্ড করিতেছি । এখনই দিতে হইবে ।”

রাজা ক্রিয়ৎক্ষণ ভাবিলেন, পরে বলিলেন, “তথাস্তু ।” কোষাধ্যক্ষকে ডাকিয়া দুই লক্ষ মুদ্রা আদেশ করিয়া দিলেন । প্রহরীরা রঘুপতিকে বাহিরে লইয়া গেল ।

রঘুপতি চলিয়া গেলে নক্ষত্ররায়ের দিকে চাহিয়া রাজা দৃঢ়স্বরে কহিলেন, “নক্ষত্ররায়, তোমার অপরাধ তুমি স্বীকার কর কি না ।”

নক্ষত্ররায় বলিলেন, “মহারাজ, আমি অপরাধী, আমাকে মার্জনা করুন ।”

বলিয়া ছুটিয়া আসিয়া রাজার পা জড়াইয়া ধরিলেন ।

মহারাজ বিচলিত হইলেন, কিছুক্ষণ বাক্যস্ফূর্তি হইল না । অবশেষে আত্মসম্বরণ করিয়া বলিলেন, “নক্ষত্ররায়, ওঠো, আমার কথা শোনো । আমি মার্জনা করিবার কে ? আমি আপনার শাসনে আপনি বদ্ধ । বন্দীও যেমন বদ্ধ, বিচারকও তেমনি বদ্ধ । একই অপরাধে আমি একজনকে দণ্ড দিব, একজনকে মার্জনা করিব, এ কী করিয়া হয় ? তুমিই বিচার করো ।”

সভাসদেরা বলিয়া উঠিলেন, “মহারাজ, নক্ষত্ররায় আপনার ভাই, আপনার ভাইকে মার্জনা করুন ।”

রাজা দৃঢ়স্বরে কহিলেন, “তোমরা সকলে চুপ করো । যতক্ষণ আমি এই আসনে আছি, ততক্ষণ আমি কাহারও ভাই নহি, কাহারও বন্ধু নহি ।”

সভাসদেরা চারি দিকে চুপ করিলেন । সভা নিস্তব্ধ হইল । রাজা গভীর স্বরে কহিতে লাগিলেন, “তোমরা সকলেই শুনিয়াছ— আমার রাজ্যের নিয়ম এই যে, যে ব্যক্তি দেবতার উদ্দেশে জীব-বলি দিবে বা দিতে উদ্যত হইবে তাহার নির্বাসনদণ্ড । কাল সন্ধ্যাকালে নক্ষত্ররায় পুরোহিতের সহিত

ষড়যন্ত্র করিয়া বলির মানসে একটি শিশুকে হরণ করিয়াছিলেন। এই অপরাধ সপ্রমাণ হওয়াতে আমি তাঁহার আট বৎসর নির্বাসনদণ্ড বিধান করিলাম।”

প্রহরীরা যখন নক্ষত্ররায়কে লইয়া যাইতে উদ্যত হইল তখন রাজা আসন হইতে নামিয়া নক্ষত্ররায়কে আলিঙ্গন করিলেন; রুদ্ধকণ্ঠে কহিলেন, “বৎস, কেবল তোমার দণ্ড হইল না, আমারও দণ্ড হইল। না জানি পূর্বজন্মে কী অপরাধ করিয়াছিলাম! যতদিন তুমি বন্ধুদের কাছ হইতে দূরে থাকিবে দেবতা তোমার সঙ্গে সঙ্গে থাকুন, তোমার মঙ্গল করুন।”

সংবাদ দেখিতে দেখিতে রাষ্ট্র হইল। অন্তঃপুরে ক্রন্দনধ্বনি উঠিল। রাজা নিভৃত কক্ষে দ্বার রুদ্ধ করিয়া বসিয়া পড়িলেন। জোড়হাতে কহিতে লাগিলেন, “প্রভু, আমি যদি কখনো অপরাধ করি, আমাকে মার্জনা করিয়ো না, আমাকে কিছুমাত্র দয়া করিয়ো না। আমাকে আমার পাপের শাস্তি দাও। পাপ করিয়া শাস্তি বহন করা যায়, কিন্তু মার্জনাভার বহন করা যায় না প্রভু!”

নক্ষত্ররায়ের প্রেম রাজার মনে দ্বিগুণ জাগিতে লাগিল। নক্ষত্ররায়ের ছেলেবেলাকার মুখ তাঁহার মনে পড়িতে লাগিল। সে যে-সকল খেলা করিয়াছে, কথা কহিয়াছে, কাজ করিয়াছে, তাহা একে একে তাঁহার মনে উঠিতে লাগিল। এক-একটা দিন, এক-একটা রাত্রি তাহার সূর্যালোকের মধ্যে, তাহার তারাখচিত আকাশের মধ্যে শিশু নক্ষত্ররায়কে লইয়া তাঁহার সম্মুখে উদয় হইল। রাজার দুই চক্ষু দিয়া জল পড়িতে লাগিল।

উনবিংশ পরিচ্ছেদ

নির্বাসনোদ্যত রঘুপতিকে যখন প্রহরীরা জিজ্ঞাসা করিল “ঠাকুর, কোন্ দিকে যাইবেন” তখন রঘুপতি উত্তর করিলেন, “পশ্চিম দিকে যাইব।”

নয় দিন পশ্চিম মুখে যাত্রার পর বন্দী ও প্রহরীরা ঢাকা শহরের কাছাকাছি আসিয়া পৌঁছিল। তখন প্রহরীরা রঘুপতিকে ছাড়িয়া রাজধানীতে ফিরিয়া আসিল।

রঘুপতি মনে মনে বলিলেন, ‘কলিতে ব্রহ্মশাপ ফলে না, দেখা যাক ব্রাহ্মণের বুদ্ধিতে কতটা হয়। দেখা যাক, গোবিন্দমাণিক্যই বা কেমন রাজা, আর আমিই বা কেমন পুরোহিত-ঠাকুর।’

ত্রিপুরার প্রান্তে মন্দিরের কোণে মোগল-রাজ্যের সংবাদ বড়ো পৌঁছিত না। এই নিমিত্ত রঘুপতি ঢাকা শহরে গিয়া মোগলদিগের রীতিনীতি ও রাজ্যের অবস্থা জানিতে কৌতূহলী হইলেন।

তখন মোগলসম্রাট শাজাহানের রাজত্বকাল। তখন তাঁহার তৃতীয় পুত্র ঔরঞ্জীব দক্ষিণাপথে বিজাপুর-আক্রমণে নিযুক্ত ছিলেন। তাঁহার দ্বিতীয় পুত্র সুজা বাংলার অধিপতি ছিলেন, রাজমহলে তাঁহার রাজধানী। কনিষ্ঠ পুত্র কুমার মুরাদ গুজরাটের শাসনকর্তা। জ্যেষ্ঠ যুবরাজ দারা রাজধানী দিল্লিতেই বাস করিতেছেন। সম্রাটের বয়স ৬৭ বৎসর। তাঁহার শরীর অসুস্থ বলিয়া দারার উপরেই সাম্রাজ্যের ভার পড়িয়াছে।

রঘুপতি কিয়ৎকাল ঢাকায় বাস করিয়া উর্দুভাষা শিক্ষা করিলেন ও অবশেষে রাজমহল অভিমুখে যাত্রা করিলেন।

রাজমহলে যখন পৌঁছিলেন, তখন ভারতবর্ষে ছলস্থূল পড়িয়া গিয়াছে। সংবাদ রাষ্ট্র হইয়াছে যে, শাজাহান মৃত্যুশয্যায় শয়ান। এই সংবাদ পাইবামাত্র সুজা সৈন্যসহিত দিল্লি-অভিমুখে ধাবমান হইয়াছেন। সম্রাটের চারি পুত্রই মূর্খ শাজাহানের মাথার উপর হইতে মুকুটটা একেবারে ছোঁ মারিয়া উড়াইয়া লইবার উদ্যোগ করিতেছেন!

ব্রাহ্মণ তৎক্ষণাৎ অরাজক রাজমহল ত্যাগ করিয়া সুজার অনুসরণে প্রবৃত্ত হইলেন। লোকজন বাহক প্রভৃতিকে বিদায় করিয়া দিলেন। সঙ্গে যে দুই লক্ষ টাকা ছিল তাহা রাজমহলের নিকটবর্তী এক বিজন প্রান্তরে পুতিয়া ফেলিলেন। তাহার উপরে এক চিহ্ন রাখিয়া গেলেন। অতি অল্প টাকাই সঙ্গে লইলেন। দক্ষ কুটির, পরিত্যক্ত গ্রাম, মর্দিত শস্যক্ষেত্র লক্ষ্য করিয়া রঘুপতি অবিশ্রাম অগ্রসর হইতে

লাগিলেন । রঘুপতি সন্ন্যাসীর বেশ ধারণ করিলেন । কিন্তু সন্ন্যাসীর বেশ সত্ত্বেও আতিথ্য পাওয়া দুর্ঘট । কারণ, পঙ্গপালের ন্যায় সৈন্যেরা যে পথ দিয়া চলিয়া গিয়াছে, তাহার উভয় পার্শ্বে কেবল দুর্ভিক্ষ বিরাজ করিতেছে । সৈন্যেরা অশ্ব ও হস্তী পালের জন্য অপেক্ষা শস্য কাটিয়া লইয়া গিয়াছে । কৃষকের মরাইয়ে একটি কণা অবশিষ্ট নাই । চারি দিকে কেবল লুণ্ঠনাবশিষ্ট বিশৃঙ্খলা । অধিকাংশ লোক গ্রাম ছাড়িয়া পালাইয়াছে । দৈবাৎ যে দু-একজনকে দেখা যায় তাহাদের মুখে হাস্য নাই । তাহারা চকিত হরিণের ন্যায় সতর্ক । কাহাকেও তাহারা বিশ্বাস করে না, দয়া করে না । বিজন পথের পার্শ্বে গাছের তলায় লাঠি-হাতে দুই-চারিজনকে বসিয়া থাকিতে দেখা যায় ; পথিক-শিকারের জন্য তাহারা সমস্ত দিন অপেক্ষা করিয়া আছে । ধূমকেতুর পশ্চাদ্ভর্তী উল্কারাশির ন্যায় দস্যুরা সৈনিকদের অনুসরণ করিয়া লুণ্ঠনাবশেষ লুণ্ঠিয়া লইয়া যায় । এমন-কি, মৃতদেহের উপর শৃগাল-কুকুরের ন্যায় মাঝে মাঝে সৈন্যদল ও দস্যুদলে লড়াই বাধিয়া যায় । নিষ্ঠুরতা সৈন্যদের খেলা হইয়াছে, পার্শ্ববর্তী নিরীহ পথিকের পেটে খপ করিয়া একটা তলোয়ারের খোঁচা বসাইয়া দেওয়া বা তাহার মুণ্ড হইতে পাগড়ি-সমেত খানিকটা খুলি উড়াইয়া দেওয়া তাহারা সামান্য উপহাসমাত্র মনে করে । গ্রামের লোকেরা তাহাদের দেখিয়া ভয় পাইতেছে দেখিলে তাহাদের পরম কৌতুক বোধ হয় । লুণ্ঠনাবশেষে তাহারা গ্রামের লোকদের উৎপীড়ন করিয়া আনন্দ উপভোগ করে । দুইজন মান্য ব্রাহ্মণকে পিঠে পিঠে সংলগ্ন করিয়া টিকিতে টিকিতে বাধিয়া উভয়ের নাকে নসা প্রয়োগ করে । দুই ঘোড়ার পিঠে একজন মানুষকে চড়াইয়া ঘোড়াদুটাকে চাবুক মারে ; দুই ঘোড়া দুই বিপরীত দিকে ছুটিয়া যায়, মাঝখানে মানুষটা পড়িয়া গিয়া হাত-পা ভাঙে । এইরূপ প্রতিদিন নূতন নূতন খেলা তাহারা আবিষ্কার করে । অকারণে গ্রাম জ্বলাইয়া দিয়া যায় । বলে যে, বাদশাহের সম্মানার্থ বাজি পুড়াইতেছে । সৈন্যদের পথে এইরূপ অত্যাচারের শত শত চিহ্ন পড়িয়া আছে । এখানে রঘুপতি আতিথ্য পাইবেন কোথায় ? কোনোদিন অনাহারে কোনোদিন অল্লাহারে কাটিতে লাগিল । রাত্রে অন্ধকারে এক ভগ্ন পরিভ্রমকুটিরে শ্রান্তদেহে শয়ন করিয়াছিলেন, সকালে উঠিয়া দেখেন এক ছিন্নশির মৃতদেহকে সমস্ত রাত্রি বালিশ করিয়া শুইয়াছিলেন । একদিন মধ্যাহ্নে রঘুপতি ক্ষুধিত হইয়া কোনো কুটিরে গিয়া দেখিলেন, একজন লোক তাহার ভাঙা সিঁদুকের উপরে ছমড়ি খাইয়া পড়িয়া আছে— বোধ হয় তাহার লুণ্ঠিত ধনের জন্য শোক করিতেছিল— কাছে গিয়া ঠেলিতেই সে গড়াইয়া পড়িয়া গেল । মৃতদেহ মাত্র তাহার জীবন অনেক কাল হইল চলিয়া গিয়াছে ।

একদিন রঘুপতি এক কুটিরে শুইয়া আছেন । রাত্রি অবসান হয় নাই, কিছু বিলম্ব আছে । এমন সময় ধীরে ধীরে দ্বার খুলিয়া গেল । শরতের চন্দ্রালোকের সঙ্গে সঙ্গে কতকগুলি ছায়া ঘরের মধ্যে আসিয়া পড়িল । ফিস্ ফিস্ শব্দ শুনা গেল । রঘুপতি চমকিয়া উঠিয়া বসিলেন ।

তিনি উঠিতেই কতকগুলি স্ত্রীকণ্ঠ সভয়ে বলিয়া উঠিল, “ও মা গো !” একজন পুরুষ অগ্রসর হইয়া বলিল, “কোন্ হায় রে ?”

রঘুপতি কহিলেন, “আমি ব্রাহ্মণ, পথিক । তোমরা কে ?”

“আমাদের এই ঘর । আমরা ঘর ছাড়িয়া পালাইয়াছিলাম । মোগল সৈন্য চলিয়া গিয়াছে শুনিয়া তবে এখানে আসিয়াছি ।”

রঘুপতি জিজ্ঞাসা করিলেন, “মোগল সৈন্য কোন্ দিকে গিয়াছে ?”

তাহারা কহিল, “বিজয়গড়ের দিকে । এতক্ষণ বিজয়গড়ের বনের মধ্যে প্রবেশ করিয়াছে ।”

রঘুপতি আর অধিক কিছু না বলিয়া তৎক্ষণাৎ যাত্রা করিলেন ।

বিংশ পরিচ্ছেদ

বিজয়গড়ের দীর্ঘ বন ঠগীদের আড্ডা। বনের মধ্যে দিয়া যে পথ গিয়াছে সেই পথের দুই পার্শ্বে কত মনুষ্যকঙ্কাল নিহিত আছে, তাহাদের উপরে কেবল বনফুল ফুটিতেছে, আর-কোনো চিহ্ন নাই। বনের মধ্যে বট আছে, বাবলা আছে, নিম আছে, শত শত প্রকারের লতা ও গুল্ম আছে। স্থানে স্থানে ডোবা অথবা পুকুরের মতো দেখা যায়। অবিশ্রাম পাতা পচিয়া পচিয়া তাহার জল একেবারে সবুজ হইয়া উঠিয়াছে। ছোটো ছোটো সঁড়ি পথ এ দিকে ও দিকে আঁকিয়া ঝাঁকিয়া সাপের মতো অন্ধকার জঙ্গলের মধ্যে প্রবেশ করিয়াছে। গাছের ডালে ডালে পালে পালে হনুমান। বটগাছের ডালের উপর হইতে শত শত শিকড় এবং হনুমানের লেজ ঝুলিতেছে। ভাঙা মন্দিরের প্রাঙ্গণে শিউলি ফুলের গাছ সাদা সাদা ফুলে এবং হনুমানের দস্তবিকাশে একেবারে আচ্ছন্ন। সন্ধ্যাবেলায় বড়ো বড়ো ঝাঁকড়া গাছের উপরে ঝাঁকে ঝাঁকে টিয়াপাখির চীৎকারে বনের ঘোর অন্ধকার যেন দীর্ঘ বিদীর্ণ হইতে থাকে! আজ এই বৃহৎ বনের মধ্যে প্রায় কুড়ি হাজার সৈন্য প্রবেশ করিয়াছে। এই ডালে-পালায় লতায়-পাতায় তৃণে-গুল্মে জড়িত বৃহৎ গোলাকার অরণ্য, কুড়ি হাজার খরনখচঞ্চু সৈনিক-বাজপক্ষীদের একটিমাত্র নীড় বলিয়া বোধ হইতেছে। সৈন্যসমাগম দেখিয়া অসংখ্য কাক কা কা করিয়া দল ঝাঁধিয়া আকাশে উড়িয়া বেড়াইতেছে— সাহস করিয়া ডালের উপর আসিয়া বসিতেছে না। কোনোপ্রকার গোলমাল করিতে সেনাপতির নিষেধ আছে। সৈন্যেরা সমস্ত দিন চলিয়া সন্ধ্যাবেলায় বনে আসিয়া শুষ্ক কাঠ কুড়াইয়া রক্ষন করিতেছে ও পরস্পর চুপি চুপি কথা কহিতেছে— তাহাদের সেই গুন্ গুন্ শব্দে সমস্ত অরণ্য গম্ গম্ করিতেছে, সন্ধ্যাবেলার ঝিঝি পোকের ডাক শোনা যাইতেছে না। গাছের গুঁড়িতে ঝাঁধা অশ্বেরা মাঝে মাঝে খুর দিয়া মাটি খুঁড়িতেছে ও হেঁষাধনি করিয়া উঠিতেছে— সমস্ত বনের তাহাতে চমক লাগিতেছে। ভাঙা মন্দিরের কাছে ফাঁকা জায়গায় শাসুজার শিবির পড়িয়াছে। আর সকলের আজ বৃক্ষতলেই অবস্থান।

সমস্ত দিন অবিশ্রাম চলিয়া রঘুপতি যখন বনের মধ্যে প্রবেশ করিলেন তখন রাত্রি হইয়াছে। অধিকাংশ সৈন্য নিস্তব্ধে ঘুমাইতেছে, অল্পমাত্র সৈন্য নীরবে পাহারা দিতেছে। মাঝে মাঝে এক-এক জায়গায় আগুন জ্বলিতেছে— অন্ধকার যেন বহু কষ্টে নিদ্রাক্রান্ত রাঙা চক্ষু মেলিয়াছে। রঘুপতি বনের মধ্যে পা দিয়াই কুড়ি হাজার সৈনিকের নিশ্বাস-প্রশ্বাস যেন শুনিতে পাইলেন। বনের সহস্র গাছ শাখা বিস্তার করিয়া পাহারা দিতেছে। কালপেচক তাহার সদ্যোজাত শাবকের উপর যেমন পক্ষ প্রসারিত করিয়া বসিয়া থাকে, তেমনি অরণ্যের বাহিরকার বিরাট রাত্রি অরণ্যের ভিতরকার গাঢ়তর রাত্রির উপর চাপিয়া ডানা ঝাঁপিয়া নীরবে বসিয়া আছে— অরণ্যের ভিতরে এক রাত্রি মুখ গুঁজিয়া ঘুমাইয়া আছে, অরণ্যের বাহিরে এক রাত্রি মাথা তুলিয়া জাগিয়া আছে। রঘুপতি সে রাত্রে বনপ্রান্তে শুইয়া রহিলেন।

সকালে গোটা দুই-চার খোঁচা খাইয়া ধড়ফড় করিয়া জাগিয়া উঠিলেন। দেখিলেন জন-কত পাগড়ি-ঝাঁধা দাড়ি-পরিপূর্ণ তুরানি সৈন্য বিদেশী ভাষায় তাঁহাকে কী বলিতেছে; শুনিয়া তিনি নিশ্চয় অনুমান করিয়া লইলেন— গালি। তিনিও বঙ্গ ভাষায় তাহাদের শ্যালক-সম্বন্ধ প্রচার করিয়া দিলেন। তাহারা তাঁহাকে টানাটানি করিতে লাগিল।

রঘুপতি বলিলেন, “ঠাট্টা পেয়েছিস?” কিন্তু তাহাদের আচরণে ঠাট্টার লক্ষণ কিছুমাত্র প্রকাশ পাইল না। বনের মধ্য দিয়া তাহারা তাঁহাকে অকাতরে টানিয়া লইয়া যাইতে লাগিল।

তিনি সবিশেষ অসন্তোষ প্রকাশ করিয়া বলিলেন, “টানাটানি কর কেন? আমি আপনিই যাচ্ছি। এত পথ আমি এলুম কী করতে?”

সৈন্যেরা হাসিতে লাগিল ও তাঁহার বাংলা কথা নকল করিতে লাগিল। ক্রমে ক্রমে তাঁহার চতুর্দিকে বিস্তর সৈন্য জড়ো হইল, তাঁহাকে লইয়া ভারি গোল পড়িয়া গেল। উৎপীড়নেরও সীমা রহিল না। একজন সৈন্য একটা কাঠবিড়ালির লেজ ধরিয়া তাঁহার মুণ্ডিত মাথায় ছাড়িয়া দিল— দেখিবার ইচ্ছা, ফল মনে করিয়া খায় কি না। একজন সৈন্য তাঁহার নাকের সম্মুখে একটা মোটা বেত ঝাঁকাইয়া ধরিয়া

তাহার সঙ্গে সঙ্গে চলিল, সেটা ছাড়িয়া দিলে রঘুপতির মুখের উপর হইতে নাকের সমুন্নত মহিমা একেবারে সমূলে লোপ হইবার সম্ভাবনা। সৈন্যদের হাস্যে কানন ধ্বনিত হইতে লাগিল। মধ্যাহ্নে আজ যুদ্ধ করিতে হইবে, সকালে তাই রঘুপতিকে লইয়া তাহাদের ভারি খেলা পড়িয়া গেল। খেলার সাধ মিটিলে পর ব্রাহ্মণকে সুজার শিবিরে লইয়া গেল।

সুজাকে দেখিয়া রঘুপতি সেলাম করিলেন না। তিনি দেবতা ও স্ববর্ণ ছাড়া আর কাহারও কাছে কখনো মাথা নত করেন নাই। মাথা তুলিয়া দাঁড়াইয়া রহিলেন; হাত তুলিয়া বলিলেন, “শাহেন-শার জয় হউক।”

সুজা মদের পেয়ালা লইয়া সভাসদ-সমেত বসিয়াছিলেন; আলস্যবিজড়িত স্বরে নিতান্ত উপেক্ষা-ভরে কহিলেন, “কী, ব্যাপার কী!”

সৈন্যেরা কহিল, “জনাব, শত্রুপক্ষের চর গোপনে আমাদের বলাবল জানিতে আসিয়াছিল; আমরা তাহাকে প্রভুর কাছে ধরিয়া আনিয়াছি।”

সুজা কহিলেন, “আচ্ছা আচ্ছা! বেচারা দেখিতে আসিয়াছে, উহাকে ভালো করিয়া সমস্ত দেখাইয়া ছাড়িয়া দাও। দেশে গিয়া গল্প করিবে।”

রঘুপতি বদ হিন্দুস্থানিতে কহিলেন, “সরকারের অধীনে আমি কর্ম প্রার্থনা করি।”

সুজা আলস্যভরে হাত নাড়িয়া তাহাকে দ্রুত চলিয়া যাইতে ইঙ্গিত করিলেন। বলিলেন, “গরম!” যে বাতাস করিতেছিল, সে দ্বিগুণ জোরে বাতাস করিতে লাগিল।

দারা তাহার পুত্র সুলেমানকে রাজা জয়সিংহের অধীনে সুজার আক্রমণ প্রতিরোধ করিতে পাঠাইয়াছেন। তাহাদের বৃহৎ সৈন্যদল নিকটবর্তী হইয়াছে, সংবাদ আসিয়াছে। তাই বিজয়গড়ের কেহ্লা অধিকার করিয়া সেইখানে সৈন্য সমবেত করিবার জন্য সুজা ব্যস্ত হইয়া পড়িয়াছেন। সুজার হাতে কেহ্লা এবং সরকারি খাজনা সমর্পণ করিবার প্রস্তাব লইয়া বিজয়গড়ের অধিপতি বিক্রমসিংহের নিকট দূত গিয়াছিল। বিক্রমসিংহ সেই দূতমুখে বলিয়া পাঠাইলেন, “আমি কেবল দিল্লীশ্বর শাজাহান এবং জগদীশ্বর ভবানীপতিকে জানি— সুজা কে? আমি তাহাকে জানি না।”

সুজা জড়িত স্বরে কহিলেন, “ভারি বেআদব! নাহক আবার লড়াই করিতে হইবে। ভারি হাস্যাম!”

রঘুপতি এই-সমস্ত শুনিতে পাইলেন। সৈন্যদের হাত এড়াইবামাত্র বিজয়গড়ের দিকে চলিয়া গেলেন।

একবিংশ পরিচ্ছেদ

পাহাড়ের উপর বিজয়গড়। বিজয়গড়ের অরণ্য গড়ের কাছাকাছি গিয়া শেষ হইয়াছে। অরণ্য হইতে বাহির হইয়া রঘুপতি সহসা দেখিলেন, দীর্ঘ পাষাণদুর্গ যেন নীল আকাশে হেলান দিয়া দাঁড়াইয়া আছে। অরণ্য যেমন তাহার সহস্র তরুজালে প্রচ্ছন্ন, দুর্গ তেমনি আপনার পাষাণের মধ্যে আপনি রুদ্ধ। অরণ্য সাবধানী, দুর্গ সতর্ক। অরণ্য ব্যাঘ্রের মতো গুঁড়ি মারিয়া লেজ পাকাইয়া বসিয়া আছে, দুর্গ সিংহের মতো কেশর ফুলাইয়া ঘাড় বাঁকাইয়া দাঁড়াইয়া আছে। অরণ্য মাটিতে কান পাতিয়া শুনিতেছে, দুর্গ আকাশে মাথা তুলিয়া দেখিতেছে।

রঘুপতি অরণ্য হইতে বাহির হইবামাত্র দুর্গপ্রাকারের উপরে সৈন্যেরা সচকিত হইয়া উঠিল। শৃঙ্গ বাজিয়া উঠিল। দুর্গ যেন সহসা সিংহনাদ করিয়া দাঁত নখ মেলিয়া ভুকুটি করিয়া দাঁড়াইল। রঘুপতি পইতা দেখাইয়া হাত তুলিয়া ইঙ্গিত করিতে লাগিলেন। সৈন্যেরা সতর্ক হইয়া দাঁড়াইয়া রহিল। রঘুপতি যখন দুর্গপ্রাচীরের কাছাকাছি গেলেন তখন সৈন্যেরা জিজ্ঞাসা করিয়া উঠিল, “তুমি কে?”

রঘুপতি বলিলেন, “আমি ব্রাহ্মণ, অতিথি।”

দুর্গাধিপতি বিক্রমসিংহ পরম ধর্মনিষ্ঠ। দেবতা ব্রাহ্মণ ও অতিথি-সেবায় নিযুক্ত। পইতা থাকিলে

দুর্গপ্রবেশের জন্য আর-কোনো পরিচয় আবশ্যিক ছিল না। কিন্তু আজ যুদ্ধের দিনে কী করা উচিত সৈন্যেরা ভাবিয়া পাইতেছিল না।

রঘুপতি কহিলেন, “তোমরা আশ্রয় না দিলে মুসলমানদের হাতে আমাকে মরিতে হইবে।”

বিক্রমসিংহের কানে যখন এ কথা গেল তখন তিনি ব্রাহ্মণকে দুর্গের মধ্যে আশ্রয় দিতে অনুমতি করিলেন। প্রাচীরের উপর হইতে একটা মই নামানো হইল, রঘুপতি দুর্গের মধ্যে প্রবেশ করিলেন।

দুর্গের মধ্যে যুদ্ধের প্রতীক্ষায় সকলেই ব্যস্ত। বৃদ্ধ খুড়াসাহেব ব্রাহ্মণ-অভ্যর্থনার ভার স্বয়ং লইলেন। তাঁহার প্রকৃত নাম খড়্গসিংহ, কিন্তু তাঁহাকে কেহ বলে খুড়াসাহেব, কেহ বলে সুবাদার-সাহেব— কেন যে বলে তাহার কোনো কারণ পাওয়া যায় না। পৃথিবীতে তাঁহার ভ্রাতৃপুত্র নাই, ভাই নাই, তাঁহার খুড়া হইবার কোনো অধিকার বা সুদূর সম্ভাবনা নাই এবং তাঁহার ভ্রাতৃপুত্র যতগুলি তাঁহার সুবা তাহার অপেক্ষা অধিক নহে, কিন্তু আজ পর্যন্ত কেহ তাঁহার উপাধি সম্বন্ধে কোনোপ্রকার আপত্তি অথবা সন্দেহ উত্থাপিত করে নাই। যাহারা বিনা ভাইপোয় খুড়া, বিনা সুবায় সুবাদার, সংসারের অনিত্যতা ও লক্ষ্মীর চপলতা -নিবন্ধন তাহাদের পদচ্যুতির কোনো আশঙ্কা নাই।

খুড়াসাহেব আসিয়া কহিলেন, “বাহবা, এই তো ব্রাহ্মণ বটে!” বলিয়া ভক্তিভরে প্রণাম করিলেন। রঘুপতির একপ্রকার তেজীয়ান দীপশিখার মতো আকৃতি ছিল যাহা দেখিয়া সহসা পতঙ্গেরা মুগ্ধ হইয়া যাইত।

খুড়াসাহেব জগতের বর্তমান শোচনীয় অবস্থায় বিষণ্ণ হইয়া কহিলেন, “ঠাকুর, তেমন ব্রাহ্মণ আজকাল ক’টা মেলে।”

রঘুপতি কহিলেন, “অতি অল্প।”

খুড়াসাহেব কহিলেন, “আগে ব্রাহ্মণের মুখে অগ্নি ছিল, এখন সমস্ত অগ্নি জঠরে আশ্রয় লইয়াছে।”

রঘুপতি কহিলেন, “তাও কি আগেকার মতো আছে?”

খুড়াসাহেব মাথা নাড়িয়া কহিলেন, “ঠিক কথা। অগস্ত্য মুনি যে-আন্দাজ পান করিয়াছিলেন সে-আন্দাজ যদি আহার করিতেন তাহা হইলে একবার বুঝিয়া দেখুন।”

রঘুপতি কহিলেন, “আরো দৃষ্টান্ত আছে।”

খুড়াসাহেব। হাঁ আছে বৈকি। জহু মুনির পিপাসার কথা শুনা যায়, তাঁহার ক্ষুধার কথা কোথাও লেখে নাই, কিন্তু একটা অনুমান করা যাইতে পারে। হতুঁকি খাইলেই যে কম খাওয়া হয় তাহা নহে, ক’টা করিয়া হতুঁকি তাঁহারা রোজ খাইতেন তাহার একটা হিসাব থাকিলে তবু বুঝিতে পারিতাম।

রঘুপতি ব্রাহ্মণের মাহাত্ম্য স্মরণ করিয়া গম্ভীর ভাবে কহিলেন, “না সাহেব, আহারের প্রতি তাঁহাদের যথেষ্ট মনোযোগ ছিল না।”

খুড়াসাহেব জিভ কাটিয়া কহিলেন, “রাম রাম, বলেন কী ঠাকুর? তাঁহাদের জঠরানল যে অত্যন্ত প্রবল ছিল তাহার বিশিষ্ট প্রমাণ আছে। দেখুন-না কেন, কালক্রমে আর-সকল অগ্নিই নিবিয়া গেল, হোমের অগ্নিও আর জ্বলে না, কিন্তু—”

রঘুপতি কিঞ্চিৎ ক্ষুণ্ণ হইয়া কহিলেন, “হোমের অগ্নি আর জ্বলিবে কী করিয়া? দেশে ঘি রহিল কই? পাষাণেরা সমস্ত গোরু পার করিয়া দিতেছে, এখন হব্য পাওয়া যায় কোথায়? হোমাগ্নি না জ্বলিলে ব্রহ্মতেজ আর কতদিন টেকে?”

বলিয়া রঘুপতি নিজের প্রচ্ছন্ন দাহিকাশক্তি অত্যন্ত অনুভব করিতে লাগিলেন।

খুড়াসাহেব কহিলেন, “ঠিক বলিয়াছেন ঠাকুর, গোরুগুলো মরিয়া আজকাল মনুষ্যালোকে জন্মগ্রহণ করিতে আরম্ভ করিয়াছে, কিন্তু তাহাদের কাছ হইতে ঘি পাইবার প্রত্যাশা করা যায় না। মগজের সম্পূর্ণ অভাব। ঠাকুরের কোথা হইতে আসা হইতেছে?”

রঘুপতি কহিলেন, “ত্রিপুরার রাজবাটা হইতে।”

বিজয়গড়ের বহিঃস্থিত ভারতবর্ষের ভূগোল অথবা ইতিহাস সম্বন্ধে খুড়াসাহেবের যৎসামান্য জানা ছিল। বিজয়গড় ছাড়া ভারতবর্ষে জানিবার যোগ্য যে আর-কিছু আছে তাহাও তাঁহার বিশ্বাস নহে।

সম্পূর্ণ অনুমানের উপর নির্ভর করিয়া বলিলেন, “আহা, ত্রিপুরার রাজা মন্ত রাজা।”

রঘুপতি তাহা সম্পূর্ণ অনুমোদন করিলেন।

খুড়াসাহেব। ঠাকুরের কী করা হয়?

রঘুপতি। আমি ত্রিপুরার রাজপুরোহিত।

খুড়াসাহেব চোখ বুজিয়া মাথা নাড়িয়া কহিলেন, “আহা!” রঘুপতির উপরে তাঁহার ভক্তি অত্যন্ত বাড়িয়া উঠিল।

“কী করিতে আসা হইয়াছে?”

রঘুপতি কহিলেন, “তীর্থদর্শন করিতে।”

ধুম করিয়া আওয়াজ হইল। শত্রুপক্ষ দুর্গ আক্রমণ করিয়াছে। খুড়াসাহেব হাসিয়া চোখ টিপিয়া কহিলেন, “ও কিছু নয়, ঢেলা ছুড়িতেছে।” বিজয়গড়ের উপরে খুড়াসাহেবের বিশ্বাস যত দৃঢ়, বিজয়গড়ের পাষণ তত দৃঢ় নহে। বিদেশী পথিক দুর্গের মধ্যে প্রবেশ করিলেই খুড়াসাহেব তাহাকে সম্পূর্ণ অধিকার করিয়া বসেন এবং বিজয়গড়ের মাহাত্ম্য তাহার মনে বন্ধমূল করিয়া দেন। ত্রিপুরার রাজবাটী হইতে রঘুপতি আসিয়াছেন, এমন অতিথি সচরাচর মেলে না, খুড়াসাহেব অত্যন্ত উল্লাসে আছেন। অতিথির সঙ্গে বিজয়গড়ের পুরাতত্ত্ব সম্বন্ধে আলোচনা করিতে লাগিলেন। তিনি বলিলেন, ব্রহ্মার অণু এবং বিজয়গড়ের দুর্গ যে প্রায় একই সময়ে উৎপন্ন হইয়াছে এবং ঠিক মনুর পর হইতেই মহারাজ বিক্রমসিংহের পূর্বপুরুষেরা যে এই দুর্গ ভোগদখল করিয়া আসিতেছেন সে বিষয়ে কোনো সংশয় থাকিতে পারে না। এই দুর্গের প্রতি শিবের কী বর আছে এবং এই দুর্গে কার্তবীর্যার্জুন যে কিরূপে বন্দী হইয়াছিলেন তাহাও রঘুপতির অগোচর রহিল না।

সন্ধ্যার সময় সংবাদ পাওয়া গেল শত্রুপক্ষ দুর্গের কোনো ক্ষতি করিতে পারে নাই। তাহারা কামান পাতিয়াছিল, কিন্তু কামানের গোলা দুর্গে আসিয়া পৌঁছিতে পারে নাই। খুড়াসাহেব হাসিয়া রঘুপতির দিকে চাহিলেন। মর্ম এই যে, দুর্গের প্রতি শিবের যে অমোঘ বর আছে তাহার এমন প্রত্যক্ষ প্রমাণ আর কী হইতে পারে। বোধ করি, নন্দী স্বয়ং আসিয়া কামানের গোলাগুলি লুফিয়া লইয়া গিয়াছে, কৈলাসে গণপতি ও কার্তিকেয় ভাঁটা খেলিবেন।

দ্বাবিংশ পরিচ্ছেদ

শাসুজাকে কোনোমতে হস্তগত করাই রঘুপতির উদ্দেশ্য ছিল। তিনি যখন শুনিলেন, সুজা দুর্গ আক্রমণ করিতে প্রবৃত্ত হইয়াছেন তখন মনে করিলেন মিত্রভাবে দুর্গের মধ্যে প্রবেশ করিয়া তিনি কোনোরূপে সুজার দুর্গ-আক্রমণে সাহায্য করিবেন। কিন্তু ব্রাহ্মণ যুদ্ধবিগ্রহের কোনো ধার ধারেন না, কী করিলে যে সুজার সাহায্য হইতে পারে কিছুই ভাবিয়া পাইলেন না।

পরদিন আবার যুদ্ধ আরম্ভ হইল। বিপক্ষ পক্ষ বারুদ দিয়া দুর্গপ্রাচীরের কিয়দংশ উড়াইয়া দিল কিন্তু ঘন ঘন গুলিবর্ষণের প্রভাবে দুর্গে প্রবেশ করিতে পারিল না। ভগ্ন অংশ দেখিতে দেখিতে গাঁথিয়া তোলা হইল। আজ মাঝে মাঝে দুর্গের মধ্যে গোলাগুলি আসিয়া পড়িতে লাগিল, দুই-চারিজন করিয়া দুর্গ-সৈন্য হত ও আহত হইতে লাগিল।

“ঠাকুর, কিছু ভয় নাই, এ কেবল খেলা হইতেছে” বলিয়া খুড়াসাহেব রঘুপতিকে লইয়া দুর্গের চারি দিক দেখাইয়া বেড়াইতে লাগিলেন। কোথায় অস্ত্রাগার, কোথায় ভাণ্ডার, কোথায় আহতের চিকিৎসাগৃহ, কোথায় বন্দীশালা, কোথায় দরবার, এই-সমস্ত তন্ন তন্ন করিয়া দেখাইতে লাগিলেন ও বার বার রঘুপতির মুখের দিকে চাহিতে লাগিলেন। রঘুপতি কহিলেন, “চমৎকার কারখানা। ত্রিপুরার গড় ইহার কাছে লাগিতে পারে না। কিন্তু সাহেব, গোপনে পলায়নের জন্য ত্রিপুরার গড়ে একটি আশ্চর্য সুরঙ্গ-পথ আছে, এখানে সেরূপ কিছুই দেখিতেছি না।”

খুড়াসাহেব কী একটা বলিতে যাইতেছিলেন, সহসা আত্মসম্বরণ করিয়া কহিলেন, “না, এ দুর্গে সেরূপ কিছুই নাই।”

রঘুপতি নিতান্ত আশ্চর্য প্রকাশ করিয়া কহিলেন, “এতবড়ো দুর্গে একটা সুরঙ্গ-পথ নাই, এ কেমন কথা হইল !”

খুড়াসাহেব কিছু কাতর হইয়া কহিলেন, “নাই, এ কি হইতে পারে ? অবশ্যই আছে, তবে আমরা হয়তো কেহ জানি না।”

রঘুপতি হাসিয়া কহিলেন, “তবে তো না থাকারই মধ্যে। যখন আপনিই জানেন না তখন আর কেই বা জানে।”

খুড়াসাহেব অত্যন্ত গম্ভীর হইয়া কিছুক্ষণ চুপ করিয়া রহিলেন, তার পরে সহসা “হরি হে রাম রাম” বলিয়া তুড়ি দিয়া হাই তুলিলেন, তার পরে মুখে গোঁফে দাড়িতে দুই-একবার হাত বুলাইয়া হঠাৎ বলিলেন, “ঠাকুর, পূজা-অর্চনা লইয়া থাকেন, আপনাকে বলিতে কোনো দোষ নাই— দুর্গ-প্রবেশের এবং দুর্গ হইতে বাহির হইবার দুইটা গোপন পথ আছে, কিন্তু বাহিরের কোনো লোককে তাহা দেখানো নিষেধ।”

রঘুপতি কিঞ্চিৎ সন্দেহের স্বরে কহিলেন, “বটে ! তা হবে।”

খুড়াসাহেব দেখিলেন তাঁহারই দোষ, একবার ‘নাই’ একবার ‘আছে’ বলিলে লোকের স্বভাবতই সন্দেহ হইতে পারে। বিদেশীর চোখে ত্রিপুরার গড়ের কাছে বিজয়গড় কোনো অংশে খাটো হইয়া যাইবে ইহা খুড়াসাহেবের পক্ষে অসহ্য।

তিনি কহিলেন, “ঠাকুর, বোধ করি, আপনার ত্রিপুরা অনেক দূরে এবং আপনি ব্রাহ্মণ, দেবসেবাই আপনার একমাত্র কাজ, আপনার দ্বারা কিছুই প্রকাশ হইবার সম্ভাবনা নাই।”

রঘুপতি কহিলেন, “কাজ কী সাহেব, সন্দেহ হয় তো ও-সব কথা থাক-না। আমি ব্রাহ্মণের ছেলে, আমার দুর্গের খবরে কাজ কী।”

খুড়াসাহেব জিভ কাটিয়া কহিলেন, “আরে রাম রাম, আপনাকে আবার সন্দেহ কিসের ! চলুন, একবার দেখাইয়া লইয়া আসি।”

এ দিকে সহসা দুর্গের বাহিরে সুজার সেনাদের মধ্যে বিশৃঙ্খলা উপস্থিত হইয়াছে। অরণ্যের মধ্যে সুজার শিবির ছিল, সুলেমান এবং জয়সিংহের সৈন্য আসিয়া সহসা তাঁহাকে বন্দী করিয়াছে এবং অলক্ষ্যে দুর্গ-আক্রমণকারীদের উপরে আসিয়া পড়িয়াছে। সুজার সৈন্যেরা লড়াই না করিয়া কুড়িটা কামান পশ্চাতে ফেলিয়া ভঙ্গ দিল।

দুর্গের মধ্যে ধুম পড়িয়া গেল। বিক্রমসিংহের নিকট সুলেমানের দূত পৌঁছিতেই তিনি দুর্গের দ্বার খুলিয়া দিলেন, স্বয়ং অগ্রসর হইয়া সুলেমান ও রাজা জয়সিংহকে অভ্যর্থনা করিয়া লইলেন। দিল্লীশ্বরের সৈন্য ও অশ্ব-গজে দুর্গ পরিপূর্ণ হইয়া গেল। নিশান উড়িতে লাগিল, শঙ্খ ও রণবাদ্য বাজিতে লাগিল এবং খুড়াসাহেবের শ্বেত গুণ্ফের নীচে শ্বেত হাস্য পরিপূর্ণরূপে প্রস্ফুটিত হইয়া উঠিল।

ত্রয়োবিংশ পরিচ্ছেদ

খুড়াসাহেবের কী আনন্দের দিন ! আজ দিল্লীশ্বরের রাজপুত সৈন্যেরা বিজয়গড়ের অতিথি হইয়াছে। প্রবলপ্রতাপাশ্রিত শাসুজা আজ বিজয়গড়ের বন্দী। কার্তবীর্ষার্জুনের পর হইতে বিজয়গড়ে এমন বন্দী আর মেলে নাই। কার্তবীর্ষার্জুনের বন্ধন-দশা স্মরণ করিয়া নিশ্বাস ফেলিয়া খুড়াসাহেব রাজপুত সুচেতসিংহকে বলিলেন, “মনে করিয়া দেখো, হাজারটা হাতে শিকলি পরাইতে কী আয়োজনটাই করিতে হইয়াছিল। কলিযুগ পড়িয়া অবধি ধুমধাম বিলকুল কমিয়া গিয়াছে। এখন

রাজার ছেলেই হউক আর বাদশাহের ছেলেই হউক বাজারে দুখানার বেশি হাত খুঁজিয়া পাওয়া যায় না। বাঁধিয়া সুখ নাই।”

সুচেতসিংহ হাসিয়া নিজের হাতের দিকে চাহিয়া কহিলেন, “এই দুইখানা হাতই যথেষ্ট।”

খুড়াসাহেব কিঞ্চিৎ ভাবিয়া বলিলেন, “তা বটে, সেকালে কাজ ছিল ঢের বেশি। আজকাল কাজ এত কম পড়িয়াছে যে, এই দুইখানা হাতেরই কোনো কৈফিয়ত দেওয়া যায় না। আরো হাত থাকিলে আরো গৌফে তা দিতে হইত।”

আজ খুড়াসাহেবের বেশভূষার ক্রটি ছিল না। চিবুকের নীচে হইতে পাকা দাড়ি দুই ভাগে বিভক্ত করিয়া তাঁহার দুই কানে লটকাইয়া দিয়াছেন। গৌফজোড়া পাকাইয়া কর্ণরঞ্জের কাছাকাছি লইয়া গিয়াছেন। মাথায় বাঁকা পাগড়ি, কটিদেশে বাঁকা তলোয়ার। জরির জুতার সম্মুখভাগ শিঙের মতো বাঁকিয়া পাকাইয়া উঠিয়াছে। আজ খুড়াসাহেবের চলিবার এমনি ভঙ্গি, যেন বিজয়গড়ের মহিমা তাঁহারই সর্বাস্তে তরঙ্গিত হইতেছে। আজ এই-সমস্ত সমজদার লোকের নিকটে বিজয়গড়ের মাহাত্ম্য প্রমাণ হইয়া যাইবে এই আনন্দে তাঁহার আহরনিদ্রা নাই।

সুচেতসিংহকে লইয়া প্রায় সমস্ত দিন দুর্গ পর্যবেক্ষণ করিলেন। সুচেতসিংহ যেখানে কোনোপ্রকার আশ্চর্য প্রকাশ না করেন সেখানে খুড়াসাহেব স্বয়ং “বাহবা বাহবা” করিয়া নিজের উৎসাহ রাজপুত্র বীরের হৃদয়ে সঞ্চারিত করিতে চেষ্টা করেন। বিশেষত দুর্গপ্রাকারের গাঁথুনি সম্বন্ধে তাঁহাকে সবিশেষ পরিশ্রম করিতে হইল। দুর্গপ্রাকার যেরূপ অবিচলিত, সুচেতসিংহও ততোধিক— তাঁহার মুখে কোনোপ্রকারই ভাব প্রকাশ পাইল না। খুড়াসাহেব ঘুরিয়া ফিরিয়া তাঁহাকে একবার দুর্গপ্রাকারের বামে একবার দক্ষিণে, একবার উপরে একবার নীচে আনিয়া উপস্থিত করিতে লাগিলেন— বার বার বলিতে লাগিলেন, “কী তারিফ!” কিন্তু কিছুতেই সুচেতসিংহের হৃদয়দুর্গ অধিকার করিতে পারিলেন না। অবশেষে সন্ধ্যাবেলায় শ্রান্ত হইয়া সুচেতসিংহ বলিয়া উঠিলেন, “আমি ভরতপুরের গড় দেখিয়াছি। আর-কোনো গড় আমার চক্ষে লাগে না।”

খুড়াসাহেব কাহারও সঙ্গে কখনো বিবাদ করেন না; নিতান্ত ম্লান হইয়া বলিলেন, “অবশ্য অবশ্য। এ কথা বলিতে পারো বটে।”

নিশ্বাস ফেলিয়া দুর্গ সম্বন্ধে আলোচনা পরিত্যাগ করিলেন। বিক্রমসিংহের পূর্বপুরুষ দুর্গাসিংহের কথা উঠাইলেন। তিনি বলিলেন, “দুর্গাসিংহের তিন পুত্র ছিল। কনিষ্ঠ পুত্র চিত্রসিংহের এক আশ্চর্য অভ্যাস ছিল। তিনি প্রতিদিন প্রাতে আধ সের আন্দাজ ছোলা দুখে সিদ্ধ করিয়া খাইতেন। তাঁহার শরীরও তেমনি ছিল। আচ্ছা জি, তুমি যে ভরতপুরের গড়ের কথা বলিতেছ, সে অবশ্য খুব মস্ত গড়ই হইবে— কিন্তু কই ব্রহ্মবৈবর্তপুরাণে তো তাহার কোনো উল্লেখ নাই।”

সুচেতসিংহ হাসিয়া কহিলেন, “তাহার জন্য কাজের কোনো ব্যাঘাত হইতেছে না।”

খুড়াসাহেব কাষ্ঠহাসি হাসিয়া কহিলেন, “হা হা হা! তা ঠিক, তা ঠিক! তবে কি জানো, ত্রিপুরার গড়ও বড়ো কম নহে, কিন্তু বিজয়গড়ের—”

সুচেতসিংহ। ত্রিপুরা আবার কোন্ মুল্লুকে?

খুড়াসাহেব। সে ভারী মুল্লুক। অত কথায় কাজ কী, সেখানকার রাজপুরোহিত-ঠাকুর আমাদের গড়ে অতিথি আছেন, তুমি তাঁহার মুখে সমস্ত শুনিবে।

কিন্তু ব্রাহ্মণকে আজ কোথাও খুঁজিয়া পাওয়া গেল না। খুড়াসাহেবের প্রাণ সেই ব্রাহ্মণের জন্য কাঁদিতে লাগিল। তিনি মনে মনে কহিতে লাগিলেন, ‘এই রাজপুত্র গ্রাম্যগুলোর চেয়ে সে ব্রাহ্মণ অনেক ভালো।’ সুচেতসিংহের নিকটে শতমুখে রঘুপতির প্রশংসা করিতে লাগিলেন এবং বিজয়গড় সম্বন্ধে রঘুপতির কী মত তাহাও ব্যক্ত করিলেন।

চতুর্বিংশ পরিচ্ছেদ

খুড়াসাহেবের হাত এড়াইতে সুচেতসিংহকে আর অধিক প্রয়াস পাইতে হইল না। কাল প্রাতে বন্দী-সমেত সম্রাট-সৈন্যের যাত্রার দিন স্থির হইয়াছে, যাত্রার আয়োজনে সৈন্যেরা নিযুক্ত হইল।

বন্দীশালায় শাসুজা অত্যন্ত অসন্তুষ্ট হইয়া মনে মনে কহিতেছেন, 'ইহারা কী বেআদব ! শিবির হইতে আমার আলবোলাটা আনিয়া দিবে, তাহাও ইহাদের মনে উদয় হইল না।'

বিজয়গড়ের পাহাড়ের নিম্নভাগে এক গভীর খাল আছে। সেই খালের ধারে এক স্থানে একটি বজ্রদণ্ড অশথের গুঁড়ি আছে। সেই গুঁড়ির কাছ-বরাবর রঘুপতি গভীর রাত্রে ডুব দিলেন ও অদৃশ্য হইয়া গেলেন।

গোপনে দুর্গ-প্রবেশের জন্য যে সুরঙ্গ-পথ আছে এই খালের গভীর তলেই তাহার প্রবেশের মুখ। এই পথ বাহিয়া সুরঙ্গ-প্রান্তে পৌঁছিয়া নীচে হইতে সবলে ঠেলিলেই একটি পাথর উঠিয়া পড়ে, উপর হইতে তাহাকে কিছুতেই উঠানো যায় না। সুতরাং যাহারা দুর্গের ভিতরে আছে তাহারা এ পথ দিয়া বাহির হইতে পারে না।

বন্দীশালার পালঙ্কের উপরে সুজা নিদ্রিত। পালঙ্ক ছাড়া গৃহে আর-কোনো সজ্জা নাই। একটি প্রদীপ জ্বলিতেছে। সহসা গৃহে ছিদ্র প্রকাশ পাইল। অল্পে অল্পে মাথা তুলিয়া পাতাল হইতে রঘুপতি উঠিয়া পড়িলেন। তাঁহার সর্বাঙ্গ ভিজা। সিক্ত বস্ত্র হইতে জলধারা ঝরিয়া পড়িতেছে। রঘুপতি ধীরে ধীরে সুজাকে স্পর্শ করিলেন।

সুজা চমকিয়া উঠিয়া চক্ষু রগড়াইয়া কিছুক্ষণ বসিয়া রহিলেন, তার পরে আলস্যজড়িত স্বরে কহিলেন, "কী হান্সাম ! ইহারা কি আমাকে রাত্রেও ঘুমাইতে দিবে না ! তোমাদের ব্যবহারে আমি আশ্চর্য হইয়াছি।"

রঘুপতি মৃদুস্বরে কহিলেন, "শাহাজাদা, উঠিতে আজ্ঞা হউক। আমি সেই ব্রাহ্মণ। আমাকে স্মরণ করিয়া দেখুন। ভবিষ্যতেও আমাকে স্মরণ রাখিবেন।"

পরদিন প্রাতে সম্রাট-সৈন্য যাত্রার জন্য প্রস্তুত হইল। সুজাকে নিদ্রা হইতে জাগাইবার জন্য রাজা জয়সিংহ স্বয়ং বন্দীশালায় প্রবেশ করিলেন। দেখিলেন, সুজা তখনো শয্যা হইতে উঠেন নাই। কাছে গিয়া স্পর্শ করিলেন। দেখিলেন, সুজা নহে, তাঁহার বস্ত্র পড়িয়া আছে। সুজা নাই। ঘরের মেঝের মধ্যে সুরঙ্গ-গহ্বর, তাহার প্রস্তর-আবরণ উন্মুক্ত পড়িয়া আছে।

বন্দীর পলায়নবার্তা দুর্গে রাষ্ট্র হইল। সন্ধানের জন্য চারি দিকে লোক ছুটিল। রাজা বিক্রমসিংহের শির নত হইল। বন্দী কিরূপে পলাইল তাহার বিচারের জন্য সভা বসিল।

খুড়াসাহেবের সেই গর্বিত সহর্ষ ভাব কোথায় গেল ! তিনি পাগলের মতো 'ব্রাহ্মণ কোথায়' 'ব্রাহ্মণ কোথায়' করিয়া রঘুপতিকে খুঁজিয়া বেড়াইতেছেন। ব্রাহ্মণ কোথাও নাই। পাগড়ি খুলিয়া খুড়াসাহেব কিছুকাল মাথায় হাত দিয়া বসিয়া রহিলেন। সুচেতসিংহ পাশে আসিয়া বসিলেন ; কহিলেন, "খুড়াসাহেব, কী আশ্চর্য কারখানা ! এ কি সমস্ত ভূতের কাণ্ড !"

খুড়াসাহেব বিষণ্ণ ভাবে ঘাড় নাড়িয়া কহিলেন, "না, এ ভূতের কাণ্ড নয় সুচেতসিংহ, এ একজন নিতান্ত নির্বোধ বৃদ্ধের কাণ্ড ও আর-একজন বিশ্বাসঘাতক পাষণ্ডের কাজ।"

সুচেতসিংহ আশ্চর্য হইয়া কহিলেন, "তুমি যদি তাহাদের জানোই তবে তাহাদের গ্রেফতার করিয়া দাও-না কেন ?"

খুড়াসাহেব কহিলেন, "তাহাদের মধ্যে একজন পালাইয়াছে। আর-একজনকে গ্রেফতার করিয়া রাজসভায় লইয়া যাইতেছি।"

বলিয়া পাগড়ি পরিলেন ও রাজসভার বেশ ধারণ করিলেন।

সভায় তখন প্রহরীদের সাক্ষ্য লওয়া হইতেছিল। খুড়াসাহেব নতশিরে সভায় প্রবেশ করিলেন।

বিক্রমসিংহের পদতলে তলোয়ার খুলিয়া রাখিয়া কহিলেন, “আমাকে বন্দী করিতে আদেশ করুন, আমি অপরাধী।”

রাজা বিস্মিত হইয়া কহিলেন, “খুড়াসাহেব, ব্যাপার কী!”

খুড়াসাহেব কহিলেন, “সেই ব্রাহ্মণ! এ-সমস্ত সেই বাঙালি ব্রাহ্মণের কাজ।”

রাজা জয়সিংহ জিজ্ঞাসা করিলেন, “তুমি কে?”

খুড়াসাহেব কহিলেন, “আমি বিজয়গড়ের বৃদ্ধ খুড়াসাহেব।”

জয়সিংহ। তুমি কী করিয়াছ?

খুড়াসাহেব। আমি বিজয়গড়ের সন্ধান ভেদ করিয়া বিশ্বাসঘাতকের কাজ করিয়াছি। আমি নিতান্ত নির্বোধের মতো বিশ্বাস করিয়া বাঙালি ব্রাহ্মণকে সুরঙ্গ-পথের কথা বলিয়াছিলাম—

বিক্রমসিংহ সহসা জ্বলিয়া উঠিয়া বলিলেন, “খড়াসিং!”

খুড়াসাহেব চমকিয়া উঠিলেন— তিনি প্রায় ভুলিয়া গিয়াছিলেন যে তাঁহার নাম খড়াসিংহ।

বিক্রমসিংহ কহিলেন, “খড়াসিং, এতদিন পরে তুমি কি আবার শিশু হইয়াছ!”

খুড়াসাহেব নতশিরে চূপ করিয়া রহিলেন।

বিক্রমসিংহ। খুড়াসাহেব, তুমি এই কাজ করিলে! তোমার হাতে আজ বিজয়গড়ের অপমান হইল।

খুড়াসাহেব চূপ করিয়া দাঁড়াইয়া রহিলেন, তাঁহার হাত থরথর করিয়া কাঁপিতে লাগিল। কম্পিত হস্তে কপাল স্পর্শ করিয়া মনে মনে কহিলেন, ‘অদৃষ্ট!’

বিক্রমসিংহ কহিলেন, “আমার দুর্গ হইতে দিল্লীশ্বরের শত্রু পলায়ন করিল! জানো, তুমি আমাকে দিল্লীশ্বরের নিকটে অপরাধী করিয়াছ!”

খুড়াসাহেব কহিলেন, “আমিই একা অপরাধী। মহারাজ অপরাধী এ কথা দিল্লীশ্বর বিশ্বাস করিবেন না।”

বিক্রমসিংহ বিরক্ত হইয়া কহিলেন, “তুমি কে? তোমার খবর দিল্লীশ্বর কী রাখেন? তুমি তো আমারই লোক। এ যেন আমি নিজের হাতে বন্দীর বন্ধন মোচন করিয়া দিয়াছি।”

খুড়াসাহেব নিরুত্তর হইয়া রহিলেন। তিনি চোখের জল আর সামলাইতে পারিলেন না।

বিক্রমসিংহ কহিলেন, “তোমাকে কী দণ্ড দিব?”

খুড়াসাহেব। মহারাজের যেমন ইচ্ছা।

বিক্রমসিংহ। তুমি বুড়ামানুষ, তোমাকে অধিক আর কী দণ্ড দিব। নির্বাসনদণ্ডই তোমার পক্ষে যথেষ্ট।

খুড়াসাহেব বিক্রমসিংহের পা জড়াইয়া ধরিলেন; কহিলেন, “বিজয়গড় হইতে নির্বাসন! না মহারাজ, আমি বৃদ্ধ, আমার মতিভ্রম হইয়াছিল। আমাকে বিজয়গড়েই মরিতে দিন। মৃত্যুদণ্ডের আদেশ করিয়া দিন। এই বুড়া বয়সে শেয়াল-কুকুরের মতো আমাকে বিজয়গড় হইতে খেদাইয়া দিবেন না।”

রাজা জয়সিংহ কহিলেন, “মহারাজ, আমার অনুরোধে ইহার অপরাধ মার্জনা করুন। আমি সম্রাটকে সমস্ত অবস্থা অবগত করিব।”

খুড়াসাহেবের মার্জনা হইল। সভা হইতে বাহির হইবার সময় খুড়াসাহেব কাঁপিয়া পড়িয়া গেলেন। সেদিন হইতে খুড়াসাহেবকে আর বড়ো একটা দেখা যাইত না। তিনি ঘর হইতে বাহির হইতেন না। তাঁহার মেরুদণ্ড যেন ভাঙিয়া গেল।

পঞ্চবিংশ পরিচ্ছেদ

গুজুরপাড়া ব্রহ্মপুত্রের তীরে ক্ষুদ্র গ্রাম। একজন ক্ষুদ্র জমিদার আছেন, নাম পীতাম্বর রায় ; বাসিন্দা অধিক নাই। পীতাম্বর আপনার পুরাতন চণ্ডীমণ্ডপে বসিয়া আপনাকে রাজা বলিয়া থাকেন। তাঁহার প্রজারাও তাঁহাকে রাজা বলিয়া থাকে। তাঁহার রাজমহিমা এই আশ্রয়ালবনবেষ্টিত ক্ষুদ্র গ্রামটুকুর মধ্যেই বিরাজমান। তাঁহার যশ এই গ্রামের নিকুঞ্জগুলির মধ্যে ধ্বনিত হইয়া এই গ্রামের সীমানার মধ্যেই বিলীন হইয়া যায়। জগতের বড়ো বড়ো রাজাধিরাজের প্রথর প্রতাপ এই ছায়াময় নীড়ের মধ্যে প্রবেশ করিতে পায় না। কেবল তীর্থস্থানের উদ্দেশ্যে নদীতীরে ত্রিপুরার রাজাদের এক বৃহৎ প্রাসাদ আছে, কিন্তু অনেক কাল হইতে রাজারা কেহ স্নানে আসেন নাই, সুতরাং ত্রিপুরার রাজার সম্বন্ধে গ্রামবাসীদের মধ্যে একটা অস্পষ্ট জনশ্রুতি প্রচলিত আছে মাত্র।

একদিন ভাদ্রমাসের দিনে গ্রামে সংবাদ আসিল, ত্রিপুরার এক রাজকুমার নদীতীরের পুরাতন প্রাসাদে বাস করিতে আসিতেছেন। কিছুদিন পরে বিস্তর পাগড়ি-বাঁধা লোক আসিয়া প্রাসাদে ভারি ধুম লাগাইয়া দিল। তাহার প্রায় এক সপ্তাহ পরে হাতিঘোড়া লোকলঙ্কর লইয়া স্বয়ং নক্ষত্ররায় গুজুরপাড়া গ্রামে আসিয়া উপস্থিত হইলেন। সমারোহ দেখিয়া গ্রামবাসীদের মুখে যেন রা সরিল না। পীতাম্বরকে এতদিন ভারি রাজা বলিয়া মনে হইত, কিন্তু আজ আর তাহা কাহারও মনে হইল না ; নক্ষত্ররায়কে দেখিয়া সকলেই একবাক্যে বলিল, “হাঁ, রাজপুত্র এইরকমই হয় বটে।”

এইরূপে পীতাম্বর তাঁহার পাকা দালান ও চণ্ডীমণ্ডপসুদূর একেবারে লুপ্ত হইয়া গেলেন বটে, কিন্তু তাঁহার আনন্দের আর সীমা রহিল না। নক্ষত্ররায়কে তিনি এমনি রাজা বলিয়া অনুভব করিলেন যে নিজের ক্ষুদ্র রাজমহিমা নক্ষত্ররায়ের চরণে সম্পূর্ণ বিসর্জন দিয়া তিনি পরম সুখী হইলেন। নক্ষত্ররায় কদাচিৎ হাতি চড়িয়া বাহির হইলে পীতাম্বর আপনার প্রজাদের ডাকিয়া বলিতেন, “রাজা দেখেছিস ? ঐ দেখ— রাজা দেখ।” মাছ তরকারি আহাৰ্যদ্রব্য উপহার লইয়া পীতাম্বর প্রতিদিন নক্ষত্ররায়কে দেখিতে আসিতেন— নক্ষত্ররায়ের তরুণ সুন্দর মুখ দেখিয়া পীতাম্বরের স্নেহ উচ্ছ্বসিত হইয়া উঠিত। নক্ষত্ররায়ই গ্রামের রাজা হইয়া উঠিলেন। পীতাম্বর প্রজাদের মধ্যে গিয়া ভর্তি হইলেন।

প্রতিদিন তিন বেলা নহবত বাজিতে লাগিল, গ্রামের পথে হাতি-ঘোড়া চলিতে লাগিল, রাজদ্বারে মুক্ত তরবারির বিদ্যুৎ খেলিতে লাগিল, হাট বাজার বসিয়া গেল। পীতাম্বর এবং তাঁহার প্রজারা পুলকিত হইয়া উঠিলেন। নক্ষত্ররায় এই নির্বাসনের রাজা হইয়া উঠিয়া সমস্ত দুঃখ ভুলিলেন। এখানে রাজত্বের ভার কিছুমাত্র নাই, অথচ রাজত্বের সুখ সম্পূর্ণ আছে। এখানে তিনি সম্পূর্ণ স্বাধীন, স্বদেশে তাঁহার এত প্রবল প্রতাপ ছিল না। তাহা ছাড়া, এখানে রঘুপতির ছায়া নাই। মনের উল্লাসে নক্ষত্ররায় বিলাসে মগ্ন হইলেন। ঢাকা নগরী হইতে নটনটী আসিল, নৃত্যগীতবাদ্যে নক্ষত্ররায়ের তিলেক অরুচি নাই।

নক্ষত্ররায় ত্রিপুরার রাজ-অনুষ্ঠান সমস্তই অবলম্বন করিলেন। ভৃত্যদের মধ্যে কাহারও নাম রাখিলেন মন্ত্রী, কাহারও নাম রাখিলেন সেনাপতি, পীতাম্বর দেওয়ানজি নামে চলিত হইলেন। রীতিমত রাজ-দরবার বসিত। নক্ষত্ররায় পরম আড়ম্বরে বিচার করিতেন। নকুড় আসিয়া নালিশ করিল, “মথুর আমায় ‘কুস্তো’ কয়েছে।” তাহার বিধিমত বিচার বসিল। বিবিধ প্রমাণ-সংগ্রহের পর মথুর দোষী সাব্যস্ত হইলে নক্ষত্ররায় পরম গম্ভীরভাবে বিচারাসন হইতে আদেশ করিলেন ; নকুড় মথুরকে দুই কানমলা দেয়। এইরূপে সুখে সময় কাটিতে লাগিল। এক-একদিন হাতে নিতান্ত কাজ না থাকিলে সৃষ্টিছাড়া একটা কোনো নূতন আমোদ উদ্ভাবনের জন্য মন্ত্রীকে তলব পড়িত। মন্ত্রী রাজসভাসদদিগকে সমবেত করিয়া নিতান্ত উদ্ভিগ্ন ব্যাকুলভাবে নূতন খেলা বাহির করিতে প্রবৃত্ত হইতেন, গভীর চিন্তা এবং পরামর্শের অবধি থাকিত না। একদিন সৈন্যসামন্ত লইয়া পীতাম্বরের চণ্ডীমণ্ডপ আক্রমণ করা হইয়াছিল, এবং তাঁহার পুকুর হইতে মাছ ও তাঁহার বাগান হইতে ডাব ও পালংশাক লুঠের দ্রব্যের স্বরূপ অত্যন্ত ধুম করিয়া বাদ্য বাজাইয়া প্রাসাদে আনা হইয়াছিল। এইরূপ

খেলাতে নক্ষত্রায়ের প্রতি পীতাম্বরের স্নেহ আরো গাঢ় হইত।

আজ প্রাসাদে বিড়াল-শাবকের বিবাহ। নক্ষত্রায়ের একটি শিশু-বিড়ালী ছিল, তাহার সহিত মণ্ডলদের বিড়ালের বিবাহ হইবে। চুড়োমণি ঘটক ঘটকালির স্বরূপ তিন শত টাকা ও একটা শাল পাইয়াছে। গায়ে-হলুদ প্রভৃতি সমস্ত উপক্রমণিকা হইয়া গিয়াছে। আজ শুভলগ্নে সন্ধ্যার সময়ে বিবাহ হইবে। এ কয়দিন রাজবাটীতে কাহারও তিলার্ধ অবসর নাই।

সন্ধ্যার সময় পথঘাট আলোকিত হইল, নহবত বসিল। মণ্ডলদের বাড়ি হইতে চতুর্দোলায় চড়িয়া কিংখাবের বেশ পরিয়া পাত্র অতি কাতর স্বরে মিউ মিউ করিতে করিতে যাত্রা করিয়াছে। মণ্ডলদের বাড়ির ছোটো ছেলোটো মিত-বরের মতো তাহার গলার দড়িটি ধরিয়া তাহার সঙ্গে সঙ্গে আসিতেছে। উলু-শঙ্খধ্বনির মধ্যে পাত্র সভাস্থ হইল।

পুরোহিতের নাম কেনারাম, কিন্তু নক্ষত্রায় তাহার নাম রাখিয়াছিলেন রঘুপতি। নক্ষত্রায় আসল রঘুপতিকে ভয় করিতেন, এইজন্য নকল রঘুপতিকে লইয়া খেলা করিয়া সুখী হইতেন। এমন-কি, কথায় কথায় তাহাকে উৎপীড়ন করিতেন; গরিব কেনারাম সমস্ত নীরবে সহ্য করিত। আজ দৈবদুর্বিপাকে কেনারাম সভায় অনুপস্থিত— তাহার ছেলোটো জ্বরবিকারে মরিতেছে!

নক্ষত্রায় অধীর স্বরে জিজ্ঞাসা করিলেন, “রঘুপতি কোথায়?”

ভৃত্য বলিল, “তাঁহার বাড়িতে ব্যামো।”

নক্ষত্রায় দ্বিগুণ হাঁকিয়া বলিলেন, “বোলাও উস্কো।”

লোক ছুটিল। ততক্ষণে রোরুদ্যমান বিড়ালের সমক্ষে নাচগান চলিতে লাগিল।

নক্ষত্রায় বলিলেন, “সাহানা-গাও।” সাহানা গান আরম্ভ হইল।

কিয়ৎক্ষণ পরে ভৃত্য আসিয়া নিবেদন করিল, “রঘুপতি আসিয়াছেন।”

নক্ষত্রায় সরোষে বলিলেন, “বোলাও।”

তৎক্ষণাৎ পুরোহিত গৃহে প্রবেশ করিলেন। পুরোহিতকে দেখিয়াই নক্ষত্রায়ের ভ্রুকুটি কোথায় মিলাইয়া গেল, তাঁহার সম্পূর্ণ ভাবান্তর উপস্থিত হইল। তাঁহার মুখ বিবর্ণ হইয়া গেল, কপালে ঘর্ম দেখা দিল। সাহানা-গান সারঙ্গ ও মৃদঙ্গ সহসা বন্ধ হইল; কেবল বিড়ালের মিউ মিউ ধ্বনি নিস্তরূপে ঘরে দ্বিগুণ জাগিয়া উঠিল!

এ রঘুপতিই বটে। তাহার আর সন্দেহ নাই। দীর্ঘ, শীর্ণ, তেজস্বী, বহুদিনের ক্ষুধিত কুকুরের মতো চক্ষু দুটো জ্বলিতেছে। ধুলায় পরিপূর্ণ দুই পা তিনি কিংখাব মছলন্দের উপর স্থাপন করিয়া মাথা তুলিয়া দাঁড়াইলেন। বলিলেন, “নক্ষত্রায়!”

নক্ষত্রায় চূপ করিয়া রহিলেন।

রঘুপতি বলিলেন, “তুমি রঘুপতিকে ডাকিয়াছ। আমি আসিয়াছি।”

নক্ষত্রায় অস্পষ্টস্বরে কহিলেন, “ঠাকুর— ঠাকুর!”

রঘুপতি কহিলেন, “উঠিয়া এসো।”

নক্ষত্রায় ধীরে ধীরে সভা হইতে উঠিয়া গেলেন। বিড়ালের বিয়ে, সাহানা এবং সারঙ্গ, একেবারে বন্ধ হইল।

ষড়বিংশ পরিচ্ছেদ

রঘুপতি জিজ্ঞাসা করিলেন, “এ-সব কী হইতেছিল?”

নক্ষত্রায় মাথা চুলকাইয়া কহিলেন, “নাচ হইতেছিল।”

রঘুপতি ঘৃণায় কুঞ্চিত হইয়া কহিলেন, “ছি ছি!”

নক্ষত্র অপরোধীর ন্যায় দাঁড়াইয়া রহিলেন।

রঘুপতি কহিলেন, “কাল এখান হইতে যাত্রা করিতে হইবে। তাহার উদ্যোগ করো।”

নক্ষত্ররায় কহিলেন, “কোথায় যাইতে হইবে?”

রঘুপতি । সে কথা পরে হইবে । আপাতত আমার সঙ্গে বাহির হইয়া পড়ো ।

নক্ষত্ররায় কহিলেন, “আমি এখানে বেশ আছি ।”

রঘুপতি । বেশ আছি ! তুমি রাজবংশে জন্মিয়াছ, তোমার পূর্বপুরুষেরা সকলে রাজত্ব করিয়া আসিয়াছেন । তুমি কিনা আজ এই বনগায়ে শেয়াল রাজা হইয়া বসিয়াছ আর বলিতেছ ‘বেশ আছি’ !

রঘুপতি তীব্র বাক্যে ও তীক্ষ্ণ কটাক্ষে প্রমাণ করিয়া দিলেন যে, নক্ষত্ররায় ভালো নাই । নক্ষত্ররায়ও রঘুপতির মুখের তেজে কতকটা সেইরকমই বুঝিলেন । তিনি বলিলেন, “বেশ আর কী এমনি আছি ! কিন্তু আর কী করিব ? উপায় কী আছে?”

রঘুপতি । উপায় ঢের আছে— উপায়ের অভাব নাই । আমি তোমাকে উপায় দেখাইয়া দিব, তুমি আমার সঙ্গে চলো ।

নক্ষত্ররায় । একবার দেওয়ানজিকে জিজ্ঞাসা করি ।

রঘুপতি । না ।

নক্ষত্ররায় । আমার এই-সব জিনিসপত্র—

রঘুপতি । কিছু আবশ্যিক নাই ।

নক্ষত্ররায় । লোকজন—

রঘুপতি । দরকার নাই ।

নক্ষত্ররায় । আমার হাতে এখন যথেষ্ট নগদ টাকা নাই ।

রঘুপতি । আমার আছে । আর অধিক ওজর আপত্তি করিয়ো না । আজ শয়ন করিতে যাও, কাল প্রাতঃকালেই যাত্রা করিতে হইবে ।

বলিয়া রঘুপতি কোনো উত্তরের অপেক্ষা না করিয়া চলিয়া গেলেন ।

তাহার পরদিন ভোরে নক্ষত্ররায় উঠিয়াছেন । তখন বন্দীরা ললিত রাগিণীতে মধুর গান গাহিতেছে । নক্ষত্ররায় বহির্ভবনে আসিয়া জানলা হইতে বাহিরে চাহিয়া দেখিলেন । পূর্বতীরে সূর্যোদয় হইতেছে, অরুণরেখা দেখা দিয়াছে । উভয় তীরের ঘন তরুশ্রোতের মধ্য দিয়া, ছোটো ছোটো নিদ্রিত গ্রামগুলির দ্বারের কাছ দিয়া ব্রহ্মপুত্র তাহার বিপুল জলরাশি লইয়া অবাধে বহিয়া যাইতেছে । প্রাসাদের জানলা হইতে নদীতীরের একটি ছোটো কুটির দেখা যাইতেছে । একটি মেয়ে প্রাক্ষণ ঝাঁট দিতেছে— একজন পুরুষ তাহার সঙ্গে দুই-একটা কথা কহিয়া মাথায় চাদর বাঁধিয়া, একটা বড়ো বাঁশের লাঠির অগ্রভাগে পুঁটুলি বাঁধিয়া, নিশ্চিন্তমনে কোথায় বাহির হইল । শ্যামা ও দোয়েল শিস দিতেছে, বেনে-বউ বড়ো কাঁঠাল গাছের ঘন পল্লবের মধ্যে বসিয়া গান গাহিতেছে । বাতায়নে দাঁড়াইয়া বাহিরের দিকে চাহিয়া নক্ষত্ররায়ের হৃদয় হইতে এক গভীর দীর্ঘনিশ্বাস উঠিল, এমন সময়ে পশ্চাৎ হইতে রঘুপতি আসিয়া নক্ষত্ররায়কে স্পর্শ করিলেন । নক্ষত্ররায় চমকিয়া উঠিলেন । রঘুপতি মৃদুগভীর স্বরে কহিলেন, “যাত্রার সমস্ত প্রস্তুত ।”

নক্ষত্ররায় জোড়হাতে অত্যন্ত কাতর স্বরে কহিলেন, “ঠাকুর, আমাকে মাপ করো ঠাকুর— আমি কোথাও যাইতে চাহি না । আমি এখানে বেশ আছি ।”

রঘুপতি একটি কথা না বলিয়া নক্ষত্ররায়ের মুখের দিকে তাহার অগ্নিদৃষ্টি স্থির রাখিলেন । নক্ষত্ররায় চোখ নামাইয়া কহিলেন, “কোথায় যাইতে হইবে?”

রঘুপতি । সে কথা এখন হইতে পারে না ।

নক্ষত্র । দাদার বিরুদ্ধে আমি কোনো চক্রান্ত করিতে পারিব না ।

রঘুপতি জ্বলিয়া উঠিয়া কহিলেন, “দাদা তোমার কী মহৎ উপকারটা করিয়াছেন শুনি ।”

নক্ষত্র মুখ ফিরাইয়া জানালার উপর আঁচড় কাটিয়া বলিলেন, “আমি জানি, তিনি আমাকে ভালোবাসেন ।”

রঘুপতি তীব্র শুষ্ক হাস্যের সহিত কহিলেন, “হরি হরি, কী প্রেম ! তাই বুঝি নির্বিঘ্নে ধুবকে

যৌবরাজ্যে অভিষিক্ত করিবার জন্য মিছা ছুতা করিয়া দাদা তোমাকে রাজ্য হইতে তাড়াইলেন— পাছে রাজ্যের গুরুভারে ননির পুতলি স্নেহের ভাই কখনো ব্যথিত হইয়া পড়ে । সে রাজ্যে আর কি কখনো সহজে প্রবেশ করিতে পারিবে নির্বোধ !”

নক্ষত্রায় তাড়াতাড়ি বলিলেন, “আমি কি এই সামান্য কথাটা আর বুঝি না ! আমি সমস্তই বুঝি— কিন্তু আমি কী করিব বলো ঠাকুর, উপায় কী ?”

রঘুপতি । সেই উপায়ের কথাই তো হইতেছে । সেইজন্যই তো আসিয়াছি । ইচ্ছা হয় তো আমার সঙ্গে চলিয়া আইস, নয় তো এই বাঁশবনের মধ্যে বসিয়া বসিয়া তোমার হিতাকাঙ্ক্ষী দাদার ধ্যান করো । আমি চলিলাম ।

বলিয়া রঘুপতি প্রস্থানের উদ্যোগ করিলেন । নক্ষত্রায় তাড়াতাড়ি তাঁহার পশ্চাৎ পশ্চাৎ গিয়া কহিলেন, “আমিও যাইব ঠাকুর, কিন্তু দেওয়ানজি যদি যাইতে চান তাঁহাকে আমাদের সঙ্গে লইয়া যাইতে কি আপত্তি আছে ?”

রঘুপতি কহিলেন, “আমি ছাড়া আর কেহ সঙ্গে যাইবে না ।”

বাড়ি ছাড়িয়া নক্ষত্রায়ের পা সরিতে চায় না । এই-সমস্ত সুখের খেলা ছাড়িয়া, দেওয়ানজিকে ছাড়িয়া, রঘুপতির সঙ্গে একলা কোথায় যাইতে হইবে ! কিন্তু রঘুপতি যেন তাঁহার কেশ ধরিয়া টানিয়া লইয়া চলিলেন । তাহা ছাড়া নক্ষত্রায়ের মনে একপ্রকার ভয়মিশ্রিত কৌতূহলও জন্মিতে লাগিল । তাহারও একটা ভীষণ আকর্ষণ আছে ।

নৌকা প্রস্তুত আছে । নদীতীরে উপস্থিত হইয়া নক্ষত্রায় দেখিলেন, কাঁধে গামছা ফেলিয়া পীতাম্বর স্নান করিতে আসিয়াছেন । নক্ষত্রকে দেখিয়াই পীতাম্বর হাস্যবিকশিত মুখে কহিলেন, “জ্যোন্ত মহারাজ ! শুনিলাম নাকি কাল কোথা হইতে এক অলক্ষণমন্ত বিটল ব্রাহ্মণ আসিয়া শুভবিবাহের ব্যাঘাত করিয়াছে ।”

নক্ষত্রায় অস্থির হইয়া পড়িলেন । রঘুপতি গম্ভীরস্বরে কহিলেন, “আমিই সেই বিটল ব্রাহ্মণ ।”

পীতাম্বর হাসিয়া উঠিলেন ; কহিলেন, “তবে তো আপনার সাক্ষাতে আপনার বর্ণনা করাটা ভালো হয় নাই । জানিলে কোন্ পিতার পুত্র এমন কাজ করিত ! কিছু মনে করিবেন না ঠাকুর, অসাক্ষাতে লোকে কী না বলে ! আমাকে যাহারা সম্মুখে বলে রাজা, তাহারা আড়ালে বলে পিতু । মুখের সামনে কিছু না বলিলেই হইল, আমি তো এই বুঝি । আসল কথা কী জানেন, আপনার মুখটা কেমন ভারি অপ্রসন্ন দেখাইতেছে, কাহারও এমন মুখের ভাব দেখিলে লোকে তাঁহার নামে নিন্দা রটায় । মহারাজ, এত প্রাতে যে নদীতীরে ?”

নক্ষত্রায় কিছু করুণ স্বরে কহিলেন, “আমি যে চলিলাম দেওয়ানজি !”

পীতাম্বর । চলিলেন ? কোথায় ? ন-পাড়ায়, মণ্ডলদের বাড়ি ?

নক্ষত্র । না দেওয়ানজি, মণ্ডলদের বাড়ি নয় । অনেক দূর ।

পীতাম্বর । অনেক দূর ? তবে কি পাইকঘাটায় শিকারে যাইতেছেন ?

নক্ষত্রায় একবার রঘুপতির মুখের দিকে চাহিয়া কেবল বিষণ্ণভাবে ঘাড় নাড়িলেন ।

রঘুপতি কহিলেন, “বেলা বহিয়া যায়, নৌকায় উঠা হউক ।”

পীতাম্বর অত্যন্ত সঙ্কীর্ণ ও ক্রুদ্ধ ভাবে ব্রাহ্মণের মুখের দিকে চাহিলেন ; কহিলেন, “তুমি কে ঠাকুর ? আমাদের মহারাজকে হুকুম করিতে আসিয়াছ !”

নক্ষত্র ব্যস্ত হইয়া পীতাম্বরকে এক পাশে টানিয়া লইয়া কহিলেন, “উনি আমাদের গুরুঠাকুর ।”

পীতাম্বর বলিয়া উঠিলেন, “হোক-না গুরুঠাকুর । উনি আমাদের চণ্ডীমণ্ডপে থাকুন, চাল-কলা বরাদ্দ করিয়া দিব, সমাদরে থাকিবেন— মহারাজকে উহার কিসের আবশ্যিক ?”

রঘুপতি । বৃথা সময় নষ্ট হইতেছে— আমি তবে চলিলাম ।

পীতাম্বর । যে আঞ্জের, বিলম্বে ফল কী, মশায় চটপট সরিয়া পড়ুন । মহারাজকে লইয়া আমি প্রাসাদে যাইতেছি ।

নক্ষত্ররায় একবার রঘুপতির মুখের দিকে চাহিয়া একবার পীতাম্বরের মুখের দিকে চাহিয়া মৃদুস্বরে কহিলেন, “না দেওয়ানজি, আমি যাই।”

পীতাম্বর । তবে আমিও যাই, লোকজন সঙ্গে লউন । রাজার মতো চলুন । রাজা যাইবেন, সঙ্গে দেওয়ানজি যাইবে না ?

নক্ষত্ররায় কেবল রঘুপতির মুখের দিকে চাহিলেন । রঘুপতি কহিলেন, “কেহ সঙ্গে যাইবে না ।”

পীতাম্বর উগ্র হইয়া উঠিয়া কহিলেন, “দেখো ঠাকুর, তুমি—”

নক্ষত্ররায় তাঁহাকে তাড়াতাড়ি বাধা দিয়া বলিলেন, “দেওয়ানজি, আমি যাই, দেরি হইতেছে ।”

পীতাম্বর স্নান হইয়া নক্ষত্রের হাত ধরিয়া কহিলেন, “দেখো বাবা, আমি তোমাকে রাজা বলি, কিন্তু আমি তোমাকে সম্মানের মতো ভালোবাসি— আমার সম্মান কেহ নাই । তোমার উপর আমার জোর খাটে না । তুমি চলিয়া যাইতেছ, আমি জোর করিয়া ধরিয়া রাখিতে পারি না । কিন্তু আমার একটি অনুরোধ এই আছে, যেখানেই যাও আমি মরিবার আগে ফিরিয়া আসিতে হইবে । আমি স্বহস্তে আমার রাজত্ব সমস্ত তোমার হাতে দিয়া যাইব । আমার এই একটি সাধ আছে ।”

নক্ষত্ররায় ও রঘুপতি নৌকায় উঠিলেন । নৌকা দক্ষিণমুখে চলিয়া গেল । পীতাম্বর স্নান ভুলিয়া গামছা-কাঁধে অন্যমনস্কে বাড়ি ফিরিয়া গেলেন । গুজুরপাড়া যেন শূন্য হইয়া গেল— তাহার আমোদ-উৎসব সমস্ত অবসান । কেবল প্রতিদিন প্রকৃতির নিত্য উৎসব, প্রাতে পাখির গান, পল্লবের মর্মরধ্বনি ও নদীতরঙ্গের করতালির বিরাম নাই ।

সপ্তবিংশ পরিচ্ছেদ

দীর্ঘ পথ । কোথাও বা নদী, কোথাও বা ঘন অরণ্য, কোথাও বা ছায়াহীন প্রান্তর— কখনো বা নৌকায়, কখনো বা পদব্রজে, কখনো বা টাটু ঘোড়ায়— কখনো রৌদ্র, কখনো বৃষ্টি, কখনো কোলাহলময় দিন, কখনো নিশীথিনীর নিস্তন্ধ অন্ধকার— নক্ষত্ররায় অবিশ্রাম চলিয়াছেন । কত দেশ, কত বিচিত্র দৃশ্য, কত বিচিত্র লোক— কিন্তু নক্ষত্ররায়ের পার্শ্বে ছায়ার ন্যায় ক্ষীণ, রৌদ্রের ন্যায় দীপ্ত সেই একমাত্র রঘুপতি অবিশ্রাম লাগিয়া আছেন । দিনে রঘুপতি, রাত্রে রঘুপতি, স্বপ্নেও রঘুপতি বিরাজ করেন । পথে পথিকেরা যাতায়াত করিতেছে, পথপার্শ্বে ধুলায় ছেলেরা খেলা করিতেছে, হাটে শত শত লোক কেনাবেচা করিতেছে, গ্রামে বৃদ্ধেরা পাশা খেলিতেছে, ঘাটে মেয়েরা জল তুলিতেছে, নৌকায় মাঝির গান গাহিয়া চলিয়াছে— কিন্তু নক্ষত্ররায়ের পার্শ্বে এক শীর্ণ রঘুপতি সর্বদা জাগিয়া আছে । জগতে চারি দিকে বিচিত্র খেলা হইতেছে, বিচিত্র ঘটনা ঘটিতেছে— কিন্তু এই রঙ্গভূমির বিচিত্র লীলার মাঝখান দিয়া নক্ষত্ররায়ের দূরদৃষ্ট তাঁহাকে টানিয়া লইয়া চলিয়াছে— সজন তাঁহার পক্ষে বিজন, লোকালয় কেবল শূন্য মরুভূমি ।

নক্ষত্ররায় শ্রান্ত হইয়া তাঁহার পার্শ্ববর্তী ছায়াকে জিজ্ঞাসা করেন, “আর কত দূর যাইতে হইবে ?”

ছায়া উত্তর করে, “অনেক দূর ।”

“কোথায় যাইতে হইবে ?”

তাহার উত্তর নাই । নক্ষত্ররায় নিশ্বাস ফেলিয়া চলিতে থাকেন । তরুশ্রেণীর মধ্যে পাতা-দিয়া-ছাওয়া নিভৃত পরিচ্ছন্ন কুটির দেখিলে তাঁহার মনে হয়, ‘আমি যদি এই কুটিরের অধিবাসী হইতাম !’ গোধূলির সময় যখন রাখাল লাঠি কাঁধে করিয়া মাঠ দিয়া গ্রামপথ দিয়া ধুলা উড়াইয়া গোরু বাছুর লইয়া চলে, নক্ষত্ররায়ের মনে হয়, ‘আমি যদি ইহার সঙ্গে যাইতে পাইতাম, সন্ধ্যাবেলায় গৃহে গিয়া বিশ্রাম করিতে পাইতাম !’ মধ্যাহ্নে প্রচণ্ড রৌদ্রে চাষা চাষ করিতেছে, তাহাকে দেখিয়া নক্ষত্ররায় মনে করেন, ‘আহা, এ কী সুখী !’

পথকটে নক্ষত্ররায় বিবর্ণ শীর্ণ মলিন হইয়া গিয়াছেন ; রঘুপতিকে বলেন, “ঠাকুর, আমি আর বাঁচিব না ।”

রঘুপতি বলেন, “এখন তোমাকে মরিতে দিবে কে !”

নক্ষত্রায়ের মনে হইল, রঘুপতি অধিকশ না দিলে তাঁহার মরিবারও সুযোগ নাই। একজন স্ত্রীলোক নক্ষত্রায়কে দেখিয়া বলিয়াছিল, ‘আহা, কাদের ছেলে গো ! একে পথে কে বাহির করিয়াছে !’ শুনিয়া নক্ষত্রায়ের প্রাণ গলিয়া গেল, তাঁহার চোখে জল আসিল, তাঁহার ইচ্ছা করিল সেই স্ত্রীলোকটিকে মা বলিয়া তাহার সঙ্গে তাহার ঘরে চলিয়া যান।

কিন্তু নক্ষত্রায় রঘুপতির হাতে যতই কষ্ট পাইতে লাগিলেন রঘুপতির ততই বশ হইতে লাগিলেন, রঘুপতির অঙ্গুলির ইঙ্গিতে তাঁহার সমস্ত অস্তিত্ব পরিচালিত হইতে লাগিল।

চলিতে চলিতে ক্রমে নদীর বাহুল্য কমিয়া আসিতে লাগিল। ক্রমে ভূমি দৃঢ় হইয়া আসিল ; মৃত্তিকা লোহিত বর্ণ, কঙ্করময়, লোকালয় দূরে দূরে স্থাপিত, গাছপালা বিরল ; নারিকেল-বনের দেশ ছাড়িয়া দুই পথিক তাল-বনের দেশে আসিয়া পড়িলেন। মাঝে মাঝে বড়ো বড়ো বাঁধ, শুষ্ক নদীর পথ, দূরে মেঘের মতো পাহাড় দেখা যাইতেছে। ক্রমে শাসুজার রাজধানী রাজমহল নিকটবর্তী হইতে লাগিল।

অষ্টাবিংশ পরিচ্ছেদ

অবশেষে রাজধানীতে আসিয়া উপস্থিত হইলেন। পরাজয় ও পলায়নের পরে সুজা নূতন সৈন্য-সংগ্রহের চেষ্টায় প্রবৃত্ত হইয়াছেন। কিন্তু রাজকোষে অধিক অর্থ নাই। প্রজাগণ করভারে পীড়িত। ইতিমধ্যে দারাকে পরাজিত ও নিহত করিয়া ঔরংজেব দিল্লির সিংহাসনে বসিয়াছেন। সুজা এই সংবাদ পাইয়া অত্যন্ত বিচলিত হইলেন। কিন্তু সৈন্যসামন্ত কিছুই প্রস্তুত ছিল না, এইজন্য কিছু সময় হাতে পাইবার আশায় তিনি ছল করিয়া ঔরংজেবের নিকট এক দূত পাঠাইয়া দিলেন। বলিয়া পাঠাইলেন যে, নয়নের-জ্যোতি হৃদয়ের-আনন্দ পরমস্নেহাস্পদ প্রিয়তম ভ্রাতা ঔরংজেব সিংহাসন-লাভে কৃতকার্য হইয়াছেন ইহাতে সুজা মৃতদেহে প্রাণ পাইলেন— এক্ষণে সুজার বাংলা-শাসন-ভার নূতন সম্রাট মঞ্জুর করিলেই আনন্দের আর কিছু অবশিষ্ট থাকে না। ঔরংজেব অত্যন্ত সমাদরের সহিত দূতকে আহ্বান করিলেন। সুজার শরীর-মনের স্বাস্থ্য এবং সুজার পরিবারের মঙ্গল-সংবাদ জানিবার জন্য সবিশেষ ঔৎসুক্য প্রকাশ করিলেন এবং বলিলেন, ‘যখন স্বয়ং সম্রাট শাজাহান সুজাকে বাংলার শাসনকার্যে নিয়োগ করিয়াছেন, তখন আর দ্বিতীয় মঞ্জুরি-পত্রের কোনো আবশ্যক নাই।’ এই সময় রঘুপতি সুজার সভায় গিয়া উপস্থিত হইলেন।

সুজা কৃতজ্ঞতা ও সমাদরের সহিত তাঁহার উদ্ধারকর্তাকে আহ্বান করিলেন। বলিলেন, “খবর কী ?”

রঘুপতি বলিলেন, “বাদশাহের কাছে কিছু নিবেদন আছে।”

সুজা মনে মনে ভাবিলেন, ‘নিবেদন আবার কিসের ? কিছু অর্থ চাহিয়া না বসিলে বাঁচি।’

রঘুপতি কহিলেন, “আমার প্রার্থনা এই যে—”

সুজা কহিলেন, “ব্রাহ্মণ, তোমার প্রার্থনা আমি নিশ্চয় পূরণ করিব। কিন্তু কিছুদিন সবুর করো। এখন রাজকোষে অধিক অর্থ নাই।”

রঘুপতি কহিলেন, “শাহেন-শা, রূপা সোনা বা আর-কোনো ধাতু চাহি না, আমি এখন শাণিত ইম্পাত চাই। আমার নালিশ শুনুন, আমি বিচার প্রার্থনা করি।”

সুজা কহিলেন, “ভারি মুশকিল ! এখন আমার বিচার করিবার সময় নহে। ব্রাহ্মণ, তুমি বড়ো অসময়ে আসিয়াছ।”

রঘুপতি কহিলেন, “শাহজাদা, সময় অসময় সকলেরই আছে। আপনি বাদশাহ, আপনারও আছে ; এবং আমি দরিদ্র ব্রাহ্মণ, আমারও আছে। আপনার সময়মত আপনি বিচার করিতে বসিলে আমার সময় থাকে কোথা ?”

সুজা হাল ছাড়িয়া দিয়া বলিলেন, “ভারি হাঙ্গাম ! এত কথা শোনার চেয়ে তোমার নালিশ শোনা ভালো । বলিয়া যাও ।”

রঘুপতি কহিলেন, “ত্রিপুরার রাজা গোবিন্দমাণিক্য তাঁহার কনিষ্ঠ ভ্রাতা নক্ষত্ররায়কে বিনা অপরাধে নির্বাসিত করিয়াছেন—”

সুজা বিরক্ত হইয়া কহিলেন, “ব্রাহ্মণ, তুমি পরের নালিশ লইয়া কেন আমার সময় নষ্ট করিতেছ । এখন এ-সমস্ত বিচার করিবার সময় নয় ।”

রঘুপতি কহিলেন, “ফরিয়াদী রাজধানীতে হাজির আছেন ।”

সুজা কহিলেন, “তিনি আপনি উপস্থিত থাকিয়া আপনার মুখে যখন নালিশ উত্থাপন করিবেন তখন বিবেচনা করা যাইবে ।”

রঘুপতি কহিলেন, “তাঁহাকে কবে এখানে হাজির করিব ?”

সুজা কহিলেন, “ব্রাহ্মণ কিছুতেই ছাড়ে না । আচ্ছা এক সপ্তাহ পরে আনিয়ো ।”

রঘুপতি কহিলেন, “বাদশাহ যদি হুকুম করেন তো আমি তাঁহাকে কাল আনিব ।”

সুজা বিরক্ত হইয়া কহিলেন, “আচ্ছা, কালই আনিয়ো ।”

আজিকার মতো নিষ্কৃতি পাইলেন । রঘুপতি বিদায় লইলেন ।

নক্ষত্ররায় কহিলেন, “নবাবের কাছে যাইব, কিন্তু নজরের জন্য কী লইব ?”

রঘুপতি কহিলেন, “সেজন্য তোমাকে ভাবিতে হইবে না ।”

নজরের জন্য তিনি দেড়লক্ষ মুদ্রা উপস্থিত করিলেন ।

পরদিন প্রভাতে রঘুপতি কম্পিতহৃদয় নক্ষত্ররায়কে লইয়া সুজার সভায় আসিয়া উপস্থিত হইলেন । যখন দেড় লক্ষ টাকা নবাবের পদতলে স্থাপিত হইল তখন তাঁহার মুখশ্রী তেমন অপ্রসন্ন বোধ হইল না । নক্ষত্ররায়ের নালিশ অতি সহজেই তাঁহার হৃদয়ঙ্গম হইল । তিনি কহিলেন, “এক্ষণে তোমাদের কী অভিপ্রায় আমাকে বলো ।”

রঘুপতি কহিলেন, “গোবিন্দমাণিক্যকে নির্বাসিত করিয়া তাঁহার স্থলে নক্ষত্ররায়কে রাজা করিয়া দিতে আঞ্জা হউক ।”

যদিও সুজা নিজে ভ্রাতার সিংহাসনে হস্তক্ষেপ করিতে কিছুমাত্র সংকুচিত হন না, তথাপি এ স্থলে তাঁহার মনে কেমন আপত্তি উপস্থিত হইল । কিন্তু রঘুপতির প্রার্থনা পূরণ করাই তাঁহার আপাতত সকলের চেয়ে সহজ বোধ হইল— নহিলে রঘুপতি বিস্তর বকাবকি করিবে এই তাঁহার ভয় । বিশেষত দেড় লক্ষ টাকা নজরের উপরেও অধিক আপত্তি করা ভালো দেখায় না এইরূপ তাঁহার মনে হইল । তিনি বলিলেন, “আচ্ছা, গোবিন্দমাণিক্যের নির্বাসন এবং নক্ষত্ররায়ের রাজ্যপ্রাপ্তির পরোয়ানা-পত্র তোমাদের সঙ্গে দিব, তোমরা লইয়া যাও ।”

রঘুপতি কহিলেন, “বাদশাহের কতিপয় সৈন্যও সঙ্গে দিতে হইবে ।”

সুজা দৃঢ়স্বরে কহিলেন, “না, না, না— তাহা হইবে না, যুদ্ধবিগ্রহ করিতে পারিব না ।”

রঘুপতি কহিলেন, “যুদ্ধের ব্যয়স্বরূপ আরো ছত্রিশ হাজার টাকা আমি রাখিয়া যাইতেছি । এবং ত্রিপুরায় নক্ষত্ররায় রাজা হইবামাত্র এক বৎসরের খাজনা সেনাপতির হাত দিয়া পাঠাইয়া দিব ।”

এ প্রস্তাব সুজার অতিশয় যুক্তিসংগত বোধ হইল, এবং অমাত্যেরাও তাঁহার সহিত একমত হইল । একদল মোগল-সৈন্য সঙ্গে লইয়া রঘুপতি ও নক্ষত্ররায় ত্রিপুরাভিমুখে যাত্রা করিলেন ।

উনত্রিংশ পরিচ্ছেদ

এই উপন্যাসের আরম্ভকাল হইতে এখন দুই বৎসর হইয়া গিয়াছে । ধুব তখন দুই বৎসরের বালক ছিল । এখন তাহার বয়স চার বৎসর । এখন সে বিস্তর কথা শিখিয়াছে । এখন তিনি আপনাকে ভারি মস্ত লোক জ্ঞান করেন ; সকল কথা যদিও স্পষ্ট বলিতে পারেন না, কিন্তু অত্যন্ত জোরের সহিত বলিয়া থাকেন । রাজাকে প্রায় তিনি 'পুতুল দেব' বলিয়া পরম প্রলোভন ও সাস্তুনা দিয়া থাকেন, এবং রাজা যদি কোনোপ্রকার দুষ্টমির লক্ষণ প্রকাশ করেন তবে ধুব তাঁকে 'ঘরে বন্দ করে রাখব' বলিয়া অত্যন্ত শঙ্কিত করিয়া তুলেন । এইরূপে রাজা এখন বিশেষ শাসনে আছেন— ধুবের অনভিমত কোনো কাজ করিতে তিনি বড়ো একটা ভরসা করেন না ।

ইতিমধ্যে হঠাৎ ধুবের একটি সঙ্গী জুটিয়া গেল । একটি প্রতিবেশীর মেয়ে, ধুব অপেক্ষা ছয় মাসের ছোটো । মিনিট দশেকের ভিতরে উভয়ের মধ্যে চিরস্থায়ী ভাব হইয়া গেল । মাঝে একটুখানি মনান্তর হইবারও সম্ভাবনা হইয়াছিল । ধুবের হাতে একটা বড়ো বাতাসা ছিল । প্রথম-প্রণয়ের উচ্ছ্বাসে ধুব তাহার দুইটি ছোটো আঙুল দিয়া অতি সাবধানে ক্ষুদ্র একটু কণা ভাঙিয়া একেবারে তাহার সঙ্গিনীর মুখে পুরিয়া দিল ও পরম অনুগ্রহের সহিত ঘাড় নাড়িয়া কহিল, "তুমি কাও ।"

সঙ্গিনী মিষ্ট পাইয়া পরিতৃপ্ত হইয়া কহিল, "আরো কাব ।"

তখন ধুব কিছু কাতর হইয়া পড়িল । বন্ধুত্বের উপরে এত অধিক দাবি ন্যায়সংগত বোধ হইল না ; ধুব তাহার স্বভাবসুলভ গাভীর্য ও গৌরবের সহিত ঘাড় নাড়িয়া, চক্ষু বিস্ফারিত করিয়া কহিল, "ছি— আর কেতে নেই, অছুখ কোবে, বাবা মা'বে ।"

বলিয়াই অধিক বিলম্ব না করিয়া সমস্ত বাতাসাটা নিজের মুখের মধ্যে একেবারে পুরিয়া দিয়া নিঃশেষ করিয়া ফেলিল । সহসা বালিকার মুখের মাংসপেশীর মধ্যে পরিবর্তন ঘটিতে লাগিল— ওষ্ঠাধর ফুলিতে লাগিল, ভ্রূয়ুগ উপরে উঠিতে লাগিল— আসন্ন ক্রন্দনের সমস্ত লক্ষণ ব্যক্ত হইল ।

ধুব কাহারও ক্রন্দন সহিতে পারিত না ; তাড়াতাড়ি সুগভীর সাস্তুনার স্বরে কহিল, "কাল দেব ।"

রাজা আসিবামাত্র ধুব অত্যন্ত বিজ্ঞ হইয়া নূতন সঙ্গিনীর প্রতি নির্দেশ করিয়া বলিয়া উঠিল, "একে কিছু বোলো না, এ কাঁদবে । ছি, মারতে নেই, ছি !"

রাজার কোনোপ্রকার দুরভিসন্ধি ছিল না সত্য, তথাপি গায়ে পড়িয়া রাজাকে সাবধান করিয়া দেওয়া ধুব অত্যন্ত আবশ্যিক বিবেচনা করিল । রাজা মেয়েটিকে মারিলেন না, ধুব স্পষ্টই দেখিল তাহার উপদেশ নিষ্ফল নহে ।

তার পরে ধুব মুরুবির ভাব ধারণ করিয়া কোনোপ্রকার বিপদের আশঙ্কা নাই জানাইয়া মেয়েটিকে পরম গাভীর্যের সহিত আশ্বাস দিবার চেষ্টা করিতে লাগিল ।

তাহারও কিছুমাত্র আবশ্যিক ছিল না । কারণ, মেয়েটি আপনা হইতে নির্ভীক ভাবে রাজার কাছে গিয়া অত্যন্ত কৌতূহল ও লোভের সহিত তাঁহার হাতের কঙ্কণ ঘুরাইয়া ঘুরাইয়া নিরীক্ষণ করিতে লাগিল ।

এইরূপে ধুব কেবলমাত্র নিজের যত্নে ও পরিশ্রমে পৃথিবীতে শান্তি ও প্রেম স্থাপন করিয়া প্রসন্নচিত্তে রাজার মুখের কাছে আপনার বেলফুলের মতো মোটা গোল কোমল পবিত্র মুখখানি বাড়াইয়া দিল— রাজার সদব্যবহারের পুরস্কার— রাজা চুম্বন করিলেন ।

তখন ধুব তাহার সঙ্গিনীর মুখ তুলিয়া ধরিয়া রাজাকে অনুমতি ও অনুরোধের মাঝামাঝি স্বরে কহিল, "একে চুমো কাও ।"

রাজা ধুবের আদেশ লঙ্ঘন করিতে সাহস করিলেন না । মেয়েটি তখন নিমন্ত্রণের কিছুমাত্র অপেক্ষা না করিয়া নিতান্ত অভ্যস্ত ভাবে অমানবদনে রাজার কোলের উপরে চড়িয়া বসিল ।

এতক্ষণ জগতে কোনোপ্রকার অশান্তি বা উচ্ছ্বলতার লক্ষণ ছিল না, কিন্তু এইবার ধুবের সিংহাসনে টান পড়িতেই তাহার সার্বভৌমিক প্রেম টলমল করিয়া উঠিল । রাজার কোলের 'পরে

তাহার নিজের একমাত্র স্বত্ব সাব্যস্ত করিবার চেষ্টা বলবতী হইয়া উঠিল। মুখ অত্যন্ত ভার হইল, মেয়েটিকে দুই-একবার টানিল, এমন-কি, নিজের পক্ষে অবস্থা বিশেষে ছোটো মেয়েকে মারাও ততটা অন্যায় বোধ হইল না।

রাজা তখন মিটমাট করিবার উদ্দেশে ধুবকেও তাঁহার আধখানা কোলে টানিয়া লইলেন। কিন্তু তাহাতেও ধুবের আপত্তি দূর হইল না। অপরাধ অধিকার করিবার জন্য নূতন আক্রমণের উদ্যোগ করিতে লাগিল। এমন সময়ে নূতন রাজপুরোহিত বিশ্বন ঠাকুর ঘরে প্রবেশ করিলেন।

রাজা উভয়কেই কোল হইতে নামাইয়া তাঁহাকে প্রণাম করিলেন। ধুবকে বলিলেন, “ঠাকুরকে প্রণাম করো।”

ধুব তাহা আবশ্যিক বোধ করিল না; মুখে আঙুল পুরিয়া বিদ্রোহীভাবে দাঁড়াইয়া রহিল। মেয়েটি আপনা হইতেই রাজার দেখাদেখি পুরোহিতকে প্রণাম করিল। বিশ্বন ঠাকুর ধুবকে কাছে টানিয়া লইয়া জিজ্ঞাসা করিলেন, “তোমার এ সঙ্গী জুটিল কোথা হইতে?”

ধুব খানিকক্ষণ ভাবিয়া কহিল, “আমি টকটক চ’ব।” টকটক অর্থে ঘোড়া।

পুরোহিত কহিলেন, “বাহবা, প্রশ্ন ও উত্তরের মধ্যে কী সামঞ্জস্য!”

সহসা মেয়েটির দিকে ধুবের চক্ষু পড়িল, তাহার সম্বন্ধে অতি সংক্ষেপে আপনার মত ও অভিপ্রায় ব্যক্ত করিয়া কহিল, “ও দুষ্ট, ওকে মা’ব।”

বলিয়া আকাশে আপনার ক্ষুদ্র মুষ্টি নিক্ষেপ করিল।

রাজা গম্ভীরভাবে কহিলেন, “ছি ধুব!”

একটি ফুঁয়ে যেমন প্রদীপ নিবিয়া যায় তেমনি তৎক্ষণাৎ ধুবের মুখ লান হইয়া গেল। প্রথমে সে অশ্রুনিবারণের জন্য দুই মুষ্টি দিয়া দুই চক্ষু রগড়াইতে লাগিল; অবশেষে দেখিতে দেখিতে ক্ষুদ্র স্ফীত হৃদয় আর ধারণ করিতে পারিল না, কাঁদিয়া উঠিল।

বিশ্বন ঠাকুর তাহাকে নাড়িয়া-চাড়িয়া, কোলে লইয়া, আকাশে তুলিয়া, ভূমিতে নামাইয়া, অস্থির করিয়া তুলিলেন; উচ্চৈঃস্বরে ও দ্রুত উচ্চারণে বলিলেন, “শোনো শোনো ধুব, শোনো, তোমাকে শ্লোক বলি শোনো—

কলহ কটকটাং কাঠ কাঠিন্য কাঠ্যং

কটন কিটন কীটং কুটমলং খটমটং।

অর্থাৎ কিনা, যে ছেলে কাঁদে তাকে কলহ কটকটাঙের মধ্যে পুরে খুব করে কাঠ কাঠিন্য কাঠ্যং দিতে হয়, তার পরে এতগুলো কটন কিটন কীটং নিয়ে একেবারে তিন দিন ধরে কুটমলং খটমটং।”

পুরোহিত ঠাকুর এইরূপ অনর্গল বকিয়া গেলেন। ধুবের ক্রন্দন অসম্পূর্ণ অবস্থাতেই একেবারে লুপ্ত হইয়া গেল। সে প্রথমে গোলমালে বিব্রত ও অবাক হইয়া বিশ্বন ঠাকুরের মুখের দিকে সজল চক্ষু তুলিয়া চাহিয়া রহিল। তার পরে তাঁর হাতমুখ নাড়া দেখিয়া তাহার অত্যন্ত কৌতুক বোধ হইল।

সে ভারি খুশি হইয়া বলিল, “আবার বলো।”

পুরোহিত আবার বকিয়া গেলেন। ধুব অত্যন্ত হাসিতে হাসিতে বলিল, “আবার বলো।”

রাজা ধুবের অশ্রুসিক্ত কপোলে এবং হাসিভরা অধরে বার বার চুম্বন করিলেন। তখন রাজা রাজপুরোহিত ও দুটি ছেলেমেয়ে মিলিয়া খেলা পড়িয়া গেল।

বিশ্বন ঠাকুর রাজাকে কহিলেন, “মহারাজ ইহাদের লইয়া বেশ আছেন। দিনরাত প্রথর বুদ্ধিমানদের সঙ্গে থাকিলে বুদ্ধি লোপ পায়। ছুরিতে অবিশ্রাম শান পড়িলে ছুরি ক্রমেই সূক্ষ্ম হইয়া অন্তর্ধান করে। একটা মোটা বাঁট কেবল অবশিষ্ট থাকে।”

রাজা হাসিয়া কহিলেন, “এখনো তবে বোধ করি আমার সূক্ষ্ম বুদ্ধির লক্ষণ প্রকাশ পায় নাই।”

বিশ্বন। না। সূক্ষ্ম বুদ্ধির একটা লক্ষণ এই যে, তাহা সহজ জিনিসকে শক্ত করিয়া তুলে। পৃথিবীতে বিস্তর বুদ্ধিমান না থাকিলে পৃথিবীর কাজ অনেকটা সোজা হইত। নানারূপ সুবিধা করিতে গিয়াই নানারূপ অসুবিধা ঘটে। অধিক বুদ্ধি লইয়া মানুষ কী করিবে ভাবিয়া পায় না।

রাজা কহিলেন, “পাঁচটা আঙুলেই বেশ কাজ চলিয়া যায়, দুর্ভাগ্যক্রমে সাতটা আঙুল পাইলে ইচ্ছা করিয়া কাজ বাড়াইতে হয়।”

রাজা ধুবকে ডাকিলেন। ধুব তাহার সঙ্গিনীর সহিত পুনরায় শান্তি স্থাপন করিয়া খেলা করিতেছিল। রাজার ডাক শুনিয়া তৎক্ষণাৎ খেলা ছাড়িয়া রাজার কাছে আসিয়া উপস্থিত হইল। রাজা তাহাকে সম্মুখে বসাইয়া কহিলেন, “ধুব, সেই নৃতন গানটি ঠাকুরকে শোনাও।”

কিন্তু ধুব নিতান্ত আপত্তির ভাবে ঠাকুরের মুখের দিকে চাহিল।

রাজা লোভ দেখাইয়া বলিলেন, “তোমাকে টকটক চড়তে দেব।”

ধুব তাহার আধো-আধো উচ্চারণে বলিতে লাগিল—

আমায় ছ-জনায় মিলে পথ দেখায় ব'লে

পদে পদে পথ ভুলি হে।

নানা কথার ছলে নানান মুনি বলে,

সংশয়ে তাই দুলি হে।

তোমার কাছে যাব এই ছিল সাধ,

তোমার বাণী শুনে ঘুচাব প্রমাদ,

কানের কাছে সবাই করিছে বিবাদ

শত লোকের শত বুলি হে।

কাতর প্রাণে আমি তোমায় যখন যাচি

আড়াল করে সবাই দাঁড়ায় কাছাকাছি,

ধরণীর ধুলো তাই নিয়ে আছি—

পাই নে চরণধূলি হে।

শত ভাগ মোর শত দিকে ধায়,

আপনা-আপনি বিবাদ বাধায়,

কারে সামালিব— এ কী হল দায়—

একা যে, অনেকগুলি হে।

আমায় এক করো তোমার প্রেমে বেঁধে,

এক পথ আমায় দেখাও অবিচ্ছেদে,

ধাঁদার মাঝে পড়ে কত মরি কেঁদে—

চরণেতে লহো তুলি হে।

ধুবের মুখে আধো-আধো স্বরে এ কবিতা শুনিয়া বিশ্বন ঠাকুর নিতান্ত বিগলিত হইয়া গেলেন।

তিনি বলিলেন, “আশীর্বাদ করি তুমি চিরজীবী হইয়া থাকো।”

ধুবকে কোলে তুলিয়া লইয়া ঠাকুর অনেক মিনতি করিয়া বলিলেন, “আর-একবার শুনাও।”

ধুব সুদৃঢ় মৌন আপত্তি প্রকাশ করিল। পুরোহিত চক্ষু আচ্ছাদন করিয়া কহিলেন, “তবে আমি কাঁদি।”

ধুব ঈষৎ বিচলিত হইয়া কহিল, “কাল শোনাব। ছি কাঁদতে নেই। তুমি একন বায়ি (বাড়ি) যাও। বাবা মা'বে।”

বিশ্বন হাসিয়া কহিলেন, “মধুর গলাধাক্কা।”

রাজার নিকটে বিদায় লইয়া পুরোহিত-ঠাকুর পথে বাহির হইলেন।

পথে দুইজন পথিক যাইতেছিল। একজন আর-একজনকে কহিতেছিল, “তিন দিন তার দরজায় মাথা ভেঙে মলুম, এক পয়সা বের করতে পারলুম না— এইবার সে পথে বেরোলে তার মাথা ভাঙবে, দেখি তাতে কী হয়।”

পিছন হইতে বিশ্বন কহিলেন, “তাতেও কোনো ফল হবে না। দেখতেই তো পাচ্ছ বাপু, মাথার

মধ্যে কিছুই থাকে না, কেবল দুর্বুদ্ধি আছে। বরঞ্চ নিজের মাথা ভাঙা ভালো, কারো কাছে জবাবদিহি করতে হয় না।”

পথিকদ্বয় শশব্যস্তে অপ্রতিভ হইয়া ঠাকুরকে প্রণাম করিল। বিশ্বন কহিলেন, “বাপু, তোমরা যে কথা বলছিলে সে কথাগুলো ভালো নয়।”

পথিকদ্বয় কহিল, “যে আজে ঠাকুর, আর অমন কথা বলব না।”

পুরোহিত-ঠাকুরকে পথে ছেলেরা ঘিরিল। তিনি কহিলেন, “আজ বিকালে আমার ওখানে যাস, আমি গল্প শোনাব।” আনন্দে ছেলেরা লাফালাফি চাঁচামেচি বাধাইয়া দিল। বিশ্বন ঠাকুর এক-একদিন অপরাহ্নে রাজ্যের ছেলে জড়ো করিয়া তাহাদিগকে সহজ ভাষায় রামায়ণ, মহাভারত ও পৌরাণিক গল্প শুনাইতেন। মাঝে মাঝে দুই-একটি নীরস কথাও যথাসাধ্য রসসিক্ত করিয়া বলিবার চেষ্টা করিতেন, কিন্তু যখন দেখিতেন ছেলেদের মধ্যে হাই তোলা সংক্রামক হইয়া উঠিতেছে তখন তাহাদের মন্দিরের বাগানের মধ্যে ছাড়িয়া দিতেন। সেখানে ফলের গাছ অসংখ্য আছে। ছেলেগুলো আকাশভেদী চীৎকারশব্দে বানরের মতো ডালে ডালে লুটপাট বাধাইয়া দিত— বিশ্বন আমোদ দেখিতেন।

বিশ্বন কোন্ দেশী লোক কেহ জানে না। ব্রাহ্মণ, কিন্তু উপবীত ত্যাগ করিয়াছেন। বলিদান প্রভৃতি বন্ধ করিয়া একপ্রকার নূতন অনুষ্ঠানে দেবীর পূজা করিয়া থাকেন— প্রথম প্রথম তাহাতে লোকেরা সন্দেহ ও আপত্তি প্রকাশ করিয়াছিল, কিন্তু এখন সমস্ত সহিয়া গিয়াছে। বিশেষত বিশ্বনের কথায় সকলে বশ। বিশ্বন সকলের বাড়ি বাড়ি গিয়া সকলের সঙ্গে আলাপ করেন, সকলের সংবাদ লন, এবং রোগীকে যাহা ঔষধ দেন তাহা আশ্চর্য খাটিয়া যায়। বিপদে আপদে সকলেই তাঁহার পরামর্শমতে কাজ করে— তিনি মধ্যবর্তী হইয়া কাহারও বিবাদ মিটাইয়া দিলে বা কিছুই মীমাংসা করিয়া দিলে তাহার উপরে আর কেহ কথা কহে না।

ত্রিংশ পরিচ্ছেদ

এই বৎসরে ত্রিপুরায় এক অভূতপূর্ব ঘটনা ঘটিল। উত্তর হইতে সহসা পালে পালে ইদুর ত্রিপুরার শস্যক্ষেত্রে আসিয়া পড়িল। শস্য সমস্ত নষ্ট করিয়া ফেলিল, এমন-কি, কৃষকের ঘরে শস্য যত-কিছু সঞ্চিত ছিল তাহাও অধিকাংশ খাইয়া ফেলিল— রাজ্যে হাহাকার পড়িয়া গেল। দেখিতে দেখিতে দুর্ভিক্ষ উপস্থিত হইল। বন হইতে ফল মূল আহরণ করিয়া লোকে প্রাণধারণ করিতে লাগিল। বনের অভাব নাই, এবং বনে নানাপ্রকার আহাৰ্য উদ্ভিজ্জও আছে। মৃগয়ালব্ধ মাংস বাজারে মহাৰ্য মূল্যে বিক্রয় হইতে লাগিল। লোকে বুনো মহিষ, হরিণ, খরগোশ, সজারু, কাঠবিড়ালি, বরা, বড়ো বড়ো স্থলকচ্ছপ শিকার করিয়া খাইতে লাগিল— হাতি পাইলে হাতিও খায়— অজগর সাপ খাইতে লাগিল— বনে আহাৰ্য পাখির অভাব নাই— গাছের কোটরের মধ্যে মৌচাক ও মধু পাওয়া যায়— স্থানে স্থানে নদীর জল বাঁধিয়া তাহাতে মাদক লতা ফেলিয়া দিলে মাছেরা অবশ হইয়া ভাসিয়া উঠে, সেই-সকল মাছ ধরিয়া লোকেরা খাইতে লাগিল এবং শুকাইয়া সঞ্চয় করিল। আহাৰ এখনো কোনোক্রমে চলিয়া যাইতেছে বটে, কিন্তু অত্যন্ত বিশৃঙ্খলা উপস্থিত হইল। স্থানে স্থানে চুরি ডাকাতি আরম্ভ হইল, প্রজারা বিদ্রোহের লক্ষণ প্রকাশ করিল।

তাহারা বলিতে লাগিল, “মায়ের বলি বন্ধ করাতে মায়ের অভিশাপে এই-সকল দুর্ঘটনা ঘটিতে আরম্ভ করিয়াছে।” বিশ্বন ঠাকুর সে কথা হাসিয়া উড়াইয়া দিলেন। তিনি উপহাসচ্ছলে কহিলেন, “কৈলাসে কার্তিক-গণেশের মধ্যে ভ্রাতৃবিচ্ছেদ ঘটিয়াছে, কার্তিকের ময়ূরের নামে গণেশের ইদুরগুলো ত্রিপুরার ত্রিপুরেশ্বরীর কাছে নালিশ করিতে আসিয়াছে।” প্রজারা এ কথা নিতান্ত উপহাসের ভাবে গ্রহণ করিল না। তাহারা দেখিল, বিশ্বন ঠাকুরের কথামত ইদুরের স্রোত যেমন দ্রুতবেগে আসিল তেমনি দ্রুতবেগে সমস্ত শস্য নষ্ট করিয়া কোথায় অন্তর্ধান করিল— তিন দিনের মধ্যে তাহাদের আর চিহ্নমাত্র রহিল না। বিশ্বন ঠাকুরের অগাধ জ্ঞানের সম্বন্ধে কাহারও সন্দেহ রহিল না। কৈলাসে

ভ্রাতৃবিচ্ছেদ সম্বন্ধে গান রচিত হইতে লাগিল, মেয়েরা ছেলেরা ভিক্ষুকেরা সেই গান গাহিতে লাগিল, পথে ঘাটে সেই গান প্রচলিত হইল।

কিন্তু রাজার প্রতি বিদ্বেষভাব ভালো করিয়া ঘুটিল না। বিশ্বন ঠাকুরের পরামর্শমতে গোবিন্দমাণিক্য দুর্ভিক্ষগ্রস্ত প্রজাদের এক বৎসরের খাজনা মাপ করিলেন। তাহার কতকটা ফল হইল। কিন্তু তবুও অনেকে মায়ের অভিশাপ এড়াইবার জন্য চট্টগ্রামে পার্বত্য প্রদেশে পলায়ন করিল। এমন-কি, রাজার মনে সন্দেহের উদয় হইতে লাগিল।

তিনি বিশ্বনকে ডাকিয়া কহিলেন, “ঠাকুর, রাজার পাপেই প্রজা কষ্ট পায়। আমি কি মায়ের বলি বন্ধ করিয়া পাপ করিয়াছি? তাহারই কি এই শাস্তি?”

বিশ্বন সমস্ত কথা একেবারে উড়াইয়া দিলেন। তিনি কহিলেন, “মায়ের কাছে যখন হাজার নরবলি হইত, তখন আপনার অধিক প্রজাহানি হইয়াছে, না এই দুর্ভিক্ষে হইয়াছে?”

রাজা নিরুত্তর হইয়া রহিলেন কিন্তু তাঁহার মনের মধ্য হইতে সংশয় সম্পূর্ণ দূর হইল না। প্রজার তাঁহার প্রতি অসন্তুষ্ট হইয়াছে, তাঁহার প্রতি সন্দেহ প্রকাশ করিতেছে, ইহাতে তাঁহার হৃদয়ে আঘাত লাগিয়াছে, তাঁহার নিজের প্রতিও নিজের সন্দেহ জন্মিয়াছে। তিনি নিশ্বাস ফেলিয়া কহিলেন, “কিছুই বুঝিতে পারি না।”

বিশ্বন কহিলেন, “অধিক বুঝিবার আবশ্যিক কী। কেন কতকগুলো ইঁদুর আসিয়া শস্য খাইয়া গেল তাহা না’ই বুঝিলাম। আমি অন্যায় করিব না, আমি সকলের হিত করিব, এইটুকু স্পষ্ট বুঝিলেই হইল। তার পরে বিধাতার কাজ বিধাতা করিবেন, তিনি আমাদের হিসাব দিতে আসিবেন না।”

রাজা কহিলেন, “ঠাকুর, তুমি গৃহে গৃহে ফিরিয়া অবিশ্রাম কাজ করিতেছ, পৃথিবীর যতটুকু হিত করিতেছ ততটুকুই তোমার পুরস্কার হইতেছে, এই আনন্দে তোমার সমস্ত সংশয় চলিয়া যায়। আমি কেবল দিনরাত্রি একটা মুকুট মাথায় করিয়া সিংহাসনের উপরে চড়িয়া বসিয়া আছি, কেবল কতকগুলো চিন্তা ঘাড়ে করিয়া আছি— তোমার কাজ দেখিলে আমার লোভ হয়।”

বিশ্বন কহিলেন, “মহারাজ, আমি তোমারই তো এক অংশ। তুমি ঐ সিংহাসনে বসিয়া না থাকিলে আমি কি কাজ করিতে পারিতাম! তোমাতে আমাতে মিলিয়া আমরা উভয়ে সম্পূর্ণ হইয়াছি।”

এই বলিয়া বিশ্বন বিদায় গ্রহণ করিলেন, রাজা মুকুট মাথায় করিয়া ভাবিতে লাগিলেন। মনে মনে কহিলেন, ‘আমার কাজ যথেষ্ট রহিয়াছে, আমি তাহার কিছুই করি না। আমি কেবল আমার চিন্তা লইয়াই নিশ্চিন্ত রহিয়াছি। সেইজন্যই আমি প্রজাদের বিশ্বাস আকর্ষণ করিতে পারি না। রাজ্যশাসনের আমি যোগ্য নই।’

একত্রিংশ পরিচ্ছেদ

মোগল সৈন্যের কর্তা হইয়া নক্ষত্ররায় পথের মধ্যে তেঁতুলে-নামক একটি ক্ষুদ্র গ্রামে বিশ্রাম করিতেছিলেন। প্রভাতে রঘুপতি আসিয়া কহিলেন, “যাত্রা করিতে হইবে মহারাজ, প্রস্তুত হোন।”

সহসা রঘুপতির মুখে মহারাজ শব্দ অত্যন্ত মিষ্ট শুনাইল। নক্ষত্ররায় উল্লসিত হইয়া উঠিলেন। তিনি কল্পনায় পৃথিবীসুদ্ধ লোকের মুখ হইতে মহারাজ সম্ভাষণ শুনিতে লাগিলেন। তিনি মনে মনে ত্রিপুরার উচ্চ সিংহাসনে চড়িয়া সভা উজ্জ্বল করিয়া বসিলেন। মনের আনন্দে বলিলেন, “ঠাকুর, আপনাকে কখনোই ছাড়া হইবে না। আপনাকে সভায় থাকিতে হইবে। আপনি কী চান সেইটে আমাকে বলুন।”

নক্ষত্ররায় মনে মনে রঘুপতিকে তৎক্ষণাৎ বৃহৎ একখণ্ড জায়গির অবলীলাক্রমে দান করিয়া ফেলিলেন।

রঘুপতি কহিলেন, “আমি কিছু চাহি না।”

নক্ষত্ররায় কহিলেন, “সে কী কথা! তা হইবে না ঠাকুর। কিছু লইতেই হইবে। কয়লাসর পরগনা

আমি আপনাকে দিলাম— আপনি লেখাপড়া করিয়া লউন।”

রঘুপতি কহিলেন, “সে-সকল পরে দেখা যাইবে।”

নক্ষত্রায় কহিলেন, “পরে কেন, আমি এখন দিব। সমস্ত কয়লাসর পরগনা আপনারই হইল ; আমি এক পয়সা খাজনা লইব না।”

বলিয়া নক্ষত্রায় মাথা তুলিয়া অত্যন্ত সিধা হইয়া বসিলেন।

রঘুপতি কহিলেন, “মরিবার জন্য তিন হাত জমি মিলিলেই সুখী হইব। আমি আর-কিছু চাহি না।”

বলিয়া রঘুপতি চলিয়া গেলেন। তাঁহার জয়সিংহকে মনে পড়িয়াছে। জয়সিংহ যদি থাকিত তবে পুরস্কারের স্বরূপ কিছু লইতেন— জয়সিংহ যখন নাই তখন সমস্ত ত্রিপুরা রাজ্য মৃত্তিকার সমষ্টি ছাড়া আর-কিছু মনে হইল না।

রঘুপতি এখন নক্ষত্রায়কে রাজাভিমনে মত্ত করিবার চেষ্টা করিতেছেন। তাঁহার মনের মধ্যে ভয় আছে পাছে এত আয়োজন করিয়া সমস্ত ব্যর্থ হয়, পাছে দুর্বলস্বভাব নক্ষত্রায় ত্রিপুরায় গিয়া বিনাযুদ্ধে রাজার নিকট ধরা দেন। কিন্তু দুর্বল হৃদয়ে একবার রাজ্যমদ জন্মিলে আর ভাবনা নাই। রঘুপতি নক্ষত্রায়ের প্রতি আর অবজ্ঞা প্রদর্শন করেন না, কথায় কথায় তাঁহার সম্মান দেখাইয়া থাকেন। সকল বিষয়ে তাঁহার মৌখিক আদেশ লইয়া থাকেন। মোগল-সৈন্যেরা তাঁহাকে মহারাজা সাহেব বলে, তাঁহাকে দেখিলে শশব্যস্ত হইয়া উঠে— বায়ু বহিলে যেমন সমস্ত শস্যক্ষেত্র নত হইয়া যায় তেমনি নক্ষত্রায় আসিয়া দাঁড়াইলে সারি সারি মোগল-সেনা একসঙ্গে মাথা নত করিয়া সেলাম করে। সেনাপতি সসম্ভ্রমে তাঁহাকে অভিবাদন করেন। শত শত মুক্ত তরবারির জ্যোতির মধ্যে বৃহৎ হস্তীর পৃষ্ঠে রাজচিহ্ন-অঙ্কিত স্বর্ণমণ্ডিত হাওদায় চড়িয়া তিনি যাত্রা করেন, সঙ্গে সঙ্গে উল্লাসজনক বাদ্য বাজিতে থাকে— সঙ্গে সঙ্গে নিশানধারী রাজনিশান ধরিয়া চলে। তিনি যেখান দিয়া যান, সেখানকার গ্রামের লোক সৈন্যের ভয়ে ঘরবাড়ি ছাড়িয়া পালাইয়া যায়। তাহাদের ত্রাস দেখিয়া নক্ষত্রায়ের মনে গর্বের উদয় হয়। তাঁহার মনে হয়, আমি দিগ্বিজয় করিয়া চলিয়াছি। ছোটো ছোটো জমিদারগণ নানাবিধ উপঢৌকন লইয়া আসিয়া তাঁহাকে সেলাম করিয়া যায়— তাহাদিগকে পরাজিত নৃপতি বলিয়া বোধ হয় ; মহাভারতের দিগ্বিজয়ী পাণ্ডবদের কথা মনে পড়ে।

একদিন সৈন্যেরা আসিয়া সেলাম করিয়া কহিল, “মহারাজা সাহেব !”

নক্ষত্রায় খাড়া হইয়া বসিলেন।

“আমরা মহারাজের জন্য জান দিতে আসিয়াছি— আমরা জানের পরোয়া রাখি না। বরাবর আমাদের দস্তুর আছে, লড়াইয়ে যাইবার পথে আমরা গ্রাম লুণ্ঠ করিয়া যাই— কোনো শাস্ত্রে ইহাতে দোষ লিখে না।”

নক্ষত্রায় মাথা নাড়িয়া কহিলেন, “ঠিক কথা, ঠিক কথা।”

সৈন্যেরা কহিল, “ব্রাহ্মণ-ঠাকুর আমাদের লুণ্ঠ করিতে বারণ করিয়াছেন। আমরা জান দিতে যাইতেছি, অথচ একটু লুণ্ঠ করিতে পারিব না, এ বড়ো অবিচার।”

নক্ষত্রায় পুনশ্চ মাথা নাড়িয়া কহিলেন, “ঠিক কথা, ঠিক কথা।”

“মহারাজার যদি হুকুম মিলে তো আমরা ব্রাহ্মণ-ঠাকুরের কথা না মানিয়া লুণ্ঠ করিতে যাই।”

নক্ষত্রায় অত্যন্ত স্পর্ধার সহিত কহিলেন, “ব্রাহ্মণ-ঠাকুর কে ! ব্রাহ্মণ-ঠাকুর কী জানে ! আমি তোমাদিগকে হুকুম দিতেছি তোমরা লুণ্ঠপাট করিতে যাও।”

বলিয়া একবার ইতস্তত চাহিয়া দেখিলেন, কোথাও রঘুপতিকে না দেখিয়া নিশ্চিন্ত হইলেন।

কিন্তু রঘুপতিকে এইরূপে অকাতরে লঙ্ঘন করিয়া তিনি মনের মধ্যে অত্যন্ত আনন্দ লাভ করিলেন। ক্ষমতামদ মদিরার মতো তাঁহার শিরায় শিরায় সঞ্চারিত হইতে লাগিল। পৃথিবীকে নূতন চক্ষে দেখিতে লাগিলেন। কাঙ্ক্ষনিক বেলুনের উপর চড়িয়া পৃথিবীটা যেন অনেক নিম্নে মেঘের মতো মিলাইয়া গেল। এমন-কি, মাঝে মাঝে কদাচ কখনো রঘুপতিকেও নগণ্য বলিয়া মনে হইতে লাগিল। সহসা বলপূর্বক গোবিন্দমাণিক্যের প্রতি অত্যন্ত ক্রুদ্ধ হইয়া উঠিলেন। মনে মনে বার বার করিয়া

বলিতে লাগিলেন, ‘আমাকে নির্বাসন ! একটা সামান্য প্রজার মতো আমাকে বিচারসভায় আহ্বান এবার দেখি কে কাহাকে নির্বাসিত করে । এবার ত্রিপুরাসুদ্ধ লোক নক্ষত্রায়ের প্রতাপ অবগত হইবে ।’

নক্ষত্রায় ভারি উৎফুল্ল ও স্ফীত হইলেন ।

নিরীহ গ্রামবাসীদের উপর অনর্থক উৎপীড়ন ও লুঠপাটের প্রতি রঘুপতির বিশেষ বিরাগ ছিল । নিবারণ করিবার জন্য তিনি অনেক চেষ্টা করিয়াছিলেন । কিন্তু সৈন্যেরা নক্ষত্রায়ের আজ্ঞা পাইয়া তাঁহাকে অবহেলা করিল । তিনি নক্ষত্রায়ের কাছে আসিয়া বলিলেন, “অসহায় গ্রামবাসীদের উপরে কেন এ অত্যাচার !”

নক্ষত্রায় কহিলেন, “ঠাকুর, এ-সব বিষয়ে তুমি ভালো বোঝ না । যুদ্ধবিগ্রহের সময় সৈন্যদের লুঠপাটে নিষেধ করিয়া নিরুৎসাহ করা ভালো নয় ।”

নক্ষত্রায়ের কথা শুনিয়া রঘুপতি কিঞ্চিৎ বিস্মিত হইলেন । সহসা নক্ষত্রায়ের শ্রেষ্ঠত্বাভিমান দেখিয়া তিনি মনে মনে হাসিলেন । কহিলেন, “এখন লুঠপাট করিতে দিলে পরে ইহাদিগকে সামলানো দায় হইবে । সমস্ত ত্রিপুরা লুঠিয়া লইবে ।”

নক্ষত্রায় কহিলেন, “তাহাতে হানি কী ? আমি তো তাহাই চাই । ত্রিপুরা একবার বুকুক, নক্ষত্রায়কে নির্বাসিত করার ফল কী । ঠাকুর, এ-সব বিষয় তুমি কিছু বোঝ না— তুমি তো কখনো যুদ্ধ কর নাই ।”

রঘুপতি মনে মনে অত্যন্ত আমোদ বোধ করিলেন । কিছু উত্তর না করিয়া চলিয়া গেলেন । নক্ষত্রায় নিতান্ত পুত্তলিকার মতো না হইয়া একটু শক্ত মানুষের মতো হন, এই তাঁহার ইচ্ছা ছিল ।

দ্বাত্রিংশ পরিচ্ছেদ

ত্রিপুরায় ইদুরের উৎপাত যখন আরম্ভ হয় তখন শ্রাবণ মাস । তখন ক্ষেত্রে কেবল ভুট্টা ফলিয়াছিল, এবং পাহাড়ে জমিতে ধানক্ষেত্রেও পাক ধরিতে আরম্ভ করিয়াছিল । তিন মাস কোনোমতে কাটিয়া গেল— অগ্রহায়ণ মাসে নিম্নভূমিতে যখন ধান কাটিবার সময় আসিল তখন দেশে আনন্দ পড়িয়া গেল । চাষারা’ স্ত্রীলোক বালক যুবক বৃদ্ধ সকলে মিলিয়া দা হাতে লইয়া ক্ষেত্রে গিয়া পড়িল । হৈয়া হৈয়া শব্দে পরস্পর পরস্পরকে আহ্বান করিতে লাগিল । জুমিয়া রমণীদের গানে মাঠ-বাট ধ্বনিত হইয়া উঠিল । রাজার প্রতি অসন্তোষ দূর হইয়া গেল— রাজ্যে শান্তি স্থাপিত হইল । এমন সময় সংবাদ আসিল, নক্ষত্রায় রাজ্য-আক্রমণের উদ্দেশ্যে বহুসংখ্যক সৈন্য লইয়া ত্রিপুরা রাজ্যের সীমানায় আসিয়া পৌঁছিয়াছেন এবং অত্যন্ত লুঠপাট উৎপীড়ন আরম্ভ করিয়া দিয়াছেন— এই সংবাদে সমস্ত রাজ্য শঙ্কিত হইয়া উঠিল ।

এ সংবাদ রাজার বক্ষে ছুরির মতো বিদ্ধ হইল । সমস্ত দিনই তাঁহাকে বিধিতে লাগিল । থাকিয়া থাকিয়া কেবলই প্রত্যেক বার নূতন করিয়া তাঁহার মনে হইতে লাগিল নক্ষত্রায় তাঁহাকে আক্রমণ করিতে আসিতেছে । নক্ষত্রায়ের সরল সুন্দর মুখ শতবার তাঁহার স্নেহচক্ষের সম্মুখে দেখিতে লাগিলেন এবং সেই সঙ্গেই মনে হইতে লাগিল, সেই নক্ষত্রায় কতকগুলো সৈন্য সংগ্রহ করিয়া তলোয়ার হাতে লইয়া তাঁহাকে আক্রমণ করিতে আসিতেছে । এক-একবার তাঁহার মনে মনে ইচ্ছা করিতে লাগিল একটি সৈন্যও না লইয়া নক্ষত্রায়ের সম্মুখে বৃহৎ রণক্ষেত্রে একা দাঁড়াইয়া সমস্ত বক্ষঃস্থল অব্যাহত করিয়া নক্ষত্রায়ের সহস্র সৈনিকের তরবারি এক কালে তাঁহার হৃদয়ে গ্রহণ করেন ।

তিনি ধুবকে কাছে টানিয়া বলিলেন, “ধুব, তুইও কি এই মুকুটখানার জন্য আমার সঙ্গে ঝগড়া

১ প্রকৃতপক্ষে ইহাদের চাষা বলা যায় না । কারণ, ইহারা রীতিমত চাষ করে না । জঙ্গল দক্ষ করিয়া বর্ষারস্ত্রে বীজ বপন করে মাত্র । এইরূপ ক্ষেত্রে জুম বলে, কৃষকদিগকে জুমিয়া বলে ।

করিতে পারিস ?” বলিয়া মুকুট ভূমিতে ফেলিয়া দিলেন, একটি বড়ো মুক্তা ছিড়িয়া পড়িয়া গেল ।
ধুব আগ্রহের সহিত হাত বাড়াইয়া কহিল, “আমি নেব ।”

রাজা ধুবের মাথায় মুকুট পরাইয়া তাহাকে কোলে লইয়া কহিলেন, “এই লও— আমি কাহারও
সহিত ঝগড়া করিতে চাই না ।” বলিয়া অত্যন্ত আবেগের সহিত ধুবকে বুকে চাপিয়া ধরিলেন ।

তাহার পরে সমস্ত দিন ধরিয়া ‘এ কেবল আমারই পাপের শাস্তি’ বলিয়া রাজা নিজের সহিত তর্ক
করিতে লাগিলেন । নহিলে ভাই কখনো ভাইকে আক্রমণ করে না । ইহা মনে করিয়া তাঁহার কথঞ্চিৎ
সান্ত্বনা হইল । তিনি মনে করিলেন, ইহা ঈশ্বরের বিধান । জগৎপতির দরবার হইতে আদেশ
আসিয়াছে, ক্ষুদ্র নক্ষত্রায় কেবল তাহার মানবহৃদয়ের প্ররোচনায় তাহা লঙ্ঘন করিতে পারে না । এই
মনে করিয়া তাঁহার আহত স্নেহ কিছু শাস্তি পাইল । পাপ তিনি নিজের স্বক্ষে লইতে রাজি আছেন—
নক্ষত্রায়ের পাপের ভার যেন তাঁহাতে কতকটা কমিয়া যায় ।

বিশ্বন আসিয়া কহিলেন, “মহারাজ, এ সময় কি আকাশের দিকে তাকাইয়া ভাবিবার সময় ?”

রাজা কহিলেন, “ঠাকুর, এ-সকল আমারই পাপের ফল ।”

বিশ্বন কিঞ্চিৎ বিরক্ত হইয়া কহিলেন, “মহারাজ, এই-সকল কথা শুনিলে আমার ধৈর্য থাকে না ।
দুঃখ যে পাপেরই ফল তাহা কে বলিল, পুণ্যের ফলও হইতে পারে । কত ধর্মান্ধা আজীবন দুঃখে
কাটাইয়া গিয়াছেন ।”

রাজা নিরুত্তর হইয়া রহিলেন ।

বিশ্বন জিজ্ঞাসা করিলেন, “মহারাজ কী পাপ করিয়াছিলেন যাহার ফলে এই ঘটনা ঘটিল ?”

রাজা কহিলেন, “আপন ভাইকে নির্বাসিত করিয়াছিলাম ।”

বিশ্বন কহিলেন, “আপনি ভাইকে নির্বাসিত করেন নাই । দোষীকে নির্বাসিত করিয়াছেন ।”

রাজা কহিলেন, “দোষী হইলেও ভাইকে নির্বাসনের পাপ আছেই । তাহার ফল হইতে নিস্তার
পাওয়া যায় না । কৌরবেরা দুরাচার হইলেও পাণ্ডবেরা তাঁহাদিগকে বধ করিয়া প্রসন্নচিত্তে রাজ্যসুখ
ভোগ করিতে পারিলেন না । যজ্ঞ করিয়া প্রায়শ্চিত্ত করিলেন । পাণ্ডবেরা কৌরবদের নিকট হইতে
রাজ্য লইলেন, কৌরবেরা মরিয়া গিয়া পাণ্ডবদের রাজ্য হরণ করিলেন । আমি নক্ষত্রকে নির্বাসিত
করিয়াছি, নক্ষত্র আমাকে নির্বাসিত করিতে আসিতেছে ।”

বিশ্বন কহিলেন, “পাণ্ডবেরা পাপের শাস্তি দিবার জন্য কৌরবদের সহিত যুদ্ধ করেন নাই, তাঁহারা
রাজ্যলাভের জন্য করিয়াছিলেন । কিন্তু মহারাজ পাপের শাস্তি দিয়া নিজের সুখদুঃখ উপেক্ষা করিয়া
ধর্ম পালন করিয়াছিলেন । ইহাতে আমি তো পাপ কিছুই দেখিতেছি না । তবে প্রায়শ্চিত্তের বিধি দিতে
আমার কিছুমাত্র আপত্তি নাই । আমি ব্রাহ্মণ উপস্থিত আছি, আমাকে সন্তুষ্ট করিলেই প্রায়শ্চিত্ত
হইবে ।”

রাজা ঈষৎ হাসিয়া চূপ করিয়া রহিলেন ।

বিশ্বন কহিলেন, “সে যাহাই হউক, এখন যুদ্ধের আয়োজন করুন । আর বিলম্ব করিবেন না ।”

রাজা কহিলেন, “আমি যুদ্ধ করিব না ।”

বিশ্বন কহিলেন, “সে হইতেই পারে না । আপনি বসিয়া বসিয়া ভাবুন । আমি ততক্ষণ
সন্যসংগ্রহের চেষ্টা করিগে । সকলেই এখন জুমে গিয়াছে, যথেষ্ট সৈন্য পাওয়া কঠিন ।”

বলিয়া আর কোনো উত্তরের অপেক্ষা না করিয়া বিশ্বন চলিয়া গেলেন ।

ধুবের সহসা কী মনে হইল ; সে রাজার কাছে আসিয়া রাজার মুখের দিকে তাকাইয়া জিজ্ঞাসা
করিল, “কাকা কোথায় ?”

নক্ষত্রায়কে ধুব কাকা বলিত ।

রাজা কহিলেন, “কাকা আসিতেছেন ধুব ।”

তাঁহার চোখের পাতা ঈষৎ আর্দ্র হইয়া গেল ।

ত্রয়স্ত্রিংশ পরিচ্ছেদ

বিশ্বন ঠাকুরের বিস্তর কাজ পড়িয়া গেল। তিনি চট্টগ্রামের পার্বত্য প্রদেশে নানা উপহার সমেত দ্রুতগামী দূত পাঠাইয়া দিলেন। সেখানে কুকি-গ্রামপতিদের নিকটে কুকি-সৈন্য সাহায্য প্রার্থনা করিলেন। যুদ্ধের নাম শুনিয়া তাহারা নাচিয়া উঠিল। কুকিদের যত লাল (গ্রামপতি) ছিল তাহারা যুদ্ধের সংবাদস্বরূপ লাল বস্ত্রখণ্ডে বাঁধা দা দূতহস্তে গ্রামে গ্রামে পাঠাইয়া দিল। দেখিতে দেখিতে কুকির স্রোত চট্টগ্রামের শৈলশৃঙ্গ হইতে ত্রিপুরার শৈলশৃঙ্গে আসিয়া পড়িল। তাহাদিগকে কোনো নিয়মের মধ্যে সংযত করিয়া রাখাই দায়। বিশ্বন স্বয়ং ত্রিপুরার গ্রামে গ্রামে গিয়া জুম হইতে বাছিয়া বাছিয়া সাহসী যুবাপরুষ্টিদিগকে সৈন্যশ্রেণীতে সংগ্রহ করিয়া আনিলেন। অগ্রসর হইয়া মোগলসৈন্যদিগকে আক্রমণ করা বিশ্বন ঠাকুর সংগত বিবেচনা করিলেন না। যখন তাহারা সমতলক্ষেত্র অতিক্রম করিয়া অপেক্ষাকৃত দুর্গম শৈলশৃঙ্গে আসিয়া উপস্থিত হইবে, তখন অরণ্য, পর্বত ও নানা দুর্গম গুপ্ত স্থান হইতে তাহাদিগকে সহসা আক্রমণ করিয়া চকিত করিবেন স্থির করিলেন বড়ো বড়ো শিলাখণ্ডের দ্বারা গোমতী নদীর জল বাঁধিয়া রাখিলেন— নিতান্ত পরাভবের আশঙ্কা দেখিলে সেই বাঁধ ভাঙিয়া দিয়া জলপ্লাবনের দ্বারা মোগলসৈন্যদিগকে ভাসাইয়া দেওয়া যাইতে পারিবে।

এ দিকে নক্ষত্ররায় দেশ লুণ্ঠন করিতে করিতে ত্রিপুরার পার্বত্য প্রদেশে আসিয়া পৌঁছিলেন। তখন জুম কাটা শেষ হইয়া গেছে। জুমিয়ারা সকলেই দা ও তীরধনু হাতে করিয়া যুদ্ধের জন্য প্রস্তুত হইয়াছে। কুকিদলকে উচ্ছ্বাসোন্মুখ জলপ্রপাতের মতো আর বাঁধিয়া রাখা যায় না।

গোবিন্দমাণিকা বলিলেন, “আমি যুদ্ধ করিব না।”

বিশ্বন ঠাকুর কহিলেন, “এ কোনো কাজের কথাই নহে।”

রাজা কহিলেন, “আমি রাজত্ব করিবার যোগ্য নহি; তাহারই সকল লক্ষণ প্রকাশ পাইতেছে সেইজন্য আমার প্রতি প্রজাদের বিশ্বাস নাই, সেইজন্যই দুর্ভিক্ষের সূচনা, সেইজন্যই এই যুদ্ধ রাজ্য-পরিত্যাগের জন্য এ-সকল ভগবানের আদেশ।”

বিশ্বন কহিলেন, “এ কখনোই ভগবানের আদেশ নহে। ঈশ্বর তোমার উপরে রাজ্যভার অর্পণ করিয়াছেন; যতদিন রাজকার্য নিঃসংকট ছিল ততদিন তোমার সহজ কর্তব্য অনায়াসে পালন করিয়াছ। যখনই রাজ্যভার গুরুতর হইয়া উঠিয়াছে তখনই তাহা দূরে নিক্ষেপ করিয়া তুমি স্বাধীন হইতে চাহিতেছ এবং ঈশ্বরের আদেশ বলিয়া আপনাকে ফাঁকি দিয়া সুখী করিতে চাহিতেছ।”

কথাটা গোবিন্দমাণিক্যের মনে লাগিল। তিনি নিরুত্তর হইয়া কিছুক্ষণ বসিয়া রহিলেন। অবশেষে নিতান্ত কাতর হইয়া বলিলেন, “মনে করো না ঠাকুর, আমার পরাজয় হইয়াছে, নক্ষত্র আমাকে বল করিয়া রাজা হইয়াছে।”

বিশ্বন কহিলেন, “যদি সত্য তাহাই ঘটে তাহা হইলে আমি মহারাজের জন্য শোক করিব না। কিন্তু মহারাজ যদি কর্তব্যে ভঙ্গ দিয়া পলায়ন করেন, তবেই আমাদের শোকের কারণ ঘটবে।”

রাজা কিঞ্চিৎ অধীর হইয়া কহিলেন, “আপন-ভাইয়ের রক্তপাত করিব!”

বিশ্বন কহিলেন, “কর্তব্যের কাছে ভাই বন্ধু কেহই নাই। কুরুক্ষেত্রের যুদ্ধের সময় শ্রীকৃষ্ণ অর্জুনকে কী উপদেশ দিয়াছিলেন স্মরণ করিয়া দেখুন।”

রাজা কহিলেন, “ঠাকুর, তুমি কি বল আমি স্বহস্তে এই তরবারি লইয়া নক্ষত্ররায়কে আঘাত করিব?”

বিশ্বন কহিলেন, “হাঁ।”

সহসা ধুব আসিয়া গম্ভীর ভাবে কহিল, “ছি, ও কথা বলতে নেই।”

ধুব খেলা করিতেছিল, দুই পক্ষের কী একটা গোলমাল শুনিয়া সহসা তাহার মনে হইল দুইজনে অবশ্যই একটা দুষ্টামি করিতেছে, অতএব সময় থাকিতে দুইজনকে কিঞ্চিৎ শাসন করিয়া আসা

আবশ্যক। এই-সকল বিবেচনা করিয়া তিনি হঠাৎ আসিয়া ঘাড় নাড়িয়া কহিলেন, “ছি, ও কথা বলতে নেই।”

পুরোহিত ঠাকুরের অত্যন্ত আমোদ বোধ হইল। তিনি হাসিয়া উঠিলেন, ধুবকে কোলে লইয়া চুমো খাইতে লাগিলেন। কিন্তু রাজা হাসিলেন না। তাঁহার মনে হইল যেন বালকের মুখে তিনি দৈববাণী শুনিলেন।

তিনি অসন্দিগ্ধ স্বরে বলিয়া উঠিলেন, “ঠাকুর, আমি স্থির করিয়াছি এ রক্তপাত আমি ঘটিতে দিব না, আমি যুদ্ধ করিব না।”

বিশ্বন ঠাকুর কিছুক্ষণ চুপ করিয়া রহিলেন। অবশেষে কহিলেন, “মহারাজের যদি যুদ্ধ করিতেই আপত্তি থাকে, তবে আর-এক কাজ করুন। আপনি নক্ষত্রায়ের সহিত সাক্ষাৎ করিয়া তাঁহাকে যুদ্ধ হইতে বিরত করুন।”

গোবিন্দমাণিক্য কহিলেন, “ইহাতে আমি সম্মত আছি।”

বিশ্বন কহিলেন, “তবে সেইরূপ প্রস্তাব লিখিয়া নক্ষত্রায়ের নিকট পাঠানো হউক।”

অবশেষে তাহাই স্থির হইল।

চতুস্ত্রিংশ পরিচ্ছেদ

নক্ষত্রায় সৈন্য লইয়া অগ্রসর হইতে লাগিলেন, কোথাও তিলমাত্র বাধা পাইলেন না। ত্রিপুরার যে গ্রামেই তিনি পদার্পণ করিলেন সেই গ্রামেই তাঁহাকে রাজা বলিয়া বরণ করিতে লাগিল। পদে পদে রাজত্বের আশ্বাদ পাইতে লাগিলেন—ক্ষুধা আরো বাড়িতে লাগিল, চারি দিকের বিস্তৃত ক্ষেত্র, গ্রাম, পর্বতশ্রেণী, নদী সমস্তই ‘আমার’ বলিয়া মনে হইতে লাগিল এবং সেই অধিকারব্যাপ্তির সঙ্গে সঙ্গে নিজেও যেন অনেক দূর পর্যন্ত ব্যাপ্ত হইয়া অত্যন্ত প্রশস্ত হইয়া পড়িতে লাগিলেন। মোগল-সৈন্যেরা যাহা চায় তিনি তাহাই তাহাদিগকে লইতে আলী-ছকুম দিয়া দিলেন। মনে হইল এ-সমস্তই আমার এবং ইহারা আমারই রাজ্যে আসিয়া পড়িয়াছে। ইহাদিগকে কোনো সুখ হইতে বঞ্চিত করা হইবে না—স্বস্থানে ফিরিয়া গিয়া মোগলেরা তাঁহার আতিথ্যের ও রাজবৎ উদারতা ও বদান্যতার অনেক প্রশংসা করিবে; বলিবে, ‘ত্রিপুরার রাজা বড়ো কম রাজা নহে।’ মোগল-সৈন্যদের নিকট হইতে খ্যাতি লাভ করিবার জন্য তিনি সততই উৎসুক হইয়া রহিলেন। তাহারা তাঁহাকে কোনো প্রকার শ্রুতিমধুর সম্ভাষণ করিলে তিনি নিতান্ত জল হইয়া যান। সর্বদাই ভয় হয় পাছে কোনো নিন্দার কারণ ঘটে।

রঘুপতি আসিয়া কহিলেন, “মহারাজ, যুদ্ধের তো কোনো উদ্যোগ দেখা যাইতেছে না।”

নক্ষত্রায় কহিলেন, “না ঠাকুর, ভয় পাইয়াছে।”

বলিয়া অত্যন্ত হাসিতে লাগিলেন।

রঘুপতি হাসিবার বিশেষ কোনো কারণ দেখিলেন না, কিন্তু তথাপি হাসিলেন।

নক্ষত্রায় কহিলেন, “নক্ষত্রায় নবাবের সৈন্য লইয়া আসিয়াছে। বড়ো সহজ ব্যাপার নহে।”

রঘুপতি কহিলেন, “দেখি এবার কে কাহাকে নির্বাসনে পাঠায়! কেমন?”

নক্ষত্রায় কহিলেন, “আমি ইচ্ছা করিলে নির্বাসনদণ্ড দিতে পারি, কারারুদ্ধ করিতেও পারি—

বধের ছকুম দিতেও পারি। এখনো স্থির করি নাই কোন্টা করিব।”

বলিয়া অতিশয় বিজ্ঞভাবে অনেক বিবেচনা করিতে লাগিলেন।

রঘুপতি কহিলেন, “অত ভাবিবেন না মহারাজ। এখনো অনেক সময় আছে। কিন্তু আমার ভয় হইতেছে, গোবিন্দমাণিক্য যুদ্ধ না করিয়াই আপনাকে পরাভূত করিবেন।”

নক্ষত্রায় কহিলেন, “সে কেমন করিয়া হইবে?”

রঘুপতি কহিলেন, “গোবিন্দমাণিক্য সৈন্যগুলোকে আড়ালে রাখিয়া বিস্তর ভ্রাতৃস্নেহ দেখাইবেন। গলা ধরিয়া বলিবেন—ছোটো ভাই আমার, এসো ঘরে এসো, দুধ-সর খাওসে। মহারাজ কাঁদিয়া

বলিবেন— যে আঞ্জের, আমি এখনি যাইতেছি । অধিক বিলম্ব হইবে না । বলিয়া নাগরা জুতাজোড়াটা পায়ে দিয়া দাদার পিছনে পিছনে মাথা নিচু করিয়া টাটু ঘোড়াটির মতো চলিবেন । বাদশাহের মোগল ফৌজ তামাশা দেখিয়া হাসিয়া ঘরে ফিরিয়া যাইবে ।”

নক্ষত্ররায় রঘুপতির মুখে এই তীব্র বিদ্রূপ শুনিয়া অত্যন্ত কাতর হইয়া পড়িলেন । কিঞ্চিৎ হাসিবার নিষ্ফল চেষ্টা করিয়া বলিলেন, “আমাকে কি ছেলেমানুষ পাইয়াছে যে এমনি করিয়া ভুলাইবে ! তাহার জো নাই । সে হবে না ঠাকুর । দেখিয়া লইয়ো ।”

সেইদিন গোবিন্দমাণিক্যের চিঠি আসিয়া পৌছিল । সে চিঠি রঘুপতি খুলিলেন । রাজা অত্যন্ত স্নেহপ্রকাশ করিয়া সাক্ষাৎ প্রার্থনা করিয়াছেন । চিঠি নক্ষত্ররায়কে দেখাইলেন না । দূতকে বলিয়া দিলেন, “কষ্ট স্বীকার করিয়া গোবিন্দমাণিক্যের এতদূর আসিবার দরকার নাই । সৈন্য ও তরবারি লইয়া মহারাজ নক্ষত্রমাণিক্য শীঘ্রই তাহার সহিত সাক্ষাৎ করিবেন । গোবিন্দমাণিক্য এই অল্প কাল যেন প্রিয়ভ্রাতৃবিরহে অধিক কাতর হইয়া না পড়েন । আট বৎসর নির্বাসনে থাকিলে ইহা অপেক্ষা আরো অধিক কাল বিচ্ছেদের সম্ভাবনা ছিল ।”

রঘুপতি নক্ষত্ররায়কে গিয়া কহিলেন, “গোবিন্দমাণিক্য নির্বাসিত ছোটো ভাইকে অত্যন্ত স্নেহপূর্ণ একখানি চিঠি লিখিয়াছেন ।”

নক্ষত্ররায় পরম উপেক্ষার ভান করিয়া হাসিয়া বলিলেন, “সত্য না কি ! কী চিঠি ? কই দেখি ।” বলিয়া হাত বাড়াইয়া দিলেন ।

রঘুপতি কহিলেন, “সে চিঠি মহারাজকে দেখানো আমি আবশ্যিক বিবেচনা করি নাই । তখনই ছিড়িয়া ফেলিয়াছি । বলিয়াছি, যুদ্ধ ছাড়া ইহার আর কোনো উত্তর নাই ।”

নক্ষত্ররায় হাসিতে হাসিতে বলিলেন, “বেশ করিয়াছ ঠাকুর ! তুমি বলিয়াছ যুদ্ধ ছাড়া আর কোনো উত্তর নাই ? বেশ উত্তর দিয়াছ ।”

রঘুপতি কহিলেন, “গোবিন্দমাণিক্য উত্তর শুনিয়া ভাবিবে যে, যখন নির্বাসন দিয়াছিলাম তখন তো ভাই বেশ সহজে গিয়াছিল, কিন্তু সেই ভাই ঘরে ফিরিয়া আসিবার সময় তো কম গোলযোগ করিতেছে না ।”

নক্ষত্ররায় কহিলেন, “মনে করিবেন ভাইটি বড়ো সহজ লোক নয় । মনে করিলেই যে যখন ইচ্ছা নির্বাসন দিব এবং যখন ইচ্ছা ডাকিয়া লইব, সেটি হইবার জো নাই ।”

বলিয়া অত্যন্ত আনন্দে দ্বিতীয়বার হাসিতে লাগিলেন ।

পঞ্চত্রিংশ পরিচ্ছেদ

নক্ষত্ররায়ের উত্তর শুনিয়া গোবিন্দমাণিক্য অত্যন্ত মর্মান্বিত হইলেন । বিশ্বন মনে করিলেন, এবারে হয়তো মহারাজা আপত্তি প্রকাশ করিবেন না । কিন্তু গোবিন্দমাণিক্য বলিলেন, “এ কথা কখনোই নক্ষত্ররায়ের কথা নহে । এ সেই পুরোহিত বলিয়া পাঠাইয়াছে । নক্ষত্রের মুখ দিয়া এমন কথা কখনোই বাহির হইতে পারে না ।”

বিশ্বন কহিলেন, “মহারাজ, এক্ষণে কী উপায় স্থির করিলেন ?”

রাজা কহিলেন, “আমি নক্ষত্রের সঙ্গে কোনোক্রমে একবার দেখা করিতে পাই, তাহা হইলে সমস্ত মিটমাট করিয়া দিতে পারি ।”

বিশ্বন কহিলেন, “আর দেখা যদি না হয় ?”

রাজা । তাহা হইলে আমি রাজ্য ছাড়িয়া দিয়া চলিয়া যাইব ।

বিশ্বন কহিলেন, “আচ্ছা, আমি একবার চেষ্টা করিয়া দেখি ।”

পাহাড়ের উপর নক্ষত্ররায়ের শিবির । ঘন জঙ্গল । বাঁশবন, বেতবন, খাগড়ার বন । নানাবিধ

লতাগুল্মে ভূমি আচ্ছন্ন। সৈন্যেরা বন্য হস্তীদের চলিবার পথ অনুসরণ করিয়া শিখরে উঠিয়াছে। তখন অপরাহ্ন। সূর্য পাহাড়ের পশ্চিমপ্রান্তে হেলিয়া পড়িয়াছে। পূর্বপ্রান্তে অন্ধকার করিয়াছে। গোধূলির ছায়া ও তরুর ছায়ায় মিলিয়া বনের মধ্যে অকালে সন্ধ্যার আবির্ভাব হইয়াছে। শীতের সায়াহ্নে ভূমিতল হইতে কুয়াশার মতো বাষ্প উঠিতেছে। ঝিল্লির শব্দে নিস্তন্ধ বন মুখরিত হইয়া উঠিয়াছে। বিশ্বন যখন দিবিরে গিয়া পৌঁছিলেন, তখন সূর্য সম্পূর্ণ অস্ত গেলেন, কিন্তু পশ্চিম-আকাশে সুবর্ণরেখা মিলাইয়া যায় নাই। পশ্চিম দিকের সমতল উপত্যকায় স্বর্ণচ্ছায়ায় রঞ্জিত ঘন বন নিস্তন্ধ সবুজ সমুদ্রের মতো দেখাইতেছে। সৈন্যেরা কাল প্রভাতে যাত্রা করিবে। রঘুপতি একদল সেনা ও সেনাপতিকে সঙ্গে লইয়া পথ অশ্বেষণে বাহির হইয়াছেন, এখনো ফিরিয়া আসেন নাই। যদিও রঘুপতির অজ্ঞাতসারে নক্ষত্রায়ের নিকটে কোনো লোক আসা নিষেধ ছিল, তথাপি সম্যাসীবেশধারী বিশ্বনকে কেহই বাধা দিল না।

বিশ্বন নক্ষত্রায়কে গিয়া কহিলেন, “মহারাজ গোবিন্দমাণিক্য আপনাকে স্মরণ করিয়া এই পত্র লিখিয়াছেন।” বলিয়া পত্র নক্ষত্রায়ের হস্তে দিলেন। নক্ষত্রায় কম্পিত হস্তে পত্র গ্রহণ করিলেন। সে পত্র খুলিতে তাঁহার লজ্জা ও ভয় হইতে লাগিল। যতক্ষণ রঘুপতি গোবিন্দমাণিক্য ও তাঁহার মধ্যে আড়াল করিয়া দাঁড়ায় ততক্ষণ নক্ষত্রায় বেশ নিশ্চিত থাকেন। তিনি কোনোমতেই গোবিন্দমাণিক্যকে যেন দেখিতে চান না। গোবিন্দমাণিক্যের এই দূত একেবারে নক্ষত্রায়ের সম্মুখে আসিয়া দাঁড়াইতে নক্ষত্রায় কেমন যেন সংকুচিত হইয়া পড়িলেন, এবং মনে মনে ঈষৎ বিরক্ত হইলেন। ইচ্ছা হইতে লাগিল রঘুপতি যদি উপস্থিত থাকিতেন এবং এই দূতকে তাঁহার কাছে আসিতে না দিতেন। মনের মধ্যে নানা ইতস্তত করিয়া পত্র খুলিলেন।

তাঁহার মধ্যে কিছুমাত্র ভৎসনা ছিল না। গোবিন্দমাণিক্য তাঁহাকে লজ্জা দিয়া একটি কথাও বলেন নাই। ভাইয়ের প্রতি লেশমাত্র অভিমান প্রকাশ করেন নাই। নক্ষত্রায় যে সৈন্যসামন্ত লইয়া তাঁহাকে আক্রমণ করিতে আসিয়াছেন, সে কথা উল্লেখ মাত্র করেন নাই। উভয়ের মধ্যে পূর্বে যেমন ভাব ছিল, এখনো অবিকল যেন সেই ভাবই আছে। অথচ সমস্ত পত্রের মধ্যে একটি সুগভীর স্নেহ ও বিষাদ প্রচ্ছন্ন হইয়া আছে— তাহা কোনো স্পষ্ট কথায় ব্যক্ত হয় নাই বলিয়া নক্ষত্রায়ের হৃদয়ে অধিক আঘাত লাগিল।

চিঠি পড়িতে পড়িতে অল্পে অল্পে তাঁহার মুখভাবের পরিবর্তন হইতে লাগিল। হৃদয়ের পাষণ্ড আবরণ দেখিতে দেখিতে ফাটিয়া গেল। চিঠি তাঁহার কম্পমান হাতে কাঁপিতে লাগিল। সে চিঠি লইয়া কিয়ৎক্ষণ মাথায় ধারণ করিয়া রাখিলেন। সে চিঠির মধ্যে ভ্রাতার যে আশীর্বাদ ছিল তাহা যেন শীতল নির্ঝরার মতো তাঁহার তপ্ত হৃদয়ে ঝরিয়া পড়িতে লাগিল। অনেকক্ষণ পর্যন্ত স্থির হইয়া সুদূর পশ্চিমে সন্ধ্যারাগরক্ত শ্যামল বনভূমির দিকে অনিমেষ নেত্রে চাহিয়া রহিলেন। চারি দিকে নিস্তন্ধ সন্ধ্যা অতলস্পর্শ শব্দহীন শান্ত সমুদ্রের মতো জাগিয়া রহিল। ক্রমে তাঁহার চক্ষে জল দেখা দিল, দ্রুতবেগে অশ্রু পড়িতে লাগিল। সহসা লজ্জায় ও অনুতাপে নক্ষত্রায় দুই হাতে মুখ প্রচ্ছন্ন করিয়া ধরিলেন।

কাঁদিয়া বলিলেন, “আমি এ রাজ্য চাই না। দাদা, আমার সমস্ত অপরাধ মার্জনা করিয়া আমাকে তোমার পদতলে স্থান দাও, আমাকে তোমার কাছে রাখিয়া দাও, আমাকে দূরে তাড়াইয়া দিয়ো না।”

বিশ্বন একটি কথাও বলিলেন না— আর্দ্র হৃদয়ে চুপ করিয়া বসিয়া দেখিতে লাগিলেন। অবশেষে নক্ষত্রায় যখন প্রশান্ত হইলেন, তখন বিশ্বন কহিলেন, “যুবরাজ, আপনার পথ চাহিয়া গোবিন্দমাণিক্য বসিয়া আছেন, আর বিলম্ব করিবেন না।”

নক্ষত্রায় জিজ্ঞাসা করিলেন, “আমাকে কি তিনি মাপ করিবেন?”

বিশ্বন কহিলেন, “তিনি যুবরাজের প্রতি কিছুমাত্র রাগ করেন নাই। অধিক রাত্রি হইলে পথে কষ্ট হইবে। শীঘ্র একটি অশ্ব লউন। পর্বতের নীচে মহারাজের লোক অপেক্ষা করিয়া আছে।”

নক্ষত্রায় কহিলেন, “আমি গোপনে পলায়ন করি, সৈন্যদের কিছু জানাইয়া কাজ নাই। আর

তিলমাত্র বিলম্ব করিয়া কাজ নাই, যত শীঘ্র এখান হইতে বাহির হইয়া পড়া যায় ততই ভালো ।”
বিশ্বন কহিলেন, “ঠিক কথা ।”

তিনমুড়া পাহাড়ে সন্ন্যাসীর সহিত শিবলিঙ্গের পূজা করিতে যাইতেছেন বলিয়া নক্ষত্ররায় বিশ্বনের সহিত অশ্বারোহণে যাত্রা করিলেন । অনুচরণগণ সঙ্গে যাইতে চাহিল, তাহাদিগকে নিরস্ত করিলেন ।

সবে বাহির হইয়াছেন মাত্র, এমন সময়ে অশ্বের ক্ষুরধ্বনি ও সৈন্যদের কোলাহল শুনিতে পাইলেন । নক্ষত্ররায় নিতান্ত সংকুচিত হইয়া গেলেন । দেখিতে দেখিতে রঘুপতি সৈন্য লইয়া ফিরিয়া আসিলেন । আশ্চর্য হইয়া কহিলেন, “মহারাজ, কোথায় যাইতেছেন ?”

নক্ষত্ররায় কিছুই উত্তর দিতে পারিলেন না । নক্ষত্ররায়কে নিরস্তুর দেখিয়া বিশ্বন কহিলেন, “মহারাজ গোবিন্দমাণিক্যের সহিত সাক্ষাৎ করিতে যাইতেছেন ।”

রঘুপতি বিশ্বনের আপাদমস্তক একবার নিরীক্ষণ করিলেন, একবার ভ্রূ কুণ্ঠিত করিলেন, তার পরে আত্মসম্বরণ করিয়া কহিলেন, “আজ এমন অসময়ে আমরা আমাদের মহারাজকে বিদায় দিতে পারি না । ব্যস্ত হইবার তো কোনো কারণ নাই । কাল প্রাতঃকালে যাত্রা করিলেই তো হইবে । কী বলেন মহারাজ ?”

নক্ষত্ররায় মৃদুস্বরে কহিলেন, “কাল সকালেই যাইব, আজ রাত হইয়া গেছে ।”

বিশ্বন নিরাশ হইয়া সে রাত্রি শিবিরেই যাপন করিলেন । পরদিন প্রভাতে নক্ষত্ররায়ের নিকট যাইতে চেষ্টা করিলেন, সৈন্যেরা বাধা দিল । দেখিলেন চতুর্দিকে পাহারা, কোনো দিকে ছিদ্র নাই । অবশেষে রঘুপতির নিকট গিয়া কহিলেন, “যাত্রার সময় হইয়াছে, যুবরাজকে সংবাদ দিন ।”

রঘুপতি কহিলেন, “মহারাজ যাইবেন না স্থির করিয়াছেন ।”

বিশ্বন কহিলেন, “আমি একবার তাহার সহিত সাক্ষাৎ করিতে ইচ্ছা করি ।”

রঘুপতি । সাক্ষাৎ হইবে না তিনি বলিয়া দিয়াছেন ।

বিশ্বন কহিলেন, “মহারাজ গোবিন্দমাণিক্যের পত্রের উত্তর চাই ।”

রঘুপতি । পত্রের উত্তর ইতিপূর্বে আর-একবার দেওয়া হইয়াছে ।

বিশ্বন । আমি তাহার নিজমুখে উত্তর শুনিতে চাই ।

রঘুপতি । তাহার কোনো উপায় নাই ।

বিশ্বন বুঝিলেন বৃথা চেষ্টা ; কেবল সময় ও বাক্য-ব্যয় । যাইবার সময় রঘুপতিকে বলিয়া গেলেন, “ব্রাহ্মণ, এ কী সর্বনাশ-সাধনে তুমি প্রবৃত্ত হইয়াছ ! এ তো ব্রাহ্মণের কাজ নয় ।”

ষট্‌ত্রিংশ পরিচ্ছেদ

বিশ্বন ফিরিয়া গিয়া দেখিলেন, ইতিমধ্যে রাজা কুকিদের বিদায় করিয়া দিয়াছেন । তাহারা রাজ্যমধ্যে উপদ্রব আরম্ভ করিয়া দিয়াছিল । সৈন্যদল প্রায় ভাঙিয়া দিয়াছেন । যুদ্ধের উদ্যোগ বড়ো একটা কিছু নাই । বিশ্বন ফিরিয়া আসিয়া রাজাকে সমস্ত বিবরণ বলিলেন ।

রাজা কহিলেন, “তবে ঠাকুর, আমি বিদায় হই । নক্ষত্রের জন্য রাজ্য ধন রাখিয়া দিয়া চলিলাম ।”

বিশ্বন কহিলেন, “অসহায় প্রজাদিগকে পরহস্তে ফেলিয়া দিয়া তুমি পলায়ন করিবে, ইহা স্মরণ করিয়া আমি কোনোমতেই প্রসন্ন মনে বিদায় দিতে পারি না মহারাজ ! বিমাতার হস্তে পুত্রকে সমর্পণ করিয়া ভারমুক্ত মাতা শান্তিলাভ করিলেন, ইহা কি কল্পনা করা যায় ?”

রাজা কহিলেন, “ঠাকুর, তোমার বাক্য আমার হৃদয়ে বিদ্ধ হইয়া প্রবেশ করে । কিন্তু এবার আমাকে মার্জনা করো, আমাকে আর অধিক কিছু বলিয়ো না । আমাকে বিচলিত করিবার চেষ্টা করিয়ো না । তুমি জান ঠাকুর, আমি মনে মনে প্রতিজ্ঞা করিয়াছিলাম রক্তপাত আর করিব না ; সে প্রতিজ্ঞা আমি ভাঙিতে পারি না ।”

বিশ্বন কহিলেন, “তবে এখন মহারাজ কী করিবেন ?”

রাজা কহিলেন, “তবে তোমাকে সমস্ত বলি । আমি ধ্রুবকে সঙ্গে করিয়া বনে যাইব । ঠাকুর, আমার জীবন অত্যন্ত অসম্পূর্ণ রহিয়া গিয়াছে । যাহা মনে করিয়াছিলাম তাহার কিছুই করিতে পারি নাই— জীবনের যতখানি চলিয়া গেছে তাহা ফিরিয়া পাইয়া আর নূতন করিয়া গড়িতে পারিব না— আমার মনে হইতেছে, ঠাকুর, অদৃষ্ট যেন আমাদিগকে তীরের মতো নিষ্ক্ষেপ করিয়াছে, লক্ষ্য হইতে যদি একবার একটু ঝাঁকিয়া গিয়া থাকি, তবে আর যেন সহস্র চেষ্টায় লক্ষ্যের মুখে ফিরিতে পারি না । জীবনের আরম্ভ-সময়ে আমি সেই যে ঝাঁকিয়া গিয়াছি, জীবনের শেষকালে আমি আর লক্ষ্য খুঁজিয়া পাইতেছি না । যাহা মনে করি তাহা আর হয় না । যে সময়ে জাগিলে আত্মরক্ষা করিতে পারিতাম সে সময়ে জাগি নাই, যে সময়ে ডুবিয়াছি তখন চৈতন্য হইয়াছে । সমুদ্রে পড়িলে লোকে যেভাবে কাষ্ঠখণ্ড অবলম্বন করে আমি বালক ধ্রুবকে সেইভাবে অবলম্বন করিয়াছি । আমি ধ্রুবের মধ্যে আত্মসমাধান করিয়া ধ্রুবের মধ্যে পুনর্জন্ম লাভ করিব । আমি প্রথম হইতে ধ্রুবকে মানুষ করিয়া গড়িয়া তুলিব । ধ্রুবের সহিত তিলে তিলে আমিই বাড়িতে থাকিব । আমার মানবজন্ম সম্পূর্ণ করিব । ঠাকুর, আমি মানুষের মতো নই, আমি রাজা হইয়া কী করিব !”

শেষ কথাটা রাজা অত্যন্ত আবেগের সহিত উচ্চারণ করিলেন— শুনিয়া ধ্রুব রাজার হাঁটুর উপর তাহার মাথা ঘষিয়া ঘষিয়া কহিল, “আমি আজা ।”

বিশ্বন হাসিয়া ধ্রুবকে কোলে তুলিয়া লইলেন । অনেকক্ষণ তাহার মুখের দিকে চাহিয়া অবশেষে রাজাকে কহিলেন, “বনে কি কখনো মানুষ গড়া যায় ? বনে কেবল একটা উদ্ভিদ পালন করিয়া তোলা যাইতে পারে । মানুষ মনুষ্যসমাজেই গঠিত হয় ।”

রাজা কহিলেন, “আমি নিতান্তই বনবাসী হইব না, মনুষ্যসমাজ হইতে কিঞ্চিৎ দূরে থাকিব মাত্র, অথচ সমাজের সহিত সমস্ত যোগ বিচ্ছিন্ন করিব না । এ কেবল দিনকতকের জন্য ।”

এ দিকে নক্ষত্ররায় সৈন্য-সমেত রাজধানীর নিকটবর্তী হইলেন । প্রজাদের ধনধান্য লুণ্ঠিত হইতে লাগিল । প্রজারা কেবল গোবিন্দমাণিক্যকেই অভিশাপ দিতে লাগিল । তাহারা কহিল, “এ সমস্তই কেবল রাজার পাপে ঘটিতেছে ।”

রাজা একবার রঘুপতির সহিত সাক্ষাৎ করিতে চাহিলেন । রঘুপতি উপস্থিত হইলে তাঁহাকে কহিলেন, “আর কেন প্রজাদিগকে কষ্ট দিতেছ ? আমি নক্ষত্ররায়কে রাজ্য ছাড়িয়া দিয়া চলিয়া যাইতেছি । তোমার মোগল-সৈন্যদের বিদায় করিয়া দাও ।”

রঘুপতি কহিলেন, “যে আজ্ঞা, আপনি বিদায় হইলেই আমি মোগল-সৈন্যদের বিদায় করিয়া দিব— ত্রিপুরা লুণ্ঠিত হয় ইহা আমার ইচ্ছা নহে ।”

রাজা সেইদিনই রাজ্য ছাড়িয়া যাত্রার উদ্যোগ করিলেন, তাঁহার রাজবেশ ত্যাগ করিলেন, গেরুয়া বসন পরিলেন । নক্ষত্ররায়কে রাজার সমস্ত কর্তব্য স্মরণ করাইয়া এক দীর্ঘ আশীর্বাদ-পত্র লিখিলেন ।

অবশেষে রাজা ধ্রুবকে কোলে তুলিয়া বলিলেন, “ধ্রুব, আমার সঙ্গে বনে যাবে বাছা ?”

ধ্রুব তৎক্ষণাৎ রাজার গলা জড়াইয়া কহিল, “যাব ।”

এমন সময়ে রাজার সহসা মনে হইল ধ্রুবকে সঙ্গে লইয়া যাইতে হইলে তাহার খুড়া কেদারেশ্বরের সম্মতি আবশ্যিক ; কেদারেশ্বরকে ডাকাইয়া রাজা কহিলেন, “কেদারেশ্বর, তোমার সম্মতি পাইলে আমি ধ্রুবকে আমার সঙ্গে লইয়া যাই ।”

ধ্রুব দিনরাত্রি রাজার কাছেই থাকিত, তাহার খুড়ার সহিত তাহার বড়ো একটা সম্পর্ক ছিল না, এইজন্যই বোধ করি রাজার কখনো মনে হয় নাই যে, ধ্রুবকে সঙ্গে লইয়া গেলে কেদারেশ্বরের কোনো আপত্তি হইতে পারে ।

রাজার কথা শুনিয়া কেদারেশ্বর কহিল, “সে আমি পারিব না মহারাজ ।”

শুনিয়া রাজার চমক ভাঙিয়া গেল । সহসা তাঁহার মাথায় বজ্রাঘাত হইল । কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া কহিলেন, “কেদারেশ্বর, তুমিও আমাদের সঙ্গে চলো ।”

কেদারেশ্বর । না মহারাজ, বনে যাইতে পারিব না ।

রাজা কাতর হইয়া কহিলেন, “আমি বনে যাইব না ; আমি ধনজন লইয়া লোকালয়ে থাকিব ।”

কেদারেশ্বর কহিল, “আমি দেশ ছাড়িয়া যাইতে পারিব না ।”

রাজা কিছু না বলিয়া গভীর দীর্ঘনিশ্বাস ফেলিলেন । তাঁহার সমস্ত আশা শ্রিয়মাণ হইয়া গেল । নিমেষের মধ্যে সমস্ত ধরণীর মুখ যেন পরিবর্তিত হইয়া গেল । ধুব আপন মনে খেলা করিতেছিল— অনেকক্ষণ তাহার দিকে চাহিয়া রহিলেন অথচ তাহাকে যেন চোখে দেখিতে পাইলেন না । ধুব তাঁহার কাপড়ের প্রান্ত ধরিয়া টানিয়া কহিল, “খেলা করো ।”

রাজার সমস্ত হৃদয় গলিয়া অশ্রু হইয়া চোখের কাছে আসিল, অনেক কষ্টে অশ্রুজল দমন করিলেন । মুখ ফিরাইয়া ভগ্নহৃদয়ে কহিলেন, “তবে ধুব রহিল । আমি একাই যাই ।”

অবশিষ্ট জীবনের সুদীর্ঘ মরুময় পথ যেন নিমেষের মধ্যে বিদ্যুদালোকে তাঁহার চক্ষুতারকায় অঙ্কিত হইল ।

কেদারেশ্বর ধুবর খেলা ভাঙিয়া দিয়া তাহাকে বলিল, “আয়, আমার সঙ্গে আয় ।”

বলিয়া তাহার হাত ধরিয়া টানিল । ধুব ক্রন্দনের স্বরে বলিয়া উঠিল, “না ।”

রাজা সচকিত হইয়া ধুবের দিকে ফিরিয়া চাহিলেন । ধুব ছুটিয়া আসিয়া রাজাকে জড়াইয়া ধরিয়া তাড়াতাড়ি তাঁহার দুই হাঁটুর মধ্যে মুখ লুকাইল । রাজা ধুবকে কোলে তুলিয়া লইয়া তাহাকে বুকের মধ্যে চাপিয়া রাখিলেন । বিশাল হৃদয় বিদীর্ণ হইতে চাহিতেছিল, ক্ষুদ্র ধুবকে বুকের কাছে চাপিয়া হৃদয়কে দমন করিলেন । ধুবকে সেই অবস্থায় কোলে রাখিয়া তিনি দীর্ঘ কক্ষ পদচারণ করিতে লাগিলেন । ধুব কাঁধে মাথা রাখিয়া অত্যন্ত স্থির হইয়া পড়িয়া রহিল ।

অবশেষে যাত্রার সময় হইল । ধুব রাজার কোলে ঘুমাইয়া পড়িয়াছে । ঘুমন্ত ধুবকে ধীরে ধীরে কেদারেশ্বরের হস্তে সমর্পণ করিয়া রাজা যাত্রা করিলেন ।

সপ্তত্রিংশ পরিচ্ছেদ

পূর্বদ্বার দিয়া সৈন্যসামন্ত লইয়া নক্ষত্রমাণিক্য রাজধানীতে প্রবেশ করিলেন, কিঞ্চিৎ অর্থ ও গুটিকতক অনুচর লইয়া পশ্চিমদ্বারাভিমুখে গোবিন্দমাণিক্য যাত্রা করিলেন । নগরের লোক বাঁশি বাজাইয়া ঢাকঢোলের শব্দ করিয়া ছলুধ্বনি ও শঙ্খধ্বনির সহিত নক্ষত্ররায়কে আহ্বান করিল । গোবিন্দমাণিক্য যে পথ দিয়া অশ্বারোহণে যাইতেছিলেন সে পথে কেহই তাঁহাকে সমাদর করা আবশ্যিক বিবেচনা করিল না । দুই পার্শ্বের কুটিরবাসিনী রমণীরা তাঁহাকে শুনাইয়া শুনাইয়া গালি দিতে লাগিল, ক্ষুধায় ও ক্ষুধিত সন্তানদের ক্রন্দনে তাহাদের জিহ্বা শাণিত হইয়াছে । পরশ্ব গুরুতর দুর্ভিক্ষের সময় যে বৃদ্ধা রাজদ্বারে গিয়া আহার পাইয়াছিল এবং রাজা স্বয়ং যাহাকে সান্ত্বনা দিয়াছিলেন সে তাহার শীর্ণ হস্ত তুলিয়া রাজাকে অভিশাপ দিতে লাগিল । ছেলেরা জননীর কাছ হইতে শিক্ষা পাইয়া বিদ্রূপ করিয়া চীৎকার করিতে করিতে রাজার পিছন পিছন চলিল ।

দক্ষিণে বামে কোনো দিকে দৃষ্টিপাত না করিয়া সম্মুখে চাহিয়া রাজা ধীরে ধীরে চলিতে লাগিলেন । একজন জুমিয়া ক্ষেত্র হইতে আসিতেছিল, সে রাজাকে দেখিয়া ভক্তিভরে প্রণাম করিল । রাজার হৃদয় আর্দ্র হইয়া গেল । তিনি তাহার নিকটে স্নেহ-আকুল কণ্ঠে বিদায় প্রার্থনা করিলেন । কেবল এই একটি জুমিয়া তাঁহার সমুদয় সন্তান প্রজাদের হইয়া তাঁহার রাজত্বের অবসানে তাঁহাকে ভক্তিভরে স্নানহৃদয়ে বিদায় দিল । রাজার পশ্চাতে ছেলের পাল চীৎকার করিতেছে দেখিয়া সে মহা ক্রুদ্ধ হইয়া তাহাদিগকে তাড়া করিয়া গেল । রাজা তাহাকে নিষেধ করিলেন ।

অবশেষে পথের যে অংশে কেদারেশ্বরের কুটির ছিল, রাজা সেইখানে আসিয়া উপস্থিত হইলেন । তখন একবার দক্ষিণে ফিরিয়া চাহিলেন । এখন শীতের প্রাতঃকাল । কুয়াশা কাটিয়া সূর্যরশ্মি সবে দেখা দিয়াছে । কুটিরের দিকে চাহিয়া রাজার গত বৎসরের আষাঢ় মাসের এক প্রাতঃকাল মনে পড়িল । তখন ঘনমেঘ, ঘনবর্ষা । দ্বিতীয়ার ক্ষীণ চন্দ্রের ন্যায় বালিকা হাসি অচেতনে শয্যার প্রান্তে

মিলাইয়া শুইয়া আছে। ক্ষুদ্র তাতা কিছুই না বুঝিতে পারিয়া কখনো বা দিদির অঞ্চলের প্রান্ত মুখে পুরিয়া দিদির মুখের দিকে চাহিয়া আছে, কখনো বা তাহার গোল গোল ছোটো ছোটো মোটা মোটা হাত দিয়া আস্তে আস্তে দিদির মুখ চাপড়াইতেছে। আজিকার এই অগ্রহায়ণ মাসের শিশিরসিক্ত শুভ্র প্রাতঃকাল সেই আষাঢ়ের মেঘাচ্ছন্ন প্রভাতের মধ্যে প্রচ্ছন্ন ছিল। রাজার কি মনে পড়িল যে, যে অদৃষ্ট আজ তাঁহাকে রাজ্যত্যাগী ও অপমানিত করিয়া গৃহ হইতে বিদায় করিয়া দিতেছে, সেই অদৃষ্ট এই ক্ষুদ্র কুটিরদ্বারে সেই আষাঢ়ের অন্ধকার প্রাতঃকালে তাঁহার জন্য অপেক্ষা করিয়া বসিয়া ছিল? এইখানেই তাহার সহিত সেই প্রথম সাক্ষাৎ। রাজা অন্যমনস্ক হইয়া এই কুটিরের সম্মুখে কিছুক্ষণ স্থির হইয়া রহিলেন। তাঁহার অনুচরগণ ছাড়া তখন পথে আর কেহ লোক ছিল না। জুমিয়ার নিকট তাড়া খাইয়া ছেলেগুলো পালাইয়াছে, কিন্তু জুমিয়া দূরবর্তী হইতেই আবার তাহারা আসিয়া উপস্থিত হইল, তাহাদের চীৎকারে চেতনালাভ করিয়া নিশ্বাস ফেলিয়া রাজা আবার ধীরে ধীরে চলিতে লাগিলেন।

সহসা বালকদিগের চীৎকারের মধ্যে একটি সুমিষ্ট পরিচিত কণ্ঠ তাঁহার কানে আসিয়া প্রবেশ করিল। দেখিলেন, ছোটো ধুব তাহার ছোটো ছোটো পা ফেলিয়া দুই হাত তুলিয়া হাসিতে হাসিতে তাঁহার কাছে ছুটিয়া আসিতেছে। কেদারেশ্বর নূতন রাজাকে আগেভাগে সম্মান প্রদর্শন করিতে গিয়াছে, কুটিরে কেবল ধুব এবং এক বৃদ্ধা পরিচারিকা ছিল। গোবিন্দমাণিকা ঘোড়া থামাইয়া ঘোড়া হইতে নামিয়া পড়িলেন। ধুব ছুটিয়া খিলখিল করিয়া হাসিয়া একেবারে তাঁহার উপরে ঝাপাইয়া পড়িল; ধুব তাঁহার কাপড় ধরিয়া টানিয়া, তাঁহার হাঁটুর মধ্যে মুখ গুঁজিয়া, তাহার প্রথম আনন্দের উচ্ছ্বাস অবসান হইলে পর, গভীর হইয়া রাজাকে বলিল, “আমি টকটক চ’ব।”

রাজা তাহাকে ঘোড়ায় চড়াইয়া দিলেন। ঘোড়ার উপর চড়িয়া সে রাজার গলা জড়াইয়া ধরিল, এবং তাহার কোমল কপোলখানি রাজার কপোলের উপরে নিবিষ্ট করিয়া রহিল। ধুব তাহার ক্ষুদ্র বুদ্ধিতে রাজার মধ্যে কী একটা পরিবর্তন অনুভব করিতে লাগিল। গভীর ঘুম ভাঙাইবার জন্য লোকে যেমন নানারূপ চেষ্টা করে, ধুব তেমনি তাঁহাকে টানিয়া তাঁহাকে জড়াইয়া তাঁহাকে চুমো খাইয়া কোনোক্রমে তাঁহার পূর্বভাব ফিরাইয়া আনিবার অনেক চেষ্টা করিল। অবশেষে অকৃতকার্য হইয়া মুখের মধ্যে গোটা দুয়েক আঙুল পুরিয়া দিয়া বসিয়া রহিল। রাজা ধুবের মনের ভাব বুঝিতে পারিয়া তাহাকে বারবার চুম্বন করিলেন।

অবশেষে কহিলেন, “ধুব, আমি তবে যাই।”

ধুব রাজার মুখের দিকে চাহিয়া কহিল, “আমি যাব।”

রাজা কহিলেন, “তুমি কোথায় যাবে, তুমি তোমার কাকার কাছে থাকো।”

ধুব কহিল, “না, আমি যাব।”

এমন সময় কুটির হইতে বৃদ্ধা পরিচারিকা বিড়বিড় করিয়া বকিতে বকিতে উপস্থিত হইল; সবেগে ধুবের হাত ধরিয়া টানিয়া কহিল, “চল।”

ধুব অমনি সভয়ে সবলে দুই হাতে রাজাকে জড়াইয়া রাজার বকের মধ্যে মুখ লুকাইয়া রহিল। রাজা কাতর হইয়া ভাবিলেন, বক্ষের শিরা টানিয়া ছিড়িয়া ফেলা যায় তবু এ দুটি হাতের বন্ধন কি ছেঁড়া যায়! কিন্তু তাও ছিড়িতে হইল। আস্তে আস্তে ধুবের দুই হাত খুলিয়া বলপূর্বক ধুবকে পরিচারিকার হাতে দিলেন। ধুব প্রাণপণে কাঁদিয়া উঠিল; হাত তুলিয়া কহিল, “বাবা, আমি যাব।” রাজা আর পিছনে না চাহিয়া দ্রুত ঘোড়ায় চড়িয়া ঘোড়া ছুটাইয়া দিলেন। যতদূর যান ধুবের আকুল ক্রন্দন শুনিতে পাইলেন, ধুব কেবল তাহার দুই হাত তুলিয়া বলিতে লাগিল, “বাবা, আমি যাব।” অবশেষে রাজার প্রশান্ত চক্ষু দিয়া জল পড়িতে লাগিল। তিনি আর পথঘাট কিছুই দেখিতে পাইলেন না। বাষ্পজালে সূর্যালোক এবং সমস্ত জগৎ যেন আচ্ছন্ন হইয়া গেল। ঘোড়া যে দিকে ইচ্ছা ছুটিতে লাগিল।

পথের মধ্যে এক জায়গায় একদল মোগল-সৈন্য আসিয়া রাজাকে লক্ষ্য করিয়া হাসিতে লাগিল, এমন-কি তাঁহার অনুচরদের সহিত কিঞ্চিৎ কঠোর বিদ্রূপ আরম্ভ করিল। রাজার একজন সভাসদ

অশ্বারোহণে যাইতেছিলেন, তিনি এই দৃশ্য দেখিয়া রাজার নিকটে ছুটিয়া আসিলেন। কহিলেন, “মহারাজ, এ অপমান তো আর সহ্য হয় না। মহারাজের এই দীন বেশ দেখিয়া ইহারা একরূপ সাহসী হইয়াছে। এই লউন তরবারি, এই লউন উষ্ণীষ। মহারাজ কিঞ্চিৎ অপেক্ষা করুন, আমি আমার লোক লইয়া আসিয়া এই বর্বরদিগকে একবার শিক্ষা দিই।”

রাজা কহিলেন, “না নয়নরায়, আমার তরবারি-উষ্ণীষে প্রয়োজন নাই। ইহারা আমার কী করিবে? আমি এখন ইহা অপেক্ষা অনেক গুরুতর অপমান সহ্য করিতে পারি। মুক্ত তরবারি তুলিয়া আমি এ পৃথিবীতে লোকের নিকট হইতে আর সম্মান আদায় করিতে চাহি না। পৃথিবীর সর্বসাধারণে যেক্রূপ সুসময়ে দুঃসময়ে মান-অপমান সুখ-দুঃখ সহ্য করিয়া থাকে, আমিও জগদীশ্বরের মুখ চাহিয়া সেইরূপ সহ্য করিব। বন্ধুরা বিপক্ষ হইতেছে, আশ্রিতেরা কৃতঘ্ন হইতেছে, প্রণতেরা দুর্বিনীত হইয়া উঠিতেছে, এককালে হয়তো ইহা আমার অসহ্য হইত, কিন্তু এখন ইহা সহ্য করিয়াই আমি হৃদয়ের মধ্যে আনন্দ লাভ করিতেছি। যিনি আমার বন্ধু তাঁহাকে আমি জানিয়াছি। যাও নয়নরায়, তুমি ফিরিয়া যাও, নক্ষত্রকে সমাদরপূর্বক আহ্বান করিয়া আনো, আমাকে যেমন সম্মান করিতে নক্ষত্রকেও তেমনি সম্মান করিয়ো। তোমরা সকলে মিলিয়া সর্বদা নক্ষত্রকে সুপথে এবং প্রজার কল্যাণে রক্ষা করো, তোমাদের কাছে আমার বিদায়কালের এই প্রার্থনা। দেখিয়ো, ভ্রমেও কখনো যেন আমার কথার উল্লেখ করিয়া বা আমার সহিত তুলনা করিয়া তাহার তিলমাত্র নিন্দা করিয়ো না। তবে আমি বিদায় হই।”

বলিয়া রাজা তাঁহার সভাসদের সহিত কোলাকুলি করিয়া অগ্রসর হইলেন, সভাসদ তাঁহাকে প্রণাম করিয়া অশ্রুজল মুছিয়া চলিয়া গেলেন।

যখন গোমতীতীরের উচ্চ পাড়ের কাছে গিয়া পৌঁছিলেন তখন বিশ্বন ঠাকুর অরণ্য হইতে বাহির হইয়া তাঁহার সম্মুখে আসিয়া অঞ্জলি তুলিয়া কহিলেন, “জয় হউক।”

রাজা অশ্ব হইতে নামিয়া তাঁহাকে প্রণাম করিলেন।

বিশ্বন কহিলেন, “আমি তোমার কাছে বিদায় লইতে আসিয়াছি।”

রাজা কহিলেন, “ঠাকুর, তুমি নক্ষত্রের কাছে থাকিয়া তাহাকে সৎপরামর্শ দাও। রাজ্যের হিতসাধন করো।”

বিশ্বন কহিলেন, “না। তুমি যেখানে রাজা নও, সেখানে আমি অকর্মণ্য। এখানে থাকিয়া আমি আর কোনো কাজ করিতে পারিব না।”

রাজা কহিলেন, “তবে কোথায় যাইবে ঠাকুর? আমাকে তবে দয়া করো, তোমাকে পাইলে আমি দুর্বল হৃদয়ে বল পাই।”

বিশ্বন কহিলেন, “কোথায় আমার কাজ আছে আমি তাহাই অনুসন্ধান করিতে চলিলাম। আমি কাছে থাকি আর দূরে থাকি তোমার প্রতি আমার প্রেম কখনো বিচ্ছিন্ন হইবে না জানিয়ো। কিন্তু তোমার সহিত বনে গিয়া আমি কী করিব?”

রাজা মৃদুস্বরে কহিলেন, “তবে আমি বিদায় হই।”

বলিয়া দ্বিতীয়বার প্রণাম করিলেন। বিশ্বন এক দিকে চলিয়া গেলেন, রাজা অন্য দিকে চলিয়া গেলেন।

অষ্টত্রিংশ পরিচ্ছেদ

নক্ষত্ররায় ছত্রমাণিক্য নাম ধারণ করিয়া মহাসমারোহে রাজপদ গ্রহণ করিলেন। রাজকোষে অর্থ অধিক ছিল না। প্রজাদের যথাসর্বস্ব হরণ করিয়া প্রতিশ্রুত অর্থ দিয়া মোগল-সৈন্যদের বিদায় করিতে হইল। ঘোরতর দুর্ভিক্ষ ও দারিদ্র্য লইয়া ছত্রমাণিক্য রাজত্ব করিতে লাগিলেন। চতুর্দিক হইতে অভিশাপ ও ক্রন্দন বর্ষিত হইতে লাগিল।

যে আসনে গোবিন্দমাণিক্য বসিতেন, যে শয্যায় গোবিন্দমাণিক্য শয়ন করিতেন, যে-সকল লোক

গোবিন্দমাণিক্যের প্রিয় সহচর ছিল, তাহারা যেন রাত্রিদিন নীরবে ছত্রমাণিক্যকে ভৎসনা করিতে লাগিল। ছত্রমাণিক্যের ক্রমে তাহা অসহ্য বোধ হইতে লাগিল। তিনি চোখের সম্মুখ হইতে গোবিন্দমাণিক্যের সমস্ত চিহ্ন মুছিতে আরম্ভ করিলেন। গোবিন্দমাণিক্যের ব্যবহার্য সামগ্রী নষ্ট করিয়া ফেলিলেন এবং তাঁহার প্রিয় অনুচরদিগকে দূর করিয়া দিলেন। গোবিন্দমাণিক্যের নামগন্ধ তিনি আর সহ্য করিতে পারিতেন না। গোবিন্দমাণিক্যের কোনো উল্লেখ হইলেই তাঁহার মনে হইত সকলে তাঁহাকে লক্ষ্য করিয়াই এই উল্লেখ করিতেছে। সর্বদা মনে হইত সকলে তাঁহাকে রাজা বলিয়া যথেষ্ট সম্মান করিতেছে না; এইজন্য সহসা অকারণে ক্ষাপা হইয়া উঠিতেন, সভাসদদিগকে শশব্যস্ত থাকিতে হইত।

তিনি রাজকার্য কিছুই বুঝিতেন না; কিন্তু কেহ পরামর্শ দিতে আসিলে তিনি চটিয়া উঠিয়া বলিতেন, “আমি আর এইটে বুঝি নে! তুমি কি আমাকে নির্বোধ পাইয়াছ!”

তাঁহার মনে হইত, সকলে তাঁহাকে সিংহাসনে অনধিকারী রাজ্যাপহারক জ্ঞান করিয়া মনে মনে তাচ্ছিল্য করিতেছে। এইজন্য সজোরে অত্যধিক রাজা হইয়া উঠিলেন; যথেষ্টাচরণ করিয়া সর্বত্র তাঁহার একাধিপত্য প্রচার করিতে লাগিলেন। তিনি যে রাখিলে রাখিতে পারেন, মারিলে মারিতে পারেন, ইহা বিশেষরূপে প্রমাণ করিবার জন্য যাহাকে রাখা উচিত নহে তাহাকে রাখিলেন— যাহাকে মারা উচিত নহে তাহাকে মারিলেন। প্রজারা অন্নাভাবে মরিতেছে, কিন্তু তাঁহার দিনরাত্রি সমারোহের শেষ নাই— অহরহ নৃত্য গীত বাদ্য ভোজ। ইতিপূর্বে আর-কোনো রাজা সিংহাসনে চড়িয়া বসিয়া রাজত্বের পঞ্চম সমস্তটা ছড়াইয়া দিয়া এমন অপূর্ব নৃত্য করে নাই।

প্রজারা চারি দিকে অসন্তোষ প্রকাশ করিতে লাগিল— ছত্রমাণিক্য তাহাতে অত্যন্ত জ্বলিয়া উঠিলেন; তিনি মনে করিলেন, এ কেবল রাজার প্রতি অসম্মানপ্রদর্শন। তিনি অসন্তোষের দ্বিগুণ কারণ জন্মাইয়া দিয়া বলপূর্বক পীড়নপূর্বক ভয় দেখাইয়া সকলের মুখ বন্ধ করিয়া দিলেন, সমস্ত রাজ্য নিদ্রিত নিশীথের মতো নীরব হইয়া গেল। সেই শান্ত নক্ষত্ররায় ছত্রমাণিক্য হইয়া যে সহসা একরূপ আচরণ করিবেন, ইহাতে আশ্চর্যের বিষয় কিছুই নাই। অনেক সময়ে দুর্বলহৃদয়েরা প্রভুত্ব পাইলে এইরূপ প্রচণ্ড ও যথেষ্টাচারী হইয়া উঠে।

রঘুপতির কাজ শেষ হইয়া গেল। শেষ পর্যন্তই প্রতিহিংসাপ্রবৃত্তি তাঁহার হৃদয়ে সমান জাগ্রত ছিল তাহা নহে। ক্রমে প্রতিহিংসার ভাব ঘুচিয়া গিয়া যে কাজে হাত দিয়াছেন সেই কাজটা সম্পন্ন করিয়া তোলাই তাঁহার একমাত্র ব্রত হইয়া উঠিয়াছিল। নানা কৌশলে বাধাবিপত্তি সমস্ত অতিক্রম করিয়া দিনরাত্রি একটা উদ্দেশ্যসাধনে নিযুক্ত থাকিয়া তিনি একপ্রকার মাদক সুখ অনুভব করিতেছিলেন। অবশেষে সেই উদ্দেশ্য সিদ্ধ হইয়া গেল। পৃথিবীতে আর কোথাও সুখ নাই।

রঘুপতি তাঁহার মন্দিরে গিয়া দেখিলেন সেখানে জনপ্রাণী নাই। যদিও রঘুপতি বিলক্ষণ জানিতেন যে জয়সিংহ নাই, তথাপি মন্দিরে প্রবেশ করিয়া যেন দ্বিতীয় বার নৃতন করিয়া জানিলেন যে, জয়সিংহ নাই। এক-একবার মনে হইতে লাগিল যেন আছে, তার পরে স্মরণ হইতে লাগিল যে নাই। সহসা বায়ুতে কপাট খুলিয়া গেল, তিনি চমকিয়া ফিরিয়া চাহিয়া দেখিলেন, জয়সিংহ আসিল না। জয়সিংহ যে ঘরে থাকিত মনে হইল সে ঘরে জয়সিংহ থাকিতেও পারে— কিন্তু অনেকক্ষণ সে ঘরে প্রবেশ করিতে পারিলেন না, মনে ভয় হইতে লাগিল পাছে গিয়া দেখেন জয়সিংহ সেখানে নাই।

অবশেষে যখন গোধূলির ঈষৎ অন্ধকারে বনের ছায়া গাঢ়তর ছায়ায় মিলাইয়া গেল তখন রঘুপতি ধীরে ধীরে জয়সিংহের গৃহে প্রবেশ করিলেন— শূন্য বিজন গৃহ সমাধিভবনের মতো নিস্তব্ধ। ঘরের মধ্যে এক পাশে একটি কাঠের সিন্দুক এবং সিন্দুকের পার্শ্বে জয়সিংহের একজোড়া খড়ম ধূলিমলিন হইয়া পড়িয়া আছে। ভিত্তিতে জয়সিংহের স্বহস্তে ঝাঁকা কালীমূর্তি। ঘরের পূর্বকোণে একটি ধাতুপ্রদীপ ধাতু-আধারের উপর দাঁড়াইয়া আছে, গত বৎসর হইতে সে প্রদীপ কেহ জ্বালায় নাই— মাকড়সার জালে সে আচ্ছন্ন হইয়া গিয়াছে। নিকটবর্তী দেয়ালে প্রদীপশিখার কালো দাগ পড়িয়া আছে। গৃহে পূর্বোক্ত কয়েকটি দ্রব্য ছাড়া আর কিছুই নাই। রঘুপতি গভীর দীর্ঘনিশ্বাস ফেলিলেন। সে

নিশ্বাস শূন্য গৃহে ধ্বনিত হইয়া উঠিল। ক্রমে অন্ধকারে আর কিছুই দেখা যায় না। একটা টিকটিকি মাঝে মাঝে কেবল টিকটিক শব্দ করিতে লাগিল। মুক্ত দ্বার দিয়া ঘরের মধ্যে শীতের বায়ু প্রবেশ করিতে লাগিল। রঘুপতি সিন্ধুকের উপরে বসিয়া কাঁপিতে লাগিলেন।

এইরূপে এক মাস এই বিজন মন্দিরে কাটাইলেন, কিন্তু এমন করিয়া আর দিন কাটে না। পৌরোহিত্য ছাড়িতে হইল। রাজসভায় গেলেন। রাজ্যশাসনকার্যে হস্তক্ষেপ করিলেন। দেখিলেন, অবিচার উৎপীড়ন ও বিশৃঙ্খলা ছত্রমাণিক্য নাম ধরিয়া রাজত্ব করিতেছে। তিনি রাজ্যে শৃঙ্খলাস্থাপনের চেষ্টা করিলেন। ছত্রমাণিক্যকে পরামর্শ দিতে গেলেন।

ছত্রমাণিক্য চটিয়া উঠিয়া বলিলেন, “ঠাকুর, রাজ্যশাসনকার্যের তুমি কী জানো? এ-সব বিষয় তুমি কিছু বোঝ না।”

রঘুপতি রাজার প্রতাপ দেখিয়া অবাক হইয়া গেলেন। দেখিলেন, সে নক্ষত্রায় আর নাই। রঘুপতির সহিত রাজার ক্রমাগত খিটিমিটি বাধিতে লাগিল। ছত্রমাণিক্য মনে করিলেন যে, রঘুপতি কেবলই ভাবিতেছে যে রঘুপতিই তাঁহাকে রাজা করিয়া দিয়াছে। এইজন্য রঘুপতিকে দেখিলে তাঁহার অসহ্য বোধ হইত।

অবশেষে একদিন স্পষ্ট বলিলেন, “ঠাকুর, তুমি তোমার মন্দিরের কাজ করোগে। রাজসভায় তোমার কোনো প্রয়োজন নাই।”

রঘুপতি ছত্রমাণিক্যের প্রতি জ্বলন্ত তীব্র দৃষ্টি নিক্ষেপ করিলেন। ছত্রমাণিক্য ঈষৎ অপ্রতিভ হইয়া মুখ ফিরাইয়া চলিয়া গেলেন।

উনচত্বারিংশ পরিচ্ছেদ

নক্ষত্রায় যেদিন নগরপ্রবেশ করেন কেদারেশ্বর সেইদিনই তাঁহার সহিত সাক্ষাৎ করিতে যায়, কিন্তু বহু চেষ্টাতেও সে তাঁহার নজরে পড়িল না। সৈন্যেরা ও প্রহরীরা তাহাকে ঠেলিয়াঠুলিয়া, তাড়া দিয়া, নাড়া দিয়া, বিব্রত করিয়া তুলিল। অবশেষে সে প্রাণ লইয়া পলাইয়া যায়। গোবিন্দমাণিক্যের আমলে সে রাজভোগে পরম পরিতৃপ্ত হইয়া প্রাসাদে বাস করিত, যুবরাজ নক্ষত্রায়ের সহিত তাহার বিশেষ প্রণয়ও ছিল। কিছুকাল প্রাসাদচ্যুত হইয়া তাহার জীবনধারণ করা দায় হইয়া উঠিয়াছে; যখন সে রাজার ছায়ায় ছিল তখন সকলে তাহাকে সভয়ে সম্মান করিত, কিন্তু এখন তাহাকে কেহই আর গ্রাহ্য করে না। পূর্বে রাজসভায় কাহারও কিছু প্রয়োজন হইলে তাহাকে হাতে-পায়ে আসিয়া ধরিত, এখন পথ দিয়া চলিবার সময় কেহ তাহার সঙ্গে দুটো কথা কহিবার অবসর পায় না। ইহার উপরে আবার অন্নকষ্টও হইয়াছে। এমন অবস্থায় প্রাসাদে পুনর্বার প্রবেশ করিতে পারিলে তাঁহার বিশেষ সুবিধা হয়। সে একদিন অবসরমত কিছু ভেট সংগ্রহ করিয়া প্রকাশ্য রাজদরবারে ছত্রমাণিক্যের সহিত দেখা করিতে গেল। পরম পরিতোষ প্রকাশপূর্বক অত্যন্ত পোষ-মানা বিনীত হাস্য হাসিতে হাসিতে রাজার সম্মুখে আসিয়া দাঁড়াইল।

রাজা তাহাকে দেখিয়াই জ্বলিয়া উঠিলেন। বলিলেন, “হাসি কিসের জন্য! তুমি কি আমার সঙ্গে ঠাট্টা পাইয়াছ! তুমি একি রহস্য করিতে আসিয়াছ!”

অমনি চোপদার জমাদার বরকন্দাজ মন্ত্রী অমাত্য সকলেই হাঁকার দিয়া উঠিল। তৎক্ষণাৎ কেদারেশ্বরের বিকশিত দস্তপঞ্জির উপর যবনিকাপতন হইল।

ছত্রমাণিক্য কহিলেন, “তোমার কী বলিবার আছে শীঘ্র বলিয়া চলিয়া যাও।”

কেদারেশ্বরের কী বলিবার ছিল মনে পড়িল না। অনেক কষ্টে সে মনে মনে যে বক্তৃতাটুকু গড়িয়া তুলিয়াছিল তাহা পেটের মধ্যেই চুরমার হইয়া গেল।

অবশেষে রাজা যখন বলিলেন, “তোমার যদি কিছু বলিবার না থাকে তো চলিয়া যাও”, তখন কেদারেশ্বরের চটপট একটা যা-হয়-কিছু বলা আবশ্যিক বিবেচনা করিল। চোখে মুখে কণ্ঠস্বরে সহসা

প্রচুর পরিমাণে করুণ রস সঞ্চারণ করিয়া বলিল, “মহারাজ, ধুবকে কি ভুলিয়া গিয়াছেন?”

ছত্রমাণিক্য অত্যন্ত আগুন হইয়া উঠিলেন। মূর্থ কেদারেশ্বর কিছুই বুঝিতে না পারিয়া কহিল, “সে যে মহারাজের জন্য কাকা কাকা করিয়া কাঁদিয়া সারা হইতেছে।”

ছত্রমাণিক্য কহিলেন, “তোমার আস্পর্শা তো কম নয় দেখিতেছি। তোমার ভ্রাতৃপুত্র আমাকে কাকা বলে? তুমি তাহাকে এই শিক্ষা দিয়াছ!”

কেদারেশ্বর অত্যন্ত কাতর ভাবে জোড়হস্তে কহিল, “মহারাজ—”

ছত্রমাণিক্য কহিলেন, “কে আছ হে— ইহাকে আর সেই ছেলেটাকে রাজ্য হইতে দূর করিয়া দাও তো।”

সহসা স্কন্ধের উপর এতগুলো প্রহরীর হাত আসিয়া পড়িল যে, কেদারেশ্বর তীরের মতো একেবারে বাহিরে ছিটকাইয়া পড়িল। হাত হইতে তাহার ডালি কাড়িয়া লইয়া প্রহরীরা তাহা ভাগ করিয়া লইল। ধুবকে লইয়া কেদারেশ্বর ত্রিপুরা পরিত্যাগ করিল।

চত্বারিংশ পরিচ্ছেদ

রঘুপতি আবার মন্দিরে ফিরিয়া গেলেন। গিয়া দেখিলেন, কোনো প্রেমপূর্ণ হৃদয় বস্ত্রাদি লইয়া তাহার জন্য অপেক্ষা করিয়া নাই। পাষণমন্দির দাঁড়াইয়া আছে, তাহার মধ্যে কোথাও হৃদয়ের লেশমাত্র নাই। তিনি গিয়া গোমতীতীরের শ্বেত সোপানের উপর বসিলেন। সোপানের বাম পার্শ্বে জয়সিংহের স্বহস্তে রোপিত শেফালিকা গাছে অসংখ্য ফুল ফুটিয়াছে। এই ফুলগুলি দেখিয়া জয়সিংহের সুন্দর মুখ, সরল হৃদয়, সরল জীবন এবং অত্যন্ত সহজ বিশুদ্ধ উন্নত ভাব তাহার স্পষ্ট মনে পড়িতে লাগিল। সিংহের ন্যায় সবল তেজস্বী এবং হরিণশিশুর মতো সুকুমার জয়সিংহ রঘুপতির হৃদয়ে সম্পূর্ণ আবির্ভূত হইল, তাহার সমস্ত হৃদয় অধিকার করিয়া লইল। ইতিপূর্বে তিনি আপনাকে জয়সিংহের চেয়ে অনেক বড়ো জ্ঞান করিতেন, এখন জয়সিংহকে তাহার নিজের চেয়ে অনেক বড়ো মনে হইতে লাগিল। তাহার প্রতি জয়সিংহের সেই সরল ভক্তি স্মরণ করিয়া জয়সিংহের প্রতি তাহার অত্যন্ত ভক্তির উদয় হইল, এবং নিজের প্রতি তাহার অভক্তি জন্মিল। জয়সিংহকে যে-সকল অন্যায় তিরস্কার করিয়াছেন তাহা স্মরণ করিয়া তাহার হৃদয় বিদীর্ণ হইল। তিনি মনে মনে কহিলেন, ‘জয়সিংহের প্রতি ভৎসনার আমি অধিকারী নই। জয়সিংহের সহিত যদি এক মুহূর্তের জন্য একটিবার দেখা হয়, তবে আমি আমার হীনত্ব স্বীকার করিয়া তাহার নিকট একবার মার্জনা প্রার্থনা করিয়া লই।’ জয়সিংহ যখন যাহা যাহা বলিয়াছে করিয়াছে সমস্ত তাহার মনে পড়িতে লাগিল। জয়সিংহের সমস্ত-জীবন সংহত ভাবে তাহার মধ্যে বিরাজ করিতে লাগিল। তিনি এইরূপ একটি মহৎ চরিত্রের মধ্যে আত্মবিস্মৃত হইয়া সমস্ত বিবাদ বিদ্বেষ ভুলিয়া গেলেন। চারি দিকে গুরুভার সংসার লঘু হইয়া গিয়া তাহাকে পীড়ন করিতে বিরত হইল। যে নক্ষত্রমাণিক্যকে তিনিই রাজা করিয়া দিয়াছেন সে যে রাজা হইয়া আজ তাহাকেই অপমান করিয়াছে ইহা স্মরণ করিয়া তাহার কিছুমাত্র রোষ জন্মিল না। এই মান-অপমান সমস্তই সামান্য মনে করিয়া তাহার ঈষৎ হাসি আসিল। কেবল তাহার ইচ্ছা করিতে লাগিল জয়সিংহ যাহাতে যথার্থ সন্তুষ্ট হয় এমন একটা-কিছু কাজ করেন। অথচ চতুর্দিকে কাজ কিছুই দেখিতে পাইলেন না— চতুর্দিকে শূন্য হাহাকার করিতেছে। এই বিজন মন্দির তাহাকে যেন চাপিয়া ধরিল, তাহার যেন নিশ্বাস রোধ করিল। একটা-কিছু বৃহৎ কাজ করিয়া তিনি হৃদয়বেদনা শান্ত করিয়া রাখিবেন, কিন্তু এই-সকল নিস্তন্ধ নিরুদ্যম নিরালয় মন্দিরের দিকে চাহিয়া পিঞ্জরবন্ধ পাখির মতো তাহার হৃদয় অধীর হইয়া উঠিল। তিনি উঠিয়া বনের মধ্যে অধীরভাবে পদচারণ করিতে লাগিলেন। মন্দিরের ভিতরকার অলস অচেতন অকর্মণ্য জড়প্রতিমাগুলির প্রতি তাহার অতিশয় ঘৃণার উদয় হইল। হৃদয় যখন বেগে উদ্বেল হইয়া উঠিয়াছে তখন কতকগুলি নিরুদ্যম স্থূল পাষণমূর্তির নিরুদ্যম সহচর হইয়া চিরদিন অতিবাহিত করা তাহার নিকটে অত্যন্ত হেয় বলিয়া বোধ হইল। যখন রাত্রি দ্বিতীয় প্রহর হইল, রঘুপতি চক্ৰমকি ঠুকিয়া একটি প্রদীপ জ্বলাইলেন। দীপহস্তে চতুর্দশ দেবতার

মন্দিরের মধ্যে প্রবেশ করিলেন। গিয়া দেখিলেন, চতুর্দশ দেবতা সমান ভাবেই দাঁড়াইয়া আছে : গত বৎসর আষাঢ়ের কালরাতে ক্ষীণ দীপালোকে ভক্তের মৃতদেহের সম্মুখে রক্তপ্রবাহের মধ্যে যেমন বুদ্ধিহীন হৃদয়হীনের মতো দাঁড়াইয়া ছিল, আজও তেমনি দাঁড়াইয়া আছে।

রঘুপতি চীৎকার করিয়া বলিয়া উঠিলেন, “মিথ্যা কথা ! সমস্ত মিথ্যা ! হা বৎস জয়সিংহ, তোমার অমূল্য হৃদয়ের রক্ত কাহাকে দিলে ! এখানে কোনো দেবতা নাই, কোনো দেবতা নাই। পিশাচ রঘুপতি সে রক্ত পান করিয়াছে।”

বলিয়া কালীর প্রতিমা রঘুপতি আসন হইতে টানিয়া তুলিয়া লইলেন। মন্দিরের দ্বারে দাঁড়াইয়া সবলে দূরে নিক্ষেপ করিলেন। অন্ধকারে পাষণসোপানের উপর দিয়া পাষণপ্রতিমা শব্দ করিয়া গড়াইতে গড়াইতে গোমতীর জলের মধ্যে পড়িয়া গেল। অজ্ঞানরাক্ষসী পাষণ-আকৃতি ধারণ করিয়া এতদিন রক্তপান করিতেছিল, সে আজ গোমতীগর্ভের সহস্র পাষণের মধ্যে অদৃশ্য হইল, কিন্তু মানবের কঠিন হৃদয়াসন কিছুতেই পরিত্যাগ করিল না। রঘুপতি দীপ নিবাইয়া দিয়া পথে বাহির হইয়া পড়িলেন, সেই রাত্রেই রাজধানী ছাড়িয়া চলিয়া গেলেন।

একচত্বারিংশ পরিচ্ছেদ

নোয়াখালির নিজামতপুরে বিদ্বান ঠাকুর কিছুদিন হইতে বাস করিতেছেন। সেখানে ভয়ংকর মড়কের প্রাদুর্ভাব হইয়াছে।

ফাল্গুন মাসের শেষাংশে একদিন সমস্ত দিন মেঘ করিয়া থাকে, মাঝে মাঝে অল্প অল্প বৃষ্টিও হয় : অবশেষে সন্ধ্যার সময় রীতিমত ঝড় আরম্ভ হয়। প্রথমে পূর্বদিক হইতে প্রবল বায়ু বহিতে থাকে : রাত্রি দ্বিতীয় প্রহরের সময় উত্তর ও উত্তর-পূর্ব হইতে প্রবল বেগে ঝড় বহিতে লাগিল। অবশেষে মুঘলধারে বৃষ্টি আরম্ভ হইয়া ঝড়ের বেগ কমিয়া গেল। এমন সময়ে রব উঠিল— বন্যা আসিতেছে। কেহ ঘরের চালে উঠিল, কেহ পুষ্করিণীর পাড়ের উপর গিয়া দাঁড়াইল, কেহ বৃক্ষশাখায়, কেহ মন্দিরের চূড়ায় আশ্রয় লইল। অন্ধকার রাত্রি, অবিশ্রাম বৃষ্টি— বন্যার গর্জন ক্রমে নিকটবর্তী হইল, আতঙ্কে গ্রামের লোকেরা দিশাহারা হইয়া গেল। এমন সময়ে বন্যা আসিয়া উপস্থিত হইল। উপরি-উপরি দুই বার তরঙ্গ আসিল, দ্বিতীয় বারের পরে গ্রামে প্রায় আট হাত জল দাঁড়াইল। পরদিন যখন সূর্য উঠিল এবং জল নামিয়া গেল, তখন দেখা গেল— গ্রামে গৃহ অল্পই অবশিষ্ট আছে, এবং লোক নাই— অন্য গ্রাম হইতে মানুষ-গোরু, মহিষ-ছাগল এবং শৃগাল-কুকুরের মৃতদেহ ভাসিয়া আসিয়াছে। সুপারির গাছগুলো ভাঙিয়া ভাসিয়া গেছে, গুঁড়ির কিয়দংশ মাত্র অবশিষ্ট আছে। বড়ো বড়ো আম-কাঁঠালের গাছ সমূলে উৎপাটিত হইয়া কাত হইয়া পড়িয়া আছে। অন্য গ্রামের গৃহের চাল ভাসিয়া আসিয়া ভিত্তির শোকে ইতস্তত উপুড় হইয়া পড়িয়া আছে। অনেকগুলো হাঁড়ি-কলসী বিক্ষিপ্ত হইয়া আছে। অধিকাংশ কুটিরই বাঁশঝাড় আম কাঁঠাল মাদার প্রভৃতি বড়ো বড়ো গাছের দ্বারা আবৃত ছিল, এইজন্য অনেকগুলি মানুষ একেবারে ভাসিয়া না গিয়া গাছে আটকাইয়া গিয়াছিল। কেহ বা সমস্ত রাত্রি বন্যাবেগে দোদুল্যমান বাঁশঝাড়ে দুলিয়াছে, কেহ বা মাদারের কণ্টকে ক্ষতবিক্ষত, কেহ বা উৎপাটিত বৃক্ষ-সমেত ভাসিয়া গেছে। জল সরিয়া গেলে জীবিত ব্যক্তির নামিয়া আসিয়া মৃতের মধ্যে বিচরণ করিয়া আত্মীয়দিগকে অন্বেষণ করিতে লাগিল। অধিকাংশ মৃতদেহই অপরিচিত এবং ভিন্ন গ্রাম হইতে আগত। কেহই তাহাদিগকে সৎকার করিল না। পালে পালে শকুনি আসিয়া মৃতদেহ ভক্ষণ করিতে লাগিল। শৃগাল-কুকুরের সহিত তাহাদের কোনো বিবাদ নাই, কারণ শৃগাল-কুকুরও সমস্ত মরিয়া গিয়াছে। বারো ঘর পাঠান গ্রামে বাস করিত ; তাহারা অনেক উচ্চ জমিতে বাস করিত বলিয়া তাহাদের প্রায় কাহারও কোনো ক্ষতি হয় নাই। অবশিষ্ট জীবিত ব্যক্তিদের মধ্যে যাহারা গৃহ পাইল, তাহারা গৃহে আশ্রয় লইল— যাহারা পাইল না, তাহারা আশ্রয়-অন্বেষণে অন্যত্র গেল। যাহারা বিদেশে ছিল তাহারা দেশে ফিরিয়া আসিয়া নূতন গৃহ নির্মাণ করিল। ক্রমে অল্পে অল্পে পুনশ্চ লোকের বসতি

আরম্ভ হইল । এই সময়ে মৃতদেহে পুষ্করিণীর জল দূষিত হইয়া এবং অন্যান্য নানা কারণে গ্রামে মড়ক আরম্ভ হইল । পাঠানদের পাড়ায় মড়কের প্রথম আরম্ভ হইল । মৃতদেহের গোর দিবার বা পরস্পরকে সেবা করিবার অবসর কাহারও রহিল না । হিন্দুরা কহিল, মুসলমানেরা গোহত্যা-পাপের ফল ভোগ করিতেছে । জাতি-বৈরিতায় এবং জাতিচ্যুতিভয়ে কোনো হিন্দু তাহাদিগকে জল দিল না বা কোনো প্রকার সাহায্য করিল না । বিশ্বন সন্ন্যাসী যখন গ্রামে আসিলেন তখন গ্রামের এইরূপ অবস্থা । বিশ্বনের কতকগুলি চেলা জুটিয়াছিল, মড়কের ভয়ে তাহারা পালাইবার চেষ্টা করিল । বিশ্বন ভয় দেখাইয়া তাহাদিগকে বিরত করিলেন । তিনি পীড়িত পাঠানদিগকে সেবা করিতে লাগিলেন— তাহাদিগকে পথা পানীয় ঔষধ এবং তাহাদের মৃতদেহ গোর দিতে লাগিলেন । হিন্দুরা হিন্দু সন্ন্যাসীর অনাচার দেখিয়া আশ্চর্য হইয়া গেল । বিশ্বন কহিতেন, 'আমি সন্ন্যাসী, আমার কোনো জাত নাই । আমার জাত মানুষ । মানুষ যখন মরিতেছে তখন কিসের জাত ! ভগবানের সৃষ্ট মানুষ যখন মানুষের প্রেম চাহিতেছে তখনই বা কিসের জাত !' হিন্দুরা বিশ্বনের অনাসক্ত পরহিতেষণা দেখিয়া তাঁহাকে ঘৃণা বা নিন্দা করিতে যেন সাহস করিল না । বিশ্বনের কাজ ভালো কি মন্দ তাহারা স্থির করিতে পারিল না । তাহাদের অসম্পূর্ণ শাস্ত্রজ্ঞান সন্দিক্তভাবে বলিল 'ভালো নহে', কিন্তু তাহাদের হৃদয়ের ভিতরে যে মনুষ্য বাস করিতেছে সে বলিল 'ভালো' ! যাহা হউক, বিশ্বন অন্য লোকের 'ভালোমন্দে'র দিকে না তাকাইয়া কাজ করিতে লাগিলেন । মুমূর্ষু পাঠানেরা তাঁহাকে দেবতা জ্ঞান করিতে লাগিল । পাঠানের ছোটো ছোটো ছেলেদের তিনি মড়ক হইতে দূরে রাখিবার জন্য হিন্দুদের কাছে লইয়া গেলেন । হিন্দুরা বিষম শশব্যস্ত হইয়া উঠিল, কেহ তাহাদিগকে আশ্রয় দিল না । তখন বিশ্বন একটা বড়ো পরিত্যক্ত ভাঙা মন্দিরে আশ্রয় গ্রহণ করিলেন । তাঁহার ছেলের পাল সেইখানে রাখিলেন । প্রাতে উঠিয়া বিশ্বন তাঁহার ছেলেদের জন্য ভিক্ষা করিতে বাহির হইতেন । কিন্তু ভিক্ষা কে দিবে ? দেশে শস্য কোথায় ? অনাহারে কত লোক মরিবার উপক্রম করিতেছে । গ্রামের মুসলমান জমিদার অনেক দূরে বাস করিতেন । বিশ্বন তাঁহার নিকটে উপস্থিত হইলেন । বহু কষ্টে তাঁহাকে রাজী করিয়া তিনি ঢাকা হইতে চাউল আমদানি করিতে লাগিলেন । তিনি পীড়িতদের সেবা করিতেন এবং তাঁহার চেলারা চাউল বিতরণ করিত । মাঝে মাঝে বিশ্বন ছেলেদের সঙ্গে গিয়া খেলা করিতেন । তাহারা তাঁহাকে দেখিলে তুমুল কোলাহল উত্থাপন করিত— সন্ধ্যার সময় মন্দিরের পাশ দিয়া গেলে মনে হইত যেন মন্দিরে সহস্র টিয়াপাখি বাসা করিয়াছে । বিশ্বনের এসরাজের আকারের একপ্রকার যন্ত্র ছিল, যখন অত্যন্ত শ্রান্ত হইতেন তখন তাহাই বাজাইয়া গান করিতেন । ছেলেগুলো তাঁহাকে ঘিরিয়া কেহ বা গান শুনিত, কেহ বা যন্ত্রের তার টানিত, কেহ বা তাঁহার অনুকরণে গান করিবার চেষ্টা করিয়া বিষম চীৎকার করিত ।

অবশেষে মড়ক মুসলমানপাড়া হইতে হিন্দুপাড়ায় আসিল । গ্রামে একপ্রকার অরাজকতা উপস্থিত হইল— চুরি-ডাকাতির শেষ নাই, যে যাহা পায় লুণ্ঠ করিয়া লয় । মুসলমানেরা দল বাঁধিয়া ডাকাতি আরম্ভ করিল । তাহারা পীড়িতদিগকে শয্যা হইতে টানিয়া ফেলিয়া দিয়া তক্তা মাদুর বিছানা পর্যন্ত হরণ করিয়া লইয়া যাইত । বিশ্বন প্রাণপণে তাহাদিগকে নিবারণ করিতে লাগিলেন । বিশ্বনের কথা তাহারা অত্যন্ত মান্য করিত— লঙ্ঘন করিতে সাহস করিত না । এইরূপে বিশ্বন যথাসাধ্য গ্রামের শান্তি রক্ষা করিতেন ।

একদিন সকালে বিশ্বনের এক চেলা আসিয়া তাঁহাকে সংবাদ দিল যে, একটা ছেলে সঙ্গে লইয়া একজন বিদেশী গ্রামের অশথতলায় আশ্রয় লইয়াছে, তাহাকে মড়কে ধরিয়াছে, বোধ করি সে আর বাঁচিবে না । বিশ্বন দেখিলেন— কেদারেশ্বর অচেতন হইয়া পড়িয়া, ধুব ধুলায় শুইয়া ঘুমাইয়া আছে । কেদারেশ্বরের মুমূর্ষু অবস্থা— পথকষ্টে এবং অনাহারে সে দুর্বল হইয়াছিল, এইজন্য পীড়া তাহাকে বলপূর্বক আক্রমণ করিয়াছে, কোনো ঔষধে কিছু ফল হইল না, সেই বৃক্ষতলেই তাহার মৃত্যু হইল । ধুবকে দেখিয়া বোধ হইল যেন বহুক্ষণ অনাহারে ক্ষুধায় কাঁদিয়া কাঁদিয়া সে ঘুমাইয়া পড়িয়াছে । বিশ্বন অতি সাবধানে তাহাকে কোলে তুলিয়া তাঁহার শিশুশালায় লইয়া গেলেন ।

দ্বাচত্বরিংশ পরিচ্ছেদ

চট্টগ্রাম এখন আরাকানের অধীন । গোবিন্দমাণিক্য নির্বাসিতভাবে চট্টগ্রামে আসিয়াছেন শুনিয়া আরাকানের রাজা মহাসমারোহপূর্বক তাঁহার নিকট দূত প্রেরণ করিলেন । বলিয়া পাঠাইলেন, যদি সিংহাসন পুনরায় অধিকার করিতে চান, তাহা হইলে আরাকানপতি তাঁহাকে সাহায্য করিতে পারেন ।

গোবিন্দমাণিক্য কহিলেন, “না, আমি সিংহাসন চাই না ”

দূত কহিল, “তবে আরাকান-রাজসভায় পূজনীয় অতিথি হইয়া মহারাজ কিছু কাল বাস করুন ।”

রাজা কহিলেন, “আমি রাজসভায় থাকিব না । চট্টগ্রামের এক পার্শ্বে আমাকে স্থান দান করিলে আমি আরাকানরাজের নিকটে ঋণী হইয়া থাকিব ।”

দূত কহিল, “মহারাজের যেখানে অভিরুচি সেইখানেই থাকিতে পারেন । এ-সমস্ত আপনারই রাজ্য মনে করিবেন ।”

আরাকানরাজের কতকগুলি অনুচর রাজার সঙ্গে সঙ্গেই রহিল । গোবিন্দমাণিক্য তাহাদিগকে নিষেধ করিলেন না ; তিনি মনে করিলেন, হয়তো বা আরাকানপতি তাঁহাকে সন্দেহ করিয়া তাঁহার নিকট লোক রাখিতে ইচ্ছা করেন ।

ময়ানি নদীর ধারে মহারাজ কুটির বাঁধিয়াছেন । স্বচ্ছসলিলা ক্ষুদ্র নদী ছোটো বড়ো শিলাখণ্ডের উপর দিয়া দ্রুতবেগে চলিয়াছে । দুই পার্শ্বে কৃষ্ণবর্ণের পাহাড় খাড়া হইয়া আছে, কালো পাথরের উপর বিচিত্র বর্ণের শৈবাল ঝুলিতেছে, মাঝে মাঝে ছোটো ছোটো গহ্বর আছে, তাহার মধ্যে পাখি বাসা করিয়াছে । স্থানে স্থানে দুই পার্শ্বের পাহাড় এত উচ্চ যে, অনেক বিলম্বে সূর্যের দুই-একটি কর নদীর জলে আসিয়া পতিত হয় । বড়ো বড়ো গুল্ম বিবিধ আকারের পল্লব বিস্তার করিয়া পাহাড়ের গায়ে ঝুলিতেছে । মাঝে মাঝে নদীর দুই তীরে ঘন জঙ্গলের বাহু অনেক দূর পর্যন্ত চলিয়া গিয়াছে । একটা দীর্ঘ শাখাহীন শ্বেত গর্জনবৃক্ষ পাহাড়ের উপরে হেলিয়া রহিয়াছে, নীচে নদীর চঞ্চল জলে তাহার ছায়া নাচিতেছে, বড়ো বড়ো লতা তাহাকে আচ্ছন্ন করিয়া ঝুলিয়া রহিয়াছে । ঘন সবুজ জঙ্গলের মাঝে মাঝে স্নিগ্ধ শ্যামল কদলীবন । মাঝে মাঝে দুই তীর বিদীর্ণ করিয়া ছোটো ছোটো নির্ঝর শিশুদিগের ন্যায় আকুল বাহু, চঞ্চল আবেগ ও কলকল শুভ্র হাস্য লইয়া নদীতে আসিয়া পড়িতেছে । নদী কিছুদূর সমভাবে গিয়া স্থানে স্থানে শিলাসোপান বাহিয়া ফেনাইয়া নিম্নাভিমুখে ঝরিয়া পড়িতেছে । সেই অবিশ্রাম ঝর্ঝর শব্দ নিস্তরঙ্গ শৈলপ্রাচীরে প্রতিধ্বনিত হইতেছে ।

এই ছায়াশীতল প্রবাহের স্নিগ্ধ ঝর্ঝর শব্দের মধ্যে স্তর স্তর শৈলতলে গোবিন্দমাণিক্য বাস করিতে লাগিলেন । হৃদয় বিস্তারিত করিয়া দিয়া হৃদয়ের মধ্যে শান্তি সঞ্চয় করিতে লাগিলেন— নির্জন প্রকৃতির সাস্ত্রনাময় গভীর প্রেম নানা দিক দিয়া সহস্র নির্ঝরের মতো তাঁহার হৃদয়ের মধ্যে পড়িতে লাগিল । তিনি আপনার হৃদয়ের গুহার মধ্যে প্রবেশ করিয়া সেখান হইতে ক্ষুদ্র অভিমান-সকল মুছিয়া ফেলিতে লাগিলেন— দ্বার উন্মুক্ত করিয়া দিয়া আপনার মধ্যে বিমল আলোক ও বায়ুর প্রবাহ গ্রহণ করিতে লাগিলেন । কে তাঁহাকে দুঃখ দিয়াছে, ব্যথা দিয়াছে, কে তাঁহার স্নেহের বিনিময় দেয় নাই, কে তাঁহার নিকট হইতে এক হস্তে উপকার গ্রহণ করিয়া অপর হস্তে কৃতঘ্নতা অর্পণ করিয়াছে, কে তাঁহার নিকট সমাদৃত হইয়া তাঁহাকে অপমান করিয়াছে— সমস্ত তিনি ভুলিয়া গেলেন । এই শৈলাসনবাসিনী অতি পুরাতন প্রকৃতির অবিশ্রাম কার্যশীলতা অথচ চিরনিশ্চিন্ত প্রশান্ত নবীনতা দেখিয়া তিনি নিজেও যেন সেইরূপ পুরাতন, সেইরূপ বৃহৎ, সেইরূপ প্রশান্ত হইয়া উঠিলেন । তিনি যেন সুদূর জগৎ পর্যন্ত আপনার কামনাশূন্য স্নেহ বিস্তারিত করিয়া দিলেন— সমস্ত বাসনা দূর করিয়া দিয়া জোড়হস্তে কহিলেন, ‘হে ঈশ্বর, পতনোন্মুখ সম্পৎশিখর হইতে তোমার ক্রোড়ের মধ্যে ধারণ করিয়া আমাকে এ যাত্রা রক্ষা করিয়াছ । আমি মরিতে বসিয়াছিলাম, আমি বাঁচিয়া গিয়াছি । যখন রাজা হইয়াছিলাম তখন আমি আমার মহত্ব জানিতাম না, আজ সমস্ত পৃথিবীময় আমার মহত্ব অনুভব করিতেছি ।’ অবশেষে

দুই চক্ষু জল পড়িতে লাগিল ; বলিলেন, 'মহারাজ, তুমি আমার স্নেহের ধুবকে কাড়িয়া লইয়াছ, সে বেদনা এখনো হৃদয় হইতে সম্পূর্ণ যায় নাই । আজ আমি বুঝিতেছি যে, তুমি ভালোই করিয়াছ । আমি সেই বালকের প্রতি স্বার্থপর স্নেহে আমার সমুদয় কর্তব্য আমার জীবন বিসর্জন দিতেছিলাম । তুমি আমাকে বিপদ হইতে রক্ষা করিয়াছ । আমি ধুবকে আমার সমস্ত পুণ্যের পুরস্কার বলিয়া গ্রহণ করিয়াছিলাম ; তুমি তাহাকে কাড়িয়া লইয়া শিক্ষা দিতেছ যে, পুণ্যের পুরস্কার পুণ্য । তাই আজ সেই ধুবের পবিত্র বিরহদুঃখকে সুখ বলিয়া, তোমার প্রসাদ বলিয়া অনুভব করিতেছি । আমি বেতন লইয়া ভৃত্যের মতো কাজ করিব না প্রভু, আমি তোমার প্রেমের বশ হইয়া তোমার সেবা করিব ।'

গোবিন্দমাণিক্য দেখিলেন, নির্জনে ধ্যানপরায়ণা প্রকৃতি যে স্নেহধারা সঞ্চয় করিতেছে, সজনে লোকালয়ের মধ্যে তাহা নদীরূপে প্রেরণ করিতেছে— যে তাহা গ্রহণ করিতেছে তাহার তৃষ্ণা নিবারণ হইতেছে, যে করিতেছে না তাহার প্রতিও প্রকৃতির কোনো অভিমান নাই । গোবিন্দমাণিক্য কহিলেন, 'আমিও আমার এই বিজনে সঞ্চিত প্রেম সজনে বিতরণ করিতে বাহির হইব ।' বলিয়া তাঁহার পর্বতাশ্রম ছাড়িয়া তিনি বাহির হইলেন ।

সহসা রাজত্ব ছাড়িয়া দিয়া উদাসীন হওয়া, লেখায় যতটা সহজ মনে হয় বাস্তবিক ততটা সহজ নহে । রাজবেশ ছাড়িয়া দিয়া গেরুয়া বস্ত্র পরা নিতান্ত অল্প কথা নহে । বরঞ্চ রাজ্য পরিত্যাগ করা সহজ, কিন্তু আমাদের আজন্মকালের ছোটো ছোটো অভ্যাস আমরা অনায়াসে ছাড়িতে পারি না, তাহারা তাহাদের তীব্র ক্ষুধাতৃষ্ণা লইয়া আমাদের অস্থিমাংসের সহিত লিপ্ত হইয়া আছে ; তাহাদিগকে নিয়মিত খোরাক না জোগাইলে তাহারা আমাদের রক্তশোষণ করিতে থাকে । কেহ যেন মনে না করেন যে গোবিন্দমাণিক্য যতদিন তাঁহার বিজন কুটিরে বাস করিতেছিলেন, ততদিন কেবল অবিচলিত চিত্তে স্থাণুর মতো বসিয়া ছিলেন । তিনি পদে পদে আপনার সহস্র ক্ষুদ্র অভ্যাসের সহিত যুদ্ধ করিতেছিলেন । যখনই কিছু অভাবে তাঁহার হৃদয় কাতর হইতেছিল তখনই তিনি তাহাকে ভৎসনা করিতেছিলেন । তিনি তাঁহার মনের সহস্রমুখী ক্ষুধাকে কিছু না খাইতে দিয়া বিনাশ করিতেছিলেন । পদে পদে এই শত শত অভাবের উপর জয়ী হইয়া তিনি সুখলাভ করিতেছিলেন । যেমন দুরন্ত অশ্বকে দ্রুতবেগে ছুটাইয়া শাস্ত করিতে হয়, তেমনি তিনি তাঁহার অভাবকাতর অশান্ত হৃদয়কে অভাবের মরুময় প্রান্তরের মধ্যে অবিশ্রাম দৌড় করাইয়া শাস্ত করিতেছিলেন । অনেক দিন পর্যন্ত এক মুহূর্তও তাঁহার বিশ্রাম ছিল না ।

পার্বত্য প্রদেশ ছাড়িয়া গোবিন্দমাণিক্য দক্ষিণে সমুদ্রাভিমুখে চলিতে লাগিলেন । সমস্ত বাসনার দ্রব্য বিসর্জন দিয়া তিনি হৃদয়ের মধ্যে আশ্চর্য স্বাধীনতা অনুভব করিতে লাগিলেন । কেহ তাঁহাকে আর বাঁধিতে পারে না, অগ্রসর হইবার সময় কেহ তাঁহাকে আর বাধা দিতে পারে না । প্রকৃতিকে অত্যন্ত বৃহৎ দেখিলেন এবং আপনাকেও তাহার সহিত এক বলিয়া মনে হইল । বৃক্ষলতার সে এক নূতন শ্যামল বর্ণ, সূর্যের সে এক নূতন কনককিরণ, প্রকৃতির সে এক নূতন মুখশ্রী দেখিতে লাগিলেন । গ্রামে গিয়া মানবের প্রত্যেক কাজের মধ্যে তিনি এক নূতন সৌন্দর্য দেখিতে লাগিলেন । মানবের হাস্যালাপ, ওঠাবসা, চলাফেরার মধ্যে তিনি এক অপূর্ব নৃত্যগীতের মাধুরী দেখিতে পাইলেন । যাহাকে দেখিলেন তাহাকে কাছে ডাকিয়া কথা কহিয়া সুখ পাইলেন— যে তাঁহাকে উপেক্ষা প্রদর্শন করিল তাহার নিকট হইতে তাঁহার হৃদয় দূরে গমন করিল না । সর্বত্র দুর্বলকে সাহায্য করিতে এবং দুঃখীকে সাহায্য দিতে ইচ্ছা করিতে লাগিল । তাঁহার মনে হইতে লাগিল, 'আমার নিজের সমস্ত বল এবং সমস্ত সুখ আমি পরের জন্য উৎসর্গ করিলাম, কেননা আমার নিজের কোনো কাজ নাই, কোনো বাসনা নাই ।' সচরাচর যে-সকল দৃশ্য কাহারও চোখে পড়ে না, তাহা নূতন আকার ধারণ করিয়া তাঁহার চোখে পড়িতে লাগিল । যখন দুই ছেলেকে পথে বসিয়া খেলা করিতে দেখিতেন— দুই ভাইকে, পিতাপুত্রকে, মাতা ও শিশুকে একত্র দেখিতেন— তাহারা ধূলিলিপ্ত হউক, দরিদ্র হউক, কদর্য হউক, তিনি তাহাদের মধ্যে দূরদূরান্তব্যাপী মানবহৃদয়সমুদ্রের অনন্ত গভীর প্রেম দেখিতে পাইতেন । একটি শিশুক্রেড়া জননীর মধ্যে তিনি যেন অতীত ও ভবিষ্যতের সমস্ত মানবশিশুর জননীকে দেখিতে

পাইতেন। দুই বন্ধুকে একত্র দেখিলেই তিনি সমস্ত মানবজাতিকে বন্ধুপ্রেমে সহায়বান অনুভব করিতেন। পূর্বে যে পৃথিবীকে মাঝে মাঝে মাতৃহীনা বলিয়া বোধ হইত, সেই পৃথিবীকে আনতনয়না চিরজাগ্রত জননীর কোলে দেখিতে পাইলেন। পৃথিবীর দুঃখশোকদারিদ্র্য বিবাদবিদ্বেষ দেখিলেও তাঁহার মনে আর নৈরাশ্য জন্মিত না। একটিমাত্র মঙ্গলের চিহ্ন দেখিলেই তাঁহার আশা সহস্র অমঙ্গল ভেদ করিয়া স্বর্গাভিমুখে প্রস্ফুটিত হইয়া উঠিত। আমাদের সকলের জীবনেই কি কোনো-না-কোনোদিন এমন এক অভূতপূর্ব নূতন প্রেম ও নূতন স্বাধীনতার প্রভাত উদিত হয় নাই, যেদিন সহসা এই হাস্যক্রন্দনময় জগৎকে এক সুকোমল নবকুমারের মতো এক অপূর্ব সৌন্দর্য প্রেম ও মঙ্গলের ক্রোড়ে বিকশিত দেখিয়াছি! যেদিন কেহ আমাদেরকে ক্ষুব্ধ করিতে পারে না, কেহ আমাদেরকে জগতের কোনো সুখ হইতে বঞ্চিত করিতে পারে না, কেহ আমাদেরকে কোনো প্রাচীরের মধ্যে রুদ্ধ করিয়া রাখিতে পারে না! যেদিন এক অপূর্ব বাঁশি বাজিয়া উঠে, এক অপূর্ব বসন্ত জাগিয়া উঠে, চরাচর চিরযৌবনের আনন্দে পরিপূর্ণ হইয়া যায়! যেদিন সমস্ত দুঃখ-দারিদ্র্য-বিপদকে কিছুই মনে হয় না! নূতন স্বাধীনতার আনন্দে প্রসারিতহৃদয় গোবিন্দমাণিক্যের জীবনে সেইদিন উপস্থিত হইয়াছে।

দক্ষিণ-চট্টগ্রামের রামু শহর এখনো দশ ক্রোশ দূরে। সন্ধ্যার কিঞ্চিৎ পূর্বে গোবিন্দমাণিক্য যখন আলমখাল-নামক ক্ষুদ্র গ্রামে গিয়া পৌঁছিলেন, তখন গ্রামপ্রান্তবর্তী একটি কুটির হইতে ক্ষীণকণ্ঠ বালকের ক্রন্দনধ্বনি শুনিতে পাইলেন। গোবিন্দমাণিক্যের হৃদয় সহসা অত্যন্ত চঞ্চল হইয়া উঠিল। তিনি তৎক্ষণাৎ সেই কুটিরে গিয়া উপস্থিত হইলেন; দেখিলেন, যুবক কুটিরস্বামী একটি শীর্ণ বালককে কোলে করিয়া লইয়া ঘরের মধ্যে পায়চারি করিতেছে। বালক থরথর করিয়া কাঁপিতেছে এবং থাকিয়া থাকিয়া ক্ষীণ কণ্ঠে কাঁদিতেছে। কুটিরস্বামী তাহাকে বুকের মধ্যে চাপিয়া ধরিয়া ঘুম পাড়াইবার চেষ্টা করিতেছে। সন্ন্যাসবেশী গোবিন্দমাণিক্যকে দেখিয়া সে শশব্যস্ত হইয়া পড়িল। কাতর স্বরে কহিল, “ঠাকুর, ইহাকে আশীর্বাদ করো।”

গোবিন্দমাণিক্য আপনার কন্মল বাহির করিয়া কম্পমান বালকের চারি দিকে জড়াইয়া দিলেন। বালক একবার কেবল তাহার শীর্ণ মুখ তুলিয়া গোবিন্দমাণিক্যের দিকে চাহিল। তাহার চোখের নীচে কালি পড়িয়াছে— তাহার ক্ষীণ মুখের মধ্যে দুখানি চোখ ছাড়া আর কিছু নাই যেন। একবার গোবিন্দমাণিক্যকে দেখিয়াই দুইখানি পাণ্ডুবর্ণ পাতলা ঠোঁট নাড়িয়া ক্ষীণ অব্যক্ত শব্দ করিল। আবার তখনই তাহার পিতার স্কন্ধের উপর মুখ রাখিয়া চুপ করিয়া পড়িয়া রহিল। তাহার পিতা তাহাকে কন্মল-সমেত ভূমিতে রাখিয়া রাজাকে প্রণাম করিল এবং রাজার পদধূলি লইয়া ছেলের গায়ে মাথায় দিল। রাজা ছেলেকে তুলিয়া লইয়া জিজ্ঞাসা করিলেন, “ছেলেটির বাপের নাম কী?”

কুটিরস্বামী কহিল, “আমি ইহার বাপ, আমার নাম যাদব। ভগবান একে একে আমার সকল-ক’টিকে লইয়াছেন, কেবল এইটি এখনো বাকি আছে।” বলিয়া গভীর দীর্ঘনিশ্বাস ফেলিল।

রাজা কুটিরস্বামীকে বলিলেন, “আজ রাত্রে আমি তোমার এখানে অতিথি। আমি কিছুই খাইব না। অতএব আমার জন্য আহালাদির উদ্যোগ করিতে হইবে না। কেবল এখানে রাত্রিযাপন করিব।” বলিয়া সে রাত্রি সেইখানে রহিলেন। অনুচরগণ গ্রামের এক ধনী কায়স্থের বাড়ি আতিথ্য গ্রহণ করিল।

ক্রমে সন্ধ্যা হইয়া আসিল। নিকটে একটা পানাপুকুর ছিল, তাহার উপর হইতে বাষ্প উঠিতে লাগিল। গোয়াল-ঘর হইতে খড় এবং শুষ্ক পত্র জ্বালানোর গুরুভার ধোঁয়া আকাশে উঠিতে পারিল না। গুঁড়ি মারিয়া সম্মুখের বিস্তৃত জলামাঠকে আচ্ছন্ন করিয়া ধরিল। আশ্বেওড়ার বেড়ার কাছ হইতে কর্কশ স্বরে ঝিঝি ডাকিতে লাগিল। বাতাস একেবারে বন্ধ, গাছের পাতাটি নড়িতেছে না। পুকুরের অপর পাড়ে ঘন বাঁশঝাড়ের মধ্য হইতে একটা পাখি থাকিয়া থাকিয়া টিটি করিয়া ডাকিয়া উঠিতেছে। ক্ষীণালোকে গোবিন্দমাণিক্য সেই রুগ্ন বালকের বিবর্ণ শীর্ণ মুখ দেখিতেছেন। তিনি তাহাকে ভালোরূপে কন্মলে আবৃত করিয়া তাহার শয্যার পার্শ্বে বসিয়া তাহাকে নানাবিধ গল্প শুনাইতে

লাগিলেন । সন্ধ্যা অতীত হইল, দূরে শৃগাল ডাকিয়া উঠিল । বালক গল্প শুনিতে শুনিতে রোগের কষ্ট ভুলিয়া ঘুমাইয়া পড়িল ।

রাজা তাহার পার্শ্বের ঘরে আসিয়া শয়ন করিলেন । রাত্রে তাহার ঘুম হইল না । কেবল ধুবকে মনে পড়িতে লাগিল । রাজা কহিলেন, ‘ধুবকে হারাইয়া সকল বালককেই আমার ধুব বলিয়া বোধ হয় ।’ খানিক রাত্রে শুনিলেন, পাশের ঘরে ছেলেটি জাগিয়া উঠিয়া তাহার বাপকে জিজ্ঞাসা করিতেছে, “বাবা, ও কী বাজে ?”

বাপ কহিল, “বাঁশি বাজিতেছে ।”

ছেলে । বাঁশি কেন বাজে ?

বাপ । কাল যে পূজা বাপ আমার !

ছেলে । কাল পূজা ? পূজার দিন আমাকে কিছু দেবে না ?

বাপ । কী দেব বাবা ?

ছেলে । আমাকে একটা রাঙা শাল দেবে না ?

বাপ । আমি শাল কোথায় পাব ? আমার যে কিছু নেই, মানিক আমার !

ছেলে । বাবা, তোমার কিছুই নেই বাবা ?

বাপ । কিছু নেই বাবা, কেবল তুমি আছ ।

ভগ্নহৃদয় পিতার গভীর দীর্ঘনিশ্বাস পাশের ঘর হইতে শুনা গেল । ছেলে আর-কিছুই বলিল না । বোধ করি বাপকে জড়াইয়া ধরিয়া আবার ঘুমাইয়া পড়িল ।

রাত্রি শেষ না হইতে হইতেই গোবিন্দমাণিক্য গৃহস্বামীর নিকট বিদায় না লইয়াই অশ্বারোহণে রামু শহরের অভিমুখে চলিয়া গেলেন । আহার করিলেন না, বিশ্রাম করিলেন না । পথের মধ্যে একটি ক্ষুদ্র নদী ছিল ; ঘোড়াসুদ্ধ নদী পার হইলেন । প্রথর রৌদ্রের সময় রামুতে গিয়া পৌঁছিলেন । সেখানে অধিক বিলম্ব করিলেন না । আবার সন্ধ্যার কিছু পূর্বেই যাদবের কুটিরে আসিয়া উপস্থিত হইলেন । যাদবকে আড়ালে ডাকিয়া আনিলেন । তাহার বুলির মধ্য হইতে একখানি লাল শাল বাহির করিয়া যাদবের হাতে দিয়া কহিলেন, “আজ পূজার দিনে এই শালটি তোমার ছেলেকে দাও ।”

যাদব কাঁদিয়া গোবিন্দমাণিক্যের পা জড়াইয়া ধরিল । কহিল, “প্রভু, তুমি আনিয়াছ, তুমিই দাও ।”

রাজা কহিলেন, “না, আমি দিব না, তুমি দাও । আমি দিলে কোনো ফল নাই । আমার নাম করিয়ো না । আমি কেবল তোমার ছেলের মুখে আনন্দের হাসি দেখিয়া চলিয়া যাইব ।”

রুগ্ণ বালকের অতি শীর্ণ ম্লান মুখ প্রফুল্ল দেখিয়া রাজা চলিয়া গেলেন । রাজা বিষণ্ণ হইয়া মনে মনে কহিলেন, ‘আমি কোনো কাজ করিতে পারি না । আমি কেবল কয়টা বৎসর রাজত্বই করিয়াছি, কিছুই শিক্ষা করি নাই । কী করিলে একটি ক্ষুদ্র বালকের রোগের কষ্ট একটু নিবারণ হইবে তাহা জানি না । আমি কেবল অসহায় অকর্মণ্য ভাবে শোক করিতেই জানি । বিশ্বন ঠাকুর যদি থাকিতেন তো ইহাদের কিছু উপকার করিয়া যাইতেন । আমি যদি বিশ্বন ঠাকুরের মতো হইতাম !’ গোবিন্দমাণিক্য বলিলেন, ‘আমি আর ঘুরিয়া ঘুরিয়া বেড়াইব না, লোকালয়ের মধ্যে বাস করিয়া কাজ করিতে শিখিব ।’

রামুর দক্ষিণে রাজাকুলের নিকটে মগদিগের যে দুর্গ আছে, আরাকানরাজের অনুমতি লইয়া সেইখানে তিনি বাস করিতে লাগিলেন ।

গ্রামবাসীদের যতগুলো ছেলেপিলে ছিল, সকলেই দুর্গে গোবিন্দমাণিক্যের নিকটে আসিয়া জুটিল । গোবিন্দমাণিক্য তাহাদিগকে লইয়া একটা বড়ো পাঠশালা খুলিলেন । তিনি তাহাদিগকে পড়াইতেন, তাহাদের সহিত খেলিতেন, তাহাদের বাড়িতে গিয়া তাহাদের সহিত বাস করিতেন, পীড়া হইলে তাহাদিগকে দেখিতে যাইতেন । ছেলেরা সাধারণত যে নিতান্তই স্বর্গ হইতে আসিয়াছে এবং তাহারা যে দেবশিশু তাহা নহে, তাহাদের মধ্যে মানব এবং দানব -ভাবের কিছুমাত্র অপ্রতুল নাই । স্বার্থপরতা ক্রোধ লোভ দ্বেষ হিংসা তাহাদের মধ্যে সম্পূর্ণ বলবান, তাহার উপরে আবার বাড়িতে পিতামাতার নিকট হইতেও সকল সময়ে ভালো শিক্ষা পায় যে তাহা নহে । এইজন্য মগের দুর্গে মগের রাজত্ব

হইয়া উঠিল— দুর্গের মধ্যে যেন উনপঞ্চাশ বায়ু এবং চৌষটি ভূতে একত্র বাসা করিয়াছে। গোবিন্দমাণিক্য এই-সকল উপকরণ লইয়া ধৈর্য ধরিয়া মানুষ গড়িতে লাগিলেন। একটি মানুষের জীবন যে কত মহৎ ও কী প্রাণপণ যত্নে পালন ও রক্ষা করিবার দ্রব্য, তাহা গোবিন্দমাণিক্যের হৃদয়ে সর্বদা জাগরুক। তাঁহার চারি দিকে অনন্তফলপরিপূর্ণ মনুষ্যজন্ম সার্থক হয়, ইহাই দেখিয়া এবং নিজের চেষ্টায় ইহাই সাধন করিয়া গোবিন্দমাণিক্য নিজের অসম্পূর্ণ জীবন বিসর্জন করিতে চান। ইহার জন্য তিনি সকল কষ্ট সকল উপদ্রব সহ্য করিতে পারেন। কেবল মাঝে মাঝে এক-একবার হতাশ্বাস হইয়া দুঃখ করিতেন, ‘আমার কার্য আমি নিপুণরূপে সম্পন্ন করিতে পারিতেছি না। বিশ্বন থাকিলে ভালো হইত।’

এইরূপে গোবিন্দমাণিক্য এক শত ধুবকে লইয়া দিনযাপন করিতে লাগিলেন।

ত্রিচত্বারিংশ পরিচ্ছেদ

স্টুয়ার্ট-কৃত বাংলার ইতিহাস হইতে এই পরিচ্ছেদ সংগৃহীত

এ দিকে শা সুজা তাঁহার ভ্রাতা ঔরঞ্জীবের সৈন্য-কর্তৃক তাড়িত হইয়া পলায়ন করিতেছেন। এলাহাবাদের নিকট যুদ্ধক্ষেত্রে তাঁহার পরাজয় হয়। বিপক্ষ পরাক্রান্ত, এবং এই বিপদের সময় সুজা স্বপক্ষীয়দেরও বিশ্বাস করিতে পারিলেন না। তিনি অপমানিত ও ভীত ভাবে ছদ্মবেশে সামান্য লোকের মতো একাকী পলায়ন করিতে লাগিলেন। যেখানেই যান পশ্চাতে শত্রুসৈন্যের ধূলিধ্বজা ও তাহাদের অশ্বের ক্ষুরধ্বনি তাঁহাকে অনুসরণ করিতে লাগিল। অবশেষে পাটনায় পৌঁছিয়া তিনি পুনর্বার নবাব-বেশে আপন পরিবার ও প্রজাদের নিকটে আগমনসংবাদ ঘোষণা করিলেন। তিনিও যেমন পাটনায় পৌঁছিলেন, তাহার কিছু কাল পরেই ঔরঞ্জীবের পুত্র কুমার মহম্মদ সৈন্য-সহিত পাটনার দ্বারে আসিয়া পৌঁছিলেন। সুজা পাটনা ছাড়িয়া মুঙ্গেরে পালাইলেন।

মুঙ্গেরে তাঁহার বিক্ষিপ্ত দলবল কতক কতক তাঁহার নিকট আসিয়া জুটিল এবং সেখানে তিনি নূতন সৈন্যও সংগ্রহ করিলেন। তেরিয়াগড়ি ও শিকলিগলির দুর্গ সংস্কার করিয়া এবং নদীতীরে পাহাড়ের উপরে প্রাচীর নির্মাণ করিয়া তিনি দৃঢ় হইয়া বসিলেন।

এ দিকে ঔরঞ্জীব তাঁহার বিচক্ষণ সেনাপতি মীরজুমলাকে কুমার মহম্মদের সাহায্যে পাঠাইলেন। কুমার মহম্মদ প্রকাশ্য ভাবে মুঙ্গেরের দুর্গের অনতিদূরে আসিয়া শিবির স্থাপন করিলেন, এবং মীরজুমলা অন্য গোপন পথ দিয়া মুঙ্গের-অভিমুখে যাত্রা করিলেন। যখন সুজা কুমার মহম্মদের সহিত ছোটোখাটো যুদ্ধে ব্যাপ্ত আছেন, এমন সময় সহসা সংবাদ পাইলেন যে, মীরজুমলা বহুসংখ্যক সৈন্য লইয়া বসন্তপুরে আসিয়া পৌঁছিয়াছেন। সুজা ব্যস্ত হইয়া তৎক্ষণাৎ তাঁহার সমস্ত সৈন্য লইয়া মুঙ্গের ছাড়িয়া রাজমহলে পলায়ন করিলেন। সেখানেই তাঁহার সমস্ত পরিবার বাস করিতেছিল। সম্রাটসৈন্য অবিলম্বে সেখানেও তাঁহার অনুসরণ করিল। সুজা ছয় দিন ধরিয়া প্রাণপণে যুদ্ধ করিয়া শত্রুসৈন্যকে অগ্রসর হইতে দিলেন না। কিন্তু যখন দেখিলেন আর রক্ষা হয় না, তখন একদিন অন্ধকার ঝড়ের রাতে তাঁহার পরিবার-সকল ও যথাসম্ভব ধনসম্পত্তি লইয়া নদী পার হইয়া তোণ্ডায় পলায়ন করিলেন এবং অবিলম্বে সেখানকার দুর্গ-সংস্কারে প্রবৃত্ত হইলেন।

এই সময়ে ঘনবর্ষা আসিল, নদী অত্যন্ত স্ফীত এবং পথ দুর্গম হইয়া উঠিল। সম্রাটসৈন্যেরা অগ্রসর হইতে পারিল না।

এই যুদ্ধবিগ্রহের পূর্বে কুমার মহম্মদের সহিত সুজার কন্যার বিবাহের সমস্ত স্থির হইয়াছিল। কিন্তু এই যুদ্ধের উপদ্রবে সে প্রস্তাব উভয় পক্ষই বিস্মৃত হইয়াছিল।

বর্ষায় তখন যুদ্ধ স্থগিত আছে এবং মীরজুমলা রাজমহলে হইতে কিছু দূরে তাঁহার শিবির লইয়া গেছেন, এমন সময় সুজার একজন সৈনিক তোণ্ডার শিবির হইতে আসিয়া গোপনে কুমার মহম্মদের হস্তে একখানি পত্র দিল। কুমার খুলিয়া দেখিলেন সুজার কন্যা লিখিতেছেন— ‘কুমার, এই কি আমার

অদৃষ্টে ছিল ? যাহাকে মনে মনে স্বামীরূপে বরণ করিয়া আমার সমগ্র হৃদয় সমর্পণ করিয়াছি, যিনি অঙ্গুরীয়বিনিময় করিয়া আমাকে গ্রহণ করিবেন বলিয়া প্রতিশ্রুত হইয়াছিলেন, তিনি আজ নিষ্ঠুর তরবারি হস্তে আমার পিতার প্রাণ লইতে আসিয়াছেন এই কি আমাকে দেখিতে হইল ! কুমার, এই কি আমাদের বিবাহ-উৎসব ! তাই কি এত সমারোহ ! তাই কি আমাদের রাজমহল আজ রক্তবর্ণ ! তাই কি কুমার দিল্লি হইতে লোহার শৃঙ্খল হাতে করিয়া আনিয়াছেন ! এই কি প্রেমের শৃঙ্খল !

এই পত্র পড়িয়া সহসা প্রবল ভূমিকম্প যেন কুমার মহম্মদের হৃদয় বিদীর্ণ হইয়া গেল । তিনি এক মুহূর্ত আর স্থির থাকিতে পারিলেন না । তৎক্ষণাৎ সাম্রাজ্যের আশা, বাদশাহের অনুগ্রহ, সমস্ত তিনি তুচ্ছ জ্ঞান করিলেন । প্রথম যৌবনের দীপ্ত হৃতাশনে তিনি ক্ষতিলাভের বিবেচনা সমস্ত বিসর্জন করিলেন । তাঁহার পিতার সমস্ত কার্য তাঁহার অত্যন্ত অন্যায ও নিষ্ঠুর বলিয়া বোধ হইল । পিতার ষড়যন্ত্রপ্রবণ নিষ্ঠুর নীতির বিরুদ্ধে ইতিপূর্বে তিনি পিতার সমক্ষেই আপন মত স্পষ্ট ব্যক্ত করিতেন, এবং কখনো কখনো তিনি সম্রাটের বিরাগভাজন হইতেন । আজ তিনি তাঁহার সৈন্যাধ্যক্ষদের মধ্যে কয়েকজন প্রধান প্রধান ব্যক্তিকে ডাকিয়া সম্রাটের নিষ্ঠুরতা খলতা ও অত্যাচার সম্বন্ধে বিরাগ প্রকাশ করিয়া কহিলেন, “আমি তোণ্ডায় আমার পিতৃবোর সহিত যোগ দিতে যাইব । তোমরা যাহারা আমাকে ভালোবাস, আমার অনুবর্তী হও !”

তাহারা দীর্ঘ সেলাম করিয়া তৎক্ষণাৎ কহিল, “শাহজাদা যাহা বলিতেছেন তাহা অতি যথার্থ, কালই দেখিবেন অর্ধেক সৈন্য তোণ্ডার শিবিরে শাহজাদার সহিত মিলিত হইবে ।”

মহম্মদ সেইদিনই নদী পার হইয়া সুজার শিবিরে উপস্থিত হইলেন ।

তোণ্ডায় উৎসব পড়িয়া গেল । যুদ্ধবিগ্রহের কথা সকলে একেবারেই ভুলিয়া গেল । এতদিন কেবল পুরুষেরাই ব্যস্ত ছিল, এখন সুজার পরিবারে রমণীদের হাতেও কাজের অন্ত রহিল না । সুজা অত্যন্ত স্নেহ ও আনন্দের সহিত মহম্মদকে গ্রহণ করিলেন । অবিশ্রাম রক্তপাতের পরে রক্তের টান যেন আরো বাড়িয়া উঠিল । নৃত্যগীতবাদ্যের মধ্যে বিবাহ সম্পন্ন হইয়া গেল । নৃত্যগীত শেষ হইতে না হইতেই সংবাদ আসিল সম্রাটসৈন্য নিকটবর্তী হইয়াছে ।

মহম্মদ যেমনি সুজার শিবিরে গেছেন, সৈন্যেরা অমনি মীরজুমলার নিকট সংবাদ প্রেরণ করিল । একটি সৈন্যও মহম্মদের সহিত যোগ দিল না, তাহারা বুঝিয়াছিল মহম্মদ ইচ্ছাপূর্বক বিপদসাগরে ঝাঁপ দিয়াছেন, সেখানে তাঁহার দলভুক্ত হইতে যাওয়া বাতুলতা ।

সুজা এবং মহম্মদের বিশ্বাস ছিল যে, সম্রাটসৈন্যের অধিকাংশই যুদ্ধক্ষেত্রে কুমার মহম্মদের সহিত যোগ দিবে । এই আশায় মহম্মদ নিজের নিশান উড়াইয়া যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ হইলেন । বৃহৎ একদল সম্রাটসৈন্য তাঁহার দিকে অগ্রসর হইল । মহম্মদ আনন্দে উৎফুল্ল হইলেন । নিকটে আসিয়াই তাহারা মহম্মদের সৈন্যদলের উপরে গোলা বর্ষণ করিল । তখন মহম্মদ সমস্ত অবস্থা বুঝিতে পারিলেন । কিন্তু তখন আর সময় নাই । সৈন্যেরা পলায়নতৎপর হইল । সুজার জ্যেষ্ঠ পুত্র যুদ্ধে মারা পড়িল ।

সেই রাত্রেই হতভাগ্য সুজা এবং তাঁহার জামাতা সপরিবারে দ্রুতগামী নৌকায় চড়িয়া ঢাকায় পলায়ন করিলেন । মীরজুমলা ঢাকায় সুজার অনুসরণ করা আবশ্যিক বিবেচনা করিলেন না । তিনি বিজিত দেশে শৃঙ্খলাস্থাপনে প্রবৃত্ত হইলেন ।

দুর্দশার দিনে বিপদের সময় যখন বন্ধুরা একে একে বিমুখ হইতে থাকে তখন মহম্মদ ধন প্রাণ মান তুচ্ছ করিয়া সুজার পক্ষাবলম্বন করাতে সুজার হৃদয় বিগলিত হইয়া গেল । তিনি প্রাণের সহিত মহম্মদকে ভালোবাসিলেন । এমন সময়ে ঢাকা শহরে ঔরঞ্জীবের একজন পত্রবাহক চর ধরা পড়িল । সুজার হাতে তাহার পত্র গিয়া পড়িল । ঔরঞ্জীব মহম্মদকে লিখিতেছেন, ‘প্রিয়তম পুত্র মহম্মদ, তুমি তোমার কর্তব্য অবহেলা করিয়া পিতৃবিদ্বেহী হইয়াছ, এবং তোমার অকলঙ্ক যশে কলঙ্ক নিক্ষেপ করিয়াছ । রমণীর ছলনাময় হাস্যে মুগ্ধ হইয়া আপন ধর্ম বিসর্জন দিয়াছ । ভবিষ্যতে সমস্ত মোগল-সাম্রাজ্য শাসনের ভার যাহার হস্তে, তিনি হাজ এক রমণীর দাস হইয়া আছেন ! যাহা হউক, ঈশ্বরের নামে শপথ করিয়া মহম্মদ যখন অন্যত্রাপ প্রকাশ করিয়াছেন, তখন তাঁহাকে মাপ করিলাম ।

কিন্তু যে কার্যের জন্য গিয়াছেন সেই কার্য সাধন করিয়া আসিলে তবে তিনি আমাদের অনুগ্রহের অধিকারী হইবেন।’

সুজা এই পত্র পাঠ করিয়া বজ্রাহত হইলেন। মহম্মদ বার বার করিয়া বলিলেন, তিনি কখনোই পিতার নিকটে অনুতাপ প্রকাশ করেন নাই। এ-সমস্তই তাঁহার পিতার কৌশল। কিন্তু সুজার সন্দেহ দূর হইল না। সুজা তিন দিন ধরিয়া চিন্তা করিলেন। অবশেষে চতুর্থ দিনে কহিলেন, “বৎস, আমাদের মধ্যে বিশ্বাসের বন্ধন শিথিল হইয়াছে। অতএব আমি অনুরোধ করিতেছি, তুমি তোমার স্ত্রীকে লইয়া প্রস্থান করো, নহিলে আমাদের মনে আর শান্তি থাকিবে না। আমার রাজকোষের দ্বার মুক্ত করিয়া দিলাম, স্বশুরের উপহারস্বরূপ যত ইচ্ছা ধনরত্ন লইয়া যাও।”

মহম্মদ অশ্রুবিসর্জন করিয়া বিদায় লইলেন, তাঁহার স্ত্রী তাঁহার সঙ্গে গেলেন।

সুজা কহিলেন, “আর যুদ্ধ করিব না। চট্টগ্রামের বন্দর হইতে জাহাজ লইয়া মক্কায় চলিয়া যাইব।” বলিয়া ঢাকা ছাড়িয়া ছদ্মবেশে চলিয়া গেলেন।

চতুশ্চত্বারিংশ পরিচ্ছেদ

যে দুর্গে গোবিন্দমাণিক্য বাস করিতেন, একদিন বর্ষার অপরাহ্নে সেই দুর্গের পথে একজন ফকির সঙ্গে তিনজন বালক ও একজন প্রাপ্তবয়স্ক তল্লিদার লইয়া চলিয়াছেন। বালকদের অত্যন্ত ক্লান্ত দেখাইতেছে। বাতাস বেগে বহিতেছে এবং অবিশ্রাম বর্ষার ধারা পড়িতেছে। সকলের চেয়ে ছোটো বালকটির বয়স চৌদ্দর অধিক হইবে না, সে শীতে কাঁপিতে কাঁপিতে কাতর স্বরে কহিল, “পিতা, আর তো পারি না।” বলিয়া অধীর ভাবে কাঁদিতে লাগিল।

ফকির কিছু না বলিয়া নিশ্বাস ফেলিয়া তাহাকে বুকের কাছে টানিয়া লইলেন।

বড়ো বালকটি ছোটোকে তিরস্কার করিয়া কহিল, “পথের মধ্যে এমন করিয়া কাঁদিয়া ফল কী? চুপ কর। অনর্থক পিতাকে কাতর করিস নে।”

ছোটো বালকটি তখন তাহার উচ্ছ্বসিত ক্রন্দন দমন করিয়া শান্ত হইল।

মধ্যম বালকটি ফকিরকে জিজ্ঞাসা করিল, “পিতা, আমরা কোথায় যাইতেছি?”

ফকির কহিলেন, “ঐ যে দুর্গের চূড়া দেখা যাইতেছে, ঐ দুর্গে যাইতেছি।”

“ওখানে কে আছে পিতা?”

“শুনিয়াছি কোথাকার একজন রাজা সন্ন্যাসী হইয়া ওখানে বাস করেন।”

“রাজা সন্ন্যাসী কেন হইল পিতা!”

ফকির কহিলেন, “জানি না বাছা! হয়তো তাঁহার আপনার সহোদর ভ্রাতা সৈন্য লইয়া তাঁহাকে একটা গ্রাম্য কুকুরের মতো দেশ হইতে দেশান্তরে তাড়া করিয়াছে। রাজ্য ও সুখসম্পদ হইতে তাঁহাকে পথে বাহির করিয়া দিয়াছে। এখন হয়তো কেবল দারিদ্র্যের অন্ধকার ক্ষুদ্র গহ্বর ও সন্ন্যাসীর গেরুয়া বসন পৃথিবীর মধ্যে তাঁহার একমাত্র লুকাইবার স্থান। আপনার ভ্রাতার বিদ্বেষ হইতে, বিষদস্ত হইতে, আর কোথাও রক্ষা নাই।”

বলিয়া ফকির দৃঢ়রূপে আপন ওষ্ঠাধর চাপিয়া হৃদয়ের আবেগ দমন করিলেন। বড়ো ছেলটি জিজ্ঞাসা করিল, “পিতা, এই সন্ন্যাসী কোন্ দেশের রাজা ছিল?”

ফকির কহিলেন, “তাহা জানি না বাছা!”

“যদি আমাদের আশ্রয় না দেয়?”

“তবে আমরা বৃক্ষতলে শয়ন করিব। আর আমাদের স্থান কোথায়!”

সন্ধ্যার কিছু পূর্বে দুর্গে সন্ন্যাসী ও ফকিরে দেখা হইল। উভয়েই উভয়কে দেখিয়া আশ্চর্য হইয়া গেলেন। গোবিন্দমাণিক্য চাহিয়া দেখিলেন, ফকিরকে ফকির বলিয়া বোধ হইল না। ক্ষুদ্র ক্ষুদ্র স্বার্থপর বাসনা হইতে হৃদয়কে প্রত্যাহরণ করিয়া একমাত্র বৃহৎ উদ্দেশ্যের মধ্যে স্থাপন করিলে মুখে যে

একপ্রকার জ্বালাবিহীন বিমল জ্যোতি প্রকাশ পায়, ফকিরের মুখে তাহা দেখিতে পাইলেন না। ফকির সর্বদা-সতর্ক সচকিত। তাঁহার হৃদয়ের তৃষিত বাসনা-সকল তাঁহার দুই জ্বলন্ত নেত্র হইতে যেন অগ্নি পান করিতেছে। অধীর হিংসা তাঁহার দৃঢ়বন্ধ ওষ্ঠাধর এবং দৃঢ়লগ্ন দন্তের মধ্যে বিফলে প্রতিহত হইয়া পুনরায় যেন হৃদয়ের অন্ধকার গহ্বরে প্রবেশ করিয়া আপনাকে আপনি দংশন করিতেছে। সঙ্গে তিনজন বালক, তাহাদের অত্যন্ত সুকুমার সুন্দর শ্রান্ত ক্লিষ্ট দেহ ও একপ্রকার গর্বিত সংকোচ দেখিয়া মনে হইল যেন তাহারা আজন্মকাল অতি সময়ে সম্মানের শিকার উপরে তোলা ছিল, এই প্রথম তাহাদের ভূমিতলে পদার্পণ। চলিতে গেলে যে চরণের অঙ্গুলিতে ধূলি লাগে ইহা যেন পূর্বে তাহাদের প্রত্যক্ষ জানা ছিল না। পৃথিবীর এই ধূলিময় মলিন দারিদ্র্যে প্রতিপদে যেন পৃথিবীর উপরে তাহাদের ঘৃণা জন্মিতেছে, মছলন্দ ও মাটির প্রভেদ দেখিয়া প্রতিপদে তাহারা যেন পৃথিবীকে তিরস্কার করিতেছে। পৃথিবী যেন তাহাদেরই প্রতি বিশেষ আড়ি করিয়া আপনার বড়ো মছলন্দখানা গুটাইয়া রাখিয়াছে। সকলেই যেন তাহাদের নিকটে অপরাধ করিতেছে। দরিদ্র যে ভিক্ষা করিবার জন্য তাহার মলিন বসন লইয়া তাহাদের কাছে ঘেঁষিতে সাহস করিতেছে এ কেবল তাহার স্পর্ধা; ঘৃণ্য কুকুর পাছে কাছে আসে এইজন্য লোকে যেমন খাদ্যখণ্ড দূর হইতে ছুঁড়িয়া দেয়, ইহারাও যেন তেমনি ক্ষুধার্ত মলিন ভিক্ষুককে দেখিলে দূর হইতে মুখ ফিরাইয়া এক মুঠা মুদ্রা অনায়াসে ফেলিয়া দিতে পারে। তাহাদের চক্ষে অধিকাংশ পৃথিবীর একপ্রকার যৎসামান্য ভাব ও ছিন্নবস্ত্র অকিঞ্চনতা যেন কেবল একটা মস্ত বেয়াদবি। তাহারা যে পৃথিবীতে সুখী ও সম্মানিত হইতেছে না, এ কেবল পৃথিবীর দোষ।

গোবিন্দমাণিক্য যে ঠিক এতটা ভাবিয়াছিলেন তাহা নহে। তিনি লক্ষণ দেখিয়াই বুঝিয়াছিলেন যে, এই ফকির, এ যে আপনার বাসনা-সকল বিসর্জন দিয়া স্বাধীন ও সুস্থ হইয়া জগতের কাজ করিতে বাহির হইয়াছে তাহা নহে; এ কেবল আপনার বাসনা তৃপ্ত হয় নাই বলিয়া রাগ করিয়া সমস্ত জগতের প্রতি বিমুখ হইয়া বাহির হইয়াছে। তিনি যাহা চান তাহাই তাঁহার পাওনা এইরূপ ফকিরের বিশ্বাস, এবং জগৎ তাঁহার নিকটে যাহা চায় তাহা সুবিধামত দিলেই চলিবে এবং না দিলেও কোনো ক্ষতি নাই। ঠিক এই বিশ্বাস-অনুসারে কাজ হয় নাই বলিয়া তিনি জগৎকে একঘরে করিয়া বাহির হইয়া পড়িয়াছেন।

গোবিন্দমাণিক্যকে দেখিয়া ফকিরের রাজা বলিয়াও মনে হইল, সন্ন্যাসী বলিয়াও বোধ হইল। তিনি ঠিক এরূপ আশা করেন নাই। তিনি মনে করিয়াছিলেন হয় একটা লস্কোর পাগড়ি-পরা স্ফীত মাংসপিণ্ড দেখিবেন, নয়তো একটা দীনবেশধারী মলিন সন্ন্যাসী অর্থাৎ ভস্মাচ্ছাদিত ধূলিশয্যাশায়ী উদ্ধত স্পর্ধা দেখিতে পাইবেন। কিন্তু দুয়ের মধ্যে কোনোটাই দেখিতে পাইলেন না। গোবিন্দমাণিক্যকে দেখিয়া বোধ হইল তিনি যেন সমস্ত ত্যাগ করিয়াছেন, তবু যেন সমস্তই তাঁহারই। তিনি কিছুই চান না বলিয়াই যেন পাইয়াছেন— তিনি আপনাকে দিয়াছেন বলিয়া পাইয়াছেন। তিনি যেমন আত্মসমর্পণ করিয়াছেন, তেমনি সমস্ত জগৎ আপন ইচ্ছায় তাঁহার নিকটে ধরা দিয়াছে। কোনোপ্রকার আড়ম্বর নাই বলিয়া তিনি রাজা, এবং সমস্ত সংসারের নিতান্ত নিকটবর্তী হইয়াছেন বলিয়া তিনি সন্ন্যাসী। এইজন্য তাঁহাকে রাজাও সাজিতে হয় নাই, সন্ন্যাসীও সাজিতে হয় নাই।

রাজা তাঁহার অতিথিদিগকে সময়ে সেবা করিলেন। তাহারা তাঁহার সেবা পরম অবহেলার সহিত গ্রহণ করিলেন। ইহাতে যেন তাহাদের সম্পূর্ণ অধিকার ছিল। তাহাদের আরামের জন্য কী কী দ্রব্য আবশ্যিক তাহাও রাজাকে জানাইয়া দিলেন। রাজা বড়ো ছেলেটিকে স্নেহের সহিত জিজ্ঞাসা করিলেন, “পথশ্রমে অত্যন্ত শ্রান্তিবোধ হইয়াছে কি?”

বালক তাহার ভালোরূপ উত্তর না দিয়া ফকিরের কাছে ঘেঁষিয়া বসিল। রাজা তাহাদের দিকে চাহিয়া ঈষৎ হাসিয়া কহিলেন, “তোমাদের এই সুকুমার শরীর তো পথে চলিবার জন্য নহে। তোমরা আমার এই দুর্গে বাস করো, আমি তোমাদিগকে যত্ন করিয়া রাখিব।”

রাজার এই কথার উত্তর দেওয়া উচিত কি না এবং এই-সকল লোকের সহিত ঠিক কিরূপ ভাবে ব্যবহার করা কর্তব্য তাহা বালকেরা ভাবিয়া পাইল না— তাহারা ফকিরের অধিকতর কাছে ঘেঁষিয়া

বসিল। যেন মনে করিল, কোথাকার এই ব্যক্তি মলিন হাত বাড়াইয়া তাহাদিগকে এখনই আত্মসাৎ করিতে আসিতেছে!

ফকির গম্ভীর হইয়া কহিলেন, “আচ্ছা, আমরা কিছুকাল তোমার এই দুর্গে বাস করিতে পারি।”

রাজাকে যেন অনুগ্রহ করিলেন। মনে মনে কহিলেন, ‘আমি কে তাহা যদি জানিত, তবে এই অনুগ্রহে তোমার আর আনন্দের সীমা থাকিত না।’

তিনটি বালককে রাজা কিছুতেই পোষ মানাইতে পারিলেন না। এবং ফকির নিতান্ত যেন নির্লিপ্ত হইয়া রহিলেন।

ফকির গোবিন্দমাণিক্যকে জিজ্ঞাসা করিলেন, “শুনিয়াছি তুমি এক কালে রাজা ছিলে, কোথাকার রাজা?”

গোবিন্দমাণিক্য কহিলেন, “ত্রিপুরার।”

শুনিয়া বালকেরা তাঁহাকে অত্যন্ত ছোটো বিবেচনা করিল। তাহারা কোনো কালে ত্রিপুরার নাম শুনে নাই। কিন্তু ফকির ঈষৎ বিচলিত হইয়া উঠিলেন। আবার জিজ্ঞাসা করিলেন, “তোমার রাজত্ব গেল কী করিয়া?”

গোবিন্দমাণিক্য কিছুক্ষণ চুপ করিয়া রহিলেন। অবশেষে কহিলেন, “বাংলার নবাব শা সুজা আমাকে রাজ্য হইতে নির্বাসিত করিয়া দিয়াছেন।”

নক্ষত্রবায়ের কোনো কথা বলিলেন না।

এই কথা শুনিয়া বালকেরা সকলে চমকিয়া উঠিয়া ফকিরের মুখের দিকে চাহিল। ফকিরের মুখ যেন বিবর্ণ হইয়া গেল। তিনি সহসা বলিয়া ফেলিলেন, “এ-সকল বুঝি তোমার ভাইয়ের কাজ? তোমার ভাই বুঝি তোমাকে রাজ্য হইতে তাড়া করিয়া সন্ন্যাসী করিয়াছে?”

রাজা আশ্চর্য হইয়া গেলেন; কহিলেন, “তুমি এত সংবাদ কোথায় পাইলে সাহেব?”

পরে মনে করিলেন, “আশ্চর্যের বিষয় কিছুই নাই, কাহারও নিকট হইতে শুনিয়া থাকিবেন।”

ফকির তাড়াতাড়ি কহিলেন, “আমি কিছুই জানি না। আমি কেবল অনুমান করিতেছি।”

রাত্রি হইলে সকলে শয়ন করিতে গেলেন। সে রাত্রে ফকিরের আর ঘুম হইল না। জাগিয়া দুঃস্বপ্ন দেখিতে লাগিলেন এবং প্রত্যেক শব্দে চমকিয়া উঠিলেন।

পরদিন ফকির গোবিন্দমাণিক্যকে কহিলেন, “বিশেষ প্রয়োজনবশত এখানে আর থাকা হইল না। আমরা আজ বিদায় হই।”

গোবিন্দমাণিক্য কহিলেন, “বালকেরা পথের কষ্টে শ্রান্ত হইয়া পড়িয়াছে, তাহাদিগকে আর কিছুকাল বিশ্রাম করিতে দিলে ভালো হয়।”

বালকেরা কিছু বিরক্ত হইল— তাহাদের মধ্যে সর্বজ্যেষ্ঠটি ফকিরের দিকে চাহিয়া কহিল, “আমরা কিছু নিতান্ত শিশু না, যখন আবশ্যিক তখন অনায়াসে কষ্ট সহ্য করিতে পারি।”

গোবিন্দমাণিক্যের নিকট হইতে তাহারা স্নেহ গ্রহণ করিতে প্রস্তুত নহে। গোবিন্দমাণিক্য আর কিছু বলিলেন না।

ফকির যখন যাত্রার উদ্যোগ করিতেছেন, এমন সময় দুর্গে আর-একজন অতিথি আগমন করিলেন। তাঁহাকে দেখিয়া রাজা ও ফকির উভয়ে আশ্চর্য হইয়া গেলেন। ফকির কী করিবেন ভাবিয়া পাইলেন না। রাজা তাঁহার অতিথিকে প্রণাম করিলেন। অতিথি আর কেহ নহেন, রঘুপতি। রঘুপতি রাজার প্রণাম গ্রহণ করিয়া কহিলেন, “জয় হউক।”

রাজা কিঞ্চিৎ ব্যস্ত হইয়া জিজ্ঞাসা করিলেন, “নক্ষত্রের নিকট হইতে আসিতেছ ঠাকুর? বিশেষ কোনো সংবাদ আছে?”

রঘুপতি কহিলেন, “নক্ষত্রবায় ভালো আছেন, তাঁহার জন্য ভাবিবেন না।”

আকাশের দিকে হাত তুলিয়া কহিলেন, “আমাকে জয়সিংহ তোমার কাছে পাঠাইয়া দিয়াছে। সে বাঁচিয়া নাই। তাহার ইচ্ছা আমি সাধন করিব নহিলে আমার শাস্তি নাই। তোমার কাছে থাকিয়া

তোমার সঙ্গী হইয়া তোমার সকল কার্যে আমি যোগ দিব।”

রাজা প্রথমে রঘুপতির ভাব কিছু বুঝিতে পারিলেন না। তিনি একবার মনে করিলেন, রঘুপতি বুঝি পাগল হইয়া থাকিবেন। রাজা চুপ করিয়া রহিলেন।

রঘুপতি কহিলেন, “আমি সমস্ত দেখিয়াছি, কিছুতেই সুখ নাই। হিংসা করিয়া সুখ নাই, আধিপত্য করিয়া সুখ নাই, তুমি যে পথ অবলম্বন করিয়াছ তাহাতেই সুখ। আমি তোমার পরম শত্রুতা করিয়াছি, আমি তোমাকে হিংসা করিয়াছি, তোমাকে আমার কাছে বলি দিতে চাহিয়াছিলাম, আজ আমাকে তোমার কাছে সম্পূর্ণ ত্যাগ করিতে আসিয়াছি।”

গোবিন্দমাণিক্য কহিলেন, “ঠাকুর, তুমি আমার পরম উপকার করিয়াছ। আমার শত্রু আমার ছায়ার মতো আমার সঙ্গে সঙ্গেই লিপ্ত হইয়া ছিল, তাহার হাত হইতে তুমি আমাকে পরিত্রাণ করিয়াছ।”

রঘুপতি সে কথায় বড়ো-একটা কান না দিয়া কহিলেন, “মহারাজ, আমি জগতের রক্তপাত করিয়া যে পিশাচীকে এতকাল সেবা করিয়া আসিয়াছি, সে অবশেষে আমারই হৃদয়ের সমস্ত রক্ত শোষণ করিয়া পান করিয়াছে। সেই শোণিতপিপাসী জড়তা-মূঢ়তাকে আমি দূর করিয়া আসিয়াছি; সে এখন মহারাজের রাজ্যের দেবমন্দিরে নাই, এখন সে রাজসভায় প্রবেশ করিয়া সিংহাসনে চড়িয়া বসিয়াছে।”

রাজা কহিলেন, “দেবমন্দির হইতে যদি সে দূর হয় তো ক্রমে মানবের হৃদয় হইতেও দূর হইতে পারিবে।”

পশ্চাৎ হইতে একটি পরিচিত স্বর কহিল, “না মহারাজ, মানবহৃদয়ই প্রকৃত মন্দির, সেইখানেই খড়্গা শাণিত হয় এবং সেইখানেই শতসহস্র নরবলি হয়! দেবমন্দিরে তাহার সামান্য অভিনয় হয় মাত্র।”

রাজা সচকিত হইয়া ফিরিয়া দেখিলেন সহাস্য-সৌম্যমূর্তি বিষ্ণন। তাঁহাকে প্রণাম করিয়া রুদ্ধকণ্ঠে কহিলেন, “আজ আমার কী আনন্দ!”

বিষ্ণন কহিলেন, “মহারাজ, আপনাকে জয় করিয়াছেন বলিয়া সকলকেই জয় করিয়াছেন। তাই আজ আপনার দ্বারে শত্রুমিত্র সকলে একত্র হইয়াছে।”

ফকির অগ্রসর হইয়া কহিলেন, “মহারাজ, আমিও তোমার শত্রু, আমিও তোমার হাতে ধরা দিলাম।”

রঘুপতির দিকে অঙ্গুলি নির্দেশ করিয়া কহিলেন, “এই ব্রাহ্মণ ঠাকুর আমাকে জানেন। আমিই সুজা, বাংলার নবাব, আমিই তোমাকে বিনাপরাধে নির্বাসিত করিয়াছি এবং সে পাপের শাস্তিও পাইয়াছি— আমার ভ্রাতার হিংসা আজ পথে পথে আমার অনুসরণ করিতেছে, আমার রাজ্যে আমার আর দাঁড়াইবার স্থান নাই। ছদ্মবেশে আমি আর থাকিতে পারি না, তোমার কাছে সম্পূর্ণ আত্মসমর্পণ করিয়া আমি বাঁচিলাম।”

তখন রাজা ও নবাব উভয়ে কোলাকুলি করিলেন। রাজা কেবলমাত্র কহিলেন, “আমার কী সৌভাগ্য!”

রঘুপতি কহিলেন, “মহারাজ, তোমার সহিত শত্রুতা করিলেও লাভ আছে। তোমার শত্রুতা করিতে গিয়াই তোমার কাছে ধরা পড়িয়াছি, নহিলে কোনোকালে তোমাকে জানিতাম না।”

বিষ্ণন হাসিয়া কহিলেন, “যেমন ফাঁসের মধ্যে পড়িয়া ফাঁস ছিড়িতে গিয়া গলায় আরো অধিক বাঁধিয়া যায়।”

রঘুপতি কহিলেন, “আমার আর দুঃখ নাই— আমি শাস্তি পাইয়াছি।”

বিষ্ণন কহিলেন, “শাস্তি সুখ আপনার মধ্যেই আছে, কেবল জানিতে পাই না। ভগবান এ যেন মাটির হাঁড়িতে অমৃত রাখিয়াছেন, অমৃত আছে বলিয়া কাহারও বিশ্বাস হয় না। আঘাত লাগিয়া হাঁড়ি ভাঙিলে তবে অনেক সময়ে সুধার আশ্বাদ পাই। হায় হায়, এমন জিনিসও এমন জায়গায় থাকে!”

এমন সময়ে একটা অপ্রভেদী হো হো শব্দ উঠিল। দেখিতে দেখিতে দুর্গের মধ্যে ছোটোবড়ো

নানাবিধ ছেলে আসিয়া পড়িল। রাজা বিশ্বনকে কহিলেন, “এই দেখো ঠাকুর, আমার ধুব।”
বলিয়া ছেলেদের দেখাইয়া দিলেন।

বিশ্বন কহিলেন, “যাহার প্রসাদে তুমি এতগুলি ছেলে পাইয়াছ সেও তোমাকে ভোলে নাই, তাহাকে আনিয়া দিই।”

বলিয়া বাহিরে গেলেন। কিঞ্চিৎ বিলম্বে ধুবকে কোলে করিয়া আনিয়া রাজার কোলে দিলেন।
রাজা তাহাকে বুকে চাপিয়া ধরিয়া ডাকিলেন, “ধুব!”

ধুব কিছুই বলিল না, গম্ভীর ভাবে নীরবে রাজার কাঁধে মাথা দিয়া পড়িয়া রহিল। বহুদিন পরে
প্রথম মিলনে বালকের ক্ষুদ্র হৃদয়ের মধ্যে যেন একপ্রকার অস্ফুট অভিমান ও লজ্জার উদয় হইল।
রাজাকে জড়াইয়া মুখ লুকাইয়া রহিল।

রাজা বলিলেন, “আর সব হইল, কেবল নক্ষত্র আমাকে ভাই বলিল না।”

সুজা তীব্রভাবে কহিলেন, “মহারাজ, আর সকলেই অতি সহজেই ভাইয়ের মতো ব্যবহার করে,
কেবল নিজের ভাই করে না।”

সুজার হৃদয় হইতে এখনো শেল উৎপাটিত হয় নাই।

উপসংহার

এইখানে বলা আবশ্যিক তিনটি বালক সুজার তিন ছদ্মবেশী কন্যা। সুজা মক্কা যাইবার উদ্দেশ্যে
চট্টগ্রাম বন্দরে গিয়াছিলেন। কিন্তু দুর্ভাগ্যক্রমে গুরুতর বর্ষার প্রাদুর্ভাবে একখানিও জাহাজ পাইলেন
না। অবশেষে হতাশ হইয়া ফিরিয়া আসিবার পথে, গোবিন্দমাণিক্যের সহিত দুর্গে দেখা হয়। কিছুদিন
দুর্গে বাস করিয়া সুজা সংবাদ পাইলেন এখনো সম্রাটসৈন্য তাঁহাকে সন্মান করিতেছে। গোবিন্দমাণিক্য
যানাদি ও বিস্তর অনুচর-সমেত তাঁহার বন্ধু আরাকান-পতির নিকটে তাঁহাকে প্রেরণ করেন। যাইবার
সময় সুজা তাঁহাকে বহুমূল্য তরবারি উপহারস্বরূপ দান করেন।

ইতিমধ্যে রাজা রঘুপতি ও বিশ্বনে মিলিয়া সমস্ত গ্রামকে যেন সচেতন করিয়া তুলিলেন। রাজার
দুর্গ সমস্ত গ্রামের প্রাণ হইয়া উঠিল।

এইরূপে ছয় বৎসর কাটিয়া গেলে ছত্রমাণিক্যের মৃত্যু হইল। গোবিন্দমাণিক্যকে সিংহাসনে
ফিরাইয়া লইবার জন্য ত্রিপুরা হইতে দূত আসিল।

গোবিন্দমাণিক্য প্রথমে বলিলেন, “আমি রাজ্যে ফিরিব না।”

বিশ্বন কহিলেন, “সে হইবে না মহারাজ! ধর্ম যখন স্বয়ং দ্বারে আসিয়া আহ্বান করিতেছেন তখন
তাঁহাকে অবহেলা করিবেন না।”

রাজা তাঁহার ছাত্রদের দিকে চাহিয়া কহিলেন, “আমার এতদিনকার আশা অসমাপ্ত, এতদিনকার
কার্য অসম্পূর্ণ রহিবে?”

বিশ্বন কহিলেন, “এখানে তোমার কার্য আমি করিব।”

রাজা কহিলেন, “তুমি যদি এখানে থাক তাহা হইলে আমার সেখানকার কার্য অসম্পূর্ণ হইবে।”

বিশ্বন কহিলেন, “না মহারাজ, এখন আমাকে আর তোমার আবশ্যিক নাই। তুমি এখন আপনার
প্রতি আপনি সম্পূর্ণ নির্ভর করিতে পার। আমি যদি সময় পাই তো মাঝে মাঝে তোমার সহিত সাক্ষাৎ
করিতে যাইব।”

রাজা ধুবকে সঙ্গে লইয়া রাজ্যে প্রবেশ করিলেন। ধুব এখন আর নিতান্ত ক্ষুদ্র নহে। সে বিশ্বনের
প্রসাদে সংস্কৃত ভাষা শিক্ষা করিয়া শাস্ত্র-অধ্যয়নে মন দিয়াছে। রঘুপতি পুনর্বীর পৌরোহিত্য গ্রহণ
করিলেন। এবার মন্দিরে আসিয়া যেন মৃত জয়সিংহকে পুনর্বীর জীবিতভাবে প্রাপ্ত হইলেন।

এ দিকে বিশ্বাসঘাতক আরাকান-পতি সুজাকে হত্যা করিয়া তাঁহার সর্বকনিষ্ঠ কন্যাকে বিবাহ
করেন।—

‘দুর্ভাগা সুজার প্রতি আরাকান-পতির নৃশংসতা স্মরণ করিয়া গোবিন্দমাণিক্য দুঃখ করিতেন । সুজার নাম চিরস্মরণীয় করিবার জন্য তিনি তরবারের বিনিময়ে বহুতর অর্থ-দ্বারা কুমিল্লা-নগরীতে একটি উৎকৃষ্ট মসজিদ প্রস্তুত করাইয়াছিলেন । তাহা অদ্যাপি সুজা-মসজিদ বলিয়া বর্তমান আছে ।

‘গোবিন্দমাণিক্যের যত্নে মেহেরকুল আবাদ হইয়াছিল । তিনি ব্রাহ্মণগণকে বিস্তর ভূমি তাম্রপত্রে সনন্দ লিখিয়া দান করেন । মহারাজ গোবিন্দমাণিক্য কুমিল্লার দক্ষিণে বাতিসা গ্রামে একটি দীর্ঘিকা খনন করাইয়াছিলেন । তিনি অনেক সৎকার্যের অনুষ্ঠান করিতেছিলেন, কিন্তু সম্পন্ন করিতে পারেন নাই । এইজন্য অনুতাপ করিয়া ১৬৬৯ খৃঃ অব্দে মানবলীলা সম্বরণ করেন ।’

শেষ দুই প্যারাগ্রাফ শ্রীযুক্ত বাবু কৈলাসচন্দ্র সিংহ -প্রণীত ত্রিপুরার ইতিহাস হইতে উদ্ধৃত

প্রবন্ধ

শ্রীযুক্ত চারুচন্দ্র দত্ত বন্ধুবরেষু

আমার বয়স ছিল সতেরো। পড়াশুনোয় ফাঁকি দিয়ে গুরুজনের উদ্বেগভাজন হয়েছি। মেজদাদা তখন আমেদাবাদে জজিয়তি করছেন। ভদ্রঘরের ছেলের মানরক্ষার উপযুক্ত ইংরেজি যে-করে-হোক জানা চাই; সেজন্যে আমার বিলেত-নির্বাসন ধার্য হয়েছে। মেজদাদার ওখানে কিছুদিন থেকে পস্তন করতে হবে তার প্রথম ভিত, হিতৈষীরা এই স্থির করেছেন। সিভিল সার্ভিসের রঙ্গভূমিতে আমার বিলিতি কায়দার নেপথ্যবিধান হল।

বালক-বয়সে আত্মপ্রকাশটা থাকে চাপা। জীবনে তখন উপরওয়ালাদেরই আধিপত্য; চলৎশক্তির স্বাতন্ত্র্যটা দখল করে আদেশ উপদেশ অনুশাসন। স্বভাবত মেনে-চলবার মন আমার নয়, কিন্তু আমি ছিলুম ভোলা মনের মানুষ, আপন খেয়াল নিয়ে থাকতুম, আমাকে দেখতে হত নেহাত ভালোমানুষের মতো। ভাবীকালে বিস্তর কথাই কইতে হয়েছে, তার অঙ্কুরোদ্যম ছিল নিঃশব্দে। একদিন যখন বারান্দার রেলিং ধরে একলা চুপ করে বসে ছিলুম, পাশ দিয়ে যেতে যেতে বড়দাদা আমার মাথা নাড়া দিয়ে বললেন, রবি হবে ফিলজফর। চুপ করে থাকার খেতে ফিলজফি ছাড়াও অন্য ফসল ফলে।

খেতে প্রথম দেখা দিল কাঁটাগাছ, চাষ-না-করা জমিতে। বিশ্বকে খোঁচা মেরে আপন অস্তিত্ব প্রমাণ করবার সেই ঔদ্ধত্য। হরিণ-বালকের প্রথম শিং উঠলে তার যে চাল হয় সেই উগ্র চাল প্রথম কৈশোরের। বালক আপন বাল্যসীমা পেরোবার সময় সীমা লঙ্ঘন করতে চায় লাফ দিয়ে। তার পরিচয় শুরু হয়েছিল মেঘনাদবধকাব্যের সমালোচনা যখন লিখেছিলেম পনেরো বছর বয়সে। এই সময়েই যাত্রা করেছি বিলেতে। চিঠি যেগুলো লিখেছিলুম তাতে খাঁটি সত্য বলার চেয়ে খাঁটি স্পর্ধা প্রকাশ পেয়েছে প্রবল বেগে। বাঙালির ছেলে প্রথম বিলেতে গেলে তার ভালো লাগবার অনেক কারণ ঘটে। সেটা স্বাভাবিক, সেটা ভালোই। কিন্তু কোমর বেঁধে বাহাদুরি করবার প্রবৃত্তিতে পেয়ে বসলে উলটো মূর্তি ধরতে হয়। বলতে হয়, আমি অন্য পাঁচজনের মতো নই, আমার ভালো লাগবার যোগ্য কোথাও কিছুই নেই। সেটা যে চিন্তদৈন্যের লজ্জাকর লক্ষণ এবং অর্বাচীন মূঢ়তার শোচনীয় প্রমাণ, সেটা বোঝবার বয়স তখনো হয় নি।

সাহিত্যে সাবালক হওয়ার পর থেকেই ঐ বইটার 'পরে আমার ধিক্কার জন্মেছিল। বুঝেছি, যে-দেশে গিয়েছিলুম সেখানকারই যে সম্মানহানি করা হয়েছে তা নয়, ওটাতে নিজেরই সম্মানহানি। বিস্তর লোকের বার বার অনুরোধ সত্ত্বেও বইটা প্রকাশ করি নি। কিন্তু আমি প্রকাশে বাধা দিলেই ওটা যে অপ্রকাশিত থাকবে এই কৌতূহলমুখর যুগে তা আশা করা যায় না। সেইজন্যে এ লেখার কোন্ কোন্ অংশকে লেখক স্বয়ং গ্রাহ্য ও ত্যাজ্য বলে স্বীকার করেছে সেটা জানিয়ে রেখে দিলুম। যথাসময়ে ময়লার ঝুলি হাতে আবর্জনা কুড়োবার লোক আসবে, বাজারে সেগুলো বিক্রি হবার আশঙ্কাও যথেষ্ট আছে। অনেক অপরাধের অনেক প্রায়শ্চিত্ত বাকি থাকে ইহলোকে, প্রেতলোকে সেগুলো সম্পূর্ণ হতে থাকে।

এই বইটাকে সাহিত্যের পঙ্ক্তিতে আমি বসাতে চাই, ইতিহাসের পঙ্ক্তিতে নয়। পাঠ্য জিনিসেরই মূল্য সাহিত্যে, অপাঠ্য জিনিসেরও মূল্য ইতিহাসে। ঐতিহাসিককে যদি সম্পূর্ণ বঞ্চিত করতে পারতুম তবে আমার পক্ষে সেটা পুণ্যকর্ম, সুতরাং মুক্তির পথ হত। নিজের কাব্য সম্বন্ধে এই ত্যাগের সাধনায় প্রবৃত্ত হতে বার বার সংকল্প করেছি। কিন্তু দুর্বল মন, সংঘবদ্ধ আপত্তির বিরুদ্ধে ব্রতপালন করতে পারি নি। বাছাই করবার ভার দিতে হল পরশুপাণি মহাকালের হাতে। কিন্তু মুদ্রায়ন্ত্রের যুগে মহাকালেরও কর্তব্যে ক্রটি ঘটছে। বইগুলির বৈষয়িক স্বত্ব হারিয়েছি বলে আরো দুর্বল হতে হল আমাকে।

যুরোপ-প্রবাসীর পত্রশ্রেণী আগাগোড়া অরক্ষণীয় নয়। এর স্বপক্ষে একটা কথা আছে সে

হচ্ছে এর ভাষা। নিশ্চিত বলতে পারি নে কিন্তু আমার বিশ্বাস, বাংলা সাহিত্যে চলতি ভাষায় লেখা বই এই প্রথম। আজ এর বয়স হল প্রায় ষাট। সে-ক্ষেত্রেও আমি ইতিহাসের দোহাই দিয়ে কৈফিয়ত দাখিল করব না। আমার বিশ্বাস বাংলা চলতি ভাষার সহজ প্রকাশপটুতার প্রমাণ এই চিঠিগুলির মধ্যে আছে।

তার পরে লেখার জঙ্গলগুলো সাফ করবামাত্র দেখা গেল, এর মধ্যে শ্রদ্ধা বস্তুটাই ছিল গোপনে, অশ্রদ্ধাটা উঠেছিল বাহিরে আগাছার মতো নিবিড় হয়ে। আসল জিনিসটাকে তারা আচ্ছন্ন করেছিল, কিন্তু নষ্ট করে নি। এইটে আবিষ্কার করে আমার মন অত্যন্ত প্রসন্ন হয়েছে। কেননা, নিন্দা-নৈপুণ্যের প্রার্থ্য ও চাতুর্যকে আমি সর্বাস্তুরূপে ঘৃণা করি। ভালো লাগবার শক্তিই বিধাতার শ্রেষ্ঠ পুরস্কার মানবজীবনে। সাহিত্যে কুৎসাবিলাসীদের ভোজের দাদন আমি নিই নি, আর কিছু না হোক, এই পরিচয়টুকু আমি রেখে যেতে চাই।

একটা কথা আপনাকে বলা বাহুল্য। ইংরেজের চেহারা সেদিন আমার চোখে যেমনটা ধরা পড়েছিল সেটা যে নেহাত আমার বাল্যবুদ্ধি ও অনভিজ্ঞতার সৃষ্টি সে কথা বললে সম্পূর্ণ সত্য কথা বলা হবে না। এই প্রায় ষাট বছরের মধ্যে সেখানকার মানুষের যে পরিবর্তন হয়েছে তাকে ক্রমশ অভিব্যক্তির আখ্যা দেওয়া যায় না। এক-এক সময়ে ইতিহাস-শতরঞ্ধের বোড়ে তার এক পা চাল ছেড়ে দিয়ে লম্বা চালে চলতে শুরু করে। পাশ্চাত্যে তাই ঘটেছে। সেদিনকার পাসপোর্টে তার যে ছবিটা ছিল সে ছবি আজ একেবারেই চলবে না।

সেই প্রথম-বয়সে যখন ইংলন্ডে গিয়েছিলুম ঠিক মুসাফেরের মতো যাই নি। অর্থাৎ রাস্তা থেকে চলতে চলতে বাহির থেকে চোখ বুলিয়ে যাওয়া বরাদ্দ ছিল না। ছিলেম অতিথির মতো, ঘরের মধ্যে প্রবেশ পেয়েছিলুম। সেবা পেয়েছি, স্নেহ পেয়েছি, কোথাও কোথাও ঠকেছি, দুঃখ পেয়েছি। কিন্তু তার পরে আবার যখন সেখানে গিয়েছি, তখন সভায় থেকেছি, ঘরে নয়। আমার তৎপূর্বকালের অভিজ্ঞতা সর্বাস্তুরূপে যদি না হয় তবু সত্য। যে ডাক্তারের বাড়িতে ছিলুম তিনি ভদ্রশ্রেণীর এবং শ্রদ্ধেয়, কিন্তু সমুদয় ভদ্রশ্রেণীর প্রতীক তিনি না হতে পারেন। ইংলন্ডে আজও বর্ণসাম্য যতই থাকে শ্রেণীভেদ যথেষ্ট। সেখানে এক শ্রেণীর সঙ্গে আর-এক শ্রেণীর মনোবৃত্তি ও ব্যবহারের মিল না থাকাই স্বাভাবিক। সেদিনও নিঃসন্দেহ ছিল না। আমি সেদিনকার সাধারণ গৃহস্থ-ঘরের এবং একটি বিলাসিনী-ঘরের পরিচয় কাছে থেকেই পেয়েছি। তার কিছু কিছু বর্ণনা চিঠিগুলির মধ্যে আছে।

কয়েকটি চিঠিতে তখনকার দিনের ইঙ্গবঙ্গের বিবরণ কিছু বিস্তারিত করেই দিয়েছি। আজ এরা লুপ্ত জীব। কোথাও কোথাও তার বর্তমান অভিব্যক্তির কিছু কিছু চিহ্ন দেখতে পাওয়া যায়। এমন-কি, যারা বিলেতে যান নি তাঁদেরও কারও কারও চালচলনে ইঙ্গবঙ্গী লক্ষণ অকস্মাৎ ফুটে ওঠে। সেকালের ইঙ্গবঙ্গদের অনেককে আমি প্রত্যক্ষ জানতুম। তাঁদের অনেকখানি পরিচয় পেয়েছি তাঁদের নিজেদেরই মুখ থেকে। যদি এর মধ্যে কোনো অতুষ্টি থাকে সে তাঁদেরই স্বকৃত। আমার সামনে বর্ণনায় নিজেদেরও বে-আবরু করতে ভয় পান নি, যেহেতু মুখচোরা ভালোমানুষ বালকটিকে তাঁরা বিপদজনক বলে সন্দেহ করেন নি। আজ তাঁদের কাছে ক্ষমা চাইতে গেলে আরো কয়েকদিন অপেক্ষা করতে হবে। তাঁরা আছেন বৈতরণীর পরপারে।

আমার বিলাতের চিঠিতে 'এবার মলে সাহেব হব' গানটি উদ্ধৃত করেছিলেম। আমার স্নেহভাজন বন্ধু শ্রীযুক্ত চারু বন্দ্যোপাধ্যায় বঙ্গসাহিত্যে হাস্যরসের দৃষ্টান্তস্বরূপ ঐ গানটি আমার রচনা বলে প্রচার করেছেন। তাতে অনামা রচয়িতার মান বেঁচে গেছে, কিন্তু আমার বাঁচে নি। আমার বিশ্বাস যথোচিত গবেষণা করলে আমার লেখা থেকে ওর চেয়ে ভালো দৃষ্টান্ত পাওয়া যেতেও পারে।

এই পত্রগুলি যখন লেখা হয়েছিল তার বারো বছর পরে আর-এক বার বিলেতে

গিয়েছিলেম। তখনো দেশের বদল খুব বেশি হয় নি। সেদিন যে ডায়ারি লিখেছি তাতে আছে আঁচড়কাটা ছবি— একাগাড়িতে চলতে চলতে আশেপাশে এক-নজরে দেখার দৃশ্য।

বইগুলির পুনঃসংস্করণের মুখবন্ধে এই চিঠিখানি আপনাকে সম্বোধন করে লিখেছি। তার কারণ, বিলেত সম্বন্ধে আপনার অভিজ্ঞতা অনেক প্রশস্ত ও গভীর— সেই ভূমিকার উপর রেখে এই চিঠিগুলি ও ডায়ারির যথাযোগ্য স্থান নির্ণয় করতে পারবেন এবং ভুলত্রুটি ও অতিভাষণের অপরিহার্যতা অনুমান করে ক্ষমা করাও আপনার পক্ষে কঠিন হবে না।

ইতি ২৯ অগস্ট ১৯৩৬।

আপনাদের

রবীন্দ্রনাথ ঠাকুর

যুরোপ-প্রবাসীর পত্র

উপহার

ভাই জ্যোতিদাদা,

ইংলন্ডে যাহাকে সর্বাপেক্ষা অধিক মনে পড়িত
তাহারই হস্তে এই পুস্তকটি
সমর্পণ করিলাম ।

স্নেহভাজন
রবি

যুরোপ-প্রবাসীর পত্র

প্রথম পত্র

বিশে সেপ্টেম্বরে আমরা 'পুনা' স্টীমারে উঠলেম । পাঁচটার সময় জাহাজ ছেড়ে দিলে । আমরা তখন জাহাজের ছাতে দাঁড়িয়ে । আশ্বে আশ্বে আমাদের চোখের সামনে ভারতবর্ষের শেষ তটরেখা মিলিয়ে গেল । চার দিকের লোকের কোলাহল সহিতে না পেরে আমি আমার নিজের ঘরে গিয়ে শুয়ে পড়লেম । গোপন করবার বিশেষ প্রয়োজন দেখছি নে, আমার মনটা বড়োই কেমন নিজীব, অবসন্ন, ভ্রিয়মাণ হয়ে পড়েছিল, কিন্তু দূর হোক গে— ও-সব করুণরসাত্মক কথা লেখবার অবসরও নেই ইচ্ছেও নেই ; আর লিখলেও হয় তোমার চোখের জল থাকবে না, নয় তোমার ধৈর্য থাকবে না ।

সমুদ্রের পায়ে দণ্ডবৎ । ২০শে থেকে ২৬শে পর্যন্ত যে করে কাটিয়েছি তা আমিই জানি । সমুদ্রপীড়া কাকে বলে অবিশ্যি জান কিন্তু কী রকম তা জান না । আমি সেই ব্যামোয় পড়েছিলেম, সে কথা বিস্তারিত করে লিখলে পাষাণেরও চোখে জল আসবে । ছটা দিন, মশায়, শয্যা থেকে উঠি নি । যে ঘরে থাকতেম, সেটা অতি অন্ধকার, ছোটো, পাছে সমুদ্রের জল ভিতরে আসে তাই চার দিকের জানলা সম্পূর্ণরূপে বন্ধ । অসূর্যস্পর্শ্যরূপ ও অবায়ুস্পর্শ্যদেহ হয়ে ছয়টা দিন কেবল বেঁচে ছিলেম মাত্র । প্রথম দিন সন্ধেবেলায় আমাদের একজন সহযাত্রী আমাকে জোর করে বিছানা থেকে উঠিয়ে খাবার টেবিলে নিয়ে গেলেন । যখন উঠে দাঁড়ালেম তখন আমার মাথার ভিতর যা-কিছু আছে সবাই মিলে যেন মারামারি কাটাকাটি আরম্ভ করে দিলে, চোখে দেখতে পাই নে, পা চলে না, সর্বাঙ্গ টলমল করে ! দু-পা গিয়েই একটা বেঞ্চিতে গিয়ে বসে পড়লেম । আমার সহযাত্রীটি আমাকে ধরাধরি করে জাহাজের ডেক-এ নিয়ে গেলেন । একটা রেলের উপর ভর দিয়ে দাঁড়ালেম । তখন অন্ধকার রাত । আকাশ মেঘে আচ্ছন্ন । আমাদের প্রতিকূলে বাতাস বইছে । সেই অন্ধকারের মধ্যে সেই নিরাশ্রয় অকূল সমুদ্রে দুই দিকে অগ্নি উৎক্ষিপ্ত করতে করতে আমাদের জাহাজ একলা চলেছে ; যেখানে চাই সেই দিকেই অন্ধকার, সমুদ্র ফুলে ফুলে উঠছে— সে এক মহা গস্তীর দৃশ্য ।

সেখানে বেশিক্ষণ থাকতে পারলেম না । মাথা ঘুরতে লাগল । ধরাধরি করে আবার আমার ক্যাবিনে এলেম । সেই যে বিছানায় পড়লেম, ছ-দিন আর এক মুহূর্তের জন্যও মাথা তুলি নি । আমাদের যে স্টুঅর্ড ছিল (যাত্রীদের সেবক)— কারণ জানি নে— আমার উপর তার বিশেষ কৃপাদৃষ্টি ছিল । দিনের মধ্যে যখন-তখন সে আমার জন্যে খাবার নিয়ে উপস্থিত করত ; না খেলে কোনোমতেই ছাড়ত না । সে বলত, না খেলে আমি ইদুরের মতো দুর্বল হয়ে পড়ব (weak as a rat) । সে বলত, সে আমার জন্যে সব কাজ করতে পারে । আমি তাকে যথেষ্ট সাধুবাদ দিতেম, এবং জাহাজ ছেড়ে আসবার সময় সাধুবাদের চেয়ে আরো কিঞ্চিৎ সারবান পদার্থ দিয়েছিলেম ।

ছ-দিনের পর আমরা যখন এডেনের কাছাকাছি পৌঁছলেম, তখন সমুদ্র কিছু শান্ত হল । সেদিন আমার স্টুঅর্ড এসে নড়ে চড়ে বেড়াবার জন্যে আমাকে বার বার অনুরোধ করতে লাগল । আমি তার পরামর্শ শুনে বিছানা থেকে তো উঠলেম, উঠে দেখি যে সত্যিই ইদুরের মতো দুর্বল হয়ে পড়েছি । মাথা যেন ধার-করা, কাঁধের সঙ্গে তার ভালোরকম বনে না ; চুরি-করা কাপড়ের মতো শরীরটা যেন আমার ঠিক গায়ে লাগছে না । ঘর থেকে বেরিয়ে ছাতের উপর গিয়ে একটা কেদারায় হেলান দিয়ে পড়লেম । অনেক দিনের পর বাতাস পেয়ে ঝাঁচলেম । দুপুরবেলা দেখি একটা ছোটো নৌকা সেই সমুদ্র দিয়ে চলেছে । চার দিকে অনেক দূর পর্যন্ত আর ডাঙা নেই, জাহাজসুদ্ধ লোক অবাক । তারা আমাদের স্টীমারকে ডাকতে আরম্ভ করলে, জাহাজ থামল । তারা একটি ছোটো নৌকায় করে

কতকগুলি লোক জাহাজে পাঠিয়ে দিলে । এরা সকলে আরবদেশীয়, এডেন থেকে মস্কটে যাচ্ছে । পথের মধ্যে দিক্‌ভ্রম হয়ে গেছে, তাদের সঙ্গে যা জলের পিপে ছিল, তা ভেঙে গিয়ে জল সমস্ত নষ্ট হয়ে গেছে, অথচ যাত্রী অনেক । আমাদের জাহাজের লোকেরা তাদের জল দিলে । একটি ম্যাপ খুলে কোন্ দিকে ও কত দূরে মস্কট তাদের দেখিয়ে দিলে, তারা আবার চলতে লাগল । সে নৌকো যে মস্কট পর্যন্ত পৌঁছবে তাতে সকলেই সন্দেহ প্রকাশ করতে লাগল ।

২৮শে সেপ্টেম্বর শনিবার সকালে ঘুম থেকে উঠেই দেখি, আমাদের সম্মুখে সব পাহাড়-পর্বত উঠেছে । অতি সুন্দর পরিষ্কার প্রভাত, সূর্য সবেমাত্র উঠেছে, সমুদ্র অতিশয় শান্ত । দূর থেকে সেই পর্বতময় ভূভাগের প্রভাতদৃশ্য এমন সুন্দর দেখাচ্ছে যে কী বলব । পর্বতের উপরে রঙিন মেঘগুলি এমন নত হয়ে পড়েছে যে, মনে হয় যেন অপরিমিত সূর্যকিরণ পান করে তাদের আর দাঁড়াবার শক্তি নেই, পর্বতের উপরে যেন অবসন্ন হয়ে পড়েছে । আয়নার মতো পরিষ্কার শান্ত সমুদ্রের উপর ছোটো ছোটো পাল তোলা নৌকাগুলি আবার কেমন ছবির মতো দেখাচ্ছে ।

এডেনে পৌঁছে বাড়িতে চিঠি লিখতে আরম্ভ করলেম কিন্তু লিখতে গিয়ে দেখি যে এই ক-দিন নাড়াচাড়া খেয়ে মাথার ভিতরে যেন সব উলটোপালটা হয়ে গেছে, বুদ্ধির রাজ্যে একটা অরাজকতা ঘটেছে । কী করে লিখব, ভালো মনে আসছে না । ভাবগুলো যেন মাকড়সার জালের মতো, ছুঁতে গেলেই অমনি ছিঁড়েখুঁড়ে যাচ্ছে । কিসের পর কী লিখব, তার একটা ভালোরকম বন্দোবস্ত করতে পারছি নে । এই অবস্থায় লিখতে আরম্ভ করলেম, এমন বিপদে পড়ে তোমাকে যে লিখতে পারি নি তাতে তোমার ক্ষোভের কারণ কিছুই নেই ।

দেখো, সমুদ্রের উপর আমার কতকটা অশ্রদ্ধা হয়েছে । কল্পনায় সমুদ্রকে যা মনে করতাম, সমুদ্রে এসে দেখি তার সঙ্গে অনেক বিষয় মেলে না । তীর থেকে সমুদ্রকে খুব মহান বলে মনে হয়, কিন্তু সমুদ্রের মধ্যে এলে আর ততটা হয় না । তার কারণ আছে ; আমি যখন বিশ্বের উপকূলে দাঁড়িয়ে সমুদ্র দেখতাম, তখন দেখতাম দূরদিগন্তে গিয়ে নীল জল নীল আকাশে মিশিয়ে গিয়েছে, কল্পনায় মনে করতাম যে, একবার যদি ঐ দিগন্তের আবরণ ভেদ করতে পারি, ঐ দিগন্তের যবনিকা ওঠাতে পারি, অমনি আমার সম্মুখে এক অকূল অনন্ত সমুদ্র একেবারে উথলে উঠবে । ঐ দিগন্তের পরে যে কী আছে তা আমার কল্পনাতেই থাকত ; তখন মনে হত না, ঐ দিগন্তের পরে আর-এক দিগন্ত আসবে । কিন্তু যখন সমুদ্রের মধ্যে এসে পড়ি, তখন মনে হয় যে, জাহাজ যেন চলছে না, কেবল একটি দিগন্তের গণ্ডির মধ্যে বাঁধা আছে । আমাদের কল্পনার পক্ষে সে দিগন্তের সীমা এত সংকীর্ণ যে কেমন তৃপ্তি হয় না । কিন্তু দেখো, এ কথা বড়ো গোপনে রাখা উচিত ; বাল্মীকি থেকে বায়রন পর্যন্ত সকলেরই যদি এই সমুদ্র দেখে ভাব লেগে থাকে, তবে আমার না লাগলে দশজনে যে হেসে উঠবে ; গ্যালিলিওর সময়ে এ কথা বললে হয়তো আমাকে কয়েদ যেতে হত ! এত কবি সমুদ্রের স্তুতিবাদ করেছেন যে, আজ আমার এই নিন্দায় তাঁর বোধ হয় বড়ো একটা গায়ে লাগবে না । যখন তরঙ্গ ওঠে, তখন বোধ করি সমুদ্র বেশ দেখায়, কিন্তু আমার দুর্ভাগ্যক্রমে সমুদ্রের তরঙ্গ উঠলেই আমার এমন মাথা ঘুরতে থাকে যে আমার দেখাশুনো সব ঘুরে যায় ।

আমি যখন ঘর থেকে বেরোতে আরম্ভ করলেম, তখন জাহাজের যাত্রীদের উপর আমার নজর পড়ল ও আমার উপর জাহাজের যাত্রীদের নজর পড়ল । আমি স্বভাবতই 'লেডি' জাতিকে বড়ো ডরাই । তাঁদের কাছে ঘেঁষতে গেলে এত প্রকার বিপদের সম্ভাবনা যে, চাণক্য পণ্ডিত থাকলে লেডিদের কাছ থেকে দশ সহস্র হস্ত দূরে থাকতে পরামর্শ দিতেন । এক তো মনোরাজ্যে নানাপ্রকার শোচনীয় দুর্ঘটনা ঘটবার সম্ভাবনা— তা ছাড়া সর্বদাই ভয় হয় পাছে কী কথা বলতে কী কথা বলে ফেলি, আর আমাদের অসহিষ্ণু লেডি তাঁদের আদবকায়দার তিলমাত্র ব্যতিক্রম সহিতে না পেরে দারুণ ঘৃণায় ও লজ্জায় একেবারে অভিভূত হন । পাছে তাঁদের গাউনের অরণ্যের মধ্যে ভ্যাবাচেকা খেয়ে যাই, পাছে আহারের সময় তাঁদের মাংস কেটে দিতে হয়, পাছে মুরগির মাংস কাটতে গিয়ে নিজের আঙুল কেটে বসি— এইরকম সাতপাঁচ ভেবে আমি জাহাজের লেডিদের কাছ থেকে অতি দূরে

থাকতেন। আমাদের জাহাজে লেডির অভাব ছিল না, কিন্তু জেন্টলম্যানেরা সর্বদা খুঁতখুঁত করতেন যে, তার মধ্যে অল্পবয়স্কা বা সুশ্রী একজনও ছিল না।

পুরুষ যাত্রীদের মধ্যে অনেকের সঙ্গে আলাপ-পরিচয় হল। ব— মহাশয়ের সঙ্গে আমাদের যথেষ্ট ঘনিষ্ঠতা হয়েছিল। তাঁর কথা অনর্গল, হাসি অজস্র, আহার অপরিমিত। সকলের সঙ্গেই তাঁর আলাপ, সকলের সঙ্গেই তিনি হাসিতামাশা করে বেড়ান। তাঁর একটা গুণ আছে, তিনি কখনো বিবেচনা করে, মেজে ঘষে কথা কন না; ঠাট্টা করেন, সকল সময়ে তার মানে না থাকুক, তিনি নিজে হেসে আকুল হন। তিনি তাঁর বয়সের ও পদমানের গাভীর্য বুঝে হিসাব করে কথা কন না, মেপে জুকে হাসেন না ও দু-দিক বজায় রেখে মত প্রকাশ করেন না, এই-সকল কারণে তাঁকে আমার ভালো লাগত। কত প্রকার যে ছেলেমানুষি করেন তার ঠিক নেই। বৃদ্ধত্বের বুদ্ধি ও বালকত্বের সাদাসিদা নিশ্চিত্ত ভাব একত্রে দেখলে আমার বড়ো ভালো লাগে। আমাকে তিনি ‘অবতার’ বলতেন, গ্রেগরি সাহেবকে ‘গড়গড়ি’ বলতেন, আর-এক যাত্রীকে ‘রুহি মৎস্য’ বলে ডাকতেন; সে-বেচারির অপরাধ কী তা জান? সাধারণ মানুষদের চেয়ে তার ঘাড়ের দিকটা কিছু খাটো ছিল, তার মাথা ও শরীরের মধ্যে একটা স্বতন্ত্র যোজক পদার্থ ছিল না বললেও হয়। এইজন্যে ব— মহাশয় তাকে মৎস্যশ্রেণীভুক্ত করেছিলেন। কিন্তু আমি যে কেন অবতারশ্রেণীর মধ্যে পড়ে গিয়েছিলেম, তার কারণ সহজে নির্দেশ করা যায় না।

আমাদের জাহাজের T— মহাশয় কিছু নূতন রকমের লোক। তিনি ঘোরতর ফিলজফর মানুষ। তাঁকে কখনো চলিত ভাষায় কথা কইতে শুনি নি। তিনি কথা কইতেন না, বক্তৃতা দিতেন। একদিন আমরা দু-চার জনে মিলে জাহাজের ছাতে দু-দণ্ড আমোদপ্রমোদ করছিলেম, এমন সময়ে দুর্ভাগ্যক্রমে ব— মহাশয় তাঁকে বললেন ‘কেমন সুন্দর তারা উঠেছে’। এই আমাদের ফিলজফর তারার সঙ্গে মনুষ্য-জীবনের সঙ্গে একটা গভীর সম্বন্ধ বাধিয়ে দিয়ে বক্তৃতা শুরু করলেন— আমরা “মূর্খেতে চাহিয়া থাকে ফ্যাল ফ্যাল করিয়া” রইলেম।

আমাদের জাহাজে একটি আস্ত জনবুল ছিলেন। তাঁর তালবৃক্ষের মতো শরীর, ঝাঁটার মতো গৌফ, শজারুর কাঁটার মতো চুল হাঁড়ির মতো মুখ, মাছের চোখের মতো ম্যাডমেডে চোখ, তাঁকে দেখলেই আমার গা কেমন করত, আমি পাঁচ হাত তফাতে সরে যেতেন। এক-এক জন কোনো অপরাধ না করলেও তার মুখশ্রী যেন সর্বদা অপরাধ করতে থাকে। প্রত্যহ সকালে উঠেই শুনতে পেতেন তিনি ইংরেজি, ফ্রেঞ্চ, হিন্দুস্থানি প্রভৃতি যত ভাষা জানেন সমস্ত ভাষায় জাহাজের সমস্ত চাকরবাকরদের অজস্র গাল দিতে আরম্ভ করেছেন, ও দশ দিকে দাপাদাপি করে বেড়াচ্ছেন। তাঁকে কখনো হাসতে দেখি নি; কারো সঙ্গে কথা নেই বার্তা নেই, আপনার ক্যাবিনে গৌ হয়ে বসে আছেন। কোনো কোনো দিন ডেক-এ বেড়াতে আসতেন, বেড়াতে বেড়াতে যার দিকে একবার কৃপাকটাক্ষে নেত্রপাত করতেন, তাকে যেন পিপড়াটির মতো মনে করতেন।

প্রত্যহ খাবার সময় ঠিক আমার পাশেই B— বসতেন। তিনি একটি ইয়ুরাশীয়। কিন্তু তিনি ইংরেজের মতো শিস দিতে, পকেটে হাত দিয়ে পা ফাঁক করে দাঁড়াতে সম্পূর্ণরূপে শিখেছেন। তিনি আমাকে বড়োই অনুগ্রহের চোখে দেখতেন। একদিন এসে মহাগভীর স্বরে বললেন, “ইয়ং ম্যান, তুমি অক্সফোর্ড যাচ্ছ? অক্সফোর্ড যুনিভার্সিটি বড়ো ভালো বিদ্যালয়।” আমি একদিন ট্রেঞ্চ সাহেবের *Proverbs and their Lessons* বইখানি পড়ছিলেম, তিনি এসে বইটি নিয়ে শিস দিতে দিতে দু-চার পাতা উলটিয়ে পালটিয়ে বললেন, “হাঁ, ভালো বই বটে।”

এডেন থেকে সুয়েজ যেতে দিন পাঁচেক লেগেছিল। যারা ব্রিন্দিসি-পথ দিয়ে ইংলন্ডে যায় তাদের জাহাজ থেকে নেবে সুয়েজে রেলওয়ের গাড়িতে উঠে আলেকজান্দ্রিয়াতে যেতে হয়; আলেকজান্দ্রিয়ার বন্দরে তাদের জন্যে একটা স্টীমার অপেক্ষা করে— সেই স্টীমারে চড়ে ভূমধ্যসাগর পার হয়ে ইটালিতে পৌঁছতে হয়। আমরা overland ডাঙা-পেরোনো যাত্রী, সুতরাং আমাদের সুয়েজে নাবতে হল। আমরা তিন জন বাঙালি ও একজন ইংরেজ একখানি আরব নৌকা ভাড়া

করলেম । মানুষের “divine” মুখশ্রী কতদূর পশুত্বের দিকে নাবতে পারে, তা সেই নৌকোর মাঝিটার মুখ দেখলে জানতে পারতে । তার চোখ দুটো যেন বাঘের মতো, কালো কুচকুচে রঙ, কপাল নিচু, ঠোঁট পুরু, সবসুদ্ধ মুখের ভাব অতি ভয়ানক । অন্যান্য নৌকোর সঙ্গে দরে বনল না, সে একটু কম দামে নিয়ে যেতে রাজি হল । ব— মহাশয় তো সে নৌকোয় বড়ো সহজে যেতে রাজি নন, তিনি বললেন আরবদের বিশ্বাস করতে নেই— ওরা অনায়াসে গলায় ছুরি দিতে পারে । তিনি সুয়েজের দুই-একটা ভয়ানক ভয়ানক অরাজকতার গল্প করলেন । কিন্তু যা হোক, আমরা সেই নৌকোয় তো উঠলেম । মাঝিরা ভাঙা ভাঙা ইংরেজি কয়, ও অল্পস্বল্প ইংরেজি বুঝতে পারে । আমরা তো কতক দূর নির্বিবাদে গেলেম । আমাদের ইংরেজ যাত্রীটির সুয়েজের পোস্ট আপিসে নাববার দরকার ছিল । পোস্ট আপিস অনেক দূর এবং যেতে অনেক বিলম্ব হবে, তাই মাঝি একটু আপত্তি করলে ; কিন্তু শীঘ্রই সে আপত্তি ভঞ্জন হল । তার পরে আবার কিছু দূরে গিয়ে সে জিজ্ঞাসা করলে, “পোস্ট আপিসে যেতে হবে কি ? সে দুই-এক ঘণ্টার মধ্যে যাওয়া অসম্ভব ।”—আমাদের রুক্মস্বভাব সাহেবটি মহা ক্রম্পা হয়ে চৈচিয়ে উঠলেন, “Your grandmother !” এই তো আমাদের মাঝি রুখে উঠলেন, “What? mother? mother? what mother, don't say mother !” আমরা মনে করলুম সাহেবটাকে ধরে বুঝি জলে ফেলে দিলে, আবার জিজ্ঞাসা করলে, “What did say? (কী বললি ?)” সাহেব তাঁর রোখ ছাড়লেন না । আবার বললেন, “Your grandmother !” এই তো আর রক্ষা নেই, মাঝিটা মহা তেড়ে উঠল । সাহেব গতিক ভালো নয় দেখে নরম হয়ে বললেন, “You don't seem to understand what I say!” অর্থাৎ তিনি তখন grandmother বলাটা যে গালি নয় তাই প্রমাণ করতে ব্যস্ত । তখন সে মাঝিটা ইংরেজি ভাষা ছেড়ে ধমক দিয়ে চৈচিয়ে উঠল “বস— চুপ ।” সাহেব খতমত খেয়ে চুপ করে গেলেন, আর তাঁর বাক্যস্মৃতি হল না । আবার খানিক দূর গিয়ে সাহেব জিজ্ঞাসা করলেন, “কতদূর বাকি আছে ?” মাঝি অগ্নিশর্মা হয়ে চৈচিয়ে উঠল, “Two shilling give, ask what distance!” আমরা এইরকম বুঝে গেলেম যে, দু-শিলিং ভাড়া দিলে সুয়েজ-রাজ্যে এইরকম প্রশ্ন জিজ্ঞাসা আইনে নেই ! মাঝিটা যখন আমাদের এইরকম ধমক দিচ্ছে তখন অন্য অন্য দাঁড়িদের ভারি আমোদ বোধ হচ্ছে, তারা তো পরস্পর মুখচাওয়াচাওয়ি করে মুচকি মুচকি হাসি আরম্ভ করলে । মাঝিমহাশয়ের বিষম বদমেজাজ দেখে তাদের হাসি সামলানো দায় হয়ে উঠেছিল । এক দিকে মাঝি ধমকাচ্ছে, এক দিকে দাঁড়িগুলো হাসি জুড়ে দিয়েছে, মাঝিটির উপর প্রতিহিংসা তোলবার আর কোনো উপায় না দেখে আমরাও তিন জনে মিলে হাসি জুড়ে দিলেম— এরকম সুবুদ্ধি অনেক স্থলে দায়ে পড়ে খাটাতে হয় । মানে মানে সুয়েজ শহরে গিয়ে তো পৌঁছলেম । সুয়েজ শহর সম্বন্ধে আমার কিছু বলবার অধিকার নেই, কারণ আমি সুয়েজের আধ মাইল জায়গার বেশি আর দেখি নি । শহরের চার দিকে একবার প্রদক্ষিণ করবার বাসনা ছিল, কিন্তু আমার সহযাত্রীদের মধ্যে যারা পূর্বে সুয়েজ দেখেছিলেন, তাঁরা বললেন, “এ পরিশ্রমে শ্রান্তি ও বিরক্তি ছাড়া অন্য কোনো ফললাভের সম্ভাবনা নেই ।” তাতেও আমি নিরুৎসাহ হই নি কিন্তু শুনলেম গাধায় চড়ে বেড়ানো ছাড়া শহরে বেড়াবার আর কোনো উপায় নেই । শুনে শহরে বেড়াবার দিকে টান আমার অনেকটা কমে গেল, তার পরে শোনা গেল, এ দেশের গাধাদের সঙ্গে চালকদের সকল সময়ে মতের ঐক্য হয় না, তারও একটি স্বতন্ত্র স্বাধীন ইচ্ছে আছে ; এইজন্যে সময়ে সময়ে দুই ইচ্ছের বিরোধ উপস্থিত হয়, কিন্তু প্রায় দেখা যায়, গাধার ইচ্ছে পরিণামে জয়ী হয় । সুয়েজে একপ্রকার জঘন্য চোখের ব্যামোর অত্যন্ত প্রাদুর্ভাব— রাস্তায় অমন শত শত লোকের চোখ ঐরকম রোগগ্রস্ত দেখতে পাবে । এখানকার মাঝিরা ঐ রোগ চার দিকে বিতরণ করে বেড়ায় । রোগগ্রস্ত চোখ থেকে ঐ রোগের বীজ আহরণ করে তারা অরুগ্ণ চোখে গিয়ে বসে, চার দিকে রোগ ছড়িয়ে পড়ে । সুয়েজে আমরা রেলগাড়িতে উঠলেম । এ রেলগাড়ির অনেকপ্রকার রোগ আছে, প্রথমত শোবার কোনো বন্দোবস্ত নেই, কেননা বসবার জায়গাগুলি অংশে অংশে বিভক্ত, দ্বিতীয়ত এমন গজগামিনী রেলগাড়ি সর্বত্র দেখতে পাওয়া যায় না । সমস্ত রাত্রিই গাড়ি চলেছে, দিনের বেলা যখন জেগে উঠলেম তখন দেখলেম

ধুলোয় আমাদের কেবল গোর হয় নি, আর সব হয়েছে। চূলে হাত দিতে গিয়ে দেখি, চূলে এমন এক স্তর মাটি জমেছে যে, মাথায় অনায়াসে ধান চাষ করা যায়। এইরকম ধুলোমাথা সন্ন্যাসীর বেশে আমরা আলেকজান্দ্রিয়াতে গিয়ে পৌঁছলেম। রেলের লাইনের দু-ধারে সবুজ শস্যক্ষেত্র। জায়গায় জায়গায় খেজুরের গাছে থোলো থোলো খেজুর ফলে রয়েছে। মাঠের মাঝে মাঝে কুয়ো। মাঝে মাঝে দুই-একটা কোঠাবাড়ি— বাড়িগুলো চৌকোনা, থাম নেই, বারান্দা নেই— সমস্তটাই দেয়ালের মতো, সেই দেয়ালের মধ্যে মধ্যে দুই-একটা জানলা। এই-সকল কারণে বাড়িগুলোর যেন শ্রী নেই। যা হোক আমি আগে আফ্রিকার মাথা থেকে পা পর্যন্ত যেরকম অনুর্বর মরুভূমি মনে করে রেখেছিলুম, চার দিক দেখে তা কিছুই মনে হল না। বরং চার দিককার সেই হরিৎ ক্ষেত্রের উপর খেজুরকুঞ্জের মধ্যে প্রভাতটি আমার অতি চমৎকার লেগেছিল।

আলেকজান্দ্রিয়া বন্দরে আমাদের জন্য 'মঙ্গোলিয়া' স্টীমার অপেক্ষা করছিল। এইবার আমরা ভূমধ্যসাগরের বক্ষে আরোহণ করলেম। আমার একটু শীত-শীত করতে লাগল। জাহাজে গিয়ে খুব ভালো করে স্নান করলেম, আমার তো হাড়ে হাড়ে ধুলো প্রবেশ করেছিল। স্নান করার পর আলেকজান্দ্রিয়া শহর দেখতে গেলেম। জাহাজ থেকে ডাঙা পর্যন্ত যাবার জন্যে একটা নৌকো ভাড়া হল। এখানকার এক-একটা মাঝি সার উইলিয়ম জোন্সের দ্বিতীয় সংস্করণ বললেই হয়। তারা গ্রীক ইটালিয়ান ফ্রেঞ্চ ইংরেজি প্রভৃতি অনেক ভাষায় চলনসই রকম কথা কইতে পারে। শুনলেম ফ্রেঞ্চ ভাষাই এখানকার সাধারণ ভাষা। রাস্তাঘাটের নাম, সাইনবোর্ডে দোকানগুলির আত্মপরিচয়, অধিকাংশই ফরাসি ভাষায় লেখা। আলেকজান্দ্রিয়া শহরটি সমৃদ্ধিশালী মনে হল। এখানে যে কত জাতের লোক ও কত জাতের দোকানবাজার আছে তার ঠিকানা নেই। রাস্তাগুলি পাথর দিয়ে বাঁধানো, তাতে বেশ পরিষ্কার থাকে, কিন্তু গাড়ির শব্দ বড়ো বেশি রকম হয়। খুব বড়ো বড়ো বাড়ি, বড়ো বড়ো দোকান, শহরটি খুব জমকালো বটে। আলেকজান্দ্রিয়ার বন্দর খুব প্রকাণ্ড। বিস্তর জাহাজ এখানে আশ্রয় পায়। যুরোপীয়, মুসলমান সকলপ্রকার জাতিরই জাহাজ এ বন্দরে আছে, কেবল হিন্দুদের জাহাজ নেই।

চার-পাঁচ দিনে আমরা ইটালিতে গিয়ে পৌঁছলেম। তখন রাত্রি একটা-দুটো হবে। গরম বিছানা ত্যাগ করে জিনিসপত্র নিয়ে আমরা জাহাজের ছাতে গিয়ে উঠলেম। জ্যেৎম্নারাত্রি, খুব শীত; আমার গায়ে বড়ো একটা গরম কাপড় ছিল না, তাই ভারি শীত করছিল। আমাদের সুমুখে নিস্তর শহর, বাড়িগুলির জানলা-দরজা সমস্ত বন্ধ— সমস্ত নিদ্রামগ্ন। আমাদের যাত্রীদের মধ্যে ভারি গোল পড়ে গেল, কখনো শুনি ট্রেন পাওয়া যাবে, কখনো শুনি পাওয়া যাবে না। জিনিসপত্রগুলো নিয়ে কী করা যাবে ভেবে পাওয়া যায় না, জাহাজে থাকব কি বেরব কিছুই স্থির নেই। একজন ইটালিয়ান অফিসার এসে আমাদের গুনতে আরম্ভ করলে— কিন্তু কেন গুনতে আরম্ভ করলে তা ভেবে পাওয়া গেল না। জাহাজের মধ্যে এইরকম একটা অশুভ জনশ্রুতি প্রচারিত হল যে, এই গণনার সঙ্গে আমাদের ট্রেনে চড়ার একটা বিশেষ যোগ আছে। কিন্তু সে-রাত্রে মূলেই ট্রেন পাওয়া গেল না। শোনা গেল, তার পরদিন বেলা তিনটের আগে ট্রেন পাওয়া যাবে না। যাত্রীরা মহা বিরক্ত হয়ে উঠল। অবশেষে সে-রাত্রে ব্রিন্দিসির হোটেলে আশ্রয় নিতে হল।

এই তো প্রথম যুরোপের মাটিতে আমার পা পড়ল। কোনো নূতন দেশে আসবার আগে আমি তাকে এমন নূতনতর মনে করে রাখি যে, এসে আর তা নূতন বলে মনেই হয় না। যুরোপ আমার তেমন নূতন মনে হয় নি শুনে সকলেই অবাক।

আমরা রাত্রি তিনটের সময় ব্রিন্দিসির হোটেলে গিয়ে শুয়ে পড়লেম। সকালে একটা আধমরা ঘোড়া ও আধভাঙা গাড়ি চড়ে শহর দেখতে বের হলেম। সারথির সঙ্গে গাড়িঘোড়ার এমন অসামঞ্জস্য যে কী বলব! সারথির বয়স চোদ্দ হবে, কিন্তু ঘোড়াটির বয়স পঞ্চাশ হবে— আর গাড়িটি পৌরাণিক যুগের মনে হল। ছোটোখাটো শহর যেমন হয়ে থাকে ব্রিন্দিসিও তাই। কতকগুলি কোঠাবাড়ি, দোকানবাজার, রাস্তাঘাট আছে। ভিক্ষুকেরা ভিক্ষা করে ফিরছে, দু-চার জন লোক মদের

দোকানে বসে গল্পগুজব করছে, দু-চার জন রাস্তার কোণে দাঁড়িয়ে হাসি-তামাশা করছে ; লোকজনেরা অতি নিশ্চিন্তমুখে গজেন্দ্রগমনে গমন করছে ; যেন কারও কোনো কাজ নেই, কারও কোনো ভাবনা নেই— যেন শহরসুদ্ধ ছুটি । রাস্তায় গাড়িঘোড়ার সমারোহ নেই, লোকজনের সমাগম নেই । আমরা খানিক দূর যেতেই একজন ছোকরা আমাদের গাড়ি থামিয়ে হাতে একটা তরমুজ নিয়ে গাড়োয়ানের পাশে গিয়ে বসল । ব— মহাশয় বললেন, “বিনা আয়াসে ঐর কিছু রোজগার করবার বাসনা আছে ।” লোকটা এসে হাত বাড়িয়ে মাঝে মাঝে আমাদের দেখিয়ে দিতে লাগল, “ঐটে চার্চ, ঐটে বাগান, ঐটে মাঠ” ইত্যাদি । তার টীকাতে আমাদের কিছুমাত্র জ্ঞানবৃদ্ধি হয় নি, আর তার টীকা না হলেও আমাদের কিছুমাত্র জ্ঞানের ব্যাঘাত হত না । তাকে কেউ আমাদের গাড়িতে উঠতে বলে নি, কেউ তাকে কোনো বিষয় জিজ্ঞাসাও করে নি, কিন্তু তবু এই অযাচিত অনুগ্রহের জন্য তার যাচঞা পূর্ণ করতে হল । তারা আমাদের একটা ফলের বাগানে নিয়ে গেল । সেখানে যে কত প্রকার ফলের গাছ, তার সংখ্যা নেই । চার দিকে থোলো থোলো আঙুর ফলে রয়েছে । দু-রকম আঙুর আছে, কালো আর সাদা । তার মধ্যে কালোগুলিই আমার বেশি মিষ্টি লাগল । বড়ো বড়ো গাছে আপেল পিচ প্রভৃতি অনেক প্রকার ফল ধরে আছে । একজন বুড়ি (বোধ হয় উদ্যানপালিকা) কতকগুলি ফলফুল নিয়ে উপস্থিত করলে । আমরা সে দিকে নজর করলেম না ; কিন্তু ফল বিক্রয় করবার উপায় সে বিলক্ষণ জানে । আমরা ইতস্তত বেড়াচ্ছি, এমন সময়ে দেখি একটি সুন্দরী মেয়ে কতকগুলি ফল আর ফুলের তোড়া নিয়ে আমাদের সম্মুখে হাজির হল, তখন আর অগ্রাহ্য করবার সাধ্য রইল না ।

ইটালির মেয়েদের বড়ো সুন্দর দেখতে । অনেকটা আমাদের দেশের মেয়ের ভাব আছে । সুন্দর রঙ, কালো কালো চুল, কালো ভুরু, কালো চোখ, আর মুখের গড়ন চমৎকার ।

তিনটের ট্রেনে ব্রিন্দিসি ছাড়লেম । রেলোয়ে পথের দু-ধারে আঙুরের খেত, চমৎকার দেখতে । পর্বত, নদী, হ্রদ, কুটির, শস্যক্ষেত্র, ছোটো ছোটো গ্রাম প্রভৃতি যত-কিছু কবির স্বপ্নের ধন সমস্ত চার দিকে শোভা পাচ্ছে । গাছপালার মধ্যে থেকে যখন কোনো একটি দূরস্থ নগর, তার প্রাসাদচূড়া, তার চার্চের শিখর, তার ছবির মতো বাড়িগুলি আশু আশু চোখে পড়ে তখন বড়ো ভালো লাগে । সন্ধ্যাবেলায় একটি পাহাড়ের নীচে অতি সুন্দর একটি হ্রদ দেখেছিলেম, তা আর আমি ভুলতে পারব না । তার চার দিকে গাছপালা, জলে সন্ধ্যার ছায়া— সে অতি সুন্দর, তা আমি বর্ণনা করতে চাই নে ।

রেলোয়ে করে যেতে যেতে আমরা Mont Cenis-এর বিখ্যাত সুরঙ্গ দেখলেম । এই পর্বতের এ-পাশ থেকে ফরাসিরা ও-পাশ থেকে ইটালিয়ানরা, একসঙ্গে খুদতে আরম্ভ করে, কয়েক বৎসর খুদতে খুদতে দুই যন্ত্রিদল ঠিক মাঝামাঝি এসে পরস্পরের সম্মুখাসম্মুখি হয় । এই গুহা অতিক্রম করতে রেলগাড়ির ঠিক আধ ঘণ্টা লাগল । সে অন্ধকারে আমরা যেন হাঁপিয়ে উঠেছিলেম । এখানকার রেলগাড়ির মধ্যে দিনরাত আলো জ্বলাই আছে, কেননা এক-এক স্থানে প্রায় পাঁচ মিনিট অন্তর এক-একটা পর্বতগুহা ভেদ করতে হয়— সুতরাং দিনের আলো খুব অল্পক্ষণ পাওয়া যায় । ইটালি থেকে ফ্রান্স পর্যন্ত সমস্ত রাস্তা— নির্ঝর নদী পর্বত গ্রাম হ্রদ দেখতে দেখতে আমরা পথের কষ্ট ভুলে গিয়েছিলেম ।

সকালবেলায় প্যারিসে গিয়ে পৌঁছলেম । কী জমকালো শহর ! অভ্রভেদী প্রাসাদের অরণ্যে অভিভূত হয়ে যেতে হয় । মনে হয় প্যারিসে বুঝি গরিব লোক নেই । মনে হল, এই সাড়ে তিন হাত মানুষের জন্যে এমন প্রকাণ্ড জমকালো বাড়িগুলোর কী আবশ্যিক । হোটেল গেলেম, এমন প্রকাণ্ড কাণ্ড যে, ঢিলে কাপড় পরে যেমন সোয়াস্তি হয় না, সে হোটেলের বোধ করি তেমনি অসোয়াস্তি হয় । স্মরণস্তম্ভ, উৎস, বাগান, প্রাসাদ, পাথরে বাঁধানো রাস্তা, গাড়ি, ঘোড়া, জনকোলাহল প্রভৃতিতে অবাক হয়ে যেতে হয় । প্যারিসে পৌঁছিয়েই আমরা একটা ‘টার্কিশ-বাথে’ গেলেম । প্রথমত একটা খুব গরম ঘরে গিয়ে বসলেম, সে-ঘরে অনেকক্ষণ থাকতে থাকতে কারো কারো ঘাম বেরতে লাগল, কিন্তু আমার তো বেরল না, আমাকে তার চেয়ে আর-একটা গরম ঘরে নিয়ে গেল, সে ঘরটা আগুনের মতো, চোখ মেলে থাকলে চোখ জ্বালা করতে থাকে, মিনিট কতক থেকে সেখানে আর থাকতে

পারলেম না, সেখান থেকে বেরিয়ে খুব ঘাম হতে লাগল। তার পরে এক জায়গায় নিয়ে গিয়ে আমাকে শুইয়ে দিলে। ভীমকায় এক ব্যক্তি এসে আমার সর্বাঙ্গ ডলতে লাগল। তার সর্বাঙ্গ খোলা, এমন মাংসপেশল চমৎকার শরীর কখনো দেখি নি। “বৃড়োরস্কো বৃষস্কন্ধঃ শালপ্রাংশুর্মহাভুজঃ।” মনে মনে ভাবলেম ক্ষীণকায় এই মশকটিকে দলন করার জন্যে এমন প্রকাণ্ড কামানের কোনো আবশ্যিক ছিল না। সে আমাকে দেখে বললে, আমার শরীর বেশ লম্বা আছে, এখন পাশের দিকে বাড়লে আমি একজন সুপুরুষের মধ্যে গণ্য হব; আধ ঘণ্টা ধরে সে আমার সর্বাঙ্গ অবিশ্রান্ত দলন করলে, ভূমিষ্ঠকাল থেকে যত শুলো মেখেছি, শরীর থেকে সব যেন উঠে গেল। যথেষ্টরূপে দলিত করে আমাকে আর-একটি ঘরে নিয়ে গেল, সেখানে গরম জল দিয়ে, সাবান দিয়ে, স্পঞ্জ দিয়ে শরীরটা বিলক্ষণ করে পরিষ্কার করলে। পরিষ্কার-পর্ব শেষ হলে আর-একটি ঘরে নিয়ে গেল। সেখানে একটা বড়ো পিচকিরি করে গায়ে গরম জল ঢালতে লাগল, হঠাৎ গরম জল দেওয়া বন্ধ করে বরফের মতো ঠাণ্ডা জল বর্ষণ করতে লাগল; এইরকম কখনো গরম কখনো ঠাণ্ডা জলে স্নান করে একটা জলযন্ত্রের মধ্যে গেলেম, তার উপর থেকে নীচে থেকে চার পাশ থেকে বাণের মতো জল গায়ে বিধতে থাকে। সেই বরফের মতো ঠাণ্ডা বরফ-বাণ-বর্ষণের মধ্যে খানিকক্ষণ থেকে আমার বুকের রক্ত পর্যন্ত যেন জমাট হয়ে গেল— রণে ভঙ্গ দিতে হল, হাঁপাতে হাঁপাতে বেরিয়ে এলেম। তার পরে এক জায়গায় পুকুরের মতো আছে, আমি সাঁতার দিতে রাজি আছি কি না জিজ্ঞাসা করলে। আমি সাঁতার দিলেম না, আমার সঙ্গী সাঁতার দিলেন। তাঁর সাঁতার দেওয়া দেখে তারা বলাবলি করতে লাগল, “দেখো, দেখো, এরা কী অদ্ভুত রকম করে সাঁতার দেয়, ঠিক কুকুরের মতো।” এতক্ষণে স্নান শেষ হল। আমি দেখলেম টার্কিশ-বাথে স্নান করা আর শরীরটাকে ধোপার বাড়ি দেওয়া এক কথা। তার পরে সমস্ত দিনের জন্যে এক পাউন্ড দিয়ে এক গাড়ি ভাড়া করা গেল। প্যারিস এক্সিবিশন দেখতে গেলেম। তুমি এইবার হয়তো খুব আগ্রহের সঙ্গে কান খাড়া করেছ, ভাবছ আমি প্যারিস এক্সিবিশনের বিষয় কী না জানি বর্ণনা করব। কিন্তু দুঃখের বিষয় কী বলব, কলকাতার যুনিভার্সিটিতে বিদ্যা শেখার মতো প্যারিস এক্সিবিশনের সমস্ত দেখেছি কিন্তু কিছুই ভালো করে দেখি নি। একদিনের বেশি আমাদের প্যারিসে থাকা হল না— সে বৃহৎ কাণ্ড একদিনে দেখা কারো সাধ্য নয়। সমস্ত দিন আমরা দেখলেম— কিন্তু সেরকম দেখায়, দেখবার একটা তৃষ্ণা জন্মাল কিন্তু দেখা হল না। সে একটা নগরবিশেষ। এক মাস থাকলে তবে তা বর্ণনা করবার দুরাশা করতাম। প্যারিস এক্সিবিশনের একটা স্তূপাকার ভাব মনে আছে, কিন্তু শৃঙ্খলাবদ্ধ ভাব কিছুই মনে নেই। সাধারণত মনে আছে যে চিত্রশালায় গিয়ে অসংখ্য অসংখ্য চমৎকার ছবি দেখেছি, স্থাপত্যশালায় গিয়ে অসংখ্য অসংখ্য প্রস্তরমূর্তি দেখেছি, নানা দেশবিদেশের নানা জিনিস দেখেছি; কিন্তু বিশেষ কিছু মনে নেই। তার পর প্যারিস থেকে লন্ডনে এলেম— এমন বিষণ্ণ অন্ধকার পুরী আর কখনো দেখি নি— ধোঁয়া, মেঘ, বৃষ্টি, কুয়াশা, কাদা আর লোকজনের ব্যস্তসমস্ত ভাব। আমি দুই-এক ঘণ্টামাত্র লন্ডনে ছিলাম, যখন লন্ডন পরিত্যাগ করলেম তখন নিশ্বাস পরিত্যাগ করে বাঁচলেম। আমার বন্ধুরা আমাকে বললেন, লন্ডনের সঙ্গে প্রথম-দৃষ্টিতেই ভালোবাসা হয় না, কিছুদিন থেকে তাকে ভালো করে চিনলে তবে লন্ডনের মাধুর্য বোঝা যায়।

দ্বিতীয় পত্র

ইংলন্ডে আসবার আগে আমি নির্বোধের মতো আশা করেছিলাম যে, এই ক্ষুদ্র দ্বীপের দুই হস্ত-পরিমিত ভূমির সর্বত্রই গ্লাডস্টোনের বাগ্মিতা, ম্যাক্সমূলরের বেদব্যাখ্যা, টিন্ডালের বিজ্ঞানতত্ত্ব, কার্লাইলের গভীর চিন্তা, বেনের দর্শনশাস্ত্রে মুখরিত। সৌভাগ্যক্রমে তাতে আমি নিরাশ হয়েছি। মেয়েরা বেশভূষায় লিপ্ত, পুরুষেরা কাজকর্ম করছে, সংসার যেমন চলে থাকে তেমনি চলছে, কেবল রাজনৈতিক বিষয় নিয়ে বিশেষভাবে কোলাহল শোনা যায়। মেয়েরা জিজ্ঞাসা করে থাকে, তুমি নাচে

গিয়েছিলে কি না, কনসর্ট কেমন লাগল, থিয়েটারে একজন নূতন অ্যাক্টর এসেছে, কাল অমুক জায়গায় ব্যান্ড হবে ইত্যাদি। পুরুষেরা বলবে, আফগান যুদ্ধের বিষয় তুমি কী বিবেচনা কর, Marquis of Lorneকে লন্ডনীয়েরা খুব সমাদর করেছিল, আজ দিন বেশ ভালো, কালকের দিন বড়ো মিজরেবল্ ছিল। এ দেশের মেয়েরা পিয়ানো বাজায়, গান গায়, আঙনের ধারে আঙন পোয়ায়, সোফায় ঠেসান দিয়ে নভেল পড়ে, ভিজিটরদের সঙ্গে আলাপচারি করে ও আবশ্যিক বা অনাবশ্যিক মতে যুবকদের সঙ্গে ফ্লার্ট করে। এ দেশের চির-আইবুড়ো মেয়েরা কাজের লোক। টেম্পারেন্স মীটিং, ওয়ার্কিং মেন্‌স্ সোসাইটি প্রভৃতি যতপ্রকার অনুষ্ঠানের কোলাহল আছে, সম্মুদয়ের মধ্যে তাদের কণ্ঠ আছে। পুরুষদের মতো তাঁদের আপিসে যেতে হয় না, মেয়েদের মতো ছেলেপিলে মানুষ করতে হয় না, এ দিকে হয়তো এত বয়স হয়েছে যে 'বলে' গিয়ে নাচা বা ফ্লার্ট করে সময় কাটানো সংগত হয় না, তাই তাঁরা অনেক কাজ করতে পারেন, তাতে উপকারও হয়তো আছে।

এখানে দ্বারে দ্বারে মদের দোকান। আমি রাস্তায় বেরলে জুতোর দোকান, দরজির দোকান, মাংসের দোকান, খেলনার দোকান পদে পদে দেখতে পাই কিন্তু বইয়ের দোকান প্রায় দেখতে পাই নে। আমাদের একটি কবিতার বই কেনবার আবশ্যিক হয়েছিল, কিন্তু কাছাকাছির মধ্যে বইয়ের দোকান না দেখে একজন খেলনাওয়ালাকে সেই বই আনিতে দিতে ছকুম করতে হয়েছিল— আমি আগে জানতেম, এ দেশে একটা কসাইয়ের দোকান যেমন প্রচুররূপে দরকারি, বইয়ের দোকানও তেমনি।

ইংলন্ডে এলে সকলের চেয়ে চোখে পড়ে লোকের ব্যস্ততা। রাস্তা দিয়ে যারা চলে তাদের মুখ দেখতে মজা আছে— বগলে ছাতি নিয়ে হুস হুস করে চলেছে, পাশের লোকদের উপর ভূক্ষপ নেই, মুখে যেন মহা উদ্বেগ, সময় তাদের ফাঁকি দিয়ে না পালায় এই তাদের প্রাণপণ চেষ্টা। সমস্ত লন্ডনময় রেলোয়ে। প্রতি পাঁচ মিনিট অন্তর এক-একটা ট্রেন যাচ্ছে। লন্ডন থেকে ব্রাইটনে আসবার সময় দেখি প্রতি মুহূর্তে উপর দিয়ে একটা, নীচে দিয়ে একটা, পাশ দিয়ে একটা, এমন চারি দিক থেকে হুস হুস করে ট্রেন ছুটেছে। সে ট্রেনগুলোর চেহারা লন্ডনের লোকদেরই মতো, এ দিক থেকে ও দিক থেকে মহা ব্যস্তভাবে হাঁসফাঁস করতে করতে চলেছে। দেশ তো এই এক রকম, দু-পা চললেই ভয় হয় পাছে সমুদ্রে গিয়ে পড়ি, এখানে এত ট্রেন যে কেন ভেবে পাই নে। আমরা একবার লন্ডনে যাবার সময় দৈবাৎ ট্রেন মিস করেছিলেম, কিন্তু তার জন্যে বাড়ি ফিরে আসতে হয় নি, তার আধ ঘণ্টা পরেই আর-এক ট্রেন এসে হাজির।

এ দেশের লোক প্রকৃতির আদুরে ছেলে নয়, কারুর নাকে তেল দিয়ে তাকিয়া ঠেসান দিয়ে বসে থাকবার জো নেই। একে তো আমাদের দেশের মতো এ দেশের জমিতে আঁচড় কাটলেই শস্য হয় না, তাতে শীতের সঙ্গে মারামারি করতে হয়— প্রথমত শীতের উপদ্রবে এদের কত কাপড় দরকার হয় তার ঠিক নেই, তার পরে কম খেলে এ দেশে বাঁচবার জো নেই, শরীরে তাপ জন্মাবার জন্যে অনেক খাওয়া চাই। এ দেশের লোকের কাপড়, কয়লা, খাওয়া অপরিপূর্ণ পরিমাণে না থাকলে চলে না, তার উপরে আবার মদ আছে। আমাদের বাংলার খাওয়া নামমাত্র, কাপড় পরাও তাই। এ দেশে যার ক্ষমতা আছে সেই মাথা তুলতে পারে, দুর্বল লোকদের এখানে রক্ষা নেই— একে প্রকৃতির সঙ্গে যুদ্ধ, তাতে কার্যক্ষেত্রে সহস্র প্রতিদ্বন্দ্বিতা রাখারুখি করছে।

ক্রমে ক্রমে এখানকার দুই-একজন লোকের সঙ্গে আমার আলাপ হতে চলল। একটা মজা দেখছি, এখানকার লোকেরা আমাকে নিতান্ত অবুঝের মতো মনে করে। একদিন Dr— এর ভাইয়ের সঙ্গে রাস্তায় বেরিয়েছিলেম। একটা দোকানের সম্মুখে কতকগুলো ফোটোগ্রাফ ছিল, সে আমাকে সেইখানে নিয়ে গিয়ে ফোটোগ্রাফের ব্যাখ্যান আরম্ভ করে দিলে— আমাকে বুঝিয়ে দিলে যে, একরকম যন্ত্র দিয়ে ঐ ছবিগুলো তৈরি হয়, মানুষে হাতে করে আঁকে না। আমার চার দিকে লোক দাঁড়িয়ে গেল। একটা ঘড়ির দোকানের সামনে নিয়ে, ঘড়িটা যে খুব আশ্চর্য যন্ত্র তাই আমার মনে সংস্কার জন্মাবার জন্যে চেষ্টা করতে লাগল। একটা ঈভনিং পার্টিতে মিস— আমাকে জিজ্ঞাসা করেছিলেন, আমি এর পূর্বে

পিয়ানোর শব্দ শুনেছি কি না । এ দেশের অনেক লোক হয়তো পরলোকের একটা ম্যাপ ঐকে দিতে পারে কিন্তু ভারতবর্ষের সম্বন্ধে যদি একবিন্দুও খবর জানে । ইংলন্ড থেকে কোনো দেশের যে কিছু তফাত আছে তা তারা কল্পনাও করতে পারে না । ভারতবর্ষের কথা দূরে থাক— সাধারণ লোকেরা কত বিষয় জানে না তার ঠিক নেই ।

তৃতীয় পত্র

আমরা সেদিন ফ্যান্সি-বলে অর্থাৎ ছদ্মবেশী নাচে গিয়েছিলেম— কত মেয়ে পুরুষ নানারকম সেজেগুজে সেখানে নাচতে গিয়েছিল । প্রকাণ্ড ঘর, গ্যাসের আলোয় আলোকাকীর্ণ, চার দিকে ব্যান্ড বাজছে— ছ-সাত-শো সুন্দরী, সুপুরুষ । ঘরে ন স্থানং তিলধারয়েৎ— চাঁদের হাট তো তাকেই বলে । এক-একটা ঘরে দলে দলে স্ত্রী-পুরুষে হাত ধরাধরি করে ঘুরে ঘুরে নাচ আরম্ভ করেছে, যেন জোড়া জোড়া পাগলের মতো । এক-একটা ঘরে এমন সস্তুর আশি জন যুগলমূর্তি ; এমন ঘেঁষাঘেঁষি যে, কে কার ঘাড়ে পড়ে তার ঠিক নেই । একটা ঘরে শ্যাম্পেনের কুরুক্ষেত্র পড়ে গিয়েছে, মদ্যমাংসের ছড়াছড়ি, সেখানে লোকারণ্য ; এক-একটা মেয়ের নাচের বিরাম নেই, দু-তিন ঘণ্টা ধরে ক্রমাগত তার পা চলছে । একজন মেম তুষার-কুমারী সেজে গিয়েছিলেন, তাঁর সমস্তই শুভ্র, সর্বাস্থে পুঁতির সজ্জা, আলোতে ঝকমক করছে । একজন মুসলমানিনী সেজেছিলেন ; একটা লাল ফুলো ইজের, উপরে একটা রেশমের পেশোয়াজ, মাথায় টুপি মতো— এ কাপড়ে তাঁকে বেশ মানিয়ে গিয়েছিল । একজন সেজেছিলেন আমাদের দিশি মেয়ে, একটা শাড়ি আর একটা কাঁচুলি তাঁর প্রধান সজ্জা, তার উপরে একটা চাদর, তাতে ইংরেজি কাপড়ের চেয়ে তাঁকে ঢের ভালো দেখাচ্ছিল । একজন সেজেছিলেন বিলিতি দাসী । আমি বাংলার জমিদার সেজেছিলেম, জরি দেওয়া মখমলের কাপড়, জরি দেওয়া মখমলের পাগড়ি প্রভৃতি পরেছিলেম । আমাদের মধ্যে ব্যক্তিবিশেষ অযোধ্যার তালুকদার সেজে গিয়েছিলেন, সাদা রেশমের ইজের জরিতে খচিত, সাদা রেশমের চাপকান, সাদা রেশমের জোকা, জরিতে ঝকমকায়মান পাগড়ি, জরির কোমরবন্ধ— তাঁর সজ্জা । অযোধ্যার তালুকদারেরা যে এইরকম কাপড় পরে তা হয়তো নয়, কিন্তু ধরা পড়বার কোনো সম্ভাবনা ছিল না । আমাদের মধ্যে এক ব্যক্তি আফগান সেনাপতি সেজেছিলেন ।

গত মঙ্গলবারে আমরা এক ভদ্রলোকের বাড়িতে নাচের নিমন্ত্রণে গিয়েছিলেম । সন্ধ্যাবেলায় কোথাও নিমন্ত্রণে যেতে হলে শীতের জন্য সচরাচর মোটা কাপড় পরতে হয়, কিন্তু ঈভনিং পাটি প্রভৃতিতে পাতলা কালো বনাতির কাপড় পরাই রীতি । সাক্ষ্য পরিচ্ছদের কামিজটি একেবারে নিষ্কলঙ্ক ধবধবে সাদা হওয়া চাই, তার উপরে প্রায় সমস্ত-বুক খোলা এক বনাতির ওয়েস্টকোট, কালো ওয়েস্টকোটের মধ্যে সাদা কামিজের সুমুখ দিকটা বেরিয়ে থাকে, গলায় সাদা ফিতে (নেকটাই) বাঁধা, সকলের উপর একটি টেল কোট (লাঙুল-কোট) ; টেল কোটের সুমুখ দিকটা কোমর পর্যন্ত কাটা, আমাদের চাপকান প্রভৃতি পোশাকগুলি যেমন হাঁটু পর্যন্ত পড়ে, এ তা নয় । এর সুমুখ দিকটার সীমা কোমর পর্যন্ত, কিন্তু পিছন দিকটা কাটা নয়, সুতরাং কতকটা লেজের মতো ঝুলতে থাকে । ইংরেজদের অনুকরণে এই লেজকোট পরতে হল । নাচ-পাটিতে যেতে হলে হাতে একজোড়া সাদা দস্তানা পরা চাই, কারণ যে মহিলাদের হাতে হাত দিয়ে নাচতে হবে, খালি হাত লেগে তাঁদের হাত ময়লা হয়ে যেতে পারে কিংবা তাঁদের হাতে যদি দস্তানা থাকে সেটা ময়লা হবার ভয় আছে । অন্য কোনো জায়গায় লেডিদের সঙ্গে শেক্‌হ্যান্ড করতে গেলে হাতের দস্তানা খুলে ফেলতে হয়, কিন্তু নাচের ঘরে তার উলটো ।

যা হোক, আমরা তো সাড়ে নটার সময় তাঁদের বাড়িতে গিয়ে উপস্থিত হলেম । তখনো নাচ আরম্ভ হয় নি । ঘরের দুয়ারের কাছে গৃহকর্ত্রী দাঁড়িয়ে আছেন, তিনি বিশেষ পরিচিতদের সঙ্গে শেক্‌হ্যান্ড করছেন, অপরিচিতদের প্রতি শিরঃকম্পন ও সকলকে অভ্যর্থনা করছেন । এ গোরাদের দেশে

নিমন্ত্রণসভায় গৃহকর্তার বড়ো উঁচু পদ নেই, তিনি সভায় উপস্থিত থাকুন বা শয়নগৃহে নিদ্রা দিন, তাতে কারও বড়ো কিছু এসে যায় না। আমরা ঘরে প্রবেশ করলেম, গ্যাসের আলোয় ঘর উজ্জ্বল, শত শত রমণীর রূপের আলোকে গ্যাসের আলো শ্রিয়মাণ; রূপের উৎসব পড়ে গিয়েছে, ঘরের ভিতরে প্রবেশ করবামাত্রই চোখে ধাঁধা লেগে যায়। ঘরের একপাশে পিয়ানো, বেহালা, বাঁশি বাজছে, ঘরের চারি ধারে কৌচ চৌকি সাজানো, ইতস্তত দেয়ালের আয়নার উপর গ্যাসের আলো ও রূপের প্রতিবিম্ব পড়ে ঝকমক করছে। নাচবার ঘরের মেজে কাঠের, তার উপর কার্পেট প্রভৃতি কিছু পাতা নেই, সে কাঠের মেজে এমন পালিশ করা যে, পা পিছলে যায়। ঘর যত পিছল হয় ততই নাচবার উপযুক্ত হয়, কেননা পিছল ঘরে নাচের গতি সহজ হয়, পা কোনো বাধা পায় না, আপনা-আপনি পিছলে আসে। ঘরের চারি দিকে আশেপাশে যে-সকল বারান্দার মতো আছে, তাই একটু ঢেকেচুকে, গাছপালা দিয়ে, দু-একটি কৌচ চৌকি রেখে তাকে প্রণয়ীদের কুঞ্জ নামে অভিহিত করা হয়েছে। সেইখানে নাচে শ্রান্ত হয়ে বা কোলাহলে বিরক্ত হয়ে যুবকযুবতী নিরিবিলি মধুরালাপে মগ্ন থাকতে পারেন। ঘরে ঢোকবার সময় সকলের হাতে সোনার অক্ষরে ছাপা এক-একখানি কাগজ দেওয়া হয়, সেই কাগজে কী কী নাচ হবে তাই লেখা থাকে। ইংরেজি নাচ দুই শ্রেণীতে ভাগ করা যায়, এক রকম হচ্ছে স্ত্রী পুরুষে মিলে ঘুরে ঘুরে নাচা, তাতে কেবল দুজন লোক একসঙ্গে নাচে; আর-একরকম নাচে চারটি জুড়ি নর্তকনর্তকী চতুষ্কোণ হয়ে সুমুখাসুমুখি দাঁড়ায় ও হাতধরাধরি করে নানা ভঙ্গিতে চলাফেরা করে বেড়ায়, কোনো কোনো সময় চার জুড়ি না হয়ে আট জুড়িও হয়। ঘুরে ঘুরে নাচকে রাউন্ড ডান্স বলে ও চলাফেরা করে নাচার নাম স্কোয়ার ডান্স। নাচ আরম্ভ হবার পূর্বে গৃহকর্তী মহিলা ও পুরুষদের মধ্যে আলাপ করিয়ে দেন অর্থাৎ পুরুষ-অভ্যাগতকে সঙ্গে করে কোনো এক অভ্যাগত-মহিলার কাছে নিয়ে গিয়ে বলেন, “মিস অমুক, ইনি মিস্টার অমুক।” অমনি মিস ও মিস্টার শিরঃকম্পন করেন। কোনো মিসের সঙ্গে পরিচয় হবার পর নাচবার ইচ্ছে করলে পকেট থেকে সেই সোনার জলে ছাপানো প্রোগ্রামটি বের করে তাঁকে জিজ্ঞাসা করতে হয়, “আপনি কি অমুক নৃত্যে বাগদত্তা হয়ে আছেন?” তিনি যদি ‘না’ বলেন তা হলে তাঁকে বলতে হবে, “তবে আমি কি আপনার সঙ্গে নাচবার সুখভোগ করতে পারি?” তিনি ‘থ্যাঙ্ক য়ু’ বললে বোঝা যাবে কপালে তাঁর সঙ্গে নাচবার সুখ আছে। অমনি সেই কাগজটিতে সেই নাচের পাশে তাঁর নাম এবং তাঁর কাগজে আবেদনকারীর নাম লিখে দিতে হয়।

নাচ আরম্ভ হল। ঘুর-ঘুর-ঘুর। একটা ঘরে, মনে করো, চল্লিশ-পঞ্চাশ জুড়ি নাচছে; ঘেঁষাঘেঁষি, ঠেলাঠেলি, কখনো বা জুড়িতে জুড়িতে ধাক্কাধাক্কি। তবু ঘুর-ঘুর-ঘুর। তালে তালে বাজনা বাজছে, তালে তালে পা পড়ছে, ঘর গরম হয়ে উঠেছে। একটা নাচ শেষ হল, বাজনা থেমে গেল; নর্তক মহাশয় তাঁর শ্রান্ত সহচরীকে আহারের ঘরে নিয়ে গেলেন, সেখানে টেবিলের উপর ফলমূল মিষ্টান্ন মদিরার আয়োজন; হয়তো আহার-পান করলেন নাহয় দুজনে নিভৃত কুঞ্জে বসে রহস্যলাপ করতে লাগলেন। আমি নতুন লোকের সঙ্গে বড়ো মিলে মিশে নিতে পারি নে, যে-নাচে আমি একেবারে সুপণ্ডিত, সে-নাচেও নতুন লোকের সঙ্গে নাচতে পারি নে। সত্যি কথা বলতে কি, নাচের নেমন্তন্নগুলো আমার বড়ো ভালো লাগে না। যাদের সঙ্গে বিশেষ আলাপ আছে, তাদের সঙ্গে নাচতে মন্দ লাগে না। যেমন তাস খেলবার সময় খারাপ জুড়ি পেলে তার 'পরে তার দলের লোক চটে যায়, তেমনি নাচের সময় খারাপ জুড়ির 'পরে মেয়েরা ভারি চটে যায়। আমার নাচের সহচরী বোধ হয় নাচার সময় মনে মনে আমার মরণ কামনা করেছিলেন। নাচ ফুরিয়ে গেল, আমি হাঁপ ছেড়ে বাঁচলেম, তিনিও নিস্তার পেলেন।

প্রথমে নাচের ঘরে ঢুকেই আমি একেবারে চমকে উঠেছিলেম, দেখি যে শত শ্বেতাঙ্গিনীদের মধ্যে আমাদের একটি ভারতবর্ষীয়া শ্যামাঙ্গিনী রয়েছেন। দেখেই তো আমার বুকটা একেবারে নেচে উঠেছিল। তার সঙ্গে কোনোমতে আলাপ করবার জন্য ব্যস্ত হয়ে উঠলেম। কতদিন শ্যামলা মুখ দেখি নি! আর, তার মুখে আমাদের বাঙালি মেয়েদের ভালোমানুষি নম্রভাব মাখানো। আমি অনেক ইংরেজ মেয়েদের মুখে ভালোমানুষি নরম ভাব দেখেছি কিন্তু এর সঙ্গে তার কী একটা তফাত আছে

বলতে পারি নে। তার চুল বাঁধা আমাদের দেশের মতো। সাদা মুখ আর উগ্র অসংকোচ সৌন্দর্য দেখে দেখে আমার মনটা ভিতরে ভিতরে বিরক্ত হয়ে গিয়েছিল, এতদিনে তাই বুঝতে পারলেম। হাজার হোক, ইংরেজ মেয়েরা সম্পূর্ণ আলাদা জাত, আমি এতদূর ইংরেজি কায়দা শিখি নি যে, তাদের সঙ্গে বেশ খোলাখুলি ভাবে কথাবার্তা কইতে পারি। পরিচিত বাঁধি গতের সীমা লঙ্ঘন করতে সাহস হয় না।

আজ ব্রাইটনের অনেক তপস্যার ফলে সূর্য উঠেছেন। এ দেশে রবি যেদিন মেঘের অন্তঃপুর থেকে বের হন সেদিন একটি লোকও কেউ ঘরে থাকে না। সেদিন সমুদ্রের ধারে বেড়াবার রাস্তায় লোক কিলবিল করতে থাকে। এ দেশে যদিও 'বাড়ির ভিতর' নেই, তবু এ দেশের মেয়েরা যেমন অসূর্যস্পর্শরূপা এমন আমাদের দেশে নয়।

সাড়ে আটটার কমে আমাদের বিছানা থেকে ওঠা হয় না, ছ-টার সময় বিছানা থেকে উঠলে এখানকার লোকেরা আশ্চর্য হয়। তার পরে উঠেই আমি রোজ ঠাণ্ডা জলে স্নান করি। এ দেশে যাকে স্নান বলে, আমি সেরকম স্নানের বিড়ম্বনা করি নে। আমি মাথায় জল ঢেলে স্নান করি, গরম জল নয়— এখানকার এই বরফের মতো ঠাণ্ডা জল। ন-টার সময় আমাদের খাবার আসে। এখানকার ন-টা আর সেখানকার ছ-টা সমান। আমাদের আর-একটি খাওয়া দেড়টার সময়, সেইটিই প্রধান খাওয়া— মধ্যাহ্নভোজন। মধ্যে একবার চা রুটি প্রভৃতি আসে, তার পরে রাত আটটার সময় আর-একটি সুপ্রশস্ত ভোজনের আয়োজন হয়ে থাকে, এইরকম আমাদের দিনের প্রধান বিভাগগুলি খাওয়া নিয়ে।

অন্ধকার হয়ে আসছে, চারটে বাজে বলে, চারটে বাজলে পরে আলো না জ্বলে পড়া দৃষ্কর। এখানে প্রকৃতপক্ষে ন-টার সময় দিন আরম্ভ হয়, কেননা গড়ে রোজ আটটার কমে ওঠা হয় না। তার পর আবার বৈকাল চারটের সময়েই এখানকার দিনের আলো নিভে যায়। দিনগুলো যেন দশটা চারটে আপিস করতে আসে। ট্যাক-ঘড়ির ডালা খুলতে খুলতেই এ দেশে দিন চলে যায়। এখানকার রাত্তির তেমনি ঘোড়ায় চড়ে আসে, আর পায়ে হেঁটে ফেরে।

মেঘ, বৃষ্টি, বাদল, অন্ধকার, শীত— এ আর একদণ্ডের তরে ছাড়া নেই। আমাদের দেশে যখন বৃষ্টি হয় তখন মুষলধারে বৃষ্টির শব্দ, মেঘ, বজ্র, বিদ্যুৎ, ঝড়— তাতে একটা কেমন উল্লাসের ভাব আছে; এখানে এ তা নয়, এ টিপ টিপ করে সেই একঘেয়ে বৃষ্টি ক্রমাগতই অতিনিঃশব্দ পদসঞ্চারে চলছে তো চলছেই। রাস্তায় কাদা, পত্রহীন গাছগুলো স্তব্ধভাবেই দাঁড়িয়ে দাঁড়িয়ে ভিজছে, কাঁচের জানলার উপর টিপ টিপ করে জল ছিটিয়ে পড়ছে। আমাদের দেশে স্তরে স্তরে মেঘ করে; এখানে আকাশ সমতল, মনে হয় না যে মেঘ করেছে, মনে হয় কোনো কারণে আকাশের রঙটা ঘুলিয়ে গিয়েছে, সমস্তটা জড়িয়ে স্থাবরজঙ্গমের একটা অবসন্ন মুখশ্রী। লোকের মুখে সময়ে সময়ে শুনতে পাই বটে যে, কাল বজ্র ডেকেছিল, কিন্তু বজ্রের নিজের এমন গলার জোর নেই যে তার মুখ থেকেই সে খবরটা পাই। সূর্য তো এখানে গুজবের মধ্যে হয়ে পড়েছে। যদি অনেক ভাগ্যবলে সকালে উঠে সূর্যের মুখ দেখতে পাই, তবে তখনই আবার মনে হয়—

এমন দিন না রবে, তা জানো।

দিনে দিনে শীত খুব ঘনিয়ে আসছে; লোকে বলছে, কাল-পরশুর মধ্যে হয়তো আমরা বরফ পড়া দেখতে পাব। তাপমান যন্ত্র ত্রিশ ডিগ্রি পর্যন্ত নেবে গিয়েছে— সেই তো হচ্ছে ফ্রীজিং পয়েন্ট। অল্পস্বল্প ফ্রস্ট দেখা দিয়েছে। রাস্তার মাটি খুব শক্ত। কেননা তার মধ্যে যা জল ছিল সমস্ত জমাট হয়ে গিয়েছে। রাস্তার মাঝে মাঝে কাঁচের টুকরোর মতো শিশির খুব শক্ত হয়ে জমেছে। দুই-এক জায়গায় ঘাসের মধ্যে কে যেন চুন ছড়িয়ে দিয়েছে, বরফের এই প্রথম সূত্রপাত। খুব শীত পড়েছে, এক-এক সময়ে হাত-পা এমন ঠাণ্ডা হয়ে যায় যে জ্বালা করতে থাকে। সকালে লেপ থেকে বেরোতে ভাবনা হয়।

আমাদের দিশি কাপড় দেখে রাস্তার এক-একজন সত্যি সত্যি হেসে ওঠে, এক-একজন এত আশ্চর্য

হয়ে যায় যে, তাদের আর হাসবার ক্ষমতা থাকে না। কত লোক হয়তো আমাদের জন্যে গাড়ি চাপা পড়তে পড়তে বেঁচে গিয়েছে। প্যারিসে আমাদের গাড়ির পিছনে পিছনে এক দল ইস্কুলের ছোকরা চীৎকার করতে করতে ছুটেছিল, আমরা তাদের সেলাম করলেম। এক-একজন আমাদের মুখের উপর হেসে ওঠে, এক-একজন চোঁচাতে থাকে— “Jack, look at the blackies!”

চতুর্থ পত্র

আমরা সেদিন হাউস অফ কমন্সে গিয়েছিলেম। পার্লামেন্টের অভভেদী চূড়া, প্রকাণ্ড বাড়ি, হাঁ-করা ঘরগুলো দেখলে তাক লেগে যায়। একটা বড়ো ঘরে হাউস বসে, ঘরের চারি দিকে গোল গ্যালারি, তার এক দিকে দর্শকেরা আর-এক দিকে খবরের কাগজের রিপোর্টাররা। গ্যালারি অনেকটা থিয়েটারের ড্রেস-সার্কলের মতো। গ্যালারির নীচে স্টলে মেম্বাররা বসে। তাদের জন্যে দুপাশে হৃদয় দশখানি বেঞ্চি। একপাশের পাঁচখানি বেঞ্চিতে গবর্নমেন্টের দল, আর-এক পাশের পাঁচখানিতে বিপক্ষ দল। সমুখের প্ল্যাটফর্মের উপর একটা কেদারা আছে, সেইখানে প্রেসিডেন্টের মতো একজন (যাকে স্পীকার বলে) মাথায় পরচুলা পরে অত্যন্ত গভীরভাবে বসে থাকেন। যদি কেউ কখনো কোনো অন্যায় ব্যবহার বা কোনো আইনবিরুদ্ধ কাজ করে তা হলে স্পীকার উঠে তাকে বাধা দেয়। যেখানে খবরের কাগজের রিপোর্টাররা সব বসে, তার পিছনে খড়খড়ি দেওয়া একটা গ্যালারিতে মেয়েদের জায়গা, বাইরে থেকে তাদের দেখা যায় না। আমরা যখন গেলেম, তখন ও’ডোনেল বলে একজন আইরিশ সভ্য ভারতবর্ষ সংক্রান্ত বক্তৃতা দিচ্ছিলেন, প্রেস-অ্যাক্টের বিরুদ্ধে ও অন্যান্য নানা বিষয় নিয়ে তিনি আন্দোলন করছিলেন। তাঁর প্রস্তাব অগ্রাহ্য হয়ে গেল। হাউসের ভাবগতিক দেখে আমি আশ্চর্য হয়ে গিয়েছিলেম। যখন একজন কেউ বক্তৃতা করছে, তখন হয়তো অনেক মেম্বার মিলে “ইয়া” “ইয়া” “ইয়া” করে চীৎকার করছে, হাসছে। আমাদের দেশে সভাস্থলে ইস্কুলের ছোকরাও হয়তো এমন করে না। অনেক সময়ে বক্তৃতা হচ্ছে আর মেম্বাররা কপালের উপর টুপি টেনে দিয়ে অকাতরে নিদ্রা যাচ্ছেন। একবার দেখলেম যে, ভারতবর্ষের বিষয় নিয়ে একটা বক্তৃতার সময় ঘরে নয়-দশজনের বেশি মেম্বার ছিল না, অন্যান্য সবাই ঘরের বাইরে হাওয়া খেতে, বা সাপার খেতে গিয়েছেন; আর যেই ভোট নেবার সময় হল অমনি সবাই চার দিক থেকে এসে উপস্থিত। বক্তৃতা শুনে বা কোনোপ্রকার যুক্তি শুনে যে কারও মত স্থির হয়, তা তো বোধ হল না।

গত বৃহস্পতিবারে হাউস অফ কমন্সে ভারতবর্ষ নিয়ে খুব বাদানুবাদ চলেছিল। সেদিন ব্রাইট সিভিল সার্ভিস সম্বন্ধে, গ্ল্যাডস্টোন তুলাজাতের শুল্ক ও আফগান যুদ্ধ সম্বন্ধে, ভারতবর্ষীয়দের দরখাস্ত দাখিল করেন। চারটের সময় পার্লামেন্ট খোলে। আমরা কয়েকজন বাঙালি চারটে না বাজতেই হাউসে গিয়ে উপস্থিত হলেম। তখন হাউস খোলে নি, দর্শনার্থীরা হাউসের বাইরে একটা প্রকাণ্ড ঘরে দাঁড়িয়ে আছে। ঘরের চার দিকে বার্ক, ফক্স, চ্যাটাম, ওঅলপোল প্রভৃতি রাজনীতিবিদগণের মহাপুরুষদের প্রস্তরমূর্তি। প্রতি দরজার কাছে পাহারাওয়ালা পাকা চুলের পরচুলা পরা। গাউন-ঝোলানো পার্লামেন্টের কর্মচারীরা হাতে দুই-একটা খাতাপত্র নিয়ে আনাগোনা করছিলেন। চারটের সময় হাউস খুলল। আমাদের কাছে স্পীকার্স গ্যালারির টিকিট ছিল। হাউস অফ কমন্সে পাঁচ শ্রেণীর গ্যালারি আছে— স্টেঞ্জার্স গ্যালারি, স্পীকার্স গ্যালারি, ডিপ্লম্যাটিক গ্যালারি, রিপোর্টার্স গ্যালারি, লেডিজ গ্যালারি। হাউসের যে-কোনো মেম্বারের কাছ থেকে বৈদেশিক গ্যালারির টিকিট পাওয়া যায়, আর বক্তার অনুগ্রহ হলে তবে বক্তার গ্যালারির টিকিট পাওয়া যেতে পারে। ডিপ্লম্যাটিক গ্যালারিটা কী পদার্থ তা ভালো করে বলতে পারি নে, আমি যে ক-বার হাউসে গিয়েছি দুই-একজন ছাড়া সেখানে লোক দেখতে পাই নি। স্টেঞ্জার্স গ্যালারি থেকে বড়ো ভালো দেখাশুনো যায় না; তার সামনে স্পীকার্স গ্যালারি; তার সামনে ডিপ্লম্যাটিক গ্যালারি। আমরা গিয়ে তো বসলেম। পরচুলাধারী স্পীকার মহাশয় গরুড় পক্ষীটির মতো তাঁর সিংহাসনে উঠলেন। হাউসের সভ্যরা সব

আসন গ্রহণ করলেন । কাজ আরম্ভ হল । হাউসের প্রথম কাজ প্রশ্নোত্তর করা । হাউসের পূর্ব অধিবেশনে এক-একজন মেম্বার বলে রাখেন যে, “আগামী বারে আমি অমুক অমুক বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা করব, তার উত্তর দিতে হবে ।” সেদিন ও’ডোনেল নামে একজন আইরিশ মেম্বার জিজ্ঞাসা করলেন যে, “একো এবং আরো দুই-একটি খবরের কাগজে জুলুদের প্রতি ইংরেজ সৈন্যদের অত্যাচারের যে বিবরণ বেরিয়েছে, সে বিষয়ে গভর্নমেন্ট কি কোনো সংবাদ পেয়েছেন ? আর সে-সকল অত্যাচার কি খ্রীস্টানদের অনুচিত নয় ?” অমনি গভর্নমেন্টের দিক থেকে সার মাইকেল হিক্সবিচ উঠে ও’ডোনেলকে কড়া কড়া দুই-এক কথা শুনিয়ে দিলেন, অমনি একে একে যত আইরিশ মেম্বার ছিলেন, সকলে উঠে তার কড়া কড়া উত্তর দিতে লাগলেন । এইরকম অনেকক্ষণ ঝগড়াঝাঁটি করে দুই পক্ষ শান্ত হয়ে বসলেন । উত্তর-প্রত্যুত্তরের ব্যাপার সমাপ্ত হলে পর যখন বক্তৃতা করবার সময় এল, তখন হাউস থেকে অধিকাংশ মেম্বার উঠে চলে গেলেন । দুই-একটা বক্তৃতার পর ব্রাইট উঠে সিভিল সার্ভিসের রাশি রাশি দরখাস্ত হাউসে দাখিল করলেন । বৃদ্ধ ব্রাইটকে দেখলে অত্যন্ত ভক্তি হয়, তাঁর মুখে ঔদার্য ও দয়া যেন মাখানো । দুর্ভাগ্যক্রমে ব্রাইট সেদিন কিছু বক্তৃতা করলেন না । হাউসে অতি অল্প মেম্বারই অবশিষ্ট ছিলেন, যারা ছিলেন তাঁদের মধ্যে অনেকেই নিদ্রার আয়োজন করছিলেন, এমন সময় গ্ল্যাডস্টোন উঠলেন । গ্ল্যাডস্টোন ওঠবামাত্র সমস্ত ঘর একেবারে নিস্তব্ধ হয়ে গেল, গ্ল্যাডস্টোনের স্বর শুনতে পেয়ে আস্তে আস্তে বাইরে থেকে দলে দলে মেম্বার আসতে লাগলেন, দুই দিকের বেঞ্চি পুরে গেল । তখন পূর্ণ হাউসের মতো গ্ল্যাডস্টোনের বক্তৃতা উৎসারিত হতে লাগল । কিছুমাত্র চীৎকার, তর্জনগর্জন ছিল না, অথচ তাঁর প্রতি কথা, ঘরের যেখানে যে-কোনো লোক বসেছিল, সকলেই একেবারে স্পষ্ট শুনতে পাচ্ছিল । গ্ল্যাডস্টোনের কী একরকম দৃঢ়স্বরে বলবার ধরন আছে, তাঁর প্রতি কথা মনের ভিতর গিয়ে যেন জোর করে বিশ্বাস জন্মিয়ে দেয় । একটা কথায় জোর দেবার সময় তিনি মুষ্টি বদ্ধ করে একেবারে নুয়ে নুয়ে পড়েন, যেন প্রত্যেক কথা তিনি একেবারে নিংড়ে নিংড়ে বের করছেন । আর সেইরকম প্রতি জোর-দেওয়া কথা দরজা ভেঙে-চুরে যেন মনের ভিতর প্রবেশ করে । গ্ল্যাডস্টোন অনর্গল বলেন বটে কিন্তু তাঁর প্রতি কথা ওজন করা, তার কোনো অংশ অসম্পূর্ণ নয় ; তিনি বক্তৃতার প্রথম থেকে শেষ পর্যন্ত সমস্বরে জোর দিয়ে বললেন না, কেননা সে-রকম বলপূর্বক বললে স্বভাবতই শ্রোতাদের মন তার বিরুদ্ধে কোমর বেঁধে দাঁড়ায় । তিনি যে-কথায় জোর দেওয়া আবশ্যিক মনে করেন, সেই কথাতেই জোর দেন ; তিনি খুব তেজের সঙ্গে বলেন বটে কিন্তু চীৎকার করে বলেন না, মনে হয় যা বলছেন, তাতে তাঁর নিজের খুব আন্তরিক বিশ্বাস ।

গ্ল্যাডস্টোনের বক্তৃতাও যেমন থামল, অমনি হাউস শূন্যপ্রায় হয়ে গেল, দু দিকের বেঞ্চিতে ছ-সাতজনের বেশি আর লোক ছিল না । গ্ল্যাডস্টোনের পর স্মলেট যখন বক্তৃতা আরম্ভ করলেন তখন দুই দিককার বেঞ্চিতে লোক ছিল না বললেও হয় ; কিন্তু তিনি ক্ষান্ত হবার পাত্র নন, শূন্য হাউসকে সম্বোধন করে অত্যন্ত দীর্ঘ এক বক্তৃতা করলেন । সেই অবকাশে আমি অত্যন্ত দীর্ঘ এক নিদ্রা দিই । দুই-একজন মেম্বার, যারা উপস্থিত ছিলেন, তাঁরা কেউ বা পরস্পর গল্প করছিলেন, কেউ বা চোখের উপর টুপি টেনে দিয়ে ডিসরেলির পদচ্যুতির পর রাজ্যের প্রধান মন্ত্রী হবার স্বপ্ন দেখছিলেন ।

হাউসে আইরিশ মেম্বারদের ভারি মুশকিল ; তাঁরা যখন বক্তৃতা করতে ওঠেন, তখন চার দিক থেকে ঘোরতর কোলাহল আরম্ভ হয়, মেম্বারেরা হাঁসের মতো “ইয়া” “ইয়া” করে চোঁচাতে থাকে । বিদ্রূপাত্মক “হিয়ার” “হিয়ার” শব্দে বক্তার স্বর ডুবে যায় । এইরকম বাধা পেয়ে বক্তা আর আত্মসংবরণ করতে পারেন না, খুব জ্বলে ওঠেন, আর তিনি যতই রাগ করতে থাকেন ততই হাস্যাস্পদ হন । আইরিশ মেম্বারেরা এইরকম জ্বালাতন হয়ে আজকাল শোধ তুলতে আরম্ভ করেছেন । হাউসে যে-কোনো কথা ওঠে, প্রায় সকল বিষয়েই তাঁরা বাধা দেন, আর প্রতি প্রস্তাবে একজনের পর আর-একজন করে উঠে দীর্ঘকালব্যাপী বক্তৃতায় হাউসকে বিব্রত করে তোলেন ।

পঞ্চম পত্র

বিলেতে নতুন এসেই বাঙালিদের চোখে কোন্ জিনিস ঠেকে, বিলিতি সমাজে নতুন মিশে প্রথমে বাঙালিদের কী রকম লাগে, সে-সকল বিষয়ে আমার নিজের অভিজ্ঞতা থেকে আপাতত কিছু বলব না। কেননা, এ-সকল বিষয় আমার বিচার করবার অধিকার নেই, যারা পূর্বে অনেক কাল বিলেতে ছিলেন ও বিলেত যারা খুব ভালো করে চেনেন তাঁরা আমাকে সঙ্গে করে এনেছেন, আর তাঁদের সঙ্গেই আমি বাস করছি। বিলেতে আসবার আগেই বিলেতের বিষয় তাঁদের কাছে অনেক শুনতে পেতেম, সুতরাং এখানে এসে খুব অল্প জিনিস নিতান্ত নতুন মনে হয়েছে। এখানকার লোকের সঙ্গে মিশতে গিয়ে প্রতি পদে হুঁচট খেয়ে খেয়ে আচার-ব্যবহার আমাকে শিখতে হয় নি। তাই ভাবছি যে, আমার নিজের অভিজ্ঞতার বিষয় আপাতত তোমাদের কিছু বলব না। এখানকার দুই-একজন বাঙালির মুখে তাঁদের যেরকম বিবরণ শুনেছি তাই তোমাদের লিখছি।

জাহাজে তো তাঁরা উঠলেন। যাত্রীদের সেবার জন্যে জাহাজে অনেক ইংরেজ চাকর থাকে তাদের নিয়েই প্রথম গোল বাধে। এঁরা অনেকে তাদের “সার” “সার” বলে সম্বোধন করতেন, তাদের কোনো কাজ করতে হুকুম দিতে তাঁদের বাধা-বাধা করত। জাহাজে তাঁরা অত্যন্ত সসংকোচ ভাবে থাকতেন। তাঁরা বলেন, সকল বিষয়েই তাঁদের যে ওরকম সংকোচ বোধ হত, সেটা কেবল ভয়ে নয়, তার সঙ্গে কতকটা লজ্জাও আছে। যে-কাজ করতে যান, মনে হয় পাছে বেদস্তুর হয়ে পড়ে। জাহাজে ইংরেজদের সঙ্গে মেশা বড়ো হয়ে ওঠে না। তারা টাটকা ভারতবর্ষ থেকে আসছে, ‘হুজুর ধর্মান্বিতার’ গণ দেশী লোক দেখলে নাক তুলে, ঘাড় বেঁকিয়ে চলে যায়। মাঝে মাঝে ভদ্র ইংরেজ দেখতে পাবে, তাঁরা তোমাকে নিতান্ত সঙ্গিহীন দেখে তোমার সঙ্গে মিশতে চেষ্টা করবেন, তাঁরা যথার্থ ভদ্র, অর্থাৎ ভদ্র ও উচ্চ-পরিবারের লোক। এখানকার গলিতে গলিতে যে ‘জন-জোনস্-টমাস’ গণ কিলবিল করছে, তারা ভারতবর্ষের যে-অঞ্চলে পদার্পণ করে, সে-অঞ্চলে ঘরে ঘরে তাদের নাম রাষ্ট্র হয়ে যায়, যে-রাস্তায় তারা চাবুক হস্তে ঘোড়ায় চড়ে যায় (হয়তো সে চাবুক কেবলমাত্র ঘোড়ার জন্যেই নয়) সে রাস্তাসুদ্ধ লোক শশব্যস্ত হয়ে তাদের পথ ছেড়ে দেয়, তাদের এক-একটা ইঙ্গিতে ভারতবর্ষের এক-একটা রাজার সিংহাসন কেঁপে ওঠে, এরকম অবস্থায় তাদের যে বিকৃতি ঘটে আমি তো তাতে বিশেষ অস্বাভাবিক কিছু দেখতে পাই নে। কোনো জন্মে যে-মানুষ ঘোড়া চালায় নি, তাকে ঘোড়া চালাতে দাও, ঘোড়াকে চাবুক মেরে মেরেই জর্জরিত করবে; সে জানে না যে, একটু লাগাম টেনে দিলেই তাকে চালানো যায়। কিন্তু মাঝে মাঝে এক-একটি ভদ্র সাহেবকে দেখা যায়, তাঁরা অ্যাংগ্লো-ইন্ডিয়ানত্বের ঘোরতর সংক্রামক রোগের মধ্যে থেকেও বিশুদ্ধ থাকেন, অপ্রতিহত প্রভুত্ব ও ক্ষমতা পেয়েও উদ্ধত গর্বিত হয়ে ওঠেন না। সমাজশৃঙ্খল ছিন্ন হয়ে, সহস্র সেবকদের দ্বারা বেষ্টিত হয়ে ভারতবর্ষে থাকা উন্নত ভদ্র মনের একপ্রকার অগ্নিপরীক্ষা।

যা হোক, এতক্ষণে জাহাজ সাউদ্যাম্পটনে এসে পৌঁছেছে। বঙ্গীয় যাত্রীরা বিলেতে এসে পৌঁছলেন। লন্ডন উদ্দেশে চললেন। ট্রেন থেকে নাববার সময় একজন ইংরেজ গার্ড এসে উপস্থিত। বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করলে তাঁদের কী প্রয়োজন আছে, কী করে দিতে হবে। তাঁদের মোট নাবিয়ে দিলে, গাড়ি ডেকে দিলে, তাঁরা মনে মনে বললেন, ‘বাঃ! ইংরেজরা কী ভদ্র!’ ইংরেজরা যে এত ভদ্র হতে পারে, তা তাঁদের জ্ঞান ছিল না। তার হস্তে একটি শিলিং গুঁজে দিতে হল বটে। তা হোক, একজন নবাগত বঙ্গ-যুবক একজন যে-কোনো শ্বেতাঙ্গের কাছ থেকে একটিমাত্র সেলাম পেতে, অকাতরে এক শিলিং ব্যয় করতে পারেন। আমি যাদের কাছ থেকে সব কথা শুনতে পাই, তাঁরা অনেক বৎসর বিলেতে আছেন, বিলেতের নানাপ্রকার ছোটোখাটো জিনিস দেখে তাঁদের প্রথম কী রকম মনে হয়েছিল, তা তাঁদের স্পষ্ট মনে নেই। যে-সব বিষয়ে তাঁদের বিশেষ মনে লেগেছিল, তাই এখনো তাঁদের মনে আছে।

তাঁরা বিলেতে আসবার পূর্বে তাঁদের বিলিতি বন্ধুরা এখানে তাঁদের জন্যে ঘর ঠিক করে

রেখেছিলেন। ঘরে ঢুকে দেখেন, ঘরে কার্পেট পাতা, দেয়ালে ছবি টাঙানো, একটা বড়ো আয়না এক জায়গায় ঝোলানো, কৌচ, কতকগুলি চৌকি, দুই-একটা কাঁচের ফুলদানি, এক পাশে একটি ছোটো পিয়ানো। কী সর্বনাশ! তাঁদের বন্ধুদের ডেকে বললেন, “আমরা কি এখানে বড়োমানুষি করতে এসেছি? আমাদের বাপু বেশি টাকাকড়ি নেই, এরকম ঘরে থাকা আমাদের পোষাবে না।” বন্ধুরা অত্যন্ত আমোদ পেলেন, কারণ তখন তাঁরা একেবারে ভুলে গেছেন যে বহুপূর্বে তাঁদেরও একদিন এইরকম দশা ঘটেছিল। নবাগতদের নিতান্ত অন্তর্জীবী বাঙালি মনে করে অত্যন্ত বিজ্ঞতার স্বরে বললেন, “এখানকার সকল ঘরই এইরকম!” নবাগত ভাবলেন, আমাদের দেশে সেই একটা স্যাঁতসেঁতে ঘরে একটা তক্তা ও তার উপরে একটা মাদুর পাতা, ইতস্তত হুঁকোর বৈঠক, কোমরে একটুখানি কাপড় জড়িয়ে জুতোজোড়া খুলে দু-চারজন মিলে শতরঞ্চ খেলা চলছে, বাড়ির উঠোনে একটা গোরু বাঁধা, দেয়ালে গোবর দেওয়া, বারান্দা থেকে ভিজে কাপড় শুকোচ্ছে ইত্যাদি। তাঁরা বলেন, প্রথম প্রথম দিনকতক চৌকিতে বসতে, কৌচে শুতে, টেবিলে খেতে, কার্পেটে বিচরণ করতে অত্যন্ত সংকোচ বোধ হত। সোফায় অত্যন্ত আড় হয়ে বসতেন, ভয় হত, পাছে সোফা ময়লা হয়ে যায় বা তার কোনোপ্রকার হানি হয়। মনে হত, সোফাগুলো কেবল ঘর সাজাবার জন্যেই রেখে দেওয়া, এগুলো ব্যবহার করতে দিয়ে মাটি করা কখনোই ঘরের কর্তার অভিপ্রেত হতে পারে না। ঘরে এসে প্রথম মনের ভাব তো এই, তার পরে আর-একটি প্রধান কথা বলা বাকি।

বিলেতে ছোটোখাটো বাড়িতে ‘বাড়িওআলা’ বলে একটা জীবের অস্তিত্ব আছে হয়তো, কিন্তু যারা বাড়িতে থাকেন ‘বাড়িওআলা’র সঙ্গেই তাঁদের সমস্ত সম্পর্ক। ভাড়া চুকিয়ে দেওয়া, কোনোপ্রকার বোঝাপড়া, আহারাদির বন্দোবস্ত করা, সে সমস্তই বাড়িওআলীর কাছে। আমার বন্ধুরা যখন প্রথম পদার্পণ করলেন, দেখলেন, এক ইংরেজনী এসে অতি বিনীত স্বরে তাঁদের ‘সুপ্রভাত’ অভিবাদন করলে, তাঁরা নিতান্ত শশব্যস্ত হয়ে ভদ্রতার যথাযোগ্য প্রতিদান দিয়ে আড়ষ্ট হয়ে দাঁড়িয়ে রইলেন। কিন্তু যখন তাঁরা দেখলেন, তাঁদের অন্যান্য ইঙ্গবঙ্গ বন্ধুগণ তাঁর সঙ্গে অতি অসংকুচিত স্বরে কথাবার্তা আরম্ভ করে দিলেন, তখন আর তাঁদের বিস্ময়ের আদি অন্ত রইল না। মনে করো এক সজীব বিবিসাহেব জুতো-পরা, টুপি-পরা, গাউন-পরা! তখন ইঙ্গবঙ্গ বন্ধুদের উপর সেই নবাগত বঙ্গযুবকদের ভক্তির উদয় হল, কোনো কালে যে এই অসমসাহসিকদের মতো তাঁদেরও বুকের পাটা জন্মাবে, তা তাঁদের সম্ভব বোধ হল না। যা হোক, এই নবাগতদের যথাস্থানে প্রতিষ্ঠিত করে দিয়ে ইঙ্গবঙ্গ বন্ধুগণ স্ব স্ব আলয়ে গিয়ে সপ্তাহকাল ধরে তাঁদের অজ্ঞতা নিয়ে অপরিাপ্ত হাস্যকৌতুক করলেন। পূর্বোক্ত গৃহকর্ত্রী প্রত্যহ নবাগতদের অতি বিনীতভাবে, কী চাই, কী না চাই, জিজ্ঞাসা করতে আসত। তাঁরা বলেন, এই উপলক্ষে তাঁদের অত্যন্ত আহ্লাদ হত। তাঁদের মধ্যে একজন বলেন, প্রথম দিন যেদিন তিনি এই ইংরেজ মেয়েকে একটুখানি ধমকাতে পেরেছিলেন, সেদিন সমস্ত দিন তাঁর মন অত্যন্ত প্রফুল্ল ছিল। অথচ সেদিন সূর্য পশ্চিম দিকে ওঠে নি, পর্বত চলাফেরা করে বেড়ায় নি, বহিঃ শীতলতা প্রাপ্ত হয় নি।

কার্পেট-মোড়া ঘরে তাঁরা সুখে বাস করছেন। তাঁরা বলেন, “আমাদের দেশে নিজের ঘর বলে একটা স্বতন্ত্র পদার্থ ছিল না; যে-ঘরে বসতেম, সে-ঘরে বাড়ির দশজনে যাতায়াত করছেই। আমি একপাশে লিখছি, দাদা একপাশে একখানা বই হাতে করে ঢুলছেন, আর-এক দিকে মাদুর পেতে গুরুমশায় ভুলুকে উচ্চৈঃস্বরে সুর করে করে নামতা পড়াচ্ছেন। এখানে আমার নিজের ঘর; সুবিধামত করে বইগুলি এক দিকে সাজালেম, লেখবার সরঞ্জাম এক দিকে গুছিয়ে রাখলেম, কোনো ভয় নেই যে, একদিন পাঁচটা ছেলে মিলে সমস্ত ওলট-পালট করে দেবে, আর একদিন দুটোর সময় কলেজ থেকে এসে দেখব, তিনটে বই পাওয়া যাচ্ছে না, অবশেষে অনেক খোঁজ-খোঁজ করে দেখা যাবে বইগুলি নিয়ে আমার ছোটো ভাগিটি তাঁর ক্ষুদ্র ক্ষুদ্র সহচরীদের ডেকে ছবি দেখতে ঘোরতর ব্যস্ত। এখানে নিজের ঘরে বসে থাকো, দরজাটি ভেজানো, সট করে না বলে কয়ে কেউ ঘরের মধ্যে এসে পড়ে না, ঘরে ঢোকবার আগে দরজায় শব্দ করে, ছেলেপিলেগুলো চারি দিকে চেষ্টামেচি

কান্নাকাটি জুড়ে দেয় নি, নিরিবিলি নিরালা, কোনো হাঙ্গামা নেই।” দেশের সম্বন্ধে মেজাজ খিটখিটে হয়ে ওঠে। প্রায় দেখা যায় আমাদের দেশের পুরুষেরা এখানকার পুরুষ-সমাজে বড়ো মেশেন না। কারণ এখানকার পুরুষ-সমাজে মিশতে গেলে একরকম বলিষ্ঠ স্ফূর্তির ভাব থাকা চাই, বাধো-বাধো মিঠে সুরে দু-চারটে সসংকোচ ‘হাঁ না’ দিয়ে গেলে চলে না। বাঙালি অভ্যাগত ডিনার টেবিলে তাঁর পার্শ্বস্থ মহিলাটির কানে কানে মিষ্টি মিষ্টি টুকরো টুকরো দুই-একটি কথা মৃদু ধীর স্বরে কইতে পারেন, আর সে মহিলার সহবাসে তিনি যে স্বর্গ-সুখ উপভোগ করছেন, তা তাঁর মাথার চুল থেকে বুট জুতোর আগা পর্যন্ত প্রকাশ হতে থাকে, সুতরাং মেয়ে-সমাজে বাঙালিরা পসার করে নিতে পারেন। আমাদের দেশের ঘোমটাচ্ছন্ন-মুখচন্দ্র-শোভী অনালোকিত অন্তঃপুর থেকে এখানকার রূপের মুক্ত জ্যোৎস্নায় এসে আমাদের মন-চকোর প্রাণ খুলে গান গেয়ে ওঠে।

একদিন আমাদের নবাগত বঙ্গযুবক তাঁর প্রথম ডিনারের নিমন্ত্রণে গিয়েছেন। নিমন্ত্রণসভায় বিদেশীর অত্যন্ত সমাদর। তিনি গৃহস্বামীর যুবতী কন্যা মিস অমুকের বাহু গ্রহণ করে আহারের টেবিলে গিয়ে বসলেন। আমাদের দেশের স্ত্রীলোকদের সঙ্গে মুক্তভাবে মিশতে পাই নে, তার পরে নতুন নতুন এসে এখানকার স্ত্রীলোকদের ভাবও ঠিক বুঝতে পারি নে। কোনো সামাজিকতার অনুরোধে তারা আমাদের মনোরঞ্জন করবার জন্যে যে-সকল কথাবার্তা হাস্যালাপ করে, আমরা তার ঠিক মর্মগ্রহণ করতে পারি নে, আমরা হঠাৎ মনে করি, আমাদের উপরেই এই মহিলাটির বিশেষ অনুকূল দৃষ্টি। আমাদের বঙ্গযুবকটি মিসকে ভারতবর্ষ সংক্রান্ত অনেক কথা জানালেন। বললেন তাঁর বিলেত অত্যন্ত ভালো লাগে, ভারতবর্ষে ফিরে যেতে ইচ্ছে করে না, ভারতবর্ষে অনেক প্রকার কুসংস্কার আছে। শেষকালে দুই-একটি সাজানো কথাও বললেন। যথা, তিনি সুন্দরবনে বাঘ শিকার করতে গিয়ে একবার মরতে মরতে বেঁচে গিয়েছিলেন। মিসটি অতি সহজে বুঝতে পারলেন যে, এই যুবকের তাঁকে অত্যন্ত ভালো লেগেছে। তিনি যথেষ্ট সন্তুষ্ট হলেন ও তাঁর মিষ্টতম বাক্যবাণ যুবকের প্রাণে হানতে লাগলেন। “আহা, কী গোছালো কথা! কোথায় আমাদের দেশের মেয়েদের মুখের সেই নিতান্ত শ্রমলভ্য দুই-একটি ‘হাঁ না’ যা এত মৃদু যে ঘোমটার সীমার মধ্যেই মিলিয়ে যায়; আর কোথায় এখানকার বিস্বৌষ্ঠ-নিঃসৃত অজস্র মধুধারা, যা অযাচিতভাবে মদিরার মতো শিরায় শিরায় প্রবেশ করে!”

হয়তো বুঝতে পারছ, কী কী মসলার সংযোগে বাঙালি বলে একটা পদার্থ ক্রমে ইঙ্গবঙ্গ নামে একটা খিচুড়িতে পরিণত হয়। সমস্ত প্রক্রিয়াটা বিস্তারিত করে লিখতে পারি নি। এত-সব ছোটো ছোটো বিষয়ের সমষ্টি মানুষের মনে অলক্ষিত পরিবর্তন উপস্থিত করে যে, সে-সকল খুঁটিনাটি করে বর্ণনা করতে গেলে পুঁথি বেড়ে যায়।

ইঙ্গবঙ্গদের ভালো করে চিনতে গেলে তাঁদের তিনরকম অবস্থায় দেখতে হয়। তাঁরা ইংরেজদের সম্মুখে কী রকম ব্যবহার করেন, বাঙালিদের সম্মুখে কী রকম ব্যবহার করেন ও তাঁদের স্বজাত ইঙ্গবঙ্গদের সম্মুখে কী রকম ব্যবহার করেন। একটি ইঙ্গবঙ্গকে একজন ইংরেজের সম্মুখে দেখো, চক্ষু জুড়িয়ে যাবে। ভদ্রতার ভারে প্রতি কথায় ঘাড় নুয়ে নুয়ে পড়ছে, তর্ক করবার সময় অতিশয় সাবধানে নরম করে প্রতিবাদ করেন ও প্রতিবাদ করতে হল বলে অপরিাপ্ত দুঃখ প্রকাশ করেন, অসংখ্য ক্ষমা প্রার্থনা করেন। কথা কন আর না কন, একজন ইংরেজের কাছে একজন ইঙ্গবঙ্গ চুপ করে বসে থাকলেও তাঁর প্রতি অঙ্গভঙ্গি, প্রতি মুখের ভাবে বিনয়ের পরাকাষ্ঠা প্রকাশ হতে থাকে। কিন্তু তাঁকেই আবার তাঁর স্বজাতিমণ্ডলে দেখো, দেখবে তাঁর মেজাজ। বিলেতে যিনি তিন বৎসর আছেন, এক বৎসরের বিলেতবাসীর কাছে তাঁর অত্যন্ত পায়-ভারী। এই তিন বৎসর ও এক বৎসরের মধ্যে যদি কখনো তর্ক ওঠে, তাহলে তুমি “তিন বৎসরের” প্রতাপটা একবার দেখতে পাও। তিনি প্রতি কথা এমন ভাবে, এমন স্বরে বলেন যে, যেন সেই কথাগুলি নিয়ে সরস্বতীর সঙ্গে তাঁর বিশেষ বোঝাপড়া হয়ে একটা স্থিরসিদ্ধান্ত হয়ে গেছে। যিনি প্রতিবাদ করছেন তাঁকে তিনি স্পষ্টাক্ষরে বলেন ‘ভ্রান্ত’, কখনো বা মুখের উপর বলেন ‘মূর্থ’।

সেদিন একজন গল্প করছিলেন যে তাঁকে আর-একজন বাঙালি জিজ্ঞাসা করেছিলেন যে, “মশায়ের কী কাজ করা হয় ?” এই গল্প শুনবামাত্র আমাদের একজন ইঙ্গবঙ্গ বন্ধু নিদারুণ ঘৃণার সঙ্গে বলে উঠলেন, “দেখুন দেখি, কী বার্বারস !” ভাবটা এই যে, যেমন মিথ্যে কথা না বলা, চুরি না করা, নীতি-শাস্ত্রের কতকগুলি মূল নিয়ম, তেমনি অন্য মানুষকে তার জীবিকার কথা জিজ্ঞাসা না করাও একটা মূল নিয়মের মধ্যে ।

সেদিন এক জায়গায় আমাদের দেশের শ্রদ্ধের কথা হচ্ছিল, বাপ-মার মৃত্যুর পর আমরা হবিষ্য করি, বেশভূষা করি নে ইত্যাদি । শুনে একজন ইঙ্গবঙ্গ যুবক অধীর ভাবে আমাকে বলে উঠলেন যে, “আপনি অবিশ্যি, মশায়, এ-সকল অনুষ্ঠান ভালো বলেন না ।” আমি বললেম, “কেন নয় ? আমি দেখছি ইংরেজেরা যদি আত্মীয়ের মৃত্যু উপলক্ষে হবিষ্য খেত, আর আমাদের দেশের লোকেরা না খেত, তা হলে হবিষ্য খায় না বলে আমাদের দেশের লোকের উপর তোমার দ্বিগুণতর ঘৃণা হত ও মনে করতে হবিষ্য খায় না বলেই আমাদের দেশের এত দুর্দশা ।” তুমি হয়তো জানো, ইংরেজেরা এক টেবিলে তেরো জন খাওয়া অলক্ষণ মনে করে, তাদের বিশ্বাস তা হলে এক বৎসরের মধ্যে তাদের একজনের মৃত্যু হবেই । একজন ইঙ্গবঙ্গ যখন নিমন্ত্রণ করেন তখন কোনোমতে তেরো জন নিমন্ত্রণ করেন না, জিজ্ঞাসা করলে বলেন, “আমি নিজে বিশ্বাস করি নে, কিন্তু যাদের নিমন্ত্রণ করি তাঁরা পাছে ভয় পান তাই বাধ্য হয়ে এ নিয়ম পালন করতে হয় ।” সেদিন একজন ইঙ্গবঙ্গ তাঁর একটি আত্মীয় বালককে রবিবার দিনে রাস্তায় খেলা করতে যেতে বারণ করছিলেন । আমি জিজ্ঞাসা করাতে বললেন, “রাস্তার লোকেরা কী মনে করবে ?”

কতকগুলি বাঙালি বলেন, এখানকার মতো ঘর ভাড়া দেবার প্রথা তাঁরা আমাদের দেশে প্রচলিত করবেন । তাঁদের সেই একটিমাত্র সাধ । আর-একজন বাঙালি বাংলা সমাজ সংস্কার করতে চান, বিলেতের সমাজে মেয়ে পুরুষে একত্রে নাচাটাই তাঁর চোখে অত্যন্ত ভালো লেগেছে । কতকগুলি সাধারণ বিষয়ে আমাদের দেশের ও এ-দেশের মেয়েদের অমিল দেখে তার পরে তিনি কতকগুলি বিশেষ বিশেষ বিষয় নিয়ে ছেলেমানুষের মতো খুঁতখুঁত করতে থাকেন । একজন ইঙ্গবঙ্গ নালিশ করছিলেন যে, আমাদের দেশের মেয়েরা পিয়ানো বাজাতে পারে না, ও এখানকার মতো ভিজিটারদের সঙ্গে দেখা করতে ও ভিজিট প্রত্যর্পণ করতে যায় না । এইরকম ক্রমাগত প্রতি ছোটোখাটো বিষয় নিয়ে এ দেশের সঙ্গে আমাদের দেশের তুলনা করে করে তাঁদের চটাভাব চটনমান যন্ত্রে ব্লাড হীট ছাড়িয়ে ওঠে । একজন ইঙ্গবঙ্গ তাঁর সমবেদক বন্ধুদের দ্বারা বেষ্টিত হয়ে বলছিলেন যে, যখন তিনি মনে করেন যে, দেশে ফিরে গেলে তাঁকে চারি দিকে ঘিরে মেয়েগুলো প্যান প্যান করে কাঁদতে আরম্ভ করবে, তখন আর তাঁর দেশে ফিরে যেতে ইচ্ছে করে না । অর্থাৎ তিনি চান যে, তাঁকে দেখবামাত্রই ‘ডায়ার ডার্লিং’ বলে ছুটে এসে তাঁর স্ত্রী তাঁকে আলিঙ্গন ও চুম্বন করে তাঁর কাঁধে মাথা দিয়ে দাঁড়িয়ে থাকবে । ডিনারের টেবিলে কাঁটা ছুরি উলটে ধরতে হবে, কি পালটে ধরতে হবে তাই জানবার জন্যে তাঁদের গবেষণা দেখলে তাঁদের উপর ভক্তির উদয় হয় । কোটের কোন্ হাঁটটা ফ্যাশন-সংগত, আজকাল নোবিলিটি আঁট প্যান্টলুন পরেন কি ঢল্কো পরেন, ওয়ালট্‌স্ নাচেন কি পোলকা মজুকা, মাছের পর মাংস খান কি মাংসের পর মাছ, সে-বিষয়ে তাঁরা অপ্রাস্ত খবর রাখেন । ঐরকম ছোটোখাটো বিষয়ে একজন বাঙালি যত দস্তুর-বেদস্তুর নিয়ে নাড়াচাড়া করেন, এমন এ-দিশি করে না । তুমি যদি মাছ খাবার সময় ছুরি ব্যবহার কর তবে একজন ইংরেজ তাতে বড়ো আশ্চর্য হবেন না, কেননা তিনি জানেন তুমি বিদেশী, কিন্তু একজন ইঙ্গবঙ্গ সেখানে উপস্থিত থাকলে তাঁর স্মেলিং সল্টের আবশ্যিক করবে । তুমি যদি শেরি খাবার গ্লাসে শ্যাম্পেন খাও তবে একজন ইঙ্গবঙ্গ তোমার দিকে হাঁ করে চেয়ে থাকবেন, যেন তোমার এই অজ্ঞতার জন্যে সমস্ত পৃথিবীর সুখ শান্তি নষ্ট হবার উপক্রম হয়েছে । সঙ্কেবেলায় তুমি যদি মর্নিং কোট পর, তা হলে তিনি ম্যাজিস্ট্রেট হলে জেলে নির্জনবাসের আঞ্জা দিতেন । একজন বিলেত-ফেরতা কাউকে মটন দিয়ে রাই দিয়ে খেতে দেখলে বলতেন, “তবে কেন মাথা দিয়ে চল না ?”

আর-একটি আশ্চর্য ব্যাপার লক্ষ্য করে দেখেছি যে, বাঙালিরা ইংরেজদের কাছে স্বদেশের লোকদের ও আচার-ব্যবহারের যত নিন্দে করেন, এমন একজন ভারতদেষী অ্যাংগ্লো-ইন্ডিয়ানও করেন না। তিনি নিজে ইচ্ছা করে কথা পাড়েন ও ভারতবর্ষের নানাপ্রকার কুসংস্কার প্রভৃতি নিয়ে প্রাণ খুলে হাস্যপরিহাস করেন। তিনি গল্প করেন যে, আমাদের দেশে বল্লভাচার্যের দল বলে একরকম বৈষ্ণবের দল আছে। তাদের সমস্ত অনুষ্ঠান সবিস্তারে বর্ণনা করতে থাকেন। সভার লোকদের হাসাবার অভিপ্রায়ে, নেটিব নচ-গালরা কী রকম করে নাচে অঙ্গভঙ্গি করে তার নকল করেন ও তাই দেখে সকলে হাসলে আনন্দ উপভোগ করেন। তাঁর নিতান্ত ইচ্ছে, তাঁকে কেউ ভারতবর্ষীয় দলের মধ্যে গণ্য না করে। সাহেব-সাজা বাঙালিদের প্রতি পদে ভয়, পাছে তাঁরা বাঙালি বলে ধরা পড়েন। একজন বাঙালি একবার রাস্তা দিয়ে যাচ্ছিলেন, আর-একজন ভারতবর্ষীয় এসে তাঁকে হিন্দুস্থানিতে দুই-এক কথা জিজ্ঞাসা করে, তিনি মহা খাপা হয়ে উত্তর না দিয়ে চলে যান। তাঁর ইচ্ছে, তাঁকে দেখে কেউ মনে না করতে পারে যে, তিনি হিন্দুস্থানি বোঝেন। একজন ইঙ্গবঙ্গ একটি ‘জাতীয় সংগীত’ রামপ্রসাদী সুরে রচনা করেছেন; এই গানটার একটু অংশ পূর্ব পত্রে লিখেছি, বাকি আর-একটু মনে পড়েছে, এইজন্য আবার তার উল্লেখ করছি। এ গীত ঝাঁর রচনা, তিনি রামপ্রসাদের মতো শ্যামার উপাসক নন, তিনি গৌরীভক্ত। এইজন্যে গৌরীকে সম্বোধন করে বলছেন—

মা, এবার মলে সাহেব হব ;

রাঙা চুলে হ্যাট বসিয়ে, পোড়া নেটিব নাম ঘোচাব।

সাদা হাতে হাত দিয়ে মা, বাগানে বেড়াতে যাব

(আবার) কালো বদন দেখলে পরে ‘ডার্কি’ বলে মুখ ফেরাব।

আমি পূর্বেই বিলাতে বাড়িওআলী শ্রেণীর কথা উল্লেখ করেছি। তারা বাড়ির লোকদের আবশ্যিকমত সেবা করে। অনেক ভাড়াটে থাকলে তারা চাকরানী রাখে বা অন্য আত্মীয়েরা তাদের সাহায্য করবার জন্যে থাকে। অনেকে সুন্দরী ল্যান্ডলেডি দেখে ঘর ভাড়া করেন। বাড়িতে পদার্পণ করেই ল্যান্ডলেডির যুবতী কন্যার সঙ্গে ঘনিষ্ঠতা করে নেন, দু-তিন দিনের মধ্যে তার একটি আদরের নামকরণ করা হয়, সপ্তাহ অতীত হলে তার নামে হয়তো একটা কবিতা রচনা করে তাকে উপহার দেন। সেদিন ল্যান্ডলেডির মেয়ে তাঁকে এক পেয়ালা চা এনে জিজ্ঞাসা করেছিল যে, চায়ে কি চিনি দিতে হবে? তিনি হেসে বললেন, “না নেলি, তুমি যখন ছুঁয়ে দিয়েছ, তখন আর চিনি দেবার দরকার দেখছি নে!” আমি জানি, একজন ইঙ্গবঙ্গ তাঁর বাড়ির দাসীদের মেজদিদি সেজদিদি বলে ডাকতেন।

আমি একজনকে জানি, তিনি তাঁর মেজদিদি-সেজদিদিবর্গকে এত মান্য করে চলতেন যে, তাঁর ঘরে বা তাঁর পাশের ঘরে যদি এদের মধ্যে কেউ উপস্থিত থাকত, এবং সে অবস্থায় যদি তাঁর কোনো ইঙ্গবঙ্গ বন্ধু গান বা হাস্যপরিহাস করতেন তা হলে তিনি মহা অপ্রতিভ হয়ে বলে উঠতেন, “আরে চূপ করো, চূপ করো, মিস এমিলি কী মনে করবেন?” আমার মনে আছে, দেশে থাকতে একবার এক ব্যক্তি বিলেত থেকে ফিরে গেলে পর, আমরা তাকে খাওয়াই। খাবার সময় তিনি নিশ্বাস ত্যাগ করে বললেন, “এই আমি প্রথম খাচ্ছি, যেদিন আমার খাবার টেবিলে কোনো লেডি নেই।” একজন ইঙ্গবঙ্গ একবার তাঁর কতকগুলি বন্ধুদের নিমন্ত্রণ করেছিলেন। খাবার টেবিলে কতকগুলি ল্যান্ডলেডি ও দাসী বসে ছিল, তাদের একজনের ময়লা কাপড় দেখে নিমন্ত্রণকর্তা তাকে কাপড় বদলে আসতে অনুরোধ করেছিলেন। শুনে সে বললে, “যাকে ভালোবাসা যায়, তাকে ময়লা কাপড়েও ভালোবাসা যায়।”

এইবার ইঙ্গবঙ্গদের একটি গুণের কথা তোমাকে বলছি। এখানে ঝাঁরা আসেন, অনেকেই কবুল করেন না যে তাঁরা বিবাহিত, যেহেতু স্বভাবতই যুবতী কুমারী সমাজে বিবাহিতদের দাম অল্প। অবিবাহিত বলে পরিচয় দিলে এখানকার অবিবাহিতদের সঙ্গে মিশে অনেক যথেষ্টাচার করা যায়, কিন্তু বিবাহিত বলে জানলে তোমার অবিবাহিত সঙ্গীরা ও-রকম অনিয়ম করতে দেয় না; সুতরাং অবিবাহিত বলে পরিচয় দিলে অনেক লাভ আছে।

অনেক ইঙ্গবঙ্গ দেখতে পাবে তাঁরা আমার এই বর্ণনার বহির্গত। কিন্তু সাধারণত ইঙ্গবঙ্গত্বের লক্ষণগুলি আমি যতদূর জানি তা লিখেছি।

ভারতবর্ষে গিয়ে ইঙ্গবঙ্গদের কী রকম অবস্থা হয় সে-বিষয়ে আমার অভিজ্ঞতাও নেই, বক্তব্যও নেই। কিন্তু কিছু কাল ভারতবর্ষে থেকে তার পরে ইংলন্ডে এলে কী রকম ভাব হয় তা আমি অনেকের দেখেছি। তাঁদের ইংলন্ড আর তেমন ভালো লাগে না; অনেক সময়ে তাঁরা ভেবে পান না, ইংলন্ড বদলেছে, কি তাঁরা বদলেছেন। আগে ইংলন্ডের অতি সামান্য জিনিস ভালো লাগত; এখন ইংলন্ডের শীত ইংলন্ডের বর্ষা তাঁদের ভালো লাগছে না, এখন তাঁরা ভারতবর্ষে ফিরে যেতে হলে দুঃখিত হন না। তাঁরা বলেন, আগে তাঁরা ইংলন্ডের স্ট্রবেরি ফল অত্যন্ত ভালোবাসতেন। এমন-কি তাঁরা যতরকম ফল খেয়েছেন তার মধ্যে স্ট্রবেরিই তাঁদের সকলের চেয়ে স্বাদু মনে হত। কিন্তু এই কয় বৎসরের মধ্যে স্ট্রবেরির স্বাদ বদলে গেল নাকি। এখন দেখছেন তার চেয়ে অনেক দিশি ফল তাঁদের ভালো লাগে। আগে ডেভনশিয়রের ক্রীম তাঁদের এত ভালো লাগত যে, তার আর কথা নেই, কিন্তু এখন দেখছেন আমাদের দেশের ক্ষীর তার চেয়ে ঢের ভালো। তাঁরা ভারতবর্ষে গিয়ে স্ত্রীপুত্রপরিবার নিয়ে সংসারী হয়ে পড়েন, রোজগার করতে আরম্ভ করেন, ভারতবর্ষের মাটিতে তাঁদের শিকড় একরকম বসে যায়। মনটা কেমন শিথিল হয়ে আসে, তখন পায়ের উপর পা দিয়ে টানা পাখার বাতাস খেয়ে কোনোপ্রকারে দিন কাটিয়ে দিতে পারলে নিশ্চিত থাকেন। বিলেতে আমোদ বিলাস ভোগ করতে গেলেও অনেক উদ্যমের আবশ্যক করে। এখানে এ-ঘর থেকে ও-ঘরে যেতে হলে গাড়ির চলন নেই, হাত-পা নাড়তে চাড়তে দশটা চাকরের উপর নির্ভর করলে চলে না। গাড়িভাড়া অত্যন্ত বেশি, আর চাকরের মাইনে মাসে সাড়ে তিন টাকা নয়। থিয়েটার দেখতে যাও; সন্ধ্যাবেলা বৃষ্টি পড়ছে, পথে কাদা, একটা ছাতা ঘাড়ে করে মাইল কতক ছুটোছুটি করে তবে ঠিক সময়ে পৌঁছতে পারবে। যখন রক্তের তেজ থাকে তখন এ-সকল পেরে ওঠা যায়।

ষষ্ঠ পত্র

আমাদের ব্রাইটনের বাড়িটি, সমুদ্রের কাছে একটি নিরালা জায়গায়। এক সার কুড়ি-পঁচিশটি বাড়ি, বাড়িগুলির নাম মেডিনা ভিলাজ। হঠাৎ মনে হয়েছিল বাগানবাড়ি। এখানে এসে দেখি, 'ভিলা'ত্বর মধ্যে আমাদের বাড়ির সামনে দু-চার হাত জমিতে দু-চারটে গাছ পোঁতা আছে। বাড়ির দরজায় একটা লোহার কড়া লাগানো, সেইটেতে ঠক ঠক করলেম, আমাদের ল্যান্ডলেডি এসে দরজা খুলে দিলে। আমাদের দেশের তুলনায় এখানকার ঘরগুলো লম্বা চওড়া ও উচুতে ঢের ছোটো। চারি দিকে জানলা বন্ধ, একটু বাতাস আসবার জো নেই, কেবল জানলাগুলো সমস্ত কাঁচের বলে আলো আসে। শীতের পক্ষে এরকম ছোটোখাটো ঘরগুলো ভালো, একটু আগুন জ্বাললেই সমস্ত বেশ গরম হয়ে ওঠে, কিন্তু তা হোক, যেদিন মেঘে চার দিক অন্ধকার, টিপটিপ করে বৃষ্টি পড়ছে, তিন-চার দিন ধরে মেঘ-বৃষ্টি-অন্ধকারের এক মুহূর্ত বিরাম নেই, সেদিন এই ছোটো অন্ধকার ঘরটার এক কোণে বসে আমার মনটা অত্যন্ত বিগড়ে যায়, কোনোমতে সময় কাটে না। খালি আমি বলে নয়, আমার ইংরেজ আলাপীরা বলেন সেরকম দিনে তাঁদের অত্যন্ত swear করার প্রবৃত্তি জন্মায় (swear করা রোগটা সম্পূর্ণ যুরোপীয়, সুতরাং ওর বাংলা কোনো নাম নেই), মনের ভাবটা অধার্মিক হয়ে ওঠে। যা হোক এখানকার ঘর-দুয়ারগুলি বেশ পরিষ্কার; বাড়ির ভিতরে প্রবেশ করলে কোথাও ধুলো দেখবার জো নেই, মেজের সর্বাঙ্গ কাপেট প্রভৃতি দিয়ে মোড়া, সিঁড়িগুলি পরিষ্কার তক তক করছে। চোখে দেখতে খারাপ হলে এরা সহিতে পারে না। প্রতি সামান্য বিষয়ে এদের ভালো দেখতে হওয়াটা প্রধান আবশ্যিক। শোকবস্ত্রও সুশ্রী দেখতে হওয়া চাই। আমরা যাকে পরিষ্কার বলি সেটা কিন্তু আর-একটা জিনিস। এখানকার লোকেরা খাবার পরে আঁচায় না, কেননা আঁচানো জল মুখ থেকে পড়ছে সে অতি কুশ্রী দেখায়। শ্রীহানি হয় বলে পরিষ্কার হওয়া হয় না। এখানে যেরকম কাশি-সর্দির প্রাদুর্ভাব, তাতে

ঘরে একটা পিকদান নিতান্ত আবশ্যিক, কিন্তু তার ব্যবহার কুশ্রী বলে ঘরে রাখা হয় না, রুমালে সমস্ত কাজ চলে। আমাদের দেশের যেরকম পরিষ্কার ভাব, তাতে আমরা বরঞ্চ ঘরে একটা পিকদান রাখতে পারি, কিন্তু জামার পকেটে এরকম একটা বীভৎস পদার্থ বহন করতে ঘৃণা হয়। কিন্তু এখানে চোখেরই আধিপত্য। রুমাল কেউ দেখতে পাবে না, তা হলেই হল। চুলটি বেশ পরিষ্কার করে আঁচড়ানো থাকবে, মুখটি ও হাত দুটি সাফ থাকবে, স্নান করবার বিশেষ দরকার নেই। এখানে জামার উপরে অন্যান্য অনেক কাপড় পরে বলে জামার সমস্তটা দেখা যায় না, খালি বুকের ও হাতের কাছে একটু বেরিয়ে থাকে। একরকম জামা আছে, তার যতটুকু বেরিয়ে থাকে ততটুকু জোড়া দেওয়া, সেটুকু খুলে ধোবার বাড়ি দেওয়া যায়; তাতে সুবিধে হচ্ছে যে ময়লা হয়ে গেলে জামা বদলাবার কোনো আবশ্যিক করে না, সেই জোড়া টুকরোগুলো বদলালেই হল। এখানকার দাসীদের কোমরে এক আঁচল বাঁধা থাকে, সেইটি দিয়ে তারা না পোঁছে এমন পদার্থ নেই; খাবার কাঁচের প্লেট যে দেখছ ঝক্ ঝক্ করছে, সেটিও সেই সর্ব-পাবক-আঁচল দিয়ে মোছা হয়েছে, কিন্তু তাতে কী হানি, কিছু খারাপ দেখাচ্ছে না। এখানকার লোকেরা অপরিষ্কার নয়, আমাদের দেশে যাকে 'নোংরা' বলে তাই। এখানে পরিষ্কার ভাবের যে অভাব আমরা দেখতে পাই, সে অনেকটা শীতের জন্যে। আমরা যে-কোনো জিনিস হোক-না কেন, জল দিয়ে পরিষ্কার না হলে পরিষ্কার মনে করি নে। এখানে অত জল নিয়ে নাড়াচাড়া পোষায় না। তা ছাড়া শীতের জন্যে এখানকার জিনিসপত্র শীঘ্র নোংরা হয়ে ওঠে না। এখানে শীত ও গায়ের আবরণ থাকাতে শরীর তত অপরিষ্কার হয় না। এখানে জিনিসপত্র পচে ওঠে না। এইরকম পরিষ্কারের পক্ষে নানা বিষয়ে সুবিধে। আমাদের যেমন পরিষ্কার ভাব আছে, তেমনি পরিষ্কার হওয়ার বিষয়ে অনেক টিলেমিও আছে। আমাদের দেশের পুষ্করিণীতে কী না ফেলে? অপরিষ্কার জলকুণ্ডে স্নান; তেল মেখে দুটো ডুব দিলেই আমরা শুচিতা কল্পনা করি। আমরা নিজের শরীর ও খাওয়া-দাওয়া সংক্রান্ত জিনিসের বিষয়ে বিশেষ পরিষ্কার থাকি, কিন্তু ঘরদুয়ার যথোচিত পরিষ্কার করি নে। এমন-কি, অস্বাস্থ্যকর করে তুলি।

আমাদের দুই-একটি করে আলাপী হতে লাগল। ডাক্তার ম— একজন আধবুড়ো চিকিৎসাব্যবসায়ী। তিনি একজন প্রকৃত ইংরেজ, ইংলন্ডের বহির্ভূত কোনো জিনিস তাঁর পছন্দসই নয়। তাঁর কাছে ক্ষুদ্র ইংলন্ডই সমস্ত পৃথিবী, তাঁর কল্পনা কখনো ডোভার প্রণালী পার হয় নি। তাঁর কল্পনার এমন অভাব যে, তিনি মনে করতে পারেন না যারা বাইবেলের দশ অনুশাসন মানে না, তাদের মিথ্যে কথা বলতে কী করে সংকোচ হতে পারে। অখৃষ্ট লোকদের নীতির বিরুদ্ধে এই তাঁর প্রধান যুক্তি। যে ইংরেজ নয়, যে খৃস্টান নয়, এমন একটা অপূর্ব সৃষ্টি দেখলে তার মনুষ্যত্ব কী করে থাকতে পারে ভেবে পান না। তাঁর মতো হচ্ছে Gladly he would learn and gladly teach, কিন্তু আমি দেখলুম তাঁর লার্ন করবার ঢের আছে, কিন্তু টীচ করবার মতো সম্বল বেশি নেই। তাঁর স্বদেশীয় সাহিত্যের বিষয়ে তিনি আশ্চর্য কম জানেন; কতকগুলি মাসিক পত্রিকা পড়ে তিনি প্রতি মাসে দুই-চারটি করে ভাসা ভাসা জ্ঞান লাভ করেন। তিনি কল্পনা করতে পারেন না একজন ভারতীয় কী করে এডুকটেড হতে পারে। ওখানকার মেয়েরা শীতকালে হাত গরম রাখবার জন্যে একরকম গোলাকার লোমশ পদার্থের মধ্যে হাত গুঁজে রাখে, তাকে মাফ বলে। প্রথম বিলেতে এসে সেই অপূর্ব পদার্থ যখন দেখি, তখন ডাক্তার ম—কে সে-দ্রব্যটা কী জিজ্ঞাসা করি। আমার অজ্ঞতায় তিনি আকাশ থেকে পড়লেন। এখানকার অনেক লোকের রোগ দেখেছি, তাঁরা আশা করেন, আমরা তাঁদের সমাজের প্রত্যেক ছোটোখাটো বিষয় জানব। একদিন একটা নাচে গিয়েছিলুম, একজন মেয়ে আমাকে জিজ্ঞাসা করলেন, বধূটিকে (bride) তোমার কী রকম লাগছে? আমি জিজ্ঞাসা করলুম, “বধূটি কে?” অতগুলি মেয়ের মধ্যে একজন নববধূ কোথায় আছেন তা আমি জানতুম না। শুনে তিনি আশ্চর্য হয়ে গেলেন, তিনি বললেন, “তার মাথায় কমলালেবুর ফুল দেখে চিনতে পার নি?”

দুই মিস ক—র সঙ্গে আলাপ হল। তাঁরা এখানকার পাদরির মেয়ে। পাড়ার পরিবারদের দেখাশুনো, রবিবাসরিক স্কুলের বন্দোবস্ত করা, শ্রমিকদের জন্যে টেম্পারেঙ্গ সভা স্থাপন ও তাদের

আমোদ দেবার জন্যে সেখানে গিয়ে গানবাজনা করা— এই-সকল কাজে তাঁরা দিনরাত্রি ব্যস্ত আছেন। বিদেশী বলে আমাদের তাঁরা অত্যন্ত যত্ন করতেন। নগরে কোথাও আমোদ-উৎসব হলে আমাদের খবর দিতেন, আমাদের সঙ্গে করে নিয়ে যেতেন, অবসর পেলে সকালে কিংবা সন্ধ্যাবেলায় এসে আমাদের সঙ্গে গল্প করতেন, ছেলেদের নিয়ে গিয়ে মাঝে মাঝে গান শেখাতেন, এক-এক দিন তাঁদের সঙ্গে রাস্তায় বেড়াতে যেতুম। এইরকম আমাদের যথেষ্ট যত্ন ও আদর করতেন। বড়ো মিস ক— অত্যন্ত ভালোমানুষ ও গম্ভীর। একটা কথার উত্তর দিতে কেমন থতমত খেতেন। “হাঁ— না— তা হবে— জানি নে” এইরকম তাঁর উত্তর। এক-এক সময় কী বলবেন ভেবে পেতেন না, এক-এক সময় একটা কথা বলতে বলতে মাঝখানে থেমে পড়তেন, আর কথা জোগাত না, কোনো বিষয়ে মত জিজ্ঞাসা করলে বিব্রত হয়ে পড়তেন। যদি জিজ্ঞাসা করা যেত, “আজ কি বৃষ্টি হবে মনে হচ্ছে?” তিনি বলতেন, “কী করে বলব।” তিনি বুঝতেন না যে অশ্রান্ত বেদবাক্য শুনতে চাচ্ছি নে। তিনি আন্দাজ করতে নিতান্ত নারাজ। ছোটো মিস ক—র মতো প্রশান্ত প্রফুল্ল ভাব আর কারও দেখি নি। দেখে মনে হয় কোনো কালে তাঁর মনের কোনোখানে আঁচড় পড়ে নি। খুব ভালোমানুষ, সর্বদাই হাসিখুশি গল্প। কাপড়চোপড়ের আড়ম্বর নেই— কোনোপ্রকার ভান নেই; অত্যন্ত সাদাসিদে।

ডাক্তার ম—র বাড়িতে একদিন আমাদের সাক্ষ্যনিমন্ত্রণ হল। খাওয়াই এখানকার নেমস্তম্ভের মুখ্য উদ্দেশ্য নয়। লোকের সঙ্গে আলাপ-পরিচয় গানবাজনা আমোদ-প্রামোদের জন্যে দর্শনজনকে ডাকা। আমরা সন্ধ্যার সময় গিয়ে হাজির হলুম। একটি ছোটো ঘরে অনেকগুলি মহিলা ও পুরুষের সমাগম হয়েছে। ঘরে প্রবেশ করে কর্তা-গিন্নিকে আমাদের সম্মান জানালুম। সমাগত লোকদের সঙ্গে যথাযোগ্য অভিবাদন সম্ভাষণ ও আলাপ হল। ঘরে জায়গার এত টানাটানি ও লোক এত বেশি যে চৌকির অত্যন্ত অভাব হয়েছিল; অধিকাংশ পুরুষে মিলে আমরা দাঁড়িয়ে দাঁড়িয়ে গল্প জুড়ে দিয়েছিলুম। নতুন কোনো অভ্যাগত মহিলা এলে গিন্নি কিংবা কর্তা তাঁর সঙ্গে আমাদের আলাপ করিয়ে দিচ্ছেন, আলাপ হবামাত্র তাঁর পাশে গিয়ে একবার বসছি কিংবা দাঁড়াচ্ছি ও দুই-একটা করে কথাবার্তা আরম্ভ করছি। প্রায় আবহাওয়া নিয়ে কথার আরম্ভ; মহিলাটি বললেন, “ড্রেডফুল ওয়েদার!” তাঁর সঙ্গে আমার নিঃসংশয়ে মতের ঐক্য হল। তার পরে তিনি অনুমান করলেন যে আমাদের পক্ষে অর্থাৎ ভারতীয়দের পক্ষে এমন ওয়েদার বিশেষ ট্রায়িং ও আশা করলেন আকাশ শীঘ্র পরিষ্কার হয়ে যাবে ইত্যাদি। তার পরে এই সূত্রে নানা কথা। সভার মধ্যে দুইজন সুন্দরী উপস্থিত ছিলেন। বলা বাহুল্য যে তাঁরা জানতেন তাঁরা সুন্দরী। এখানে সৌন্দর্যের পূজা হয়; এখানে রূপ কোনোমতে আত্মবিস্মৃত থাকতে পারে না, রূপাভিমান সুপ্ত থাকতে পারে না; চার দিক থেকে প্রশংসার কোলাহল তাকে জাগিয়ে তোলে। নাচঘরে রূপসীর দর অত্যন্ত চড়া; নাচে তাঁর সাহচর্য-সুখ পাবার জন্যে দরখাস্তের পর দরখাস্ত আসছে; তাঁর তিলমাত্র কাজ করে দেবার জন্যে বহু লোক প্রস্তুত। রূপবান পুরুষদেরও যথোচিত আদর আছে। তারা এখানকার ড্রয়িং রুমের ডার্লিং। আমি দেখছি, এ কথা শুনে তোমার এখানে আসতে লোভ হবে। তোমার মতো সুপুরুষ এখানকার মতো রূপমুগ্ধ দেশে এলে চতুর্দিকে উঠবে—

...ঘন

নিশ্বাস প্রলয়বায়ু, অশ্রুবারি ধারা

আসার, জীমূতমন্ত্র হাহাকার রব—

যা হোক নিমন্ত্রণ-সভায় Miss—দ্বয় রূপসীশ্রেষ্ঠ ছিলেন। কিন্তু তাঁরা দুজনেই কেমন চুপচাপ গম্ভীর। বড়ো যে মেশামেশি হাসিখুশি তা ছিল না। ছোটো মিস একটা কৌচে গিয়ে হেলান দিয়ে বসলেন, আর বড়ো মিস দেওয়ালের কাছে এক চৌকি অধিকার করলেন। আমরা দুই-একজনে তাঁদের আমোদে রাখবার জন্যে নিযুক্ত হলুম। দুর্ভাগ্যক্রমে আমি কথোপকথনশাস্ত্রে বিচক্ষণ নই, এখানে যাকে উজ্জ্বল বলে তা নই। গৃহকর্তা, একজন সংগীতশাস্ত্রজ্ঞতাভিম্যানিনী প্রৌঢ়া মহিলাকে বাজাতে অনুরোধের জন্যে এতক্ষণ অপেক্ষা করছিলেন। গৃহের মহিলাদের মধ্যে তাঁর বয়স সব চেয়ে বেশি;

তিনি সব চেয়ে বেশি সাজগোজ করে এসেছিলেন, তাঁর দু হাতের দশ আঙুলে যতগুলো ধরে তত আংটি ছিল। আমি যদি নিমন্ত্রণকর্তা হতুম তা হলে তাঁর আংটির বাহুল্য দেখেই বুঝতে পারতুম যে তিনি পিয়ানো বাজাবেন বলে বাড়ি থেকে স্থিরসংকল্প হয়ে এসেছেন। তাঁর বাজনা সাজ হলে পর গৃহকর্ত্রী আমাকে গান গাবার জন্যে অত্যন্ত পীড়াপীড়ি আরম্ভ করলেন। আমি বড়ো মুশকিলে পড়লুম। আমি জানতুম, আমাদের দেশের গানের উপর যে তাঁদের বড়ো অনুরাগ আছে তা নয়। ভালোমানুষ হবার বিপদ এই যে নিজেকে হাস্যকরতা থেকে বাঁচানো যায় না। তাই মিস্টার টি— গান গাওয়ার ভূমিকা স্বরূপ দুই-একটি আরম্ভসূচক কাশি-ধ্বনি করলেন। সভা শান্ত হল। কোনোপ্রকারে কর্তব্য পালন করলুম। সভাস্থ মহিলাদের এত হাসি পেয়েছিল যে, ভদ্রতার বাঁধ টলমল করছিল; কেউ কেউ হাসিকে কাশির রূপান্তরে পরিণত করলেন, কেউ কেউ হাত থেকে কী যেন পড়ে গেছে ভান করে ঘাড় নিচু করে হাসি লুকোতে চেষ্টা করলেন, একজন কোনো উপায় না দেখে তাঁর পার্শ্বস্থ সহচরীর পিঠের পিছনে মুখ লুকোলেন, যারা কতকটা শান্ত থাকতে পেরেছিলেন তাঁদের মধ্যে চোখে চোখে টেলিগ্রাফ চলছিল। সেই সংগীতশাস্ত্রবিদ প্রৌঢ়াটির মুখে এমন একটু মৃদু তচ্ছিল্যের হাসি লেগে ছিল যে, সে দেখে শরীরের রক্ত জল হয়ে আসে। গান যখন সাজ হল তখন আমার মুখ কান লাল হয়ে উঠেছে, চার দিক থেকে একটা প্রশংসার গুঞ্জনধ্বনি উঠল, কিন্তু অত হাসির পর আমি সেটাকে কানে তুললুম না। ছোটো মিস হ— আমাকে গানটা ইংরেজিতে অনুবাদ করতে অনুরোধ করলেন, আমি অনুবাদ করলেম। গানটা হচ্ছে “প্রেমের কথা আর বোলো না”। তিনি অনুবাদটা শুনে আমাকে জিজ্ঞাসা করলেন, তোমাদের দেশে প্রেমের স্বাধীনতা আছে নাকি। কতকগুলি রোমের ভগ্নাবশেষের ফোটোগ্রাফ ছিল, সেইগুলি নিয়ে গৃহকর্ত্রী কয়েকজন অভ্যাগতকে জড়ো করে দেখাতে লাগলেন। ডাক্তার ম— একটা টেলিফোন কিনে এনেছেন, সেইটে নিয়ে তিনি কতকগুলি লোকের কৌতূহল তৃপ্ত করছেন। পাশের ঘরে টেবিলে খাবার সাজানো। এক-একবার গৃহকর্তা এসে এক-একজন পুরুষের কানে কানে বলে যাচ্ছেন, মিস অথবা মিসেস অমুককে নিশিভোজনে নিয়ে যাও; তিনি গিয়ে সেই মহিলার কাছে তাঁকে খাবার ঘরে নিয়ে যাবার অনুমতি প্রার্থনা করছেন ও তাঁর বাহুগ্রহণ করে তাঁকে পাশের ঘরে আহারস্থলে নিয়ে যাচ্ছেন। এরকম সভায় সকলে মিলে একেবারে খেতে যায় না, তার কারণ তা হলে আমোদপ্রমোদের শ্রোত অনেকটা বন্ধ হয়ে যায়। এইরকম একসঙ্গে পুরুষ মহিলা সকলে মিলে গানবাজনা গল্প আমোদপ্রমোদ আহারাদিতে একটা সন্ধ্যা কাটানো গেল।

এখানে মিলনের উপলক্ষ কতপ্রকার আছে, তার সংখ্যা নেই। ডিনার, বল, conversazione, চা-সভা, লন পার্টি, এক্সকর্শন, পিকনিক ইত্যাদি। থ্যাকারে বলেন, English society has this eminent advantage over all others— that is if there be any society left in the wretched distracted old European continent— that it is above all others a dinner-giving society। অবসর পেলে এক সঙ্গে বন্ধুবান্ধবদের জড়ো করে আহারাদি করা ও আমোদপ্রমোদ করে কাটানো এখানকার পরিবারের অবশ্যকর্তব্যের মধ্যে। ডিনার-সভার বর্ণনা করতে বসা বাহুল্য। ডাক্তার ম—র বাড়িতে যে পার্টির কথা পূর্বে উল্লেখ করেছি, তার সঙ্গে ডিনার পার্টির প্রভেদ কেবল দক্ষিণ হস্তের ব্যাপারে (এ স্নেহদের দেশে ভক্ষণটা আবার দক্ষিণ বাম উভয় হস্তের ব্যাপার)। আমি একবার এখানকার একটি বোট-যাত্রা ও পিকনিক পার্টিতে ছিলাম। এখানকার একটি রাবিবারিক সভার সভ্যরা এই বোট-যাত্রার উদ্যোগী। এই সভার সভ্য এবং সভ্যারা রবিবার পালনের বিরোধী। তাই তাঁরা রবিবারে একত্র হয়ে নির্দোষ আমোদপ্রমোদ করেন। এই রাবিবারিক সভার সভ্য আমাদের এক বাঙালি মিত্র ম— মহাশয় আমাদের অনুগ্রহ করে টিকিট দেন। লন্ডন থেকে রেলোয়ে করে টেম্‌সের ধারে এক গায়ে গিয়ে পৌঁছলুম। গিয়ে দেখলুম টেম্‌সে একটা প্রকাণ্ড নৌকো বাঁধা, আর প্রায় পঞ্চাশ-ষাটজন রবিবার-বিদ্রোহী মেয়েপুরুষে এক হয়েছেন। দিনটা অন্ধকার, আকাশ মেঘাচ্ছন্ন, আর যাদের যাদের আসবার কথা ছিল, তাঁরা সকলে আসেন নি। আমার নিজের এ

পাটিতে যোগ দেবার ইচ্ছে ছিল না, কিন্তু ম— মহাশয় নাছোড়বান্দা। আমরা অনেক ভারতবর্ষীয় একত্র হয়েছিলুম, বোধ হয় ম— মহাশয় সকলকেই সুন্দরীর লোভ দেখিয়েছিলেন, কেননা সকলেই প্রায় বাহারে সাজগোজ করে গিয়েছিলেন। অনেকেই গলায় লাল ফাঁসি বেঁধেছিলেন। ম— মহাশয় স্বয়ং তাঁর নেকটাইয়ে একটি তলবারের আকারে পিন গুঁজে এসেছিলেন। আমাদের মধ্যে একজন তাঁকে ঠাট্টা করে জিজ্ঞাসা করলেন, “দেশের সমস্ত টাইয়ে যে তলবারের আঘাত করা হয়েছে, ওটা কি তার বাহ্য লক্ষণ?” তিনি হেসে বললেন, “তা নয় গো, বুকের কাছে একটা কটাঙ্কের ছুরি বেঁধেছে, ওটা তারই চিহ্ন।” দেশে থাকতে বেঁধেছিল, কি এখানে, তা কিছু বললেন না। ম— মহাশয়ের হাসিতামাশার বিরাম নেই; সেদিন তিনি স্টীমারে সমস্ত লোকের সঙ্গে সমস্ত দিন ঠাট্টা ও গল্প করে কাটিয়েছিলেন। একবার তিনি মহিলাদের হাত দেখে গুনতে আরম্ভ করলেন। তখন তিনি বোটসুদ্ধ মেয়েদের এত প্রচুর পরিমাণে হাসিয়েছিলেন যে, সত্য কথা বলতে কি, তাঁর উপর আমার মনে মনে একটুখানি ঈর্ষার উদ্বেক হয়েছিল। যথাসময়ে বোট ছেড়ে দিল। নদী এত ছোটো যে, আমাদের দেশের খালের কাছাকাছি পৌঁছয়। স্টীমারের মধ্যে আমাদের আলাপ-পরিচয় গল্পসল্প চলতে লাগল। একজন ইংরেজের সঙ্গে আমাদের একজন দিশি লোকের ধর্মসম্বন্ধীয় তর্ক উঠল। আমাদের সঙ্গে একজনের আলাপ হল, তিনি তাঁদের ইংরেজি সাহিত্যের কথা তুললেন, তাঁর শেলির কবিতা অত্যন্ত ভালো লাগে; সে-বিষয়ে আমার সঙ্গে তাঁর মতের মিল হল দেখে তিনি ভারি খুশি হলেন; তিনি আমাকে বিশেষ করে তাঁর বাড়ি যেতে অনুরোধ করলেন। ইনি ইংরেজি সাহিত্য ও তাঁর নিজের দেশের রাজনীতি ভালোরকম করে চর্চা করেছেন, কিন্তু যেই ভারতবর্ষের কথা উঠল, অমনি তাঁর অজ্ঞতা বেরিয়ে পড়ল। তিনি আমাকে জিজ্ঞাসা করলেন, “কোন রাজার অধীনে।” আমি অবাক হয়ে বললুম, “ব্রিটিশ গভর্নমেন্টের।” তিনি বললেন, “তা আমি জানি, কিন্তু আমি বলছি, কোন ভারতবর্ষীয় রাজার অব্যবহিত অধীনে।” কলকাতার বিষয়ে ঐর জ্ঞান এইরকম। তিনি অপ্রস্তুত হয়ে বললেন, “আমার অজ্ঞতা মাপ করবেন, ভারতবর্ষের বিষয়ে আমাদের ঢের জানা উচিত ছিল, কিন্তু লজ্জার সঙ্গে স্বীকার করছি আমি এ-বিষয়ে খুব কম জানি।” এইরকম বোটের ছাতের উপর আমাদের কথাবার্তা চলতে লাগল; আমাদের মাথার উপরে একটা কানাতের আচ্ছাদন। মাঝে মাঝে টিপ টিপ করে বৃষ্টি হচ্ছে, কানাতের আচ্ছাদনে সেটা কতকটা নিবারণ করছে। যে দিকে বৃষ্টির ছাঁট পৌঁচছে না, সেই দিকে মেয়েদের রেখে আর-এক পাশে এসে ছাতা খুলে দাঁড়ালুম। দেখি আমাদের দিশি বন্ধু ক— মহাশয় সেই মেয়েদের ভিড়ের মধ্যে আশ্রয় নিয়েছেন। এই নিয়ে তাঁকে ঠাট্টা করাতে তিনি বার বার করে বললেন যে, বৃষ্টি থেকে রক্ষা পাওয়া ছাড়া তাঁর অন্য অভিসন্ধি ছিল না। কিন্তু কথাটা বিশ্বাসযোগ্য নয়। যা হোক সেদিন আমরা বৃষ্টিতে তিন-চার বার করে ভিজেছি। এইরকম ভিজতে ভিজতে গম্যস্থানে গিয়ে পৌঁছলেম। তখন বৃষ্টি থেমে গেছে, কিন্তু আকাশে মেঘ আছে ও জমি ভিজে। মাঠে নেবে আমাদের খাওয়াদাওয়ার কথা ছিল, আকাশের ভাবগতিক দেখে তা আর হল না। আহারের পর আমরা নৌকা থেকে নেবে বেড়াতে বেরোলেম। কোনো কোনো প্রণয়ীযুগল একটি ছোটো নৌকো নিয়ে দাঁড় বেয়ে চললেন, কেউ বা হাতে হাতে ধরে নিরিবিলা কানে কানে কথা কইতে কইতে মাঠে বেড়াতে লাগলেন। আমাদের সঙ্গে একজন ফোটোগ্রাফওআলা তার ফোটোগ্রাফের সরঞ্জাম সঙ্গে করে এনেছিল, আমরা সমস্ত দল মাঠে দাঁড়ালেম, আমাদের ছবি নেওয়া হল। সহসা ম— মহাশয়ের খেয়াল গেল যে আমরা যতগুলি কৃষ্ণমূর্তি আছি, একত্রে সকলের ছবি নেওয়া হবে। আমাদের মধ্যে কেউ কেউ ছিলেন, তাঁরা এ প্রস্তাবে ইতস্তত করতে লাগলেন, এরকম একটা ইন্ডিভিডুয়াল ডিসটিংশন তাঁদের মনঃপূত নয় কিন্তু ম— মহাশয় ছাড়বার পাত্র নন। অবশেষে স্টীমার লন্ডন অভিমুখে ছাড়া হল। তখন ভগবান মরীচিমালী তাঁহার সহস্ররশ্মিসংযমনপুরঃসর অস্তাচল-চূড়াবলম্বী জলধরপটলশয়নে বিশ্রান্ত মস্তক বিন্যাসপূর্বক অরুণবর্ণ নিদ্রাতুর লোচন মুদ্রিত করিলেন; বিহগকুল স্ব স্ব নীড়ে প্রত্যাবর্তন করিল। গাভীবন্দ হাস্যরব করিতে করিতে গোপালের অনুবর্তন করিয়া গোষ্ঠাভিমুখে গমন করিতে লাগিল। আমরা লন্ডনের অভিমুখে যাত্রা করলেম।

সপ্তম পত্র

এখানকার ধনী ফ্যাশনেবল মেয়েদের কথা একটু বলে নিই। তাঁদের দোরস্ত করতে হলে দিন-দুই আমাদের দিশি শাশুড়ির ও বিধবা ননদের হাতে রাখতে হয়। তাঁরা হচ্ছেন বড়োমানুষের মেয়ে কিংবা বড়োমানুষের স্ত্রী। তাঁদের চাকর আছে, কাজকর্ম করতে হয় না, একজন হাউস-কীপার আছে, সে বাড়ির সমস্ত ঘরকন্না তদারক করে, একজন নার্স আছে, সে ছেলেদের মানুষ করে, একজন গভর্নেস আছেন, তিনি ছেলেপিলেদের পড়াশুনা দেখেন ও অন্যান্য নানাবিধ বিষয়ে তদারক করেন; তবে আর পরিশ্রম করার কী রইল বলা। কেবল একটা বাকি আছে, সেটা হচ্ছে সাজসজ্জা; কিন্তু তার জন্য তাঁর লেডিজ মেড আছে, সুতরাং সেটাও সমস্তটা নিজের হাতে করতে হয় না। সকাল থেকে সঙ্গে পর্যন্ত দিনটা তাঁর হাতে আস্ত পড়ে থাকে। সকালবেলায় বিছানায় পড়ে দরজা-জানলা বন্ধ করে সূর্যের আলো আসতে না দিয়ে দিনটাকে কতকটা সংক্ষেপ করেন, বিছানায় শুয়ে শুয়ে ব্রেকফাস্ট খান ও এগারোটার আগে শয়নগৃহ থেকে বেরোলে যথেষ্ট ভোরে উঠেছেন মনে করেন। তার পরে সাজসজ্জা; সে-বিষয়ে তোমাকে কোনোপ্রকার খবর দিতে পারছি নে। শোনা যায় খুব সম্প্রতি বিলেতে স্নানটা ফ্যাশন হয়েছে কিন্তু এখনো এটা খুব কম দূর ব্যাপ্ত। সীমন্তিনীরা হাতের যতটুকু বেরিয়ে থাকে— মুখটি ও গলাটি— দিনের মধ্যে অনেকবার অতি যত্নে ধুয়ে থাকেন; বাকি অঙ্গ পরিষ্কার করবার তাঁরা তত আবশ্যিক দেখেন না; কেননা মনোহরণের প্রধান সিধ মুখটিতে কোনোপ্রকার মরচে না পড়লেই হল। মাসে দু-বার একটা স্পঞ্জ-বাথ নিলেই তাঁরা যথেষ্ট মনে করেন। আমি কোনো ইংরেজ পরিবারের মধ্যে বাস করতে গিয়েছিলাম, আমি স্নান করি শুনে তাঁরা বিপন্ন হয়েছিলেন। কোনোপ্রকার স্নানের সরঞ্জাম ছিল না, সেজন্যে অগভীর একটা গোল জলাধার ধার করে আনতে হয়েছিল। বাড়িতে লোক দেখা করতে এলে তাদের সঙ্গে আলাপচারি করা গৃহিণীর কাজ, অনেক লোক একসঙ্গে এলে তাঁর কর্তব্য হচ্ছে তাঁর বাক্য ও হাসির অমৃত সকলকে সমানভাবে বিতরণ করা, বিশেষ কারো সঙ্গে বেশি কথা কওয়া বা বিশেষ কাউকে বেশি যত্ন করাটা উচিত নয়। এ কাজটা অত্যন্ত দুরূহ, বোধ হয় অনেক অভ্যেসে দুরস্ত হয়। আমি লক্ষ্য করে দেখেছি তাঁরা একজনের মুখের দিকে চেয়ে একটা কথা কন, তার পরে শেষ করেই সকলের দিকে চেয়ে একবার হাসেন, কখনো বা তাঁরা একজনের মুখের দিকে চেয়ে একটা কথা আরম্ভ করেন, তার পর বলতে বলতে এক-একবার করে সকলের মুখের দিকে চেয়ে নেন, কখনো বা, তাস খেলবার সময় যেরকম করে চটপট তাস বিতরণ করে, তেমনি তাঁরা আগন্তুকদের একে একে করে একটি একটি কথার টুকরো ছড়িয়ে ছড়িয়ে দেন, এমন তাড়াতাড়ি ও এমন দক্ষতার সঙ্গে যে, তাঁদের হাতে যে অনেক কথার তাস গোছানো রয়েছে তা সহজেই বোঝা যায়। একজনকে বললেন, “Lovely morning, isn't it?” তার পরেই তাড়াতাড়ি আর-একজনের মুখের দিকে চেয়ে বললেন, “কাল রাত্তিরে সংগীতশালায় মাদাম নীলসন গান করেছিলেন, it was exquisite!” যতগুলি মহিলা ভিজিটর বসেছিলেন সকলে এই কথায় এক-একটা বিশেষণ যোগ করতে লাগলেন; একজন বললেন “charming”, একজন বললেন “superb”, একজন বললেন “something unearthly”, আর-একজন বাকি ছিলেন, তিনি বললেন, “isn't it?” আমার বোধ হয়, এ একরকম সকালবেলা উঠে কথোপকথনের মুগুর ভাঁজ। যা হোক এইরকম মাঝে মাঝে ভিজিটর আনাগোনা করছে। মুডীজ লাইব্রেরিতে তিনি চাঁদা দিয়ে থাকেন। সেখান থেকে অনবরত ক্ষণজীবী নভেলগুলো তাঁর ওখানে যাতায়াত করে। সেগুলো অনবরত গলাধঃকরণ করেন। তা ছাড়া আছে ভালোবাসার অভিনয়। মিষ্টি হাসি ও মিষ্টি কথার আদান-প্রদান, অলীক ছুতো নিয়ে একটু অলীক অভিমান, হয়তো পুরুষ-পক্ষ থেকে একটু রসিকতা, অপর পক্ষে উদ্যত ক্ষুদ্র মুষ্টি সহযোগে সুমধুর লাঞ্ছনা, “Oh you naughty, wicked, provoking man!” তাতে নটি ম্যান-এর পরিপূর্ণ তৃপ্তি। এইরকম ভিজিটর অভ্যর্থনা, ভিজিট প্রত্যর্পণ, নতুন নভেল পড়া, নতুন ফ্যাশন সৃষ্টি ও নতুন ফ্যাশনের অনুবর্তন করা, এবং তার সঙ্গে মধুর

রস যোগ করে ফ্লাট এবং হয়তো 'লাভ' করা তাঁদের দিনকৃত্য। আমাদের দেশে যেমন ছেলেবেলা থেকে মেয়েদের বিয়ের জন্যে প্রস্তুত করে, যথেষ্ট লেখাপড়া শেখায় না, কেননা মেয়েদের আপিসে যেতে হবে না, এখানেও তেমনি মাগ্গি দরে বিকোবার জন্যে মেয়েদের ছেলেবেলা থেকে পালিশ করতে থাকে, বিয়ের জন্যে যতটুকু লেখাপড়া শেখা দরকার ততটুকু যথেষ্ট। একটু গান গাওয়া, একটু পিয়ানো বাজানো, ভালো করে নাচা, খানিকটা ফরাসি ভাষা বিকৃত উচ্চারণ, একটু বোনা ও সেলাই করা জানলে একটি মেয়েকে বিয়ের দোকানের জানলায় সাজিয়ে রাখবার উপযুক্ত রঙচঙে পুতুল গড়ে তোলা যায়। এ-বিষয়ে একটা দিশি পুতুল ও একটা বিলিতি পুতুলের যতটুকু তফাত, আমাদের দেশের ও এ-দেশের মেয়েদের মধ্যে ততটুকু তফাত মাত্র। আমাদের দিশি মেয়েদের পিয়ানো ও অন্যান্য টুকিটাকি শেখবার দরকার করে না, বিলিতি মেয়েদেরও অল্পস্বল্প লেখাপড়া শিখতে হয়, কিন্তু দুই-ই দোকানে বিক্রি হবার জন্যে তৈরি। এখানেও পুরুষেরাই হর্তাকর্তা, স্ত্রীরা তাদের অনুগতা; স্ত্রীকে আদেশ করা, স্ত্রীর মনে লাগাম লাগিয়ে নিজের ইচ্ছেমত চালিয়ে বেড়ানো স্বামীরা ঈশ্বরনির্দিষ্ট অধিকার মনে করেন। ফ্যাশনী মেয়ে ছাড়া বিলেতে আরো অনেকরকম মেয়ে আছে, নইলে সংসার চলত না। মধ্যবিত্ত গৃহস্থ মেয়েদের অনেকটা মেহনত করতে হয়, বাবুয়ানা করলে চলে না। সকালে উঠে একবার রান্নাঘর তদারক করতে হয়, সে ঘর পরিষ্কার আছে কি না, জিনিসপত্র যথাপরিমিত আনা হয়েছে কি না, যথাস্থানে রাখা হয়েছে কি না ইত্যাদি দেখাশুনো করা; রান্না ও খাবার জিনিস আনতে ছকুম দেওয়া, পয়সা বাঁচাবার জন্যে নানাপ্রকার গিন্নিপনার চাতুরী খেলা, কালকের মাংসের হাড়গোড় কিছু যদি অবশিষ্ট থাকে তা হলে বন্দোবস্ত করে তার থেকে আজকের সূপ চালিয়ে নেওয়া, পরশু দিনকার বাসি রাঁধা মাংস যদি খাওয়া-দাওয়ার পর খানিকটা বাকি থাকে তা হলে সেটাকে রূপান্তরিত করে আজকের টেবিলে আনবার সুবিধে করে দেওয়া, এইরকম নানাপ্রকার গৃহিনীপনা। তার পর ছেলেদের জন্যে মোজা কাপড়-চোপড়, এমন-কি, নিজেরও অনেক কাপড় নিজে তৈরি করেন। এদের সকলের ভাগ্যে নভেল পড়া ঘটে ওঠে না; বড়োজোর খবরের কাগজ পড়েন, তাও সকলে পড়েন না দেখেছি; অনেকের পড়াশুনোর মধ্যে কেবল চিঠি পড়া ও চিঠি লেখা, দোকানদারদের বিল পড়া ও হিসাব লেখা। তাঁরা বলেন, "পলিটিক্স এবং অন্যান্য গ্রাম্ভারি বিষয় নিয়ে পুরুষেরা নাড়াচাড়া করুন; আমাদের কর্তব্য কাজ স্বতন্ত্র।" দুর্বলতা মেয়েদের একটা গর্বের বিষয়; সুতরাং অনেক মেয়ে শ্রান্ত না হলেও এলিয়ে পড়েন। বুদ্ধিবিদ্যার বিষয়েও এইরকম; মেয়েরা জাঁক করে বলেন, "আমরা বাপু ও-সব বুঝিসুঝি নে।" বিদ্যার অভাব বুদ্ধির খর্বতা একটা প্রকাশ্য জাঁকের বিষয় হয়ে ওঠে। এখানকার মধ্যবিত্ত শ্রেণীর মেয়েরা বিদ্যাচর্চার দিকে ততটা মনোযোগ দেন না, তাঁদের স্বামীরাও তার জন্যে বড়ো দুঃখিত নন, তাঁদের জীবন হচ্ছে কতকগুলি ছোটোখাটো কাজের সমষ্টি। সন্ধেবেলায় স্বামী কর্মক্ষেত্র থেকে এলে একটি আদরের চুম্বন উপার্জন করেন (পরিবার-বিশেষে যে তার অন্যথা হয় তা বলাই বাহুল্য); ঘরে তাঁর জন্যে আগুন জ্বালানো, খাবার সাজানো আছে। সন্ধেবেলায় স্ত্রী হয়তো একটা সেলাই নিয়ে বসলেন, স্বামী তাঁকে একটি নভেল চেষ্টিয়ে পড়ে শোনাতে লাগলেন, সুমুখে আগুন জ্বলছে, ঘরটি বেশ গরম, বাইরে পড়ছে বৃষ্টি, জানলা-দরজাগুলি বন্ধ। হয়তো স্ত্রী পিয়ানো বাজিয়ে স্বামীকে খানিকটা গান শোনালেন। এখানকার মধ্যবিত্ত শ্রেণীর গিন্নিরা সাদাসিধে। যদিও তাঁরা ভালো করে লেখাপড়া শেখেন নি, তবু তাঁরা অনেক বিষয় জানেন, এবং তাঁদের বুদ্ধি যথেষ্ট পরিষ্কার। এ দেশে কথায় বার্তায় জ্ঞানলাভ করা যায়, তাঁরা অন্তঃপুরে বন্ধ নন, বন্ধুবান্ধবদের সঙ্গে আলাপ করেন, আত্মীয়-সভায় একটা কোনো উচ্চ বিষয় নিয়ে চর্চা হলে তাঁরা শোনে ও নিজের বক্তব্য বলতে পারেন, বুদ্ধিমান ব্যক্তির একটা বিষয়ের কত দিক দেখেন ও কী রকম চক্ষে দেখেন তা বুঝতে পারেন। সুতরাং একটা কথা উঠলে কতকগুলো ছেলেমানুষি আকাশ-থেকে-পড়া প্রশ্ন জিজ্ঞাসা করেন না ও তাঁকে হাঁ করে থাকতে হয় না। বন্ধুবান্ধবদের সঙ্গে খুব সহজভাবে গল্পসল্প করতে পারেন, নিমন্ত্রণসভায় মুখ ভার করে বা লজ্জায় অবসন্ন হয়ে থাকেন না, পরিচিতদের সঙ্গে অন্যায়ে ঘেঁষাঘেঁষি নেই, কিংবা তাদের কাছ থেকে নিতান্ত অসামাজিক ভাবে দূরেও থাকেন না।

লোকসমাজে মুখটি খুব হাসিখুশি, প্রসন্ন ; যদিও নিজে খুব রসিকা নন, কিন্তু হাসিতামাশা বেশ উপভোগ করতে পারেন, একটা-কিছু ভালো লাগলে মন খুলে প্রশংসা করেন, একটা-কিছু মজার কথা শুনলে প্রাণ খুলে হাস্য করেন ।

আমি দিনকতক আমার শিক্ষকের পরিবারের মধ্যে বাস করেছিলুম । সে বড়ো অদ্ভুত পরিবার । মিস্টার ব— মধ্যবিত্ত লোক । তিনি লাতিন ও গ্রীক খুব ভালোরকম জানেন । তাঁর ছেলেপিলে কেউ নেই ; তিনি, তাঁর স্ত্রী, আমি, আর-একজন দাসী, এই চারজন মাত্র একটি বাড়িতে থাকতুম । কর্তা আধবুড়ো লোক, অত্যন্ত অক্ষকার মূর্তি, দিনরাত খুঁতখুঁত খিটখিট করেন, নীচের তলায় রান্নাঘরের পাশে একটি ছোট্ট জানলাওয়ালা দরজা-বন্ধ অক্ষকার ঘরে থাকেন । একে তো সূর্যকিরণ সে ঘরে সহজেই প্রবেশ করতে পারে না, তাতে জানলার উপরে একটা পর্দা ফেলা, চার দিকে পুরোনো ছেঁড়া ধুলোমাখা নানাপ্রকার আকারের ভীষণদর্শন গ্রীক লাতিন বইয়ে দেয়াল ঢাকা, ঘরে প্রবেশ করলে একরকম বন্ধ হাওয়ায় হাঁপিয়ে উঠতে হয় । এই ঘরটা হচ্ছে তাঁর স্টাডি, এইখানে তিনি পড়েন ও পড়ান । তাঁর মুখ সর্বদাই বিরক্ত । আঁট বুটজুতো পরতে বিলম্ব হচ্ছে, বুটজুতোর উপর চটে ওঠেন ; যেতে যেতে দেয়ালের পেরেকে তাঁর পকেট আটকে যায়, রেগে ভুরু কঁকড়ে ঠোট নাড়তে থাকেন । তিনি যেমন খুঁতখুঁতে মানুষ, তাঁর পক্ষে তেমনি খুঁতখুঁতের কারণ প্রতি পদে জোটে । আসতে যেতে হুঁচট খান, অনেক টানাটানিতে তাঁর দেবাজ খোলে না, যদি বা খোলে তবু যে-জিনিস খুঁজছিলেন তা পান না । এক-একদিন সকালে তাঁর স্টাডিতে এসে দেখি, তিনি অকারণে বসে বসে ভূকুটি করে উঁ অঁ করছেন, ঘরে একটি লোক নেই । কিন্তু ব— আসলে ভালোমানুষ— তিনি খুঁতখুঁতে বটে, রাগী নন ; খিটখিট করেন, কিন্তু ঝগড়া করেন না । নিদেন তিনি মানুষের উপর রাগ প্রকাশ করেন না, টাইনি বলে তাঁর একটি কুকুর আছে, তার উপরেই তাঁর আক্রোশ । সে একটু নড়লে চড়লে তাকে ধমকাতে থাকেন, আর দিনরাত তাকে লাথিয়ে লাথিয়ে একাকার করেন । তাঁকে আমি প্রায় হাসতে দেখি নি । তাঁর কাপড়চোপড় ছেঁড়া অপরিষ্কার । মানুষটা এইরকম । তিনি এককালে পাদরি ছিলেন ; আমি নিশ্চয় বলতে পারি, প্রতি রবিবারে তাঁর বক্তৃতায় তিনি শ্রোতাদের নরকের বিভীষিকা দেখাতেন । তাঁর এত কাজের ভিড়, এত লোককে পড়াতে হত যে, এক-একদিন তিনি ডিনার খেতে অবকাশ পেতেন না । এক-একদিন তিনি বিছানা থেকে উঠে অবধি রাত্রি এগারোটা পর্যন্ত কাজে ব্যস্ত থাকতেন । এমন অবস্থায় খিটখিটে হয়ে ওঠা কিছু আশ্চর্য নয় ; গৃহিণী খুব ভালোমানুষ, রাগী উদ্ধত নন, এককালে বোধ হয় ভালো দেখতে ছিলেন, যত বয়স তার চেয়ে তাঁকে বড়ো দেখায়, চোখে চশমা, সাজগোজের বড়ো আড়ম্বর নেই । নিজে রাঁধেন, বাড়ির কাজকর্ম করেন, ছেলেপিলে নেই, সুতরাং কাজকর্ম বড়ো বেশি নয় । আমাকে খুব যত্ন করতেন । খুব অল্প দিনেতেই বোঝা যায় যে, দম্পতির মধ্যে বড়ো ভালোবাসা নেই, কিন্তু তাই বলে যে দুজনের মধ্যে খুব বিরোধ ঘটে তাও নয়, অনেকটা নিঃশব্দে সংসার চলে যাচ্ছে । মিসেস ব— কখনো স্বামীর স্টাডিতে যান না ; সমস্ত দিনের মধ্যে খাবার সময় ছাড়া দুজনের মধ্যে দেখাশুনা হয় না, খাবার সময়ে দুজনে চুপচাপ বসে থাকেন । খেতে খেতে আমার সঙ্গে গল্প করেন, কিন্তু দুজনে পরস্পর গল্প করেন না । ব—র আলুর দরকার হয়েছে, তিনি চাপা গলায় মিসেসকে বললেন, “some potatoes” (please কথাটা বললেন না কিংবা শোনা গেল না) । মিসেস ব— বলে উঠলেন “I wish you were a little more polite” । ব— বললেন “I did say please” ; মিসেস ব— বললেন “I did not hear it” ; ব— বললেন “it was no fault of mine” । এইখানেই দুই পক্ষ চুপ করে রইলেন । মাঝে থেকে আমি অত্যন্ত অপ্রস্তুতে পড়ে যেতেম । একদিন আমি ডিনারে যেতে একটু দেরি করেছিলেম, গিয়ে দেখি, মিসেস ব—, ব—কে ধমকাচ্ছেন, অপরাধের মধ্যে তিনি মাংসের সঙ্গে একটু বেশি আলু নিয়েছিলেন । আমাকে দেখে মিসেস ক্ষান্ত হলেন, মিস্টার সাহস পেয়ে শোধ তোলবার জন্যে দ্বিগুণ করে আলু নিতে লাগলেন, মিসেস তাঁর দিকে নিরুপায় মর্মভেদী কটাক্ষপাত করলেন । দুই পক্ষই দুই পক্ষকে যথারীতি ডিয়ার ডার্লিং বলে ভুলেও সম্বোধন করেন না, কিংবা কারো ক্রিস্চান নাম ধরে ডাকেন না, পরস্পর

পরস্পরকে মিস্টার ব— ও মিসেস ব— বলে ডাকেন । আমার সঙ্গে মিসেস হয়তো বেশ কথাবার্তা কচ্ছেন, এমন সময় মিস্টার এলেন, অমনি সমস্ত চুপচাপ । দুই পক্ষেই এইরকম । একদিন মিসেস আমাকে পিয়ানো শোনাচ্ছেন, এমন সময় মিস্টার এসে উপস্থিত ; বললেন, “When are you going to stop ?” মিসেস বললেন, “I thought you had gone out ।” পিয়ানো থামল । তার পরে আমি যখন পিয়ানো শুনতে চাইতাম মিসেস বলতেন, “that horrid man যখন বাড়িতে না থাকবেন তখন শোনাব”, আমি ভারি অপ্রস্তুতে পড়ে যেতুম । দুজনে এইরকম অমিল অথচ সংসার বেশ চলে যাচ্ছে । মিসেস রাঁধছেন, কাজকর্ম করছেন, মিস্টার রোজগার করে টাকা এনে দিচ্ছেন ; দুজনে কখনো প্রকৃত ঝগড়া হয় না, কেবল কখনো কখনো দুই-একবার দুই-একটা কথা-কাটাকাটি হয়, তা এত মৃদুস্বরে যে পাশের ঘরের লোকের কানে পর্যন্ত পৌঁছয় না । যা হোক আমি সেখানে দিনকতক থেকে বিব্রত হয়ে সে অশান্তির মধ্যে থেকে চলে এসে বেঁচেছি ।

অষ্টম পত্র

আমরা এখন লন্ডন ত্যাগ করে এসেছি । লন্ডনের জনসমুদ্রে জোয়ারভাঁটা খেলে তা জান ? বসন্তের আরম্ভ থেকে গরমির কিছুদিন পর্যন্ত লন্ডনের জোয়ার-স্বতু । এই সময়ে লন্ডন উৎসবে পূর্ণ থাকে— থিয়েটার নাচগান, প্রকাশ্য ও পারিবারিক ‘বল’, আমোদপ্রমোদে ঘেঁষাঘেঁষি ঠেসাঠেসি । ধনী লোকদের বিলাসিনী মেয়েরা রাতকে দিন করে তোলে । আজ তাদের নাচে নেমস্তন্ন, কাল ডিনারে, পরশু থিয়েটার, তরশু রাত্তিরে ম্যাডাম প্যাটির গান, দিনের চেয়ে রাত্তিরের ব্যস্ততা বেশি । সুকুমারী মহিলা, যাদের তিলমাত্র শ্রম লাঘবের জন্যে শত শত ভক্ত সেবকের দল দিনরাত্রি প্রাণপণ করছেন— চৌকিটা সরিয়ে দেওয়া, প্লেটটা এগিয়ে দেওয়া, দরজাটা খুলে দেওয়া, মাংস কেটে দেওয়া, পাখাটা কুড়িয়ে দেওয়া ইত্যাদি— তাঁরা রাত্তিরের পর রাত্তির ন-টা থেকে ভোর চারটে পর্যন্ত গ্যাসের ও মানুষের নিশ্বাসে গরম ঘরের মধ্যে অবিশ্রান্ত নৃত্যে রত ; সে আবার আমাদের দেশের অলস নড়েচড়ে বেড়ানো বাইনাচের মতো নয়, অনবরত ঘুরপাক । ললিতা রমণীরা কী করে টিকে থাকেন, আমি তাই ভাবি । এই তো গেল আমোদপ্রমোদ, তা ছাড়া এই সময়ে পার্লামেন্টের অধিবেশন । ব্যাণ্ডের একতান স্বর, নাচের পদশব্দ, ডিনার-টেবিলের হাস্যালাপধবনির সঙ্গে সঙ্গে সর্বত্র একটা পোলিটিকাল উত্তেজনা । স্থিতিশীল ও গতিশীল দলভুক্তরা প্রতিরাতে পার্লামেন্টের রাজনৈতিক মল্লযুদ্ধের বিবরণ কী আগ্রহের সঙ্গে আলোচনা করতে থাকে । সীজনের সময় লন্ডনে এইরকম আলোড়ন । তার পরে আবার ভাঁটা পড়তে আরম্ভ হয়, লন্ডনের কৃষ্ণপক্ষ আসে । তখন আমোদ-কোলাহল বন্ধ হয়ে যায়, বাকি থাকে অল্পস্বল্প লোক, যাদের শক্তি নেই, বা দরকার আছে, বা বাইরে যাবার ইচ্ছে নেই । সেই সময়ে লন্ডন থেকে চলে যাওয়া একটা ফ্যাশন । আমি একটা বইয়ে (“Sketches and Travels in London”: Thackeray) পড়েছিলুম, এই সময়টাতে অনেকে যারা নগরে থাকে তারা বাড়ির সম্মুখে দরজা জানলা সব বন্ধ করে বাড়ির পিছন দিকের ঘরে লুকিয়ে-চুরিয়ে বাস করে । দেখাতে চায় তারা লন্ডন ছেড়ে চলে গেছে । সাউথ কেনসিংটন বাগানে যাও ; ফিতে, টুপি, পালক, রেশম, পশম ও গাল-রঙ-করা মুখের সমষ্টি চোখ ঝলসে প্রজাপতির ঝাঁকের মতো বাগান আলো করে বেড়াচ্ছে না ; বাগান তেমনি সবুজ আছে, সেখানে তেমনি ফুল ফুটেছে, কিন্তু তার সজীব শ্রী নেই । গাড়ি ঘোড়া লোকজনের হিজিবিজি ঘুচে গিয়ে লন্ডনটা পরিষ্কার হয়ে গেছে ।

সম্প্রতি লন্ডনের সীজন অতীত, আমরাও লন্ডন ছেড়ে টনব্রিজ ওয়েল্‌স বলে একটা আধা-পাড়াগাঁয়ে জায়গায় এসেছি । অনেক দিনের পর হালকা বাতাস খেয়েই ঝাঁচা গেল । হাজার হাজার চিমনি থেকে অবিশ্রান্ত পাথুরে কয়লার ধোঁয়া ও কয়লার গুঁড়ো উড়ে উড়ে লন্ডনের হাড়ে হাড়ে প্রবেশ করেছে । রাস্তায় বেরিয়ে এসে হাত ধুলে সে হাত-ধোয়া জলে বোধ করি কালির কাজ করা যায় । নিশ্বাসের সঙ্গে অবিশ্রান্ত কয়লার গুঁড়ো টেনে মগজটা বোধ হয় অত্যন্ত দাহ্য পদার্থ হয়ে

দাঁড়ায়। টনব্রিজ ওয়েল্‌স অনেক দিন থেকে তার লৌহপদার্থমিশ্রিত উৎসের জন্যে বিখ্যাত। এই উৎসের জল খাবার জন্যে এখানে অনেক যাত্রীর সমাগম হয়। উৎস শুনেই আমরা কল্পনা করলেম—
না জানি কী সুন্দর দৃশ্য হবে; চারি দিকে পাহাড়-পর্বত, গাছপালা, সারসমরালকুল-কূজিত, কমলকুমুদকহ্লার-বিকশিত সরোবর, কোকিল-কূজন, মলয়-বীজন, ভ্রমর-গুঞ্জন ও অবশেষে এই মনোরম স্থানে পঞ্চশরের প্রহার ও এক ঘটি জল খেয়ে বাড়ি ফিরে আসা। গিয়ে দেখি, একটা হাটের মধ্যে একটা ছোটো গর্ত পাথর দিয়ে বাঁধানো, সেখানে একটু একটু করে জল উঠছে, একটা বুড়ি কাঁচের গেলাস হাতে দাঁড়িয়ে। এক-এক পেনি নিয়ে এক-এক গেলাস জল বিতরণ করছে ও অবসরমত একটা খবরের কাগজে গতরাত্রের পার্লামেন্টের সংবাদ পড়ছে। চার দিকে দোকানবাজার; গাছপালার কোনো সম্পর্ক নেই; সম্মুখেই একটা কসাইয়ের দোকান, সেখানে নানা চতুষ্পদের ও “হংসমরালকুল”-এর ডানা ছাড়ানো মৃতদেহ দড়িতে ঝুলছে; এই-সব দেখে আমার মন এমন চটে উঠল যে, কোনোমতে বিশ্বাস হল না যে, এ জলে কোনোপ্রকার রোগ নিবারণ বা শরীরের উন্নতি হতে পারে।

টনব্রিজ ওয়েল্‌স শহরটা খুব ছোটো, দু-পা বেরোলেই গাছপালা মাঠ দেখতে পাওয়া যায়। বাড়িগুলো লন্ডনের মতো থামবারান্দাশূন্য, ঢালু ছাতওআলা সারি সারি একঘেয়ে ভাবে দাঁড়িয়ে; অত্যন্ত শ্রীহীন দেখতে। দোকানগুলো তেমনি সুসজ্জিত, পরিপাটি, কাঁচের জানলা দেওয়া। কাঁচের ভিতর থেকে সাজানো পণ্যদ্রব্য দেখা যাচ্ছে; কসাইয়ের দোকানে কোনোপ্রকার কাঁচের আবরণ নেই, চতুষ্পদের আস্ত আস্ত পা ঝুলছে— ভেড়া, গোরু, শুওর, বাছুরের নানা অঙ্গপ্রত্যঙ্গ নানাপ্রকার ভাবে চোখের সামনে টাঙিয়ে রাখা, হাঁস প্রভৃতি নানাপ্রকার মরা পাখি লম্বা লম্বা গলাগুলো নীচের দিকে ঝুলিয়ে আছে, আর খুব একটা জোয়ান পেটমোটা ব্যক্তি হাতে একটা প্রকাণ্ড ছুরি নিয়ে কোমরে একটা আঁচলা ঝুলিয়ে দরজার কাছে দাঁড়িয়ে।

বিলেতের ভেড়াগোরুগুলো তাদের মোটাসোটা মাংসচর্বিওআলা শরীরের ও সুস্বাদের জন্যে বিখ্যাত, যদি কোনো মানুষ-খেগো সভ্যজাত থাকত, তা হলে বোধ হয় বিলেতের কসাইগুলো তাদের হাটে অত্যন্ত মাগ্গি দামে বিকোত। একজন মেমসাহেব বলেন যে, কসাইয়ের দোকান দেখলে তাঁর অত্যন্ত তৃপ্তি হয়; মনে আশ্বাস হয়, দেশে আহারের অপ্রতুল নেই, দেশের পেট ভরবার মতো খাবার প্রচুর আছে, দুর্ভিক্ষের কোনো সম্ভাবনা নেই। ইংরেজদের খাবার টেবিলে যেরকম আকারে মাংস এনে দেওয়া হয়, সেটা আমার কাছে দুঃখজনক। কেটে-কুটে মসলা দিয়ে মাংস তৈরি করে আনলে একরকম ভুলে যাওয়া যায় যে একটা সত্যিকার জন্তু খেতে বসেছি; কিন্তু মুখ-পা-বিশিষ্ট আস্ত প্রাণীকে অবিকৃত আকারে টেবিলে এনে দিলে একটা মৃতদেহ খেতে বসেছি বলে গা কেমন করতে থাকে।

নাপিতের দোকানের জানলায় নানাপ্রকার কাঠের মাথায় নানাপ্রকার কাঁকড়ানো পরচুলো বসানো রয়েছে, দাড়িগোঁফ ঝুলছে, মার্কামারা শিশিতে টাকনাশক চুল-উঠে-যাওয়া-নিবারক অব্যর্থ ওষুধ রয়েছে; দীর্ঘকেশী মহিলারা এই দোকানে গেলে সেবকেরা (সেবিকা নয়) তাঁদের মাথা ধুয়ে দেবে, চুল বেঁধে দেবে, চুল কঁকড়ে দেবে। এখানে মদের দোকানগুলোই সব চেয়ে জমকালো, সন্দের সময় সেগুলো আলোয় আকীর্ণ হয়ে যায়, বাড়িগুলো প্রায় প্রকাণ্ড হয়, ভিতরটা খুব বড়ো ও সাজানো, খদ্দেরের ঝাঁক দোকানের বাইরে ও ভিতরে সর্বদাই, বিশেষত সন্ধ্যাবেলায় লেগে থাকে। দরজির দোকানও মন্দ নয়। নানা ফ্যাশনের সাজসজ্জা কাঁচের জানলার ভিতর থেকে দেখা যাচ্ছে, বড়ো বড়ো কাঠের মূর্তিকে কাপড় পরিয়ে সাজিয়ে রাখা হয়েছে; মেয়েদের কাপড়চোপড় এক দিকে ঝোলানো; এইখানে কত লুদ্ধ নেত্র দিনরাত্রি তাকিয়ে আছে তার সংখ্যা নেই। এখানকার বিলাসিনীরা, যাদের নতুন ফ্যাশনের দামি কাপড় কেনবার টাকা নেই, তারা দোকানে এসে কাপড়গুলো ভালো করে দেখে যায়, তার পরে বাড়িতে গিয়ে সস্তায় নিজের হাতে তৈরি করে।

আমাদের বাড়ির কাছে একটা খোলা পাহাড়ে জায়গা আছে; সেটা কমন অর্থাৎ সরকারি জায়গা;

চারি দিক খোলা, বড়ো গাছ খুব অল্প ; ছোটো ছোটো গুল্মের ঝোপ ও ঘাসে পূর্ণ, চারি দিক সবুজ, বিচিত্র গাছপালা নেই বলে কেমন ধু ধু করছে, কেমন বিধবার মতো, চেহারা । উঁচুনিচু জমি, কাঁটাগাছের ঝোপঝাপ, জায়গাটা আমার খুব ভালো লাগে । মাঝে মাঝে এইরকম কাঁটা-খোঁচা এবড়ো-খেবড়োর মধ্যে এক-এক জায়গায় ব্লু-বেল্‌স নামক ছোটো ছোটো ফুল ঘেঁষাঘেঁষি ফুটে সবুজের মধ্যে স্তূপাকার নীল রঙ ছড়িয়ে রেখেছে, কোথাও বা ঘাসের মধ্যে রাশ রাশ সাদা ডেজি ও হল্‌দে বাটার-কাপ অজস্র সৌন্দর্যে প্রকাশিত । ঝোপঝাপের মাঝে মাঝে এবং গাছের তলায় এক-একটা বেঞ্চি পাতা । এইটে সাধারণের বেড়াবার জায়গা । এখানে মানুষ এত অল্প ও জায়গা এত বেশি যে ঘেঁষাঘেঁষি নেই । লন্ডনের বড়ো বড়ো বেড়াবার বাগানের মতো চার দিকেই ছাতা-হস্তক, টুপি-মস্তক, চোখধাঁধক ভিড়ের আনাগোনা নেই ; দূর-দূর বেঞ্চির মধ্যে নিরীলা যুগলমূর্তি রোদ্দুরে এক ছাতার ছায়ায় আসীন ; কিংবা তারা হাত ধরাধরি করে নিরিবিলি বেড়াচ্ছে । সবসুদ্ধ জড়িয়ে জায়গাটা উপভোগ্য । এখনো গরমিকাল শেষ হয় নি । এখানে গরমিকালে সকাল ও সন্ধ্যা অত্যন্ত সুন্দর । গরমির পূর্ণযৌবনের সময় রাত দুটো-তিনটের পরে আলো দেখা দিতে আরম্ভ করে, চারটের সময় রোদ্দুর ঝাঁ ঝাঁ করতে থাকে ও রাত্রি ন-টা দশটার আগে দিনের আলো নেবে না । আমি একদিন পাঁচটার সময় উঠে কমন-এ বেড়াতে গিয়েছিলুম । পাহাড়ের উপর একটা গাছের তলায় গিয়ে বসলুম, দূরে ছবির মতো ঘুমন্ত শহর, একটুও কুয়াশা নেই । নির্জন রাস্তাগুলি, গির্জের উন্নত চূড়া, রৌদ্ররঞ্জিত বাড়িগুলি নীল আকাশের পটে যেন একটি কাঠে খোদাই করা ছবির মতো ঝাঁকা । আসলে এই শহরটা কিছুই ভালো দেখতে নয় ; এখানকার বাড়িগুলোতে জানলা-কাটা-কাটা চারটে দেয়াল, একটা ঢালু ছাদ ও তার উপরে ধোঁয়া বেরোবার কতকগুলি কুশী নল । ক্রমে ক্রমে যতই বেলা হতে লাগল শত শত চিমনি থেকে অমনি ধোঁয়া বেরোতে লাগল, ধোঁয়াতে ক্রমে শহরটা অস্পষ্ট হয়ে এল, রাস্তায় ক্রমে মানুষ দেখা দিল, গাড়িঘোড়া ছুটতে আরম্ভ হল, হাতগাড়ি কিংবা ঘোড়ার গাড়িতে করে দোকানিরা মাংস রুটি তরকারি বাড়ি বাড়ি বিতরণ করে বেড়াতে লাগল (এখানে দোকানিরা বাড়িতে বাড়িতে জিনিসপত্র দিয়ে আসে), ক্রমে কমন-এ লোক জমতে শুরু হল, আমি বাড়ি ফিরে এলেম ।

এখানে আমার একটি শখের বেড়াবার জায়গা আছে । গাড়ির চাকার দাগে এবড়ো-খেবড়ো উঁচুনিচু পাহাড়ে রাস্তা, দুধারে ব্ল্যাকবেরী ও ঘন লতা-গুল্মের বেড়া, বড়ো বড়ো গাছে ছায়া করে আছে, রাস্তার আশেপাশে ঘাস ও ঘাসের মধ্যে ডেজি প্রভৃতি বুনোফুল । শ্রমজীবীরা ধুলোকাদা-মাখানো ময়লা কোট-প্যান্টলুন ও ময়লা মুখ নিয়ে আনাগোনা করছে, ছোটো ছোটো ছেলেমেয়ে লাল লাল ফুলো ফুলো মুখে বাড়ির দরজার বাইরে কিংবা রাস্তায় খেলা করছে— এমন মোটাসোটা গোলগাল ছেলে কোনো দেশে দেখি নি । এক-একটা বাড়ির কাছে ছোটো ছোটো পুকুরের মতো, সেখানে পোষা হাঁসগুলো ভাসছে । মাঠগুলো যদিও পাহাড়ে, উঁচুনিচু, কিন্তু চষা জমি সমতল ও পরিষ্কার । ঘাসগুলো অত্যন্ত সবুজ ও তাজা, এখানে রৌদ্র তীব্র নয় বলে ঘাসের রঙ আমাদের দেশের মতন জ্বলে যায় না, তাই এখানকার মাঠের দিকে চেয়ে থাকতে অত্যন্ত ভালো লাগে, অজস্র স্নিগ্ধ সবুজ রঙে চোখ যেন ডুবে যায় । মাঝে মাঝে বড়ো বড়ো গাছ ও সাদা সাদা বাড়িগুলো দূর থেকে ছোটো ছোটো দেখাচ্ছে । এইরকম শূন্য মাঠ ছাড়িয়ে অনেক দূরে এসে এক-একটা প্রকাণ্ড পাইন গাছের অরণ্য পাওয়া যায়, ঘেঁষাঘেঁষি গাছে অনেক দূর জুড়ে অন্ধকার, খুব গভীর, খুব নিস্তব্ধ ।

নবম পত্র

গরমি কাল । সুন্দর সূর্য উঠেছে । এখন দুপুর দুটো বাজে । আমাদের দেশের শীতকালের দুপুরবেলাকার বাতাসের মতো বেশ একটি মিষ্টি হাওয়া । রোদ্দুরে চার দিক ঝাঁ ঝাঁ করছে । এমন ভালো লাগছে আর এমন একটু কেমন উদাস ভাব মনে আসছে যে কী বলব ।

আমরা এখন ডেভনশায়রের অন্তর্গত টর্কি বলে এক নগরে আছি । সমুদ্রের ধারে । চারি দিকে

পাহাড়। অতি পরিষ্কার দিন। মেঘ নেই, কুয়াশা নেই, অন্ধকার নেই; চারি দিকে গাছপালা, চারি দিকে পাখি ডাকছে, ফুল ফুটেছে। যখন টনব্রিজ ওয়েল্‌সে ছিলুম, তখন ভাবতুম এখানে যদি মদন থাকে, তবে অনেক বনবাদাড় ঝোপঝাপ কাঁটাগাছ হাতড়ে দু-চারটে বুনোফুল নিয়েই কোনোমতে তাকে ফুলশর বানাতে হয়। কিন্তু টর্কিতে মদন যদি গ্যাটলিং কামানের মতো এমন একটা বাণ উদ্ভাবন করে থাকে, যার থেকে প্রতি মিনিটে হাজারটা করে তীর ছোঁড়া যায় আর সেই বাণ দিনরাত যদি কাজে ব্যস্ত থাকে, তবে মদনের ফুলশরের তহবিল এখানে দেউলে হবার কোনো সম্ভাবনা নেই, এত ফুল। যেখানে-সেখানে, পথে-ঘাটে, ফুল মাড়িয়ে চলতে হয়। আমরা রোজ পাহাড়ে বেড়াতে যাই। গোকু চরছে, ভেড়া চরছে; এক-এক জায়গায় রাস্তা এত ঢালু যে, উঠতে-নাবতে কষ্ট হয়। এক-এক জায়গায় খুব সংকীর্ণ পথ, দু ধারে গাছ উঠেছে আঁধার করে, ওঠবার সুবিধের জন্যে ভাঙা ভাঙা সিঁড়ির মতন আছে, পথের মধ্যেই লতা-গুল্ম উঠেছে। চার দিকে মধুর রোদ্দুর। এখানকার বাতাস বেশ গরম, ভারতবর্ষ মনে পড়ে। এইটুকু গরমেই লন্ডনের প্রাণীদের চেয়ে এখানকার জীবজন্তুদের কত নির্জীব ভাব প্রত্যক্ষ করা যায়। ঘোড়াগুলো আস্তে আস্তে যাচ্ছে, মানুষগুলোর তেমন ভারি ব্যস্ত ভাব নেই, গড়িমসি করে চলেছে।

এখানকার সমুদ্রের ধার আমার বড়ো ভালো লাগে। যখন জোয়ার আসে, তখন সমুদ্রতীরের খুব প্রকাণ্ড পাথরগুলো জলে ডুবে যায়, তাদের মাথা বেরিয়ে থাকে। ছোটো ছোটো দ্বীপের মতো দেখায়। জলের ধারেরই ছোটো বড়ো কত পাহাড়। ঢেউ লেগে লেগে পাহাড়ের নীচে গুহা তৈরি হয়ে গেছে; যখন ভাঁটা পড়ে যায়, তখন আমরা এক-একদিন এই গুহার মধ্যে গিয়ে বসে থাকি। গুহার মধ্যে জায়গায় জায়গায় অতি পরিষ্কার একটু জল জমে রয়েছে, ইতস্তত সমুদ্র-শৈবাল জমে আছে, সমুদ্রের একটা স্বাস্থ্যজনক গন্ধ পাওয়া যাচ্ছে, চার দিকে পাথর ছড়ানো। আমরা সবাই মিলে এক-একদিন সেই পাথরগুলো ঠেলাঠেলি করে নাড়বার চেষ্টা করি, নানা শামুক ঝিনুক কুড়িয়ে নিয়ে আসি। এক-একটা পাহাড় সমুদ্রের জলের উপর খুব ঝুঁকে পড়েছে; আমরা প্রাণপণ করে এক-একদিন সেই অতি দুর্গম পাহাড়গুলোর উপর উঠে বসে নীচে সমুদ্রের ঢেউয়ের ওঠাপড়া দেখি। হু হু শব্দ উঠছে, ছোটো ছোটো নৌকো পাল তুলে চলে যাচ্ছে, চার দিকে রোদ্দুর, মাথার উপর ছাতা খোলা, পাথরের উপর মাথা দিয়ে আমরা শুয়ে শুয়ে গল্প করছি। আলস্যে কাল কাটাবার এমন জায়গা আর কোথায় পাব? এক-এক দিন পাহাড়ে যাই, আর পাথর-দিয়ে-ঘেরা ঝোপেঝাপে-ঢাকা একটি প্রচ্ছন্ন জায়গা দেখলে সেই খাদটিতে গিয়ে বই নিয়ে পড়তে বসি।

দশম পত্র

ক্রিস্‌মাস ফুরোল, আবার দেখতে দেখতে আর-একটা উৎসব এসে পড়ল। আজ নূতন বর্ষের প্রথম দিন। কিন্তু তার জন্যে কিছুই গোলমাল দেখতে পাচ্ছি নে। নূতন বৎসর যে এখানে এমন নিঃশব্দ পদসঞ্চারে আসবে তা জানতেম না। শুনেছি ফ্রান্সে লোকে নতুন বৎসরকে খুব সমাদরের সঙ্গে আহ্বান করে। কাল পুরাতন বৎসরের শেষ রাত্রে আমাদের প্রতিবেশীরা বাড়ির জানলা খুলে রেখেছিল। পাছে পুরোনা বৎসর ঘরের মধ্যে আটকা পড়ে থাকে, পাছে নতুন বৎসর এসে জানলার কাছে বৃথা ঘুরে ঘুরে বেড়ায়।

টর্কি থেকে বহুদিন হল আমরা আবার লন্ডনে এসেছি। এখন আমি ক—র পরিবারের মধ্যে বাস করি। তিনি, তাঁর স্ত্রী, তাঁদের চার মেয়ে, দুই ছেলে, তিন দাসী, আমি ও টেবি বলে এক কুকুর নিয়ে এই বাড়ির জনসংখ্যা। মিস্টার ক— একজন ডাক্তার। তাঁর মাথার চুল ও দাড়ি প্রায় সমস্ত পাকা। বেশ বলিষ্ঠ ও সুশ্রী দেখতে। অমায়িক স্বভাব, অমায়িক মুখশ্রী মিসেস ক— আমাকে আন্তরিক যত্ন করেন। শীতের সময় আমি বিশেষ গরম কাপড় না পরলে তাঁর কাছে ভৎসনা খাই। খাবার সময় যদি তাঁর মনে হয় আমি কম করে খেয়েছি, তা হলে যতক্ষণ না তাঁর মনের মতো খাই ততক্ষণ পীড়াপীড়ি

করেন । বিলেতে লোকে কাশিকে ভয় করে ; যদি দৈবাৎ আমি দিনের মধ্যে দুবার কেশেছি তা হলেই তিনি জোর করে আমার স্নান বন্ধ করান, আমাকে দশ রকম ওষুধ গেলান, শুতে যাবার আগে আমার পায়ে খানিকটা গরম জল ঢালবার বন্দোবস্ত করেন, তবে ছাড়েন । বাড়ির মধ্যে সকলের আগে বড়ো মিস ক— ওঠেন, তিনি নীচে এসে ব্রেকফাস্ট তৈরি হয়েছে কি না তদারক করেন ; অগ্নিকুণ্ডে দু-চার হাতা কয়লা দিয়ে ঘরটি বেশ উজ্জ্বল করে রাখেন । খানিক বাদে সিঁড়িতে একটা দুদাড় পায়ের শব্দ শুনতে পাওয়া যায় । বড়ো ক— শীতে হি হি করতে করতে খাবার ঘরে এসে উপস্থিত । তাড়াতাড়ি আঙুনে হাত-পা পিঠ-বুক তাতিয়ে খবরের কাগজ হাতে খাবার টেবিলে এসে বসেন । তাঁর বড়ো মেয়েকে চুম্বন করেন, আমার সঙ্গে সুপ্রভাত অভিবাদন হয় । লোকটা প্রফুল্ল । আমার সঙ্গে খানিকটা হাসিতামাশা হয়, খবরের কাগজ থেকে এটা-ওটা পড়ে শোনান । তাঁর এক পেয়ালা কফি শেষ হয়ে গেছে, এমন সময়ে তাঁর আর দুটি মেয়ে এসে তাঁকে চুম্বন করলেন । তাঁদের সঙ্গে তাঁর বন্দোবস্ত ছিল যে, তাঁরা যেদিন মিস্টার ক—র আগে উঠবেন, সেদিন মিস্টার ক— তাঁদের পাঁচ সিকে পুরস্কার দিবেন, আর যেদিন মিস্টার ক— তাঁদের আগে উঠবেন, সেদিন তাঁদের চার আনা দণ্ড দিতে হবে । যদিও এত অল্প দিতে হত, তবু তাঁদের কাছে প্রায় দু-তিন পাউন্ড পাওনা হয়েছে । রোজ সকালে পাওনাদার পাওনার দাবি করেন । কিন্তু দেনদাররা হেসেই উড়িয়ে দেন । ক— বলেন, “এ ভারি অন্যায ।” আমাকে মাঝে মাঝে মধ্যস্থ মেনে বলেন, “আচ্ছা মিস্টার টি— তুমিই বলো, এরকম ডেট অফ অনর ফাঁকি দেওয়া কি ভদ্রতা ?” যা হোক পরিশোধের অভাবে পাওনা বেড়েই চলেছে ! তার পরে মিসেস ক— এলেন । আমাদের ব্রেকফাস্ট প্রায় সাড়ে ন-টার মধ্যে শেষ হয় । বাড়ির বড়ো ছেলে আগেই খাওয়া সেরে কাজে গিয়েছেন, আর মিস্টার ক—র ছোটো ছেলেটি ও ছোটো মেয়েটি অনেকক্ষণ হল খাওয়া শেষ করেছে । একজনের কথা বলতে ভুলে গিয়েছি । টেবি কুকুরটি অনেকক্ষণ হল এসে আঙুনের কাছে বসে আছে । ছোট কুকুরটি । ঝাঁকড়া ঝাঁকড়া রোয়া । রোয়াতে চোখমুখ ঢাকা । বড়ো হয়েছে, আর তার একটা চোখ কানা হয়ে গেছে । আদর পেয়ে পেয়ে এই ব্যক্তির অভ্যাস হয়েছে নবাবি চাল । ড্রয়িংরুম ছাড়া অন্য কোনো ঘরে তার মনে বসে না । ঘরের সকলের চেয়ে ভালো কেদারাটিতে অল্পানবদনে লাফিয়ে উঠে বসে, এক পাশে যদি আর কেউ এসে বসল, অমনি সে সদর্পে পাশের কৌচটির উপরে গিয়ে বসে পড়ে । সকালবেলায় ব্রেকফাস্টের সময় তার তিনটি বিস্কুট বরাদ্দ । সে বিস্কুটগুলি নিয়ে খাবার ঘরে বসে থাকে, যতক্ষণ আমি গিয়ে সেই বিস্কুটগুলি নিয়ে তার সঙ্গে খানিকটা খেলা করি, একবার তার মুখ থেকে কেড়ে নিই একবার গড়িয়ে দিই । আগে আগে যখন আমার উঠতে দেরি হত, সে তার বরাদ্দ বিস্কুট নিয়ে আমার শোবার ঘরের কাছে বসে ঘেউ ঘেউ করত । কিন্তু গোল করলে বিরক্ত হতুম দেখে সে এখন আর ঘেউ ঘেউ করে না । আস্তে আস্তে পা দিয়ে দরজা ঠেলে, যতক্ষণ না দরজা খুলে দিই চুপ করে বাইরে বসে থাকে । দরজা খুলে ঘর থেকে বেরোলেই লাফিয়ে ঝাঁপিয়ে লেজ নেড়ে উৎসাহ প্রকাশ করে ; তার পরে একবার বিস্কুটের দিকে চায় একবার আমার মুখের দিকে । যা হোক সাড়ে ন-টার মধ্যে ব্রেকফাস্ট শেষ হয় । তার পরে হাতে দস্তানা পরা গৃহিণী দাসীদের নিয়ে তাঁর চৌতলা থেকে একতলা পর্যন্ত, জিনিসপত্র গুছিয়ে ঘরদ্বার পরিষ্কার ও গৃহকার্য তদারক করে ওঠা-নাবায় প্রবৃত্ত । একবার রান্নাঘরে যান, সেখানে শাকওআলা রুটিওআলা মাংসওআলার বিল দেখেন, দেনা চুকিয়ে দেন । মাঝে মাঝে উপরে এসে কর্তার সঙ্গে গৃহকার্যের পরামর্শ হয় । রান্নাঘরের উপকরণ পরিষ্কার আছে কি না ও যথাস্থানে তাদের রাখা হয়েছে কি না দেখেন, ভালো মাংস এনেছে কি না, ওজনে কম পড়েছে কি না তদন্ত করেন । ঝাঁধুনির সঙ্গে মাঝে মাঝে যোগ দেন । এইরকম ব্রেকফাস্টের পর থেকে প্রায় বেলা একটা-দেড়টা পর্যন্ত তাঁকে নানাবিধ কাজে ব্যস্ত থাকতে হয় । মাঝে মাঝে তাঁর সঙ্গে তাঁর বড়ো মেয়ে যোগ দেন । মেজো মেয়ে প্রত্যহ একটি ঝাড়ন নিয়ে ড্রয়িংরুম সাফ করেন । দাসীরা ঘর ঝাঁট দিয়ে যায়, আর জিনিসপত্রে যা-কিছু ধুলো লাগে তা তিনি নিজের হাতে ঝেড়ে-ঝুড়ে সাফ করেন । তৃতীয় মেয়ে বালিশের আচ্ছাদন আসন মোজা কাপড় প্রভৃতি নানাবিধ সেলাইয়ে নিযুক্ত হন, চিঠিপত্র লেখেন, এক-একদিন বাজনা ও

গান অভ্যাস করেন। বাড়ির মধ্যে তিনিই গাইয়ে বাজিয়ে। আজকাল স্কুল বন্ধ, ছোটো ছেলেটি ও মেয়েটি ভারি খেলায় মগ্ন। দেড়টার সময় আমাদের লাঞ্চ খাওয়া সমাপন হলে আবার যিনি যার কাজে নিযুক্ত হন। এই সময়ে ভিজিটরদের আসবার সময়। হয়তো মিসেস ক— তাঁর স্বামীর এক জোড়া হেঁড়া মোজা নিয়ে চশমা প'রে ড্রয়িংরুমে বসে শেলাই করছেন। ছোটো মেয়ে একটি পশমের জামা তাঁর ভাইপোর জন্যে তৈরি করে দিচ্ছেন। মেজো মেয়েটি একটু অবসর পেয়ে আঙনের কাছে বসে হয়তো গ্রীনের লিখিত ইংরেজ জাতির ইতিহাস পড়তে নিযুক্ত। বড়ো মিস ক— হয়তো তাঁর কোনো আলাপীর বাড়িতে ভিজিট করতে গিয়েছেন। তিনটের সময় হয়তো একজন ভিজিটর এলেন। দাসী ড্রয়িংরুমে এসে নাম উচ্চারণ করলে “মিস্টার ও মিসেস এ—” বলতে বলতে ঘরের মধ্যে তাঁরা দুজনে উপস্থিত। মোজা জামা রেখে, বই মুড়ে, গৃহিণী ও তাঁর কন্যারা আগন্তুকদের অভ্যর্থনা করলেন। আবহাওয়া সম্বন্ধে পরস্পরের মতামতের ঐক্য নিয়ে আলাপ শুরু হল। মিসেস এ— বললেন, “মিস্টার এক্স—এর তেতাল্লিশ বৎসর বয়সে হাম হয়। হাম হয়েছিল বলে তিনি চারদিন আপিসে যেতে পারেন নি। কাল আপিসে গিয়েছিলেন। তাঁর হামের প্রসঙ্গে আপিসের লোকেরা তাঁকে নির্দয়রূপে ঠাট্টা করতে আরম্ভ করেছে।” অন্যেরা লোকটি সম্বন্ধে দরদ প্রকাশ করলে। এই কথা থেকে ক্রমে হামরোগের বিষয়ে যত কথা উঠতে পারে উঠল। মিস ক— খবর দিলেন মিস্টার জ—এর তৃতীয় ছেলেটির হাম হয়েছে। তার থেকে কথা উঠল যে, মিস্টার জ—এর যে এক পিতৃব্য বোন মিস ই— অস্ট্রেলিয়ায় আছেন, তাঁর কাপ্তেন ব—এর সঙ্গে বিবাহ হয়ে গেছে। এইরকম খানিকক্ষণ কথোপকথন হলে পর তাঁরা চলে গেলেন। বিকেলে হয়তো আমরা সবাই মিলে একটু বেড়াতে গেলুম। বেড়িয়ে এসে সাড়ে ছ-টার সময় আমাদের ডিনার। ডিনার খেয়ে সাতটার সময় আমরা সবাই মিলে ড্রয়িংরুমে গিয়ে বসি। আঙুন জ্বলছে। ঘরটি বেশ গরম হয়ে উঠেছে। আমরা আঙনের চার দিকে ঘিরে বসলুম। এক-একদিন আমাদের গান-বাজনা হয়। আমি ইতিমধ্যে অনেক ইংরেজি গান শিখেছি। আমি গান করি। মিস ক— বাজান। মিস ক— আমাকে অনেকগুলি গান শিখিয়েছেন। কিন্তু প্রায় সন্ধ্যাবেলায় আমাদের একটু আধটু পড়াশুনা হয়। আমরা পালা করে ছদিনে ছরকমের বই পড়ি। বই পড়তে পড়তে এক-একদিন প্রায় সাড়ে-এগারোটা বারোটা হয়ে যায়।

ছেলেদের সঙ্গে আমার খুব ভাব হয়ে গেছে। তারা আমাকে আর্থার খুড়ো বলে। এখেল ছোটো মেয়েটির ইচ্ছে যে আমি কেবল একলা তারই আঙ্কল আর্থার হই। তার ভাই টম যদি আমাকে দাবি করে তবেই তার দুঃখ। একদিন টম তার ছোটো বোনকে রাগাবার জন্যে একটু বিশেষ জোর দিয়ে বলেছিল, আমারই আঙ্কল আর্থার। তখনই এখেল আমার গলা জড়িয়ে ধরে ঠোঁট দুটি ফুলিয়ে কাঁদতে আরম্ভ করে দিলে। টম একটু অস্থির, কিন্তু ভারি ভালোমানুষ। খুব মোটাসোটা। মাথাটা খুব প্রকাণ্ড। মুখটা খুব ভারী ভারী। সে এক-এক সময়ে আমাকে এক-একটা অদ্ভুত প্রশ্ন করে। একদিন আমাকে জিজ্ঞাসা করছিল, “আচ্ছা, আঙ্কল আর্থার, ইদুররা কী করে?” আঙ্কল বললেন, “তারা রান্নাঘর থেকে চুরি করে খায়।” সে একটু ভেবে বললে, “চুরি করে? আচ্ছা, চুরি করে কেন?” আঙ্কল বললেন, “তাদের খিদে পায় বলে।” শুনে টমের বড়ো ভালো লাগল না। সে বরাবর শুনে আসছে যে, জিজ্ঞাসা না করে পরের জিনিস নেওয়া অন্যায়। আর একটি কথা না বলে সে চলে গেল। যদি তার বোন কখনো কাঁদে, সে তাড়াতাড়ি এসে সাঙ্ঘনার স্বরে বলে, “Oh poor Ethel, don't you cry! Poor Ethel!” এখেলের মনে মনে জ্ঞান আছে যে, সে একজন লেডি। সে কেমন গভীর ভাবে কেদারায় ঠেস দিয়ে বসে। টমকে এক-এক সময়ে ভৎসনা করে বলে, “আমাকে বিরক্ত কোরো না।” একদিন টম পড়ে গিয়ে কাঁদছিল। আমি তাকে বললেম, “ছি, কাঁদতে আছে।” অমনি এখেল আমার কাছে ছুটে এসে জাঁক করে বললে, “আঙ্কল আর্থার, আমি একবার ছেলেবেলায় রান্নাঘরে পড়ে গিয়েছিলেম, কিন্তু কাঁদি নি।” ছেলেবেলায়!

মিস্টার ন—, ডাক্তারের আর-এক ছেলে, বাড়িতে থাকেন কিন্তু তাঁকে দেখতে পাই নে। তিনি সমস্ত দিন আপিসে। আপিস থেকে এলেও তাঁর বড়ো একটা দেখা পাওয়া যায় না। তার কারণ মিস

ই—র সঙ্গে তাঁর বিয়ের সম্বন্ধ । তাঁদের দুজনে কোর্টশিপ চলছে । রবিবার দু-বেলা প্রেয়সীকে নিয়ে তাঁর চার্চে যেতে হয় । যখন বিকেলে একটু অবসর পান, প্রণয়িনীর বাড়িতে গিয়ে এক পেয়ালা চা খেয়ে আসেন । প্রতি শুক্রবার সন্ধ্যাবেলা তাঁদের বাড়িতে তাঁর নেমস্তন্ন । এইরকমে তাঁর সময় ভারি অল্প । উভয়ে পরস্পরকে নিয়ে এমন সুখী আছেন যে, অবসরকাল কাটাবার জন্যে অন্য কোনো জীবের সঙ্গে তাঁদের আবশ্যক করে না । শুক্রবার সন্ধ্যাবেলায় যদি আকাশ ভেঙে পড়ে তবু মিস্টার ন— পরিষ্কার করে চুলটি ফিরিয়ে, পমেটম মেখে, কোট ব্রাশ করে ফিটফাট হয়ে, ছাতা হাতে বাড়ি থেকে বেরোবেনই । একবার খুব শীত পড়েছিল, আর তাঁর ভারি কাশি হয়েছিল ; মনে করলেম, আজ বুঝি বেচারির আর যাওয়া হয় না । সাতটা বাজতে না বাজতেই দেখি তিনি ফিটফাট হয়ে নেবে এসেছেন ।

যা হোক, আমার এই পরিবারের সঙ্গে খুব বন্ধুত্ব হয়ে গেছে । সেদিন মেজো মেয়ে আমাকে বলছিলেন যে, প্রথম যখন তাঁরা শুনলেন যে একজন ভারতবর্ষীয় ভদ্রলোক তাঁদের মধ্যে বাস করতে আসছে, তাঁদের ভারি ভয় হয়েছিল । যেদিন আমার আসবার কথা সেইদিন মেজো ও ছোটো মেয়ে, তাঁদের এক আত্মীয়ের বাড়িতে পালিয়ে গিয়েছিলেন । প্রায় এক হপ্তা বাড়িতে আসেন নি । তার পর হয়তো যখন তাঁরা শুনলেন যে, মুখে ও সর্বাঙ্গে উল্কি নেই, ঠোট বিধিয়ে অলংকার পরে নি, তখন তাঁরা বাড়িতে ফিরে এলেন । ওঁরা বলেন যে প্রথম প্রথম এসে যদিও আমার সঙ্গে কথাবার্তা কয়েছিলেন তবুও দুদিন পর্যন্ত আমার মুখ দেখেন নি । হয়তো ভয় হয়েছিল যে কী অপূর্ব ছাঁচে ঢালাই মুখই না জানি দেখবেন । তারপর যখন মুখ দেখলেন— তখন ?

যা হোক, এই পরিবারে সুখে আছি । সন্ধ্যাবেলা আমোদে কেটে যায়— গান বাজনা, বই পড়া । আর এখেল তার আঙ্কল্ আর্থারকে মুহূর্ত ছেড়ে থাকতে চায় না ।

যুৰোপ-যাত্ৰীৰ ডায়়াৰি

উৎসর্গ

শ্রীযুক্ত লোকেন্দ্রনাথ পালিত
সুহৃদ্বরকে এই গ্রন্থ
স্মরণোপহারস্বরূপে
উৎসর্গ করিলাম ।

গ্রন্থকার

যুরোপ-যাত্রীর ডায়ারি

শুক্রবার । ২২শে আগস্ট ১৮৯০ । দেশকালের মধ্যে যে একটা প্রাচীন ঘনিষ্ঠতা আছে, বাষ্পযানে সেটা লোপ করে দেবার চেষ্টা করছে । পূর্বে সময় দিয়ে দূরত্বের পরিমাণ হত ; লোকে বলত এক প্রহরের রাস্তা, দুদিনের রাস্তা । এখন কেবল গজের মাপটাই অবশিষ্ট । দেশকালের চিরদাম্পত্যের মাঝখান দিয়ে অবাধে বড়ো বড়ো কলের গাড়ি এবং কলের জাহাজ চলে যাচ্ছে ।

কেবল তাই নয়— এশিয়া এবং আফ্রিকা দুই ভগ্নীর বাহুবন্ধন বিচ্ছিন্ন করে মাঝে বিরহের লবণাম্বুরাশি প্রবাহিত করা হয়েছে । আমেরিকার উত্তর দক্ষিণ যমজ ভ্রাতার মতো জন্মাবধি সংলগ্ন হয়ে আছে, শোনা যায় তাদের মধ্যেও লৌহাস্ত্র চালনার উদ্যোগ করা হয়েছিল । এমনি করে সভ্যতা সর্বত্রই জলে স্থলে দেশে কালে গৃহবিচ্ছেদ ঘটিয়ে দিয়ে আপনার পথটি করে নেবার চেষ্টা করছে ।

পূর্বে যখন দীর্ঘ পথ প্রদক্ষিণ করে যুরোপে পৌঁছতে অর্ধেক বৎসর লাগত তখন এই দুই মহাদেশের যথার্থ ব্যবধান সম্পূর্ণ ধারণা করবার দীর্ঘকাল অবসর পাওয়া যেত । এখন ক্রমেই সেটা হ্রাস হয়ে আসছে ।

কিন্তু দেশকালের ঘনিষ্ঠতা যতই হ্রাস হোক, চিরকালের অভ্যাস একেবারে যাবার নয় । যদিও তিন মাসের টিকিট মাত্র নিয়ে যুরোপে চলেছি, তবু একটা কাল্পনিক দীর্ঘকালের বিভীষিকা মন থেকে তাড়াতে পারছি নে । মনে হচ্ছে যেন অনেক দিনের জন্যে চলেছি ।

কালিদাসের সময়ে যখন রেলগাড়ি ইস্টিমার পোস্ট-আপিস ছিল না তখনই খাঁটি বিরহ ছিল ; এবং তখনকার দিনে বছরখানেকের জন্যে রামগিরিতে বদলি হয়ে যক্ষ যে সুদীর্ঘচ্ছন্দে বিলাপ-পরিতাপ করেছিল সে তার পক্ষে অযথা হয় নি । কিন্তু স্তূপাকার তুলো যেমন কলে চেপে একটি পরিমিত গাঁটে পরিণত হয়, সভ্যতার চাপে আমাদের সমস্তই তেমনি সংক্ষিপ্ত নিবিড় হয়ে আসছে । ছয় মাসকে জাঁতার তলায় ফেলে তিন মাসের মধ্যে ঠেসে দেওয়া হচ্ছে ; পূর্বে যা মুটের মাথার বোঝা ছিল এখন তা পকেটের মধ্যে ধরে । এখন দু-এক পাতার মধ্যেই বিরহগীতির সমাপ্তি এবং বিদ্যুৎযান যখন প্রচলিত হবে তখন বিরহ এত গাঢ় হবে যে চতুর্দশপদীও তার পক্ষে ঢিলে বোধ হবে ।

সূর্য অস্তপ্রায় । জাহাজের ছাদের উপর হালের কাছে দাঁড়িয়ে ভারতবর্ষের তীরের দিকে চেয়ে রইলুম । সমুদ্রের জল সবুজ, তীরের রেখা নীলাভ, আকাশ মেঘাচ্ছন্ন । সন্ধ্যা রাত্রির দিকে এবং জাহাজ সমুদ্রের মধ্যে ক্রমশই অগ্রসর হচ্ছে । বামে বোম্বাই বন্দরের দীর্ঘ রেখা এখনো দেখা যাচ্ছে ।

ক্রমে বন্দর ছাড়িয়ে গেলুম । সন্ধ্যার মেঘাবৃত অন্ধকারটি সমুদ্রের অনন্ত শয্যায় দেহ বিস্তার করলে । আকাশে তারা নেই । কেবল দূরে লাইট-হাউসের আলো জ্বলে উঠল ; সমুদ্রের শিয়রের কাছে সেই কম্পিত দীপশিখা যেন ভাসমান সন্তানদের জন্যে ভূমিমাতার আশঙ্কাকুল জাগ্রত দৃষ্টি ।

জাহাজ বোম্বাই বন্দর পার হয়ে গেল ।

ভাসল তরী সন্ধেবেলা,

ভাবিলাম এ জলখেলা,

মধুর বহিবে বায়ু, ভেসে যাব রঙ্গে ।

কিন্তু সী-সিকনেসের কথা কে মনে করেছিল !

যখন সবুজ জল ক্রমে নীল হয়ে এল এবং তরঙ্গে তরীতে মিলে আন্দোলন উপস্থিত করে দিলে তখন দেখলুম সমুদ্রের পক্ষে জলখেলা বটে কিন্তু আমার পক্ষে নয় ।

ভাবলুম এইবেলা মানে মানে কুঠুরির মধ্যে ঢুকে কঞ্চলটা মুড়ি দিয়ে শুয়ে পড়ি গে । যথাসত্তর ক্যাবিনের মধ্যে প্রবেশ করে কাঁধ থেকে কঞ্চলটা বিছানার উপর ফেলে দরজা বন্ধ করে দিলুম । ঘর

অন্ধকার। বুঝলুম, আলো নিবিয়ে দিয়ে দাদা তাঁর বিছানায় শুয়েছেন। শারীরিক দুঃখ নিবেদন করে একটুখানি স্নেহ উদ্রেক করবার অভিপ্রায়ে জিজ্ঞাসা করলুম, “দাদা, ঘুমিয়েছেন কি?” হঠাৎ নিতান্ত বিজাতীয় মোটা গলায় কে একজন হুংকার দিয়ে উঠল, “হুজ দ্যাট!” আমি বললুম, “বাস রে! এ তো দাদা নয়!” তৎক্ষণাৎ বিনীত অনুতপ্ত স্বরে জ্ঞাপন করলুম, “ক্ষমা করবেন, দৈবক্রমে ভুল কুঠরিতে প্রবেশ করেছি।” অপরিচিত কণ্ঠ বললে, “অল রাইট!” কন্ডলটি পুনশ্চ তুলে নিয়ে কাতর শরীরে সংকুচিত চিত্তে বেরোতে গিয়ে দেখি দরজা খুঁজে পাই নে। বাস্তব তোরঙ্গ লাঠি বিছানা প্রভৃতি বিচিত্র জিনিসের মধ্যে খট খট শব্দে হাতড়ে বেড়াতে লাগলুম। ইদুর কলে পড়লে তার মানসিক ভাব কী রকম হয় এই অবসরে কতকটা বুঝতে পারা যেত, কিন্তু তার সঙ্গে সমুদ্রপীড়ার সংযোগ হওয়াতে ব্যাপারটা অপেক্ষাকৃত জটিল হয়ে পড়েছিল।

মন যতই ব্যাকুল হয়ে উঠছে শরীর ততই গলদঘর্ম এবং কণ্ঠাগত অন্তরিন্দ্রিয়ের আক্ষেপ উত্তরোত্তর অবাধ্য হয়ে উঠছে। অনুসন্ধানের পর যখন হঠাৎ মসৃণ চিক্ণ শ্বেতকাচ-নির্মিত দ্বারকর্ণটি হাতে ঠেকল, তখন মনে হল এমন প্রিয়স্পর্শসুখ বহুকাল অনুভব করা হয় নি। দরজা খুলে বেরিয়ে পড়ে নিঃসংশয়চিত্তে পরবর্তী ক্যাবিনের দ্বারে গিয়ে উপস্থিত। গিয়েই দেখি, আলো জ্বলছে; কিন্তু মেঝের উপর পরিত্যক্ত গাউন পেটিকোট প্রভৃতি স্ত্রীলোকের গাত্রাবরণ বিক্ষিপ্ত। আর অধিক কিছু দৃষ্টিপথে পড়বার পূর্বেই পলায়ন করলুম। প্রচলিত প্রবাদ অনুসারে বার বার তিন বার ভ্রম করবার অধিকার সকলেরই আছে, কিন্তু তৃতীয় বার পরীক্ষা করতে সাহস হল না। এবং সেরূপ শক্তিও ছিল না। অবিলম্বে জাহাজের ছাতে গিয়ে উপস্থিত হলুম। সেখানে বিহ্বলচিত্তে জাহাজের কাঠরার 'পরে ঝুঁকে পড়ে শরীরমনের একান্ত উদ্বেগ কিঞ্চিৎ লাঘব করা গেল। তার পরে বহুলাঙ্কিত অপরাধীর মতো আস্তে আস্তে কন্ডলটি গুটিয়ে তার উপর লজ্জিত নতমস্তক স্থাপন করে একটি কাঠের বেঞ্চিতে শুয়ে পড়লুম।

কী সর্বনাশ! এ কার কন্ডল! এ তো আমার নয় দেখছি। যে সুখসুপ্ত বিশ্বস্ত ভদ্রলোকটির ঘরের মধ্যে রাতে প্রবেশ করে কয়েক মিনিট ধরে অনুসন্ধান-কার্যে ব্যাপ্ত ছিলুম নিশ্চয় এ তারই। একবার ভাবলুম ফিরে গিয়ে চুপিচুপি তার কন্ডল স্বস্থানে রেখে আমারটি নিয়ে আসি; কিন্তু যদি তার ঘুম ভেঙে যায়! পুনর্বার যদি তার ক্ষমা প্রার্থনা করবার প্রয়োজন হয় তবে সে কি আর আমাকে বিশ্বাস করবে! যদি বা করে, তবু এক রাত্রে মধ্যে দুবার ক্ষমা প্রার্থনা করলে নিদ্রাকাতর বিদেশীর খস্টীয় সহিষ্ণুতার প্রতি অতিমাত্র উপদ্রব করা হবে না কি! আরো একটা ভয়ংকর সম্ভাবনার কথা মনে উদয় হল। দৈববশত দ্বিতীয়বার যে ক্যাবিনের দ্বারে গিয়ে পড়েছিলুম তৃতীয়বারও যদি ভ্রমক্রমে সেইখানে গিয়েই উপস্থিত হই এবং প্রথম ক্যাবিনের ভদ্রলোকটির কন্ডলটি সেখানে রেখে সেখানকার একটি গাত্রাচ্ছাদন তুলে নিয়ে আসি তা হলে কী রকমের একটা রোমহর্ষণ প্রমাদ-প্রহেলিকা উপস্থিত হয়! ইত্যাকার দুর্শ্চিন্তায় তীব্র তাশ্রকৃৎবাসিত পরের কন্ডলের উপর কাষ্ঠাসনে রাত্রি যাপন করলুম।

২৩ আগস্ট। আমার স্বদেশীয় সঙ্গী বন্ধুটি সমস্ত রাত্রির সুখনিদ্রাবসানে প্রাতঃকালে অত্যন্ত প্রফুল্ল পরিপুষ্ট মুখে ডেকের উপর দর্শন দিলেন। আমি তাঁর দুই হস্ত চেপে ধরে বললুম, “ভাই, আমার তো এই অবস্থা।” শুনে তিনি আমার বুদ্ধিবৃত্তির উপর কলঙ্ক আরোপ করে হাস্যসহকারে এমন দুটো-একটা বিশেষণ প্রয়োগ করলেন যা গুরুমহাশয়ের সান্নিধ্য পরিত্যাগের পর থেকে আর কখনো শোনা হয় নি। সমস্ত রজনীর দুঃখের পর প্রভাতের এই অপমানটাও নিরুত্তরে সহ্য করলুম। অবশেষে তিনি দয়াপরবশ হয়ে আমার ক্যাবিনের ভূত্যাটিকে ডেকে দিলেন। তাকেও আবার একে একে সমস্ত ঘটনাটি খুলে বলতে হল। প্রথমে সে কিছুই বুঝতে পারলে না, মুখের দিকে তাকিয়ে রইল। তার জীবনের অভিজ্ঞতায় নিঃসন্দেহ এরকম ঘটনা এই প্রথম। অবশেষে ধীরে ধীরে সে সমুদ্রের দিকে একবার মুখ ফেরালে এবং ঈষৎ হাসলে; তার পর চলে গেল।

সী-সিকনেস ক্রমশ বৃদ্ধি পেতে লাগল। সে-ব্যাপিটার যন্ত্রণা অনভিজ্ঞ স্থলচরদের কিছুতে বোঝানো যেতে পারে না। নাড়িতে ভারতবর্ষের অন্ন তিলমাত্র অবশিষ্ট রইল না। যুরোপে প্রবেশ করবার পূর্বে

সমুদ্র এই দেহ হতে ভারতবর্ষটাকে যেন ঝাঁকিয়ে ঝাঁকিয়ে একেবারে সাফ করে ফেলবার চেষ্টা করছে। ক্যাবিনে চারদিন পড়ে আছি।

২৬ আগস্ট। শনিবার থেকে আর আজ এই মঙ্গলবার পর্যন্ত কেটে গেল। জগতে ঘটনা বড়ো কম হয় নি— সূর্য চারবার উঠেছে এবং তিনবার অস্ত গেছে, বৃহৎ পৃথিবীর অসংখ্য জীব দন্তধাবন থেকে দেশ-উদ্ধার পর্যন্ত বিচিত্র কর্তব্যের মধ্যে দিয়ে তিনটে দিন মহা ব্যস্তভাবে অতিবাহিত করেছে— জীবনসংগ্রাম, প্রাকৃতিক নির্বাচন, আত্মরক্ষা, বংশরক্ষা প্রভৃতি জীবরাজ্যের বড়ো বড়ো ব্যাপার সবোঙ্গে চলছিল— কেবল আমি শয়্যাগত জীবনমৃত হয়ে পড়েছিলুম। আধুনিক কবির কখনো মুহূর্তকে অনন্ত কখনো অনন্তকে মুহূর্ত আখ্যা দিয়ে প্রচলিত ভাষাকে নানাপ্রকার বিপরীত-ব্যায়াম-বিপাকে প্রবৃত্ত করান। আমি আমার এই চারটে দিনকে বড়ো রকমের একটা মুহূর্ত বলব, না এর প্রত্যেক মুহূর্তকে একটা যুগ বলব স্থির করতে পারছি নে।

যাই হোক কষ্টের সীমা নেই। মানুষের মতো এতবড়ো একটা উন্নত জীব যে সহসা এতটা উৎকট দুঃখ ভোগ করে তার একটা মহৎ নৈতিক কিংবা আধ্যাত্মিক কারণ থাকাই উচিত ছিল; কিন্তু জলের উপরে কেবল খানিকটা ঢেউ ওঠার দরুন জীবাত্মার এত বেশি পীড়া নিতান্ত অন্যায় অসংগত এবং অগৌরবজনক বলে বোধ হয়। কিন্তু জাগতিক নিয়মের প্রতি দোষারোপ করে কোনো সুখ নেই, কারণ সে নিন্দাবাদে কারো গায়ে কিছু ব্যথা বাজে না, এবং জগৎ-রচনার তিলমাত্র সংশোধন হয় না।

যন্ত্রণাশয্যায় অচেতনপ্রায় ভাবে পড়ে আছি। কখনো কখনো ডেকের উপর থেকে পিয়ানোর সংগীত মৃদু মৃদু কর্ণে এসে প্রবেশ করে, তখন স্মরণ হয় আমার এই সংকীর্ণ শয়ন-কারাগারের বাইরে সংসারের নিত্য আনন্দস্রোত সমভাবে প্রবাহিত হচ্ছে। বহুদূরে ভারতবর্ষের পূর্বসীমায় আমার সেই সংগীতধ্বনিত স্নেহমধুর গৃহ মনে পড়ে। সুখ-স্বাস্থ্য-সৌন্দর্যময় জীবজগৎকে অতি দূরবর্তী ছায়ারাজ্যের মতো বোধ হয়। মধ্যের এই সুদীর্ঘ মরুপথ অতিক্রম করে কখন সেখানকার জীবন-উৎসবের মধ্যে ফিরে যেতে পারব, এই কথাই কেবল ভাবি। মঙ্গলবার প্রাতে যখন শরীরের মধ্যে প্রাণটা ছাড়া কিছুই অবশিষ্ট ছিল না, তখন আমার বন্ধু অনেক আশ্বাস দিয়ে আমাকে জাহাজের ছাদের উপরে নিয়ে গেলেন; সেখানে লম্বা বেতের চৌকিটির উপর পা ছড়িয়ে বসে পুনর্বার এই মর্ত পৃথিবীর স্পর্শ এবং নবজীবনের আশ্বাদ লাভ করা গেল।

জাহাজের যাত্রীদের বর্ণনা করতে চাই নে। অতিনিকট হতে কোনো মসীলিপ্ত লেখনীর সূচ্যগ্রভাগ যে তাদের প্রতি তীক্ষ্ণ লক্ষ স্থাপন করতে পারে এ কথা তারা স্বপ্নেও না মনে করে বেশ বিশ্বস্তচিত্তে ডেকের উপর বিচরণ করছে, টুংটাং শব্দে পিয়ানো বাজাচ্ছে, বাজি রেখে হার-জিত খেলছে, ধূমপানশালায় বসে তাস পিটোচ্ছে; তাদের সঙ্গে আমার কোনো সম্পর্ক নেই। আমরা তিন বাঙালি তিন লম্বা চৌকিতে জাহাজের একটি প্রান্ত সম্পূর্ণ অধিকার করে অবশিষ্ট জনসংখ্যার প্রতি অত্যন্ত ঔদাস্যদৃষ্টিপাত করে থাকি।

আমার সঙ্গী যুবকটির নিত্যকর্ম হচ্ছে তামাকের থলিটি বার বার হারানো, তার সন্ধান এবং উদ্ধারসাধন। আমি তাঁকে বারংবার সতর্ক করে দিয়েছি যে, যদি তাঁর মুক্তির কোনো ব্যাঘাত থাকে সে তাঁর চুরুট। মহর্ষি ভারত মৃত্যুকালেও হরিণশিশুর প্রতি চিত্তনিবেশ করেছিলেন বলে পরজন্মে হরিণশাবক হয়ে জন্মগ্রহণ করলেন। আমার সর্বদাই আশঙ্কা হয়, আমার বন্ধু জন্মান্তরে ব্রহ্মদেশীয় কোন্ এক কৃষকের কুটিরের সম্মুখে মস্ত একটা তামাকের খেত হয়ে উদ্ভূত হবেন। বিনা প্রমাণে তিনি শাস্ত্রের এ-সকল কথা বিশ্বাস করেন না, বরঞ্চ তর্ক করে আমারও সরল বিশ্বাস নষ্ট করতে চান এবং আমাকে পর্যন্ত চুরুট ধরাতে চেষ্টা করেন, কিন্তু এ পর্যন্ত কৃতকার্য হতে পারেন নি।

২৭।২৮ আগস্ট। দেবাসুরগণ সমুদ্র মস্থন করে সমুদ্রের মধ্যে যা-কিছু ছিল সমস্ত বাহির করেছিলেন। সমুদ্রদেবেরও কিছু করতে পারলেন না, অসুরেরও কিছু করতে পারলেন না, হতভাগ্য দুর্বল মানুষের উপর তার প্রতিশোধ তুলছেন। মন্দরপর্বত কোথায় জানি নে এবং শেষ নাগ তদবধি পাতালে বিশ্রাম করছেন, কিন্তু সেই সনাতন মস্থনের ঘূর্ণিবেগ যে এখনো সমুদ্রের মধ্যে রয়ে গেছে তা

নরজঠরধারী মাত্রেই অনুভব করেন। যাঁরা করেন না তাঁরা বোধ করি দেবতা অথবা অসুরবংশীয়। আমার বন্ধুটিও শেষোক্ত দলের, অর্থাৎ তিনিও করেন না।

রোগশয্যা ছেড়ে এখন 'ডেকে' উঠে বসেছি। সম্পূর্ণ বললাভ হয় নি। শরীরের এইরকম অবস্থার মধ্যে একটু মাধুর্য আছে। এই সময়ে পৃথিবীর আকাশ বাতাস সূর্যালোক সবসুদ্ধ সমস্ত বাহ্য প্রকৃতির সঙ্গে যেন একটি নূতন পরিচয় আরম্ভ হয়। তাদের সঙ্গে আমাদের প্রতিদিনের ঘনিষ্ঠ সম্পর্ক কিছুকালের মতো বিচ্ছিন্ন হওয়াতে আবার যেন নবপ্রেমিকের মতো উভয়ের মধ্যে মৃদু সলজ্জ মধুর ভাবে কথাবার্তা জানাশোনার অল্প অল্প সূত্রপাত হতে থাকে।

২৯ আগস্ট। আজ রাতে এডেনে পৌঁছব। সেখানে কাল প্রাতে জাহাজ বদল করতে হবে। সমুদ্রের মধ্যে দুটি-একটি করে পাহাড়-পর্বতের রেখা দেখা যাচ্ছে।

জ্যোৎস্না রাত্রি। এডেন বন্দরে এসে জাহাজ থামল। আহারের পর রহস্যলাপে প্রবৃত্ত হবার জন্যে আমরা দুই বন্ধু ছাদের এক প্রান্তে চৌকি দুটি সংলগ্ন করে আরামে বসে আছি। নিস্তরঙ্গ সমুদ্র এবং জ্যোৎস্নাবিমুক্ত পর্বতবেষ্টিত তটচিত্র আমাদের আলস্য-বিজড়িত অর্ধনিমীলিত নেত্রে স্বপ্ন-মরীচিকার মতো লাগছে।

এমন সময় শোনা গেল এখনই নূতন জাহাজে চড়তে হবে। সে জাহাজ আজ রাতেই ছাড়বে। ক্যাবিনের মধ্যে স্তূপাকার বিক্ষিপ্ত জিনিসপত্র যেমন-তেমন করে চর্মপেটকের মধ্যে প্রবিষ্ট করিয়ে দিয়ে তার উপরে তিন-চারজনে দাঁড়িয়ে নির্দয়ভাবে নৃত্য করে বহু কষ্টে চাবি বন্ধ করা গেল। ভৃত্যদের যথাযোগ্য পুরস্কার দিয়ে ছোটো বড়ো মাঝারি নানা আকারের বাস্ক তোরঙ্গ বিছানাপত্র বহন করে নৌকারোহণপূর্বক নূতন জাহাজ "ম্যাসীলিয়া" অভিমুখে চললুম।

অনতিদূরে মাস্তুল-কণ্টকিত ম্যাসীলিয়া তার দীপালোকিত ক্যাবিনগুলির সুদীর্ঘশ্রেণীবদ্ধ বাতায়ন উদ্ঘাটিত করে দিয়ে পৃথিবীর আদিম কালের অতিকায় সহস্রচক্ষু জলজন্তুর মতো স্থির সমুদ্রে জ্যোৎস্নালোকে নিস্তরঙ্গভাবে ভাসছে। সহসা সেখান থেকে ব্যান্ড বেজে উঠল। সংগীতের ধ্বনিতে এবং নিস্তরঙ্গ জ্যোৎস্নানিশীথে মনে হতে লাগল, অর্ধরাতে এই আরবের উপকূলে আরব্য উপন্যাসের মতো কী একটা মায়ার কাণ্ড ঘটবে।

ম্যাসীলিয়া অস্ট্রেলিয়া থেকে যাত্রী নিয়ে আসছে। কুতূহলী নরনারীগণ ডেকের বারান্দা ধরে সকৌতুকে নবযাত্রীসমাগম দেখছে। কিন্তু সে-রাতে নূতনত্ব সম্বন্ধে আমাদেরই তিনজনের সব চেয়ে জিত। বহুকষ্টে জিনিসপত্র উদ্ধার করে ডেকের উপর যখন উঠলুম মুহূর্তের মধ্যে এক জাহাজ দৃষ্টি আমাদের উপর বর্ষিত হল। যদি তার কোনো চিহ্ন দেবার ক্ষমতা থাকত তা হলে আমাদের সর্বাঙ্গ কটা কালো ও নীল ছাপে ভরে যেত। জাহাজটি প্রকাণ্ড। তার সংগীতশালা এবং ভোজনগৃহের ভিত্তি শ্বেতপ্রস্তরে মণ্ডিত। বিদ্যুতের আলো এবং ব্যান্ডের বাদ্যে উৎসবময়।

অনেক রাতে জাহাজ ছেড়ে দিলে।

৩০ আগস্ট। আমাদের এ জাহাজে ডেকের উপরে আর-একটি দোতলা ডেকের মতো আছে। সেটি ছোটো এবং অপেক্ষাকৃত নির্জন। সেইখানেই আমরা আশ্রয় গ্রহণ করলুম।

আমার বন্ধুটি নীরব এবং অন্যমনস্ক। আমিও তদ্রূপ। দূর সমুদ্রতীরের পাহাড়গুলো রৌদ্রে ক্লান্ত এবং ঝাপসা দেখাচ্ছে। একটা মধ্যাহ্নতন্দ্রার ছায়া পড়ে যেন অস্পষ্ট হয়ে এসেছে।

খানিকটা ভাবছি, খানিকটা লিখছি, খানিকটা ছেলেদের খেলা দেখছি। এ জাহাজে অনেকগুলি ছোটো ছোটো ছেলেমেয়ে আছে; আজকের দিনে যেটুকু চাঞ্চল্য সে কেবল তাদেরই মধ্যে। জুতোমোজা খুলে ফেলে তারা আমাদের ডেকের উপর কমলালেবু গড়িয়ে খেলা করছে— তাদের তিনটি দাসী বেঞ্চির উপরে বসে নতমুখে নিস্তরঙ্গভাবে সেলাই করে যাচ্ছে এবং মাঝে মাঝে কটাক্ষপাতে যাত্রীদের অবস্থা পর্যবেক্ষণ করছে।

বহুদূরে এক-আধটা জাহাজ দেখা যাচ্ছে। মাঝে মাঝে সমুদ্রে এক-একটা পাহাড় জেগে উঠেছে, অনূর্বর কঠিন কালো দক্ষ তপ্ত জনশূন্য। অন্যমনস্ক প্রহরীর মতো সমুদ্রের মাঝখানে দাঁড়িয়ে তারা

উদাসীনভাবে তাকিয়ে আছে, সামনে দিয়ে কে আসছে কে যাচ্ছে তার প্রতি কিছুমাত্র খেয়াল নেই।

এইরকম করে ক্রমে সূর্যাস্তের সময় হল। “কাসল্ অফ ইন্ডোলেন্স” অর্থাৎ কুঁড়েমির কেপ্লা যদি কাকেও বলা যায় সে হচ্ছে জাহাজ। বিশেষত গরম দিনে প্রশান্ত লোহিতসাগরের উপরে। যাত্রীরা সমস্ত বেলা ডেকের উপর আরামকেদারায় পড়ে ভূর উপরে টুপি টেনে দিয়ে দিবাস্বপ্নে তলিয়ে রয়েছে। চলবার মধ্যে কেবল জাহাজ চলছে এবং তার দুই পাশের আহত নীল জল নাড়া পেয়ে অলস আপত্তির ক্ষীণ কলস্বরে পাশ কাটিয়ে কোনোমতে একটুখানিমাাত্র সরে যাচ্ছে।

সূর্য অস্ত গেল। আকাশ এবং জলের উপর চমৎকার রঙ দেখা দিয়েছে। সমুদ্রের জলে একটি রেখামাত্র নেই। দিগন্তবিস্তৃত অটুট জলরাশি যৌবনপরিপূর্ণ পরিষ্ফুট দেহের মতো একেবারে নিটোল এবং সুডোল। এই অপার অখণ্ড পরিপূর্ণতা আকাশের এক প্রান্ত থেকে আর-এক প্রান্ত পর্যন্ত থম্‌থম্‌ করছে। বৃহৎ সমুদ্র হঠাৎ যেন একটা জায়গায় এসে থেমেছে যার উর্ধ্ব আর গতি নেই, পরিবর্তন নেই; যা অনন্তকাল অবিশ্রাম চাঞ্চল্যের পরম পরিণতি, চরম নির্বাণ। সূর্যাস্তের সময় চিল আকাশের নীলিমার যে একটি সর্বোচ্চ সীমার কাছে গিয়ে সমস্ত বৃহৎ পাখা সমতলরেখায় বিস্তৃত করে দিয়ে হঠাৎ গতি বন্ধ করে দেয়, চিরচঞ্চল সমুদ্র ঠিক যেন সহসা সেইরকম একটা পরম প্রশান্তির শেষ সীমায় এসে ক্ষণেকের জন্য পশ্চিম অস্তাচলের দিকে মুখ তুলে একেবারে নিস্তব্ধ হয়ে আছে। জলের যে বর্ণবিকাশ হয়েছে সে আকাশের ছায়া কি সমুদ্রের আলো ঠিক বলা যায় না। যেন একটা মাহেন্দ্রক্ষণে আকাশের নীরব নির্নিমেষ নীল নেত্রের দৃষ্টিপাতে হঠাৎ সমুদ্রের অতলস্পর্শ গভীরতার মধ্যে থেকে একটা আকস্মিক প্রতিভার দীপ্তি স্ফূর্তি পেয়ে তাকে অপূর্ব মহিমাষিত করে তুলেছে।

সন্ধ্যা হয়ে এল। ৮৭ ৮৭ ৮৭ ৮৭ ঘণ্টা বাজল। সকলে বেশভূষা পরিবর্তন করে সান্ধ্যভোজনের জন্য সুসজ্জিত হতে গেল। আধঘণ্টা পরে আবার ঘণ্টা। নরনারীগণ দলে দলে ভোজনশালায় প্রবেশ করলে। আমরা তিন বাঙালি একটি স্বতন্ত্র ছোটো টেবিল অধিকার করে বসলুম। আমাদের সামনে আর-একটি টেবিলে দুটি মেয়ে একটি উপাসক-সম্প্রদায়ের দ্বারা বেষ্টিত হয়ে খেতে বসেছেন।

চেয়ে দেখলুম তাঁদের মধ্যে একটি যুবতী আপনার যৌবনশ্রী বহুলপরিমাণে উদ্‌ঘাটিত করে দিয়ে সহাস্যমুখে আহার এবং আলাপে নিযুক্ত। তাঁর শুভ্র সুগোল সুচিক্কণ গ্রীবাবক্ষবাহুর উপর সমস্ত বিদ্যুৎ-প্রদীপের অনিমেষ আলো এবং পুরুষমণ্ডলীর বিস্মিত সকৌতুক দৃষ্টি বর্ষিত হচ্ছিল। একটা অনাবৃত আলোকশিখা দেখে দৃষ্টিগুলো যেন কালো কালো পতঙ্গের মতো চারি দিক থেকে ঝাঁকে ঝাঁকে লক্ষ্য দিয়ে পড়ছে। এমন-কি, অনেকে মুখ ফিরিয়ে ফিরিয়ে তাঁকে নিরীক্ষণ করছে এবং তাই নিয়ে ঘরের সর্বত্র একটা চাপা হাসির চাঞ্চল্য উঠেছে। অনেকেই সেই যুবতীর পরিচ্ছদটিকে “ইন্ডেকোরাস” বলে উল্লেখ করছে। কিন্তু আমাদের মতো বিদেশী লোকের পক্ষে তার বেআবু বেআদবিটা বোঝা একটু শক্ত। কারণ, নৃত্যশালায় এরকম কিংবা এর চেয়ে অনাবৃত বেশে গেলে কারো বিস্ময় উদ্‌বেক করে না।

কিন্তু বিদেশের সমাজনীতি সম্বন্ধে বেশি উৎসাহের সঙ্গে কিছু বলা ভালো নয়। আমাদের দেশে বাসরঘরে এবং কোনো কোনো বিশেষ উপলক্ষে মেয়েরা যেমন অবাধে লজ্জাহীনতা প্রকাশ করে, অন্য কোনো সভায় তেমন করলে সাধারণের কাছে দৃশ্য হত সন্দেহ নেই। সমাজে যেমন নিয়মের বাধাবাধি, তেমনি মাঝে মাঝে দুটো-একটা ছুটিও থাকে।

৩১ আগস্ট। আজ রবিবার। প্রাতঃকালে উঠে উপরের ডেকে চৌকিতে বসে সমুদ্রের বায়ু সেবন করছি, এমন সময় নীচের ডেকে খৃস্টানদের উপাসনা আরম্ভ হল। যদিও জানি এদের মধ্যে অনেকেই শুষ্কভাবে অভ্যস্ত মন্ত্র আউড়িয়ে কল-টেপা আর্গিনের মতো গান গেয়ে যাচ্ছিল— কিন্তু তবু এই যে দৃশ্য, এই যে গুটিকতক চঞ্চল ছোটো ছোটো মনুষ্য অপার সমুদ্রের মাঝখানে স্থির বিনম্রভাবে দাঁড়িয়ে গভীর সমবেত কণ্ঠে এক চির-অজ্ঞাত অনন্ত রহস্যের প্রতি ক্ষুদ্র মানবহৃদয়ের ভক্তি-উপহার প্রেরণ করছে, এ অতি আশ্চর্য।

কিন্তু এর মধ্যে হঠাৎ এক-একবার অটুহাস্য শোনা গেল। গতরাত্রেই সেই ডিনার টেবিলের

নায়িকাটি উপাসনায় যোগ না দিয়ে উপরের ডেকে বসে তাঁরই একটি উপাসক যুবকের সঙ্গে কৌতুকালোচনে নিমগ্ন আছেন। মাঝে মাঝে উচ্চহাস্য করে উঠছেন, আবার মাঝে মাঝে গুন গুন স্বরে ধর্মসংগীতেও যোগ দিচ্ছেন।

আজ আহারের সময় একটি নূতন সংবাদের সৃষ্টি করা গেছে। ছোটো টেবিলটিতে আমরা তিনজনে ব্রেকফাস্ট খেতে বসেছি। একটা শক্ত গোলাকার রুটির উপরে ছুরি চালনা করতে গিয়ে ছুরিটা সবলে পিছলে আমার বাম হাতের দুই আঙুলের উপর এসে পড়ল। রক্ত চার দিকে ছিটকে পড়ে গেল। তৎক্ষণাৎ আহারে ভঙ্গ দিয়ে ক্যাবিনে পলায়ন করলুম। ইতিহাসে অনেক রক্তপাত লিপিবদ্ধ হয়েছে— আমার ডায়ারিতে আমার এই রক্তপাত লিখে রাখলুম; ভাবী বঙ্গবীরদের কাছে গৌরবের প্রার্থী নই; বর্তমান বঙ্গাঙ্গনাদের মধ্যে কেউ যদি একবার ‘আহা’ বলেন।

১ সেপ্টেম্বর। সন্ধ্যার পর আহারাঙ্তে উপরের ডেকে আমাদের যথাস্থানে আশ্রয় গ্রহণ করা গেল। মৃদু শীতল বায়ুতে আমার বন্ধু ঘুমিয়ে পড়েছেন এবং দাদা অলসভাবে ধূমসেবন করছেন, এমন সময় নীচের ডেকে নাচের বাজনা বেজে উঠল। সকলে মিলে জুড়ি জুড়ি ঘূর্ণনৃত্য আরম্ভ হল।

তখন পূর্ব দিকে নব কৃষ্ণপক্ষের পূর্ণপ্রায় চন্দ্র ধীরে ধীরে সমুদ্রশয়ন থেকে উঠে আসছে। এই তীররেখাশূন্য জলময় মহামরুর পূর্বসীমান্তে উদয়পথের ঠিক নীচে থেকে আমাদের জাহাজ পর্যন্ত অন্ধকার সমুদ্রের মধ্যে প্রশস্ত দীর্ঘ আলোকপথ ঝিকমিক করছে। জ্যোৎস্নাময়ী সন্ধ্যা কোন্ এক অলৌকিক বস্তুর উপরে অপূর্ব শুভ্র রজনীগন্ধার মতো আপন প্রশান্ত সৌন্দর্যে নিঃশব্দে চতুর্দিকে দলপ্রসারণ করল। আর মানুষগুলো পরস্পরকে জড়াজড়ি করে ধরে পাগলের মতো তীব্র আমোদে ঘুরপাক খাচ্ছে, হাঁপাচ্ছে, উত্তপ্ত হয়ে উঠছে।

৩ সেপ্টেম্বর। বেলা দশটার সময় সুয়েজখালের প্রবেশমুখে এসে জাহাজ থামল। চারি দিকে চমৎকার রঙের খেলা। পাহাড়ের উপর রৌদ্র, ছায়া এবং নীলিম বাষ্প। ঘননীল সমুদ্রের প্রান্তে বালুকাতীরের রৌদ্রদুঃসহ গাঢ় পীত রেখা।

খালের মধ্যে দিয়ে জাহাজ সমস্ত দিন অতি ধীর গতিতে চলছে। দু-ধারে তরুহীন বালুকা। কেবল মাঝে মাঝে এক-একটি ছোটো কোঠাঘর বহুযত্নবর্ধিত গুটিকতক গাছে-পালায় বেষ্টিত হয়ে আরাম জনক দেখাচ্ছে।

অনেক রাতে আধখানা চাঁদ উঠল। ক্ষীণ চন্দ্রালোকে দুই তীর অস্পষ্ট ধূ ধূ করছে।— রাত দুটো-তিনটের সময় জাহাজ পোর্টসেয়েদে নোঙর করলে।

৪ সেপ্টেম্বর। এখন আমরা ভূমধ্যসাগরে, যুরোপের অধিকারের মধ্যে। বাতাসও শীতল হয়ে এসেছে, সমুদ্রও গাঢ়তর নীল। আজ রাতে আর ডেকের উপর শোওয়া হল না।

৫ সেপ্টেম্বর। বিকালের দিকে ক্রীট দ্বীপের তটপর্বত দেখা দিয়েছিল। ডেকের উপর একটা স্টেজ বাঁধা হচ্ছে। জাহাজে একদল নাট্যব্যবসায়ী যাত্রী আছে, তারা অভিনয় করবে। অন্যদিনের চেয়ে সকাল সকাল ডিনার খেয়ে নিয়ে তামাশা আরম্ভ হল। প্রথমে যাত্রীদের মধ্যে যারা গানবাজনা কিঞ্চিৎ জানেন এবং জানেন না, তাঁদের কারো-বা দুর্বল পিয়ানোর টিং টিং কারো-বা মৃদু ক্ষীণকণ্ঠে গান হল। তার পরে যবনিকা উদ্ঘাটন করে নটনটী কর্তৃক ‘ব্যালো’ নাচ, সঙ, নিখোর গান, জাদু, প্রহসন, অভিনয় প্রভৃতি বিবিধ কৌতুক হয়েছিল। মধ্যে নাবিকাশ্রমের জন্যে দর্শকদের কাছ থেকে চাঁদা সংগ্রহ হল।

৬ সেপ্টেম্বর। খাবার ঘরে খোলা জানলার কাছে বসে বাড়িতে চিঠি লিখছি। একবার মুখ তুলে বামে চেয়ে দেখলুম ‘আয়োনিয়ান’ দ্বীপ দেখা দিয়েছে। পাহাড়ের কোলের মধ্যে সমুদ্রের ঠিক ধারেই মনুষ্যরচিত ঘনসন্নিবিষ্ট একটি শ্বেত মৌচাকের মতো দেখা যাচ্ছে। এইটি জাস্তি শহর (Zanthe)। দূর থেকে মনে হচ্ছে যেন পর্বতটা তার প্রকাণ্ড করপুটে কতকগুলো শ্বেত পুষ্প নিয়ে সমুদ্রকে অঞ্জলি দেবার উপক্রম করছে।

ডেকের উপর উঠে দেখি আমরা দুই নৈশলশ্রেণীর মাঝখান দিয়ে সংকীর্ণ সমুদ্রপথে চলেছি। আকাশে মেঘ করে এসেছে, বিদ্যুৎ চমকাচ্ছে— ঝড়ের সস্তাবনা। আমাদের সর্বোচ্চ ডেকের চাঁদোয়া

খুলে ফেলে দিলে। পর্বতের উপর অত্যন্ত নিবিড় মেঘ নেমে এসেছে; কেবল দূরে একটিমাত্র পাহাড়ের উপর মেঘছিদ্রমুক্ত সন্ধ্যালোকের একটি দীর্ঘ আরক্ত ইঙ্গিত এসে স্পর্শ করেছে, অন্য সবগুলো আসন্ন ঝটিকার ছায়ায় আচ্ছন্ন। কিন্তু ঝড় এল না। একটু প্রবল বাতাস এবং সবেগ বৃষ্টির উপর দিয়েই সমস্ত কেটে গেল। ভূমধ্যসাগরে আকাশের অবস্থা অত্যন্ত অনিশ্চিত। শুনলুম, আমরা যে পথ দিয়ে যাচ্ছি এখান দিয়ে জাহাজ সচরাচর যায় না। জায়গাটা নাকি ভারি ঝোড়ো। রাত্রে ডিনারের পর যাত্রীরা কাপ্তেনের স্বাস্থ্যপান এবং গুণগান করলে। কাল ব্রিন্দিসি পৌছবে। জিনিসপত্র বাঁধতে হবে।

৭ সেপ্টেম্বর। আজ সকালে ব্রিন্দিসি পৌছনো গেল। মেলগাড়ি প্রস্তুত ছিল, আমরা গাড়িতে উঠলুম।

গাড়ি যখন ছাড়ল তখন টিপ্ টিপ্ করে বৃষ্টি আরম্ভ হয়েছে। আহা করি এসে একটি কোণে জানলার কাছে বসা গেল।

প্রথমে, দুই ধারে কেবল আঙুরের খেত। তার পরে জলপাইয়ের বাগান। জলপাইয়ের গাছগুলো নিতান্ত বাঁকাচোরা, গ্রস্থি ও ফাটল-বিশিষ্ট, বলি-অক্ষিত, বেঁটেখাটো রকমের; পাতাগুলো উর্ধ্বমুখ; প্রকৃতির হাতের কাজে যেমন একটি সহজ অনায়াসের ভাব দেখা যায়, এই গাছগুলোয় তার বিপরীত। এরা নিতান্ত লক্ষ্মীছাড়া, কায়ক্লেশে অষ্টাবক্র হয়ে দাঁড়িয়ে আছে; এক-একটা এমন বঁকে ঝুঁকে পড়েছে যে পাথর উচু করে তাদের ঠেকো দিয়ে রাখতে হয়েছে।

বামে চষা মাঠ; সাদা সাদা ভাঙা ভাঙা পাথরের টুকরো চষা মাটির মধ্যে মধ্যে উৎক্ষিপ্ত। দক্ষিণে সমুদ্র। সমুদ্রের একেবারে ধারেই এক-একটি ছোটো ছোটো শহর দেখা দিচ্ছে। চার্চুড়া-মুকুতিত সাদা ধবধবে নগরীটি একটি পরিপাটি তম্বী নাগরীর মতো কোলের কাছে সমুদ্র-দর্পণ রেখে নিজের মুখ দেখে হাসছে। নগর পেরিয়ে আবার মাঠ। ভুট্টার খেত, আঙুরের খেত, ফলের খেত, জলপাইয়ের বন; খেতগুলি খণ্ড প্রস্তরের বেড়া দেওয়া। মাঝে মাঝে এক-একটি বাঁধা কূপ। দূরে দূরে দুটো-একটা সঙ্গিহীন ছোটো সাদা বাড়ি।

সূর্যাস্তের সময় হয়ে এল। আমি কোলের উপর এক থোলো আঙুর নিয়ে বসে বসে এক-আধটা করে মুখে দিচ্ছি। এমন মিষ্ট টস্টসে সুগন্ধ আঙুর ইতিপূর্বে কখনো খাই নি। মাথায় রঙিন রুমাল বাঁধা ঐ ইতালীয়া যুবতীকে দেখে আমার মনে হচ্ছে, ইতালিয়ানীরা এখানকার আঙুরের গুচ্ছের মতো, অমনি একটি বৃত্তভরা অজস্র সুভোল সৌন্দর্য, যৌবনরসে অমনি উৎপূর্ণ— এবং ঐ আঙুরেরই মতো তাদের মুখের রঙ— অতি বেশি সাদা নয়।

এখন একটা উচ্চ সমুদ্রতটের উপর দিয়ে চলেছি। আমাদের ঠিক নীচেই ডান দিকে সমুদ্র। ভাঙাচোরা জমি ঢালু হয়ে জলের মধ্যে প্রবেশ করেছে। গোটা চার-পাঁচ পাল-মোড়া নৌকো ডাঙার উপর তোলা। নীচেকার পথ দিয়ে গাধার উপর চড়ে লোক চলেছে। সমুদ্রতীরে কতকগুলো গোরু চরছে— কী খাচ্ছে ওরই জানে; মাঝে মাঝে কেবল কতকগুলো শুকনো খড়কের মতো আছে মাত্র।

রাত্রে আমরা গাড়ির ভোজনশালায় ডিনারে বসেছি, এমন সময়ে গাড়ি একটা স্টেশনে এসে দাঁড়াল। একদল নরনারী প্ল্যাটফর্মে ভিড় করে বিশেষ কৌতূহলের সঙ্গে আমাদের ভোজ দেখতে লাগল। তারই মধ্যে গ্যাসের আলোকে দুটি-একটি সুন্দর মেয়ের মুখ দেখা যাচ্ছিল, তাতে করে ভোজনপাত্র থেকে আমাদের চিত্তকে অনেকটা পরিমাণে বিক্ষিপ্ত করছিল। ট্রেন ছাড়বার সময়ে আমাদের সহযাত্রীগণ তাদের প্রতি অনেক টুপি রুমাল আন্দোলন, অনেক চুম্বন-সংকেত-প্রেরণ, তারস্বরে অনেক উল্লাসধ্বনি প্রয়োগ করলে; তারাও গ্রীবা-আন্দোলনে আমাদের প্রত্যভিবাদন করতে লাগল।

৮ সেপ্টেম্বর। কাল আড্রিয়াটিকের সমতল শ্রীহীন তীরভূমি দিয়ে আসছিলুম, আজ শস্যশ্যামলা লম্বার্ডির মধ্যে দিয়ে গাড়ি চলছে। চারি দিকে আঙুর জলপাই ভুট্টা ও তুঁতের খেত। কাল যে আঙুরের লতা দেখা গিয়েছিল সেগুলো ছোটো ছোটো গুল্মের মতো। আজ দেখছি খেতময় লম্বা লম্বা

কাঠি পোতা, তারই উপর ফলগুচ্ছপূর্ণ দ্রাক্ষালতা লতিয়ে উঠেছে।

ক্রমে পাহাড় দেখা দিচ্ছে। পাহাড়গুলি উপর থেকে নীচে পর্যন্ত দ্রাক্ষাদণ্ডে কণ্টকিত হয়ে উঠেছে, তারই মাঝখানে এক-একটি লোকালয়।

রেলের লাইনের ধারে দ্রাক্ষাক্ষেত্রের প্রান্তে একটি ক্ষুদ্র কুটির ; এক হাতে তারই একটি দুয়ার ধরে এক হাত কোমরে দিয়ে একটি ইতালিয়ান যুবতী সকৌতুক কৃষ্ণনেত্রে আমাদের গাড়ির গতি নিরীক্ষণ করছে। অনতিদূরে একটি বালিকা একটা প্রখরশব্দ প্রকাণ্ড গোরুর গলার দড়িটি ধরে নিশ্চিন্তমনে চরিয়ে নিয়ে বেড়াচ্ছে। তার থেকে আমাদের বাংলা দেশের নবদম্পতির চিত্র মনে পড়ল। মস্ত একটা চশমা-পরা গ্রাজুয়েট-পুংগব, এবং তারই দড়িটা ধরে ছোটো একটি চোদ্দ-পনেরো বৎসরের নোলক-পরা নববধূ ; জন্তুটি দিব্যি পোষ মেনে চরে বেড়াচ্ছে, এবং মাঝে মাঝে বিস্ফারিতনয়নে কত্রীর প্রতি দৃষ্টিপাত করছে।

টুরিন স্টেশনে আসা গেল। এ দেশের সামান্য পুলিশম্যানের সাজ দেখে অবাক হতে হয়। মস্ত চূড়াওয়ালা টুপি, বিস্তর জড়িজড়াও, লম্বা তলোয়ার— সকল ক'টিকেই সম্রাটের জ্যেষ্ঠপুত্র বলে মনে হয়।

দক্ষিণে বামে তুষাররেখাক্ত সুনীল পর্বতশ্রেণী। বামে ঘনচ্ছায়ান্নিক অরণ্য। যেখানে অরণ্যের একটু বিচ্ছেদ পাওয়া যাচ্ছে সেইখানেই শস্যক্ষেত্র তরুশ্রেণী ও পর্বত-সমেত এক-একটা নব নব আশ্চর্য দৃশ্য খুলে যাচ্ছে। পর্বতশৃঙ্গের উপর পুরাতন দুর্গশিখর, তলদেশে এক-একটি ছোটো ছোটো গ্রাম। যত এগোচ্ছি অরণ্যপর্বত ক্রমশ ঘন হয়ে আসছে। মাঝে মাঝে যে গ্রামগুলি আসছে সেগুলি তেমন উদ্ধত শুভ্র নবীন পরিপাটি নয় ; একটু যেন স্নান দরিদ্র নিভৃত ; একটি-আধটি চার্চের চূড়া আছে মাত্র ; কিন্তু কল-কারখানার ধূমোদগারী বৃহৎধ্বনিত উর্ধ্বমুখ ইষ্টকশৃঙ নেই।

ক্রমে অল্পে অল্পে পাহাড়ের উপর ওঠা যাচ্ছে। পার্বত্য পথ সাপের মতো ঐক্যেবঁকে চলেছে ; ঢালু পাহাড়ের উপর চষা খেত সোপানের মতো থাকে থাকে উঠেছে। একটি গিরিনদী স্বচ্ছ সফেন জলরাশি নিয়ে সংকীর্ণ উপলপথ দিয়ে ঝরে পড়ছে।

গাড়িতে আলো দিয়ে গেল। এখনই মন্ট সেনিসের বিখ্যাত দীর্ঘ রেলোয়ে-সুরঙ্গের মধ্যে প্রবেশ করতে হবে। গহ্বরটি উত্তীর্ণ হতে প্রায় আধঘণ্টা লাগল।

এইবার ফ্রান্স। দক্ষিণে এক জলস্রোত ফেনিয়ে ফেনিয়ে চলেছে। ফরাসি জাতির মতো দ্রুত চঞ্চল উচ্ছ্বসিত হাস্যপ্রিয় কলভাষী।

ফ্রান্সের প্রবেশদ্বারে একবার একজন কর্মচারী গাড়িতে এসে জিজ্ঞাসা করে গেল আমাদের মাসুল দেবার যোগ্য জিনিস কিছু আছে কি না। আমরা বললুম, না। আমাদের একজন বৃদ্ধ সহযাত্রী ইংরেজ বললেন, I don't parlez-vous francaise।

সেই স্রোত এখনো আমাদের ডান দিক দিয়ে চলেছে। তার পূর্ব তীরে 'ফার' অরণ্য নিয়ে পাহাড় দাঁড়িয়ে আছে। চঞ্চলা নিঝরিণী বঁকেচুরে ফেনিয়ে ফুলে নেচে কলরব করে পাথরগুলোকে সর্বাঙ্গ দিয়ে ঠেলে রেলগাড়ির সঙ্গে সমান দৌড় দিয়েছে। মাঝে মাঝে এক-একটা লোহার সাঁকো মুষ্টি দিয়ে তার ক্ষীণ কটিদেশ পরিমাপ করবার চেষ্টা করছে। এক জায়গায় জলরাশি খুব সংকীর্ণ ; দুই তীরের শ্রেণীবদ্ধ দীর্ঘ বৃক্ষগুলি শাখায় শাখায় বেঁটন করে দুরন্ত স্রোতকে অন্তঃপুরে বন্দী করতে বৃথা চেষ্টা করছে। উপর থেকে ঝরনা এসে সেই প্রবাহের সঙ্গে মিশছে। বরাবর পূর্ব তীর দিয়ে একটি পার্বত্য পথ সমরেখায় স্রোতের সঙ্গে বঁকে চলে গেছে। এক জায়গায় আমাদের সহচরীর সঙ্গে বিচ্ছেদ হল। হঠাৎ সে দক্ষিণ থেকে বামে এসে এক অজ্ঞাত সংকীর্ণ শৈলপথে অন্তর্হিত হয়ে গেল।

শ্যামল তৃণাচ্ছন্ন পর্বতশ্রেণীর মধ্যে এক-একটা পাহাড় তৃণহীন সহস্র-রেখাক্ত পাষাণ-কঙ্কাল প্রকাশ করে নগ্নভাবে দাঁড়িয়ে আছে ; কেবল তার মাঝে মাঝে এক-এক জায়গায় খানিকটা করে অরণ্যের খণ্ড আবরণ রয়েছে। প্রচণ্ড সংগ্রামে একটা দৈত্য সহস্র সহস্র হিংস্র নখের বিদারণরেখা রেখে যেন ওর শ্যামল ত্বক অনেকখানি করে ঝাঁচড়ে ছিঁড়ে নিয়েছে।

আবার হঠাৎ ডান দিকে আমাদের সেই পূর্বসঙ্গিনী মুহূর্তের জন্যে দেখা দিয়ে বামে চলে গেল। একবার দক্ষিণে, একবার বামে, একবার অন্তরালে। আবার হয়তো যেতে যেতে কোনো এক পর্বতের আড়াল থেকে সহসা কলহাস্যে করতালি দিয়ে আচমকা দেখা দেবে।

সেই জলপাই এবং দ্রাক্ষাকুঞ্জ অনেক কমে গেছে ; বিবিধ শস্যের ক্ষেত্র এবং দীর্ঘ সরল পপুলার গাছের শ্রেণী। ভুট্টা, তামাক, নানাবিধ শাকসবজি। কেবলই যেন বাগানের পর বাগান। এই কঠিন পর্বতের মধ্যে মানুষ বছদিন থেকে বছয়ত্বে প্রকৃতিকে বশ করে তার উচ্ছৃঙ্খলতা হরণ করেছে। প্রত্যেক ভূমিখণ্ডের উপর মানুষের কত প্রয়াস প্রকাশ পাচ্ছে। এ দেশের লোকেরা যে আপনার দেশকে ভালোবাসবে তাতে কিছু আশ্চর্য নেই। এরা আপনার দেশকে আপনার তুলে আপনার করে নিয়েছে। এখানে প্রকৃতির সঙ্গে মানুষের বছকাল থেকে একটা বোঝাপড়া হয়ে আসছে, উভয়ের মধ্যে ক্রমিক আদানপ্রদান চলছে, তারা পরস্পর সুপরিচিত এবং ঘনিষ্ঠ সম্পর্কে আবদ্ধ। এক দিকে প্রকাণ্ড প্রকৃতি উদাসীনভাবে দাঁড়িয়ে, আর-এক দিকে বৈরাগ্যবৃদ্ধ মানব উদাসীনভাবে শুয়ে— যুরোপের সে-ভাব নয়। এদের এই সুন্দরী ভূমি এদের একান্ত সাধনার ধন, একে এরা নিয়ত বহু আদর করে রেখেছে। এর জন্যে যদি প্রাণ না দেবে তো কিসের জন্যে দেবে ! এই প্রেয়সীর প্রতি কেউ তিলমাত্র হস্তক্ষেপ করলে কি আর সহ্য হয় ? আমরা তো জঙ্গলে থাকি ; খালবিল বনবাদাড় ভাঙারাস্তা এবং পানাপুকুরের ধারে বাস করি। খেত থেকে দু-মুঠো ধান আনি, মেয়েরা আঁচল ভরে শাক তুলে নিয়ে আসে, ছেলেরা পাকের মধ্যে নেমে চিংড়িমাছ ধরে আনে, প্রাঙ্গণের গাছ থেকে গোটাকতক তেঁতুল পাড়ি, তার পরে শুকনো কাঠকুট সংগ্রহ করে এক-বেলা অথবা দু-বেলা কোনোরকম করে আহার চলে যায় ; ম্যালেরিয়া এসে যখন জীর্ণ অস্থিকঙ্কাল কাঁপিয়ে তোলে তখন কাঁথা মুড়ি দিয়ে রৌদ্রে পড়ে থাকি, গ্রীষ্মকালে শুষ্কপ্রায় পঙ্ককুণ্ডের হরিদবর্ণ জলাবশেষ থেকে উঠে এসে ওলাউঠা যখন আমাদের গৃহ আক্রমণ করে তখন ওলাদেবীর পূজা দিই এবং অদৃষ্টের দিকে কোটরপ্রবিষ্ট হতাশ শূন্যদৃষ্টি বদ্ধ করে দল বেঁধে মরতে আরম্ভ করি। আমরা কি আমাদের দেশকে পেয়েছি না পেতে চেষ্টা করেছি ? আমরা ইহলোকের প্রতি উদাস্য করে এখানে কেবল অনিচ্ছুক পথিকের মতো যেখানে-সেখানে পড়ে থাকি এবং যত শীঘ্র পারি দ্রুতবেগে বিশ-পঁচিশটা বৎসর ডিঙিয়ে একেবারে পরলোকে গিয়ে উপস্থিত হই।

কিন্তু এ কী চমৎকার চিত্র ! পর্বতের কোলে, নদীর ধারে, হ্রদের তীরে পপুলার-উইলো-বেষ্টিত কাননশ্রেণী। নিষ্কণ্টক নিরাপদ নিরাময় ফলশস্যপরিপূর্ণ প্রকৃতি প্রতিক্ষণে মানুষের ভালোবাসা পাচ্ছে এবং মানুষকে দ্বিগুণ ভালোবাসছে। মানুষের মতো জীবের এই তো যোগ্য আবাসস্থান। মানুষের প্রেম এবং মানুষের ক্ষমতা যদি আপনার চতুর্দিককে সংযত সুন্দর সমুজ্জ্বল করে না তুলতে পারে তবে তরুকোটর-গুহাগহ্বর-বনবাসী জন্তুর সঙ্গে মানুষের প্রভেদ কী ?

৮ সেপ্টেম্বর। পথের মধ্যে আমাদের প্যারিসে নাববার প্রস্তাব হচ্ছে। কিন্তু আমাদের এই ট্রেন প্যারিসে যায় না— একটু পাশ কাটিয়ে যায়। প্যারিসের একটি নিকটবর্তী স্টেশনে স্পেশাল ট্রেন প্রস্তুত রাখবার জন্যে টেলিগ্রাফ করা গেল।

রাত দুটোর সময় আমাদের জাগিয়ে দিলে। ট্রেন বদল করতে হবে। জিনিসপত্র বেঁধে বেরিয়ে পড়লুম। বিষম ঠাণ্ডা। অনতিদূরে আমাদের গাড়ি দাঁড়িয়ে। কেবলমাত্র একটি এঞ্জিন, একটি ফার্স্টক্লাস এবং একটি ব্রেকভ্যান। আরোহীর মধ্যে আমরা তিনটি ভারতবর্ষীয়। রাত তিনটোর সময় প্যারিসের জনশূন্য বৃহৎ স্টেশনে পৌঁছনো গেল। সুপ্তোখিত দুই-একজন “মসিয়” আলো-হস্তে উপস্থিত। অনেক হাস্যম করে নিদ্রিত কাস্টম-হাউসকে জাগিয়ে তার পরীক্ষা থেকে উত্তীর্ণ হয়ে একটা গাড়ি ভাড়া করলুম। তখন প্যারিস তার সমস্ত দ্বার রুদ্ধ করে স্তব্ধ রাজপথে দীপশ্রেণী জ্বালিয়ে রেখে নিদ্রামগ্ন। আমরা হোটেল টার্মিনুতে আমাদের শয়নকক্ষে প্রবেশ করলুম। পরিপাটি, পরিচ্ছন্ন, বিদ্যুদুজ্জ্বল, স্ফটিকমণ্ডিত, কার্পেটাবৃত, চিত্রিতভিত্তি, নীলযবনিকাপ্রচ্ছন্ন শয়নশালা ; বিহগপক্ষ সুকোমল শুভ্র শয্যা।

বেশ বদল করে শয়নের উদ্যোগ করবার সময় দেখা গেল আমাদের জিনিসপত্রের মধ্যে আর-একজনের ওভারকোট গাত্রবস্ত্র । আমরা তিনজনেই পরস্পরের জিনিস চিনি নে ; সুতরাং হাতের কাছে যে-কোনো অপরিচিত বস্ত্র পাওয়া যায় সেইটেই আমাদের কারো-না-কারো স্থির করে অসংশয়ে সংগ্রহ করে আনি । অবশেষে নিজের নিজের জিনিস পৃথক করে নেবার পর উদ্ভূত সামগ্রী পাওয়া গেলে, তা আর পূর্বাধিকারীকে ফিরিয়ে দেবার কোনো সুযোগ থাকে না । ওভারকোটটি রেলগাড়ি থেকে আনা হয়েছে ; যার কোট সে বেচারা বিশ্বস্তচিত্তে গভীর নিদ্রায় মগ্ন । গাড়ি এতক্ষণে সমুদ্রতীরস্থ ক্যালেন নগরীর নিকটবর্তী হয়েছে । লোকটি কে, এবং সমস্ত ব্রিটিশ রাজ্যের মধ্যে তার ঠিকানা কোথায়, আমরা কিছুই জানি নে । মাঝের থেকে তার লম্বা কুর্তি এবং আমাদের পাপের ভার স্কন্ধের উপর বহন করে বেড়াচ্ছি— প্রায়শ্চিত্তের পথ বন্ধ । মনে হচ্ছে একবার যে লোকটির কন্ডল হরণ করেছিলুম এ কুর্তিটিও তার । সে বেচারা বৃদ্ধ শীতপীড়িত, বাতে পঙ্গু, অ্যাংলো-ইন্ডিয়ান পুলিশ-অধ্যক্ষ । পুলিশের কাজ করে মানবচরিত্রের প্রতি সহজেই তার বিশ্বাস শিথিল হয়ে এসেছে, তার পরে যখন কাল প্রত্যুষে ব্রিটিশ চ্যানেল পার হবার সময় তীব্র শীতবায়ু তার হতকুর্তি জীর্ণ দেহকে কম্পান্বিত করে তুলবে তখন সেইসঙ্গে মনুষ্যজাতির সাধুতার প্রতিও তার বিশ্বাস কম্পিত হতে থাকবে ।

৯ সেপ্টেম্বর । প্রাতঃকালে দ্বিতীয়বার বেশপরিবর্তন করবার সময় দেখা গেল আমার বন্ধুর একটি পোর্টম্যান্টো পাওয়া যাচ্ছে না ।

পুলিসে সংবাদ দিয়ে প্রাতঃকালে তিনজনে প্যারিসের পথে পদব্রজে বেরিয়ে পড়লুম । প্রকাণ্ড রাজপথ দোকান বাগান প্রাসাদ প্রস্তরমূর্তি ফোয়ারা লোকজন গাড়িঘোড়ার মধ্যে অনেক ঘুরে ঘুরে এক ভোজন-গৃহের বিরাট স্ফটিকশালার প্রান্তটেবিলে বসে অল্প আহার করে এবং বিস্তর মূল্য দিয়ে ইফেল স্তম্ভ দেখতে গেলেম । এই লৌহস্তম্ভ চারি পায়ের উপরে ভর দিয়ে এক বাগানের মাঝখানে দাঁড়িয়ে আছে । কলের দোলায় চড়ে এই স্তম্ভের চতুর্থ তলায় উঠে নিম্নে সমস্ত প্যারিসটাকে খুব একটা বড়ো ম্যাপের মতো প্রসারিত দেখতে পেলুম ।

বলা বাহুল্য, এমন করে একদিনে তাড়াতাড়ি চক্ষুদ্বারা বহির্ভাগ লেহন করে প্যারিসের রসাস্বাদন করা যায় না । এ যেন, ধনিগৃহের মেয়েদের মতো বদ্ধ পালকির মধ্যে থেকে গঙ্গাস্নান করার মতো— কেবল নিতান্ত তীরের কাছে একটা অংশে এক ডুবে যতখানি পাওয়া যায় । কেবল হাঁপানিই সার ।

হোটেল এতে দেখলুম পুলিশের নাহায্যে বন্ধুর পোর্টম্যান্টো ফিরে এসেছে, কিন্তু এখনো সেই পরের হাত কোর্তা সম্বন্ধে কিংকর্তব্যবিমূঢ় হয়ে আছি ।

১০ সেপ্টেম্বর । লন্ডন অভিমুখে চললুম । সন্ধ্যার সময় লন্ডনে পৌঁছে দুই-একটি হোটেল অন্বেষণ করে দেখা গেল স্থানাভাব । অবশেষে একটি ভদ্রপরিবারের মধ্যে আশ্রয় গ্রহণ করা গেল ।

১১ সেপ্টেম্বর । সকালবেলায় আমাদের পুরাতন বন্ধুদের সন্মানে বাহির হওয়া গেল ।

প্রথমে লন্ডনের মধ্যে আমার সর্বাপেক্ষা পরিচিত বাড়ির দ্বারে গিয়ে আঘাত করা গেল । যে দাসী এসে দরজা খুলে দিলে তাকে চিনি নে । তাকে জিজ্ঞাসা করলুম আমার বন্ধু বাড়িতে আছেন কি না । সে বললে তিনি এ-বাড়িতে থাকেন না । জিজ্ঞাসা করলুম, কোথায় থাকেন ? সে বললে, আমি জানি নে, আপনারা ঘরে এসে বসুন, আমি জিজ্ঞাসা করে আসছি । পূর্বে যে-ঘরে আমরা আহার করতুম সেই ঘরে গিয়ে দেখলেম সমস্ত বদল হয়ে গেছে— সেখানে টেবিলের উপর খবরের কাগজ এবং বই— সে-ঘর এখন অতিথিদের প্রতীক্ষাশালা হয়েছে । খানিকক্ষণ বাদে দাসী একটি কার্ডে লেখা ঠিকানা এনে দিলে । আমার বন্ধু এখন লন্ডনের বাইরে কোন্ এক অপরিচিত স্থানে থাকেন । নিরাশহৃদয়ে আমার সেই পরিচিত বাড়ি থেকে বেরোলুম ।

আমাদের গাড়ি মিস শ—এর বাড়ির সম্মুখে এসে দাঁড়াল । গিয়ে দেখি তিনি নির্জন গৃহে বসে একটি পীড়িত কুকুরশাবকের সেবায় নিযুক্ত । জলবায়ু, পরস্পরের স্বাস্থ্য এবং কালের পরিবর্তন সম্বন্ধে কতকগুলি প্রচলিত শিষ্টালাপ করা গেল ।

সেখান থেকে বেরিয়ে, লন্ডনের সুরঙ্গপথে যে পাতাল-বাষ্পযান চলে, তাই অবলম্বন করে বাসায় ফেরবার চেষ্টা করে গেল। কিন্তু পরিণামে দেখতে পেলুম পৃথিবীতে সকল চেষ্টা সহজে সফল হয় না। আমরা দুই ভাই তো গাড়িতে চড়ে বেশ নিশ্চিত বসে আছি; এমন সময় গাড়ি যখন হ্যামারস্মিথ নামক দূরবর্তী স্টেশনে গিয়ে থামল তখন আমাদের বিশ্বাসপরায়ণ চিন্তে ঈষৎ সংশয়ের সঞ্চারণ হল। একজনকে জিজ্ঞাসা করাতে সে স্পষ্ট বুদ্ধিতে দিলে আমাদের গম্যস্থান যে দিকে এ-গাড়ির গম্যস্থান সে দিকে নয়। পুনর্বার তিন-চার স্টেশন ফিরে গিয়ে গাড়ি বদল করা আবশ্যিক। তাই করা গেল। অবশেষে গম্য স্টেশনে নেমে রাস্তায় বেরিয়ে আমাদের বাসা খুঁজে পাই নে। বিস্তর গবেষণার পর বেলা সাড়ে তিনটের সময় বাড়ি ফিরে ঠাণ্ডা টিফিন খাওয়া গেল। এইটুকু আত্মজ্ঞান জন্মেছে যে, আমরা দুটি ভাই লিভিংস্টোন অথবা স্টানলির মতো ভৌগোলিক আবিষ্কার-কার্যের যোগ্য নই। পৃথিবীতে যদি অক্ষয় খ্যাতি উপার্জন করতে চাই তো নিশ্চয়ই অন্য কোনো দিকে মনোনিবেশ করতে হবে।

১২ সেপ্টেম্বর। আমাদের বন্ধুর একটি গুণ আছে; তিনি যতই কল্পনার চর্চা করুন-না কেন, কখনো পথ ভোলেন না। সুতরাং তাঁকেই আমাদের লন্ডনের পাণ্ডাপদে বরণ করেছি। আমরা যেখানে যাই তাঁকে সঙ্গে টেনে নিয়ে যাই এবং তিনি যেখানে যান আমরা কিছুতেই তাঁর সঙ্গ ছাড়ি নে। কিন্তু একটা আশঙ্কা আছে, এরকম অবিচ্ছেদ্য বন্ধুত্ব এ-পৃথিবীতে সকল সময় সমাদৃত হয় না। হায়! এ-সংসারে কুসুমে কণ্টক, কলানাথে কলঙ্ক এবং বন্ধুত্বে বিচ্ছেদ আছে— কিন্তু ভাগ্যিস আছে!

১৫ সেপ্টেম্বর। স্যাভয় থিয়েটারে “গভোলিয়াস” নামক একটি গীতিনাট্য অভিনয় দেখতে গিয়েছিলুম। আলোকে সংগীতে সৌন্দর্যে বর্ণবিন্যাসে দৃশ্যে নৃত্যে হাস্যে কৌতুকে মনে হল একটা কোন্ কল্পনারাজ্যে আছি। মাঝে এক অংশে অনেকগুলি নর্তক-নর্তকীতে মিলে নৃত্য আছে; আমার মনে হল যেন হঠাৎ এক সময়ে একটা উন্মাদকর যৌবনের বাতাসে পৃথিবী জুড়ে নরনারীর একটা উলট-পালট ঢেউ উঠেছে— তাতে আলোক এবং বর্ণচ্ছটা, সংগীত এবং উৎফুল্ল নয়নের উজ্জ্বল হাসি সহস্র ভঙ্গিতে চারি দিকে ঠিকরে পড়ছে।

১৬ সেপ্টেম্বর। আজ আমাদের গৃহস্বামীর কুমারী কন্যা আমার কতকগুলি পুরাতন পূর্বশ্রুত সুর পিয়ানোয় বাজাচ্ছিলেন; তাই শুনে আমার গৃহ মনে পড়তে লাগল। সেই ভারতবর্ষে রৌদ্রালোকিত প্রাতঃকাল, মুক্ত বাতায়ন, অব্যাহত আকাশ এবং পিয়ানো যন্ত্রে এই স্বপ্নবহু পরিচিত সংগীতধ্বনি।

১৭ সেপ্টেম্বর। যে দুর্ভাগার শীতকোর্তা আমরা বহন করে বেড়াচ্ছি ইন্ডিয়া আপিস যোগে সে আমাদের একটি পত্র লিখেছে— আমরাই যে তার গাত্রবস্ত্রটি সংগ্রহ করে এনেছি সে-বিষয়ে পত্রলেখক নিজের দৃঢ়বিশ্বাস প্রকাশ করেছে; তার সঙ্গে ‘ভ্রমক্রমে’ বলে একটা শব্দ যোগ করে দিয়েছিল। একটা সন্তোষের বিষয় এই, যার রুম্বল নিয়েছিলুম এটা তার নয়। ভ্রমক্রমে দুবার একজনের গরম কাপড় নিলে ভ্রম সপ্রমাণ করা কিছু কঠিন হত।

১৯ সেপ্টেম্বর। এখানে রাস্তায় বেরিয়ে সুখ আছে। সুন্দর মুখ চোখে পড়বেই। শ্রীযুক্ত দেশানুরাগ যদি পারেন তো আমাকে ক্ষমা করবেন। নবনীর মতো সুকোমল শুভ্র রঙের উপরে একখানি পাতলা টুকটুকে ঠোট, সুগঠিত নাসিকা এবং দীর্ঘপল্লববিশিষ্ট নির্মল নীলনেত্র— দেখে প্রবাসদুঃখ দূর হয়ে যায়। শুভানুধ্যায়ীরা শঙ্কিত এবং চিন্তিত হবেন, প্রিয় বয়স্যোরা পরিহাস করবেন কিন্তু এ কথা আমাকে স্বীকার করতেই হবে সুন্দর মুখ আমার সুন্দর লাগে। সুন্দর হওয়া এবং মিষ্ট করে হাসা মানুষের যেন একটি পরমাশ্চর্য ক্ষমতা। কিন্তু দুঃখের বিষয় আমার ভাগ্যক্রমে ঐ হাসিটা এ দেশে কিছু বাহুল্য পরিমাণে পেয়ে থাকি। অনেক সময়ে রাজপথে কোনো নীলনয়না পান্থরমণীর সম্মুখবর্তী হবামাত্র সে আমার মুখের দিকে চেয়ে আর হাসি সংবরণ করতে পারে না। তখন তাকে ডেকে বলে দিতে ইচ্ছা করে, “সুন্দরী, আমি হাসি ভালোবাসি বটে, কিন্তু এতটা নয়। তা ছাড়া বিশ্বাধরসংলগ্ন হাসি যতই সুমিষ্ট হোক-না কেন, তারও একটা যুক্তিসংগত কারণ থাকা চাই; কারণ, মানুষ কেবলমাত্র যে সুন্দর তা নয়, মানুষ বুদ্ধিমান জীব। হে নীলাজনয়নে, আমি তো ইংরেজের মতো অসভ্য খাটো কুর্তি এবং

অসংগত লম্বা ধুচুনি টুপি পরি নে, তবে হাস কী দেখে ? আমি সুশ্রী কি কুশ্রী সে-বিষয়ে কোনো প্রসঙ্গ উত্থাপন করা রুচিবিরুদ্ধ কিন্তু এটা আমি জোর করে বলতে পারি বিদূষের তুলি দিয়ে বিধাতাপুরুষ আমার মুখমণ্ডল অঙ্কিত করেন নি। তবে যদি রঙটা কালো এবং চুলগুলো কিছু লম্বা দেখে হাসি পায়, তা হলে এই পর্যন্ত বলতে পারি, প্রকৃতিভেদে হাস্যরস সম্বন্ধে অদ্ভুত রুচিভেদ লক্ষিত হয়। তোমরা যাকে 'হিউমার' বল, আমার মতে কালো রঙের সঙ্গে তার কোনো কার্যকারণ-সম্বন্ধ নেই। দেখছি বটে, তোমাদের দেশে মুখে কালি মেখে কাফ্রি সেজে নৃত্যগীত করা একটা কৌতুকের মধ্যে গণ্য হয়ে থাকে। কিন্তু, কনককেশিনি, সেটা আমার কাছে নিতান্ত হৃদয়হীন বর্বরতা বলে বোধ হয়।"

২২ সেপ্টেম্বর। আজ সন্ধ্যার সময়গোটাকতক বাংলা গান গাওয়া গেল। তার মধ্যে গুটি দুই-তিন এখানকার শ্রোত্রীগণ বিশেষ পছন্দ করেছেন। আশা করি, সেটা কেবলমাত্র মৌখিক ভদ্রতা নয়। তবে চাগক্য বলেছেন— ইত্যাদি।

২৩ সেপ্টেম্বর। আজকাল সমস্ত দিনই প্রায় জিনিসপত্র কিনে দোকানে দোকানে ঘুরে কেটে যাচ্ছে। বাড়ি ফিরে এলেই আমার বন্ধু বলেন, এসো বিশ্রাম করি গে। তার পরে খুব সমারোহে বিশ্রাম করতে যাই। শয়নগৃহে প্রবেশ করে বাস্কাটি অনতিবিলম্বে শয্যাতে আশ্রয় করেন, আমি পার্শ্ববর্তী একটি সুগভীর কেদারার মধ্যে নিমগ্ন হয়ে বসি। তার পরে, কোনো বিদেশী কাব্যগ্রন্থ পাঠ করি, না-হয়, দুজনে মিলে জগতের যত-কিছু অতলস্পর্শ বিষয় আছে দেখতে দেখতে তার মধ্যে তলিয়ে অন্তর্ধান করি। আজকাল এইভাবে এতই অধিক বিশ্রাম করছি যে, কাজের অবকাশ তিলমাত্র থাকে না। ড্রয়িংরুমে ভদ্রলোকেরা গীতবাদ্য সদালাপ করেন, আমরা তার সময় পাই নে, আমরা বিশ্রামে নিযুক্ত। শরীররক্ষার জন্যে সকলে কিয়ৎকাল মুক্ত বায়ুতে ভ্রমণাদি করে থাকেন, সে হতেও আমরা বঞ্চিত, আমরা এত অধিক বিশ্রাম করে থাকি। রাত দুটো বাজল, আলো নিবিয়ে দিয়ে সকলেই আরামে নিদ্রা দিচ্ছে, কেবল আমাদের দুই হতভাগ্যের ঘুমোবার অবসর নেই, আমরা তখনো অত্যন্ত দুঃস্থ বিশ্রামে ব্যস্ত।

২৫ সেপ্টেম্বর। আজ এখানকার একটি ছোটোখাটো এক্সিবিশন দেখতে গিয়েছিলুম। শুনলুম এটা প্যারিস এক্সিবিশনের অত্যন্ত সুলভ এবং সংক্ষিপ্ত দ্বিতীয় সংস্করণ। সেখানে চিত্রশালায় প্রবেশ করে কারোলু ডুরাঁ -নামক একজন বিখ্যাত ফরাসী চিত্রকর-রচিত একটি বসনহীনা মানবীর ছবি দেখলুম। আমরা প্রকৃতির সকল শোভাই দেখি, কিন্তু মর্তের এই চরম সৌন্দর্যের উপর, জীব-অভিব্যক্তির এই সর্বশেষ কীর্তিখানির উপর, মানুষ স্বহস্তে একটি চির-অন্তরাল টেনে রেখে দিয়েছে। এই দেহখানির স্নিগ্ধ শুভ্র কোমলতা এবং প্রত্যেক সূচাম সুনিপুণ ভঙ্গিমার উপরে অসীম সুন্দরের সযত্ন অঙ্গুলির সদ্যস্পর্শ দেখা যায় যেন। এ কেবলমাত্র দেহের সৌন্দর্য নয়, যদিও দেহের সৌন্দর্য যে বড়ো সামান্য এবং সাধুজনের উপেক্ষণীয় তা বলতে পারি নে— কিন্তু এতে আরো অনেকখানি গভীরতা আছে। একটি প্রীতিরমুণীয় সুকোমল নারী-প্রকৃতি, একটি অমরসুন্দর মানবাত্মা এর মধ্যে বাস করে, তারই দিব্য লাভণ্য এর সর্বত্র উদ্ভাসিত। দূর থেকে চকিতের মতো সেই অনির্বচনীয় চির-রহস্যকে দেহের স্ফটিক-বাতায়নে একটুখানি যেন দেখা গেল।

২৭ সেপ্টেম্বর। আজ লাইসীয়ম নাট্যশালায় গিয়েছিলুম। স্কট-রচিত 'ব্রাইড অফ লামারমূর' উপন্যাস নাট্যকারে অভিনীত হয়েছিল। বিখ্যাত অভিনেতা আর্ভিং নায়ক সেজেছিলেন। তাঁর উচ্চারণ অস্পষ্ট এবং অঙ্গভঙ্গি অদ্ভুত। তৎসঙ্গেও তিনি কী এক নাট্যকৌশলে ক্রমশ দর্শকদের হৃদয়ে সম্পূর্ণ আধিপত্য স্থাপন করতে পারেন।

আমাদের সম্মুখবর্তী একটি বাঞ্ছা দুটি মেয়ে বসে ছিল। তার মধ্যে একটি মেয়ের মুখ রঙ্গভূমির সমস্ত দর্শকের চিত্ত এবং দূরবীন আকৃষ্ট করেছিল। নিখুঁত সুন্দর ছোটো মুখখানি, অল্প বয়স, দীর্ঘ বেণী পিঠে ঝুলছে, বেশভূষার আড়ম্বর নেই। অভিনয়ের সময় যখন সমস্ত আলো নিবিয়ে দিয়ে কেবল স্টেজের আলো জ্বলছিল এবং সেই আলো স্টেজের অনতিদূরবর্তী তার আধখানি মুখের উপর এসে পড়েছিল— তখন তার আলোকিত সুকুমার মুখের রেখা এবং সুভঙ্গিম গ্রীবা অঙ্ককারের উপর

চমৎকার চিত্র রচনা করেছিল। হিতৈষীরা আমাকে পুনশ্চ মার্জনা করবেন— অভিনয়কালে সে দিকে আমার দৃষ্টি বন্ধ হয়েছিল। কিন্তু দূরবীন কষাটা আমার আসে না। নির্লজ্জ স্পর্ধার সহিত পরস্পরের প্রতি অসংকোচে দূরবীন প্রয়োগ করা নিতান্ত রূঢ় মনে হয়।

২ অক্টোবর। একটি গুজরাটির সঙ্গে দেখা হল। ইনি ভারতবর্ষ থেকে সমস্ত পথ জাহাজের ডেকে চড়ে এসেছেন। তখন শীতের সময়। মাছ-মাংস খান না। সঙ্গে চিড়ে শুষ্কফল প্রভৃতি কিছু ছিল এবং জাহাজ থেকে শাকসবজি কিছু সংগ্রহ করতেন। ইংরেজি অতি সামান্য জানেন। গায়ে শীতবস্ত্র অধিক নেই। লন্ডনে স্থানে স্থানে উদ্ভিজ্জ ভোজনের ভোজনশালা আছে, সেখানে ছয় পেনিতে তাঁর আহার সমাধা হয়। যেখানে যা-কিছু দ্রষ্টব্য জ্ঞাতব্য বিষয় আছে সমস্ত অনুসন্ধান করে বেড়ান। বড়ো বড়ো লোকের সঙ্গে অসংকোচে সাক্ষাৎ করেন। কী রকম করে কথাবার্তা চলে বলা শক্ত। মধ্যে মধ্যে কার্ডিনাল ম্যানিঙের সঙ্গে ধর্মালোচনা করে আসেন। ইতিমধ্যে এক্সিবিশনের সময় প্যারিসে দুই মাস যাপন করে এসেছেন এবং অবসরমত আমেরিকায় যাবার সংকল্প করছেন। ভারতবর্ষে ঐকে আমি জানতুম। ইনি বাংলা শিক্ষা করে অনেক ভালো বাংলা বই গুজরাটিতে তরজমা করেছেন। ঐর স্ত্রী-পুত্র পরিবার কিছুই নেই। ভ্রমণ করা, শিক্ষা করা, এবং স্বদেশীয় সাহিত্যের উন্নতি সাধন করা ঐর একমাত্র কাজ। লোকটি অতি নিরীহ শীর্ণ, খর্ব, পৃথিবীতে অতি অল্প পরিমাণ স্থান অধিকার করেন। ঐকে দেখে আমার আশ্চর্য বোধ হয়।

৬ অক্টোবর। এখনো আমাদের প্রবাসের সময় উত্তীর্ণ হয় নি, কিন্তু আমি আর এখানে পেরে উঠছি নে। বলতে লজ্জা বোধ হয়, আমার এখানে ভালো লাগছে না। সেটা গর্বের বিষয় নয়, লজ্জার বিষয়— সেটা আমার স্বভাবের ক্রটি।

যখন কৈফিয়ত সন্ধান করি তখন মনে হয় যে, যুরোপের যে ভাবটা আমাদের মনে জাজ্বল্যমান হয়ে উঠেছে, সেটা সেখানকার সাহিত্য ইতিহাস পড়ে। সেটা হচ্ছে আইডিয়াল যুরোপ। অন্তরের মধ্যে প্রবেশ করলে সেটা প্রত্যক্ষ করবার জো নেই। তিন-মাস, ছ-মাস কিংবা ছ-বৎসর এখানে থেকে আমরা যুরোপীয় সভ্যতার কেবল হাত-পা নাড়া দেখতে পাই মাত্র। বড়ো বড়ো বাড়ি, বড়ো বড়ো কারখানা, নানা আমোদের জায়গা; লোক চলছে ফিরছে, যাচ্ছে আসছে, খুব একটা সমারোহ। সে যতই বিচিত্র, যতই আশ্চর্য হোক-না কেন, তাতে দর্শককে শ্রান্তি দেয়; কেবলমাত্র বিস্ময়ের উত্তেজনা চিত্তকে পরিপূর্ণ করতে পারে না বরং তাতে মনকে সর্বদা বিক্ষিপ্ত করতে থাকে।

অবশেষে এই কথা মনে আসে— আচ্ছা ভালো রে বাপু, আমি মেনে নিচ্ছি তুমি মস্ত শহর, মস্ত দেশ, তোমার ক্ষমতা এবং ঐশ্বর্যের সীমা নেই। অধিক প্রমাণের আবশ্যিকতা নেই। এখন আমি বাড়ি যেতে পারলে ঝাঁচি। সেখানে আমি সকলকে চিনি, সকলকে বুঝি; সেখানে সমস্ত বাহ্যাবরণ ভেদ করে মনুষ্যত্বের আশ্বাদ সহজে পাই। সহজে উপভোগ করতে পারি, সহজে চিন্তা করতে পারি, সহজে ভালোবাসতে পারি। যেখানে আসল মানুষটি আছে সেখানে যদি অবাধে যেতে পারতুম, তা হলে বিদেশেও আপনার স্বজাতীয়কে দেখে এ স্থানকে আর প্রবাস বলে মনে হত না। কিন্তু এখানে এসে দেখি কেবল ইংরেজ, কেবল বিদেশী, তাদের চালচলন ধরনধারণ যা-কিছু নূতন সেইটেই কেবল ক্রমিক চক্ষে পড়ে, যা চিরকালে পুরাতন সেটা ঢাকা পড়ে থাকে; সেইজন্যে এদের সঙ্গে কেবল পরিচয় হতে থাকে কিন্তু প্রণয় হয় না।

এইখানে কথামালার একটা গল্প মনে পড়ছে।

একটা চতুর শৃগাল একদিন এক সুবিজ্ঞ বককে আহারে নিমন্ত্রণ করেছিল। বক সভায় গিয়ে দেখে বড়ো বড়ো থালা সুমিষ্ট লেহ্য পদার্থে পরিপূর্ণ। প্রথম শিষ্ট-সন্তোষের পর শৃগাল বললে, “ভাই, এসো আরম্ভ করে দেওয়া যাক।” বলেই তৎক্ষণাৎ অবলীলাক্রমে লেহন করতে প্রবৃত্ত হল। বক তার দীর্ঘ চঞ্চু নিয়ে থালার মধ্যে যতই ঠোকর মারে মুখে কিছুই তুলতে পারে না। অবশেষে চেষ্টায় নিবৃত্ত হয়ে স্বাভাবিক অটল গাভীর সেরোবরকুলের ধ্যানে নিমগ্ন হল। শৃগাল বোধ করি মাঝে মাঝে কটাক্ষপাত করে বলছিল, “ভাই, খাচ্ছ না যে। এ কেবল তোমাকে মিথ্যা কষ্ট দেওয়াই হল। তোমার যোগ্য

আয়োজন হয় নি।” বক বোধ করি মাথা নেড়ে উত্তর দিয়েছিল, “আহা, সে কী কথা। রন্ধন অতি পরিপাটি হয়েছে। কিন্তু শরীরগতিকে আজ আমার ক্ষুধা বোধ হচ্ছে না।” পরদিন বকের নিমন্ত্রণে শৃগাল গিয়ে দেখেন, লম্বা ভাঁড়ের মধ্যে বিবিধ উপাদেয় সামগ্রী সাজানো রয়েছে। দেখে লোভ হয় কিন্তু তার মধ্যে শৃগালের মুখ প্রবেশ করে না। বক অনতিবিলম্বে লম্বচঞ্চু চালনা করে ভোজনে প্রবৃত্ত হল। শৃগাল বাহিরের থেকে পাত্রেলেহন এবং দুটো-একটা উৎক্ষিপ্ত খাদ্যখণ্ডের স্বাদগ্রহণ করে নিতান্ত ক্ষুধাতুরভাবে বাড়ি ফিরে গেল।

জাতীয় ভোজে বিদেশীর অবস্থা সেইরকম। খাদ্যটা উভয়ের পক্ষে সমান উপাদেয় কিন্তু পাত্রটা তফাত। ইংরেজ যদি শৃগাল হয় তবে তার সুবিস্তৃত শুভ্র রজতথালের উপর উদ্ঘাটিত পায়সান কেবল চক্ষে দর্শন করেই আমাদের ক্ষুধিতভাবে চলে আসতে হয়, আর আমরা যদি তপস্বী বক হই, তবে আমাদের সুগভীর পাথরের পাত্রটার মধ্যে কী আছে শৃগাল তা ভালো করে চক্ষেও দেখতে পায় না— দূর থেকে ঈষৎ ঘ্রাণ নিয়েই তাকে ফিরতে হয়।

প্রত্যেক জাতির অতীত ইতিহাস এবং বাহ্যিক আচার-ব্যবহারে তার নিজের পক্ষে সুবিধা, কিন্তু অন্য জাতির পক্ষে বাধা। এইজন্য ইংরেজসমাজ যদিও বাহ্যত সাধারণসমক্ষে উদ্ঘাটিত কিন্তু আমরা চক্ষুর অগ্রভাগটুকুতে তার দুই-চার ফোঁটার স্বাদ পাই মাত্র, ক্ষুধা নিবৃত্তি করতে পারি নে। সর্বজাতীয় ভোজ কেবল সাহিত্যক্ষেত্রেই সম্ভব। সেখানে যার লম্বা চঞ্চু সেও বঞ্চিত হয় না, যার লোলজিহ্বা সেও পরিতৃপ্ত হয়।

কারণটা সাধারণের হৃদয়গ্রাহী হোক বা না হোক এখানকার লোকের সঙ্গে হৌ-ডু-যু-ডু বলে, হাঁ করে রাস্তায় ঘাটে পর্যটন করে, থিয়েটার দেখে, দোকান ঘুরে কলকারখানার তথ্য নির্ণয় করে— এমন-কি, সুন্দর মুখ দেখে আমার শ্রান্তি বোধ হয়েছে।

অতএব স্থির করেছি এখন বাড়ি ফিরব।

৭ অক্টোবর। ‘টেমস’ জাহাজে একটা ক্যাবিন স্থির করে আসা গেল। পরশু জাহাজ ছাড়বে।

৯ অক্টোবর। জাহাজে ওঠা গেল। এবারে আমি একা। আমার সঙ্গীরা বিলেতে রয়ে গেলেন। আমার নির্দিষ্ট ক্যাবিনে গিয়ে দেখি সেখানে এক কক্ষে চারজনের থাকবার স্থান; এবং আর-একজনের জিনিসপত্র একটি কোণে রাশীকৃত হয়ে আছে। বাস্ক-তোরঙের উপর নামের সংলগ্নে লেখা আছে ‘বেঙ্গল সিভিল সার্ভিস’। বলা বাহুল্য, এই লিখন দেখে ভাবী সঙ্গসুখের কল্পনায় আমার মনে অপরিমেয় আনন্দের সঞ্চার হয় নি। ভাবলুম ভারতবর্ষের রোদে ঝলসা শুকনো খটখটে হাড়-পাকা অত্যন্ত ঝাঁজালো বুনো অ্যাংলো-ইন্ডিয়ানের সঙ্গে আমাকে এক জাহাজে পুরেছে। গালে হাত দিয়ে বসে ভাবছি এমন সময়ে একজন অল্পবয়স্ক সুশ্রী ইংরেজ যুবক ঘরের মধ্যে ঢুকে আমাকে সহাস্যমুখে শুভপ্রভাত অভিবাদন করলেন— মুহূর্তের মধ্যে আমার সমস্ত আশঙ্কা দূর হয়ে গেল। সবে পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ইনি ভারতবর্ষে যাত্রা করছেন। ঐর শরীরে ইংলন্ডবাসী ইংরেজের স্বাভাবিক সহৃদয় ভদ্রতার ভাব এখনো সম্পূর্ণ অক্ষুণ্ণ রয়েছে।

১০ অক্টোবর। সুন্দর প্রাতঃকাল। সমুদ্র স্থির। আকাশ পরিষ্কার। সূর্য উঠেছে। ভোরের বেলা কুয়াশার মধ্যে দিয়ে আমাদের ডান দিক থেকে অল্প অল্প তীরের চিহ্ন দেখা যাচ্ছে। অল্পে অল্পে কুয়াশার যবনিকা উঠে গিয়ে ওয়াইট দ্বীপের পার্বত্য তীর এবং ভেন্টনর শহর ক্রমে ক্রমে প্রকাশিত হয়ে পড়ল।

এ জাহাজে বড়ো ভিড়। নিরিবিলি কোণে চৌকি টেনে যে একটু লিখব তার জো নেই, সুতরাং সম্মুখে যা-কিছু চোখে পড়ে তাই চেয়ে চেয়ে দেখি।

ইংরেজ মেয়ের চোখ নিয়ে আমাদের দেশের লোক প্রায়ই ঠাট্টা করে, বিড়ালের চোখের সঙ্গে তার তুলনা করে থাকে। কিন্তু এমন সর্বদাই দেখা যায়, তারাই যখন আবার বিলেতে আসে তখন স্বদেশের হরিণনয়নের কথাটা আর বড়ো মনে করে না। যতক্ষণ দূরে আছি কোনো বালাই নেই, কিন্তু লক্ষপথে প্রবেশ করলেই ইংরেজ সুন্দরীর দৃষ্টি আমাদের অভ্যাসের আবরণ বিদ্ধ করে অন্তরের মধ্যে প্রবেশ

করে। ইংরেজ সুনয়নার চোখ মেঘমুক্ত নীলাকাশের মতো পরিষ্কার, হীরকের মতো উজ্জ্বল এবং ঘন পল্লবে আচ্ছন্ন, তাতে আবেশের ছায়া নেই। এমন ভারত সন্তান আমার জানা আছে যে নীলনেত্রের কাছেও অভিভূত এবং হরিণনয়নকেও কিছুতেই উপেক্ষা করতে পারে না। কৃষ্ণ কেশপাশও সে মূঢ়ের পক্ষে বন্ধন এবং কনককুন্তলও সামান্য দৃঢ় নয়।

সংগীত সম্বন্ধেও দেখা যায়, পূর্বে যে ইংরেজি সংগীতকে পরিহাস করে আনন্দলাভ করা গেছে, এখন তার প্রতি মনোযোগ করে ততোধিক বেশি আনন্দলাভ করা যায়। এখন অভ্যাসক্রমে যুরোপীয় সংগীতের এতটুকু আশ্বাদ পাওয়া গেছে যার থেকে নিদেন এইটুকু বোঝা গেছে যে যদি চর্চা করা যায় তা হলে যুরোপীয় সংগীতের মধ্যে থেকে পরিপূর্ণ রস পাওয়া যেতে পারে। আমাদের দেশী-সংগীত যে আমার ভালো লাগে সে কথার বিশেষ উল্লেখ করা বাহুল্য। অথচ দুয়ের মধ্যে যে সম্পূর্ণ জাতিভেদ আছে তার আর সন্দেহ নেই।

১৩ অক্টোবর। একটি রমণী গল্প করছিলেন, তিনি পূর্বকার কোন্ এক সমুদ্রযাত্রায় কাপ্তেন অথবা কোনো কোনো পুরুষযাত্রীর প্রতি কঠিন পরিহাস ও উৎপীড়ন করতেন— তার মধ্যে একটা হচ্ছে চৌকিতে পিন ফুটিয়ে রাখা। শুনে আমার তেমন মজাও মনে হল না এবং সেই-সকল বিশেষ অনুগৃহীত পুরুষদের স্থলাভিষিক্ত হতেও একান্ত বাসনার উদ্রেক হল না। দেখা যাচ্ছে, এখানে পুরুষদের প্রতি মেয়েরা অনেকটা দূর পর্যন্ত রূঢ়াচরণ করতে পারেন। যেমন বালকের কাছ থেকে উপদ্রব অনেক সময় আমোদজনক লীলার মতো মনে হয় স্ত্রীলোকদের অত্যাচারের প্রতিও পুরুষেরা সেইরকম স্নেহময় উপেক্ষা প্রদর্শন করে এবং অনেক সময় সেটা ভালোবাসে। পুরুষদের মুখের উপর রূঢ় সমালোচনা শুনিতে দেওয়া স্ত্রীলোকদের একটা অধিকারের মধ্যে। সেই লঘুগতি তীব্রতার দ্বারা তাঁরা পুরুষের শ্রেষ্ঠতাভিমান বিদ্ধ করে গৌরব অনুভব করেন। সামাজিক প্রথা এবং অনিবার্য কারণবশত নানা বিষয়ে তাঁরা পুরুষের অধীন বলেই লৌকিকতা এবং শিষ্টাচার সম্বন্ধে অনেক সময়ে তাঁরা পুরুষদের লঙ্ঘন করে আনন্দ পান। কার্যক্ষেত্রে যেখানে প্রতিযোগিতা নেই সেখানে দুর্বল কিঞ্চিৎ দুরন্ত এবং সবল সম্পূর্ণ সহিষ্ণু এটা দেখতে মন্দ হয় না। বলাভিম্বানী পুরুষের পক্ষে এ একটা শিক্ষা। অবলার দুর্বলতা পুরুষের ইচ্ছাতেই বল প্রাপ্ত হয়েছে, এইজন্য যে-পুরুষের পৌরুষ আছে স্ত্রীলোকের উপদ্রব সে বিনা বিদ্রোহে আনন্দের সহিত সহ্য করে, এবং সহিষ্ণুতায় তার পৌরুষেরই চর্চা হতে থাকে। যে দেশের পুরুষেরা কাপুরুষ তারাই নির্লজ্জভাবে পুরুষ-পূজাকে, পুরুষের প্রাণপণ সেবাকেই, স্ত্রীলোকের সর্বোচ্চ ধর্ম বলে প্রচার করে; সেই দেশেই দেখা যায় স্বামী রিক্তহস্তে আগে আগে যাচ্ছে আর স্ত্রী তার বোঝাটি বহন করে পিছনে চলেছে, স্বামীর দল ফার্স্টক্লাসে চড়ে যাত্রা করছে আর কতকগুলি জড়োসড়ো ঘোমটাচ্ছন্ন স্ত্রীগণকে নিম্নশ্রেণীতে পুরে দেওয়া হয়েছে, সেই দেশেই দেখা যায় আহারে বিহারে ব্যবহারে সকল বিষয়েই সুখ এবং আরাম কেবল পুরুষের, উচ্ছিষ্ট ও উদ্বৃত্ত কেবল স্ত্রীলোকের, তাই নিয়ে বেহায়া কাপুরুষেরা অসংকোচে গৌরব করে থাকে এবং তার তিলমাত্র ব্যত্যয় হলে সেটাকে তারা খুব একটা প্রহসনের বিষয় বলে জ্ঞান করে। স্বভাবদুর্বল সুকুমার স্ত্রীলোকদের সর্বপ্রকার আরামসাধন এবং কষ্টলাঘবের প্রতি সযত্ন মনোযোগ যে কঠিনকায় বলিষ্ঠ পুরুষদের একটি স্বভাবসিদ্ধ গুণ হওয়া উচিত এ তারা কল্পনা করতে পারে না— তারা কেবল এইটুকুমাত্র জানে শাসনভীতা স্নেহশালিনী রমণী তাদের চরণে তৈল লেপন করবে, তাদের বদনে অন্ন জুগিয়ে দেবে, তাদের তপ্ত কলেবরে পাখার ব্যজন করবে, তাদের আলস্যচর্চার আয়োজন করে দেবে, পঙ্কিল পথে পায়ে জুতো দেবে না, শীতের সময় গায়ে কাপড় দেবে না, রৌদ্রের সময় মাথায় ছাতা দেবে না, ক্ষুধার সময় কম করে খাবে, আমোদের সময় যবনিকার আড়ালে থাকবে এবং এই বৃহৎ মুক্ত প্রকৃতির মধ্যে যে আলোক আনন্দ সৌন্দর্য স্বাস্থ্য আছে তার থেকে বঞ্চিত হয়ে থাকবে। স্বার্থপরতা পৃথিবীর সর্বত্রই আছে কিন্তু নির্লজ্জ নিঃসংকোচ স্বার্থপরতা কেবল সেই দেশেই আছে যে দেশে পুরুষেরা ষোলো-আনা পুরুষ নয়।

মেয়েরা আপনার স্নেহপরায়ণ সহৃদয়তা থেকে পুরুষের সেবা করে থাকে এবং পুরুষেরা আপনার

উদার দুর্বলবৎসলতা থেকে স্ত্রীলোকের সেবা করে থাকে ; যে দেশে স্ত্রীলোকেরা সেই সেবা পায় না, কেবল সেবা করে, সে দেশে তারা অপমানিত এবং সে দেশও লক্ষ্মীছাড়া।

কিন্তু কথাটা হচ্ছিল স্ত্রীলোকের দৌরাভ্য সঙ্ক্ষে। গোলাপের যে-কারণে কাঁটা থাকা আবশ্যিক, যেখানে স্ত্রী পুরুষে বিচ্ছেদ নেই সেখানে স্ত্রীলোকেরও সেই কারণে প্রখরতা থাকা চাই, তীক্ষ্ণ কথায় মর্মচ্ছেদ করবার অভ্যাস অবলার পক্ষে অনেক সময়েই কাজে লাগে।

আমাদের গোলাপগুলিই কি একেবারে নিষ্কণ্টক ? কিন্তু সে-বিষয়ে সমধিক সমালোচনা করতে বিরত থাকা গেল।

১৪ অক্টোবর। জিব্রাল্টার পৌঁছনো গেল। মুম্বলধারায় বৃষ্টি হচ্ছে।

আজ ডিনার-টেবিলে একটা মোটা আঙুল এবং ফুলো গৌফওআলা প্রকাণ্ড জোয়ান গোরা তার সুন্দরী পার্শ্ববর্তিনীর সঙ্গে ভারতবর্ষীয় পাখাওআলার গল্প করছিল। সুন্দরী কিঞ্চিৎ নালিশের নাকিস্বরে বললেন— পাখাওআলারা রাতে পাখা টানতে টানতে ঘুমোয়। জোয়ান লোকটা বললে, তার একমাত্র প্রতিবিধান লাথি কিংবা লাঠি। পাখা-আন্দোলন সঙ্ক্ষে এইভাবে আন্দোলন চলতে লাগল। আমার বুক হঠাৎ যেন একটা তপ্ত শূল বিধল। এইভাবে যারা স্ত্রীপুরুষে কথোপকথন করে তারা যে অকাতরে এক সময় একটা দিশি দুর্বল মানব-বিড়ম্বনাকে ভবপারে লাথিয়ে ফেলে দেবে তার আর বিচিত্র কী ? আমিও তো সেই অপমানিত জাতের লোক, আমি কোন্ লজ্জায় কোন্ সুখে এদের সঙ্গে এক টেবিলে বসে খাই এবং একত্রে দন্তোন্মীলন করি। শরীরের সমস্ত রাগ কণ্ঠ পর্যন্ত এল কিন্তু একটা কথাও বহু চেষ্টাতে সে-জায়গায় এসে পৌঁছল না। বিশেষত ওদের ঐ ইংরেজি ভাষাটা বড়োই বিজাতীয়— মনটা একটু বিচলিত হয়ে গেলেই ও-ভাষাটা মনের মতো কায়দা করে উঠতে পারি নে। তখন মাথার চতুর্দিক হতে রাজ্যের বাংলা কথা চাক-নাড়া মৌমাছির মতো মুখদ্বারে ভিড় করে ছুটে আসে। ভাবলুম এত উতলা হয়ে উঠলে চলবে না, একটু ঠাণ্ডা হয়ে দুটো-চারটে ব্যাকরণশুদ্ধ ইংরেজি কথা মাথার মধ্যে গুছিয়ে নিই। ঝগড়া করতে গেলে নিদেন ভাষাটা ভালো হওয়া চাই।

তখন মনে মনে নিম্নলিখিত মতো ভাবটা ইংরেজিতে রচনা করতে লাগলুম :

কথাটা ঠিক বটে মশায়, পাখাওআলা মাঝে মাঝে রাতে ঢুললে অত্যন্ত অসুবিধা হয়। দেহধারণ করলেই এমন কতকগুলো সহ্য করতে হয় এবং সেইজন্যই খৃস্টীয় সহিষ্ণুতার প্রয়োজন ঘটে। এবং এইরূপ সময়েই ভদ্রাভদ্রের পরিচয় পাওয়া যায়।

যে লোক তোমার আঘাতের প্রতিশোধ নিতে একেবারেই অক্ষম, খপ করে তার উপরে লাথি তোলা চূড়ান্ত কাপুরুষতা ; অভদ্রতার চেয়ে বেশি।

আমরা জাতটা যে তোমাদের চেয়ে দুর্বল সেটা একটা প্রাকৃতিক সত্য— সে আমাদের অস্বীকার করবার জো নেই। তোমাদের গায়ের জোর বড়ো বেশি— তোমরা ভারি পালোয়ান।

কিন্তু সেইটাই কি এত গর্বের বিষয় যে, মনুষ্যত্বকে তার নীচে আসন দেওয়া হবে ?

তোমরা বলবে— কেন, আমাদের আর কি কোনো শ্রেষ্ঠতা নেই ?

থাকতেও পারে। তবে, যখন একজন অস্থিজর্জর অর্ধ-উপবাসী দরিদ্রের রিক্ত উদরের উপর লাথি বসিয়ে দাও এবং তৎসঙ্ক্ষে রমণীদের সঙ্গে কৌতুকলাপ কর এবং সুকুমারীগণও তাতে বিশেষ বেদনা অনুভব করেন না, তখন কিছুতেই তোমাদের শ্রেষ্ঠ বলে ঠাহর করা যায় না।

বেচারার অপরাধ কী দেখা যাক। ভোরের বেলা অর্ধাশনে বেরিয়েছে, সমস্ত দিন খেটেছে। হতভাগা আর দুটো পয়সা বেশি উপার্জন করবার আশায় রাত্রের বিশ্রামটা তোমাকে দু-চার আনায় বিক্রি করেছে। নিতান্ত গরিব বলেই তার এই ব্যবসায়, বড়োসাহেবকে ঠকাবার জন্যে সে ষড়্‌যন্ত্র করে নি।

এই ব্যক্তি রাতে পাখা টানতে টানতে মাঝে মাঝে ঘুমিয়ে পড়ে— এ দোষটা তার আছে বলতেই হবে।

কিন্তু আমার বোধ হয় এটা মানবজাতির একটু আদিম পাপের ফল। যন্ত্রের মতো বসে বসে পাখা

টানতে গেলেই আদমের সম্ভানের চোখে ঘুম আসবেই । সাহেব নিজে একবার পরীক্ষা করে দেখতে পারেন ।

এক ভৃত্যের দ্বারা কাজ না পেলে দ্বিতীয় ভৃত্য রাখা যেতে পারে, কিন্তু যে কাপুরুষ তাকে লাথি মারে সে নিজেকে অপমান করে, কারণ তখনই তার একটি প্রতিলাথি প্রাপ্য হয়— সেটা প্রয়োগ করবার লোক কেউ হাতের কাছে উপস্থিত নেই, এইটুকুমাত্র প্রভেদ ।

তোমরা অবসর পেলেই আমাদের বলে থাক যে, তোমাদের মধ্যে যখন বাল্যবিবাহ প্রভৃতি সামাজিক কুপ্রথা প্রচলিত তখন তোমরা রাজ্যতন্ত্রের মধ্যে কোনো স্বাধীন অধিকার প্রাপ্তির যোগ্য নও ।

কিন্তু তার চেয়ে এ কথা সত্য যে, যে-জাত নিরাপদ দেখে দুর্বলের কাছে ‘তেরিয়া’— অর্থাৎ তোমরা যাকে বলা ‘বুলি’— যার কোনো বাংলা প্রতিশব্দ নেই— অপ্রিয় অশিষ্ট ব্যবহার যাদের স্বভাবত আসে, কেবল স্বার্থের স্থলে যারা নশ্রভাব ধারণ করে, তারা কোনো বিদেশী রাজ্যশাসনের যোগ্য নয় ।

অবশ্য যোগ্যতা দূরকমের আছে— ধর্মত এবং কার্যত । এমন কতকগুলি স্থল আছে যেখানে শুদ্ধমাত্র কৃতকারিতাই যোগ্যতার প্রমাণ নয় । গায়ের জোর থাকলে অনেক কাজই বলপূর্বক চালিয়ে দেওয়া যায় কিন্তু বিশেষ বিশেষ কাজে বিশেষ বিশেষ উপযোগী নৈতিক গুণের দ্বারাই সে কার্যবহনের প্রকৃত অধিকার পাওয়া যায় ।

কিন্তু ধর্মের শাসন সদ্য সদ্য দেখা যায় না বলে যে ধর্মের রাজ্য অরাজক তা বলা যায় না । এই ক্ষুদ্র ক্ষুদ্র নিষ্ঠুরতা এবং প্রতিদিনের ঔদ্ধত্য প্রতিদিন সঞ্চিত হচ্ছে, এক সময় এরা তোমাদেরই মাথায় ভেঙে পড়বে ।

যদি বা আমরা সকল অপমানই নীরবে অথবা কথঞ্চিৎ-কলরব-সহকারে সহ্য করে যাই, প্রতিকারের কোনো ক্ষমতাই যদি আমাদের না থাকে, তবু তোমাদের মঙ্গল হবে না ।

কারণ, অপ্রতিহত ক্ষমতার দস্ত জাতীয় চরিত্রের মূল আক্রমণ করে । যে স্বাধীনতাপ্রিয়তার ভিত্তির উপর তোমাদের জাতীয় গৌরব প্রতিষ্ঠিত, তলে তলে সেই স্বাধীনতাপ্রিয়তার বিশুদ্ধতা নষ্ট করে । সেইজন্য ইংলন্ডবাসী ইংরেজের কাছে শোনা যায় ভারতবর্ষীয় ইংরেজ একটা জাতই স্বতন্ত্র । কেবলমাত্র বিকৃত যকৎই তার একমাত্র কারণ নয়, যকৃতির চেয়ে মানুষের আরো উচ্চতর অন্তরিন্দ্রিয় আছে, সেটাও নষ্ট হয়ে যায় ।

কিন্তু আমার এই বিভীষিকায় কেউ ডরাবে না । যার দ্বারে অর্গল নেই সেই অগত্যা চোরকে সাধুভাবে ধর্মোপদেশ দিতে বসে ; যেন চোরের পরকালের হিতের জন্যই তার রাতে ঘুম হয় না ।

লাথির পরিবর্তে উপদেশ দেওয়া এবং ধর্মভয় দেখানো যদিচ দেখতে অতি মনোহর বটে কিন্তু লাথির পরিবর্তে লাথি দিলেই ফলটা অতি শীঘ্র পাওয়া যায় । এই পুরাতন সত্যটি আমাদের জানা আছে, কিন্তু বিধাতা আমাদের সমস্ত শরীরমনের মধ্যে কেবল রসনার অগ্রভাগটুকুতে বলসঞ্চার করেছেন । সুতরাং হে জোয়ান, কিঞ্চিৎ নীতিকথা শোনো ।

শোনা যায় ভারতবর্ষীয়ের পিলে যন্ত্রটাই কিছু খারাপ হয়ে আছে, এইজন্য তারা পেটের উপরে ইংরেজ প্রভুর নিতান্ত ‘পেটার্নাল ট্রিটমেন্ট’-টুকুরও ভর সইতে পারে না । কিন্তু ইংরেজের পিলে কী রকম অবস্থায় আছে এ পর্যন্ত কার্যত তার কোনো পরীক্ষাই হয় নি ।

কিন্তু সে নিয়ে কথা হচ্ছে না ; পিলে ফেটে যে আমাদের অপঘাতমৃত্যু হয় সেটা আমাদের ললাটের লিখন । কিন্তু তার পরেই সমস্ত ব্যাপারটা তোমরা যে-রকম তুড়ি দিয়ে উড়িয়ে দিতে চাও, তাতেই আমাদের সমস্ত জাতিকে অপমান করা হয় । তাতেই একরকম করে বলা হয় যে, আমাদের তোমরা মানুষ জ্ঞান কর না । আমাদের দুটো-চারটে মানুষ যে খামকা তোমাদের চরণতলে বিলুপ্ত হয়ে যায় সে আমাদের পিলের দোষ । ‘পিলে যদি ঠিক থাকত তা হলে লাথিও খেতে, বেঁচেও থাকতে এবং পুনশ্চ দ্বিতীয়বার খাবার অবসর পেতে ।’

যা হোক ভদ্রনাম ধারণ করে অসহায়কে অপমান করতে যার সংকোচ বোধ হয় না, তাকে এত কথা বলাই বাহুল্য ; বিশেষত যে ব্যক্তি অপমান সহ্য করে দুর্বল হলেও তাকে যখন অন্তরের সঙ্গে ঘৃণা না করে থাকা যায় না।

কিন্তু একটা কথা আমি ভালো বুঝতে পারি নে। ইংলন্ডে তো তোমাদের এত বিশ্বহিতৈষিণী মেয়ে আছেন, তাঁরা সভাসমিতি করে নিতান্ত অসম্পর্কীয় কিংবা দূরসম্পর্কীয় মানবজাতির প্রতিও দূর থেকে দয়া প্রকাশ করেন। এই হতভাগ্য দেশে সেই ইংরেজের ঘর থেকে কি যথেষ্ট পরিমাণে মেয়ে আসেন না যারা উক্ত বাহুল্য করুণরসের কিয়দংশ উপস্থিত ক্ষেত্রে ব্যয় করে মনোভার কিঞ্চিৎ লাঘব করে যেতে পারেন। বরঞ্চ পুরুষমানুষে দয়ার দৃষ্টান্ত দেখেছি। কিন্তু তোমাদের মেয়েরা এখানে কেবল নাচগান করেন, সুযোগমতে বিবাহ করেন এবং কথোপকথনকালে সুচারু নাসিকার সুকুমার অগ্রভাগটুকু কুঞ্চিত করে আমাদের স্বজাতীয়ের প্রতি অবজ্ঞা প্রকাশ করেন। জানি না, কী অভিপ্রায়ে বিধাতা আমাদের ভারতবাসীকে তোমাদের ললনাদের স্নায়ুতন্ত্রের ঠিক উপযোগী করে সৃজন করেন নি।

যাই হোক, স্বগত উক্তি যত ভালোই হোক স্টেজ ছাড়া আর কোথাও শ্রোতাদের কর্ণগোচর হয় না। তা ছাড়া যে কথাগুলো আক্ষেপবশত মনের মধ্যে উদয় হয়েছিল সেগুলো যে এই গৌফওআলা পালোয়ানের বিশেষ কিছু হৃদয়ংগম হত এমন আমার বোধ হয় না। এ দিকে, বুদ্ধি যখন বেড়ে উঠল চোর তখন পালিয়েছে— তারা পূর্বপ্রসঙ্গ ছেড়ে অন্য কথায় গিয়ে পড়েছে। মনের খেদে কেবল নিজেকেই ধিক্কার দিতে লাগলুম।

১৫ অক্টোবর। জাহাজে আমার একটি ইংরেজ বন্ধু জুটেছে। লোকটাকে লাগছে ভালো। অল্প বয়স, মন খুলে কথা কয়, কারো সঙ্গে বড়ো মেশে না, আমার সঙ্গে খুব চট করে বনে গেছে। আমার বিবেচনায় শেষটাই সব চেয়ে মহৎ গুণ।

এ জাহাজে তিনটি অস্ট্রেলিয়ান কুমারী আছেন— তাঁদের সঙ্গেও আমার আলাপ হয়েছে। বেশ সহজ সরল রকমের লোক, কোনোপ্রকার অতিরিক্ত ঝাঁজ নেই। আমার নববন্ধু তাঁদের প্রশংসাস্বরূপে বলে, “They are not at all smart।” বাস্তবিক, অনেক অল্পবয়সী ইংরেজ মেয়ে দেখা যায় তারা বড়োই smart— বড্ডো চোখমুখের খেলা, বড্ডো নাকে মুখে কথা, বড্ডো খরতর হাসি, বড্ডো চোখাচোখা জবাব— কারো কারো লাগে ভালো, কিন্তু শান্তিপ্রিয় সামান্য লোকের পক্ষে নিতান্ত শান্তিজনক।

১৬ অক্টোবর। আজ জাহাজে দুটি ছোটো ছোটো নাট্যাভিনয় হয়ে গেল। দলের মধ্যে একটি অভিনেত্রীকে যেমন সুন্দর দেখতে তিনি তেমনি সুন্দর অভিনয় করেছিলেন।

আজ অনেক রাতে নিরালায় একলা দাঁড়িয়ে জাহাজের কাটরা ধরে সমুদ্রের দিকে চেয়ে অন্যমনস্কভাবে গুন্‌গুন্ করে একটা দিশি রাগিণী ধরেছিলুম। তখন দেখতে পেলুম অনেকদিন ইংরেজি গান গেয়ে গেয়ে মনের ভিতরটা যেন অতৃপ্ত হয়ে ছিল। হঠাৎ এই বাংলা সুরটা পিপাসার জলের মতো বোধ হল। আমি দেখলুম সেই সুরটি সমুদ্রের উপর অক্ষকারের মধ্যে যেরকম প্রসারিত হল, এমন আর কোনো সুর কোথাও পাওয়া যায় বলে আমার মনে হয় না। আমার কাছে ইংরেজি গানের সঙ্গে আমাদের গানের এই প্রধান প্রভেদ ঠেকে যে, ইংরেজি সংগীত মানবজগতের সংগীত আর আমাদের সংগীত প্রকাণ্ড নির্জন প্রকৃতির অনির্দিষ্ট অনির্বচনীয় বিষাদ-গভীর সংগীত। কানাড়া টোড়ি প্রভৃতি বড়ো বড়ো রাগিণীর মধ্যে যে গান্ধীর্ষ এবং কাতরতা আছে সে যেন কোনো ব্যক্তিবিশেষের নয়— সে যেন অকূল অসীমের প্রান্তবর্তী এই সঙ্গিহীন বিশ্বজগতের।

১৭ অক্টোবর। বিকালের দিকে জাহাজ মাল্টা দ্বীপে পৌঁছল। কঠিন দুর্গপ্রাকারে বেষ্টিত অট্টালিকাখচিত তরুণমহীন শহর এই শ্যামল পৃথিবীর একটা অংশ যেন ব্যাধি হয়ে কঠিন হয়ে গেছে। দূর থেকে দেখে নাবতে ইচ্ছে করে না। অবশেষে আমার নববন্ধুর অনুরোধে তাঁর সঙ্গে একত্রে নেবে পড়া গেল। সমুদ্রতীর থেকে সুরঙ্গপথের মধ্য দিয়ে দীর্ঘ ঘাটের মতো উঠেছে, তারই সোপান

বেয়ে শহরের মধ্যে উঠলুম। অনেকগুলি গাইড পাশা আমাদের ছেকে ধরলে। আমার বন্ধু বহুকষ্টে তাদের তাড়িয়ে দিলেন। কিন্তু একজন কিছুতেই আমাদের সঙ্গে ছাড়লে না। বন্ধু তাকে বারবার ঝোঁকে ঝোঁকে বললেন, “চাই নে তোমাকে, একটি পয়সাও দেব না।” তবু সে সঙ্ক্যা সাতটা পর্যন্ত আমাদের সঙ্গে লেগে ছিল। তার পরে যখন তাকে নিতান্তই তাড়িয়ে দিলে তখন সে স্তানমুখে চলে গেল। আমার তাকে কিছু দেবার ইচ্ছে ছিল কিন্তু সঙ্গে স্বর্ণমুদ্রা ছাড়া আর কিছুই ছিল না। বন্ধু বললেন, লোকটা গরিব সন্দেহ নেই কিন্তু কোনো ইংরেজ হলে এমন করত না। আসলে মানুষ পরিচিত দোষ গুরুতর হলেও মার্জনা করতে পারে কিন্তু সামান্য অপরিচিত দোষ সহ্য করতে পারে না।

মাল্টা শহরটা দেখে মনে হয় একটা অপরিণত বিকৃত যুরোপীয় শহর। পাথরে বাঁধানো সরু রাস্তা একবার উপরে উঠছে একবার নীচে নামছে। সমস্তই দুর্গন্ধ ঘেঁষাঘেঁষি অপরিষ্কার। রাত্রে হোটেলে গিয়ে খেলুম। অনেক দাম দেওয়া গেল, কিন্তু খাদ্যদ্রব্য কদর্য। আহা রাস্তা, শহরের মধ্যে একটি বাঁধানো চক আছে, সেইখানে ব্যান্ড বাদ্য শুনে রাত দশটার সময় জাহাজে ফিরে আসা গেল। ফেব্রুয়ার সময় নৌকোওআলা আমাদের কাছ থেকে ন্যায্য ভাড়ার চেয়ে কিছু বেশি আদায়ের চেষ্টায় ছিল। আমার বন্ধু এদের অসৎ ব্যবহারে বিষম রাগান্বিত। তাতে আমার মনে পড়ল এবারে লন্ডনে প্রথম যে-দিন আমরা দুই ভাই গাড়ি নিয়ে বেরিয়েছিলুম গাড়োয়ান পাঁচ শিলিং ভাড়ার জায়গায় আমাদের কাছে বারো শিলিং ঠকিয়ে নিয়েছিল। সে লোকটার তত দোষ ছিল না, দোষ আমাদেরই। আমাদের দুই ভাইয়ের মুখে বোধ করি এমন কিছু ছিল যা দেখলে সৎলোকেরও ঠকিয়ে নিতে হঠাৎ প্রলোভন হতে পারে। যা হোক মাল্টাবাসীর অসাধু স্বভাবের প্রতি আমার বন্ধুর অতিমাত্র ক্রোধ দেখে এ ঘটনাটা উল্লেখ করা আমার কর্তব্য মনে করলুম।

১৮ অক্টোবর। আজ ডিনার-টেবিলে ‘স্মাগ্লিং’ সম্বন্ধে কেউ কেউ নিজ নিজ কীর্তি রটনা করছিলেন। গবর্নেন্টকে মাশুল ফাঁকি দেবার জন্যে মিথ্যে প্রতারণা করাকে এরা তেমন নিন্দা বা লজ্জার বিষয় মনে করে না। অথচ মিথ্যা এবং প্রতারণাকে যে এরা দূষণীয় জ্ঞান করে না সে কথা বলাও অন্যায্য। মানুষ এমনি জীব! একজন ব্যারিস্টার তার মক্কেলের কাছ থেকে পুরা ফি নিয়ে যদি কাজ না করে এবং সেজন্যে যদি সে হতভাগ্যের সর্বনাশ হয়ে যায় তা হলেও কিছু লজ্জা বোধ করে না, কিন্তু ঐ মক্কেল যদি তার দেয় ফি’র দুটি পয়সা কম দেয় তা হলে কৌসুলির মনে যে ঘৃণামিশ্রিত আক্রোশের উদয় হয় তাকে তাঁরা ইংরেজি করে বলেন ‘রাইটিয়াস ইন্ডিগেশন’!

১৯ অক্টোবর। আজ সকালে জাহাজ যখন ব্রিন্দিসি পৌঁছল তখন ঘোর বৃষ্টি। এই বৃষ্টিতে এক দল গাইয়ে বাজিয়ে হার্প্ বেয়ালা ম্যান্ডোলিন নিয়ে ছাতা মাথায় জাহাজের সম্মুখে বন্দরের পথে দাঁড়িয়ে গানবাজনা জুড়ে দিলে।

বৃষ্টি থেমে গেলে বন্ধুর সঙ্গে ব্রিন্দিসিতে বেরোনো গেল। শহর ছাড়িয়ে একটা খোলা জায়গায় গিয়ে পৌঁছলুম। আকাশ মেঘাচ্ছন্ন, পাহাড়ে রাস্তা শুকিয়ে গেছে, কেবল দুই ধারের নালায় মাঝে মাঝে জল দাঁড়িয়ে আছে। রাস্তার ধারে গাছে চড়ে দুটো খালি-পা ইটালিয়ান ছোকরা ফিগ পেড়ে খাচ্ছিল; আমাদের ডেকে ইশারায় জিজ্ঞাসা করলে, তোমরা খাবে কি? আমরা বললুম, না। খানিক বাদে দেখি তারা ফলবিশিষ্ট একটা ছিন্ন অলিভ শাখা নিয়ে এসে উপস্থিত। জিজ্ঞাসা করলে, অলিভ খাবে? আমরা অসম্মত হলুম। তার পরে ইশারায় তামাক প্রার্থনা করে বন্ধুর কাছ থেকে কিঞ্চিৎ তামাক আদায় করলে। তামাক খেতে খেতে দুজনে বরাবর আমাদের সঙ্গে সঙ্গে চলল। আমরা পরস্পরের ভাষা জানি নে— আমাদের উভয় পক্ষে প্রবল অঙ্গভঙ্গিদ্বারা ভাবপ্রকাশ চলতে লাগল। জনশূন্য রাস্তা ক্রমশ উচু হয়ে শস্যক্ষেত্রের মধ্যে দিয়ে বরাবর চলে গিয়েছে। কেবল মাঝে মাঝে এক-একটা ছোটো বাড়ি, সেখানে জানলার কাছে ফিগ ফল শুকোতে দিয়েছে। এক-এক জায়গায় ছোটো ছোটো শাখাপথ বক্রধারায় এক পাশ দিয়ে নেমে নীচে কোথায় অদৃশ্য হয়ে গেছে।

ফেব্রুয়ার মুখে একটা গোরস্থানে ঢোকা গেল। এখানকার গোর নূতন রকমের। অধিকাংশ গোরের উপরে এক-একটি ছোটো ঘর গাঁথিয়েছে। সেই ঘর পর্দা দিয়ে, ছবি দিয়ে, রঙিন জিনিস দিয়ে, নানা

রকমে সাজানো, যেন মৃত্যুর একটা খেলাঘর— এর মধ্যে কেমন একটা ছেলেমানুষি আছে, মৃত্যুটাকে যেন যথেষ্ট খাতির করা হচ্ছে না।

গোরস্থানের এক জায়গায় সিঁড়ি দিয়ে একটা মাটির নীচেকার ঘরে নাবা গেল। সেখানে সহস্র সহস্র মড়ার মাথা অতি সুশৃঙ্খলভাবে স্তূপাকারে সাজানো। আমাদের সঙ্গে সঙ্গেই নিশিদিন যে একটা কঙ্কাল চলে বেড়াচ্ছে ঐ মুণ্ডগুলো দেখে তার আকৃতিটা মনে উদয় হল। জীবন এবং সৌন্দর্য এই অসীম জীবলোকের উপর একটা চিত্রিত পর্দা ফেলে রেখেছে— কোনো নিষ্ঠুর দেবতা যদি হঠাৎ একদিন সেই লাভগ্যময় চর্মযবনিকা সমস্ত নরসংসার থেকে উঠিয়ে ফেলে, তা হলে অকস্মাৎ দেখতে পাওয়া যায় আরক্ত অধরপল্লবের অন্তরালে গোপনে বসে বসে শুষ্ক শ্বেত দস্তপঙ্ক্তি সমস্ত পৃথিবী জুড়ে বিদ্রূপের হাসি হাসছে। পুরোনো বিষয়! পুরোনো কথা! ঐ নরকপাল অবলম্বন করে নীতিজ্ঞ পণ্ডিতেরা অনেক বিভীষিকা প্রচার করেছেন, কিন্তু অনেকক্ষণ চেয়ে চেয়ে দেখে আমার কিছুই ভয় হল না। শুধু এই মনে হল, সীতাকুণ্ডের বিদীর্ণ জলবিন্দু থেকে যেমন খানিকটা তপ্ত বাষ্প বেরিয়ে যায়, তেমনি পৃথিবীর কত যুগের কত দুশ্চিন্তা দুরাশা অনিদ্রা ও শিরঃপীড়া ঐ মাথার খুলিগুলোর, ঐ গোলাকার অস্থি-বুদ্বুদগুলোর মধ্যে থেকে অব্যাহতি পেয়েছে। এবং সেইসঙ্গে এও মনে হল, পৃথিবীতে অনেক ডাক্তার অনেক টাকের ওষুধ আবিষ্কার করে চীৎকার করে মরছে, কিন্তু ঐ লক্ষ লক্ষ কেশহীন মস্তক তৎপ্রতি সম্পূর্ণ উদাসীন, এবং দস্তমার্জনওআলারা যতই প্রচুর বিজ্ঞাপন প্রচার করছে এই অসংখ্য দস্তশ্রেণী তার কোনো খোঁজ নিচ্ছে না।

যাই হোক আপাতত আমার নিজের কপালফলকটার ভিতরে বাড়ির চিঠির প্রত্যাশা সঞ্চরণ করছে। যদি পাওয়া যায় তা হলে এই খুলিটার মধ্যে খানিকটা খুশির উদয় হবে, আর যদি না পাই তা হলে এই অস্থিকোটরের মধ্যে দুঃখ-নামক একটা ব্যাপারের উদ্ভব হবে, ঠিক মনে হবে আমি কষ্ট পাচ্ছি।

২৩ অক্টোবর। সুয়েজ খালের মধ্যে দিয়ে চলেছি। জাহাজের গতি অতি মস্তুর।

উজ্জ্বল উদ্ভূত দিন। একরকম মধুর আলস্যে পূর্ণ আছি। যুরোপের ভাব সম্পূর্ণ কাটল। আমাদের সেই রৌদ্রতপ্ত শ্রান্ত দরিদ্র ভারতবর্ষ, আমাদের সেই ধরাপ্রান্তবর্তী পৃথিবীর অপরিচিত নিভৃত নদীকলধ্বনিত ছায়াসুপ্ত বাংলা দেশ, আমার সেই অকর্মণ্য গৃহপ্রিয় বাল্যকাল, কল্পনাবিষ্ট যৌবন, নিশ্চেষ্ট নিরুদ্যম চিন্তাপ্রিয় জীবনের স্মৃতি এই সূর্যকিরণে, এই তপ্ত বায়ুহিল্লোলে সুদূর মরীচিকার মতো আমার দৃষ্টির সম্মুখে জেগে উঠেছে।

ডেকের উপরে গল্পের বই পড়ছিলুম। মাঝে একবার উঠে দেখলুম দু-ধারে ধূসরবর্ণ বালুকাতীর— জলের ধারে ধারে একটু একটু বনঝাড় এবং অর্ধশুষ্ক তৃণ উঠেছে। আমাদের ডান দিকের বালুকারাশির মধ্যে দিয়ে একদল আরব শ্রেণীবদ্ধ উট বোঝাই করে নিয়ে চলেছে। প্রথর সূর্যালোক এবং ধূসর মরুভূমির মধ্যে তাদের নীল কাপড় এবং সাদা পাগড়ি স্পষ্ট হয়ে উঠেছে। কেউ বা এক জায়গায় বালুকাগহ্বরের ছায়ায় পা ছড়িয়ে অলসভাবে শুয়ে আছে, কেউ বা নমাজ পড়ছে, কেউ বা নাসারজু ধরে অনিচ্ছুক উটকে টানাটানি করছে। সমস্তটা মিলে খররৌদ্র আরব মরুভূমির এক খণ্ড ছবির মতো মনে হল।

২৪ অক্টোবর। আমাদের জাহাজের মিসেস—কে দেখে একটা নাট্যশালার ভগ্নাবশেষ বলে মনে হয়। সেখানে অভিনয়ও বন্ধ, বাসের পক্ষেও সুবিধা নয়। রমণীটি খুব তীক্ষ্ণধার— যৌবনকালে নিঃসন্দেহ সেই তীক্ষ্ণতা ছিল উজ্জ্বল। যদিও এখনো এর নাকে মুখে কথা, এবং অচিরজাত বিড়ালশাবকের মতো ক্রীড়াচাতুর্য, তবু কোনো যুবক এর সঙ্গে দুটো কথা বলবার ছুতো অশ্বেষণ করে না, নাচের সময় আহ্বান করে না, আহ্বারের সময়ে সযত্নে পরিবেশন করে না। তার চঞ্চলতার মধ্যে শ্রী নেই, প্রৌঢ়তার সঙ্গে রমণীর মুখে যে একটি স্নেহময় সুগভীর সুপ্রসন্ন মাতৃভাব পরিস্ফুট হয়ে ওঠে তাও তার কিছুমাত্র দেখি নে।

২৫ অক্টোবর। আজ সকালবেলা স্নানের ঘর বন্ধ দেখে দরজার সামনে অপেক্ষা করে দাঁড়িয়ে

আছি। কিছুক্ষণ বাদে বিরলকেশ পৃথুকলেবর দ্বিতীয় ব্যক্তি তোয়ালে এবং স্পঞ্জ হস্তে উপস্থিত। ঘর খালাস হবামাত্র সেই জন-বুল অল্লানবদনে প্রথমাগত আমাকে অতিক্রম করে ঘরে প্রবেশ করলে। প্রথমেই মনে হল তাকে ঠেলেঠেলে ঘরের মধ্যে ঢুকে পড়ি, কিন্তু শারীরিক দ্বন্দ্বটা অত্যন্ত হীন এবং রূঢ় বলে মনে হয়, বেশ স্বাভাবিকরূপে আসে না। সুতরাং অধিকার ছেড়ে দিয়ে অবাক হয়ে দাঁড়িয়ে ভাবলুম, নম্রতা গুণটা খুব ভালো হতে পারে কিন্তু খৃস্টজন্মের ঊনবিংশ শতাব্দী পরেও এই পৃথিবীর পক্ষে অনুপযোগী এবং দেখতে অনেকটা ভীকৃতার মতো। এ ক্ষেত্রে নাবার ঘরে প্রবেশ করতে যতটা জেদের ততটা সংগ্রামের দরকার ছিল না। কিন্তু প্রাতঃকালেই একটা মাংসবহুল কপিশবর্ণ পিঙ্গলচক্ষু রূঢ় ব্যক্তির সঙ্গে সংঘর্ষ-সম্ভাবনাটা কেমন সংকোচজনক মনে হল। স্বার্থোদ্যম জয়লাভ করে, বলিষ্ঠ বলে নয়, অতিমাংসগ্রস্ত কুৎসিত বলে।

২৬ অক্টোবর। জাহাজের একটা দিন বর্ণনা করা যাক।

সকালে ডেক ধুয়ে গেছে, এখনো ভিজে রয়েছে। দুই ধারে ডেকচেয়ার বিশৃঙ্খল ভাবে পরস্পরের উপর রাশীকৃত। খালিপায়ে রাত-কাপড়-পরা পুরুষগণ কেউ বা বন্ধু-সঙ্গে কেউ বা একলা মধ্যপথ দিয়ে হুঁহু করে বেড়াচ্ছে। ক্রমে যখন আটটা বাজল এবং একটি-আধটি করে মেয়ে উপরে উঠতে লাগল তখন একে একে এই বিরলবেশ পুরুষদের অন্তর্ধান।

স্নানের ঘরের সম্মুখে বিষম ভিড়। তিনটি মাত্র স্নানাগার। আমরা অনেকগুলি দ্বারস্থ। তোয়ালে এবং স্পঞ্জ হাতে দ্বারমোচনের অপেক্ষায় দাঁড়িয়ে আছি। দশ মিনিটের অধিক স্নানের ঘর অধিকার করবার নিয়ম নেই।

স্নান এবং বেশভূষা সমাপনের পর উপরে গিয়ে দেখা যায় ডেকের উপর পদচারণশীল প্রভাতবায়ুসেবী অনেকগুলি স্ত্রীপুরুষের সমাগম হয়েছে। ঘন ঘন টুপি উদ্ঘাটন করে মহিলাদের এবং শিরঃকম্পে পরিচিত বন্ধুবান্ধবদের সঙ্গে শুভপ্রভাত অভিবাদন করে গ্রীষ্মের তারতম্য সম্বন্ধে পরস্পরের মত ব্যক্ত করা গেল।

নটার ঘণ্টা বাজল। ব্রেকফাস্ট প্রস্তুত; বুভুক্ষু নরনারীগণ সোপান-পথ দিয়ে নিম্নকক্ষে ভোজনবিবরে প্রবেশ করলে। ডেকের উপরে আর জনপ্রাণী অবশিষ্ট নেই, কেবল সারি সারি শূন্য চৌকি উর্ধ্বমুখে প্রভুদের জন্য প্রতীক্ষমাণ।

ভোজনশালা প্রকাণ্ড ঘর। মাঝে দুই সার লম্বা টেবিল; এবং তার দুই পার্শ্বে খণ্ড খণ্ড ছোটো ছোটো টেবিল। আমরা দক্ষিণ পার্শ্বে একটি ক্ষুদ্র টেবিল অধিকার করে সাতটি প্রাণী দিনের মধ্যে তিনবার ক্ষুধা নিবৃত্ত করে থাকি। মাংস রুটি ফলমূল মিষ্টান্ন মদিরায় এবং হাস্যকৌতুক গল্পগুজবে এই অনতি-উচ্চ সুপ্রশস্ত ঘর কানায় কানায় পরিপূর্ণ হয়ে ওঠে।

আহারের পর উপরে গিয়ে যে যার নিজ নিজ চৌকি অন্বেষণ এবং সেটা যথাস্থানে স্থাপনে ব্যস্ত। চৌকি খুঁজে পাওয়া দায়। ডেক ধোবার সময় কার চৌকি কোথায় ফেলেছে তার ঠিক নেই।

তার পর যেখানে একটু কোণ, যেখানে একটু বাতাস, যেখানে একটু রোদের তেজ কম, যেখানে যার অভ্যাস, সেইখানে ঠেলেঠেলে টেনেটুনে পাশ কাটিয়ে পথ করে আপনার চৌকিটি রাখতে পারলে সমস্ত দিনের মতো নিশ্চিন্ত।

দেখা যায় কোনো চৌকিহারা স্নানমুখী রমণী কাতরভাবে ইতস্তত দৃষ্টিপাত করছে, কিংবা কোনো বিপদগ্রস্ত অবলা এই চৌকি-অরণ্যের মধ্যে থেকে নিজেরটি বিশ্লিষ্ট করে নিয়ে অভিপ্রেত স্থানে স্থাপন করতে পারছে না— তখন পুরুষগণ নারীসহায়ব্রতে চৌকি-উদ্ধারকার্যে নিযুক্ত হয়ে সুশিষ্ট ও সুমিষ্ট ধন্যবাদ অর্জন করে থাকে।

তার পর যে যার চৌকি অধিকার করে বসে যাওয়া যায়। ধূমসেবিগণ, হয় ধূম-সেবনকক্ষে নয় ডেকের পশ্চাদ্ভাগে সমবেত হয়ে পরিতৃপ্তমনে ধূমপান করছে। মেয়েরা অর্ধনিলীন অবস্থায় কেউ বা নভেল পড়ছে, কেউ বা সেলাই করছে, মাঝে মাঝে দুই-একজন যুবক ক্ষণেকের জন্যে পাশে বসে মধুকরের মতো কানের কাছে গুন্‌গুন্ করে আবার চলে যাচ্ছে।

আহার কিঞ্চিৎ পরিপাক হবামাত্র এক দলের মধ্যে কয়েটস্ খেলা আরম্ভ হল। দুই বালতি পরস্পর হতে হাত দশেক দূরে স্থাপিত হল। দুই জুড়ি স্ত্রীপুরুষ বিরোধী পক্ষ অবলম্বন করে পালাক্রমে স্ব স্ব স্থান থেকে কলসীর বিড়ের মতো কতকগুলো রজ্জুচক্র বিপরীত বালতির মধ্যে ফেলবার চেষ্টা করতে লাগল। যে পক্ষ সর্বাগ্রে একুশ করতে পারবে তারই জিত। মেয়ে-খেলোয়াড়েরা কখনো জয়োচ্ছ্বাসে কখনো নৈরাশ্যে উর্ধ্বকণ্ঠে চীৎকার করে উঠছে। কেউ বা দাঁড়িয়ে দেখছে, কেউ বা গণনা করছে, কেউ বা খেলায় যোগ দিচ্ছে, কেউ বা আপন আপন পড়ায় কিংবা গল্পে নিবিষ্ট।

একটার সময় আবার ঘণ্টা। আবার আহার। আহারান্তে উপরে ফিরে এসে দুই স্তর খাদ্যের ভারে এবং মধ্যাহ্নের উত্তাপে আলস্য অত্যন্ত ঘনীভূত হয়ে আসে। সমুদ্র প্রশান্ত, আকাশ সুনীল মেঘমুক্ত, অল্প অল্প বাতাস দিচ্ছে। কেদারায় হেলান দিয়ে নীরবে নভেল পড়তে পড়তে অধিকাংশ আনন্দ নয়ন নিদ্রাবিষ্ট। কেবল দুই-একজন দাবা, ব্যাকগ্যামন কিংবা ড্রাফ্ট খেলছে এবং দুই-একজন অশ্রান্ত অধাবসায়ী যুবক সমস্ত দিনই কয়েটস্ খেলায় নিযুক্ত। কোনো রমণী কোলের উপর কাগজ কলম নিয়ে একাগ্রমনে চিঠি লিখছে এবং কোনো শিল্পকুশলা কৌতুকপ্রিয়া যুবতী নিদ্রিত সহযাত্রীর ছবি আঁকতে চেষ্টা করছে।

ক্রমে রৌদ্রের প্রখরতা হ্রাস হয়ে এল। তাপক্লিষ্ট ক্লাস্তকায়গণ নীচে নেমে গিয়ে রুটি মাখন মিষ্টান্ন-সহযোগে চা-রস পানে শরীরের জড়তা পরিহার করে পুনর্বীর ডেকে উপস্থিত। পুনর্বীর যুগলমূর্তির সোৎসাহ পদচারণা এবং মৃদুমন্দ হাস্যালাপ আরম্ভ হল। কেবল দু-চারজন পাঠিকা উপন্যাসের শেষ পরিচ্ছেদ থেকে কিছুতেই আপনাকে বিচ্ছিন্ন করতে পারছে না, দিবাবসানের ম্লান ক্ষীণালোকে একাগ্রনিবিষ্ট দৃষ্টিতে নায়ক-নায়িকার পরিণাম অনুসরণ করছে।

দক্ষিণ আকাশে তপ্ত স্বর্ণবর্ণের প্রলেপ, তরল অগ্নির মতো জলরাশির মধ্যে সূর্য অস্তমিত, এবং বামে সূর্যাস্তের কিছু পূর্ব হতেই চন্দ্রোদয়ের সূচনা। জাহাজ থেকে পূর্বদিগন্ত পর্যন্ত জ্যোৎস্নারেখা ঝিকঝিক করছে।

জাহাজের ডেকের উপরে এবং কক্ষে কক্ষে বিদ্যুদীপ জ্বলে উঠল। ছটার সময় বাজল ডিনারের প্রথম ঘণ্টা। বেশপরিবর্তন উপলক্ষে সকলে স্ব স্ব কক্ষে প্রবেশ করলে। আধ ঘণ্টা পরে দ্বিতীয় ঘণ্টা। ভোজনগৃহে প্রবেশ করা গেল। সারি সারি নরনারী বসে গেছে। কারো বা কালো কাপড়, কারো রঙিন কাপড়, কারো বা শুভ্র বক্ষ অর্ধ-অনাবৃত। মাথার উপরে শ্রেণীবদ্ধ বিদ্যুৎ-আলোক। গুন্‌গুন্‌ আলাপের সঙ্গে কাঁটাচামচের টুংটাং ঠুংটাং শব্দ মুখরিত, এবং বিচিত্র খাদ্যের পর্যায় পরিচারকদের হাতে হাতে নিঃশব্দ স্রোতের মতো যাতায়াত করছে।

আহারের পর ডেকে গিয়ে শীতল বায়ু সেবন। কোথাও বা যুবকযুবতী অন্ধকার কোণের মধ্যে চৌকি টেনে নিয়ে গিয়ে গুন্‌গুন্‌ করছে, কোথাও বা দুজনে জাহাজের বারান্দা ধরে ঝুঁকে পড়ে রহস্যলাপে নিমগ্ন, কোনো কোনো জুড়ি গল্প করতে করতে ডেকের আলোক ও অন্ধকারের মধ্য দিয়ে দ্রুতপদে একবার দেখা দিচ্ছে একবার অদৃশ্য হয়ে যাচ্ছে, কোথাও বা পাঁচ-সাতজন স্ত্রীপুরুষ এবং জাহাজের কর্মচারী জটলা করে উচ্চহাস্যে প্রমোদকল্লোল উচ্ছ্বসিত করে তুলছে। অলস পুরুষেরা কেউ বা বসে কেউ বা দাঁড়িয়ে কেউ বা অর্ধশয়ান অবস্থায় চুরট টানছে, কেউ বা স্মোকিং সেলুনে কেউ বা নীচে খাবার ঘরে ছইস্কি সোডা পাশে রেখে চারজনে দল বেঁধে বাজি রেখে তাস খেলছে। ও দিকে সংগীতশালায় সংগীতপ্রিয় দু-চারজনের সমাবেশে গানবাজনা এবং মাঝে মাঝে করতালি শোনা যাচ্ছে।

ক্রমে সাড়ে-দশটা বাজে, মেয়েরা নেবে যায়, ডেকের উপরে আলো হঠাৎ যায় নিবে, ডেক নিঃশব্দ নির্জন অন্ধকার হয়ে আসে। চারি দিকে নিশীথের নিস্তব্ধতা, চন্দ্রালোক, এবং অনন্ত সমুদ্রের অশ্রান্ত কলধ্বনি।

২৭ অক্টোবর। লোহিত সমুদ্রের গরম ক্রমেই বেড়ে উঠছে। ডেকের উপর মেয়েরা সমস্ত দিন তৃষাতুরা হরিণীর মতো ক্লিষ্ট কাতর। তারা কেবল অতি ক্লাস্তভাবে পাখা নাড়ছে, স্মেলিং সন্ট শুকছে,

এবং সক্রিয় যুবকেরা যখন পাশে এসে কুশল জিজ্ঞাসা করছে তখন নিম্নলিখিতপ্রায় নেত্রপল্লব ঈষৎ উন্মীলন করে স্নানহাস্যে কেবল গ্রীবাভঙ্গি দ্বারা আপন সুকুমার দেহলতার একান্ত অবসন্নতা ইঙ্গিতে জানাচ্ছে। যতই পরিপূর্ণ করে টিফিন এবং লেবুর শরবৎ খাচ্ছে, ততই জড়ত্ব এবং ক্লান্তি বাড়ছে, নেত্র নিদ্রানত ও সর্বশরীর শিথিল হয়ে আসছে।

২৮ অক্টোবর। আজ এডেনে পৌঁছনো গেল।

২৯ অক্টোবর। আমাদের জাহাজে একটি পার্সি সহযাত্রী আছে। তার ছুঁচোলো ছাঁটা দাড়ি এবং বড়ো বড়ো চোখ সর্বপ্রথমেই চোখে পড়ে। অল্প বয়স। নয় মাস যুরোপে বেড়িয়ে বিলিতি পোশাক এবং চালচলন ধরেছে। বলে, ইন্ডিয়া লাইক করে না। বলে, তার যুরোপীয় বন্ধুদের (অধিকাংশই স্ত্রীবন্ধু) কাছ থেকে তিনশো চিঠি এসে তার কাছে জমেছে, তাই নিয়ে বেচারা মহা মুশকিলে পড়েছে, কখনই বা পড়বে কখনই বা জবাব দেবে। লোকটা আবার নিজে বন্ধুত্ব করতে বড়োই নারাজ, কিন্তু বিধাতার বিড়ম্বনায় বন্ধুত্ব তার মাথার উপরে অনাহুত অযাচিত বর্ষিত হতে থাকে। সে বলে, বন্ধুত্ব করে কোনো 'ফান' নেই। উপরন্তু কেবল ল্যাঠা। এমন-কি, শত শত জার্মান ফরাসি ইটালিয়ান এবং ইংরেজ মেয়ের সঙ্গে সে 'ফ্লাট' করে এসেছে, কিন্তু তাতে কোনো মজা পায় নি।

২ নবেম্বর। ভারতবর্ষের কাছাকাছি আসা গেছে। কাল বোম্বাই পৌঁছবার কথা। আজ সুন্দর সকালবেলা। ঠাণ্ডা বাতাস বইছে, সমুদ্র সফেন তরঙ্গে নৃত্য করছে, উজ্জ্বল রৌদ্র উঠেছে; কেউ ক্রয়েটস্ খেলছে, কেউ নভেল পড়ছে, কেউ গল্প করছে। ম্যুজিক সেলুনে গান, স্মোকিং সেলুনে তাস, ডাইনিং সেলুনে খানার আয়োজন হচ্ছে এবং একটি সংকীর্ণ ক্যাবিনের মধ্যে আমাদের একটি বৃদ্ধ সহযাত্রী মরছে।

সন্ধ্যা আটটার সময় ডিলন সাহেবের মৃত্যু হল। আজ সন্ধ্যার সময় একটি নাটক অভিনয় হবার কথা ছিল।

৩ নবেম্বর। সকালে অস্ত্রোষ্টি-অনুষ্ঠানের পর ডিলনের মৃতদেহ সমুদ্রে নিক্ষেপ করা হল। আজ আমাদের সমুদ্রযাত্রার শেষ দিন।

অনেক রাত্রে জাহাজ বোম্বাই বন্দরে পৌঁছল।

৪ নবেম্বর। জাহাজ ত্যাগ করে ভারতবর্ষে নেমে এখন আমার অদৃষ্টের সঙ্গে আর কোনো মনান্তর নেই। সংসারটা মোটের উপরে বেশ আনন্দের স্থান বোধ হচ্ছে। কেবল একটা গোল বেধেছিল—টাকাকড়ি-সমেত আমার ব্যাগটি জাহাজের ক্যাবিনে ফেলে এসেছিলুম, তাতে করে সংসারের আবহাওয়ার হঠাৎ অনেকটা পরিবর্তন হয়ে গিয়েছিল। কিন্তু হোটেল থেকে অবিলম্বে জাহাজে ফিরে গিয়ে সেটি সংগ্রহ করে এনেছি। এই ব্যাগ ভুলে যাবার সম্ভাবনা কাল চকিতের মতো একবার মনে উদয় হয়েছিল। মনকে তখনই সাবধান করে দিলুম, ব্যাগটি যেন না ভোলা হয়। মন বললে, ক্ষেপেছ! আজ সকালে তাকে বৃথা ভ্রঁসনা করেছি। নষ্টোদ্ধার করে হোটেল ফিরে এসে স্নানের পর আরাম বোধ হচ্ছে। এই ঘটনা নিয়ে আমার বুদ্ধিবৃত্তির প্রতি কটাক্ষপাত করবেন সৌভাগ্যক্রমে এমন প্রিয়বন্ধু কেউ উপস্থিত নেই। সুতরাং রাত্রে যখন কলিকাতামুখী গাড়িতে চড়ে বসা গেল, তখন যদিও আমার বালিশটা ভ্রমক্রমে হোটেল ফেলে এসেছিলুম তবু সুখনিদ্রার বিশেষ ব্যাঘাত হয় নি।

চিঠিপত্র



যৌবনে রবীন্দ্রনাথ



ববীন্দ্রনাথ

ব্রাহ্মপুত্রী ইন্দিরা দেবী ও ব্রাহ্মপুত্র সুব্রহ্মনাথ ঠাকুর সহ

চিঠিপত্র

১

চিরঞ্জীবেষু

ভায়া নবীনকিশোর, এখানকার আদব-কায়দা আমার ভালো জানা নাই— সেইজন্য তোমাদের সঙ্গে প্রথম আলাপ বা চিঠিপত্র আরম্ভ করিতে কেমন ভয় করে। আমরা প্রথম আলাপে বাপের নাম জিজ্ঞাসা করিতাম, কিন্তু শুনিয়াছি এখনকার কালে বাপের নাম জিজ্ঞাসা দস্তুর নয়। সৌভাগ্যক্রমে তোমার বাবার নাম আমার অবিদিত নাই, কারণ আমিই তাঁহার নামকরণ করিয়াছিলাম। ভালো নাম দিতে পারি নাই— গোবর্ধন নামটা কেন দিয়াছিলাম তাহা আজ বুঝিতেছি। তোমাকে বর্ধন করিবার ভার তাঁহার উপরে পড়িবে ভাগ্যদেবতা তাহা জানিতেন। সেইজন্যই বোধ করি সেদিন ন্যায়রত্ন মহাশয় তোমাকে তোমার ঠাকুরের নাম জিজ্ঞাসা করাতে তোমার মুখ লাল হইয়া উঠিয়াছিল। তা, তুমিই নাহয় তোমার বাবার নূতন নামকরণ করো। আমার গোবর্ধন নাম আমি ফিরাইয়া লইতেছি।

আসল কথা কী জান ? সেকালে আমরা নাম লইয়া এত ভাবিতাম না। সেটা হয়তো আমাদের অসভ্যতার পরিচয়। আমরা মনে করিতাম নামে মানুষকে বড়ো করে না, মানুষই নামকে জাঁকাইয়া তোলে। মন্দ কাজ করিলেই মানুষের বদনাম হয়, ভালো কাজ করিলেই মানুষের সুনাম হয়। বাবা কেবল একটা নামই দিতে পারে, কিন্তু ভালো নাম কিম্বা মন্দ নাম সে ছেলে নিজেই দেয়। ভাবিয়া দেখো, আমাদের প্রাচীন কালের বড়ো বড়ো নাম শুনিতে নিতান্ত মধুর নয়— যুধিষ্ঠির, রামচন্দ্র, ভীষ্ম, দ্রোণ, ভরদ্বাজ, শাণ্ডিল্য, জন্মেজয়, বৈশম্পায়ন ইত্যাদি। কিন্তু ঐ-সকল নাম অক্ষয়বটের মতো আজ পর্যন্ত ভারতবর্ষের হৃদয়ে সহস্র শিকড়ে বিরাজ করিতেছে। আমাদের আজকালকার উপন্যাসে ললিত, নলিনমোহন প্রভৃতি কত মিঠি মিঠি নাম বাহির হইতেছে, কিন্তু এখনকার পাঠক-পিপীলিকারা এই মিঠি নামগুলিকে দুই দণ্ডেই নিঃশেষ করিয়া ফেলে— সকালের নাম বিকালে টিকে না। যাহাই হউক, আমরা নামের প্রতি মনোযোগ করিতাম না। তুমি বলিতেছ সেটা আমাদের ভ্রম। সেজন্য বেশি ভাবিয়ো না ভাই— আমরা শীঘ্রই মরিব এমন সম্ভাবনা আছে, আমাদের সঙ্গে সঙ্গে বঙ্গসমাজের সমস্ত ভ্রম সমূলে সংশোধিত হইয়া যাইবে।

পূর্বেই বলিয়াছি এখনকার আদব-কায়দা আমার বড়ো জানা নাই; কিন্তু ইহাই দেখিতেছি আদব-কায়দা এখনকার দিনে নাই, আমাদের কালেই ছিল। এখন বাপকে প্রণাম করিতে লজ্জাবোধ হয়, বন্ধুবান্ধবকে কোলাকুলি করিতে সংকোচ বোধ হয়, গুরুজনের সম্মুখে তাকিয়া ঠেসান দিয়া তাস পিটিতে লজ্জাবোধ হয় না, রেলগাড়িতে যে বেঞ্চে পাঁচজনে বসিয়া আছে তাহার উপর দুইখানা পা তুলিয়া দিতে সংকোচ জন্মে না। তবে হয়তো আজকাল অত্যন্ত সহৃদয়তার প্রাদুর্ভাব হইয়াছে, আদব-কায়দার তেমন আবশ্যিক নাই। সহৃদয়তা! তাই বুঝি কেহ পাড়াপ্রতিবেশীর খোঁজ রাখে না; বিপদ-আপদে লোকের সাহায্য করে না; হাতে টাকা থাকিলে সামান্য জাঁকজমক লইয়াই থাকে, দশজন অনাথকে প্রতিপালন করে না; তাই বুঝি পিতামাতা অযত্নে অনাদরে কষ্টে থাকেন, অথচ নিজের ঘরে সুখস্বচ্ছন্দতার অভাব নাই— নিজের সামান্য অভাবটুকু হইলেই রক্ষা নাই— কিন্তু পরিবারস্থ আর-সকলের ঘরে গুরুতর অনটন হইলেও বলেন 'হাতে টাকা নাই'। এই তো, ভাই, এখনকার সহৃদয়তা। মনের দুঃখে অনেক কথা বলিলাম! আমি কালেজে পড়ি নাই, সুতরাং আমার এত কথা বলিবার কোনো অধিকার নাই। কিন্তু তোমরা কিছু আমাদের নিন্দা করিতে ছাড় না, আমরাও যখন তোমাদের সম্বন্ধে দুই-একটা কথা বলি সে কথাগুলোয় একটু কর্ণপাত করিয়ো।

চিঠি লিখিতে আরম্ভ করিয়াই তোমাকে কী 'পাঠ' লিখিব এই ভাবনা প্রথম মনে উদয় হয়। একবার ভাবিলাম লিখি 'মাই ডিয়ার নাতি', কিন্তু সেটা আমার সহ্য হইল না; তার পরে ভাবিলাম বাংলা করিয়া লিখি 'আমার প্রিয় নাতি', সেটাও বুড়োমানুষের এই খাঙ্ড়ার কলম দিয়া বাহির হইল না। খপু করিয়া লিখিয়া ফেলিলাম 'পরমশুভাশীর্বাদরাশয়ঃ সন্তু'। লিখিয়া হাঁপ ছাড়িয়া বাঁচিলাম। ভাবিলাম ছেলেপিলেরা তো আমাদিগকে প্রণাম করা বন্ধ করিয়াছে, তাই বলিয়া কি আমরা তাহাদিগকে আশীর্বাদ করিতে ভুলিব! তোমাদের ভালো হউক ভাই, আমরা এই চাই; আমাদের যা হইবার হইয়া গিয়াছে। তোমরা আমাদের প্রণাম কর আর না কর আমাদের তাহাতে কোনো ক্ষতিবৃদ্ধি নাই, কিন্তু তোমাদের আছে। ভক্তি করিতে যাহাদের লজ্জাবোধ হয় তাহাদের কোনোকালে মঙ্গল হয় না। বড়োর কাছে নিচু হইয়া আমরা বড়ো হইতে শিখি, মাথাটা তুলিয়া থাকিলেই যে বড়ো হই তাহা নয়। 'পৃথিবীতে আমার চেয়ে উঁচু আর কিছু নাই— আমি বাবার জ্যেষ্ঠতাত— আমি দাদার দাদা' এইটে যে মনে করে সে অত্যন্ত ক্ষুদ্র। তাহার হৃদয় এত ক্ষুদ্র যে সে আপনার চেয়ে বড়ো কিছুই কল্পনা করিতে পারে না। তুমি হয়তো আমাকে বলিবে, 'তুমি আমার দাদামহাশয় বলিয়াই যে তুমি আমার চেয়ে বড়ো এমন কোনো কথা নাই।' আমি তোমার চেয়ে বড়ো নই! তোমার পিতা আমার স্নেহে প্রতিপালিত হইয়াছেন, আমি তোমার চেয়ে বড়ো নই তো কী? আমি তোমাকে স্নেহ করিতে পারি বলিয়া আমি তোমার চেয়ে বড়ো, হৃদয়ের সহিত তোমার কল্যাণ কামনা করিতে পারি বলিয়াই আমি তোমার চেয়ে বড়ো। তুমি নাহয় দু-পাঁচখান ইংরাজি বই আমার চেয়ে বেশি পড়িয়াছ, তাহাতে বেশি আসে যায় না। আঠারো হাজার ওয়েবস্টার ডিক্শনারির উপর যদি তুমি চড়িয়া বস তাহা হইলেও তোমাকে আমার হৃদয়ের নীচে দাঁড়াইতে হইবে। তবুও আমার হৃদয় হইতে আশীর্বাদ নামিয়া তোমার মাথায় বর্ষিত হইতে থাকিবে। পৃথিবীর পর্বতের উপর চড়িয়া তুমি আমাকে নিচু নজরে দেখিতে পারো, তোমার চক্ষের অসম্পূর্ণতাবশত আমাকে ক্ষুদ্র দেখিতে পারো, কিন্তু আমাকে স্নেহের চক্ষে দেখিতে পারো না। যে ব্যক্তি মাথা পাতিয়া অসংকোচে স্নেহের আশীর্বাদ গ্রহণ করিতে পারে সে ধন্য, তাহার হৃদয় উর্বর হইয়া ফলে ফুলে শোভিত হইয়া উঠুক। আর, যে ব্যক্তি বালুকাস্তূপের মতো মাথা উঁচু করিয়া স্নেহের আশীর্বাদ উপেক্ষা করে সে তাহার শূন্যতা শুষ্কতা শ্রীহীনতা— তাহার মরুময় উন্নত মস্তক— লইয়া মধ্যাহ্নতেজে দগ্ধ হইতে থাকুক। যাহাই হউক ভাই, আমি তোমাকে একশো বার লিখিব 'পরমশুভাশীর্বাদরাশয়ঃ সন্তু', তুমি আমার চিঠি পড় আর নাই পড়।

তুমিও যখন আমার চিঠির উত্তর দিবে, প্রণামপূর্বক চিঠি আরম্ভ করিও। তুমি হয়তো বলিয়া উঠিবে, 'আমার যদি ভক্তি না হয় তো আমি কেন প্রণাম করিব? এ-সব অসভ্য আদব-কায়দার আমি কোনো ধার ধারি না।' তাই যদি সত্য হয় তবে কেন, ভাই, তুমি বিশ্বসুদ্ধ লোককে 'মাই ডিয়ার' লেখ। আমি বড়ো, তোমার ঠাকুরদাদা, আজ সাড়ে তিন মাস ধরিয়া কাশিয়া মরিতেছি, তুমি একবার খোঁজ লইতে আস না। আর, জগতের সমস্ত লোক তোমার এমনি প্রিয় হইয়া উঠিয়াছে যে তাহাদিগকে 'মাই ডিয়ার' না লিখিয়া থাকিতে পারো না। এও কি একটা দস্তুর মাত্র নয়? কোনোটা বা ইংরাজি দস্তুর, কোনোটা বাংলা দস্তুর। কিন্তু সেই যদি দস্তুর-মতোই চলিতে হইল তবে বাঙালির পক্ষে বাংলা দস্তুরই ভালো। তুমি বলিতে পারো, 'বাংলাই কি ইংরাজিই কি, কোনো দস্তুর, কোনো আদব-কায়দা মানিতে চাহি না। আমি হৃদয়ের অনুসরণ করিয়া চলিব।' তাই যদি তোমার মত হয়, তুমি সুন্দরবনে গিয়া বাস করো, মনুষ্যসমাজে থাকা তোমার কর্ম নয়। সকল মানুষেরই কতকগুলি কর্তব্য আছে, সেই কর্তব্যশৃঙ্খলে সমাজ জড়িত। আমার কর্তব্য আমি না করিলে, তোমার কর্তব্য তুমি ভালোরূপে করিতে পারো না। দাদামহাশয়ের কতকগুলি কর্তব্য আছে, নাতির কতকগুলি কর্তব্য আছে। তুমি যদি আমার বশ্যতা স্বীকার করিয়া আমার আদেশ পালন কর, তবেই তোমার প্রতি আমার যাহা কর্তব্য তাহা আমি ভালোরূপে সম্পন্ন করিতে পারি। আর, তুমি যদি বল 'আমার মনে যখন ভক্তির উদয় হইতেছে না তখন আমি কেন দাদামহাশয়ের কথা শুনিব', তাহা হইলে যে কেবল তোমার কর্তব্যই অসম্পূর্ণ রহিল তাহা নহে, তাহা হইলে আমার কর্তব্যেরও ব্যাঘাত হয়। তোমার দৃষ্টান্তে তোমার

ছোটো ভাইরাও আমার কথা মানিবে না, দাদামহাশয়ের কাজ আমার দ্বারা একেবারেই সম্পন্ন হইতে পারিবে না। এই কর্তব্যপাশে বাঁধিয়া রাখিবার জন্য, পরস্পরের প্রতি পরস্পরের কর্তব্য অবিশ্রাম স্বরণ করাইয়া দিবার জন্য সমাজে অনেকগুলি দস্তুর প্রচলিত আছে। সৈন্যদের যেমন অসংখ্য নিয়মে বদ্ধ হইয়া থাকিতে হয়, নহিলে তাহারা যুদ্ধের জন্য প্রস্তুত হইতে পারে না, সকল মানুষকেই তেমনি সহস্র দস্তুরে বদ্ধ থাকিতে হয়, নতুবা তাহারা সমাজের কার্য পালনের জন্য প্রস্তুত হইতে পারে না। যে গুরুজনকে তুমি প্রণাম করিয়া থাক, যাহাকে প্রত্যেক চিঠিপত্রে তুমি ভক্তির সম্ভাষণ কর, যাহাকে দেখিলে তুমি উঠিয়া দাঁড়াও, ইচ্ছা করিলেও সহসা তাঁহাকে তুমি অমান্য করিতে পারো না, সহস্র দস্তুর পালন করিয়া এমনি তোমার মনের শিক্ষা হইয়া যায় যে, গুরুজনকে মান্য করা তোমার পক্ষে অত্যন্ত সহজ হইয়া উঠে, না করা তোমার পক্ষে সাধ্যাতীত হইয়া উঠে। আমাদের প্রাচীন দস্তুর সমস্ত ভাঙিয়া ফেলিয়া আমরা এই-সকল শিক্ষা হইতে বঞ্চিত হইতেছি। ভক্তি-স্নেহের বন্ধন ছিড়িয়া যাইতেছে। পারিবারিক সম্বন্ধ উলটা-পালটা হইয়া যাইতেছে। সমাজে বিশৃঙ্খলা জন্মিতেছে। তুমি যে দাদামহাশয়কে প্রণাম করিয়া চিঠি আরম্ভ কর না সেটা শুনিতে অত্যন্ত সামান্য বোধ হইতে পারে, কিন্তু নিতান্ত সামান্য নহে। অনেকগুলি দস্তুর আমাদের হৃদয়ের সহিত জড়িত, তাহা কতটুকু দস্তুর কতটুকু হৃদয়ের কার্য বলা যায় না। অকৃত্রিম ভক্তির উচ্ছ্বাসে আমরা প্রণাম করি কেন? প্রণাম করাও তো একটা দস্তুর! এমন দেশ আছে যেখানে ভক্তিভাবে প্রণাম না করিয়া আর-কিছু করে। আমরা প্রণাম না করিয়া হাঁ করি না কেন? প্রণামের প্রকৃত তাৎপর্য এই যে, ভক্তির বাহ্যলক্ষণস্বরূপ একপ্রকার অঙ্গভঙ্গি আমাদের দেশে চলিয়া আসিতেছে। যাহাকে আমরা ভক্তি করি তাঁহাকে স্বভাবতই আমাদের হৃদয়ের ভক্তি দেখাইতে ইচ্ছা হয়, প্রণাম করা সেই ভক্তি দেখাইবার উপায় মাত্র। আমি যদি প্রণাম না করিয়া ভক্তিভরে তিনবার হাততালি দিই তাহা হইলে যাহাকে ভক্তি করিলাম তিনি কিছুই বুঝিতে পারিবেন না, এমন-কি, তাহা অপমান জ্ঞান করিতে পারেন। ভক্তি দেখাইবার সময়ে হাততালি দেওয়াই যদি দস্তুর থাকিত, তাহা হইলে প্রণাম করা অত্যন্ত দোষের হইত সন্দেহ নাই। অতএব দস্তুরকে পরিত্যাগ করিয়া আমরা হৃদয়ের ভাব প্রকাশ করিতে পারি না, হৃদয়ের অভাব প্রকাশ করি বটে।

অতএব আমাকে প্রণামপুরঃসর চিঠি লিখিবে, ভক্তি থাক্ আর নাই থাক্— সে দেখিতে বড়ো ভালো হয়। তোমার দেখাদেখি আর পাঁচজনে দাদামহাশয়কে ভদ্র রকমে চিঠি লিখিতে শিখিবে এবং ক্রমে ভক্তি করিতেও শিখিবে।

আশীর্বাদক
শ্রীষষ্ঠীচরণ দেবশর্মণঃ

২

শ্রীচরণকমলযুগলেষু

আরো ভক্তি চাই! যুগলের উপর আরো এক-জোড়া বাড়াইয়া দিব। দাদামহাশয়, তোমার অন্ত পাওয়া ভার, চিরকাল তুমি আমাদের সঙ্গে ঠাট্টাতামাশা করিয়া আসিয়াছ, আর আজ হঠাৎ ভক্তি আদায় করিবার জন্য আমাদের উপর এক পরোয়ানাপত্র বাহির করিয়াছ, ইহার অর্থ কী? আমি দেখিয়াছি, যে অবধি তোমার সুমুখের এক-জোড়া দাঁত পড়িয়া গিয়াছে সেই অবধি তোমার মুখে কিছুই বাধে না। তোমার দাঁত গিয়াছে বটে, কিন্তু তীব্র ধারটুকু তোমার জিভের আগায় রহিয়া গিয়াছে। আর আগেকার মতো পরমানন্দে রুইমাছের মুড়ো চিবাইতে পারো না, সুতরাং দংশন করিবার সুখ তোমার নিরীহ নাতিদের কাছ হইতে আদায় কর। তোমার দন্তহীন হাসিটুকু আমার বড়ো মিষ্ট লাগে। কিন্তু তোমার দন্তহীন দংশন আমার তেমন উপাদেয় বলিয়া বোধ হয় না।

তোমাদের কালের সবই ভালো, আমাদের কালের সবই মন্দ, এইটে তুমি প্রমাণ করিতে চাও । এ সম্বন্ধে আমার দু-একটা কথা বলিবার আছে, তাহাতে যদি তোমাদের আদব-কায়দার কোনো ব্যতিক্রম হয় তবে আমাকে মাপ করিতে হইবে । আমরা যাহা করি তাহা তোমাদের চক্ষে বেয়াদবি বলিয়া ঠেকে, এইজন্যই ভয় হয় । তোমরা চোখে কম দেখ, কিন্তু নাতিদের একটি সামান্য ত্রুটি চশমা না লইয়াও বেশ দেখিতে পাও ।

যে লোক যে কালে জন্মগ্রহণ করে সে কালের প্রতি তাহার যদি হৃদয়ের অনুরাগ না থাকে তবে সে কালের উপযোগী কাজ সে ভালো করিয়া করিতে পারে না । যদি সে মনে করে, 'যে কাল গেছে তাহাই ভালো আর আমাদের কাল অতি হেয়', তবে তাহার কাজ করিবার বল চলিয়া যায় ; ভূতকালের দিকে শিয়র করিয়া সে কেবল স্বপ্ন দেখে ও দীর্ঘনিশ্বাস ফেলে এবং ভূতত্ব প্রাপ্ত হওয়াই সে একমাত্র বাঞ্ছনীয় মনে করে । স্বদেশ যেমন একটা আছে স্বকালও তেমনি একটা আছে । স্বদেশকে ভালো না বাসিলে যেমন স্বদেশের কাজ করা যায় না, তেমনি স্বকালকে ভালো না বাসিলে স্বকালের কাজও করা যায় না । যদি ক্রমাগতই স্বদেশের নিন্দা করিতে থাক, স্বদেশের কোনো গুণই দেখিতে না পাও, তবে স্বদেশের উপযোগী কাজ তোমার দ্বারা ভালোরূপে সম্পন্ন হইতে পারে না । কেবলমাত্র কর্তব্য বিবেচনা করিয়া তুমি স্বদেশের উপকার করিতে চেষ্টা করিতে পারো, কিন্তু সে চেষ্টা সফল হয় না । তোমার হৃদয়হীন কাজগুলো বিদেশী বীজের মতো স্বদেশের জমিতে ভালো করিয়া অঙ্কুরিত হইতে পারে না । তেমনি স্বকালের যে কেবল দোষই দেখে, কোনো গুণ দেখিতে পায় না, সে চেষ্টা করিলেও স্বকালের কাজ ভালো করিয়া করিতে পারে না । এক হিসাবে সে নাই বলিলেও হয় ; সে জন্মায় নাই, সে অতীতকালে জন্মিয়াছে, সে অতীতকালে বাস করিতেছে ; এ কালের জনসংখ্যার মধ্যে তাহাকে ধরা যায় না । ঠাকুরদাদামশায়, তুমি যে তোমাদের কালকে ভালোবাস এবং ভালো বল, সে তোমার একটা গুণের মধ্যে । ইহাতে বুঝা যাইতেছে তোমাদের কালের কর্তব্য তুমি করিয়াছ । তুমি তোমার বাপ-মাকে ভক্তি করিয়াছ, তোমার পাড়াপ্রতিবেশীদের বিপদে-আপদে সাহায্য করিয়াছ, শাস্ত্রমতে ধর্মকর্ম করিয়াছ, দানধ্যান করিয়াছ, হৃদয়ের পরম পরিতৃপ্তি লাভ করিয়াছ । যেদিন আমরা আমাদের কর্তব্য কাজ করি, সেদিনের সূর্যালোক আমাদের কাছে উজ্জ্বলতর বলিয়া বোধ হয়, সেদিনের সুখস্মৃতি বহুকাল ধরিয়া আমাদের সঙ্গে সঙ্গে থাকে । সেকালের কাজ তোমরা শেষ করিয়াছ, অসম্পূর্ণ রাখ নাই, সেইজন্য আজ এই বৃদ্ধ বয়সে অবসরের দিনে সেকালের স্মৃতি এমন মধুর বলিয়া বোধ হইতেছে । কিন্তু তাই বলিয়া একালের প্রতি আমাদের বিরাগ জন্মাইবার চেষ্টা করিতেছ কেন ? ক্রমাগতই একালের নিন্দা করিয়া একালের কাছ হইতে আমাদের হৃদয় কাড়িয়া লইবার চেষ্টা করিতেছ কেন ? আমাদের জন্মভূমি এবং আমাদের জন্মকাল এই দুয়ের উপরেই আমাদের অনুরাগ অটল থাকে এই আশীর্বাদ করো ।

গঙ্গোত্রীর সহিত গঙ্গার অবিচ্ছিন্ন সহস্রধারে যোগ রক্ষা হইতেছে বটে, কিন্তু তাই বলিয়া গঙ্গা প্রাণপণ চেষ্টা করিয়াও পিছু হঠিয়া গঙ্গোত্রীর উপরে আর উঠিতে পারে না । তেমনি, তোমাদের কাল ভালোই হউক আর মন্দই হউক, আমরা কোনোমতেই ঠিক সে জায়গায় যাইতে পারিব না । এটা যদি নিশ্চয় হয় তবে সাধ্যাতীতের জন্য নিষ্ফল বিলাপ ও পরিতাপ না করিয়া যে অবস্থায় জন্মিয়াছি তাহারই সহিত বনিবনাও করিয়া লওয়াই ভালো । ইহার ব্যাঘাত যে করে সে অনেক অমঙ্গল সৃষ্টি করে ।

বর্তমানের প্রতি অরুচি ইহা প্রায়ই বর্তমানের দোষে হয় না, আমাদের নিজের অসম্পূর্ণতাবশত হয়, আমাদের হৃদয়ের গঠনের দোষে হয় । বর্তমানই আমাদের বাসস্থান এবং কার্যক্ষেত্র । কার্যক্ষেত্রের প্রতি যাহার অনুরাগ নাই সে ফাঁকি দিতে চায় । যথার্থ কৃষক আপনার চাষের জমিটুকুকে প্রাণের মতো ভালোবাসে, সেই জমিতে সে শস্যের সঙ্গে সঙ্গে প্রেম বপন করে । আর, যে কৃষক কাজ করিতে চায় না, ফাঁকি দিতে চায়, নিজের জমিতে পা দিলে তাহার পায়ে যেন কাঁটা ফুটিতে থাকে, সে কেবলই খুঁত খুঁত করিয়া বলে— 'আমার জমির এ দোষ, সে দোষ, আমার জমিতে কাঁকর, আমার জমিতে কাঁটাগাছ' ইত্যাদি । নিজের ছাড়া আর সকলের জমি দেখিলেই তাহার চোখ জুড়াইয়া যায় ।

সময়ের পরিবর্তন হইয়াছে এবং হইয়াই থাকে । সেই পরিবর্তনের জন্য আমাদের প্রস্তুত হইতে হইবে । নহিলে আমাদের জীবনই নিষ্ফল । নহিলে, মিউজিয়মে প্রাচীনকালের জীবেরা যেমন করিয়া স্থিতি করিতেছে আমাদের ঠিক তেমনি করিয়া পৃথিবীতে অবস্থান করিতে হইবে । পরিবর্তনের মধ্যে যেটুকু সার্থকতা আছে, যেটুকু গুণ আছে, তাহা আমাদের খুঁজিয়া বাহির করিতে হইবে । কারণ, সেইখান হইতে রসাকর্ষণ করিয়া আমাদের বাড়িতে হইবে, আর-কোনো গতি নাই । যদি আমরা সত্যই জলে পড়িয়া থাকি, তবে সেখানে ডাঙার মতো চলিতে চেষ্টা করা বৃথা, সাঁতার দিতে হইবে ।

অতএব, তুমি যে বলিতেছ, আমরা আজকাল গুরুজনকে যথেষ্ট মান্য করি না সেটা মানিয়া লওয়া যাক, তার পরে এই পরিবর্তনের ভিতরকার কথাটা একবার দেখিতে চেষ্টা করা যাক । এ কথাটা ঠিক নহে যে, ভক্তিটা সময়ের প্রভাবে মানুষের হৃদয় হইতে একেবারে চলিয়া গেছে । তবে কিনা ভক্তিশ্রোতের মুখ এক দিক হইতে অন্য দিকে গেছে এ কথা সম্ভব হইতে পারে বটে । পূর্বে আমাদের দেশে ব্যক্তিগত ভাবের প্রাদুর্ভাব অত্যন্ত বেশি ছিল । ভক্তি বলা ভালোবাসা বলা, একটা ব্যক্তিবিশেষকে আশ্রয় না করিয়া থাকিতে পারিত না, একজন মূর্তিমান রাজা না থাকিলে আমাদের রাজভক্তি থাকিতে পারিত না । কিন্তু শুদ্ধমাত্র রাজ্যতন্ত্রের প্রতি ভক্তি, সে যুরোপীয় জাতিদের মধ্যেই দেখা যায় । তখন সত্য ও জ্ঞান, গুরু-নামক একজন মনুষ্যের আকার ধারণ করিয়া থাকিত । তখন আমরা রাজার জন্য মরিতাম, ব্যক্তিবিশেষের জন্য প্রাণ দিতাম— কিন্তু যুরোপীয়েরা কেবলমাত্র একটা ভাবের জন্য, একটা জ্ঞানের জন্য মরিতে পারে । তাহারা আফ্রিকার মরুভূমিতে, মেরুপ্রদেশের তুষারগর্ভে, প্রাণ বিসর্জন করিয়া আসিতেছে । কাহার জন্য ? কোনো মানুষের জন্য নহে । বৃহৎ ভাবের জন্য, জ্ঞানের জন্য, বিজ্ঞানের জন্য । অতএব দেখা যাইতেছে যুরোপে মানুষের ভক্তি-অনুরাগ জ্ঞানে ও ভাবে বিস্তৃত হইতেছে, সুতরাং ব্যক্তিবিশেষের ভাগে কিছু কিছু কম পড়িতেছে । সেই যুরোপীয় শিক্ষার প্রভাবে ব্যক্তিবিশেষের চারি দিক হইতে আমাদের শিকড়ের পাক প্রতিদিন যেন অল্পে অল্পে খুলিয়া আসিতেছে । এখন মতের অনুরোধে অনেকে পিতামাতাকে ত্যাগ করিতেছেন, এখন প্রত্যক্ষ বাস্তবিত্যটুকু ছাড়িয়া অপ্রত্যক্ষ স্বদেশের প্রতি অনেকের প্রেম প্রসারিত হইতেছে, এবং সুদূর উদ্দেশ্যের জন্য অনেকে জীবনযাপন করিতে অগ্রসর হইতেছেন । একরূপ ভাব যে সম্পূর্ণ স্ফূর্তি পাইয়াছে তাহা নহে, কিন্তু ভিতরে ভিতরে ইহার কাজ চলিতেছে, ইহার নানা লক্ষণ অল্পে অল্পে প্রকাশ পাইতেছে । ইহার ভালোমন্দ দুইই আছে । সে কথা সকল অবস্থা সম্বন্ধেই খাটে । তবে, যখন এই পরিবর্তন একেবারে ঘাড়ের উপর আসিয়া পড়িয়াছে, তখন ইহার মধ্যে যে ভালোটুকু আছে সেটা যদি খুঁজিয়া বাহির করিতে পারি, সেই ভালোটুকুর উপর যদি অনুরাগ বদ্ধ করিতে পারি, তবে সেই ভালোটুকু শীঘ্র শীঘ্র স্ফূর্তি পাইয়া বাড়িয়া উঠিতে পারে, মন্দটা ম্লান হইয়া যায় । নহিলে, সকল জিনিসের যেমন দস্তুর আছে, মন্দটাই আগেভাগে খুব কণ্টকিত হইয়া সকলের চোখে পড়ে, ভালোটা অনেক বিলম্বে গা-ঝাড়া দিয়া উঠে ।

আমার কথা তো আমি বলিলাম, এখন তোমার কথা তুমি বলা । তুমি কালেজে পড় নাই বলিয়া কিছুমাত্র সংকোচ করিয়ো না । কারণ, তোমারও লেখাতে বিলক্ষণ কালেজের গন্ধ ছাড়ে । সেটা সময়ের প্রভাব । ঘ্রাণে অর্ধভোজন হয় সেটা মিথ্যা কথা নয় । অতএব এখনকার সমাজে বসিয়া তুমি যে নিশ্বাস লইতেছ ও নস্য লইতেছ, তাহাতেই কালেজের অর্ধেক বিদ্যা তোমার নাকে সঁধোইতেছে । নাক বন্ধ করিতে পারিতেছ না, কেবল নাক তুলিয়াই আছ । যেন পেঁয়াজ-রসূনের খেতের মধ্যে বাস করিতেছ এবং তোমার নাতিরাই তাহার এক-একটি হৃষ্টপুষ্ট উৎপন্ন দ্রব্য । কিন্তু ইহা জানিয়ো এ গন্ধ ধুইলে যাইবে না, মাজিলে যাইবে না, নাতিগুলিকে একেবারে সমূলে উৎপাটন করিতে পারো তো যায় । কিন্তু এ তো আর তোমার পাকা চুল নয়, রক্তবীজের ঝাড় ।

সেবক

শ্রীনবীনকিশোর শর্মণঃ

চিরঞ্জীবেষু

ভায়া, দাদামহাশয়দের সঙ্গে ঠাট্টাতামাশা করিতে পাও বলিয়া যে তাঁহাদের ভক্তি করিতে হইবে না, এটা কোনো কাজের কথা নহে। দাদামহাশয়েরা তোমাদের চেয়ে এত বেশি বড়ো যে তাঁহাদের সঙ্গে ঠাট্টাতামাশা করিলেও চলে। কেমনতরো জানো? যেমন ছোটো ছেলে বাপের গায়ে পা তুলিয়া দিলে তাহাতে মহাভারত অশুদ্ধ হয় না। কিন্তু তাহা হইতে এমন প্রমাণ হয় না যে, বাপের প্রতি সেই ছোটো ছেলের ভক্তি নাই, অর্থাৎ নির্ভরের ভাব নাই, অর্থাৎ সে সহজেই বাপকে আপনার চেয়ে বড়ো মনে করে না। তোমরা তেমনি আমাদের কাছে এত ছোটো যে, আমরা নিরাপদে তোমাদের সহিত বেয়াদবি করিতে পারি এবং অকাতরে তোমাদের বেয়াদবি সহিতে পারি। আর-একটা কথা, সন্তানের শুভাশুভ সমস্তই পিতার উপর নির্ভর করিতেছে, এইজন্য স্বভাবতই পিতার স্নেহের সহিত শাসন আছে এবং পুত্রের ভক্তির সহিত ভয় আছে— পদে পদে কঠোর কর্তব্যপথে সন্তানকে নিয়োগ করিবার জন্য পিতার আদেশ করিতে হয় এবং পুত্রের তাহা পালন করিতে হয়, এইজন্য পিতাপুত্রের মধ্যে আচরণের শৈথিল্য শোভা পায় না। এইরূপে পিতার উপরে কঠোর স্নেহের ভার দিয়া দাদামহাশয় কেবলমাত্র মধুর স্নেহ বিতরণ করেন এবং নাতি নির্ভয় ভক্তিভরে দাদামহাশয়ের সহিত আনন্দে হাস্যালাপ করিতে থাকে। কিন্তু সে হাস্যালাপের মর্মের মধ্যে যদি ভক্তি না থাকে তবে তাহা বেয়াদবির অধম। এত কথা তোমাকে বলিবার আবশ্যিক ছিল না, কিন্তু তোমার লেখার ভঙ্গি দেখিয়া তোমাকে কিঞ্চিৎ সাবধান করিয়া দিতে হয়।

বাস রে! আজকাল তোমরা এত কথাও কহিতে শিখিয়াছ! এখন একটা কথা কহিলে পাঁচটা কথা শুনিতে হয়। তাহার মধ্যে যদি সব কথা বুঝিতে পারিতাম তাহা হইলেও এতটা গায়ে লাগিত না। ভাবের মিল থাকিলেও অনেক সময়ে আমরা পরস্পরের ভাষা বুঝিতে পারি না বলিয়া বিস্তর মনাস্তুর উপস্থিত হয়। আমি বুড়ামানুষ, তোমার সমস্ত কথা ঠিক বুঝিয়াছি কি না কে জানে, কিন্তু যেরূপ বুঝিলাম সেইরূপ উত্তর দিতেছি।

স্বকাল, পরকাল, এ এক নূতন কথা তুমি তুলিয়াছ। পরকালটা নূতন নয়, সমুখের একজোড়া দাঁত বিসর্জন দিয়া অবধি ঐ কালের কথাটাই ভাবিতেছি— কিন্তু স্বকাল আবার কী?

কালের কি কিছু স্থিরতা আছে না কি? আমরা কি ভাসিয়া যাইবার জন্য আসিয়াছি যে কালস্রোতের উপর হাল ছাড়িয়া দিয়া বসিয়া থাকিব? মহৎ মনুষ্যত্বের আদর্শ কি স্রোতের মধ্যবর্তী শৈলের মতো কালকে অতিক্রম করিয়া বিরাজ করিতেছে না?

আমরা পরিবর্তনের মধ্যে থাকি বলিয়াই একটা স্থির লক্ষ্যের প্রতি বেশি দৃষ্টি রাখা আবশ্যিক। নহিলে কিছুক্ষণ বাদে আর-কিছুই ঠাহর হয় না; নহিলে আমরা পরিবর্তনের দাস হইয়া পড়ি, পরিবর্তনের খেলনা হইয়া পড়ি। তুমি যেরূপ লিখিয়াছ তাহাতে তুমি পরিবর্তনকেই প্রভু বলিয়াছ, কালকেই কর্তা বলিয়া মানিয়াছ। অর্থাৎ, ঘোড়াকেই সম্পূর্ণ স্বাধীনতা দিয়াছ এবং আরোহীকেই তাহার অধীন বলিয়া প্রচার করিতেছ। কালের প্রতি ভক্তি এইটাই তুমি সার কথা ধরিয়া লইয়াছ, কিন্তু মনুষ্যত্বের প্রতি— ধ্রুব আদর্শের প্রতি— ভক্তি তাহা অপেক্ষাও শ্রেষ্ঠ।

মনুষ্যের প্রতি প্রেম, পিতার প্রতি ভক্তি, পুত্রের প্রতি স্নেহ— এ যে কেবল পরিবর্তনশীল ক্ষুদ্র কালবিশেষের ধর্ম এ কথা বলিতে কে সাহস করে! এ ধর্ম সকল কালের উপরেই মাথা তুলিয়া আছে। উনবিংশ শতাব্দীর ধূলি উড়াইয়া ইহাকে চোখের আড়াল করিতে পারো, তাই বলিয়া ফুঁয়ের জোরে ইহাকে একেবারে ধূলিসাৎ করিতে পারো না।

যদি সত্যই এমন দেখিয়া থাকো যে, এখনকার কালে পিতামাতাকে কেহ ভক্তি করে না, অতিথিকে কেহ যত্ন করে না, প্রতিবেশীদিগকে কেহ সাহায্য করে না, তবে এখনকার কালের জন্য শোক করো— কালের দোহাই দিয়া অধর্মকে ধর্ম বলিয়া প্রচার করিয়ো না।

অতীত ও ভবিষ্যতের দিকে চাহিয়া বর্তমানকে সংযত করিতে হয়। যদি ইচ্ছা কর তো চোখ বুজিয়া ছুটিবার সুখ অনুভব করিতে পারো। কিন্তু অবিলম্বে ঘাড় ভাঙিবার সুখটাও টের পাইবে।

বর্তমানকাল ছুটিতেছে বলিয়াই স্তব্ধ অতীতকালের এত মূল্য। অতীতে কালের প্রবল বেগ, প্রচণ্ড গতি, সংহত হইয়া যেন স্থির আকার ধারণ করিয়াছে। কালকে ঠাহর করিতে হইলে অতীতের দিকে চাহিতে হয়। অতীত বিলুপ্ত হইলে বর্তমান কালকে কেই বা চিনিতে পারে, কেই বা বিশ্বাস করে, তাহাকে সামলায় কাহার সাধ্য! কেননা, চিনিতে পারিলে, জানিতে পারিলে তবে বশ করা যায়। যাহাকে জানি না সে আমাদের প্রভু হইয়া দাঁড়ায়। অতএব পরিবর্তনশীল কালকে ভয় করিয়া চলো, তাহাকে বশ করিতে চেষ্টা করো, তাহাকে নিতান্ত বিশ্বাস করিয়া আত্মসমর্পণ করিয়ো না।

যাহা থাকে না, চলিয়া যায়, মুহূর্মুহু পরিবর্তিত হয়, তাহাকে আপনার বলিবে কী করিয়া? একখণ্ড ভূমিকে আপনার বলা যায়, কিন্তু জলের স্রোতকে আপনার বলিবে কে? তবে আবার স্বকাল জিনিসটা কী?

তুমি লিখিয়াছ আমাদের সেকালে ব্যক্তির প্রতিই ভক্তি-প্ৰীতি প্রভৃতি বন্ধ ছিল, ভাবের প্রতি ভক্তি-প্ৰীতি ছিল না। ব্যক্তির প্রতি ভক্তি-প্ৰীতি কিছু মন্দ নহে, সে খুব ভালোই, সুতরাং আমাদের কালে যে সেটা খুব বলবান ছিল সেজন্য আমরা লজ্জিত নহি। কিন্তু তাই বলিয়া যদি বলা যে, ভাবের প্রতি আমাদের কালের লোকের ভক্তি-প্ৰীতি ছিল না তবে সে কথাটা আমাকে অস্বীকার করিতে হয়। আমাদের কালে দুইই ছিল, এবং উভয়েই পরস্পর বনিবনাও করিয়া বাস করিত। একটা উদাহরণ দিই। আমাদের দেশে যে স্বামীপ্ৰীতি বা স্বামীভক্তি ছিল (এখনো হয়তো আছে) তাহা কি? তাহা কেবলমাত্র ব্যক্তিবিশেষের প্রতি প্ৰীতি বা ভক্তি নয়, তাহা ব্যক্তিবিশেষকে অতিক্রম করিয়া বর্তমান, তাহা স্বামী-নামক ভাবগত অস্তিত্বের প্রতি ভক্তি। ব্যক্তিবিশেষ উপলক্ষ মাত্র, স্বামীই প্রধান লক্ষ্য। এইজন্য ব্যক্তির ভালোমন্দের উপর ভক্তির তারতম্য হইত না। সকল স্ত্রীর সকল স্বামীই সমান পূজ্য। যুরোপীয় স্ত্রীর ভক্তি-প্ৰীতি ব্যক্তির মধ্যেই বন্ধ, ভাবে গিয়া পৌঁছায় না। এইজন্য স্বামী-নামক ব্যক্তিবিশেষের দোষগুণ-অনুসারে তাহার ভক্তি-প্ৰীতি নিয়মিত হয়। এইজন্যই সেখানে বিধবাবিবাহে দোষ নাই, কারণ সেখানকার স্ত্রীরা ভাবকে বিবাহ করে না, ব্যক্তিকেই বিবাহ করে, সুতরাং ব্যক্তিত্বের অবসানেই স্বামিত্বের অবসান হয়। আমাদের দেশের অধিকাংশ ব্যক্তিগত সম্পর্কই এইরূপ সুগভীর ভাবের উপরে স্থায়ী।

কেবল ব্যক্তিগত সম্পর্ক কেন, অন্যান্য বিষয় দেখো-না। আমাদের ব্রাহ্মণেরা কি সমাজের হিতার্থ সমাজ ত্যাগ করেন নাই? রাজারা কি ধর্মের জন্য বৃদ্ধ বয়সে রাজ্য ত্যাগ করেন নাই? (যুরোপের রাজারা তাড়া না খাইলে কখনো এমন কাজ করেন?) ঋষিরা কি জ্ঞানের জন্য, অমরতার জন্য, সংসারের সমস্ত সুখ ত্যাগ করেন নাই? পিতৃসত্য-পালনের জন্য রামচন্দ্র যৌবরাজ্যত্যাগ, সত্যরক্ষার জন্য হরিশ্চন্দ্র স্বর্গত্যাগ, পরহিতের জন্য দধীচি দেহত্যাগ করেন নাই? কর্তব্য অর্থাৎ ভাবমাত্রের জন্য আত্মত্যাগ আমাদের দেশে ছিল না কে বলে? কুকুর যেরূপ অন্ধ আসক্তিতে মনিবের পশ্চাৎ পশ্চাৎ যায়, সীতা কি সেইভাবে রামের সঙ্গে সঙ্গে বনে গিয়াছিলেন, না মহৎ ভাবের পশ্চাতে মনুষ্য যেরূপ অকাতরে বিপদ ও মৃত্যুর মুখে ছুটিয়া যায় সীতা সেইরূপ ভাবে গিয়াছিলেন?

তবে কি ব্যক্তির প্রতি ও ভাবের প্রতি ভক্তি একই সময়ে থাকিতে পারে না? বর্তমানের প্রতি অন্ধ বিশ্বাস স্থাপন করিয়া 'পারে না' বলিয়া এমন একটি রত্ন অবহেলায় হারাইয়ো না। এই পর্যন্ত বলা যায় যে, কাহারও বা এক ভাবের প্রতি ভক্তি, কাহারও বা আর-এক ভাবের প্রতি ভক্তি। কেহ বা লৌকিক স্বাধীনতার জন্য প্রাণ দিতে পারে, কেহ বা আত্মার স্বাধীনতার জন্য প্রাণ দিতে পারে।

এ-সকল কথা তোমাদের বয়সে আমরা বুঝিতে পারিতাম না ইহা স্বীকার করিতে হয়। কিন্তু তোমরা অনেক কূট-কচালে কথা বুঝিতে পারো বলিয়াই এতখানি বকিলাম।

আশীর্বাদক

শ্রীযশীচরণ দেবশর্মণঃ

শ্রীচরণেষু

দাদামশায়, তোমার চিঠি ক্রমেই হেঁয়ালি হইয়া উঠিতেছে। আমাদের চোখে এ চিঠি অত্যন্ত ঝাপসা ঠেকে। কোথায় রামচন্দ্র হরিশ্চন্দ্র দধীচি, অত দূরে আমাদের দৃষ্টি চলে না। তোমরাই তো বল আমাদের দূরদর্শিতা নাই, অতএব দূরের কথা দূর করিয়া নিকটের কথা তুলিলেই ভালো হয়।

আমরা যে মস্ত জাতি, আমাদের মতো এতবড়ো জাতি যে পৃথিবীর আর কোথাও মেলে না, তাহাতে আমাদের মনে আর কিছুমাত্র সংশয় নাই। বেদ বেদান্ত আগম নিগম পুরাণ হইতে ইহা অকাট্যরূপে প্রমাণ করিয়া দেওয়া যায়। আমাদের বেলুন ছিল, রেলগাড়ি ছিল, আমাদের স্টাইলোগ্রাফ পেন ছিল, গণপতি তাহাতে মহাভারত লিখিয়াছিলেন, ডারুইনের বহুপূর্বে আমাদের পূর্বপুরুষেরা তাহাদের পূর্বতর পুরুষদিগকে বানর বলিয়া স্বীকার করিয়াছেন, আধুনিক বিজ্ঞানের সমুদয় সিদ্ধান্তই শাণ্ডিল্য-ভৃগু-গৌতমের সম্পূর্ণ জানা ছিল, ইহা সমস্তই মানিলাম— কিন্তু তাই বলিয়াই যে আমরা আমাদের কৌলীন্য লইয়া স্ফীত হইতে থাকিব, সেই সুদূর কুটুম্বিতার মধ্যেই গুটি মারিয়া বসিয়া থাকিব, কাছাকাছির সহিত কোনো সম্পর্ক রাখিব না, এমন হইতে পারে না। বাল্যকালে একদিন উত্তমরূপে পোলাও খাওয়া হইয়াছিল বলিয়া যে অবশিষ্ট জীবন ভাতের প্রতি অবজ্ঞা প্রদর্শন করিতে হইবে, এমন কোনো কথা নাই। আমাদের বৈদিক পৌরাণিক যুগ যে চলিয়া গেছে এ বড়ো দুঃখের বিষয়, এখন সকাল-সকাল এই দুঃখ সারিয়া লইয়া বর্তমান যুগের কাজ করিবার জন্য একটু সময় করিয়া লওয়া আবশ্যিক।

আমি যখন বলিয়াছিলাম ভাবের প্রতি আমাদের দেশের লোকের নিষ্ঠা নাই, ব্যক্তির প্রতিই আসক্তি, তখন আমি রামচন্দ্র-হরিশ্চন্দ্র-দধীচির কথা মনেও করি নাই— কীটের মতো যেখানকার যত পুরাতত্ত্বানুসন্ধান আমায় উৎসাহ নাই। আমি অপেক্ষাকৃত আধুনিকের কথাই বলিতেছি। তর্কবিতর্কের প্রবৃত্তি দূর করিয়া একবার ভাবিয়া দেখো দেখি, মহৎ ভাবকে উপন্যাসগত কুহেলিকা জ্ঞান না করিয়া মহৎ ভাবকে সত্য মনে করিয়া, তাহাকে বিশ্বাস করিয়া, তাহার জন্য আমাদের দেশে কয়জন লোক আত্মসমর্পণ করে। কেবল দলাদলি, কেবল ‘আমি আমি আমি’ এবং ‘অমুক অমুক অমুক’ করিয়াই মরিতেছি। আমাকে এবং অমুককে অতিক্রম করিয়াও যে দেশের কোনো কাজ, কোনো মহৎ অনুষ্ঠান বিরাজ করিতে পারে, ইহা আমরা মনে করিতে পারি না। এইজন্য আপন আপন অভিমান লইয়াই আমরা থাকি। আমাকে বড়ো চৌকি দেয় নাই, অতএব এ সভায় আমি থাকিব না— আমার পরামর্শ জিজ্ঞাসা করে নাই, অতএব ও কাজে আমি হাত দিতে পারি না— সে সমাজের সেক্রেটারি অমুক, অতএব সে সমাজে আমার থাকা শোভা পায় না— আমরা কেবল এই ভাবিয়াই মরি। সুপারিশের খাতির এড়াইতে পারি না, চক্ষুলজ্জা অতিক্রম করিতে পারি না, আমার একটা কথা অগ্রাহ্য হইলে সে অপমান সহ্য করিতে পারি না। দুর্ভিক্ষনিবারণের উদ্দেশে কেহ যদি আমার সাহায্য লইতে আসে, আমি পাঁচ টাকা দিয়া মনে করি তাহাকেই ভিক্ষা দিলাম, তাহাকেই সবিশেষ বাধিত করিলাম— সে এবং তাহার উর্ধ্বতন চতুর্দশ-সংখ্যক পূর্বপুরুষের নিকট হইতে মনে মনে কৃতজ্ঞতা দাবি করিয়া থাকি। নহিলে মনের তৃপ্তি হয় না। কোনো ব্যক্তিবিশেষকে বাধিত করিলাম না— আমি রহিলাম কলিকাতার এক কোণে, বীরভূমের এক কোণে এক ব্যক্তি আমার টাকায় মাসখানেক ধরিয়া দুই মুঠা ভাত খাইয়া লইল— ভারি তো আমার গরজ ! পরোপকারী বলিয়া নাম বাহির হয় কার ? যে ব্যক্তি আশ্রিতদের উপকার করে। অর্থাৎ, একজন আসিয়া কহিল, ‘মহাশয়, আপনার হাত ঝাড়িলে পর্বত, আপনি ইচ্ছা করিলে অনায়াসে আমার একটা গতি করিতে পারেন— আমি আপনাদেরই আশ্রিত।’ মহামহিম মহিমার্গব অমনি অবহেলে গুড়গুড়ি হইতে ধূমাকর্ষণপূর্বক অকাতরে বলিলেন, ‘আচ্ছা !’ বলিয়া পত্রযোগে একজন বিশ্বাসপরায়ণ বান্ধবের ঘাড়ে সেই অকর্মণ্য অপদার্থকে নিক্ষেপ করিলেন। আর-এক জন হতভাগ্য অগ্রে তাহার কাছে না গিয়া পাঁচুবাবুর কাছে গিয়াছিল, এই

অপরাধে তাহাকে কানা-কড়ি সাহায্য করা চুলায় যাক, বাক্যযন্ত্রণায় তাহাকে নাকের জলে চোখের জলে করিয়া তবে ছাড়িয়া দিলেন। আপনার স্থূল উদরটুকু ধারণ করিয়া এবং উদরের চতুষ্পার্শ্বে সহচর-অনুচরগণকে চক্রাকারে আকর্ষণ করিয়া লইয়া যে ব্যক্তি শনিগ্রহের মতো বিরাজ করিতে থাকে আমাদের এখানে সে ব্যক্তি একজন মহৎ লোক। উদারতার সীমা উদরের চারি পার্শ্বের মধ্যেই অবসিত। আমাদের মহত্ব ব্যাপক দেশে, ব্যাপক কালে, স্থান পায় না। অত কথায় কাজ কী, উদার মহত্বকে আমরা কোনোমতে বিশ্বাস করিতেই পারি না। যদি দেখি কোনো-এক ব্যক্তি টাকাকড়ির দিকে খুব বেশি মনোযোগ না দিয়া খানিকটা করিয়া সময় দেশের কাজে ব্যয় করে, তবে তাহাকে বলি 'হুজুকে'। আমাদের স্মৃতি ক্ষুদ্রত্বের নিকট বড়ো কাজ একটা হুজুক বৈ আর কিছুই নয়। আমরা টাকাকড়ি ক্ষুধাতৃষ্ণা এ-সকলের একটা অর্থ বুঝিতে পারি, ক্ষুদ্র প্রবৃত্তির বশে এবং সংকীর্ণ কর্তব্যজ্ঞানে কাজ করাকেই বুদ্ধিমান প্রকৃতিস্থ ব্যক্তির লক্ষণ বলিয়া জানি— কিন্তু মহৎ কার্যের উৎসাহে আত্মসমর্পণ করার কোনো অর্থই আমরা খুঁজিয়া পাই না। আমরা বলি, ও ব্যক্তি দল বাঁধিবার জন্য বা নাম করিবার জন্য বা কোনো-একটা গোপনীয় উপায়ে অর্থ-উপার্জন করিবার জন্য এই কাজে প্রবৃত্ত হইয়াছে— স্পষ্ট করিয়া কিছু যদি না বলিতে পারি তো বলি, ওর একটা মতলব আছে। মতলব তো আছেই। কিন্তু মতলব মানে কি কেবলই নিজের উদর বা অহংকার-তৃপ্তি, ইহা ব্যতীত আর দ্বিতীয় কোনো উচ্চতর মতলব আমরা কি কল্পনাও করিতে পারি না? এমনি আমাদের জাতির হৃদয়গত বন্ধনুল ক্ষুদ্রতা! কিন্তু এ দিকে দেখো, রামহরি বা কালাচাঁদের উপকারের জন্য কেহ প্রাণপণ করিতেছে এরূপ নিঃস্বার্থ ভাব দেখিলে আমরা তাহার প্রশংসা করিয়াই থাকি। অথচ, মানবজাতির উপকারের জন্য আপিস কামাই করা— এরূপ অশ্রদ্ধাজনক হাস্যজনক প্রস্তাব আপিস-কোটর-বাসী ক্ষুদ্র বাঙালি পেচকের নিকটে নিতান্ত রহস্য বলিয়া বোধ হয়। সামাজিক প্রবন্ধ দেখিলে বাঙালি পাঠকেরা ক্রমাগত ঘ্রাণ করিয়া সন্ধান করিতে থাকে ইহা কোন্ ব্যক্তিবিশেষের বিরুদ্ধে লিখিত। সমাজের কোনো কুরুচি বা কদাচারের বিরুদ্ধে কেহ যে রাগ করিতে পারে ইহা তেমন সম্ভব বোধ হয় না— এই উপলক্ষ করিয়া কোনো শত্রুর প্রতি আক্রমণ করা ইহাই একমাত্র যুক্তিসংগত, মনুষ্যস্বভাব-অর্থাৎ বাঙালিস্বভাব-সংগত বলিয়া সকলের বোধ হয়। এইজন্য অনেক বাংলা কাগজে ব্যক্তিবিশেষের কথা খুঁটিয়া খুঁটিয়া উজ্জ্বলিত করা হয়— যাকে-তাকে ধরিয়া তাহার উকুন বাছিয়া বা উকুন বাছিবার ভান করিয়া বাঙালি দর্শক-সাধারণের পরম আমোদ উৎপাদন করা হয়।

এই-সকল দেখিয়া শুনিয়াই তো বলিয়াছিলাম, আমরা ব্যক্তির জন্য আত্মবিসর্জন করিতেও পারি, কিন্তু মহৎ ভাবের জন্য সিকি পয়সাও দিতে পারি না। আমরা কেবল ঘরে বসিয়া বড়ো কথা লইয়া হাসিতামাশা করিতে পারি, বড়ো লোককে লইয়া বিদূষ করিতে পারি, তার পরে ফুড় ফুড় করিয়া খানিকটা তামাক টানিয়া তাস খেলিতে বসি। আমাদের কী হবে তাই ভাবি। অথচ ঘরে বসিয়া আমাদের অহংকার অভিমান খুব মোটা হইতেছে। আমরা ঠিক দিয়া রাখিয়াছি আমরা সমুদয় সভ্য জাতির সমকক্ষ। আমরা না পড়িয়া পণ্ডিত, আমরা না লড়িয়া বীর, আমরা ধাঁ করিয়া সভ্য, আমরা ফাঁকি দিয়া পেট্রিয়ট— আমাদের রসনার অদ্ভুত রাসায়নিক প্রভাবে জগতে যে তুমুল বিপ্লব উপস্থিত হইবে আমরা তাহারই জন্য প্রতীক্ষা করিয়া আছি, সমস্ত জগৎও সেই দিকে সবিষ্ময়ে নিরীক্ষণ করিয়া আছে। দাদামশায়, আর হরিশ্চন্দ্র-রামচন্দ্র-দধীচির কথা পাড়িয়া ফল কী বলো শুন। উহাতে আমাদের ফুটন্ত বাগ্মিতার মুখে ফোড়ন দেওয়া হয় মাত্র— আর কী হয়?

আমরা কেবল আপনাকে একে ওকে তাকে এবং এটা ওটা সেটা লইয়া মহা ধুমধাম ছটফট বা খুঁতখুঁত করিয়া বেড়াইতেছি— প্রকৃত বীরত্ব, উদার মনুষ্যত্ব, মহত্বের প্রতি আকাঙ্ক্ষা, জীবনের গুরুতর কর্তব্যসাধনের জন্য হৃদয়ের অনিবার্য আবেগ, ক্ষুদ্র বৈষয়িকতার অপেক্ষা সহস্রগুণ শ্রেষ্ঠ আধ্যাত্মিক উৎকর্ষ, এ-সকল আমাদের দেশে কেবল কথার কথা হইয়া রহিল— দ্বার নিতান্ত ক্ষুদ্র বলিয়া জাতির হৃদয়ের মধ্যে ইহারা প্রবেশ করিতে পারিল না, কেবল বাষ্পময় ভাষার প্রতিমাগুলি আমাদের সাহিত্যে কুঞ্জাটিকা রচনা করিতে লাগিল।

আমরা আশা করিয়া আছি ইংরাজি শিক্ষার প্রভাবে এ-সকল সংকীর্ণতা ক্রমে আমাদের মন হইতে দূর হইয়া যাইবে। এই শিক্ষার প্রতি বিরাগ জন্মাইয়া দিয়া ইহার অভ্যন্তরস্থিত ভালো জিনিসটুকু দেখিবার পথ রুদ্ধ করিয়া দেওয়া আমাদের পক্ষে মঙ্গলজনক বলিয়া বোধ হয় না।

সেবক

শ্রীনবীনকিশোর শর্মণঃ

৫

চিরঞ্জীবেষু

তোমার চিঠি পড়িয়া বড়ো খুশি হইলাম। বাস্তবিক, বাঙালিজাতি যেরূপ চালাকি করিতে শিখিয়াছে তাহাতে তাহাদের কাছে কোনো গভীর বিষয় বলিতে বা কোনো শ্রদ্ধাস্পদের নাম করিতে মনের মধ্যে সংকোচ উপস্থিত হয়। আমাদের এক কালে গৌরবের দিন ছিল, আমাদের দেশে এক কালে বড়ো বড়ো বীরসকল জন্মিয়াছিলেন— কিন্তু বাঙালির কাছে ইহার কোনো ফল হইল না। তাহারা কেবল ভীষ্ম-দ্রোণ-ভীমার্জুনকে পুরাতত্ত্বের কুলুঙ্গি হইতে পাড়িয়া, ধূলা ঝাড়িয়া, সভাশূলে পুতুল নাচ দেখায়। আসল কথা, ভীষ্ম প্রভৃতি বীরগণ আমাদের দেশে মরিয়া গিয়াছেন। তাহারা যে বাতাসে ছিলেন সে বাতাস এখন আর নাই। স্মৃতিকে বাঁচিতে হইলেও তাহার খোরাক চাই। নাম মনে করিয়া রাখা তো স্মৃতি নহে, প্রাণ ধরিয়া রাখাই স্মৃতি। কিন্তু প্রাণ জাগাইয়া রাখিতে হইলেই তাহার উপযোগী বাতাস চাই, তাহার উপযোগী খাদ্য চাই। আমাদের হৃদয়ের তপ্ত রক্ত সেই স্মৃতির শিরার মধ্যে প্রবাহিত হওয়া চাই। মনুষ্যত্বের মধ্যেই ভীষ্ম-দ্রোণ বাঁচিয়া আছেন। আমরা তো নকল মানুষ। অনেকটা মানুষের মতো। ঠিক মানুষের মতো খাওয়াদাওয়া করি, চলিয়া ফিরিয়া বেড়াই, হাই তুলি ও ঘুমোই— দেখিলে কে বলিবে যে মানুষ নই! কিন্তু ভিতরে মনুষ্যত্ব নাই। যে জাতির মজ্জার মধ্যে মনুষ্যত্ব আছে সে জাতির কেহ মহত্বকে অবিশ্বাস করিতে পারে না, মহৎ আশাকে কেহ গাঁজাখুরি মনে করিতে পারে না, মহৎ অনুষ্ঠানকে কেহ হুজুক বলিতে পারে না। সেখানে সংকল্প কার্য হইয়া উঠে, কার্য সিদ্ধিতে পরিণত হয়; সেখানে জীবনের সমস্ত লক্ষণই প্রকাশ পায়! সে জাতিতে সৌন্দর্য ফুলের মতো ফুটিয়া উঠে, বীরত্ব ফলের মতো পক্বতা প্রাপ্ত হয়। আমার বিশ্বাস, আমরা যতই মহত্ব উপার্জন করিতে থাকিব, আমাদের হৃদয়ের বল যতই বাড়িয়া উঠিবে, আমাদের দেশের বীরগণ ততই পুনর্জীবন লাভ করিবেন। পিতামহ ভীষ্ম আমাদের মধ্যে বাঁচিয়া উঠিবেন। আমাদের সেই নূতন জীবনের মধ্যে আমাদের দেশের প্রাচীন জীবন জীবন্ত হইয়া উঠিবে। নতুবা মৃত্যুর মধ্যে জীবনের উদয় হইবে কী করিয়া? বিদ্যুৎপ্রয়োগে মৃতদেহ জীবিতের মতো কেবল অঙ্গভঙ্গি ও মুখভঙ্গি করে মাত্র। আমাদের দেশে সেই বিচিত্র ভঙ্গিমার প্রাদুর্ভাব হইয়াছে। কিন্তু হায় হায়, কে আমাদের এমনি করিয়া নাচাইতেছে? কেন আমরা ভুলিয়া যাইতেছি যে আমরা নিতান্ত অসহায়? আমাদের এত-সব উন্নতির মূল কোথায়? এ-সব উন্নতি রাখিব কিসের উপরে? রক্ষা করিব কী উপায়ে? একটু নাড়া খাইলেই দিন-দুয়ের সুখস্বপ্নের মতো সমস্তই যে কোথায় বিলীন হইয়া যাইবে! অন্ধকারের মধ্যে বঙ্গদেশের উপরে ছায়াবাজির উজ্জ্বল ছায়া পড়িয়াছে, তাহাকেই স্থায়ী উন্নতি মনে করিয়া আমরা ইংরাজি ফ্যাশানে করতালি দিতেছি। উন্নতির চাকচিক্য লাভ করিয়াছি কিন্তু উন্নতিকে ধারণ করিবার, পোষণ করিবার ও রক্ষা করিবার বিপুল বল কই লাভ করিতেছি? আমাদের হৃদয়ের মধ্যে চাহিয়া দেখো, সেখানে সেই জীর্ণতা, দুর্বলতা, অসম্পূর্ণতা, ক্ষুদ্রতা, অসত্য, অভিমান, অবিশ্বাস, ভয়। সেখানে চপলতা, লঘুতা, আলস্য, বিলাস। দৃঢ়তা নাই, উদ্যম নাই; কারণ, সকলেই মনে করিতেছেন, সিদ্ধি হইয়াছে, সাধনার আবশ্যিক নাই। কিন্তু যে সিদ্ধি সাধনা-ব্যতীত হইয়াছে তাহাকে কেহ বিশ্বাস করিয়ো না। তাহাকে তোমার বলিয়া মনে করিতেছ, কিন্তু সে কখনোই তোমার নহে। আমরা

উপার্জন করিতে পারি, কিন্তু লাভ করিতে পারি না। আমরা জগতের সমস্ত জিনিসকে যতক্ষণ না আমার মধ্যে ফেলিয়া আমার করিয়া লইতে পারি, ততক্ষণ আমরা কিছুই পাই না। ঘাড়ের উপরে আসিয়া পড়িলেই তাহাকে পাওয়া বলে না। আমাদের চক্ষের স্নায়ু সূর্যকিরণকে আমাদের উপযোগী আলো-আকারে গড়িয়া লয়, তা না হইলে আমরা অন্ধ; আমাদের অন্ধ চক্ষুর উপরে সহস্র সূর্যকিরণ পড়িলেও কোনো ফল নাই। আমাদের হৃদয়ের সেই স্নায়ু কোথায়! এ পক্ষাঘাতের আরোগ্য কিসে হইবে! আমরা সাধনা কেন করি না? সিদ্ধির জন্য আমাদের মাথাব্যথা নাই বলিয়া। সেই মাথাব্যথাটা গোড়ায় চাই।

অর্থাৎ, বাতিকে আবশ্যিক। আমাদের শ্লেষ্মাপ্রধান ধাত, আমাদের বাতিকটা আদবেই নাই। আমরা ভারি ভদ্র, ভারি বুদ্ধিমান, কোনো বিষয়ে পাগলামি নাই। আমরা পাস করিব, রোজগার করিব, ও তামাক খাইব। আমরা এগেইব না, অনুসরণ করিব; কাজ করিব না, পরামর্শ দিব; দাঙ্গাহাঙ্গামাতে নাই, কিন্তু মকদ্দমা মামলা ও দলাদলিতে আছি। অর্থাৎ, হাঙ্গামের অপেক্ষা হুজ্জতটা আমাদের কাছে যুক্তিসিদ্ধ বোধ হয়। লড়াইয়ের অপেক্ষা পলায়নেই পিতৃযশ রক্ষা হয় এইরূপ আমাদের বিশ্বাস। এইরূপ আত্যস্তিক স্নিগ্ধ ভাব ও মজ্জাগত শ্লেষ্মার প্রভাবে নিদ্রাটা আমাদের কাছে পরম রমণীয় বলিয়া বোধ হয়, স্বপ্নটাকেই সত্যের আসনে বসাইয়া আমরা তৃপ্তি লাভ করি।

অতএব স্পষ্ট দেখা যাইতেছে, আমাদের প্রধান আবশ্যিক বাতিক। সেদিন একজন বৃদ্ধ বাতিকগ্রস্তের সহিত আমার দেখা হইয়াছিল। তিনি বায়ুভরে একেবারে কাত হইয়া পড়িয়াছেন— এমন-কি, অনেক সময়ে বায়ুর প্রকোপ তাঁহার আয়ুর প্রতি আক্রমণ করে। তাঁহার সহিত অনেকক্ষণ আলোচনা করিয়া স্থির করিলাম যে, আর কিছু না, আমাদের দেশে একটি বাতিকবর্ধনী সভার আবশ্যিক হইয়াছে। সভার উদ্দেশ্য আর কিছু নয়, কতকগুলো ভালোমানুষের ছেলেকে খেপাইতে হইবে। বাস্তবিক, প্রকৃত খেপা ছেলেকে দেখিলে চক্ষু জুড়াইয়া যায়।

বায়ুর মাহাত্ম্য কে বর্ণনা করিতে পারে? যে-সকল জাত ঊনবিংশ শতাব্দীর 'পরে ঊনপঞ্চাশ বায়ু লাগাইয়া চলিয়াছেন, আমরা সাবধানীরা কবে তাঁহাদের নাগাল পাইব? আমাদের যে অল্প একটু বায়ু আছে, সভার নিয়ম রচনা করিতে ও বড়তা দিতেই তাহা নিঃশেষিত হইয়া যায়।

মহৎ আশা, মহৎ ভাব, মহৎ উদ্দেশ্যকে সাবধানী বিষয়ী লোকেরা বাষ্পের ন্যায় জ্ঞান করেন। কিন্তু এই বাষ্পের বলেই উন্নতির জাহাজ চলিতেছে। এই বাষ্পকে খাটাইতে হইবে, এই বায়ুকে পালে আটক করিতে হইবে। এমন তুমুল শক্তি আর কোথায় আছে? আমাদের দেশে এই বাষ্পের অভাব, বায়ুর অভাব। আমরা উন্নতির পালে একটুখানি ফুঁ দিতেছি, যতখানি গাল ফুলিতেছে ততখানি পাল ফুলিতেছে না।

বৃহৎ ভাবের নিকটে আত্মবিসর্জন করাকে যদি পাগলামি বলে, তবে সেই পাগলামি এক কালে প্রচুর পরিমাণে আমাদের ছিল। ইহাই প্রকৃত বীরত্ব। কর্তব্যের অনুরোধে রাম যে রাজ্য ছাড়িয়া গেলেন তাহাই বীরত্ব, এবং সীতা ও লক্ষ্মণ যে তাঁহাকে অনুসরণ করিলেন তাহাও বীরত্ব। ভারত যে রামকে ফিরাইয়া আনিতে গেলেন তাহা বীরত্ব, এবং হনুমান যে প্রাণপণে রামের সেবা করিয়াছিলেন তাহাও বীরত্ব। হিংসা অপেক্ষা ক্ষমায় যে অধিক বীরত্ব, গ্রহণের অপেক্ষা ত্যাগে অধিক বীরত্ব, এই কথাই আমাদের কাব্যে ও শাস্ত্রে বলিতেছে। পালোয়ানিকে আমাদের দেশে সর্বাপেক্ষা বড়ো জ্ঞান করিত না। এইজন্য বাল্মীকির রাম রাবণকে পরাজিত করিয়াই ক্ষান্ত হন নাই, রাবণকে ক্ষমা করিয়াছেন। রাম রাবণকে দুইবার জয় করিয়াছেন। একবার বাণ মারিয়া, একবার ক্ষমা করিয়া। কবি বলেন, তন্মধ্যে শেষের জয়ই শ্রেষ্ঠ। হোমরের একিলিস পরাভূত হেক্টরের মৃতদেহ ঘোড়ার লেজে বাধিয়া শহর প্রদক্ষিণ করিয়াছিলেন— রামে একিলিসে তুলনা করো। যুরোপীয় মহাকবি হইলে পাণ্ডবদের যুদ্ধজয়েই মহাভারত শেষ করিতেন। কিন্তু আমাদের ব্যাস বলিলেন রাজ্য গ্রহণ করায় শেষ নহে, রাজ্য ত্যাগ করায় শেষ। যেখানে সব শেষ তাহাই আমাদের লক্ষ্য ছিল। কেবল তাহাই নহে, আমাদের কবিরা পুরস্কারেরও লোভ দেখান নাই। ইংরাজেরা যুটিলিটেরিয়ান, কতকটা দোকানদার;

তাই তাঁহাদের শাস্ত্রে পোয়েটিক্যাল জাস্টিস -নামক একটা শব্দ আছে, তাহার অর্থ দেনাপাওনা, সৎকাজের দর-দাম করা । আমাদের সীতা চিরদুঃখিনী, রাম-লক্ষ্মণের জীবন দুঃখে কষ্টে শেষ হইল । এতবড়ো অর্জুনের বীরত্ব কোথায় গেল ? অবশেষে দস্যুদল আসিয়া তাঁহার নিকট হইতে যাদবরমণীদের কাড়িয়া লইয়া গেল, তিনি গাণ্ডীব তুলিতে পারিলেন না । পঞ্চপাণ্ডবের সমস্ত জীবন দারিদ্র্যে দুঃখে শোকে অরণ্যে কাটিয়া গেল, শেষেই বা কী সুখ পাইলেন ! হরিশ্চন্দ্র যে এত কষ্ট পাইলেন, এত ত্যাগ করিলেন, অবশেষে কবি তাঁহার কাছ হইতে পুণ্যের শেষ পুরস্কার স্বর্গও কাড়িয়া লইলেন । ভীষ্ম যে রাজপুত্র হইয়া সন্ন্যাসীর মতো জীবন কাটাইলেন, তাঁহার সমস্ত জীবনে সুখ কোথায় ! সমস্ত জীবন যিনি আত্মত্যাগের কঠিন শয্যায় শুইয়াছিলেন, মৃত্যুকালে তিনি শরশয্যায় বিশ্রাম লাভ করিলেন !

এক কালে মহৎ ভাবের প্রতি আমাদের দেশের লোকের এত বিশ্বাস এত নিষ্ঠা ছিল । তাঁহারা মহত্বকেই মহত্বের পরিণাম বলিয়া জানিতেন, ধর্মকেই ধর্মের পুরস্কার জ্ঞান করিতেন ।

আর আজকাল ! আজকাল আমাদের এমনি হইয়াছে যে, কেহোনিগিরি ছাড়া আর কিছুই উপরে আমাদের বিশ্বাস নাই, এমনি-কি, বাণিজ্যকেও পাগলামি জ্ঞান করি ! দরখাস্তকে ভবসাগরের তরণী করিয়াছি, নাম সহি করিয়া আপনাকে বীর মনে করিয়া থাকি ।

আজ তোমাতে আমাতে ভাব হইল ভাই ! মহত্বের একাল আর সেকাল কী ? যাহা ভালো তাহাই আমাদের হৃদয় গ্রহণ করুক, যেখানে ভালো সেখানেই আমাদের হৃদয় অগ্রসর হউক ! আমাদের লঘুতা চপলতা সংকীর্ণতা দূরে যাক ! অজ্ঞতা ও ক্ষুদ্রতা হইতে প্রসূত বাঙালিসুলভ অভিমানে মোটা হইয়া চক্ষু রুদ্ধ করিয়া আপনাকে সকলের চেয়ে বড়ো মনে না করি ও মহৎ হইবার আগে দেশকালপাত্রনির্বিশেষে মহত্বের চরণের ধূলি লইতে পারি এমনি বিনয় লাভ করি ।

আশীর্বাদক
শ্রীষষ্ঠীচরণ দেবশর্মণঃ

৬

শ্রীচরণেষু

দাদামহাশয়, এবার কিছুদিন ভ্রমণে বাহির হইয়াছি । এই সুদূর বিস্তৃত মাঠ এই অশোকের ছায়ায় বসিয়া, আমাদের সেই কলিকাতা শহরকে একটা মস্ত ইঁটের খাঁচা বলিয়া মনে হইতেছে । শতসহস্র মানুষকে একটা বড়ো খাঁচায় পুরিয়া কে যেন হাতে বিক্রয় করিতে আনিয়াছে । স্বভাবের গীত তুলিয়া সকলেই কিচিকিচি ও খোঁচাখুঁচি করিয়া মরিতেছে । আমি সেই খাঁচা ছাড়িয়া উড়িয়াছি, আমি হাতে বিকাইতে চাহি না ।

গাছপালা নহিলে আমি তো বাঁচি না । আমি ষোলো আনা 'ভেজিটেরিয়ান' । আমি কায়মনে উদ্ভিদ সেবন করিয়া থাকি । ইঁট-কাঠ চুন-সুরকি মৃত্যুভাবের মতো আমার উপর চাপিয়া থাকে । হৃদয় পলে পলে মরিতে থাকে । বড়ো বড়ো ইমারতগুলো তাহাদের শক্তি শক্তি কড়ি বরগা মেলিয়া হাঁ করিয়া আমাকে গিলিয়া ফেলে । প্রকাণ্ড কলিকাতাটার কঠিন জঠরের মধ্যে আমি যেন একেবারে হজম হইয়া যাই । কিন্তু এখানে এই গাছপালার মধ্যে প্রাণের হিল্লোল । হৃদয়ের মধ্যে যেখানে জীবনের সরোবর আছে, প্রকৃতির চারি দিক হইতে সেখানে জীবনের স্রোত আসিয়া মিশিতে থাকে ।

বঙ্গদেশ এখান হইতে কত শত ক্রোশ দূরে ! কিন্তু এখান হইতে বঙ্গভূমির এক নূতন মূর্তি দেখিতে পাইতেছি । যখন বঙ্গদেশের ভিতরে বাস করিতাম, তখন বঙ্গদেশের জন্য বড়ো আশা হইত না । তখন মনে হইত বঙ্গদেশ গৌফে-তেল-গাছে-কাঁঠালের দেশ । যতবড়ো-না-মুখ-ততবড়ো-কথার দেশ । পেটে-পিলে কানে-কলম ও মাথায়-শামলার দেশ । মনে হইত এখানে বিচিগুলোই দেখিতে দেখিতে

তেরো হাত হইয়া কাঁকুড়কে অতিক্রম করিয়া উঠে । এখানে পাড়াগেয়ে ছেলেরা হাত-পা নাড়িয়া কেবল একটা প্রহসন অভিনয় করিতেছে, এবং মনে করিতেছে দর্শকেরা শুধু কেবল আড়ি করিয়া হাসিতেছে, হাসির কোনো যুক্তিসংগত কারণ নাই । কিন্তু আজি এই সহস্র ক্রোশ ব্যবধান হইতে বঙ্গভূমির মুখের চতুর্দিকে এক অপূর্ব জ্যোতির্মণ্ডল দেখিতে পাইতেছি । বঙ্গদেশ আজ মা হইয়া বসিয়াছেন, তাঁহার কোলে বঙ্গবাসী নামে এক সুন্দর শিশু— তিনি হিমালয়ের পদপ্রান্তে, সাগরের উপকূলে, তাঁহার শ্যামল কানন তাঁহার পরিপূর্ণ শস্যক্ষেত্রের মধ্যে, তাঁহার গঙ্গা-ব্রহ্মপুত্রের তীরে, এই শিশুটি কোলে করিয়া লালন করিতেছেন । এই সম্ভানের মুখের দিকে মাতা অবনত হইয়া চাহিয়া আছেন, ইহাকে দেখিয়া তাঁহার মুখে আশা ও আনন্দের আভা দীপ্তি পাইয়া উঠিয়াছে । সহস্র ক্রোশ অতিক্রম করিয়া আমি মায়ের মুখের সেই আশার আলোক দেখিতে পাইতেছি । আমি আশ্বাস পাইতেছি এ সম্ভান মরিবে না । বঙ্গভূমি এই সম্ভানটিকে মানুষ করিয়া ইহাকে একদিন পৃথিবীর কাজে উৎসর্গ করিতে পারিবেন । বঙ্গভূমির কোল হইতে আজ মাঝে মাঝে শিশুর হাসি, শিশুর ক্রন্দন শুনিতেছি— বঙ্গভূমির সহস্র নিকুঞ্জ এতদিন নিস্তব্ধ ছিল, বঙ্গভবনে শিশুর কণ্ঠধ্বনি এতদিন শুনা যায় নাই, এতদিন এই ভাগীরথীর উভয় তীর কেবল শ্মশান বলিয়া মনে হইত । আজ বঙ্গভূমির আনন্দ-উৎসব ভারতবর্ষের চারি দিক হইতে শুনা যাইতেছে । আজ ভারতবর্ষের পূর্বপ্রান্তে যে নবজাতির জন্মসংগীত গান হইতেছে, ভারতবর্ষের দক্ষিণ প্রান্ত পশ্চিমঘাটগিরির সীমান্তদেশে বসিয়া আমি তাহা শুনিতে পাইতেছি । বঙ্গদেশের মধ্যে থাকিয়া যাহা কেবলমাত্র অর্থহীন কোলাহল মনে হইত এখানে তাহার এক বৃহৎ অর্থ দেখিতে পাইতেছি । এই দূর হইতে বঙ্গদেশের কেবল বর্তমান নহে, ভবিষ্যৎ— প্রত্যক্ষ ঘটনাগুলিমাত্র নহে, সুদূর সম্ভাবনাগুলি পর্যন্ত— দেখিতে পাইতেছি । তাই আমার হৃদয়ে এক অনির্বচনীয় আশার সঞ্চারণ হইতেছে ।

মনের আবেগে কথাগুলো কিছু বড়ো হইয়া পড়িল । তোমার আবার বড়ো কথা সয় না । ছোটো কথা সম্বন্ধে তোমার কিঞ্চিৎ গোড়ামি আছে— সেটা ভালো নয় । যাই হোক, তোমাকে বক্তৃতা দেওয়া আমার উদ্দেশ্য নয় । আসল কথা কী জানো ? এতদিন বঙ্গদেশ শহরতলিতে পড়িয়া ছিল, এখন আমাদিগকে শহর-ভুক্ত করিবার প্রস্তাব আসিয়াছে । ইহা আমি গোপনে সংবাদ পাইয়াছি । এখন আমরা মানবসমাজ-নামক বৃহৎ মিউনিসিপ্যালিটির জন্য ট্যাক্স দিবার অধিকারী হইয়াছি । আমরা পৃথিবীর রাজধানী-ভুক্ত হইবার চেষ্টা করিতেছি । আমরা রাজধানীকে কর দিব এবং রাজধানীর কর আদায় করিব ।

মানুষের জন্য কাজ না করিলে মানুষের মধ্যে গণ্য হওয়া যায় না । একদেশবাসীর মধ্যে যেখানে প্রত্যেকেই সকলের প্রতিনিধিস্বরূপ, সকলের দায় সকলেই নিজের স্বন্ধে গ্রহণ করে, সেখানেই প্রকৃতরূপে জাতির সৃষ্টি হইয়াছে বলিতে হইবে । আর যাহারা স্বজাতিকে অতিক্রম করিয়া মানবসাধারণের জন্য কাজ করেন তাহারা মানবজাতির মধ্যে গণ্য । আমরা স্বজাতি ও মানবজাতির জন্য কাজ করিতে পারিব বলিয়া কি আশ্বাস জন্মিতেছে না ? আমাদের মধ্যে এক বৃহৎ ভাবের বন্যা আসিয়া প্রবেশ করিয়াছে, আমাদের রুদ্ধ দ্বারে আসিয়া আঘাত করিতেছে, আমাদিগকে সর্বসাধারণের সহিত একাকার করিয়া দিবার চেষ্টা করিতেছে । অনেকে বিলাপ করিতেছে ‘সমস্ত একাকার হইয়া গেল’— কিন্তু আমার মনে আজ এই বলিয়া আনন্দ হইতেছে যে, আজ সমস্ত ‘একাকার’ হইবারই উপক্রম হইয়াছে বটে । আমরা যখন বাঙালি হইব তখন একবার ‘একাকার’ হইবে, আর বাঙালি যখন মানুষ হইবে তখন আরো ‘একাকার’ হইবে । বিপুল মানবশক্তি বাংলা-সমাজের মধ্যে প্রবেশ করিয়া কাজ আরম্ভ করিয়াছে, ইহা আমি দূর হইতে দেখিতে পাইতেছি । ইহার প্রভাব অতিক্রম করিতে কে পারে ? এ আমাদের সংকীর্ণতা আমাদের আলস্য ঘুচাইয়া তবে ছাড়িবে । আমাদের মধ্যে বৃহৎ প্রাণ সঞ্চারণ করিয়া সেই প্রাণ পৃথিবীর সহিত যোগ করিয়া দিবে । আমাদিগকে তাহার দূত করিয়া পৃথিবীতে নূতন নূতন সংবাদ প্রেরণ করিবে । আমাদের দ্বারা তাহার কাজ করাইয়া লইয়া তবে নিস্তার । আমার মনে নিশ্চয় প্রতীতি হইতেছে— বাঙালিদের একটা কাজ আছেই । আমরা নিতান্ত পৃথিবীর অন্নধ্বংস

করিতে আসি নাই । আমাদের লজ্জা একদিন দূর হইবে । ইহা আমরা হৃদয়ের ভিতর হইতে অনুভব করিতেছি ।

আমাদের আশ্বাসের কারণও আছে । আমাদের বাঙালির মধ্য হইতেই তো চৈতন্য জন্মিয়াছিলেন । তিনি তো বিঘাকাঠার মধ্যেই বাস করিতেন না, তিনি তো সমস্ত মানবকে আপনার করিয়াছিলেন । তিনি বিস্তৃত মানবপ্রেমে বঙ্গভূমিকে জ্যোতির্ময়ী করিয়া তুলিয়াছিলেন । তখন তো বাংলা পৃথিবীর এক প্রান্তভাগে ছিল, তখন তো সাম্য ভ্রাতৃত্বের প্রভৃতি কথাগুলোর সৃষ্টি হয় নাই, সকলেই আপন-আপন আর্থিক তর্পণ ও চণ্ডীমণ্ডপটি লইয়া ছিল— তখন এমন কথা কী করিয়া বাহির হইল—

‘মার খেয়েছি, নাহয় আরও খাব ।

তাই বলে কি প্রেম দিব না ? আয় !’

এ কথা ব্যাপ্ত হইল কী করিয়া ? সকলের মুখ দিয়া বাহির হইল কী করিয়া ? আপন-আপন বাঁশবাগানের পার্শ্বস্থ ভদ্রাসনবাটার মনসাসিজের বেড়া ডিঙাইয়া পৃথিবীর মাঝখানে আসিতে কে আহ্বান করিল এবং সে আহ্বানে সকলে সাড়া দিল কী করিয়া ? একদিন তো বাংলাদেশে ইহাও সম্ভব হইয়াছিল । একজন বাঙালি আসিয়া একদিন বাংলাদেশকে তো পথে বাহির করিয়াছিল । একজন বাঙালি তো একদিন সমস্ত পৃথিবীকে পাগল করিবার জন্য ষড়যন্ত্র করিয়াছিল এবং বাঙালিরা সেই ষড়যন্ত্রে তো যোগ দিয়াছিল । বাংলার সে এক গৌরবের দিন । তখন বাংলা স্বাধীনই থাকুক আর অধীনই থাকুক, মুসলমান নবাবের হাতেই থাকুক আর স্বদেশীয় রাজার হাতেই থাকুক, তাহার পক্ষে সে একই কথা । সে আপন তেজে আপনি তেজস্বী হইয়া উঠিয়াছিল ।

আসল কথা, বাংলায় সেই একদিন সমস্ত একাকার হইবার জো হইয়াছিল । তাই কতকগুলো লোক খেপিয়া চৈতন্যকে কলসীর কানা ছুঁড়িয়া মারিয়াছিল । কিন্তু কিছুই করিতে পারিল না । কলসীর কানা ভাসিয়া গেল । দেখিতে দেখিতে এমনি একাকার হইল যে, জাতি রহিল না, কুল রহিল না, হিন্দু-মুসলমানেও প্রভেদ রহিল না । তখন তো আর্য়কুলতিলকেরা জাতিভেদ লইয়া তর্ক তুলে নাই । আমি তো বলি তর্ক করিলেই তর্ক উঠে । বৃহৎ ভাব যখন অগ্রসর হইতে থাকে তখন তর্কবিতর্ক খুঁটিনাটি সমস্তই অচিরাৎ আপন-আপন গর্তের মধ্যে সুড়সুড় করিয়া প্রবেশ করে । কারণ, মরার বাড়া আর গাল নাই । বৃহৎ ভাব আসিয়া বলে, সুবিধা-অসুবিধার কথা হইতেছে না, আমার জন্য সকলকে মরিতে হইবে । লোকেও তাহার আদেশ শুনিয়া মরিতে বসে । মরিবার সময় খুঁটিনাটি লইয়া তর্ক করে কে বলো !

চৈতন্য যখন পথে বাহির হইলেন তখন বাংলাদেশের গানের সুর পর্যন্ত ফিরিয়া গেল । তখন এককণ্ঠবিহারী বৈঠকি সুরগুলো কোথায় ভাসিয়া গেল ? তখন সহস্র হৃদয়ের তরঙ্গ-হিল্লোল সহস্র কণ্ঠ উচ্ছ্বসিত করিয়া নূতন সুরে আকাশে ব্যাপ্ত হইতে লাগিল । তখন রাগ রাগিণী ঘর ছাড়িয়া পথে বাহির হইল, একজনকে ছাড়িয়া সহস্র জনকে বরণ করিল । বিশ্বকে পাগল করিবার জন্য কীর্তন বলিয়া এক নূতন কীর্তন উঠিল । যেমন ভাব তেমনি তাহার কণ্ঠস্বর— অশ্রুজলে ভাসাইয়া সমস্ত একাকার করিবার জন্য ক্রন্দনধ্বনি । বিজন কক্ষে বসিয়া বিনাইয়া বিনাইয়া একটিমাত্র বিরহিণীর বৈঠকি কান্না নয়, প্রেমে আকুল হইয়া নীলাকাশের তলে দাঁড়াইয়া সমস্ত বিশ্বজগতের ক্রন্দনধ্বনি ।

তাই আশা হইতেছে— আর একদিন হয়তো আমরা একই মত্ততায় পাগল হইয়া সহসা একজাতি হইয়া উঠিতে পারিব, বৈঠকখানার আসবাব ছাড়িয়া সকলে মিলিয়া রাজপথে বাহির হইতে পারিব, বৈঠকি ধূপদ খেয়াল ছাড়িয়া রাজপথী কীর্তন গাহিতে পারিব । মনে হইতেছে এখনি বঙ্গদেশের প্রাণের মধ্যে একটি বৃহৎ কথা প্রবেশ করিয়াছে, একটি আশ্বাসের গান ধ্বনিত হইতেছে, তাই সমস্ত দেশটা মাঝে মাঝে টলমল করিয়া উঠিতেছে । এ যখন জাগিয়া উঠবে তখন আজিকার দিনের এই-সকল সংবাদপত্রের মেকি সংগ্রাম, শতসহস্র ক্ষুদ্র ক্ষুদ্র তর্কবিতর্ক ঝগড়াঝাঁটি সমস্ত চূলায় যাইবে— আজিকার দিনের বড়ো বড়ো ছোটোলোকদিগের নখে-আঁকা গণ্ডিগুলি কোথায় মিলাইয়া যাইবে ! সেই আর-একদিন বাংলা একাকার হইবে ।

প্রকৃত স্বাধীনতা ভাবের স্বাধীনতা । বৃহৎ ভাবের দাস হইলেই আমরা স্বাধীনতার প্রকৃত সুখ ও গৌরব অনুভব করিতে পারি । তখন কেই বা রাজা, কেই বা মন্ত্রী ! তখন একটা উচু সিংহাসনমাত্র গড়িয়া আমাদের চেয়ে কেহ উচু হইতে পারে না । সেই গৌরব হৃদয়ের মধ্যে অনুভব করিতে পারিলেই আমাদের সহস্র বৎসরের অপমান দূর হইয়া যাইবে, আমরা সকল বিষয়ে স্বাধীন হইবার যোগ্য হইব ।

আমাদের সাহিত্য যদি পৃথিবীর সাহিত্য হয়, আমাদের কথা যদি পৃথিবীর কাজে লাগে, এবং সে সূত্রেও যদি বাংলার অধিবাসীরা পৃথিবীর অধিবাসী হইতে পারে, তাহা হইলেও আমাদের মধ্যে গৌরব জন্মিবে— হীনতা ধুলার মতো আমরা গা হইতে ঝাড়িয়া ফেলিতে পারিব ।

কেবলমাত্র বন্দুক ছুঁড়িতে পারিলেই যে আমরা বড়োলোক হইব তাহা নহে, পৃথিবীর কাজ করিতে পারিলে তবে আমরা বড়োলোক হইব । আমার তো আশা হইতেছে আমাদের মধ্যে এমন-সকল বড়োলোক জন্মিবেন যাহারা বঙ্গদেশকে পৃথিবীর মানচিত্রের শামিল করিবেন ও এইরূপে পৃথিবীর সীমানা বাড়াইয়া দিবেন ।

তুমি নাকি বড়ো চিঠি পড় না, তাই ভয় হইতেছে পাছে এই চিঠি ফেরত দিয়া ইহার সংক্ষেপ মর্ম লিখিয়া পাঠাইতে অনুরোধ কর । কিন্তু তুমি পড় আর নাই পড় আমি লিখিয়া আনন্দলাভ করিলাম । এ যেন আমিই আমাকে চিঠি লিখিলাম, এবং পড়িয়া সম্পূর্ণ পরিতোষ প্রাপ্ত হইলাম ।

সেবক

শ্রীনবীনকিশোর শর্মণঃ

৭

চিরঞ্জীবেষু

ভায়া আমাদের সকালে পোস্টাপিসের বাহুল্য ছিল না— জরুরি কাজের চিঠি ছাড়া অন্য কোনোপ্রকার চিঠি হাতে আসিত না, এইজন্য সংক্ষেপ-চিঠি পড়াই আমাদের অভ্যাস । তা ছাড়া বৃড়ামানুষ— প্রত্যেক অক্ষর বানান করিয়া করিয়া পড়িতে হয়— বড়ো চিঠি পড়িতে ডরাই সে কথা মিথ্যা নয় । কিন্তু তোমার চিঠি পড়িয়া দীর্ঘ পত্র পড়ার দুঃখ আমার সমস্ত দূর হইল । তুমি যে হৃদয়পূর্ণ চিঠি লিখিয়াছ তাহার সমালোচনা করিতে বসিতে আমার মন সরিতেছে না । কিন্তু বৃড়ামানুষের কাজই সমালোচনা করা । যৌবনের সহজ চক্ষুতে প্রকৃতির সৌন্দর্যগুলিই দেখিতে পাওয়া যায়, কিন্তু চশমার ভিতর দিয়া কেবল অনেকগুলো খুঁত এবং খুঁটিনাটি চোখে পড়ে ।

বিদেশে গিয়া যে বাঙালি জাতির উন্নতি-আশা তোমার মনে উচ্ছ্বসিত হইয়াছে, তাহার গুটিকতক কারণ আছে । প্রধান কারণ— এখানে তোমার অজীর্ণ রোগ ছিল, সেখানে তোমার খাদ্য জীর্ণ হইতেছে এবং সেইসঙ্গে ধরিয়া লইতেছ যে বাঙালি মাত্রেরই পেটে অন্ন পরিপাক পাইতেছে— এরূপ অবস্থায় কাহার না আশার সঞ্চারণ হয় ! কিন্তু আমি অল্পশূলপীড়ায় কাতর বাঙালিসন্তান— তোমার চিঠিটা আমার কাছে আগাগোড়াই কাহিনী বলিয়া ঠেকিতেছে । পেটে আহার জীর্ণ হওয়া এবং না হওয়ার উপর পৃথিবীর কত সুখদুঃখ মঙ্গল-অমঙ্গল নির্ভর করে তাহা কেহ ভাবিয়া দেখে না । পাকযন্ত্রের উপর যে উন্নতির ভিত্তি স্থাপিত হয় নাই সে উন্নতি ক'দিন টিকিতে পারে ? জঠরানলের প্রথর প্রভাবেই মনুষ্যজাতিকে অগ্রসর করিয়া দেয় । যে জাতির ক্ষুধা কম সে জাতি থাকিলেও হয় গেলেও হয় ; তাহার দ্বারা কোনো কাজ হইবে না । যে জাতি আহার করে, অথচ হজম করে না, সে জাতি কখনোই সদগতি প্রাপ্ত হইতে পারে না ।

বাঙালি জাতির অল্পরোগ হইল বলিয়া বাঙালি কেরানিগিরি ছাড়িতে পারিল না । তাহার সাহস হয় না, আশা হয় না, উদ্যম হয় না । এজন্য বেচারাকে দোষ দেওয়া যায় না । আমাদের শরীর অপটু, বুদ্ধি

অপরিপক, উদরান্ন ততোধিক । অতএব সমাজ-সংস্কারের ন্যায় পাকযন্ত্র-সংস্কারও আমাদের আবশ্যিক হইয়াছে ।

আনন্দ না থাকিলে উন্নতি হইবে কী করিয়া ! আশা উৎসাহ সঞ্চয় করিব কোথা হইতে ? অকৃতকার্যকে সিদ্ধির পথে বার বার অগ্রসর করিয়া দিবে কে ! আমাদের এই নিরানন্দের দেশে উঠিতে ইচ্ছা করে না, কাজ করিতে ইচ্ছা করে না, একবার পড়িয়া গেলেই মেরুদণ্ড ভাঙিয়া যায় । প্রাণ না দিলে কোনো কাজ হয় না— কিন্তু প্রাণ দিব কিসের পরিবর্তে ! আমাদের প্রাণ কাড়িয়া লইবে কে ! আনন্দ নাই, আনন্দ নাই— দেশে আনন্দ নাই, জাতির হৃদয়ে আনন্দ নাই । কেমন করিয়া থাকিবে ! আমাদের এই স্বল্পায়ু ক্ষুদ্র শীর্ণ দেহ, অল্পশূলে বিদ্ধ, ম্যালেরিয়ায় জীর্ণ, রোগের অবধি নাই— বিশ্বব্যাপিনী আনন্দসুধার অনন্ত প্রস্রবণধারা আমরা যথেষ্ট পরিমাণে ধারণ করিয়া রাখিতে পারি না— এইজন্য নিদ্রা আর ভাঙে না, একবার শান্ত হইয়া পড়িলে শান্তি আর দূর হয় না, একবার কার্য ভাঙিয়া গেলে কার্য আর গঠিত হয় না, একবার অবসাদ উপস্থিত হইলে তাহা ক্রমাগতই ঘনীভূত হইতে থাকে ।

অতএব কেবল মাতিয়া উঠিলেই হইবে না ; সেই মত্ততা ধারণ করিয়া রাখিবার, সেই মত্ততা সমস্ত জাতির শিরার মধ্যে সঞ্চারিত করিয়া দিবার ক্ষমতা সঞ্চয় করা চাই । একটি স্থায়ী আনন্দের ভাব সমস্ত জাতির হৃদয়ে দৃঢ় বন্ধমূল হওয়া চাই । এমন এক প্রবল উত্তেজনাশক্তি আমাদের জাতিহৃদয়ের কেন্দ্রস্থলে অহরহ দণ্ডায়মান থাকে যাহার আনন্দ-উচ্ছ্বাসবেগে আমাদের জীবনের প্রবাহ সহস্র ধারায় জগতের সহস্র দিকে প্রবাহিত হইতে পারে ! কোথায় বা সে শক্তি ! কোথায় বা তাহার দাঁড়াইবার স্থান ! সে শক্তির পদভারে আমাদের এই জীর্ণ দেহ বিদীর্ণ হইয়া ধূলিসাৎ হইয়া যায় ।

আমি তো ভাই, ভাবিয়া রাখিয়াছি, যে দেশের আবহাওয়ায় বেশি মশা জন্মায় সেখানে বড়ো জাতি জন্মিতে পারে না । এই আমাদের জলা-জমি জঙ্গল, এই কোমল মৃত্তিকার মধ্যে, কর্মানুষ্ঠানতৎপর প্রবল সভ্যতার স্রোত আসিয়া আমাদের কাননবেষ্টিত প্রচ্ছন্ন নিভৃত ক্ষুদ্র কুটিরগুলি কেবল ভাঙিয়া দিতেছে মাত্র । আকাঙ্ক্ষা আনিয়া দিতেছে, কিন্তু উপায় নাই ; কাজ বাড়াইয়া দিতেছে, কিন্তু শরীর নাই ; অসন্তোষ আনিয়া দিতেছে, কিন্তু উদাম নাই । আমাদের যে স্বস্তি ছিল তাহা ভাসাইয়া দিতেছে, তাহার পরিবর্তে যে সুখে মরীচিকা রচনা করিতেছে তাহাও আমাদের দুঃপ্রাপ্য । কাজ করিয়া প্রকৃত সিদ্ধি নাই, কেবল অহর্নিশি শ্রান্তিই সার । আমার মনে হয় তার চেয়ে আমরা ছিলাম ভালো— আমাদের সেই স্নিগ্ধ কাননচ্ছায়ায়, পল্লবের মর্মর শব্দে, নদীর কলস্বরে, সুখের কুটিরে— স্নেহশীল পিতামাতা, পতিপ্রাণা স্ত্রী, স্বজনবৎসল পুত্রকন্যা, পরিবারপ্রতিম পরিচিত প্রতিবেশীদিগকে লইয়া, যে নিরুপদ্রব নীড়টুকু রচনা করিয়াছিলাম, সে ছিলাম ভালো । যুরোপীয় বিরাট সভ্যতার পাষণ-উপকরণসকল আমরা কোথায় পাইব ! কোথায় সে বিপুল বল, সে শ্রান্তিমোচন জলবায়ু, সে ধুরন্ধর প্রশস্ত ললাট ! অবিশ্রাম কর্মানুষ্ঠান, বাধাবিঘ্নের সহিত অবিশ্রাম যুদ্ধ, নূতন নূতন পথের অনুসন্ধান অবিশ্রাম ধাবন, অসন্তোষানলে অবিশ্রাম দহন— সে আমাদের এই প্রথর রৌদ্রতপ্ত আর্দ্রসিক্ত দেশে জীর্ণশীর্ণ দুর্বল দেহে পারিব কেন ? কেবল আমাদের শ্যামল শীতল তৃণনিবাস পরিত্যাগ করিয়া আমরা পতঙ্গের মতো উগ্র সভ্যতানলে দগ্ধ হইয়া মরিব মাত্র ।

বালকেরা শুনিবে এবং বৃদ্ধেরা বলিবে— এইজন্য তোমাদের কাছে সংক্ষেপ-চিঠি প্রত্যাশা করি, কিন্তু নিজে বড়ো চিঠি লিখি । অর্বাচীনদের কথা ধৈর্য ধরিয়া বেশিক্ষণ শুনিতে পারি না, কিন্তু নিজের কথা বলিয়া তৃপ্তি হয় না— অতএব 'নিজে যেরূপ ব্যবহার প্রত্যাশা কর অন্যের প্রতি সেইরূপ আচরণ করিবে' বাইবেলের এই উপদেশ-অনুসারে আমার সহিত কাজ করিয়ো না, আগে হইতে সতর্ক করিয়া দিলাম ।

আশীর্বাদক

শ্রীযশ্চীচরণ দেবশর্মণঃ

৮

শ্রীচরণেষু

তবে আর কী ! তবে সমস্ত চুলায় যাক । বাংলাদেশ তাহার আম-কাঠালের বাগান এবং বাঁশঝাড়ের মধ্যে বসিয়া কেবল ঘরকন্না করিতেই থাকুক । স্কুল উঠাইয়া দাও, সাপ্তাহিক এবং মাসিক সমুদয় কাগজপত্র বন্ধ করো, পৃথিবীর সকল বিষয় লইয়াই যে আন্দোলন-আলোচনা পড়িয়া গিয়াছে সেটা বলপূর্বক স্থগিত করো, ইংরাজি পড়া একেবারেই বন্ধ করো, বিজ্ঞান শিখিয়ে না, যে-সমস্ত মহাত্মা মানবজাতির জন্য আপনার জীবন উৎসর্গ করিয়াছেন তাহাদের ইতিহাস পড়িয়ে না, পৃথিবীর যে-সকল মহৎ অনুষ্ঠান বাসুকির ন্যায় সহস্র শিরে মানবজাতিকে বিনাশবিশৃঙ্খলা হইতে রক্ষা করিয়া অটল উন্নতির পথে ধারণ করিয়া রাখিয়াছে, তাহাদের সম্বন্ধে সম্পূর্ণ অজ্ঞ হইয়া থাকো । অর্থাৎ, যাহাতে করিয়া হৃদয় জাগ্রত হয়, মনে উদ্যমের সঞ্চার হয়, বিশ্বের সঙ্গে মিলিত হইয়া একত্র কাজ করিবার জন্য অনিবার্য আবেগ উপস্থিত হয়— সে সমস্ত হইতে দূরে থাকো । পড়িবার মধ্যে নূতন পঞ্জিকা পড়ো, কোন্ দিন বার্তাকু নিষেধ ও কোন্ দিন কুম্ভাগু বিধি তাহা লইয়া প্রতিদিন সমালোচনা করো । দালান ডাবাঙ্কা নস্য ও নিন্দা লইয়া এই রৌদ্রতাপদন্ধ নিদাঘ-মধ্যাহ্ন অতিবাহিত করো । সম্ভানদের মাথার মধ্যে চাণক্যের শ্লোক প্রবেশ করাইয়া সেই মাথাগুলো ইহকাল ও পরকালের মতো ভক্ষণের জোগাড় করিয়া রাখো ।

দাদামহাশয়, তুমি কি সত্য-সত্যই বলিতেছ আমরা একশত বৎসর পূর্বে যেরূপ ছিলাম অবিকল সেইরূপ থাকাই ভালো, আর কিছুমাত্র উন্নতি হইয়া কাজ নাই ? জ্ঞানলাভ করিয়া কাজ নাই, পাছে প্রবল জ্ঞানলালসা জন্মিয়া আমাদের দুর্বল দেহকে জীর্ণ করিয়া ফেলে ! লোকহিতপ্রবর্তক উপদেশ শুনিয়া কাজ নাই, পাছে মানবহিতের জন্য কঠোর ব্রত পালন করিতে গিয়া এই প্রথর রৌদ্রতাপে আমরা শুষ্ক হইয়া যাই । বড়োলোকের জীবনবৃত্তান্ত পড়িয়া কাজ নাই, পাছে এই মশকের দেশে জন্মগ্রহণ করিয়াও আমাদের দুর্বল হৃদয়ে বড়োলোক হইবার দুরাশা জাগ্রত হয় ! তুমি পরামর্শ দিতেছ ঠাণ্ডা হও, ছায়ায় থাকো, গৃহের দ্বার রুদ্ধ করো, ডাবের জল খাও, নাসারঞ্জে তৈল দাও, এবং স্ত্রীপুত্রপরিবার ও প্রতিবেশীদিগকে লইয়া নিরুপদ্রবে সুখনিদ্রার আয়োজন করো !

কিন্তু এখন পরামর্শ দেওয়া বৃথা, সাবধান করা নিষ্ফল । বাঁশির ধ্বনি কানে আসিয়াছে, আমরা গৃহের বাহির হইব । যে বন্ধনে আমরা সমস্ত মানবজাতির সহিত যুক্ত, সেই বন্ধনে আজ টান পড়িয়াছে । বৃহৎ মানব আমাদের ডাকিয়াছে, তাহার সেবা করিতে না পারিলে আমাদের জীবন নিষ্ফল । আমাদের পিতৃভক্তি, মাতৃভক্তি, সৌভ্রাতৃ, বাৎসল্য, দাম্পত্যপ্রেম সমস্ত সে চাহিতেছে ; তাহাকে যদি বঞ্চিত করি তবে আমাদের সমস্ত প্রেম ব্যর্থ হয়, আমাদের হৃদয় অপরিতৃপ্ত থাকে । যেমন বালিকা স্ত্রী বয়ঃপ্রাপ্ত হইয়া ক্রমে যতই স্বামীপ্রেমের মর্ম অবগত হইতে থাকে, ততই তাহার হৃদয়ের সমুদয় প্রবৃত্তি স্বামীর অভিমুখিনী হইতে থাকে— তখন শরীরের কষ্ট, জীবনের ভয় বা কোনো উপদেশই তাহাকে স্বামীসেবা হইতে ফিরাইতে পারে না— তেমনি আমরা মানবপ্রেমের মর্ম অবগত হইতেছি, এখন আমরা মানবসেবায় জীবন উৎসর্গ করিব, কোনো দাদামশায়ের কোনো উপদেশ তাহা হইতে আমাদের নিবৃত্ত করিতে পারিবে না । মরণ হয় তো মরিব, কোনো উপায় নাই । কী সুখেই বা বাঁচিয়া আছি !

আনন্দের কথা বলিতেছ ? এই তো আনন্দ ! এই নূতন জ্ঞান, এই নূতন প্রেম, এই নূতন জীবন— এই তো আনন্দ ! আনন্দের লক্ষণ কি কিছু ব্যক্ত হইতেছে না ! জাগরণের ভাব কি কিছু প্রকাশ পাইতেছে না ? বঙ্গসমাজের গঙ্গায় একটা জোয়ার আসিতেছে বলিয়া কি মনে হইতেছে না ! তাই কি সমাজের সর্বাঙ্গ আবেগে চঞ্চল হইয়া উঠে নাই ! আমাদের এ দেশ নিরানন্দের দেশ, আমাদের এ দেশে রোগ শোক তাপ আছে, রোগে শোকে নিরানন্দে আমরা জীর্ণ হইয়া মরিতে বসিয়াছি— সেইজন্যই আমরা আনন্দ চাই, জীবন চাই— সেইজন্যই বলিতেছি নূতন স্রোত আসিয়া আমাদের

মুমূর্ষু হৃদয়ের স্বাস্থ্য বিধান করুক, মরিতেই যদি হয় তো যেন আনন্দের প্রভাবেই মরিতে পারি !

আর, মরিব কেন ! তুমি এমনি কি হিসাব জানো যে, একবারে ঠিক দিয়া রাখিয়াছ যে আমরা মরিতেই বসিয়াছি ! তোমার বুড়োমানুষের হিসাব-অনুযায়ী মনুষ্যসমাজ চলে না । তুমি কি জানো মানুষ সহসা কোথা হইতে বল পায়, কোথা হইতে দৈবশক্তি লাভ করে ! মনুষ্যসমাজ সাধারণত হিসাবে চলে বটে, কিন্তু এক-এক সময়ে সেখানে যেন ভেলকি লাগিয়া যায়, তখন আর হিসাবে মেলে না । অন্য সময়ে দুয়ে দুয়ে চার হয়, সহসা একদিন দুয়ে দুয়ে পাঁচ হইয়া যায়, তখন বুড়োমানুষেরা চক্ষু হইতে চশমা খুলিয়া অবাক হইয়া চাহিয়া থাকে । সহসা যখন নূতন ভাবের প্রবাহ উপস্থিত হইয়া জাতির হৃদয়ে আবর্ত রচনা করে তখনই সেই ভেলকি লাগিবার সময়— তখন যে কী হইতে কী হয় ঠাহর পাইবার জো নাই । অতএব আমবাগানে আমাদের সেই ক্ষুদ্র নীড়ের মধ্যে আর ফিরিব না ।

হয় মরিব নয় ঝাঁচিব, এই কথাই ভালো । মরিবার ভয়ে ঝাঁচিয়া থাকিবার দরকার নাই । ক্রম্‌ওয়েল যখন প্রজাদলের দাসত্বরজ্জু ছেদন করিতেছিলেন তখন তিনি মরিতেও পারিতেন, ঝাঁচিতেও পারিতেন । ওয়াশিংটন যখন নূতন জাতির স্বাতন্ত্র্যের ধ্বজা উঠাইয়াছিলেন তখন তিনি মরিতেও পারিতেন, ঝাঁচিতেও পারিতেন ! পৃথিবীর সর্বত্রই এমন কেহ মরে কেহ ঝাঁচে— তাহাতে আপত্তি কী ! নিরুদ্যমই প্রকৃত মৃত্যু । আমরা হয় ঝাঁচিব নাহয় মরিব— তাই বলিয়া কাজকর্ম ছাড়িয়া দিয়া দাদামশায়ের কোলের কাছে বসিয়া সমস্ত দিন উপকথা শুনিতে পারিব না । তোমার কি ভয় হয় পাছে তোমার বংশে বাতি দিবার কেহ না থাকে ! জিজ্ঞাসা করি— এখনই বা কে বাতি দিতেছে ! সমস্তই যে অন্ধকার !

বিদায় লইলাম দাদামহাশয় ! আমাদের আর চিঠিপত্র চলিবে না । আমাদের কাজ করিবার বয়স । সংসারে কাজের বাধা যথেষ্ট আছে— পদে পদে বিঘ্নবিপত্তি, তাহার 'পরে বুড়োমানুষদের কাছ হইতে যদি নৈরাশ্য সঞ্চয় করিতে হয় তাহা হইলে যৌবন ফুরাইবার আগেই বৃদ্ধ হইতে হইবে । তাহা হইলে পঞ্চাশে পৌঁছিবার পূর্বেই অরণ্যাশ্রম গ্রহণ করিতে হইবে । সম্মুখে আমাকে আহ্বান করিতেছে, আমি তোমার দিকে ফিরিয়া চাহিব না । তুমি বলিতেছ 'পথের মধ্যে খানা আছে, ডোবা আছে, সেইখানে পড়িয়া তুমি ঘাড় ভাঙিয়া মরিবে, অতএব ঘরের দাওয়ায় মাদুর পাতিয়া বসিয়া থাকাই ভালো'— আমি তোমার কথায় বিশ্বাস করি না । আমি দুর্বল সত্য, কিন্তু তোমার উপদেশে আমি তো বল পাইতেছি না । আমার ব্রতপালনের পক্ষে আমি হীনবুদ্ধি বটে, কিন্তু তোমার উপদেশে আমি তো বুদ্ধি পাইতেছি না । অতএব আমার যেটুকু বল, যেটুকু বুদ্ধি আছে তাহাই সহায় করিয়া চলিলাম— মরিতে হয় তো চিরজীবনসমুদ্রে ঝাঁপ দিয়া মরিব ।

সেবক

শ্রীনবীনকিশোর শর্মণঃ

চিরঞ্জীবেষু

ভায়া, তোমার চিঠিতে কিঞ্চিৎ উন্মাদ প্রকাশ পাইতেছে । তাহাতে আমি দুঃখিত নই । তোমাদের রক্তের তেজ আছে ; মাঝে মাঝে তোমরা যে গরম হইয়া উঠ, ইহা দেখিয়া আমাদের আনন্দ বোধ হয় । আমাদের মতো শীতল রক্ত যদি তোমাদের হইত তাহা হইলে পৃথিবীর কাজ চলিত কী করিয়া ? তাহা হইলে ভূমণ্ডলের সর্বত্র মেরুপ্রদেশে পরিণত হইত ।

অনেক বুড়ো আছে বটে, তাহারা পৃথিবী হইতে যৌবনতাপ লোপ করিতে চায়, তাহাদের নিজ হৃদয়ের শৈত্য সর্বত্র সমভাবে ব্যাপ্ত হয় এই তাহাদের ইচ্ছা । যেখানে একটুমাত্র তাপ পাওয়া যায় সেইখানেই তাহারা অত্যন্ত ঠাণ্ডা ফুঁ দিয়া সমস্ত জুড়াইয়া হিম করিয়া দিতে চাহে । অর্থাৎ পৃথিবী হইতে

কাঁচা চুল আগাগোড়া উৎপাটন করিয়া তাহার পরিবর্তে তাহারা পাকা চুল বুনানি করিতে চায় ; তাহারা যে এক কালে যুবা ছিল তাহা সম্পূর্ণ বিস্মৃত হইয়া যায়, এইজন্য যৌবন তাহাদের নিকটে একেবারে দুর্বোধ হইয়া পড়ে । যৌবনের গান শুনিয়া তাহারা কানে আঙুল দেয়, যৌবনের কাজ দেখিয়া তাহারা মনে করে পৃথিবীতে কলিযুগের প্রাদুর্ভাব হইয়াছে । শ্যামল কিশলয়ের অসম্পূর্ণতা দেখিয়া ধূলিশায়ী জীর্ণ পত্র যেমন অত্যন্ত শুষ্ক পীত হাস্য হাসিতে থাকে, অপরিশ্রুত যৌবনের সরস শ্যামলতা দেখিয়া অনেক বৃদ্ধ তেমনি করিয়া হাসিয়া থাকে । এইজন্যই ছেলে-বুড়োর মাঝখানে এত দৃঢ় ব্যবধান পড়িয়া গিয়াছে ।

আমার কি ভাই, সাধ যে কেবল কতকগুলো উপদেশের ধোঁওয়া দিয়া তোমাদের কাঁচা মাথা একদিনে পাকাইয়া তুলি ! কাজ করিতে যদি পারিতাম তা হইলে কি আর সমালোচনা করিতে বসিতাম ! তোমরা যুবা, তোমাদের কত সুখ আছে বলো দেখি । আমাদের উদ্যমের সুখ নাই, কর্মানুষ্ঠানের সুখ নাই, একমাত্র বকুনির সুখ আছে— তাহাও সম্মুখের দস্তাভাবে ভালোরূপে সমাধা হয় না । ইহাতেও তোমরা চটিলে চলিবে কেন !

কাজ নাই ভাই— আমার সংশয়, আমার বিজ্ঞতা, আমার কাছেই থাক ; তোমরা নিঃসংশয়ে কাজ করো, নির্ভয়ে অগ্রসর হও । নূতন নূতন জ্ঞানের অনুসন্ধান করো, সত্যের জন্য সংগ্রাম করো, জগতের কল্যাণের জন্য জীবন উৎসর্গ করিয়া দীর্ঘজীবন লাভ করো । যে শ্রোতে পড়িয়াছ, এই শ্রোতকেই অবলম্বন করিয়া উন্নতি-তীর্থের দিকে ধাবমান হও ; নিমগ্ন হইলে লজ্জার কারণ নাই ; উত্তীর্ণ হইতে পারিলে তোমাদের জন্মলাভ সার্থক হইবে, তোমাদের দুঃখিনী জন্মভূমি ধন্য হইবে ।

আমি যে চিরজীবন কাটাইয়া অবশেষে যাবার মুখে তোমাদের দুটো-একটা কথা বলিয়া যাইতেছি, তাহা শুনিলে যে তোমাদের উপকার হইবে না, এ কথা আমার বিশ্বাস হয় না । তাহার সকল কথাই যে বেদবাক্য তাহা নহে, কিন্তু তাহার সকল কথাই যে এখনকার দিনে খাটিবে তাহাও নহে, কিন্তু ইহা নিঃসংশয় যে তাহাতে কিছু-না-কিছু সত্য আছে— আমার এই সুদীর্ঘ জীবন কিছু সমস্ত ব্যর্থ, সমস্ত মিথ্যা নহে । এই সংশয়াচ্ছন্ন সংসারে আমার দীর্ঘ জীবন যে সত্যপথনির্দেশের কিছুমাত্র সহায়তা করিবে না তাহা আমার মন বলিতে চায় না । এইজন্য, আমি কোনো দৃঢ় অনুশাসন প্রচার করিতে চাই না, আমি বলিতে চাই না আমার সমস্ত কথা আগাগোড়া পালন না করিলে তোমরা উৎসন্ন যাইবে, আমি কেবল এই বলিতে চাই— আমার কথা মনোযোগ দিয়া শুন, একেবারে কানে আঙুল দিয়ো না, তার পরে বিচার করো, বিবেচনা করো, যাহা ভালো বোধ হয় তাহা গ্রহণ করো । সম্মুখের দিকে অগ্রসর হও, কিন্তু পশ্চাতের সহিত বিবাদ করিয়ো না । এক প্রেমের সূত্রে অতীত-বর্তমান-ভবিষ্যৎকে বাঁধিয়া রাখো ।

আমার তো, ভাই, যাবার সময় হইয়াছে । যাতেকতোহস্তশিখরং পতিরোষধীনা মাবিষ্কৃতারুণ-পুরঃসর একতোহর্কঃ । আমরা সেই অন্তগামী চন্দ্র, আমরা রজনীতে বঙ্গভূমির নিদ্রিতাবস্থায় বিরাজ করিতেছিলাম । তখন যে একটি সুগভীর শান্তি ও সুস্নিগ্ধ মাধুর্য ছিল তাহা অস্বীকার করিবার কথা নহে, কিন্তু তাই বলিয়া আজ এই-যে কর্মকোলাহল জাগাইয়া অরুণোদয় হইতেছে, ইহাকে সাদর সম্ভাষণ না করিব কেন ? কেন বলিব তীক্ষ্ণপ্রভ দিবসের প্রয়োজন নাই, রজনীর পরে রজনী ফিরিয়া আসুক ? এসো অরুণ, এসো, তুমি আকাশ অধিকার করো— আমি নীরবে তোমাকে পথ ছাড়িয়া দিই । আমি তোমার দিকে চাহিয়া ক্ষীণহাস্যে তোমাকে আশীর্বাদ করিয়া বিদায় গ্রহণ করি । আমার নিদ্রা, আমার শান্ত নীরবতা, আমার স্নিগ্ধ হিমসিক্ত রজনী আমার সঙ্গে সঙ্গেই অবসান হইয়া যাক— তোমারই সমুজ্জ্বল মহিমা জীবন বিতরণ করিয়া জলে স্থলে চরাচরে ব্যাপ্ত হইতে থাকুক ।

আশীর্বাদক

শ্রীষষ্ঠীচরণ দেবশর্মণঃ

পঞ্চভূত

উৎসর্গ

মহারাজ শ্রীজগদিন্দ্রনাথ রায় বাহাদুর

সুহৃদ্রকরকমলেষু

পঞ্চভূত

পরিচয়

রচনার সুবিধার জন্য আমার পাঁচটি পারিপার্শ্বিককে পঞ্চভূত নাম দেওয়া যাক— ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম । একটা গড়া নাম দিতে গেলেই মানুষকে বদল করিতে হয় । তলোয়ারের যেমন খাপ, মানুষের তেমন নামটি ভাষায় পাওয়া অসম্ভব । বিশেষত ঠিক পাঁচ ভূতের সহিত পাঁচটা মানুষ অবিকল মিলাইব কী করিয়া ?

আমি ঠিক মিলাইতেও চাহি না । আমি তো আদালতে উপস্থিত হইতেছি না । কেবল পাঠকের এজলাসে লেখকের একটা এই ধর্মশপথ আছে যে, সত্য বলিব । কিন্তু সে সত্য বানাইয়া বলিব । এখন পঞ্চভূতের পরিচয় দিই ।

শ্রীযুক্ত ক্ষিতি আমাদের সকলের মধ্যে গুরুভার । তাঁহার অধিকাংশ বিষয়েই অচল অটল ধারণা । তিনি যাহাকে প্রত্যক্ষভাবে একটা দৃঢ় আকারের মধ্যে পান, এবং আবশ্যিক হইলে কাজে লাগাইতে পারেন, তাহাকেই সত্য বলিয়া জানেন । তাহার বাহিরেও যদি সত্য থাকে, সে সত্যের প্রতি তাঁহার শ্রদ্ধা নাই, এবং সে সত্যের সহিত তিনি কোনো সম্পর্ক রাখিতে চান না । তিনি বলেন, যে-সকল জ্ঞান অত্যাবশ্যিক তাহারই ভার বহন করা যথেষ্ট কঠিন । বোঝা ক্রমেই ভারী এবং শিক্ষা ক্রমেই দুঃসাধ্য হইয়া উঠিতেছে । প্রাচীনকালে যখন জ্ঞানবিজ্ঞান এত স্তরে স্তরে জমা হয় নাই, মানুষের নিতান্ত শিক্ষণীয় বিষয় যখন যৎসামান্য ছিল, তখন শৌখিন শিক্ষার অবসর ছিল । কিন্তু এখন আর তো সে অবসর নাই । ছোটো ছেলেকে কেবল বিচিত্র বেশবাস এবং অলংকারে আচ্ছন্ন করিলে কোনো ক্ষতি নাই, তাহার খাইয়া-দাইয়া আর কোনো কর্ম নাই । কিন্তু তাই বলিয়া বয়ঃপ্রাপ্ত লোক, যাহাকে করিয়া-কর্মিয়া নড়িয়া-চড়িয়া উঠিয়া-ছাঁটিয়া ফিরিতে হইবে, তাহাকে পায়ে নূপুর, হাতে কঙ্কণ, শিখায় ময়ূরপুচ্ছ দিয়া সাজাইলে চলিবে কেন ? তাহাকে কেবল মালকোঁচা এবং শিরস্ত্রাণ আঁটিয়া দ্রুতপদে অগ্রসর হইতে হইবে । এই কারণে সভ্যতা হইতে প্রতিদিন অলংকার খসিয়া পড়িতেছে । উন্নতির অর্থই এই, ক্রমশ আবশ্যিকের সঞ্চয় এবং অনাবশ্যিকের পরিহার ।

শ্রীমতী অপ্ (ইহাকে আমরা শ্রোতস্বিনী বলিব) ক্ষিতির এ তর্কের কোনো রীতিমত উত্তর করিতে পারেন না । তিনি কেবল মধুর কাকলি ও সুন্দর ভঙ্গিতে ঘুরিয়া ফিরিয়া বলিতে থাকেন— না, না, ও কথা কখনোই সত্য না । ও আমার মনে লইতেছে না, ও কখনোই সম্পূর্ণ সত্য হইতে পারে না । কেবল বার বার 'না না, নহে নহে' । তাহার সহিত আর কোনো যুক্তি নাই ; কেবল একটি তরল সংগীতের ধ্বনি, একটি অনুনয়স্বর, একটি তরঙ্গনিন্দিত গ্রীবার আন্দোলন— 'না না, নহে নহে' । আমি অনাবশ্যিককে ভালোবাসি, অতএব অনাবশ্যিকও আবশ্যিক । অনাবশ্যিক অনেক সময় আমাদের আর কোনো উপকার করে না— কেবলমাত্র আমাদের স্নেহ, আমাদের ভালোবাসা, আমাদের করুণা, আমাদের স্বার্থবিসর্জনের স্পৃহা উদ্বেক করে ; পৃথিবীতে সেই ভালোবাসার আবশ্যিকতা কি নাই ? শ্রীমতী শ্রোতস্বিনীর এই অনুনয়প্রবাহে শ্রীযুক্ত ক্ষিতি প্রায় গলিয়া যান, কিন্তু কোনো যুক্তির দ্বারা তাহাকে পরাস্ত করিবার সাধ্য কী ।

শ্রীমতী তেজ (ইহাকে দীপ্তি নাম দেওয়া গেল) একেবারে নিষ্কাশিত অসিলতার মতো বিকমিক করিয়া উঠেন এবং শাণিত সুন্দর সুরে ক্ষিতিকে বলেন— ইস ! তোমরা মনে কর পৃথিবীতে কাজ তোমরা কেবল একলাই কর । তোমাদের কাজে যাহা আবশ্যিক নয় বলিয়া ছাঁটিয়া ফেলিতে চাও, আমাদের কাজে তাহা আবশ্যিক হইতে পারে । তোমাদের আচার-ব্যবহার কথাবার্তা বিশ্বাস শিক্ষা এবং

শরীর হইতে অলংকারমাত্রই তোমরা ফেলিয়া দিতে চাও, কেননা, সভ্যতার ঠেলাঠেলিতে স্থান এবং সময়ের বড়ো অনটন হইয়াছে। কিন্তু আমাদের যাহা চিরন্তন কাজ, ঐ অলংকারগুলো ফেলিয়া দিলে তাহা একপ্রকার বন্ধ হইয়া যায়। আমাদের কত টুকিটাকি, কত ইটি-উটি, কত মিষ্টতা, কত শিষ্টতা, কত কথা, কত কাহিনী, কত ভাব, কত ভঙ্গি, কত অবসর সঞ্চয় করিয়া তবে এই পৃথিবীর গৃহকার্য চালাইতে হয়। আমরা মিষ্ট করিয়া হাসি, বিনয় করিয়া বলি, লজ্জা করিয়া কাজ করি, দীর্ঘকাল যত্ন করিয়া যেখানে যেটি পরিলে শোভা পায় সেটি পরি; এইজন্যই তোমাদের মাতার কাজ, তোমাদের স্ত্রীর কাজ এত সহজে করিতে পারি। যদি সত্যই সভ্যতার তাড়ায় অত্যাৱশ্যক জ্ঞান-বিজ্ঞান ছাড়া আর সমস্তই দূর হইয়া যায়, তবে একবার দেখিবার ইচ্ছা আছে অনাথ শিশুসন্তানের এবং পুরুষের মতো এতবড়ো অসহায় এবং নির্বোধ জাতির কী দশাটা হয়!

শ্রীযুক্ত বায়ু (ইহাকে সমীর বলা যাক) প্রথমটা একবার হাসিয়া সমস্ত উড়াইয়া দিলেন। তিনি বলিলেন— ক্ষিতির কথা ছাড়িয়া দাও; একটুখানি পিছন হঠিয়া, পাশ ফিরিয়া, নড়িয়া-চড়িয়া একটা সত্যকে নানা দিক দিয়া পর্যবেক্ষণ করিতে গেলেই উহার চলৎশক্তিহীন মানসিক রাজ্যে এমনি একটা ভূমিকম্প উপস্থিত হয় যে, বেচারার বহুযত্ননির্মিত পাকা মতগুলি কোনোটা বিদীর্ণ কোনোটা ভূমিসাৎ হইয়া যায়। কাজেই ও ব্যক্তি বলে, দেবতা হইতে কীট পর্যন্ত সকলই মাটি হইতে উৎপন্ন; কারণ, মাটির বাহিরে আর-কিছু আছে স্বীকার করিতে গেলে আবার মাটি হইতে অনেকখানি নড়িতে হয়। উহাকে এই কথাটা বুঝানো আবশ্যিক যে, মানুষের সহিত জড়ের সম্বন্ধ লইয়াই সংসার নহে, মানুষের সহিত মানুষের সম্বন্ধটাই আসল সংসারের সম্বন্ধ। কাজেই বস্তুবিজ্ঞান যতই বেশি শেখ-না কেন, তাহাতে করিয়া লোকব্যবহার-শিক্ষার কোনো সাহায্য করে না। কিন্তু যেগুলি জীবনের অলংকার, যাহা কমণীয়তা, যাহা কাব্য, সেইগুলিই মানুষের মধ্যে যথার্থ বন্ধন স্থাপন করে, পরস্পরের পথের কণ্টক দূর করে, পরস্পরের হৃদয়ের ক্ষত আরোগ্য করে, নয়নের দৃষ্টি খুলিয়া দেয়, এবং জীবনের প্রসার মর্ত হইতে স্বর্গ পর্যন্ত বিস্তারিত করে।

শ্রীযুক্ত ব্যোম কিয়ৎকাল চক্ষু মুদিয়া বলিলেন— ঠিক মানুষের কথা যদি বল, যাহা অনাবশ্যিক তাহাই তাহার পক্ষে সর্বাপেক্ষা আবশ্যিক। যে কোনো-কিছুতে সুবিধা হয়, কাজ চলে, পেট ভরে, মানুষ তাহাকে প্রতিদিন ঘৃণা করে। এইজন্য ভারতের ঋষিরা ক্ষুধাতৃষ্ণ শীতগ্রীষ্ম একেবারেই উড়াইয়া দিয়া মনুষ্যত্বের স্বাধীনতা প্রচার করিয়াছিলেন। বাহিরের কোনো-কিছুরই যে অবশ্যপ্রয়োজনীয়তা আছে ইহাই জীবাত্মার পক্ষে অপমানজনক। সেই অত্যাৱশ্যকটাকেই যদি মানবসভ্যতার সিংহাসনে রাজা করিয়া বসানো হয় এবং তাহার উপরে যদি আর-কোনো সম্রাটকে স্বীকার না করা যায়, তবে সে সভ্যতাকে সর্বশ্রেষ্ঠ সভ্যতা বলা যায় না।

ব্যোম যাহা বলে তাহা কেহ মনোযোগ দিয়া শোনে না। পাছে তাহার মনে আঘাত লাগে এই আশঙ্কায় স্রোতস্বিনী যদিও তাহার কথা প্রণিধানের ভাবে শোনে, তবু মনে মনে তাহাকে 'বেচারা পাগল' বলিয়া বিশেষ দয়া করিয়া থাকে। কিন্তু দীপ্তি তাহাকে সহিতে পারে না। অধীর হইয়া উঠিয়া মাঝখানে অন্য কথা পাড়িতে চায়। তাহার কথা ভালো বুঝিতে পারে না বলিয়া তাহার উপর দীপ্তির যেন একটা আন্তরিক বিদ্বেষ আছে।

কিন্তু ব্যোমের কথা আমি কখনো একেবারে উড়াইয়া দিই না। আমি তাহাকে বলিলাম— ঋষিরা কঠোর সাধনায় যাহা নিজের নিজের জন্য করিয়াছিলেন, বিজ্ঞান তাহাই সর্বসাধারণের জন্য করিয়া দিতে চায়। ক্ষুধাতৃষ্ণ শীতগ্রীষ্ম এবং মানুষের প্রতি জড়ের যে শতসহস্র অত্যাচার আছে, বিজ্ঞান তাহাই দূর করিতে চায়। জড়ের নিকট হইতে পলায়ন-পূর্বক তপোবনে মনুষ্যত্বের মুক্তিসাধন না করিয়া জড়কেই ক্রীতদাস করিয়া ভৃত্যশালায় পুষিয়া রাখিলে এবং মনুষ্যকেই এই প্রকৃতির প্রাসাদে রাজারূপে অভিষিক্ত করিলে আর তো মানুষের অবমাননা থাকে না। অতএব স্থায়ীরূপে জড়ের বন্ধন হইতে মুক্ত হইয়া স্বাধীন আধ্যাত্মিক সভ্যতায় উপনীত হইতে গেলে মাঝখানে একটা দীর্ঘ বৈজ্ঞানিক সাধনা অতিবাহন করা নিতান্ত আবশ্যিক।

ক্ষিতি যেমন তাঁর বিরোধী পক্ষের কোনো যুক্তি খণ্ডন করিতে বসা নিতান্ত বাহুল্য জ্ঞান করেন, আমাদের ব্যোমও তেমনি একটা কথা বলিয়া চূপ মারিয়া থাকেন, তাহার পর যে যাহা বলে তাঁহার গাঙ্গীর্য নষ্ট করিতে পারে না। আমার কথাও তাঁহাকে স্পর্শ করিতে পারিল না। ক্ষিতি যেখানে ছিল সেইখানেই অটল হইয়া রহিল এবং ব্যোমও আপনার প্রচুর গৌফ দাড়ি ও গাঙ্গীর্যের মধ্যে সমাহিত হইয়া রহিলেন।

এই তো আমি এবং আমার পঞ্চভূত সম্প্রদায়। ইহার মধ্যে শ্রীমতী দীপ্তি একদিন প্রাতঃকালে আমাকে কহিলেন— তুমি তোমার ডায়ারি রাখ-না কেন?

মেয়েদের মাথায় অনেকগুলি অঙ্ক সংস্কার থাকে, শ্রীমতী দীপ্তির মাথায় তন্মধ্যে এই একটি সংস্কার ছিল যে, আমি নিতান্ত যে-সে লোক নহি। বলা বাহুল্য, এই সংস্কার দূর করিবার জন্য আমি অত্যধিক প্রয়াস পাই নাই।

সমীর উদার চঞ্চল ভাবে আমার পৃষ্ঠে চপেটাঘাত করিয়া বলিলেন— লেখো-না হে।

ক্ষিতি এবং ব্যোম চূপ করিয়া রহিলেন।

আমি বলিলাম— ডায়ারি লিখিবার একটি মহদোষ আছে।

দীপ্তি অধীর হইয়া বলিয়া উঠিলেন— তা থাক, তুমি লেখো।

শ্রোতস্বিনী মৃদুস্বরে কহিলেন— কী দোষ, শুনি।

আমি কহিলাম— ডায়ারি একটা কৃত্রিম জীবন। কিন্তু যখনই উহাকে রচিত করিয়া তোলা যায়, তখনই ও আমাদের প্রকৃত জীবনের উপর কিয়ৎপরিমাণে আধিপত্য না করিয়া ছাড়ে না। একটা মানুষের মধ্যেই সহস্র ভাগ আছে, সব কটাকে সামলাইয়া সংসার চালানো এক বিষম আপদ, আবার বাহির হইতে স্বহস্তে তাহার একটি কৃত্রিম জুড়ি বানাইয়া দেওয়া আপদ বৃদ্ধি করা মাত্র।

কোথাও কিছুই নাই, ব্যোম বলিয়া উঠিলেন— সেইজন্যই তো তত্ত্বজ্ঞানীরা সকল কর্মই নিষেধ করেন। কারণ কর্মমাত্রই এক-একটি সৃষ্টি। যখনই তুমি একটা কর্ম সৃজন করিলে তখনই সে অমরত্ব লাভ করিয়া তোমার সহিত লাগিয়া রহিল। আমরা যতই ভাবিতেছি, ভোগ করিতেছি, ততই আপনাকে নানা-খানা করিয়া তুলিতেছি। অতএব বিশুদ্ধ আত্মাটিকে যদি চাও, তবে সমস্ত ভাবনা, সমস্ত সংস্কার, সমস্ত কাজ ছাড়িয়া দাও।

আমি ব্যোমের কথার উত্তর না দিয়া কহিলাম— আমি নিজেকে টুকরা টুকরা করিয়া ভাঙিতে চাহি না। ভিতরে একটা লোক প্রতিদিন সংসারের উপর নানা চিন্তা, নানা কাজ গাঁথিয়া গাঁথিয়া এক অনাবিকৃত নিয়মে একটি জীবন গড়িয়া চলিয়াছে। সঙ্গে সঙ্গে ডায়ারি লিখিয়া গেলে তাহাকে ভাঙিয়া আর-একটি লোক গড়িয়া আর-একটি দ্বিতীয় জীবন খাড়া করা হয়।

ক্ষিতি হাসিয়া কহিল— ডায়ারিকে কেন যে দ্বিতীয় জীবন বলিতেছ আমি তো এপর্যন্ত বুঝিতে পারিলাম না।

আমি কহিলাম— আমার কথা এই, জীবন এক দিকে একটা পথ আঁকিয়া চলিতেছে, তুমি যদি ঠিক তার পাশে কলম হস্তে তাহার অনুরূপ আর-একটা রেখা কাটিয়া যাও, তবে ক্রমে এমন অবস্থা আসিবার সম্ভাবনা, যখন বোঝা শক্ত হইয়া দাঁড়ায়— তোমার কলম তোমার জীবনের সমপাতে লাইন কাটিয়া যায়, না, তোমার জীবন তোমার কলমের লাইন ধরিয়া চলে। দুটি রেখার মধ্যে কে আসল কে নকল ক্রমে স্থির করা কঠিন হয়। জীবনের গতি স্বভাবতই রহস্যময়, তাহার মধ্যে অনেক আত্মখণ্ডন, অনেক স্বতোবিরোধ, অনেক পূর্বাণের অসামঞ্জস্য থাকে। কিন্তু লেখনী স্বভাবতই একটা সুনির্দিষ্ট পথ অবলম্বন করিতে চাহে। সে সমস্ত বিরোধের মীমাংসা করিয়া সমস্ত অসামঞ্জস্য সমান করিয়া, কেবল একটা মোটামুটি রেখা টানিতে পারে। সে একটা ঘটনা দেখিলে তাহার যুক্তিসংগত সিদ্ধান্তে উপস্থিত না হইয়া থাকিতে পারে না। কাজেই তাহার রেখাটা সহজেই তাহার নিজের গড়া সিদ্ধান্তের দিকে অগ্রসর হইতে থাকে, এবং জীবনকেও তাহার সহিত মিলাইয়া আপনার অনুবর্তী করিতে চাহে।

কথাটা ভালো করিয়া বুঝাইবার জন্য আমার ব্যাকুলতা দেখিয়া শ্রোতস্বিনী দয়ার্দ্রচিত্তে কহিল—

বুঝিয়াছি তুমি কী বলিতে চাও । স্বভাবত আমাদের মহাপ্রাণী তাঁহার অতিগোপন নির্মাণশালায় বসিয়া এক অপূর্ব নিয়মে আমাদের জীবন গড়েন, কিন্তু ডায়ারি লিখিতে গেলে দুই ব্যক্তির উপর জীবন গড়িবার ভার দেওয়া হয় । কতকটা জীবন অনুসারে ডায়ারি হয়, কতকটা ডায়ারি অনুসারে জীবন হয় ।

স্রোতস্বিনী এমনি সহিষ্ণুভাবে নীরবে সমনোযোগে সকল কথা শুনিয়া যায় যে, মনে হয় যেন বহুযত্নে সে আমার কথাটা বুঝিবার চেষ্টা করিতেছে— কিন্তু হঠাৎ আবিষ্কার করা যায় যে, বহুপূর্বেই সে আমার কথাটা ঠিক বুঝিয়া লইয়াছে ।

আমি কহিলাম— সেই বটে ।

দীপ্তি কহিল— তাহাতে ক্ষতি কী ?

আমি কহিলাম— যে ভুক্তভোগী সেই জানে । যে লোক সাহিত্যব্যবসায়ী সে আমার কথা বুঝিবে । সাহিত্যব্যবসায়ীকে নিজের অন্তরের মধ্যে হইতে নানা ভাব এবং নানা চরিত্র বাহির করিতে হয় । যেমন ভালো মালী ফর্মাশ-অনুসারে নানারূপ সংঘটন এবং বিশেষরূপ চাষের দ্বারা একজাতীয় ফুল হইতে নানাপ্রকার ফুল বাহির করে, কোনোটার বা পাতা বড়ো, কোনোটার বা রঙ বিচিত্র, কোনোটার বা গন্ধ সুন্দর, কোনোটার বা ফল সুমিষ্ট, তেমনি সাহিত্যব্যবসায়ী আপনার একটি মন হইতে নানাবিধ ফলন বাহির করে । মনের স্বতন্ত্র স্বতন্ত্র ভাবের উপর কল্পনার উত্তাপ প্রয়োগ করিয়া তাহাদের প্রত্যেককে স্বতন্ত্র সম্পূর্ণ আকারে প্রকাশ করে । যে-সকল ভাব, যে-সকল স্মৃতি, মনোবৃত্তির যে-সকল উচ্ছ্বাস সাধারণ লোকের মনে আপন আপন যথানিদিষ্ট কাজ করিয়া যথাকালে ঝরিয়া পড়ে, অথবা রূপান্তরিত হইয়া যায়— সাহিত্যব্যবসায়ী সেগুলিকে ভিন্ন করিয়া লইয়া তাহাদিগকে স্থায়ীভাবে রূপবান করিয়া তোলে । যখন তাহাদিগকে ভালোরূপে মূর্তিমান করিয়া প্রকাশ করে, তখন তাহারা অমর হইয়া উঠে । এমনি করিয়া ক্রমশ সাহিত্যব্যবসায়ীর মনে এক দল স্ব-স্ব-প্রধান লোকের পল্লী বসিয়া যায় । তাহার জীবনের একটা ঐক্য থাকে না । সে দেখিতে দেখিতে একেবারে শতধা হইয়া পড়ে । তাহার চিরজীবনপ্রাপ্ত ক্ষুধিত মনোভাবের দলগুলি বিশ্বজগতের সর্বত্র আপন হস্ত প্রসারণ করিতে থাকে । সকল বিষয়েই তাহাদের কৌতূহল । বিশ্বরহস্য তাহাদিগকে দশ দিকে ভুলাইয়া লইয়া যায় । সৌন্দর্য তাহাদিগকে বাঁশি বাজাইয়া বেদনাপাশে বদ্ধ করে । দুঃখকেও তাহারা ক্রীড়ার সঙ্গী করে, মৃত্যুকেও তাহারা পরখ করিয়া দেখিতে চায় । নবকৌতূহলী শিশুদের মতো সকল জিনিসই তাহারা স্পর্শ করে, ঘ্রাণ করে, আশ্বাদন করে, কোনো শাসন মানিতে চাহে না । একটা দীপে একেবারে অনেকগুলো পলিতা জ্বলাইয়া দিয়া সমস্ত জীবনটা হুহু শব্দে দন্ধ করিয়া ফেলা হয় । একটা প্রকৃতির মধ্যে এতগুলো জীবন্ত বিকাশ বিষম বিরোধ-বিশৃঙ্খলার কারণ হইয়া দাঁড়ায় ।

স্রোতস্বিনী ঈষৎ ম্লানভাবে জিজ্ঞাসা করিলেন— আপনাকে এইরূপ বিচিত্র স্বতন্ত্র ভাবে ব্যক্ত করিয়া তাহার কি কোনো সুখ নাই ?

আমি কহিলাম— সৃজনের একটা বিপুল আনন্দ আছে । কিন্তু কোনো মানুষ তো সমস্ত সময় সৃজনে ব্যাপ্ত থাকিতে পারে না— তাহার শক্তির সীমা আছে, এবং সংসারে লিপ্ত থাকিয়া তাহাকে জীবনযাত্রা নির্বাহ করিতেও হয় । এই জীবনযাত্রায় তাহার বড়ো অসুবিধা । মনটির উপর অবিশ্রাম কল্পনার তা দিয়া সে এমনি করিয়া তুলিয়াছে যে, তাহার গায়ে কিছুই সয় না । সাত-ফুট-ওয়ালা বাঁশি বাদ্যযন্ত্রের হিসাবে ভালো, ফুৎকারমাত্রে বাজিয়া ওঠে ; কিন্তু ছিদ্রহীন পাকা বাঁশের লাঠি সংসারপথের পক্ষে ভালো, তাহার উপর সম্পূর্ণ নির্ভর করা যায় ।

সমীর কহিল— দুর্ভাগ্যক্রমে বংশখণ্ডের মতো মানুষের কার্যবিভাগ নাই— মানুষ-বাঁশিকে বাজিবার সময় বাঁশি হইতে হইবে, আবার পথ চলিবার সময় লাঠি না হইলে চলিবে না । কিন্তু ভাই, তোমাদের তো অবস্থা ভালো, তোমরা কেহ বা বাঁশি, কেহ বা লাঠি ; আর আমি যে কেবলমাত্র ফুৎকার । আমার মধ্যে সংগীতের সমস্ত আভ্যন্তরিক উপকরণই আছে, কেবল যে-একটা বাহ্য আকারের মধ্য দিয়া তাহাকে বিশেষ রাগিণীরূপে ধ্বনিত করিয়া তোলা যায়, সেই যন্ত্রটা নাই ।

দীপ্তি কহিলেন— মানবজন্মে আমাদের অনেক জিনিস অনর্থক লোকসান হইয়া যায় । কত চিন্তা, কত ভাব, কত ঘটনা প্রবল সুখদুঃখের ঢেউ তুলিয়া আমাকে প্রতিদিন নানারূপে বিচলিত করিয়া যায় ; তাহাদিগকে যদি লেখায় বদ্ধ করিয়া রাখিতে পারি তাহা হইলে মনে হয় যেন আমার জীবনের অনেকখানি হাতে রহিল । সুখই হউক, দুঃখই হউক, কাহারও প্রতি একেবারে সম্পূর্ণ দখল ছাড়িতে আমার মন চায় না ।

ইহার উপরে আমার অনেক কথা বলিবার ছিল, কিন্তু দেখিলাম শ্রোতস্বিনী একটা কী বলিবার জন্য ইতস্তত করিতেছে, এমন সময় যদি আমি আমার বক্তৃতা আরম্ভ করি তাহা হইলে সে তৎক্ষণাৎ নিজের কথাটা ছাড়িয়া দিবে । আমি চূপ করিয়া রহিলাম । কিয়ৎক্ষণ পরে সে বলিল— কী জানি ভাই, আমার তো আরো ঐটেই সর্বাপেক্ষা আপত্তিজনক মনে হয় । প্রতিদিন আমরা যাহা অনুভব করি তাহা প্রতিদিন লিপিবদ্ধ করিতে গেলে তাহার যথায়থ পরিমাণ থাকে না । আমাদের অনেক সুখদুঃখ, অনেক রাগদ্বेष অকস্মাৎ সামান্য কারণে গুরুতর হইয়া দেখা দেয় । হয়তো অনেক দিন যাহা অনায়াসে সহ্য করিয়াছি একদিন তাহা একেবারে অসহ্য হইয়াছে, যাহা আসলে অপরাধ নহে একদিন তাহা আমার নিকটে অপরাধ বলিয়া প্রতিভাত হইয়াছে, তুচ্ছ কারণে, হয়তো একদিনকার একটা দুঃখ আমার কাছে অনেক মহত্তর দুঃখের অপেক্ষা গুরুতর বলিয়া মনে হইয়াছে, কোনো কারণে আমার মন ভালো নাই বলিয়া আমরা অনেক সময় অন্যের প্রতি অন্যায় বিচার করিয়াছি, তাহার মধ্যে যেটুকু অপরিমিত, যেটুকু অন্যায়, যেটুকু অসত্য তাহা কালক্রমে আমাদের মন হইতে দূর হইয়া যায়— এইরূপে ক্রমশই জীবনের বাড়াবাড়িগুলি চুকিয়া গিয়া জীবনের মোটামুটিটুকু টিকিয়া যায়, সেইটেই আমার প্রকৃত আমারত্ব । তাহা ছাড়া আমাদের মনে অনেক কথা অর্ধক্ষুট আকারে আসে যায় মিলায়, তাহাদের সবগুলিকে অতিক্ষুট করিয়া তুলিলে মনের সৌকুমার্য নষ্ট হইয়া যায় । ডায়ারি রাখিতে গেলে একটা কৃত্রিম উপায়ে আমরা জীবনের প্রত্যেক তুচ্ছতাকে বৃহৎ করিয়া তুলি, এবং অনেক কচি কথাকে জোর করিয়া ফুটাইতে গিয়া ছিড়িয়া অথবা বিকৃত করিয়া ফেলি ।

সহসা শ্রোতস্বিনীর চৈতন্য হইল, কথাটা সে অনেকক্ষণ ধরিয়া এবং কিছু আবেগের সহিত বলিয়াছে, অমনি তাহার কর্ণমূল আরক্তিম হইয়া উঠিল, মুখ ঈষৎ ফিরাইয়া কহিল— কী জানি, আমি ঠিক বলিতে পারি না । আমি ঠিক বুঝিয়াছি কি না কে জানে ।

দীপ্তি কখনো কোনো বিষয়ে তিলমাত্র ইতস্তত করে না— সে একটা প্রবল উত্তর দিতে উদ্যত হইয়াছে দেখিয়া আমি কহিলাম— তুমি ঠিক বুঝিয়াছ । আমিও ঐ কথা বলিতে যাইতেছিলাম, কিন্তু অমন ভালো করিয়া বলিতে পারিতাম কি না সন্দেহ । শ্রীমতী দীপ্তির এই কথা মনে রাখা উচিত, বাড়িতে গেলে ছাড়িতে হয় । অর্জন করিতে গেলে ব্যয় করিতে হয় । জীবন হইতে প্রতিদিন অনেক ভুলিয়া, অনেক ফেলিয়া, অনেক বিলাইয়া তবে আমরা অগ্রসর হইতে পারি । কী হইবে প্রত্যেক তুচ্ছ দ্রব্য মাথায় তুলিয়া, প্রত্যেক ছিন্নখণ্ড পুঁটুলিতে পুরিয়া, জীবনের প্রতিদিন প্রতিমুহূর্ত পশ্চাতে টানিয়া লইয়া । প্রত্যেক কথা, প্রত্যেক ভাব, প্রত্যেক ঘটনার উপর যে ব্যক্তি বুক দিয়া চাপিয়া পড়ে, সে অতি হতভাগ্য ।

দীপ্তি মৌখিক হাস্য হাসিয়া করজোড়ে কহিল— আমার ঘাট হইয়াছে তোমাকে ডায়ারি লিখিতে বলিয়াছিলাম, এমন কাজ আর কখনো করিব না ।

সমীর বিচলিত হইয়া কহিল— অমন কথা বলিতে আছে ! পৃথিবীতে অপরাধ স্বীকার করা মহাপ্রম । আমরা মনে করি দোষ স্বীকার করিলে বিচারক দোষ কম করিয়া দেখে, তাহা নহে ; অন্য লোককে বিচার করিবার এবং ভৎসনা করিবার সুখ একটা দুর্লভ সুখ, তুমি নিজের দোষ নিজে যতই বাড়াইয়া বলো-না কেন, কঠিন বিচারক সেটাকে ততই চাপিয়া ধরিয়া সুখ পায় । আমি কোন্ পথ অবলম্বন করিব ভাবিতেছিলাম, এখন স্থির করিতেছি আমি ডায়ারি লিখিব ।

আমি কহিলাম— আমিও প্রস্তুত আছি । কিন্তু আমার নিজের কথা লিখিব না । এমন কথা লিখিব যাহা আমাদের সকলের । এই আমরা যে-সব কথা প্রতিদিন আলোচনা করি—

শ্রোতস্বিনী কিঞ্চিৎ ভীত হইয়া উঠিল । সমীর করজোড়ে কহিল— দোহাই তোমার, সব কথা যদি লেখায় ওঠে, তবে বাড়ি হইতে কথা মুখস্থ করিয়া আসিয়া বলিব এবং বলিতে বলিতে যদি হঠাৎ মাঝখানে ভুলিয়া যাই, তবে আবার বাড়ি গিয়া দেখিয়া আসিতে হইবে । তাহাতে ফল হইবে এই যে, কথা বিস্তর কমিবে এবং পরিশ্রম বিস্তর বাড়িবে । যদি খুব-ঠিক সত্য কথা লেখ, তবে তোমার সঙ্গ হইতে নাম কাটাইয়া আমি চলিলাম ।

আমি কহিলাম— আরে না, সত্যের অনুরোধ পালন করিব না, বন্ধুর অনুরোধই রাখিব । তোমরা কিছু ভাবিয়ো না, আমি তোমাদের মুখে কথা বানাইয়া দিব ।

ক্ষিতি বিশাল চক্ষু প্রসারিত করিয়া কহিল— সে যে আরো ভয়ানক । আমি বেশ দেখিতেছি তোমার হাতে লেখনী পড়িলে যত-সব কুযুক্তি আমার মুখে দিবে, আর তাহার অকাটা উত্তর নিজের মুখ দিয়া বাহির করিবে ।

আমি কহিলাম— মুখে যাহার কাছে তর্কে হারি, লিখিয়া তাহার প্রতিশোধ না নিলে চলে না । আমি আগে থাকিতেই বলিয়া রাখিতেছি, তোমার কাছে যত উপদ্রব এবং পরাভব সহ্য করিয়াছি এবারে তাহার প্রতিফল দিব ।

সর্বসহিষ্ণু ক্ষিতি সম্ভ্রষ্টচিত্তে কহিল— তথাস্তু ।

ব্যোম কোনো কথা না বলিয়া ক্ষণকালের জন্য ঈষৎ হাসিল, তাহার সুগভীর অর্থ আমি এ পর্যন্ত বুঝিতে পারি নাই ।

মাঘ ১২৯৯

সৌন্দর্যের সম্বন্ধ

বর্ষায় নদী ছাপিয়া খেতের মধ্যে জল প্রবেশ করিয়াছে । আমাদের বোট অর্ধমগ্ন ধানের উপর দিয়া সর সর শব্দ করিতে করিতে চলিয়াছে ।

অদূরে উচ্চভূমিতে একটা প্রাচীরবেষ্টিত একতলা কোঠাবাড়ি এবং দুই-চারিটি টিনের-ছাদ-বিশিষ্ট কুটির, কলা কাঁঠাল আম বাঁশঝাড় এবং বৃহৎ বাঁধানো অশথ গাছের মধ্য দিয়া দেখা যাইতেছে ।

সেখান হইতে একটা সরু সুরের সানাই এবং গোটাকতক ঢাক-ঢোলের শব্দ শোনা গেল । সানাই অত্যন্ত বেসুরে একটা মেঠো রাগিণীর আরম্ভ-অংশ বারংবার ফিরিয়া ফিরিয়া নিষ্ঠুরভাবে বাজাইতেছে এবং ঢাক-ঢোলগুলা যেন অকস্মাৎ বিনা কারণে খেপিয়া উঠিয়া বায়ুরাজ্য লণ্ডভণ্ড করিতে উদ্যত হইয়াছে ।

শ্রোতস্বিনী মনে করিল, নিকটে কোথাও বুঝি একটা বিবাহ আছে । একান্ত কৌতূহলভরে বাতায়ন হইতে মুখ বাহির করিয়া তরুসমাচ্ছন্ন তীরের দিকে উৎসুক দৃষ্টি চালনা করিল ।

আমি ঘাটে বাঁধা নৌকার মাঝিকে জিজ্ঞাসা করিলাম— কী রে, বাজনা কিসের ?

সে কহিল— আজ জমিদারের পুণ্যাহ ।

পুণ্যাহ বলিতে বিবাহ বুঝায় না শুনিয়া শ্রোতস্বিনী কিছু ক্ষুণ্ণ হইল । সে ঐ তরুচ্ছায়াঘন গ্রাম্য পথটার মধ্যে কোনো এক জায়গায় ময়ূরপংখিতে একটি চন্দনচর্চিত অজাতশ্মশ্রু নববর অথবা লজ্জামণ্ডিতা রক্তাম্বর নববধূকে দেখিবার প্রত্যাশা করিয়াছিল ।

আমি কহিলাম— পুণ্যাহ অর্থে জমিদারি বৎসরের আরম্ভ-দিন । আজ প্রজারা যাহার যেমন ইচ্ছা কিছু কিছু খাজনা লইয়া কাছারি-ঘরে টোপর-পরা বরবেশধারী নায়েবের সম্মুখে আনিয়া উপস্থিত করিবে । সে টাকা সেদিন গণনা করিবার নিয়ম নাই । অর্থাৎ খাজনা দেনা-পাওনা যেন কেবলমাত্র স্বৈচ্ছাকৃত একটা আনন্দের কাজ । ইহার মধ্যে এক দিকে নীচ লোভ অপর দিকে হীন ভয় নাই । প্রকৃতিতে তরুলতা যেমন আনন্দমহোৎসবে বসন্তকে পুষ্পাঞ্জলি দেয় এবং বসন্ত তাহা সঞ্চয়-ইচ্ছায়

গণনা করিয়া লয় না, সেইরূপ ভাবটা আর-কি ।

দীপ্তি কহিল— কাজটা তো খাজনা-আদায়, তাহার মধ্যে আবার বাজনা বাদ্য কেন ?

ক্ষিতি কহিল— ছাগশিশুকে যখন বলিদান দিতে লইয়া যায় তখন কি তাহাকে মালা পরাইয়া বাজনা বাজায় না ? আজ খাজনা-দেবীর নিকটে বলিদানের বাদ্য বাজিতেছে ।

আমি কহিলাম— সে হিসাবে দেখিতে পার বটে, কিন্তু বলি যদি দিতেই হয় তবে নিতান্ত পশুর মতো পশুহত্যা না করিয়া উহার মধ্যে যতটা পারা যায় উচ্চভাব রাখাই ভালো ।

ক্ষিতি কহিল— আমি তো বলি যেটার যাহা সত্য ভাব তাহাই রক্ষা করা ভালো ; অনেক সময়ে নীচ কাজের মধ্যে উচ্চ ভাব আরোপ করিয়া উচ্চ ভাবকে নীচ করা হয় ।

আমি কহিলাম— ভাবের সত্যমিথ্যা অনেকটা ভাবনার উপরে নির্ভর করে । আমি এক ভাবে এই বর্ষার পরিপূর্ণ নদীটিকে দেখিতেছি, আর ঐ জেলে আর-এক ভাবে দেখিতেছে— আমার ভাব যে একচুল মিথ্যা এ কথা আমি স্বীকার করিতে পারি না ।

সমীর কহিল— অনেকের কাছে ভাবের সত্যমিথ্যা ওজন-দরে পরিমাপ হয় । যেটা যে পরিমাণে মোটা সেটা সেই পরিমাণে সত্য । সৌন্দর্যের অপেক্ষা ধূলি সত্য, স্নেহের অপেক্ষা স্বার্থ সত্য, প্রেমের অপেক্ষা ক্ষুধা সত্য ।

আমি কহিলাম— কিন্তু তবু চিরকাল মানুষ এই-সমস্ত ওজনে-ভারী মোটা জিনিসকে একেবারে অস্বীকার করিতে চেষ্টা করিতেছে । ধূলিকে আবৃত করে, স্বার্থকে লজ্জা দেয়, ক্ষুধাকে অন্তরালে নির্বাসিত করিয়া রাখে । মলিনতা পৃথিবীতে বহুকালের আদিম সৃষ্টি ; ধূলিজঞ্জালের অপেক্ষা প্রাচীন পদার্থ মেলাই কঠিন ; তাই বলিয়া সেইটেই সব চেয়ে সত্য হইল, আর অন্তর-অন্তঃপুরের যে লক্ষ্মীরূপিণী গৃহিণী আসিয়া তাহাকে ক্রমাগত ধৌত করিতে চেষ্টা করিতেছে তাহাকেই কি মিথ্যা বলিয়া উড়াইয়া দিতে হইবে ?

ক্ষিতি কহিল— তোমরা, ভাই, এত ভয় পাইতেছ কেন ? আমি তোমাদের সেই অন্তঃপুরের ভিত্তিতে ডাইনামাইট লাগাইতে আসি নাই । কিন্তু একটু ঠাণ্ডা হইয়া বলো দেখি, পুণ্যাহের দিন ঐ বেসুরো সানাইটা বাজাইয়া পৃথিবীর কী সংশোধন করা হয় ? সংগীতকলা তো নহেই ।

সমীর কহিল— ও আর কিছুই নহে, একটা সুর ধরাইয়া দেওয়া । সংবৎসরের বিবিধ পদস্বলন এবং ছন্দপতনের পর পুনর্বীর সমের কাছে আসিয়া একবার ধুয়ায় আনিয়া ফেলা । সংসারের স্বার্থকোলাহলের মাঝে-মাঝে একটা পঞ্চম সুর সংযোগ করিয়া দিলে নিদেন ক্ষণকালের জন্য পৃথিবীর শ্রী ফিরিয়া যায়, হঠাৎ হাটের মধ্যে গৃহের শোভা আসিয়া আবির্ভূত হয়, কেনাবেচার উপর ভালোবাসার স্নিগ্ধ দৃষ্টি চন্দ্রালোকের ন্যায় নিপতিত হইয়া তাহার শুষ্ক কঠোরতা দূর করিয়া দেয় । যাহা হইয়া থাকে পৃথিবীতে তাহা চীৎকারস্বরে হইতেছে, আর, যাহা হওয়া উচিত তাহা মাঝে মাঝে এক-একদিন আসিয়া মাঝখানে বসিয়া সুকোমল সুন্দর সুরে সুর দিতেছে, এবং তখনকার মতো সমস্ত চীৎকারস্বর নরম হইয়া আসিয়া সেই সুরের সহিত আপনাকে মিলাইয়া লইতেছে— পুণ্যাহ সেই সংগীতের দিন ।

আমি কহিলাম— উৎসবমাত্রই তাই । মানুষ প্রতিদিন যে ভাবে কাজ করে, এক-একদিন তাহার উল্টা ভাবে আপনাকে সারিয়া লইতে চেষ্টা করে । প্রতিদিন উপার্জন করে, একদিন খরচ করে ; প্রতিদিন দ্বার রুদ্ধ করিয়া রাখে, একদিন দ্বার উন্মুক্ত করিয়া দেয় ; প্রতিদিন গৃহের মধ্যে আমিই গৃহকর্তা, আর-একদিন আমি সকলের সেবায় নিযুক্ত । সেইদিন শুভদিন, আনন্দের দিন, সেইদিনই উৎসব । সেইদিন সংবৎসরের আদর্শ । সেদিন ফুলের মালা, স্ফটিকের প্রদীপ, শোভন ভূষণ— এবং দূরে একটি বাঁশি বাজিয়া বলিতে থাকে, আজিকার এই সুরই যথার্থ সুর, আর-সমস্তই বেসুরা । বুঝিতে পারি, আমরা মানুষে মানুষে হৃদয়ে হৃদয়ে মিলিত হইয়া আনন্দ করিতে আসিয়াছিলাম, কিন্তু প্রতিদিনের দৈন্যবশত তাহা পারিয়া উঠি না ; যেদিন পারি সেইদিনই প্রধান দিন ।

সমীর কহিল— সংসারে দৈন্যের শেষ নাই । সে দিক হইতে দেখিতে গেলে মানবজীবনটা অত্যন্ত

শীর্ণ শূন্য শ্রীহীন রূপে চক্ষু পড়ে। মানবাত্মা জিনিসটা যতই উচ্চ হউক-না কেন, দুইবেলা দুইমুষ্টি তণ্ডুল সংগ্রহ করিতেই হইবে, একখণ্ড বস্ত্র না হইলে সে মাটিতে মিশাইয়া যায়। এ দিকে আপনাকে অবিনাশী অনন্ত বলিয়া বিশ্বাস করে, ও দিকে যেদিন নস্যের ডিবাটা হারাইয়া যায় সেদিন আকাশ বিদীর্ণ করিয়া ফেলে। যেমন করিয়াই হোক, প্রতিদিন তাহাকে আহার-বিহার কেনা-বেচা দর-দাম মারামারি ঠেলাঠেলি করিতেই হয়— সেজন্য সে লজ্জিত। এই কারণে সে এই শুষ্ক ধূলিময় লোকাকীর্ণ হাট-বাজারের ইতরতা ঢাকিবার জন্য সর্বদা প্রয়াস পায়। আহারে-বিহারে আদানে-প্রদানে আত্মা আপনার সৌন্দর্যবিভা বিস্তার করিবার চেষ্টা করিতে থাকে। সে আপনার আবশ্যকের সহিত আপনার মহত্বের সুন্দর সামঞ্জস্য সাধন করিয়া লইতে চায়।

আমি কহিলাম— তাহারই প্রমাণ এই পুণ্যাহের বাঁশি। একজনের ভূমি, আর-একজন তাহারই মূল্য দিতেছে, এই শুষ্ক চুক্তির মধ্যে লজ্জিত মানবাত্মা একটি ভাবের সৌন্দর্য প্রয়োগ করিতে চাহে। উভয়ের মধ্যে একটি আত্মীয়সম্পর্ক বাঁধিয়া দিতে ইচ্ছা করে। বুঝাইতে চাহে ইহা চুক্তি নহে, ইহার মধ্যে একটি প্রেমের স্বাধীনতা আছে। রাজাপ্রজা ভাবের সম্বন্ধ, আদানপ্রদান হৃদয়ের কর্তব্য। খাজনার টাকার সহিত রাগরাগিণীর কোনো যোগ নাই, খাজাঞ্চিখানা নহবত বাজাইবার স্থান নহে, কিন্তু যেখানেই ভাবের সম্পর্ক আসিয়া দাঁড়াইল— অমনি সেখানেই বাঁশি তাহাকে আহ্বান করে, রাগিণী তাহাকে প্রকাশ করে, সৌন্দর্য তাহার সহচর। গ্রামের বাঁশি যথাসাধ্য প্রকাশ করিতে চেষ্টা করিতেছে, আজ আমাদের পুণ্যদিন, আজ আমাদের রাজাপ্রজার মিলন। জমিদারি কাছারিতেও মানবাত্মা আপন প্রবেশপথ নির্মাণের চেষ্টা করিতেছে, সেখানেও একখানা ভাবের আসন পাতিয়া রাখিয়াছে।

শ্রোতস্বিনী আপনার মনে ভাবিতে ভাবিতে কহিল— আমার বোধ হয় ইহাতে যে কেবল সংসারের সৌন্দর্য বৃদ্ধি করে তাহা নহে, যথার্থ দুঃখভার লাঘব করে। সংসারে উচ্চনীচতা যখন আছেই, সৃষ্টিলোপ ব্যতীত কখনোই যখন তাহা ধ্বংস হইবার নহে, তখন উচ্চ এবং নীচের মধ্যে একটা অবিচ্ছিন্ন সম্বন্ধ থাকিলে উচ্চতার ভার বহন করা সহজ হয়। চরণের পক্ষে দেহভার বহন করা সহজ ; বিচ্ছিন্ন বাহিরের বোঝাই বোঝা।

উপমাপ্রয়োগপূর্বক একটা কথা ভালো করিয়া বলিবামাত্র শ্রোতস্বিনীর লজ্জা উপস্থিত হয়, যেন একটা অপরাধ করিয়াছে। অনেকে অন্যের ভাব চুরি করিয়া নিজের বলিয়া চালাইতে এরূপ কুণ্ঠিত হয় না।

ব্যোম কহিল— যেখানে একটা পরাভব অবশ্য স্বীকার করিতে হইবে সেখানে মানুষ আপনার হীনতাদুঃখ দূর করিবার জন্য একটা ভাবের সম্পর্ক পাতাইয়া লয়। কেবল মানুষের কাছে বলিয়া নয়, সর্বত্রই। পৃথিবীতে প্রথম আগমন করিয়া মানুষ যখন দাবাগ্নি ঝটিকা বন্যার সহিত কিছুতেই পারিয়া উঠিল না, পর্বত যখন শিবের প্রহরী নন্দীর ন্যায় তর্জনী দিয়া পথরোধপূর্বক নীরবে নীলাকাশ স্পর্শ করিয়া দাঁড়াইয়া রহিল, আকাশ যখন স্পর্শাতীত অবিচল মহিমায় অমোঘ ইচ্ছাবলে কখনো বৃষ্টি কখনো বজ্র বর্ষণ করিতে লাগিল, তখন মানুষ তাহাদের সহিত দেবতা পাতাইয়া বসিল। নহিলে চিরনিবাসভূমি প্রকৃতির সহিত কিছুতেই মানুষের সন্ধিস্থাপন হইত না। অজ্ঞাতশক্তি প্রকৃতিকে যখন সে ভক্তিভাবে পরিপূর্ণ করিয়া ফেলিল তখনই মানবাত্মা তাহার মধ্যে গৌরবের সহিত বাস করিতে পারিল।

ক্ষিতি কহিল— মানবাত্মা কোনোমতে আপনার গৌরব রক্ষা করিবার জন্য নানাপ্রকার কৌশল করিয়া থাকে সন্দেহ নাই। রাজা যখন যথেষ্টাচার করে, কিছুতেই তাহার হাত হইতে নিকৃতি নাই, তখন প্রজা তাহাকে দেবতা গড়িয়া হীনতাদুঃখ বিস্মৃত হইবার চেষ্টা করে। পুরুষ যখন সবল এবং একাধিপত্য করিতে সক্ষম তখন অসহায় স্ত্রী তাহাকে দেবতা দাঁড় করাইয়া তাহার স্বার্থপর নিষ্ঠুর অত্যাচার কথঞ্চিৎ গৌরবের সহিত বহন করিতে চেষ্টা করে। এ কথা স্বীকার করি বটে, মানুষের যদি এইরূপ ভাবের দ্বারা অভাব ঢাকিবার ক্ষমতা না থাকিত তবে এতদিনে সে পশুর অধম হইয়া যাইত।

শ্রোতস্বিনী ঈষৎ ব্যথিত ভাবে কহিল— মানুষ যে কেবল অগত্যা এইরূপ আত্মপ্রতারণা করে তাহা

নহে। যেখানে আমরা কোনোরূপে অভিভূত নহি বরং আমরাই যেখানে সবল পক্ষ সেখানেও আত্মীয়তা-স্থাপনের একটা চেষ্টা দেখিতে পাওয়া যায়। গাভীকে আমাদের দেশের লোক মা বলিয়া, ভগবতী বলিয়া, পূজা করে কেন? সে তো অসহায় পশুমাত্র; পীড়ন করিলে, তাড়না করিলে, তাহার হইয়া দু কথা বলিবার কেহ নাই। আমরা বলিষ্ঠ, সে দুর্বল; আমরা মানুষ, সে পশু। কিন্তু আমাদের সেই শ্রেষ্ঠতাই আমরা গোপন করিবার চেষ্টা করিতেছি। যখন তাহার নিকট হইতে উপকার গ্রহণ করিতেছি তখন যে সেটা বলপূর্বক করিতেছি, কেবল আমরা সক্ষম এবং সে নিরুপায় বলিয়াই করিতেছি, আমাদের অন্তরাত্মা সে কথা স্বীকার করিতে চাহে না। সে এই উপকারিণী পরম ধৈর্যবতী প্রশান্তা পশুমাতাকে মা বলিয়া তবেই ইহার দুঃ পান করিয়া যথার্থ তৃপ্তি অনুভব করে; মানুষের সহিত পশুর একটি ভাবের সম্পর্ক, একটি সৌন্দর্যের সম্বন্ধ স্থাপন করিয়া তবেই তাহার সৃজনচেষ্টা বিশ্রাম লাভ করে।

ব্যোম গম্ভীরভাবে কহিল— তুমি একটা খুব বড়ো কথা কহিয়াছ।

শুনিয়া শ্রোতস্বিনী চমকিয়া উঠিল। এমন দুষ্কর্ম কখন করিল সে জানিতে পারে নাই। এই অজ্ঞানকৃত অপরাধের জন্য সলজ্জ সংকুচিত ভাবে সে নীরবে মার্জনা প্রার্থনা করিল।

ব্যোম কহিল— ঐ যে আত্মার সৃজনচেষ্টার কথা উল্লেখ করিয়াছ তাহার সম্বন্ধে অনেক কথা আছে। মাকড়সা যেমন মাঝখানে থাকিয়া চারি দিকে জাল প্রসারিত করিতে থাকে, আমাদের কেন্দ্রবাসী আত্মা সেইরূপ চারি দিকের সহিত আত্মীয়তাবন্ধন স্থাপনের জন্য ব্যস্ত আছে; সে ক্রমাগতই বিসদৃশকে সদৃশ, দূরকে নিকট, পরকে আপনার করিতেছে। বসিয়া বসিয়া আত্ম-পরের মধ্যে সহস্র সেতু নির্মাণ করিতেছে। ঐ যে আমরা যাহাকে সৌন্দর্য বলি সেটা তাহার নিজের সৃষ্টি। সৌন্দর্য আত্মার সহিত জড়ের মাঝখানকার সেতু। বস্তু কেবল পিণ্ডমাত্র; আমরা তাহা হইতে আহাৰ গ্রহণ করি, তাহাতে বাস করি, তাহার নিকট হইতে আঘাতও প্রাপ্ত হই। তাহাকে যদি পর বলিয়া দেখিতাম তবে বস্তুসমষ্টির মতো এমন পর আর কী আছে? কিন্তু আত্মার কার্য আত্মীয়তা করা। সে মাঝখানে একটি সৌন্দর্য পাতাইয়া বসিল। সে যখন জড়কে বলিল সুন্দর, তখন সেও জড়ের অন্তরে প্রবেশ করিল, জড়ও তাহার অন্তরে আশ্রয় গ্রহণ করিল— সেদিন বড়োই পুলকের সঞ্চার হইল। এই সেতুনির্মাণকার্য এখনো চলিতেছে। কবির প্রধান গৌরব ইহাই। পৃথিবীতে চারি দিকের সহিত সে আমাদের পুরাতন সম্বন্ধ দৃঢ় ও নব নব সম্বন্ধ আবিষ্কার করিতেছে। প্রতিদিন পর পৃথিবীকে আপনার এবং জড় পৃথিবীকে আত্মার বাসযোগ্য করিতেছে। বলা বাহুল্য, প্রচলিত ভাষায় যাহাকে জড় বলে আমিও তাহাকে জড় বলিতেছি। জড়ের জড়ত্ব সম্বন্ধে আমার মতামত ব্যক্ত করিতে বসিলে উপস্থিত সভায় সচেতন পদার্থের মধ্যে আমি একা মাত্র অবশিষ্ট থাকিব।

সমীর ব্যোমের কথায় বিশেষ মনোযোগ না করিয়া কহিল— শ্রোতস্বিনী কেবল গাভীর দৃষ্টান্ত দিয়াছেন, কিন্তু আমাদের দেশে এ সম্বন্ধে দৃষ্টান্তের অভাব নাই। সেদিন যখন দেখিলাম এক ব্যক্তি রৌদ্রে তাতিয়া পুড়িয়া আসিয়া মাথা হইতে একটা কেরোসিন তেলের শূন্য টিনপাত্র কূলে নামাইয়া ‘মা গো’ বলিয়া জলে ঝাঁপ দিয়া পড়িল, মনে বড়ো একটু লাগিল। এই-যে স্নিগ্ধ সুন্দর সুগভীর জলরাশি সুমিষ্ট কলস্বরে দুই তীরকে স্তনদান করিয়া চলিয়াছে ইহারই শীতল ক্রোড়ে তাপিত শরীর সমর্পণ করিয়া দিয়া ইহাকে মা বলিয়া আহ্বান করা, অন্তরের এমন সুমধুর উচ্ছ্বাস আর কি আছে! এই ফলশস্যসুন্দরা বসুন্ধরা হইতে পিতৃপিতামহসেবিত আজন্মপরিচিত বাস্তুগৃহ পর্যন্ত যখন স্নেহসজীব আত্মীয়রূপে দেখা দেয় তখন জীবন অত্যন্ত উর্বর সুন্দর শ্যামল হইয়া উঠে। তখন জগতের সঙ্গে সুগভীর যোগসাধন হয়; জড় হইতে জন্তু এবং জন্তু হইতে মানুষ পর্যন্ত যে-একটি অবিচ্ছেদ্য ঐক্য আছে এ কথা আমাদের কাছে অত্যন্ত বোধ হয় না; কারণ, বিজ্ঞান এ কথার আভাস দিবার পূর্বে আমরা অন্তর হইতে এ কথা জানিয়াছিলাম; পণ্ডিত আসিয়া আমাদের জ্ঞাতিসম্বন্ধের কুলুজি বাহির করিবার পূর্বেই আমরা নাড়ির টানে সর্বত্র ঘরকন্না পাতিয়া বসিয়াছিলাম।

আমাদের ভাষায় ‘থ্যাঙ্ক’ শব্দের প্রতিশব্দ নাই বলিয়া কোনো কোনো যুরোপীয় পণ্ডিত সন্দেহ

করেন আমাদের কৃতজ্ঞতা নাই। কিন্তু আমি তাহার সম্পূর্ণ বিপরীত দেখিতে পাই। কৃতজ্ঞতা স্বীকার করিবার জন্য আমাদের অন্তর যেন লালায়িত হইয়া আছে। জন্তুর নিকট হইতে যাহা পাই, জড়ের নিকট হইতে যাহা পাই, তাহাকেও আমরা স্নেহ-দয়া-উপকার-রূপে জ্ঞান করিয়া প্রতিদান দিবার জন্য ব্যগ্র হই। যে জাতির লাঠিয়াল আপনার লাঠিকে, ছাত্র আপনার গ্রন্থকে এবং শিল্পী আপনার যন্ত্রকে কৃতজ্ঞতা-অর্পণ-লালসায় মনে মনে জীবন্ত করিয়া তোলে, একটা বিশেষ শব্দের অভাবে সে জাতিকে অকৃতজ্ঞ বলা যায় না।

আমি कहিলাম— বলা যাইতে পারে। কারণ, আমরা কৃতজ্ঞতার সীমা লঙ্ঘন করিয়া চলিয়া গিয়াছি। আমরা যে পরস্পরের নিকট অনেকটা পরিমাণে সাহায্য অসংকোচে গ্রহণ করি অকৃতজ্ঞতা তাহার কারণ নহে, পরস্পরের মধ্যে স্বাতন্ত্র্যভাবের অপেক্ষাকৃত অভাবই তাহার প্রধান কারণ। ভিক্ষুক এবং দাতা, অতিথি এবং গৃহস্থ, আশ্রিত এবং আশ্রয়দাতা, প্রভু এবং ভৃত্যের সম্বন্ধ যেন একটা স্বাভাবিক সম্বন্ধ। সুতরাং সে স্থলে কৃতজ্ঞতাপ্রকাশপূর্বক ঋণমুক্ত হইবার কথা কাহারও মনে উদয় হয় না।

ব্যোম कहিল— বিলাতি হিসাবের কৃতজ্ঞতা আমাদের দেবতাদের প্রতিও নাই। যুরোপীয় যখন বলে 'থ্যাঙ্ক গড' তখন তাহার অর্থ এই, ঈশ্বর যখন মনোযোগপূর্বক আমার একটা উপকার করিয়া দিলেন তখন সে উপকারটা স্বীকার না করিয়া বর্বরের মতো চলিয়া যাইতে পারি না। আমাদের দেবতাকে আমরা কৃতজ্ঞতা দিতে পারি না, কারণ, কৃতজ্ঞতা দিলে তাঁহাকে অল্প দেওয়া হয়, তাঁহাকে ফাঁকি দেওয়া হয়। তাঁহাকে বলা হয়, তোমার কাজ তুমি করিলে, আমার কর্তব্যও আমি সারিয়া দিয়া গেলাম। বরঞ্চ স্নেহের একপ্রকার অকৃতজ্ঞতা আছে, কারণ স্নেহের দাবির অন্ত নাই। সেই স্নেহের অকৃতজ্ঞতাও স্বাতন্ত্র্যের কৃতজ্ঞতা অপেক্ষা গভীরতর মধুরতর। রামপ্রসাদের গান আছে—

তোমায় মা মা বলে আর ডাকব না।

আমায় দিয়েছ দিতেছ কত যন্ত্রণা।

এই উদার অকৃতজ্ঞতা কোনো যুরোপীয় ভাষায় তর্জমা হইতে পারে না।

ক্ষিতি কটাক্ষসহকারে कहিল— যুরোপীয়দের প্রতি আমাদের যে অকৃতজ্ঞতা, তাহারও বোধ হয় একটা গভীর এবং উদার কারণ কিছু থাকিতে পারে। জড়প্রকৃতির সহিত আত্মীয়সম্পর্ক স্থাপন সম্বন্ধে যে কথাগুলি হইল তাহা সম্ভবত অত্যন্ত সুন্দর; এবং গভীর যে, তাহার আর সন্দেহ নাই, কারণ, এ পর্যন্ত আমি সম্পূর্ণ তলাইয়া উঠিতে পারি নাই। সকলেই তো একে একে বলিলেন যে, আমরাই প্রকৃতির সহিত ভাবের সম্পর্ক পাতাইয়া বসিয়াছি আর যুরোপ তাহার সহিত দূরের লোকের মতো ব্যবহার করে। কিন্তু জিজ্ঞাসা করি যদি যুরোপীয় সাহিত্য, ইংরাজি কাব্য আমাদের না জানা থাকিত, তবে আজিকার সভায় এ আলোচনা কি সম্ভব হইত? এবং যিনি ইংরাজি কখনো পড়েন নাই তিনি কি শেষ পর্যন্ত ইহার মর্মগ্রহণ করিতে পারিবেন?

আমি कहিলাম— না, কখনোই না। তাহার একটু কারণ আছে। প্রকৃতির সহিত আমাদের যেন ভাইবোনের সম্পর্ক এবং ইংরাজি ভাবকের যেন স্ত্রীপুরুষের সম্পর্ক। আমরা জন্মাবধিই আত্মীয়, আমরা স্বভাবতই এক। আমরা তাহার মধ্যে নব নব বৈচিত্র্য, পরিসূক্ষ্ম ভাবচ্ছায়া দেখিতে পাই না, একপ্রকার অন্ধ অচেতন স্নেহে মাখামাখি করিয়া থাকি। আর ইংরাজি, প্রকৃতির বাহির হইতে অন্তরে প্রবেশ করিতেছে। সে আপনার স্বাতন্ত্র্য রক্ষা করিয়াছে বলিয়াই তাহার পরিচয় এমন অভিনব আনন্দময়, তাহার মিলন এমন প্রগাঢ়তর। সেও নববধুর ন্যায় প্রকৃতিকে আয়ত্ত করিবার চেষ্টা করিতেছে, প্রকৃতিও তাহার মনোহরণের জন্য আপনার নিগূঢ় সৌন্দর্য উদ্ঘাটিত করিতেছে। সে প্রথমে প্রকৃতিকে জড় বলিয়া জানিত, হঠাৎ একদিন যেন যৌবনারম্ভে তাহার প্রতি দৃষ্টিক্ষেপ করিয়া তাহার অনির্বচনীয় অপরিমেয় আধ্যাত্মিক সৌন্দর্য আবিষ্কার করিয়াছে। আমরা আবিষ্কার করি নাই, কারণ, আমরা সন্দেহও করি নাই, প্রশ্নও করি নাই।

আত্মা অন্য আত্মার সংঘর্ষে তবেই আপনাকে সম্পূর্ণরূপে অনুভব করিতে পারে, তবেই সে মিলনের

আধ্যাত্মিকতা পরিপূর্ণ মাত্রায় মস্থিত হইয়া উঠে । একাকার হইয়া থাকা কিছু না থাকার ঠিক পরেই । কোনো একজন ইংরাজ কবি লিখিয়াছেন, ঈশ্বর আপনারই পিতৃ-অংশ এবং মাতৃ-অংশকে স্ত্রীপুরুষরূপে পৃথিবীতে ভাগ করিয়া দিয়াছেন ; সেই দুই বিচ্ছিন্ন অংশ এক হইবার জন্য পরস্পরের প্রতি এমন অনিবার্য আনন্দে আকৃষ্ট হইতেছে ; কিন্তু এই বিচ্ছেদটি না হইলে পরস্পরের মধ্যে এমন প্রগাঢ় পরিচয় হইত না । ঐক্য অপেক্ষা মিলনেই আধ্যাত্মিকতা অধিক ।

আমরা পৃথিবীকে নদীকে মা বলি, আমরা ছায়াময় বট-অশ্বথকে পূজা করি, আমরা প্রস্তর-পাষাণকে সজীব করিয়া দেখি, কিন্তু আত্মার মধ্যে তাহার আধ্যাত্মিকতা অনুভব করি না । বরঞ্চ আধ্যাত্মিককে বাস্তবিক করিয়া তুলি । আমরা তাহাতে মনঃকল্পিত মূর্তি আরোপ করি, আমরা তাহার নিকট সুখ সম্পদ সফলতা প্রার্থনা করি । কিন্তু আধ্যাত্মিক সম্পর্ক কেবলমাত্র সৌন্দর্য কেবলমাত্র আনন্দের সম্পর্ক, তাহা সুবিধা-অসুবিধা সঞ্চয়-অপচয়ের সম্পর্ক নহে । স্নেহসৌন্দর্যপ্রবাহিণী জাহ্নবী যখন আত্মার আনন্দ দান করে তখনই সে আধ্যাত্মিক ; কিন্তু যখনই তাহাকে মূর্তিবিশেষে নিবদ্ধ করিয়া তাহার নিকট হইতে ইহকাল অথবা পরকালের কোনো বিশেষ সুবিধা প্রার্থনা করি তখন তাহা সৌন্দর্যহীন মোহ, অন্ধ অজ্ঞানতা মাত্র । তখনই আমরা দেবতাকে পুত্তলিকা করিয়া দিই ।

ইহকালের সম্পদ এবং পরকালের পুণ্য, হে জাহ্নবী, আমি তোমার নিকট চাহি না এবং চাহিলেও পাইব না, কিন্তু শৈশবকাল হইতে জীবনের কত দিন সূর্যোদয় ও সূর্যাস্তে, কৃষ্ণপক্ষের অর্ধচন্দ্রালোকে, ঘনবর্ষার মেঘশ্যামল মধ্যাহ্নে, আমার অন্তরাত্মাকে যে-এক অবর্ণনীয় অলৌকিক পুলকে পরিপূর্ণ করিয়া দিয়াছ সেই আমার দুর্লভ জীবনের আনন্দসঞ্চয়গুলি যেন জন্মজন্মান্তরে অক্ষয় হইয়া থাকে ; পৃথিবী হইতে সমস্ত জীবন যে নিরুপম সৌন্দর্য চয়ন করিতে পারিয়াছি যাইবার সময় যেন একখানি পূর্ণশতদলের মতো সেটি হাতে করিয়া লইয়া যাইতে পারি এবং যদি আমার প্রিয়তমের সহিত সাক্ষাৎ হয় তবে তাঁহার করপল্লবে সমর্পণ করিয়া দিয়া একটি বারের মানবজন্ম কৃতার্থ করিতে পারি ।

ভাদ্র ১৩০০

নরনারী

সমীর এক সমস্যা উত্থাপিত করিলেন, তিনি বলিলেন— ইংরাজি সাহিত্যে গদ্য অথবা পদ্য কাব্যে নায়ক এবং নায়িকা উভয়েরই মাহাত্ম্য পরিস্ফুট হইতে দেখা যায় । ডেস্‌ডিমোনার নিকট ওথেলো এবং ইয়োগো কিছুমাত্র হীনপ্রভ নহে ; ক্লিয়োপাত্রা আপনার শ্যামল বন্ধিম বন্ধনজালে অ্যান্টনিকে আচ্ছন্ন করিয়া ফেলিয়াছে বটে, কিন্তু তথাপি লতাপাশবিজড়িত ভগ্ন জয়স্তম্ভের ন্যায় অ্যান্টনির উচ্চতা সর্বসমক্ষে দৃশ্যমান রহিয়াছে । লামার্মুরের নায়িকা আপনার সক্রমণ সরল সুকুমার সৌন্দর্যে যতই আমাদের মনোহরণ করুক-না কেন, রেভ্‌নস্বুডের বিষাদঘনঘোর নায়কের নিকট হইতে আমাদের দৃষ্টি আকর্ষণ করিয়া লইতে পারে না । কিন্তু বাংলা সাহিত্যে দেখা যায় নায়িকারই প্রাধান্য । কুন্দনন্দিনী এবং সূর্যমুখীর নিকট নগেন্দ্র ল্লান হইয়া আছে, রোহিণী এবং ভ্রমরের নিকট গোবিন্দলাল অদৃশ্যপ্রায়, জ্যোতির্ময়ী কপালকুণ্ডলার পার্শ্বে নবকুমার ক্ষীণতম উপগ্রহের ন্যায় । প্রাচীন বাংলা কাব্যেও দেখা । বিদ্যাসুন্দরের মধ্যে সজীব মূর্তি যদি কাহারও থাকে তবে সে কেবল বিদ্যার ও মালিনীর, সুন্দরচরিত্রে পদার্থের লেশমাত্র নাই । কবিকঙ্কণ চণ্ডীর সুবহৎ সমভূমির মধ্যে কেবল ফুল্লরা এবং খুল্লনা একটু নড়িয়া বেড়ায়, নতুবা ব্যাধটা একটা বিকৃত বৃহৎ স্থাণুমাত্র এবং ধনপতি ও তাঁহার পুত্র কোনো কাজের নহে । বঙ্গসাহিত্যে পুরুষ মহাদেবের ন্যায় নিশ্চল ভাবে ধূলিশয়ান এবং রমণী তাহার বক্ষের উপর জাগ্রত জীবন্ত ভাবে বিরাজমান । ইহার কারণ কী ?

সমীরের এই প্রশ্নের উত্তর শুনিবার জন্য শ্রোতস্বিনী অত্যন্ত কৌতূহলী হইয়া উঠিলেন এবং দীপ্তি নিতান্ত অমনোযোগের ভান করিয়া টেবিলের উপর একটা গ্রন্থ খুলিয়া তাহার প্রতি দৃষ্টি নিবদ্ধ করিয়া রাখিলেন ।

ক্ষিতি कहিলেন— তুমি বন্ধিমবাবুর যে কয়েকখানি উপন্যাসের উল্লেখ করিয়াছ সকলগুলিই মানসপ্রধান, কার্যপ্রধান নহে। মানসজগতে স্ত্রীলোকের প্রভাব অধিক, কার্যজগতে পুরুষের প্রভুত্ব। যেখানে কেবলমাত্র হৃদয়বৃত্তির কথা সেখানে পুরুষ স্ত্রীলোকের সহিত পারিয়া উঠিবে কেন? কার্যক্ষেত্রেই তাহার চরিত্রের যথার্থ বিকাশ হয়।

দীপ্তি আর থাকিতে পারিল না— গ্রন্থ ফেলিয়া এবং ঔদাসীন্യের ভান পরিহার করিয়া বলিয়া উঠিল— কেন? দুর্গেশনন্দিনীতে বিমলার চরিত্র কি কার্যেই বিকশিত হয় নাই? এমন নৈপুণ্য, এমন তৎপরতা, এমন অধ্যবসায়, উক্ত উপন্যাসের কয়জন নায়ক দেখাইতে পারিয়াছে? আনন্দমঠ তো কার্যপ্রধান উপন্যাস। সত্যানন্দ জীবানন্দ ভবানন্দ প্রভৃতি সম্ভানসম্প্রদায় তাহাতে কাজ করিয়াছে বটে, কিন্তু তাহা কবির বর্ণনামাত্র, যদি কাহারও চরিত্রের মধ্যে যথার্থ কার্যকারিতা পরিস্ফুট হইল থাকে তাহা শাস্ত্রের। দেবীচৌধুরানীতে কে কর্তৃত্বপদ লইয়াছে? রমণী। কিন্তু সে কি অন্তঃপুরের কর্তৃত্ব? নহে।

সমীর कहিলেন— ভাই ক্ষিতি, তর্কশাস্ত্রে সরলরেখার দ্বারা সমস্ত জিনিসকে পরিপাটিক্রমে শ্রেণীবিভক্ত করা যায় না। শতরঞ্চফলকেই ঠিক লাল কালো রঙের সমান ছক কাটিয়া ঘর আকিয়া দেওয়া যায়, কারণ, তাহা নির্জীব কাষ্ঠমূর্তির রঙ্গভূমি মাত্র; কিন্তু মনুষ্যচরিত্র বড়ো সিধা জিনিস নহে। তুমি যুক্তিবলে ভাবপ্রধান কর্মপ্রধান প্রভৃতি তাহার যেমনই অকাটা সীমা নির্ণয় করিয়া দেও-না কেন, বিপুল সংসারের বিচিত্র কার্যক্ষেত্রে সমস্তই উলট-পালট হইয়া যায়। সমাজের লৌহকটাহের নিম্নে যদি জীবনের অগ্নি না জ্বলিত, তবে মনুষ্যের শ্রেণীবিভাগ ঠিক সমান অটলভাবে থাকিত। কিন্তু জীবনশিখা যখন প্রদীপ্ত হইয়া উঠে, তখন টগবগ করিয়া সমস্ত মানবচরিত্র ফুটিতে থাকে, তখন নব নব বিস্ময়জনক বৈচিত্র্যের আর সীমা থাকে না। সাহিত্য সেই পরিবর্তমান মানবজগতের চঞ্চল প্রতিবিম্ব। তাহাকে সমালোচনাশাস্ত্রের বিশেষণ দিয়া বাধিবার চেষ্টা মিথ্যা। হৃদয়বৃত্তিতে স্ত্রীলোকই শ্রেষ্ঠ এমন কেহ লিখিয়া পড়িয়া দিতে পারে না। ওথেলো তো মানসপ্রধান নাটক, কিন্তু তাহাতে নায়কের হৃদয়াবেগের প্রবলতা কী প্রচণ্ড! কিং লিয়ারে হৃদয়ের ঝটিকা কী ভয়ংকর!

ব্যোম সহসা অধীর হইয়া বলিয়া উঠিলেন— আহা, তোমরা বৃথা তর্ক করিতেছ। যদি গভীরভাবে চিন্তা করিয়া দেখ, তবে দেখিবে কার্যই স্ত্রীলোকের। কার্যক্ষেত্র ব্যতীত স্ত্রীলোকের অন্যত্র স্থান নাই। যথার্থ পুরুষ যোগী, উদাসীন, নির্জনবাসী। ক্যাল্‌ডিয়ায় মরুক্ষেত্রের মধ্যে পড়িয়া পড়িয়া মেঘপাল পুরুষ যখন একাকী উর্ধ্বনেত্রে নিশীথগগনের গ্রহতারকার গতিবিধি নির্ণয় করিত, তখন সে কী সুখ পাইত! কোন্ নারী এমন অকাজে কালক্ষেপ করিতে পারে? যে জ্ঞান কোনো কার্যে লাগিবে না কোন্ নারী তাহার জন্য জীবন ব্যয় করে? যে ধ্যান কেবলমাত্র সংসারনির্মুক্ত আত্মার বিশুদ্ধ আনন্দজনক, কোন্ রমণীর কাছে তাহার মূল্য আছে? ক্ষিতির কথামত পুরুষ যদি যথার্থ কার্যশীল হইত, তবে মনুষ্যসমাজের এমন উন্নতি হইত না— তবে একটি নূতন তত্ত্ব একটি নূতন ভাব বাহির হইত না। নির্জনের মধ্যে, অবসরের মধ্যে জ্ঞানের প্রকাশ, ভাবের আবির্ভাব। যথার্থ পুরুষ সর্বদাই সেই নির্লিপ্ত নির্জনতার মধ্যে থাকে। কার্যবীর নেপোলিয়ানও কখনোই আপনার কার্যের মধ্যে সংলিপ্ত হইয়া থাকিতেন না; তিনি যখন যেখানেই থাকুন একটা মহানির্জনে আপন ভাবাকাশের দ্বারা বেষ্টিত হইয়া থাকিতেন— তিনি সর্বদাই আপনার একটা মস্ত আইডিয়ায় দ্বারা পরিরক্ষিত হইয়া তুমুল কার্যক্ষেত্রের মাঝখানেও বিজনবাস যাপন করিতেন। ভীষ্ম তো কুরুক্ষেত্রযুদ্ধের একজন নায়ক কিন্তু সেই ভীষণ জনসংঘাতের মধ্যেও তাহার মতো একক প্রাণী আর কে ছিল? তিনি কি কাজ করিতেছিলেন, না, ধ্যান করিতেছিলেন? স্ত্রীলোকই যথার্থ কাজ করে। তাহার কাজের মাঝখানে কোনো ব্যবধান নাই। সে একেবারে কাজের মধ্যে লিপ্ত, জড়িত। সেই যথার্থ লোকালয়ে বাস করে, সংসার রক্ষা করে। স্ত্রীলোকই যথার্থ সম্পূর্ণরূপে সঙ্গদান করিতে পারে, তাহার যেন অব্যবহিত স্পর্শ পাওয়া যায়, সে স্বতন্ত্র হইয়া থাকে না।

দীপ্তি कहিল— তোমার সমস্ত সৃষ্টিছাড়া কথা— কিছুই বুঝিবার জো নাই। মেয়েরা যে কাজ করিতে পারে না এ কথা আমি বলি না, তোমরা তাহাদের কাজ করিতে দাও কই।

ব্যোম কহিলেন— স্ত্রীলোকেরা আপনার কর্মবন্ধনে আপনি বদ্ধ হইয়া পড়িয়াছে। জ্বলন্ত অঙ্গার যেমন আপনার ভস্ম আপনি সঞ্চয় করে, নারী তেমনি আপনার স্তূপাকার কার্যাবশেষের দ্বারা আপনাকে নিহিত করিয়া ফেলে— সেই তাহার অন্তঃপুর, তাহার চারি দিকে কোনো অবসর নাই। তাহাকে যদি ভস্মমুক্ত করিয়া বহিঃসংসারের কার্যরাশির মধ্যে নিষ্ক্ষেপ করা যায় তবে কি কম কাণ্ড হয় ! পুরুষের সাধ্য কী তেমন দ্রুতবেগে তেমন তুমুল ব্যাপার করিয়া তুলিতে ! পুরুষের কাজ করিতে বিলম্ব হয় ; সে এবং তাহার কার্যের মাঝখানে একটা দীর্ঘ পথ থাকে, সে পথ বিস্তর চিন্তার দ্বারা আকীর্ণ। রমণী যদি একবার বহির্বিপ্লবে যোগ দেয়, নিমেষের মধ্যে সমস্ত ধূ ধূ করিয়া উঠে। এই প্রলয়কারিণী কার্যশক্তিকে সংসার বাঁধিয়া রাখিয়াছে, এই অগ্নিতে কেবল শয়নগৃহের সন্ধ্যাদীপ জ্বলিতেছে, শীতাত্ত প্রাণীর শীত নিবারণ ও ক্ষুধার্ত প্রাণীর অন্ন প্রস্তুত হইতেছে। যদি আমাদের সাহিত্যে এই সুন্দরী বহিঃশিখাগুলির তেজ দীপ্যমান হইয়া থাকে তবে তাহা লইয়া এত তর্ক কিসের জন্য !

আমি কহিলাম— আমাদের সাহিত্যে স্ত্রীলোক যে প্রাধান্য লাভ করিয়াছে তাহার প্রধান কারণ, আমাদের দেশের স্ত্রীলোক আমাদের দেশের পুরুষের অপেক্ষা অনেক শ্রেষ্ঠ।

শ্রোতস্বিনীর মুখ ঈষৎ রক্তিম এবং সহাস্য হইয়া উঠিল। দীপ্তি কহিল— এ আবার তোমার বাড়াবাড়ি।

বুঝিলাম দীপ্তির ইচ্ছা, আমাকে প্রতিবাদ করিয়া স্বজাতির গুণগান বেশি করিয়া শুনিয়া লইবে। আমি তাহাকে সে কথা বলিলাম, এবং কহিলাম স্ত্রীজাতি স্তুতিবাক্য শুনিতে অত্যন্ত ভালোবাসে। দীপ্তি সবলে মাথা নাড়িয়া কহিল— কখনোই না।

শ্রোতস্বিনী মৃদুভাবে কহিল— সে কথা সত্য। অপ্রিয় বাক্য আমাদের কাছে অত্যন্ত অধিক অপ্রিয় এবং প্রিয় বাক্য আমাদের কাছে বড়ো বেশি মধুর।

শ্রোতস্বিনী রমণী হইলেও সত্য কথা স্বীকার করিতে কুণ্ঠিত হয় না।

আমি কহিলাম— তাহার একটু কারণ আছে। গ্রন্থকারদের মধ্যে কবি এবং গুণীদের মধ্যে গায়কগণ বিশেষরূপে স্তুতিমিষ্টান্নপ্রিয়। আসল কথা, মনোহরণ করা যাহাদের কাজ, প্রশংসাই তাহাদের কৃতকার্যতা পরিমাপের একমাত্র উপায়। অন্য সমস্ত কার্যফলের নানারূপ প্রত্যক্ষ প্রমাণ আছে, স্তুতিবাদলাভ ছাড়া মনোরঞ্জনের আর কোনো প্রমাণ নাই। সেইজন্য গায়ক প্রত্যেকবার সমের কাছে আসিয়া বাহবা প্রত্যাশা করে। সেইজন্য অনাদর গুণীমাত্রের কাছে এত অধিক অপ্রীতিকর।

সমীর কহিলেন— কেবল তাহাই নয়, নিরুৎসাহ মনোহরণকার্যের একটি প্রধান অন্তরায়। শ্রোতার মনকে অগ্রসর দেখিলে তবেই গায়কের মন আপনার সমস্ত ক্ষমতা বিকশিত করিতে পারে। অতএব স্তুতিবাদ শুদ্ধ যে তাহার পুরস্কার তাহা নহে, তাহার কার্যসাধনের একটি প্রধান অঙ্গ।

আমি কহিলাম— স্ত্রীলোকেরও প্রধান কার্য আনন্দদান করা। তাহার সমস্ত অস্তিত্বকে সংগীত ও কবিতার ন্যায় সম্পূর্ণ সৌন্দর্যময় করিয়া তুলিলে তবে তাহার জীবনের উদ্দেশ্য সাধিত হয়। সেইজন্যই স্ত্রীলোক স্তুতিবাদে বিশেষ আনন্দলাভ করে। কেবল অহংকার-পরিভূতির জন্য নহে ; তাহাতে সে আপনার জীবনের সার্থকতা অনুভব করে। ক্রটি-অসম্পূর্ণতা দেখাইলে একেবারে তাহাদের মর্মের মূলে গিয়া আঘাত করে। এইজন্য লোকনিন্দা স্ত্রীলোকের নিকট বড়ো ভয়ানক।

ক্ষিতি কহিলেন— তুমি যাহা বলিলে দিব্য কবিত্ব করিয়া বলিলে, শুনিতে বেশ লাগিল, কিন্তু আসল কথাটা এই যে, স্ত্রীলোকের কার্যের পরিসর সংকীর্ণ। বৃহৎ দেশে ও বৃহৎ কালে তাহার স্থান নাই। উপস্থিতমত স্বামীপুত্র-আত্মীয়স্বজন-প্রতিবেশীদিগকে সন্তুষ্ট ও পরিভূপ্ত করিতে পারিলেই তাহার কর্তব্য সাধিত হয়। যাহার জীবনের কার্যক্ষেত্র দূরদেশ ও দূরকালে বিস্তীর্ণ, যাহার কর্মের ফলাফল সকল সময় আশু প্রত্যক্ষগোচর নহে, নিকটের লোকের ও বর্তমান কালের নিন্দাস্তুতির উপর তাহার তেমন একান্ত নির্ভর নহে ; সুদূর আশা ও বৃহৎ কল্পনা, অনাদর উপেক্ষা ও নিন্দার মধ্যেও তাহাকে অবিচলিত বল প্রদান করিতে পারে। লোকনিন্দা লোকস্তুতি সৌভাগ্যগর্ভ এবং মান-অভিमानে

স্ত্রীলোককে যে এমন বিচলিত করিয়া তোলে তাহার প্রধান কারণ, জীবন লইয়া তাহাদের নগদ কারবার, তাহাদের সমুদায় লাভ-লোকসান বর্তমানে ; হাতে হাতে যে ফল প্রাপ্ত হয় তাহাই তাহাদের একমাত্র পাওনা ; এইজন্য তাহারা কিছু কষাকষি করিয়া আদায় করিতে চায়, এক কানাকড়ি ছাড়িতে চায় না ।

দীপ্তি বিরক্ত হইয়া যুরোপ ও আমেরিকার বড়ো বড়ো বিশ্বহিতৈষিণী রমণীর দৃষ্টান্ত অন্বেষণ করিতে লাগিলেন । স্রোতস্বিনী কহিলেন— বৃহৎ ও মহৎ সকল সময়ে এক নহে । আমরা বৃহৎ ক্ষেত্রে কার্য করি না বলিয়া আমাদের কার্যের গৌরব অল্প এ কথা আমি কিছুতেই মনে করিতে পারি না । পেশী স্নায়ু অস্থিচর্ম বৃহৎ স্থান অধিকার করে, মর্মস্থানটুকু অতি ক্ষুদ্র এবং নিভৃত । আমরা সমস্ত মানবসমাজের সেই মর্মক্ষেত্রে বিরাজ করি । পুরুষ-দেবতাগণ বৃষ মহিষ প্রভৃতি বলবান পশুবাহন আশ্রয় করিয়া ভ্রমণ করেন ; স্ত্রী-দেবীগণ হৃদয়শতদলবাসিনী, তাহারা একটি বিকশিত ধ্রুব সৌন্দর্যের মাঝখানে পরিপূর্ণ মহিমায় সমাসীন । পৃথিবীতে যদি পুনর্জন্মলাভ করি তবে আমি যেন পুনর্বার নারী হইয়া জন্মগ্রহণ করি । যেন ভিখারি না হইয়া, অন্নপূর্ণা হই । একবার ভাবিয়া দেখো সমস্ত মানবসংসারের মধ্যে প্রতিদিবসের রোগশোক ক্ষুধাশ্রান্তি কত বৃহৎ, প্রতিমুহূর্তে কর্মচক্রোৎক্ষিপ্ত ধূলিরাশি কত স্তূপাকার হইয়া উঠিতেছে ; প্রতি গৃহের রক্ষাকার্য কত অসীমপ্ৰীতিসাধ্য ; যদি কোনো প্রসন্নমূর্তি প্রফুল্লমুখী ধৈর্যময়ী লোকবৎসলা দেবী প্রতিদিবসের শিয়রে বাস করিয়া তাহার তপ্ত ললাটে স্নিগ্ধ স্পর্শ দান করেন, আপনার কার্যকুশল সুন্দর হস্তের দ্বারা প্রত্যেক মুহূর্ত হইতে তাহার মলিনতা অপনয়ন করেন এবং প্রত্যেক গৃহমধ্যে প্রবেশ করিয়া অশ্রান্ত স্নেহে তাহার কল্যাণ ও শান্তি বিধান করিতে থাকেন, তবে তাহার কার্যস্থল সংকীর্ণ বলিয়া তাহার মহিমা কে অস্বীকার করিতে পারে ? যদি সেই লক্ষ্মীমূর্তির আদর্শখানি হৃদয়ের মধ্যে উজ্জ্বল করিয়া রাখি, তবে নারীজন্মের প্রতি আর অনাদর জন্মিতে পারে না ।

ইহার পর আমরা সকলেই কিছুক্ষণ চুপ করিয়া রহিলাম । এই অকস্মাৎ নিস্তব্ধতায় স্রোতস্বিনী অত্যন্ত লজ্জিত হইয়া উঠিয়া আমাকে বলিলেন— তুমি আমাদের দেশের স্ত্রীলোকের কথা কী বলিতেছিলে— মাঝে হইতে অন্য তর্ক আসিয়া সে কথা চাপা পড়িয়া গেল ।

আমি কহিলাম— আমি বলিতেছিলাম, আমাদের দেশের স্ত্রীলোকেরা আমাদের পুরুষের চেয়ে অনেক শ্রেষ্ঠ ।

ক্ষিতিক কহিলেন— তাহার প্রমাণ ?

আমি কহিলাম— প্রমাণ হাতে হাতে । প্রমাণ ঘরে ঘরে । প্রমাণ অন্তরের মধ্যে । পশ্চিমে ভ্রমণ করিবার সময় কোনো কোনো নদী দেখা যায়, যাহার অধিকাংশে তপ্ত শুষ্ক বালুকা ধূ ধূ করিতেছে— কেবল এক পার্শ্ব দিয়া স্ফটিকস্বচ্ছসলিলা স্নিগ্ধ নদীটি অতি নম্রমধুর স্রোতে প্রবাহিত হইয়া যাইতেছে । সেই দৃশ্য দেখিলে আমাদের সমাজ মনে পড়ে । আমরা অকর্মণ্য, নিষ্ফল নিশ্চল বালুকারাশি স্তূপাকার হইয়া পড়িয়া আছি, প্রত্যেক সমীরণাসে হুঁহু করিয়া উড়িয়া যাইতেছি এবং যে-কোনো কীর্তিস্তম্ভ নির্মাণ করিবার চেষ্টা করিতেছি তাহাই দুই দিনে ধসিয়া ধসিয়া পড়িয়া যাইতেছে । আর আমাদের বাম পার্শ্বে আমাদের রমণীগণ নিম্নপথ দিয়া বিনম্র সেবিকার মতো আপনাকে সংকুচিত করিয়া স্বচ্ছ সুধাস্রোতে প্রবাহিত হইয়া চলিতেছে । তাহাদের এক মুহূর্ত বিরাম নাই । তাহাদের গতি, তাহাদের প্রীতি, তাহাদের সমস্ত জীবন, এক ধ্রুব লক্ষ্য ধরিয়া অগ্রসর হইতেছে । আমরা লক্ষ্যহীন, ঐক্যহীন, সহস্রপদতলে দলিত হইয়াও মিলিত হইতে অক্ষম । যে দিকে জলস্রোত, যে দিকে আমাদের নারীগণ, কেবল সেই দিকে সমস্ত শোভা এবং ছায়া এবং সফলতা, এবং যে দিকে আমরা সে দিকে কেবল মরুচাকচিক্য, বিপুল শূন্যতা এবং দক্ষ দাস্যবৃত্তি । সমীর, তুমি কী বল ?

সমীর স্রোতস্বিনী ও দীপ্তির প্রতি কটাক্ষপাত করিয়া হাসিয়া কহিলেন— অদ্যকার সভায় নিজেদের অসারতা স্বীকার করিবার দুইটি মূর্তিমতী বাধা বর্তমান । আমি তাহাদের নাম করিতে চাই না । বিশ্বসংসারের মধ্যে বাঙালি পুরুষের আদর কেবল আপন অন্তঃপুরের মধ্যে । সেখানে তিনি

কেবলমাত্র প্রভু নহেন, তিনি দেবতা । আমরা যে দেবতা নহি, তৃণ ও মৃত্তিকার পুত্তলিকামাত্র, সে কথা আমাদের উপাসকদের নিকট প্রকাশ করিবার প্রয়োজন কী ভাই ? ঐ-যে আমাদের মুগ্ধ বিশ্বস্ত ভক্তটি আপন হৃদয়কুঞ্জের সমুদয় বিকশিত সুন্দর পুষ্পগুলি সোনার থালে সাজাইয়া আমাদের চরণতলে আনিয়া উপস্থিত করিয়াছে, ও কোথায় ফিরাইয়া দিব ? আমরাইগকে দেবসিংহাসনে বসাইয়া ঐ-যে চিরব্রতধারিণী সেবিকাটি আপন নিভৃত নিত্য প্রেমের নির্নিমেষ সন্ধ্যাদীপটি লইয়া আমাদের এই গৌরবহীন মুখের চতুর্দিকে অনন্ত অতৃপ্তিভরে শতসহস্র বার প্রদক্ষিণ করাইয়া আরতি করিতেছে, উহার কাছে যদি খুব উচ্চ হইয়া না বসিয়া রহিলাম, নীরবে পূজা না গ্রহণ করিলাম, তবে উহাদেরই বা কোথায় সুখ আর আমাদেরই বা কোথায় সম্মান ! যখন ছোটো ছিল তখন মাটির পুতুল লইয়া এমনিভাবে খেলা করিত যেন তাহার প্রাণ আছে, যখন বড়ো হইল তখন মানুষপুতুল লইয়া এমনিভাবে পূজা করিতে লাগিল যেন তাহার দেবত্ব আছে— তখন যদি কেহ তাহার খেলার পুতুল ভাঙিয়া দিত তবে কি বালিকা কাঁদিত না ? এখন যদি কেহ ইহার পূজার পুতুল ভাঙিয়া দেয় তবে কি রমণী ব্যথিত হয় না ? যেখানে মনুষ্যত্বের যথার্থ গৌরব আছে সেখানে মনুষ্যত্ব বিনা ছদ্মবেশে সম্মান আকর্ষণ করিতে পারে, যেখানে মনুষ্যত্বের অভাব সেখানে দেবত্বের আয়োজন করিতে হয় । পৃথিবীতে কোথাও যাহাদের প্রতিপত্তি প্রতিষ্ঠা নাই তাহারা কি সামান্য মানবভাবে স্ত্রীর নিকট সম্মান প্রত্যাশা করিতে পারে ? কিন্তু আমরা যে এক-একটি দেবতা, সেইজন্য এমন সুন্দর সুকুমার হৃদয়গুলি লইয়া অসংকোচে আপনার পঙ্কিল চরণের পাদপীঠ নির্মাণ করিতে পারিয়াছি ।

দীপ্তি কহিলেন— যাহার যথার্থ মনুষ্যত্ব আছে, সে মানুষ হইয়া দেবতার পূজা গ্রহণ করিতে লজ্জা অনুভব করে এবং যদি পূজা পায় তবে আপনাকে সেই পূজার যোগ্য করিতে চেষ্টা করে । কিন্তু বাংলাদেশে দেখা যায়, পুরুষসম্প্রদায় আপন দেবত্ব লইয়া নির্লজ্জভাবে আশ্ফালন করে । যাহার যোগ্যতা যত অল্প তাহার আড়ম্বর তত বেশি । আজকাল স্ত্রীদিগকে পতিমাহাত্ম্য পতিপূজা শিখাইবার জন্য পুরুষগণ কায়মনোবাক্যে লাগিয়াছেন । আজকাল নৈবেদ্যের পরিমাণ কিঞ্চিৎ কমিয়া আসিতেছে বলিয়া তাঁহাদের আশঙ্কা জন্মিতেছে । কিন্তু পত্নীদিগকে পূজা করিতে শিখানো অপেক্ষা পতিদিগকে দেবতা হইতে শিখাইলে কাজে লাগিত । পতিদেবপূজা হ্রাস হইতেছে বলিয়া যাহারা আধুনিক স্ত্রীলোকদিগকে পরিহাস করেন, তাঁহাদের যদি লেশমাত্র রসবোধ থাকিত তবে সে বিদ্রূপ ফিরিয়া আসিয়া তাঁহাদের নিজেকে বিদ্ধ করিত । হায় হায়, বাঙালির মেয়ে পূর্বজন্মে কত পুণ্যই করিয়াছিল তাই এমন দেবলোকে আসিয়া জন্মগ্রহণ করিয়াছে ! কী বা দেবতার স্ত্রী ! কী বা দেবতার মাহাত্ম্য !

শ্রোতস্বিনীর পক্ষে ক্রমে অসহ্য হইয়া আসিল । তিনি মাথা নাড়িয়া গম্ভীর ভাবে বলিলেন— তোমরা উত্তরোত্তর সুর এমনি নিখাদে চড়াইতেছ যে, আমাদের স্তবগানের মধ্যে যে মাধুর্যটুকু ছিল তাহা ক্রমেই চলিয়া যাইতেছে । এ কথা যদি বা সত্য হয় যে আমরা তোমাদের যতটা বাড়াই তোমরা তাহার যোগ্য নহ, তোমরাও কি আমরাইগকে অযথারূপে বাড়াইয়া তুলিতেছ না ? তোমরা যদি দেবতা না হও, আমরাও দেবী নহি । আমরা যদি উভয়েই আপসের দেবদেবী হই, তবে আর ঝগড়া করিবার প্রয়োজন কী ? তা ছাড়া আমাদের তো সকল গুণ নাই— হৃদয়মাহাত্ম্যে যদি আমরা শ্রেষ্ঠ হই, মনোমাহাত্ম্যে তো তোমরা বড়ো ।

আমি কহিলাম— মধুর কণ্ঠস্বরে এই স্নিগ্ধ কথাগুলি বলিয়া তুমি বড়ো ভালো করিলে, নতুবা দীপ্তির বাক্যবাণবর্ষণের পর সত্য কথা বলা দুঃসাধ্য হইয়া উঠিত । দেবী, তোমরা কেবল কবিতার মধ্যে দেবী, মন্দিরের মধ্যে আমরা দেবতা । দেবতার ভোগ যাহা-কিছু সে আমাদের, আর তোমাদের জন্য কেবল মনুসংহিতা হইতে দুইখানি কিংবা আড়াইখানি মাত্র মন্ত্র আছে । তোমরা আমাদের এমনি দেবতা যে, তোমরা যে সুখস্বাস্থ্যসম্পদের অধিকারী এ কথা মুখে উচ্চারণ করিলে হাস্যাস্পদ হইতে হয় । সমগ্র পৃথিবী আমাদের, অবশিষ্ট ভাগ তোমাদের ; আহারের বেলা আমরা, উচ্ছিষ্টের বেলা তোমরা । প্রকৃতির শোভা, মুক্ত বায়ু, স্বাস্থ্যকর ভ্রমণ আমাদের ; এবং দুর্লভ মানবজন্ম ধারণ করিয়া কেবল গৃহের কোণ, রোগের শয্যা এবং বাতায়নের প্রান্ত তোমাদের । আমরা দেবতা হইয়া সমস্ত

পদসেবা পাই এবং তোমরা দেবী হইয়া সমস্ত পদপীড়ন সহ্য কর— প্রণিধান করিয়া দেখিলে এ দুই দেবত্বের মধ্যে প্রভেদ লক্ষিত হইবে ।

একটা কথা মনে রাখিতে হইবে, বঙ্গদেশে পুরুষের কোনো কাজ নাই । এ দেশে গার্হস্থ্য ছাড়া আর-কিছু নাই, সেই গৃহগঠন এবং গৃহবিচ্ছেদ স্ত্রীলোকেই করিয়া থাকে । আমাদের দেশে ভালোমন্দ সমস্ত শক্তি স্ত্রীলোকের হাতে ; আমাদের রমণীরা সেই শক্তি চিরকাল চালনা করিয়া আসিয়াছে । একটি ক্ষুদ্র ছিপ্ছিপে তক্তকে স্টিম্‌নৌকা যেমন বৃহৎ বোঝাই-ভরা গাধাবোটটাকে স্রোতের অনুকূলে ও প্রতিকূলে টানিয়া লইয়া চলে, তেমনি আমাদের দেশীয় গৃহিণী, লোকলৌকিকতা-আত্মীয়কুটুম্বিতা-পরিপূর্ণ বৃহৎ সংসার এবং স্বামী-নামক একটি চলৎশক্তিরহিত অনাবশ্যক বোঝা পশ্চাতে টানিয়া লইয়া আসিয়াছে । অন্য দেশে পুরুষেরা সন্ধিবিগ্রহ রাজ্যচালনা প্রভৃতি বড়ো বড়ো পুরুষোচিত কার্যে বহুকাল ব্যাপ্ত থাকিয়া নারীদের হইতে স্বতন্ত্র একটি প্রকৃতি গঠিত করিয়া তোলে । আমাদের দেশে পুরুষেরা গৃহপালিত, মাতুলালিত, পত্নীচালিত । কোনো বৃহৎ ভাব, বৃহৎ কার্য, বৃহৎ ক্ষেত্রের মধ্যে তাহাদের জীবনের বিকাশ হয় নাই ; অথচ অধীনতার পীড়ন, দাসত্বের হীনতা-দুর্বলতার লাঞ্ছনা তাহাদিগকে নতশিরে সহ্য করিতে হইয়াছে । তাহাদিগকে পুরুষের কোনো কর্তব্য করিতে হয় নাই এবং কাপুরুষের সমস্ত অপমান বহিতে হইয়াছে । সৌভাগ্যক্রমে স্ত্রীলোককে কখনো বাহিরে গিয়া কর্তব্য খুঁজিতে হয় না, তরুণাখায় ফলপুষ্পের মতো কর্তব্য তাহার হাতে আপনি আসিয়া উপস্থিত হয় । সে যখনই ভালোবাসিতে আরম্ভ করে তখনই তাহার কর্তব্য আরম্ভ হয় । তখনই তাহার চিন্তা, বিবেচনা, যুক্তি, কার্য, তাহার সমস্ত চিন্তবৃত্তি সজাগ হইয়া উঠে— তাহার সমস্ত চরিত্র উদ্ভিন্ন হইয়া উঠিতে থাকে । বাহিরের কোনো রাষ্ট্রবিপ্লব তাহার কার্যের ব্যাঘাত করে না, তাহার গৌরবের হ্রাস করে না, জাতীয় অধীনতার মধ্যেও তাহার তেজ রক্ষিত হয় ।

স্রোতস্বিনীর দিকে ফিরিয়া কহিলাম— আজ আমরা একটি নূতন শিক্ষা এবং বিদেশী ইতিহাস হইতে পুরুষকারের নূতন আদর্শ প্রাপ্ত হইয়া বাহিরের কর্মক্ষেত্রের দিকে ধাবিত হইতে চেষ্টা করিতেছি । কিন্তু ভিজা কাষ্ঠ জ্বলে না, মরিচা-ধরা চাকা চলে না ; যত জ্বলে তাহার চেয়ে ধোঁওয়া বেশি হয়, যত চলে তাহার চেয়ে শব্দ বেশি করে । আমরা চিরদিন অকর্মণ্য ভাবে কেবল দলাদলি কানাকানি হাসাহাসি করিয়াছি, তোমরা চিরকাল তোমাদের কাজ করিয়া আসিয়াছ । এইজন্য শিক্ষা তোমরা যত সহজে যত শীঘ্র গ্রহণ করিতে পারো, আপনার আয়ত্ত করিতে পারো, তাহাকে আপনার জীবনের মধ্যে প্রবাহিত করিতে পারো, আমরা তেমন পারি না ।

স্রোতস্বিনী অনেকক্ষণ চুপ করিয়া রহিলেন, তার পর ধীরে ধীরে কহিলেন— যদি বুঝিতে পারিতাম আমাদের কিছু করিবার আছে এবং কী উপায়ে কী কর্তব্যসাধন করা যায়, তাহা হইলে আর কিছু না হোক চেষ্টা করিতে পারিতাম ।

আমি কহিলাম— আর তো কিছুই করিতে হইবে না । যেমন আছ তেমনি থাকো । লোকে দেখিয়া বুঝিতে পারুক সত্য, সরলতা, শ্রী যদি মূর্তি গ্রহণ করে তবে তাহাকে কেমন দেখিতে হয় । যে গৃহে লক্ষ্মী আছে, সে গৃহে বিশৃঙ্খলা কুশ্রীতা নাই । আজকাল আমরা যে-সমস্ত অনুষ্ঠান করিতেছি তাহার মধ্যে লক্ষ্মীর হস্ত নাই, এইজন্য তাহার মধ্যে বড়ো বিশৃঙ্খলতা, বড়ো বাড়াবাড়ি— তোমরা শিক্ষিতা নারীরা তোমাদের হৃদয়ের সৌন্দর্য লইয়া যদি এই সমাজের মধ্যে এই অসংযত কার্যসূত্রে মধ্যে আসিয়া দাঁড়াও তবেই ইহার মধ্যে লক্ষ্মীস্থাপনা হয়, তবে অতি সহজেই সমস্ত শোভন পরিপাটি এবং সামঞ্জস্যবদ্ধ হইয়া আসে ।

স্রোতস্বিনী আর কিছু না বলিয়া স্কৃতজ্ঞ স্নেহদৃষ্টির দ্বারা আমার ললাট স্পর্শ করিয়া গৃহকার্যে চলিয়া গেল ।

দীপ্তি ও শ্রোতস্বিনী সভা ছাড়িয়া গেলে ক্ষিতি হাঁপ ছাড়িয়া কহিল— এইবার সত্য কথা বলিবার সময় পাইলাম । বাতাসটা এইবার মোহমুক্ত হইবে । তোমাদের কথাটা অতুঞ্জিতে বড়ো, আমি তাহা নীরবে সহ্য করিয়াছি ; আমার কথাটা লম্বায় যদি বড়ো হয় সেটা তোমাদের সহ্য করিতে হইবে ।

আমাদের সভাপতি মহাশয় সকল বিষয়ের সকল দিক দেখিবার সাধনা করিয়া থাকেন এইরূপ তাঁহার নিজের ধারণা । এই গুণটি যে সদগুণ আমার তাহাতে সন্দেহ আছে । ওকে বলা যায় বুদ্ধির পেটুকতা । লোভ সংবরণ করিয়া যে মানুষ বাদ-সাদ দিয়া বাছিয়া খাইতে জানে সেই যথার্থ খাইতে পারে । আহায়ে যাহার পক্ষপাতের সংযম আছে সেই করে স্বাদগ্রহণ, এবং ধারণ করে সম্যক্রূপে । বুদ্ধির যদি কোনো পক্ষপাত না থাকে, যদি বিষয়ের সবটাকেই গিলিয়া ফেলার কুশ্রী অভ্যাস তাহার থাকে, তবে সে বেশি পায় কল্পনা করিয়া আসলে কম পায় ।

যে মানুষের বুদ্ধি সাধারণত অতিরিক্ত পরিমাণে অপক্ষপাতী সে যখন বিশেষ ক্ষেত্রে পক্ষপাতী হইয়া পড়ে তখন একেবারে আত্মবিস্মৃত হইতে থাকে, তখন তার সেই অমিতাচারে ধৈর্য রক্ষা করা কঠিন হয় । সভাপতি মহাশয়ের একমাত্র পক্ষপাতের বিষয় নারী । সে সম্বন্ধে তাঁহার অতিশয়োক্তি মনের স্বাস্থ্যরক্ষার প্রতিকূল এবং সত্যবিচারের বিরোধী ।

পুরুষের জীবনের ক্ষেত্র বৃহৎ সংসারে, সেখানে সাধারণ মানুষের ভুলচুক-ত্রুটি পরিমাণে বেশি হইয়াই থাকে । বৃহত্তর উপযুক্ত শক্তি সাধনাসাপেক্ষ, কেবলমাত্র সহজ বুদ্ধির জোরে সেখানে ফল পাওয়া যায় না । স্ত্রীলোকের জীবনের ক্ষেত্র ছোটো সংসারে, সেখানে সহজ বুদ্ধিই কাজ চালাইতে পারে । সহজ বুদ্ধি জৈব অভ্যাসের অনুগামী, তাহার অশিক্ষিতপটুত্ব— তাই বলিয়াই সে সুশিক্ষিত-পটুত্বের উপরে বাহাদুরি লইবে এ তো সহ্য করা চলে না । ক্ষুদ্র সীমার মধ্যে যাহা সহজে সুন্দর তার চেয়ে বড়ো জাতের সুন্দর তাহাই— বৃহৎ সীমায় যুদ্ধের ক্ষতচিহ্নে যাহা চিহ্নিত, অসুন্দরের সংঘর্ষে ও সংযোগে যাহা কঠিন, যাহা অতিসৌম্যে অতিললিত অতিনিখুঁত নয় ।

দেশের পুরুষদের প্রতি তোমরা যে ঐকান্তিক ভাবে অবিচার করিয়াছ তাহাকে আমি ধিক্কার দিই, তাহার অমিতভাষণেই প্রমাণ হয় তাহার অমূলকতা । পৃথিবীতে কাপুরুষ অনেক আছে, আমাদের দেশে হয়তো বা সংখ্যায় আরো বেশি । তার প্রধান কারণটার আভাস পূর্বেই দিয়াছি । যথার্থ পুরুষ হওয়া সহজ নয়, তাহা দুর্মূল্য বলিয়াই দুর্লভ । আদর্শ নারীর উপকরণ-আয়োজন অনেকখানিই জোগাইয়াছে প্রকৃতি । প্রকৃতির আদুরে সন্তান নয় পুরুষ, বিশ্বের শক্তিভাণ্ডার তাহাকে লুণ্ঠ করিয়া লইতে হয় । এইজন্য পৃথিবীতে অনেক পুরুষ অকৃতার্থ । কিন্তু যাহারা সার্থক হইতে পারে তাহাদের তুলনা তোমার মেয়েমহলে মিলিবে কোথায়, অন্তত আমাদের দেশে এই অকৃতার্থতার কি একটা কারণ নয় মেয়েরাই ? তাহাদের অন্ধসংস্কার, তাহাদের আসক্তি, তাহাদের ঈর্ষা, তাহাদের কৃপণতা ! মেয়েরা সেখানেই ত্যাগ করে যেখানে তাহাদের প্রবৃত্তি ত্যাগ করায়, তাহাদের সন্তানের জন্য, প্রিয়জনের জন্য । পুরুষের যথার্থ ত্যাগের ক্ষেত্র প্রবৃত্তির বিরুদ্ধে । এ কথা মনে রাখিয়া দুই জাতের তুলনা করিয়া ।

স্বৈগকে মনে মনে স্ত্রীলোক পরিহাস করে, জানে সেটা মোহ, সেটা দুর্বলতা । একান্তমনে আশা করি দীপ্তি ও শ্রোতস্বিনী তোমাদের বাড়াবাড়ি লইয়া উচ্চহাসি হাসিতেছে ; না যদি হাসে তবে তাহাদের 'পরে আমার শ্রদ্ধা থাকিবে না । তাহারা নিজের স্বভাবের সীমা কি নিজেরাও জানে না ? পরকে ভোলাইবার জন্য অহংকার মার্জনীয়, কিন্তু সেইসঙ্গে মনে মনে চাপা হাসি হাসা দরকার । নিজেকে ভোলাইবার জন্য যাহারা অপরিমিত অহংকার অবিচলিত গাভীরের সহিত আত্মসাৎ করিতে পারে, তাহারা যদি স্ত্রীজাতীয় হয় তবে বলিতে হইবে মেয়েদের হাস্যতাবোধ নাই— সেটাই হসনীয়, এমন-কি, শোচনীয় । স্বর্গের দেবীরা স্তবের কোনো অতিভাষণে কুণ্ঠিত হন না, আমাদের মর্তের দেবীদেরও যদি সেই গুণটি থাকে তবে তাঁহাদের দেবী উপাধি কেবলমাত্র সেই কারণেই সার্থক ।

তার পরে একটা কথা বলিতে ইচ্ছা করে না, কিন্তু তোমাদের আলোচনার ওজন রক্ষার জন্য বলা দরকার । মেয়েদের ছোটো সংসারে সর্বত্রই অথবা প্রায় সর্বত্রই যে মেয়েরা লক্ষ্মীর আদর্শ এ কথা যদি

বলি তবে লক্ষ্মীর প্রতি লাইবেল করা হইবে। তাহার কারণ, সহজ প্রবৃত্তি, যাহাকে ইংরেজিতে ইন্স্টিংক্ট বলে তাহার ভালো আছে মন্দও আছে। বুদ্ধির দুর্বলতার সংযোগে এই-সমস্ত অন্ধ প্রবৃত্তি কত ঘরে কত অসহ্য দুঃখ কত দারুণ সর্বনাশ ঘটায়, সে কথা কি দীপ্তি ও স্রোতস্বিনীর অসাক্ষাতেও বলা চলিবে না? দেশের বক্ষে মেয়েদের স্থান বটে, সেই বক্ষে তাহারা মৃত্যুর যে জগদল পাথর চাপাইয়া রাখিয়াছে, সেটাকে-সুদ্ধ দেশকে টানিয়া তুলিতে পারিবে কি? তুমি বলিবে সেটার কারণ অশিক্ষা। শুধু অশিক্ষা নয়, অতিমাত্রায় হৃদয়ালুতা।

তোমাদের শিভল্লি সাংঘাতিক তেজে উদ্যত হইয়া উঠিতেছে। আজ তোমরা অনেক কটুভাষা নিষ্ক্ষেপ করিবে জানি, কেননা মনে মনে বুঝিয়াছ আমার কথাটা সত্য। সেই গর্ব মনে লইয়া দৌড় মারিলাম; গাড়ি ধরিতে হইবে।

[চিত্র ১৩৪২]

পল্লীগামে

আমি এখন বাংলাদেশের এক প্রান্তে যেখানে বাস করিতেছি এখানে কাছাকাছি কোথাও পুলিশের থানা, ম্যাজিস্ট্রেটের কাছারি নাই। রেলোয়ে স্টেশন অনেকটা দূরে। যে পৃথিবী কেনাবেচা বাদানুবাদ মামলা-মকদ্দমা এবং আত্মগরিমার বিজ্ঞাপন প্রচার করে, কোনো-একটা প্রস্তরকঠিন পাকা বড়ো রাস্তার দ্বারা তাহার সহিত এই লোকালয়গুলির যোগস্থাপন হয় নাই। কেবল একটি ছোটো নদী আছে। যেন সে কেবল এই কয়খানি গ্রামেরই ঘরের ছেলেমেয়েদের নদী। অন্য কোনো বৃহৎ নদী, সুদূর সমুদ্র, অপরিচিত গ্রাম নগরের সহিত যে তাহার যাতায়াত আছে তাহা এখানকার গ্রামের লোকেরা যেন জানিতে পারে নাই, তাই তাহারা অত্যন্ত সুমিষ্ট একটা আদরের নাম দিয়া ইহাকে নিতান্ত আত্মীয় করিয়া লইয়াছে।

এখন ভাদ্র মাসে চতুর্দিক জলমগ্ন, কেবল ধান্যক্ষেত্রের মাথাগুলি অল্পই জাগিয়া আছে। বহু দূরে দূরে এক-একখানি তরুবেষ্টিত গ্রাম উচ্চভূমিতে দ্বীপের মতো দেখা যাইতেছে।

এখানকার মানুষগুলি এমনি অনুরক্ত ভক্তস্বভাব, এমনি সরল বিশ্বাসপরায়ণ যে, মনে হয় আডাম ও ইভ জ্ঞানবৃক্ষের ফল খাইবার পূর্বেই ইহাদের বংশের আদিপুরুষকে জন্মদান করিয়াছিলেন। সেইজন্য শয়তান যদি ইহাদের ঘরে আসিয়া প্রবেশ করে তাহাকেও ইহারা শিশুর মতো বিশ্বাস করে এবং মান্য অতিথির মতো নিজের আহারের অংশ দিয়া সেবা করিয়া থাকে।

এই-সমস্ত মানুষগুলির স্নিগ্ধ হৃদয়াশ্রমে যখন বাস করিতেছি এমন সময়ে আমাদের পঞ্চভূত-সভার কোনো-একটি সভ্য আমাকে কতকগুলি খবরের কাগজের টুকরা কাটিয়া পাঠাইয়া দিলেন। পৃথিবী যে ঘুরিতেছে, স্থির হইয়া নাই, তাহাই স্মরণ করাইয়া দেওয়া তাঁহার উদ্দেশ্য। তিনি লন্ডন হইতে, প্যারিস হইতে, গুটিকতক সংবাদের ঘূর্ণাবাস সংগ্রহ করিয়া ডাকযোগে এই জলনিমগ্ন শ্যামসুকোমল ধান্যক্ষেত্রের মধ্যে পাঠাইয়া দিয়াছেন।

একপ্রকার ভালোই করিয়াছেন। কাগজগুলি পড়িয়া আমার অনেক কথা মনে উদয় হইল যাহা কলিকাতায় থাকিলে আমার ভালোরূপ হৃদয়ঙ্গম হইত না।

আমি ভাবিতে লাগিলাম, এখানকার এই-যে সমস্ত নিরক্ষর নির্বোধ চাষাভুষার দল— থিওরিতে আমি ইহাদিগকে অসভ্য বর্বর বলিয়া অবজ্ঞা করি, কিন্তু কাছে আসিয়া প্রকৃতপক্ষে আমি ইহাদিগকে আত্মীয়ের মতো ভালোবাসি। এবং ইহাও দেখিয়াছি আমার অন্তঃকরণ গোপনে ইহাদের প্রতি একটি শ্রদ্ধা প্রকাশ করে।

কিন্তু লন্ডন-প্যারিসের সহিত তুলনা করিলে ইহারা কোথায় গিয়া পড়ে! কোথায় সে শিল্প, কোথায় সে সাহিত্য, কোথায় সে রাজনীতি! দেশের জন্য প্রাণ দেওয়া দূরে থাক, দেশ কাহাকে বলে তাহাও ইহারা জানে না।

এ-সমস্ত কথা সম্পূর্ণরূপে পর্যালোচনা করিয়াও আমার মনের মধ্যে একটি দৈববাণী ধ্বনিত হইতে লাগিল— তবু এই নির্বোধ সরল মানুষগুলি কেবল ভালোবাসা নহে, শ্রদ্ধার যোগ্য।

কেন আমি ইহাদিগকে শ্রদ্ধা করি তাই ভাবিয়া দেখিতেছিলাম। দেখিলাম ইহাদের মধ্যে যে-একটি সরল বিশ্বাসের ভাব আছে তাহা অত্যন্ত বহুমূল্য। এমন-কি, তাহাই মনুষ্যত্বের চিরসাধনার ধন। যদি মনের ভিতরকার কথা খুলিয়া বলিতে হয় তবে এ কথা স্বীকার করিব আমার কাছে তাহা অপেক্ষা মনোহর আর কিছু নাই।

সেই সরলতাটুকু চলিয়া গেলে সভ্যতার সমস্ত সৌন্দর্যটুকু চলিয়া যায়। কারণ, স্বাস্থ্য চলিয়া যায়। সরলতাই মনুষ্যপ্রকৃতির স্বাস্থ্য।

যতটুকু আহাৰ করা যায় ততটুকু পরিপাক হইলে শরীরের স্বাস্থ্যরক্ষা হয়। মসলা দেওয়া ঘৃতপক্ক সুস্বাদু চর্ব্যচোষ্যালেহ্য পদার্থকে স্বাস্থ্য বলে না।

সমস্ত জ্ঞান ও বিশ্বাসকে সম্পূর্ণ পরিপাক করিয়া স্বভাবের সহিত একীভূত হইয়া লওয়ার অবস্থাকেই বলে সরলতা, তাহাই মানসিক স্বাস্থ্য। বিবিধ জ্ঞান ও বিচিত্র মতামতকে মনের স্বাস্থ্য বলে না।

এখানকার এই নির্বোধ গ্রাম্য লোকেরা যে-সকল জ্ঞান ও বিশ্বাস লইয়া সংসারযাত্রা নির্বাহ করে, সে সমস্তই ইহাদের প্রকৃতির সহিত এক হইয়া মিশিয়া গেছে। যেমন বিশ্বাসপ্রস্থাস রক্ত-চলাচল আমাদের হাতে নাই, তেমনি এ-সমস্ত মতামত রাখা-না-রাখা তাহাদের হাতে নাই। তাহারা যাহা-কিছু জানে, যাহা-কিছু বিশ্বাস করে, নিতান্তই সহজে জানে ও সহজে বিশ্বাস করে। সেইজন্য তাহাদের জ্ঞানের সহিত, বিশ্বাসের সহিত, কাজের সহিত, মানুষের সহিত এক হইয়া গিয়াছে।

একটা উদাহরণ দিই। অতিথি ঘরে আসিলে ইহারা তাহাকে কিছুতেই ফিরায় না। আন্তরিক ভক্তির সহিত অক্ষুণ্ণমনে তাহার সেবা করে। সেজন্য কোনো ক্ষতিকে ক্ষতি, কোনো ক্রেশকে ক্রেশ বলিয়া তাহাদের মনে উদয় হয় না। আমিও আতিথ্যকে কিয়ৎপরিমাণে ধর্ম বলিয়া জানি; কিন্তু তাহাও জ্ঞানে জানি, বিশ্বাসে জানি না। অতিথি দেখিবামাত্র আমার সমস্ত চিত্তবৃত্তি তৎক্ষণাৎ তৎপর হইয়া আতিথ্যের দিকে ধাবমান হয় না। মনের মধ্যে নানারূপ তর্ক ও বিচার করিয়া থাকি। এ সম্বন্ধে কোনো বিশ্বাস আমার প্রকৃতির সহিত এক হইয়া যায় নাই।

কিন্তু স্বভাবের ভিন্ন ভিন্ন অংশের মধ্যে অবিচ্ছেদ্য ঐক্যই মনুষ্যত্বের চরম লক্ষ্য। নিম্নতম জীবশ্রেণীর মধ্যে দেখা যায়, তাহাদের অঙ্গপ্রত্যঙ্গ ছেদন করিলেও, তাহাদিগকে দুই-চারি অংশে বিভক্ত করিলেও, কোনো ক্ষতিবৃদ্ধি হয় না; কিন্তু জীবগণ যতই উন্নতলাভ করিয়াছে ততই তাহাদের অঙ্গপ্রত্যঙ্গের মধ্যে ঘনিষ্ঠতর ঐক্য স্থাপিত হইয়াছে।

মানবস্বভাবের মধ্যেও জ্ঞান বিশ্বাস ও কার্যের বিচ্ছিন্নতা উন্নতির নিম্নপর্যায়গত। তিনের মধ্যে অভেদ সংযোগই চরম উন্নতি।

কিন্তু যেখানে জ্ঞান বিশ্বাস কার্যের বৈচিত্র্য নাই সেখানে এই ঐক্য অপেক্ষাকৃত সুলভ। ফুলের পক্ষে সুন্দর হওয়া যত সহজ জীবশরীরের পক্ষে তত নহে। জীবদেহের বিবিধকার্যোপযোগী বিচিত্র অঙ্গপ্রত্যঙ্গ-সমাবেশের মধ্যে তেমন নিখুঁত সম্পূর্ণতা বড়ো দুর্লভ। জন্তুদের অপেক্ষা মানুষের মধ্যে সম্পূর্ণতা আরো দুর্লভ। মানসিক প্রকৃতি সম্বন্ধেও এ কথা খাটে।

আমার এই ক্ষুদ্র গ্রামের চাষাদের প্রকৃতির মধ্যে যে-একটি ঐক্য দেখা যায় তাহার মধ্যে বৃহৎ জটিলতা কিছুই নাই। এই ধরাপ্রাপ্তে ধান্যক্ষেত্রের মধ্যে সামান্য গুটিকতক অভাব মোচন করিয়া জীবনধারণ করিতে অধিক দর্শন বিজ্ঞান সমাজতত্ত্বের প্রয়োজন হয় না। যে-গুটিকয়েক আদিম পরিবারনীতি গ্রামনীতি এবং প্রজানীতির আবশ্যিক, সে-কয়েকটি অতিসহজেই মানুষের জীবনের সহিত মিশিয়া অখণ্ড জীবন্তভাব ধারণ করিতে পারে।

তবু, ক্ষুদ্র হইলেও ইহার মধ্যে যে-একটি সৌন্দর্য আছে তাহা চিত্তকে আকর্ষণ না করিয়া থাকিতে পারে না, এবং এই সৌন্দর্যটুকু অশিক্ষিত ক্ষুদ্র গ্রামের মধ্য হইতে পদ্মের ন্যায় উদ্ভিন্ন হইয়া উঠিয়া

সমস্ত গর্বিত সভ্যসমাজকে একটি আদর্শ দেখাইতেছে। সেইজন্য লন্ডন-প্যারিসের তুমুল সভ্যতাকোলাহল দূর হইতে সংবাদপত্রযোগে কানে আসিয়া বাজিলেও, আমার গ্রামটি আমার হৃদয়ের মধ্যে অদ্য প্রধান স্থান অধিকার করিয়াছে।

আমার নানাচিন্তাবিক্ষিপ্ত চিন্তের কাছে এই ছোটো পল্লীটি তানপুরার সরল সুরের মতো একটি নিত্য আদর্শ উপস্থিত করিয়াছে। সে বলিতেছে— আমি মহৎ নহি, বিস্ময়জনক নহি, কিন্তু আমি ছোটোর মধ্যে সম্পূর্ণ, সুতরাং অন্য সমস্ত অভাব সত্ত্বেও আমার যে-একটি মাধুর্য আছে তাহা স্বীকার করিতেই হইবে। আমি ছোটো বলিয়া তুচ্ছ, কিন্তু সম্পূর্ণ বলিয়া সুন্দর এবং এই সৌন্দর্য তোমাদের জীবনের আদর্শ।

অনেকে আমার কথায় হাস্য সংবরণ করিতে পারিবেন না, কিন্তু তবু আমার বলা উচিত, এই মূঢ় চাষাদের সুষমাহীন মুখের মধ্যে আমি একটি সৌন্দর্য অনুভব করি যাহা রমণীর সৌন্দর্যের মতো। আমি নিজেই তাহাতে বিস্মিত হইয়াছি এবং চিন্তা করিয়াছি, এ সৌন্দর্য কিসের! আমার মনে তাহার একটা উত্তরও উদয় হইয়াছে।

যাহার প্রকৃতি কোনো-একটি বিশেষ স্থায়ী ভাবে অবলম্বন করিয়া থাকে, তাহার মুখে সেই ভাব ক্রমশ একটি স্থায়ী লাবণ্য অঙ্কিত করিয়া দেয়।

আমার এই গ্রাম্য লোক-সকল জন্মাবধি কতকগুলি স্থির ভাবের প্রতি স্থির দৃষ্টি বদ্ধ করিয়া রাখিয়াছে, সেই কারণে সেই ভাবগুলি ইহাদের দৃষ্টিতে আপনাকে অঙ্কিত করিয়া দিবার সুদীর্ঘ অবসর পাইয়াছে। সেইজন্য ইহাদের দৃষ্টিতে একটি সক্রমণ ধৈর্য, ইহাদের মুখে একটি নির্ভরপরায়ণ বৎসল ভাব, স্থিররূপে প্রকাশ পাইতেছে।

যাহারা সকল বিশ্বাসকেই প্রশ্ন করে এবং নানা বিপরীত ভাবে পরখ করিয়া দেখে তাহাদের মুখে একটা বুদ্ধির তীব্রতা এবং সন্ধানপরতার পটুত্ব প্রকাশ পায়, কিন্তু ভাবের গভীর স্নিগ্ধ সৌন্দর্য হইতে সে অনেক তফাত।

আমি যে ক্ষুদ্র নদীটিতে নৌকা লইয়া আছি ইহাতে স্রোত নাই বলিলেও হয়, সেইজন্য এই নদী কুমুদে কহ্লারে পদ্মে শৈবালে সমাচ্ছন্ন হইয়া আছে। সেইরূপ একটা স্থায়িত্বের অবলম্বন না পাইলে ভাবসৌন্দর্যও গভীরভাবে বদ্ধমূল হইয়া আপনাকে বিকশিত করিবার অবসর পায় না।

প্রাচীন যুরোপ নব্য-আমেরিকার প্রধান অভাব অনুভব করে সেই ভাবের। তাহার ঔজ্জ্বল্য আছে, চাঞ্চল্য আছে, কাঠিন্য আছে, কিন্তু ভাবের গভীরতা নাই। সে বড়োই বেশিমাাত্রায় নূতন, তাহাতে ভাব জন্মাইবার সময় পায় নাই। এখনো সে সভ্যতা মানুষের সহিত মিশ্রিত হইয়া গিয়া মানুষের হৃদয়ের দ্বারা অনুরঞ্জিত হইয়া উঠে নাই। সত্য মিথ্যা বলিতে পারি না, এইরূপ তো শুনা যায়, এবং আমেরিকার প্রকৃত সাহিত্যের বিরলতায় এইরূপ অনুমান করাও যাইতে পারে। প্রাচীন যুরোপের ছিদ্রে ছিদ্রে কোণে কোণে অনেক শ্যামল পুরাতন ভাব অঙ্কুরিত হইয়া তাহাকে বিচিত্র লাবণ্যে মণ্ডিত করিয়াছে, আমেরিকার সেই লাবণ্যটি নাই। বহু স্মৃতি জনপ্রবাদ বিশ্বাস ও সংস্কারের দ্বারা এখনো তাহাতে মানবজীবনের রঙ ধরিয়া যায় নাই।

আমার এই চাষাদের মুখে অন্তঃপ্রকৃতির সেই রঙ ধরিয়া গেছে! সারল্যের সেই পুরাতন শ্রীটুকু সকলকে দেখাইবার জন্য আমার বড়ো একটি আকাঙ্ক্ষা হইতেছে। কিন্তু সেই শ্রী এতই সুকুমার যে, কেহ যদি বলেন, 'দেখিলাম না' এবং কেহ যদি হাস্য করেন তবে তাহা নির্দেশ করিয়া দেওয়া আমার ক্ষমতার অতীত।

এই খবরের কাগজের টুকরাগুলো পড়িতেছি আর আমার মনে হইতেছে যে, বাইবেলে লেখা আছে, যে নম্র সেই পৃথিবীর অধিকার প্রাপ্ত হইবে। আমি যে নম্রতাটুকু এখানে দেখিতেছি ইহার একটি স্বর্গীয় অধিকার আছে। পৃথিবীতে সৌন্দর্যের অপেক্ষা নম্র আর-কিছু নাই— সে বলের দ্বারা কোনো কাজ করিতে চায় না— এক সময় পৃথিবী তাহারই হইবে। এই-যে গ্রামবাসিনী সুন্দরী সরলতা আজ একটি নগরবাসী নবসভ্যতার পোষ্যপুত্রের মন অতর্কিতভাবে হরণ করিয়া লইতেছে, এক কালে সে

এই সমস্ত সভ্যতার রাজধানী হইয়া বসিবে । এখনো হয়তো তার অনেক বিলম্ব আছে । কিন্তু অবশেষে সভ্যতা সরলতার সহিত যদি সম্মিলিত না হয় তবে সে আপনার পরিপূর্ণতার আদর্শ হইতে ভ্রষ্ট হইবে ।

পূর্বেই বলিয়াছি, স্থায়িত্বের উপর ভাবসৌন্দর্যের নির্ভর । পুরাতন স্মৃতির যে সৌন্দর্য তাহা কেবল অপ্রাপ্যতা-নিবন্ধন নহে ; হৃদয় বহুকাল তাহার উপর বাস করিতে পায় বলিয়া সহস্র সজীব কল্পনাসূত্র প্রসারিত করিয়া তাহাকে আপনার সহিত একীকৃত করিতে পারে, সেই কারণেই তাহার মাধুর্য । পুরাতন গৃহ, পুরাতন দেবমন্দিরের প্রধান সৌন্দর্যের কারণ এই যে, বহুকালের স্থায়িত্ববশত তাহারা মানুষের সহিত অত্যন্ত সংযুক্ত হইয়া গেছে, তাহারা অবিশ্রাম মানবহৃদয়ের সংশ্রবে সর্বাংশে সচেতন হইয়া উঠিয়াছে— সমাজের সহিত তাহাদের সর্বপ্রকার বিচ্ছেদ দূর হইয়া তাহারা সমাজের অঙ্গ হইয়া গেছে । এই ঐক্যেই তাহাদের সৌন্দর্য । মানবসমাজে স্ত্রীলোক সর্বাপেক্ষা পুরাতন ; পুরুষ নানা কার্য নানা অবস্থা নানা পরিবর্তনের মধ্যে সর্বদাই চঞ্চলভাবে প্রবাহিত হইয়া আসিতেছে ; স্ত্রীলোক স্থায়ীভাবে কেবলই জননী এবং পত্নীরূপে বিরাজ করিতেছে, কোনো বিপ্লবেই তাহাকে বিক্ষিপ্ত করে নাই ; এইজন্য সমাজের মর্মের মধ্যে নারী এমন সুন্দররূপে সংহতরূপে মিশ্রিত হইয়া গেছে ; কেবল তাহাই নহে, সেইজন্য সে তাহার ভাবের সহিত, কাজের সহিত, শক্তির সহিত, সবসুদ্ধ এমন সম্পূর্ণ এক হইয়া গেছে— এই দুর্লভ সর্বাঙ্গীণ ঐক্য লাভ করিবার জন্য তাহার দীর্ঘ অবসর ছিল ।

সেইরূপ যখন দীর্ঘকালের স্থায়িত্ব আশ্রয় করিয়া তর্ক যুক্তি জ্ঞান ক্রমশ সংস্কারে বিশ্বাসে আসিয়া পরিণত হয় তখনই তাহার সৌন্দর্য ফুটিতে থাকে । তখন সে স্থির হইয়া দাঁড়ায় এবং ভিতরে যে-সকল জীবনের বীজ থাকে সেইগুলি মানুষের বহুদিনের আনন্দালোকে ও অশ্রুজলবর্ষণে অঙ্কুরিত হইয়া তাহাকে আচ্ছন্ন করিয়া ফেলে ।

যুরোপে সম্প্রতি যে এক নব সভ্যতার যুগ আবির্ভূত হইয়াছে, এ যুগে ক্রমাগতই নব নব জ্ঞানবিজ্ঞান মতামত স্তূপাকার হইয়া উঠিয়াছে ; যন্ত্রতন্ত্র উপকরণসামগ্রীতেও একেবারে স্থানাভাব হইয়া দাঁড়াইয়াছে । অবিশ্রাম চাঞ্চল্যে কিছুই পুরাতন হইতে পাইতেছে না ।

কিন্তু দেখিতেছি এই-সমস্ত আয়োজনের মধ্যে মানবহৃদয় কেবলই ক্রন্দন করিতেছে, যুরোপের সাহিত্য হইতে সহজ আনন্দ সরল শান্তির গান একেবারে নির্বাসিত হইয়া গিয়াছে ।— হয় প্রমোদের মাদকতা, নয় নৈরাশ্যের বিলাপ, নয় বিদ্রোহের অট্টহাস্য ।

তাহার কারণ, মানবহৃদয় যতক্ষণ এই বিপুল সভ্যতাস্তূপের মধ্যে একটি সুন্দর ঐক্য স্থাপন করিতে না পারিবে ততক্ষণ কখনোই ইহার মধ্যে আরামে ঘরকন্না পাতিয়া প্রতিষ্ঠিত হইতে পারিবে না । ততক্ষণ সে কেবল অস্থির অশান্ত হইয়া বেড়াইবে । আর-সমস্তই জড়ো হইয়াছে, কেবল এখনো স্থায়ী সৌন্দর্য— এখনো নব সভ্যতার রাজলক্ষ্মী— আসিয়া দাঁড়ান নাই । জ্ঞান বিশ্বাস ও কার্য পরস্পরকে কেবলই পীড়ন করিতেছে— ঐক্যলাভের জন্য নহে, জয়লাভের জন্য পরস্পরের মধ্যে সংগ্রাম বাধিয়া গিয়াছে ।

কেবল যে প্রাচীন স্মৃতির মধ্যে সৌন্দর্য তাহা নহে, নবীন আশার মধ্যেও সৌন্দর্য ; কিন্তু দুর্ভাগ্যক্রমে যুরোপের নূতন সভ্যতার মধ্যে এখনো আশার সঞ্চার হয় নাই । বৃদ্ধ যুরোপ অনেকবার অনেক আশায় প্রতারিত হইয়াছে ; যে-সকল উপায়ের উপর তাহার বড়ো বিশ্বাস ছিল সে-সমস্ত একে একে ব্যর্থ হইতে দেখিয়াছে । ফরাসি বিপ্লবকে একটা বৃহৎ চেষ্টার বৃথা পরিণাম বলিয়া অনেকে মনে করে । এক সময় লোকে মনে করিয়াছিল আপামর সাধারণকে ভোট দিতে দিলেই পৃথিবীর অধিকাংশ অমঙ্গল দূর হইবে— এখন সকলে ভোট দিতেছে, অথচ অধিকাংশ অমঙ্গল বিদায় লইবার জন্য কোনোরূপ ব্যস্ততা দেখাইতেছে না । কখনো বা লোকে আশা করিয়াছিল স্টেটের দ্বারা মানুষের সকল দুর্দশা মোচন হইতে পারে, এখন আবার পণ্ডিতেরা আশঙ্কা করিতেছেন স্টেটের দ্বারা দুর্দশামোচনের চেষ্টা করিলে হিতে বিপরীত হইবারই সম্ভাবনা । কয়লার খনি, কাপড়ের কল এবং বিজ্ঞানশাস্ত্রের উপর কাহারও কাহারও কিছু কিছু বিশ্বাস হয়, কিন্তু তাহাতেও দ্বিধা ঘোচে না ; অনেক বড়ো বড়ো লোক

বলিতেছেন কলের দ্বারা মানুষের পূর্ণতা-সাধন হয় না। আধুনিক যুরোপ বলে— আশা করিয়ো না, বিশ্বাস করিয়ো না, কেবল পরীক্ষা করো।

নবীনা সভ্যতা যেন এক বৃদ্ধ পতিকে বিবাহ করিয়াছে, তাহার সমৃদ্ধি আছে, কিন্তু যৌবন নাই; সে আপনার সহস্র পূর্ব অভিজ্ঞতার দ্বারা জীর্ণ। উভয়ের মধ্যে ভালোরূপ প্রণয় হইতেছে না, গৃহের মধ্যে কেবল অশান্তি।

এই-সমস্ত আলোচনা করিয়া আমি এই পল্লীর ক্ষুদ্র সম্পূর্ণতার সৌন্দর্য দ্বিগুণ আনন্দে সম্ভোগ করিতেছি।

তাই বলিয়া আমি এমন অন্ধ নহি যে, যুরোপীয় সভ্যতার মর্যাদা বুঝি না। প্রভেদের মধ্যে ঐক্যই ঐক্যের পূর্ণ আদর্শ, বৈচিত্র্যের মধ্যে ঐক্যই সৌন্দর্যের প্রধান কারণ। সম্প্রতি যুরোপে সেই প্রভেদের যুগ পড়িয়াছে তাই বিচ্ছেদ, বৈষম্য। যখন ঐক্যের যুগ আসিবে তখন এই বৃহৎ স্তূপের মধ্যে অনেক ঝরিয়া গিয়া, পরিপাক প্রাপ্ত হইয়া একখানি সমগ্র সুন্দর সভ্যতা দাঁড়াইয়া যাইবে। ক্ষুদ্র পরিণামের মধ্যে পরিসমাপ্তি লাভ করিয়া সন্তুষ্টভাবে থাকার মধ্যে একটি শান্তি সৌন্দর্য ও নির্ভয়তা আছে সন্দেহ নাই— আর, যাহারা মনুষ্যপ্রকৃতিকে ক্ষুদ্র ঐক্য হইতে মুক্তি দিয়া বিপুল বিস্তারের দিকে লইয়া যায় তাহারা অনেক অশান্তি অনেক বিঘ্নবিপদ সহ্য করে, বিপ্লবের রণক্ষেত্রের মধ্যে তাহাদিগকে অশ্রান্ত সংগ্রাম করিতে হয়, কিন্তু তাহারাই পৃথিবীর মধ্যে বীর এবং তাহারা যুদ্ধে পতিত হইলেও অক্ষয় স্বর্গ লাভ করে। এই বীর্য এবং সৌন্দর্যের মিলনেই যথার্থ সম্পূর্ণতা। উভয়ের বিচ্ছেদে অর্ধসভ্যতা। তথাপি আমরা সাহস করিয়া যুরোপকে অর্ধসভ্য বলি না, বলিলেও কাহারও গায়ে বাজে না। যুরোপ আমাদের অর্ধসভ্য বলে এবং বলিলে আমাদের গায়ে বাজে, কারণ সে আমাদের কর্ণধার হইয়া বসিয়াছে।

আমি এই পল্লীপ্রান্তে বসিয়া আমার সাদাসিধা তানপুরার চারটি তারের গুটিচারেক সুন্দর সুরসম্মিশ্রণের সহিত মিলাইয়া যুরোপীয় সভ্যতাকে বলিতেছি ‘তোমার সুর এখনো ঠিক মিলিল না’ এবং তানপুরাটিকেও বলিতে হয়, ‘তোমার ঐ গুটিকয়েক সুরের পুনঃপুনঃ ঝংকারকেও পরিপূর্ণ সংগীত জ্ঞান করিয়া সন্তুষ্ট হওয়া যায় না। বরঞ্চ আজিকার ঐ বিচিত্র বিশৃঙ্খল স্বরসমষ্টি কাল প্রতিভার প্রভাবে মহাসংগীতে পরিণত হইয়া উঠিতে পারে, কিন্তু হয়, তোমার ঐ কয়েকটি তারের মধ্য হইতে মহৎ মূর্তিমান সংগীত বাহির করা প্রতিভার পক্ষেও দুঃসাধ্য।’

আশ্বিন-কার্তিক ১৩০০

মনুষ্য

শ্রোতস্বিনী প্রাতঃকালে আমার বৃহৎ খাতাটি হাতে করিয়া আনিয়া কহিল—এ-সব তুমি কী লিখিয়াছ! আমি যে-সকল কথা কস্মিনকালে বলি নাই তুমি আমার মুখে কেন বসাইয়াছ?

আমি কহিলাম— তাহাতে দোষ কী হইয়াছে?

শ্রোতস্বিনী কহিল— এমন করিয়া আমি কখনো কথা কহি না এবং কহিতে পারি না। যদি তুমি আমার মুখে এমন কথা দিতে, যাহা আমি বলি বা না বলি আমার পক্ষে বলা সম্ভব, তাহা হইলে আমি এমন লজ্জিত হইতাম না। কিন্তু এ যেন তুমি একখানা বই লিখিয়া আমার নামে চালাইতেছ।

আমি কহিলাম— তুমি আমাদের কাছে কতটা বলিয়াছ তাহা তুমি কী করিয়া বুঝিবে। তুমি যতটা বল, তাহার সহিত, তোমাকে যতটা জানি, দুই মিশিয়া অনেকখানি হইয়া উঠে। তোমার সমস্ত জীবনের দ্বারা তোমার কথাগুলি ভরিয়া উঠে। তোমার সেই অব্যক্ত উহ্য কথাগুলি তো বাদ দিতে পারি না।

শ্রোতস্বিনী চুপ করিয়া রহিল। জানি না, বুঝিল কি না-বুঝিল। বোধ হয় বুঝিল, কিন্তু তথাপি

আবার কহিলাম— তুমি জীবন্ত বর্তমান, প্রতিক্ষণে নব নব ভাবে আপনাকে ব্যক্ত করিতেছ— তুমি যে আছ, তুমি যে সত্য, তুমি যে সুন্দর, এ বিশ্বাস উদ্রেক করিবার জন্য তোমাকে কোনো চেষ্টাই করিতে হইতেছে না। কিন্তু লেখায় সেই প্রথম সত্যটুকু প্রমাণ করিবার জন্য অনেক উপায় অবলম্বন এবং অনেক বাক্য ব্যয় করিতে হয়। নতুবা প্রত্যক্ষের সহিত অপ্রত্যক্ষ সমকক্ষতা রক্ষা করিতে পারিবে কেন? তুমি যে মনে করিতেছ আমি তোমাকে বেশি বলাইয়াছি তাহা ঠিক নহে, আমি বরং তোমাকে সংক্ষেপ করিয়া লইয়াছি— তোমার লক্ষ লক্ষ কথা, লক্ষ লক্ষ কাজ, চিরবিচিত্র আকার-ইঙ্গিতে কেবলমাত্র সারসংগ্রহ করিয়া লইতে হইয়াছে। নহিলে তুমি যে কথাটি আমার কাছে বলিয়াছ ঠিক সেই কথাটি আমি আর-কাহারও কর্ণগোচর করাইতে পারিতাম না, লোকে ঢের ব.ম শুনিত এবং ভুল শুনিত।

শ্রোতস্বিনী দক্ষিণ পার্শ্বে ঈষৎ মুখ ফিরাইয়া একটা বহি খুলিয়া তাহার পাতা উলটাইতে উলটাইতে কহিল— তুমি আমাকে স্নেহ কর বলিয়া আমাকে যতখানি দেখ আমি তো বাস্তবিক ততখানি নহি।

আমি কহিলাম— আমার কি এত স্নেহ আছে যে, তুমি বাস্তবিক যতখানি আমি তোমাকে ততখানি দেখিতে পাইব? একটি মানুষের সমস্ত কে ইয়ত্তা করিতে পারে? ঈশ্বরের মতো কাহার স্নেহ?

ক্ষিতি তো একেবারে অস্থির হইয়া উঠিল, কহিল— এ আবার তুমি কী কথা তুলিলে! শ্রোতস্বিনী তোমাকে এক ভাবে প্রশ্ন জিজ্ঞাসা করিলেন, তুমি আর-এক ভাবে তাহার উত্তর দিলে।

আমি কহিলাম— জানি। কিন্তু কথাবার্তায় এমন অসংলগ্ন উত্তর-প্রত্যুত্তর হইয়া থাকে। মন এমন একপ্রকার দাহ্য পদার্থ যে, ঠিক যেখানে প্রশ্নস্ফুলিঙ্গ পড়িল সেখানে কিছু না হইয়া হয়তো দশ হাত দূরে আর-এক জায়গায় দপ করিয়া জ্বলিয়া উঠে। নির্বাচিত কমিটিতে বাহিরের লোকের প্রবেশ নিষেধ, কিন্তু বৃহৎ উৎসবের স্থলে যে আসে তাহাকেই ডাকিয়া বসানো যায়। আমাদের কথোপকথন-সভা সেই উৎসব-সভা; সেখানে যদি একটা অসংলগ্ন কথা অনাহূত আসিয়া উপস্থিত হয়, তবে তৎক্ষণাৎ তাহাকে 'আসুন মশায়, বসুন' বলিয়া আহ্বান করিয়া হাস্যমুখে তাহার পরিচয় না লইলে উৎসবের উদারতা দূর হয়।

ক্ষিতি কহিল— ঘাট হইয়াছে! তবে তাই করো, কী বলিতেছিলে বলো। ক উচ্চারণমাত্র কৃষ্ণকে স্মরণ করিয়া প্রহ্লাদ কাঁদিয়া উঠে, তাহার আর বর্ণমালা শেখা হয় না। একটা প্রশ্ন শুনিবামাত্র যদি আর-একটা উত্তর তোমার মনে ওঠে তবে তো কোনো কথাই এক পা অগ্রসর হয় না। কিন্তু প্রহ্লাদজাতীয় লোককে নিজের খেয়াল অনুসারে চলিতে দেওয়াই ভালো, যাহা মনে আসে বলো।

আমি কহিলাম— আমি বলিতেছিলাম, যাহাকে আমরা ভালোবাসি কেবল তাহারই মধ্যে আমরা অনন্তের পরিচয় পাই। এমন-কি, জীবের মধ্যে অনন্তকে অনুভব করারই অন্য নাম ভালোবাসা। প্রকৃতির মধ্যে অনুভব করার নাম সৌন্দর্যসম্ভোগ। ইহা হইতে মনে পড়িল, সমস্ত বৈষ্ণবধর্মের মধ্যে এই গভীর তত্ত্বটি নিহিত রহিয়াছে।

ক্ষিতি মনে মনে ভাবিল— কী সর্বনাশ! আবার তত্ত্বকথা কোথা হইতে আসিয়া পড়িল! শ্রোতস্বিনী এবং দীপ্তিও যে তত্ত্বকথা শুনিবার জন্য অতিশয় লালায়িত তাহা নহে— কিন্তু একটা কথা যখন মনের অন্ধকারের ভিতর হইতে হঠাৎ লাফাইয়া ওঠে তখন তাহার পশ্চাৎ পশ্চাৎ শেষ পর্যন্ত ধাবিত হওয়া ভাব-শিকারীর একটা চিরাভ্যস্ত কাজ। নিজের কথা নিজে আয়ত্ত করিবার জন্য বকিয়া যায়, লোকে মনে করে আমি অন্যকে তত্ত্বোপদেশ দিতে বসিয়াছি।

আমি কহিলাম— বৈষ্ণবধর্ম পৃথিবীর সমস্ত প্রেম-সম্পর্কের মধ্যে ঈশ্বরকে অনুভব করিতে চেষ্টা করিয়াছে। যখন দেখিয়াছে মা আপনার সন্তানের মধ্যে আনন্দের আর অবধি পায় না, সমস্ত হৃদয়খানি মুহূর্তে মুহূর্তে ভাঁজে ভাঁজে খুলিয়া ঐ ক্ষুদ্র মানবাকুরটিকে সম্পূর্ণ বেষ্টন করিয়া শেষ করিতে পারে না, তখন আপনার সন্তানের মধ্যে আপনার ঈশ্বরকে উপাসনা করিয়াছে। যখন দেখিয়াছে প্রভুর জন্য দাস আপনার প্রাণ দেয়, বন্ধুর জন্য বন্ধু আপনার স্বার্থ বিসর্জন করে, প্রিয়তম এবং প্রিয়তমা পরস্পরের নিকটে আপনার সমস্ত আত্মাকে সমর্পণ করিবার জন্য ব্যাকুল হইয়া উঠে, তখন এই-সমস্ত পরম

প্রেমের মধ্যে একটা সীমাতীত লোকাতীত ঐশ্বর্য অনুভব করিয়াছে।

ক্ষিতি কহিল— সীমার মধ্যে অসীম, প্রেমের মধ্যে অনন্ত, এ-সব কথা যতই বেশি শুনি ততই বেশি দুর্বোধ হইয়া পড়ে। প্রথম প্রথম মনে হইত যেন কিছু কিছু বুদ্ধিতে পারিতেছি বা, এখন দেখিতেছি অনন্ত অসীম প্রভৃতি শব্দগুলো স্তূপাকার হইয়া বুদ্ধিব্যবহার পথ বন্ধ করিয়া দাঁড়াইয়াছে।

আমি কহিলাম— ভাষা ভূমির মতো। তাহাতে একই শস্য ক্রমাগত বপন করিলে তাহার উৎপাদিকা শক্তি নষ্ট হইয়া যায়। ‘অনন্ত’ এবং ‘অসীম’ শব্দ-দুটা আজকাল সর্বদা ব্যবহারে জীর্ণ হইয়া পড়িয়াছে, এইজন্য যথার্থই একটা কথা বলিবার না থাকিলে ও-দুটা শব্দ ব্যবহার করা উচিত হয় না। মাতৃভাষার প্রতি একটু দয়ামায়া করা কর্তব্য।

ক্ষিতি কহিল— ভাষার প্রতি তোমার তো যথেষ্ট সদয় আচরণ দেখা যাইতেছে না।

সমীর এতক্ষণ আমার খাতাটি পড়িতেছিল, শেষ করিয়া কহিল— এ কী করিয়াছ! তোমার ডায়ারির এই লোকগুলো কি মানুষ না যথার্থই ভূত? ইহারা দেখিতেছি কেবল বড়ো বড়ো ভালো ভালো কথাই বলে, কিন্তু ইহাদের আকার-আয়তন কোথায় গেল।

আমি বিষণ্ণমুখে কহিলাম— কেন বলো দেখি।

সমীর কহিল— তুমি মনে করিয়াছ, আত্মের অপেক্ষা আমসত্ত্ব ভালো, তাহাতে সমস্ত আঁঠি আঁশ আবরণ এবং জলীয় অংশ পরিহার করা যায়— কিন্তু তাহার সেই লোভন গন্ধ, সেই শোভন আকার কোথায়? তুমি কেবল আমার সারটুকু লোককে দিবে, আমার মানুষটুকু কোথায় গেল। আমার বেবাক বাজে কথাগুলো তুমি বাজেয়াপ্ত করিয়া যে-একটি নিরেট মূর্তি দাঁড় করাইয়াছ তাহাতে দস্তম্ফুট করা দুঃসাধ্য। আমি কেবল দুই-চারিটি চিন্তাশীল লোকের কাছে বাহবা পাইতে চাই না, আমি সাধারণ লোকের মধ্যে বাঁচিয়া থাকিতে চাই।

আমি কহিলাম— সেজন্য কী করিতে হইবে?

সমীর কহিল— সে আমি কী জানি। আমি কেবল আপত্তি জানাইয়া রাখিলাম। আমার যেমন সার আছে তেমনি আমার স্বাদ আছে; সারাংশ মানুষের পক্ষে আবশ্যিক হইতে পারে, কিন্তু স্বাদ মানুষের নিকট প্রিয়। আমাকে উপলক্ষ করিয়া মানুষ কতকগুলো মত কিংবা তর্ক আহরণ করিবে এমন ইচ্ছা করি না, আমি চাই মানুষ আমাকে আপনার লোক বলিয়া চিনিয়া লইবে। এই ভ্রমসংকুল সাধের মানবজন্ম ত্যাগ করিয়া একটা মাসিক পত্রের নির্ভুল প্রবন্ধ-আকারে জন্মগ্রহণ করিতে আমার প্রবৃত্তি হয় না। আমি দার্শনিক তত্ত্ব নই, আমি ছাপার বই নই, আমি তর্কের সুযুক্তি অথবা কুযুক্তি নই, আমার বন্ধুরা আমার আত্মীয়েরা আমাকে সর্বদা যাহা বলিয়া জানেন আমি তাহাই।

ব্যোম এতক্ষণ একটা চৌকিতে ঠেসান দিয়া আর-একটা চৌকির উপর পা-দুটা তুলিয়া অটল প্রশান্ত ভাবে বসিয়াছিল। সে হঠাৎ বলিল— তর্ক বলো, তত্ত্ব বলো, সিদ্ধান্ত এবং উপসংহারেই তাহাদের চরম গতি; সমাপ্তিতেই তাহাদের প্রধান গৌরব। কিন্তু মানুষ স্বতন্ত্রজাতীয় পদার্থ— অমরতা অসমাপ্তিই তাহার সর্বপ্রধান যথার্থ্য। বিশ্বামহীন গতিই তাহার প্রধান লক্ষণ। অমরতা কে সংক্ষেপ করিবে? গতির সারাংশ কে দিতে পারে? ভালো ভালো পাকা কথাগুলি যদি অতি অনায়াস-ভাবে মানুষের মুখে বসাইয়া দাও, তবে ভ্রম হয় তাহার মনের যেন একটা গতিবৃদ্ধি নাই— তাহার যতদূর হইবার শেষ হইয়া গেছে। চেষ্টা ভ্রম অসম্পূর্ণতা পুনরুক্তি যদিও আপাতত দারিদ্র্যের মতো দেখিতে হয়, কিন্তু মানুষের প্রধান ঐশ্বর্য তাহার দ্বারাই প্রমাণ হয়। তাহার দ্বারা চিন্তার একটা গতি, একটা জীবন, নির্দেশ করিয়া দেয়। মানুষের কথাবার্তা চরিত্রের মধ্যে কাঁচা রঙটুকু, অসমাপ্তির কোমলতা দুর্বলতাটুকু, না রাখিয়া দিলে তাহাকে একেবারে সঙ্গ করিয়া ছোটো করিয়া ফেলা হয়। তাহার অনন্ত পর্বের পালা একেবারে সূচীপত্রের সারিয়া দেওয়া হয়।

সমীর কহিল— মানুষের ব্যক্ত করিবার ক্ষমতা অতিশয় অল্প; এইজন্য প্রকাশের সঙ্গে নির্দেশ, ভাষার সঙ্গে ভঙ্গি, ভাবের সহিত ভাবনা যোগ করিয়া দিতে হয়। কেবল রথ নহে, রথের মধ্যে তাহার গতি সঞ্চারিত করিয়া দিতে হয়। যদি একটা মানুষকে উপস্থিত কর, তাহাকে খাড়া দাঁড় করাইয়া

কতকগুলি কলে-ছাঁটা কথা কহাইয়া গেলেই হইবে না ; তাহাকে চালাইতে হইবে, তাহাৎ স্থান পরিবর্তন করাইতে হইবে, তাহার অত্যন্ত বৃহৎ বুঝাইবার জন্য তাহাকে অসমাপ্তভাবেই দেখাইতে হইবে ।

আমি কহিলাম— সেইটাই তো কঠিন । কথা শেষ করিয়া বুঝাইতে হইবে এখনো শেষ হয় নাই, কথার মধ্যে সেই উদ্যত ভঙ্গিটি দেওয়া বিষম ব্যাপার ।

স্রোতস্বিনী কহিল— এইজন্যই সাহিত্যে বহুকাল ধরিয়া একটা তর্ক চলিয়া আসিতেছে যে, বলিবার বিষয়টা বেশি, না, বলিবার ভঙ্গিটা বেশি । আমি এ কথাটা লইয়া অনেকবার ভাবিয়াছি, ভালো বুঝিতে পারি না । আমার মনে হয় তর্কের খেয়াল অনুসারে যখন যেটাকে প্রাধান্য দেওয়া যায় তখন সেইটাই প্রধান হইয়া উঠে ।

ব্যোম মাথাটা কড়িকাঠের দিকে তুলিয়া বলিতে লাগিল— সাহিত্যে বিষয়টা শ্রেষ্ঠ, না, ভঙ্গিটা শ্রেষ্ঠ ইহা বিচার করিতে হইলে আমি দেখি, কোনটা অধিক রহস্যময় । বিষয়টা দেহ, ভঙ্গিটা জীবন । দেহটা বর্তমানেই সমাপ্ত ; জীবনটা একটা চঞ্চল অসমাপ্তি তাহার সঙ্গে লাগিয়া আছে, তাহাকে বৃহৎ ভবিষ্যতের দিকে বহন করিয়া লইয়া চলিয়াছে ; সে যতখানি দৃশ্যমান তাহা অতিক্রম করিয়াও তাহার সহিত অনেকখানি আশাপূর্ণ নব নব সম্ভাবনা জুড়িয়া রাখিয়াছে । যতটুকু বিষয়রূপে প্রকাশ করিলে ততটুকু জড় দেহ মাত্র, ততটুকু সীমাবদ্ধ ; যতটুকু ভঙ্গির দ্বারা তাহার মধ্যে সঞ্চারণ করিয়া দিলে তাহাই জীবন, তাহাতেই তাহার বৃদ্ধিশক্তি, তাহার চলৎশক্তি সূচনা করিয়া দেয় ।

সমীর কহিল— সাহিত্যের বিষয়মাত্রই অতি পুরাতন, আকার গ্রহণ করিয়া সে নূতন হইয়া উঠে ।

স্রোতস্বিনী কহিল— আমার মনে হয় মানুষের পক্ষেও ঐ একই কথা । এক-এক জন মানুষ এমন একটি মনের আকৃতি লইয়া প্রকাশ পায় যে, তাহার দিকে চাহিয়া আমরা পুরাতন মনুষ্যত্বের যেন একটা নূতন বিস্তার আবিষ্কার করি ।

দীপ্তি কহিল— মনের এবং চরিত্রের সেই আকৃতিটাই আমাদের স্টাইল । সেইটের দ্বারাই আমরা পরস্পরের নিকট প্রচলিত পরিচিত পরীক্ষিত হইতেছি । আমি এক-এক বার ভাবি আমার স্টাইলটা কী রকমের । সমালোচকেরা যাহাকে প্রাঞ্জল বলে, তাহা নহে—

সমীর কহিল— কিন্তু ওজস্বী বটে । তুমি যে আকৃতির কথা কহিলে, যেটা বিশেষরূপে আমাদের আপনার, আমিও তাহারই কথা বলিতেছিলাম । চিন্তার সঙ্গে সঙ্গে চেহারাখানা যাহাতে বজায় থাকে আমি সেই অনুরোধ করিতেছিলাম ।

দীপ্তি ঈষৎ হাসিয়া কহিল— কিন্তু চেহারা সকলের সমান নহে, অতএব অনুরোধ করিবার পূর্বে বিশেষ বিবেচনা করা আবশ্যিক । কোনো চেহারায় বা প্রকাশ করে, কোনো চেহারায় বা গোপন করে । হীরকের জ্যোতি হীরকের মধ্যে স্বতঃই প্রকাশমান, তাহার আলো বাহির করিবার জন্য তাহার চেহারা ভাঙিয়া ফেলিতে হয় না, কিন্তু তৃণকে দগ্ধ করিয়া ফেলিলে তবেই তাহার আলোকটুকু বাহির হয় । আমাদের মতো ক্ষুদ্র প্রাণীর মুখে এ বিলাপ শোভা পায় না যে, সাহিত্যে আমাদের চেহারা বজায় থাকিতেছে না । কেহ কেহ আছে কেবল যাহার অস্তিত্ব, যাহার প্রকৃতি, যাহার সমগ্র সমষ্টি আমাদের কাছে একটি নূতন শিক্ষা, নূতন আনন্দ । সে যেমনটি তাহাকে তেমনি অবিকল রক্ষা করিতে পারিলেই যথেষ্ট । কেহ বা আছে যাহাকে ছড়াইয়া ফেলিয়া ভিতর হইতে শাস বাহির করিতে হয় । শাসটুকু যদি বাহির হয় তবে সেইজন্যই কৃতজ্ঞ হওয়া উচিত, কারণ, তাহাই বা কয়জন লোকের আছে এবং কয়জন বাহির করিয়া দিতে পারে ।

সমীর হাস্যমুখে কহিল— মাপ করিবেন দীপ্তি, আমি যে তৃণ এমন দীনতা আমি কখনো স্বপ্নেও অনুভব করি না । বরঞ্চ অনেক সময় ভিতর দিকে চাহিলে আপনাকে খনির হীরক বলিয়া অনুমান হয় । এখন কেবল চিনিয়া লইতে পারে এমন একটা জহরির প্রত্যাশায় বসিয়া আছি । ক্রমে যত দিন যাইতেছে তত আমার বিশ্বাস হইতেছে— পৃথিবীতে জহরের তত অভাব নাই যত জহরির । তরুণ বয়সে সংসারে মানুষ চোখে পড়িত না, মনে হইত যথার্থ মানুষগুলা উপন্যাস নাটক এবং মহাকাব্যেই

আশ্রয় লইয়াছে, সংসারে কেবল একটিমাত্র অবশিষ্ট আছে। এখন দেখিতে পাই লোকালয়ে মানুষ ঢের আছে, কিন্তু 'ভোলা মন, ও ভোলা মন, মানুষ কেন চিনিলি না!' ভোলা মন, এই সংসারের মাঝখানে একবার প্রবেশ করিয়া দেখ, এই মানবহৃদয়ের ভিড়ের মধ্যে। সভাস্থলে যাহারা কথা কহিতে পারে না সেখানে তাহারা কথা কহিবে; লোকসমাজে যাহারা এক প্রান্তে উপেক্ষিত হয় সেখানে তাহাদের এক নূতন গৌরব প্রকাশিত হইবে; পৃথিবীতে যাহাদিগকে অনাবশ্যক বোধ হয় সেখানে দেখিব তাহাদেরই সরল প্রেম, অবিশ্রাম সেবা, আত্মবিস্মৃত আত্মবিসর্জনের উপরে পৃথিবী প্রতিষ্ঠিত হইয়া রহিয়াছে। ভীষ্ম দ্রোণ ভীমার্জুন মহাকাব্যের নায়ক, কিন্তু আমাদের ক্ষুদ্র ক্ষুদ্র কুরুক্ষেত্রের মধ্যে তাহাদের আত্মীয়-স্বজাতি আছে, সেই আত্মীয়তা কোন্ নবদ্বৈপায়ন আবিষ্কার করিবে এবং প্রকাশ করিবে!

আমি কহিলাম— না করিলে কী এমন আসে যায়! মানুষ পরস্পরকে না যদি চিনিবে তবে পরস্পরকে এত ভালোবাসে কী করিয়া? একটি যুবক তাহার জন্মস্থান ও আত্মীয়বর্গ হইতে বহু দূরে দু-দশ টাকা বেতনে ঠিকা মুহুরিগিরি করিত। আমি তাহার প্রভু ছিলাম, কিন্তু প্রায় তাহার অস্তিত্বও অবগত ছিলাম না, সে এত সামান্য লোক ছিল। একদিন রাতে সহসা তাহার ওলাউঠা হইল। আমার শয়নগৃহ হইতে শুনিতে পাইলাম সে 'পিসিমা' 'পিসিমা' করিয়া কাতরস্বরে কাঁদিতেছে। তখন সহসা তাহার গৌরবহীন ক্ষুদ্র জীবনটি আমার নিকট কতখানি বৃহৎ হইয়া দেখা দিল। সেই-যে একটি অজ্ঞাত অখ্যাত মূর্খ নির্বোধ লোক বসিয়া বসিয়া ঈষৎ গ্রীবা হেলাইয়া কলম খাড়া করিয়া ধরিয়া একমনে নকল করিয়া যাইত, তাহাকে তাহার পিসিমা আপন নিঃসন্তান বৈধবোর সমস্ত সঞ্চিত স্নেহরাশি দিয়া মানুষ করিয়াছেন। সন্ধ্যাবেলায় শ্রান্তদেহে শূন্য বাসায় ফিরিয়া যখন সে স্বহস্তে উনান ধরাইয়া পাক চড়াইত, যতক্ষণ অন্ন টগবগ করিয়া না ফুটিয়া উঠিত, ততক্ষণ কম্পিত অগ্নিশিখার দিকে একদৃষ্টে চাহিয়া সে কি সেই দূরকুটিরবাসিনী স্নেহশালিনী কল্যাণময়ী পিসিমার কথা ভাবিত না? একদিন যে তাহার নকলে ভুল হইল, ঠিকে মিল হইল না, তাহার উচ্চতন কর্মচারীর নিকট সে লাঞ্চিত হইল, সেদিন কি সকালের চিঠিতে তাহার পিসিমার পীড়ার সংবাদ পায় নাই? এই নগণ্য লোকটার প্রতিদিনের মঙ্গলবার্তার জন্য একটি স্নেহপরিপূর্ণ পবিত্র হৃদয়ে কি সামান্য উৎকণ্ঠা ছিল! এই দরিদ্র যুবকের প্রবাসবাসের সহিত কি কম করুণা কাতরতা উদ্বেগ জড়িত হইয়া ছিল! সহসা সেই রাতে এই নির্বাণপ্রায় ক্ষুদ্র প্রাণশিখা এক অমূল্য মহিমায় আমার নিকটে দীপ্যমান হইয়া উঠিল। বুঝিতে পারিলাম এই তুচ্ছ লোকটিকে যদি কোনোমতে বাঁচাইতে পারি তবে এক বৃহৎ কাজ করা হয়। সমস্ত রাত্রি জাগিয়া তাহার সেবাসুশ্রূষা করিলাম, কিন্তু পিসিমার ধনকে পিসিমার নিকট ফিরাইয়া দিতে পারিলাম না— আমার সেই ঠিকা মুহুরির মৃত্যু হইল। ভীষ্ম দ্রোণ ভীমার্জুন খুব মহৎ, তথাপি এই লোকটিরও মূল্য অল্প নহে। তাহার মূল্য কোনো কবি অনুমান করে নাই, কোনো পাঠক স্বীকার করে নাই, তাই বলিয়া সে মূল্য পৃথিবীতে অনাবিষ্কৃত ছিল না— একটি জীবন আপনাকে তাহার জন্য একান্ত উৎসর্গ করিয়াছিল— কিন্তু খোরাক-পোশাক সমেত লোকটার বেতন ছিল আট টাকা, তাহাও বারো মাস নহে। মহত্ব আপনার জ্যোতিতে আপনি প্রকাশিত হইয়া উঠে, আর আমাদের মতো দীপ্তিহীন ছোটো ছোটো লোকদিগকে বাহিরের প্রেমের আলোকে প্রকাশ করিতে হয়; পিসিমার ভালোবাসা দিয়া দেখিলে আমরা সহসা দীপ্যমান হইয়া উঠি। যেখানে অন্ধকারে কাহাকেও দেখা যাইতেছিল না, সেখানে প্রেমের আলোক ফেলিলে সহসা দেখা যায়— মানুষে পরিপূর্ণ।

শ্রোতস্বিনী দয়ান্নিক মুখে কহিল— তোমার ঐ বিদেশী মুহুরির কথা তোমার কাছে পূর্বে শুনিয়াছি। জানি না, উহার কথা শুনিয়া কেন আমাদের হিন্দুস্থানি বেহারা নিহরকে মনে পড়ে। সম্প্রতি দুটি শিশুসন্তান রাখিয়া তাহার স্ত্রী মরিয়া গিয়াছে। এখন সে কাজকর্ম করে, দুপুরবেলা বসিয়া পাখা টানে, কিন্তু এমন শুষ্ক শীর্ণ ভগ্ন লক্ষ্মীছাড়ার মতো হইয়া গেছে! তাহাকে যখনই দেখি কষ্ট হয়, কিন্তু সে কষ্ট যেন ইহার একলার জন্য নহে— আমি ঠিক বুঝাইতে পারি না, কিন্তু মনে হয় যেন সমস্ত মানবের জন্য একটা বেদনা অনুভূত হইতে থাকে।

আমি কহিলাম— তাহার কারণ উহার যে ব্যথা সমস্ত মানবের সেই ব্যথা । সমস্ত মানুষই ভালোবাসে এবং বিরহ বিচ্ছেদ মৃত্যুর দ্বারা পীড়িত ও ভীত । তোমার ঐ পাখাওয়ালা ভৃত্যের আনন্দহারা বিষণ্ণ মুখে সমস্ত পৃথিবীবাসী মানুষের বিষাদ অঙ্কিত হইয়া রহিয়াছে ।

স্রোতস্বিনী কহিল— কেবল তাহাই নয় । মনে হয়, পৃথিবীতে যত দুঃখ তত দয়া কোথায় আছে ! কত দুঃখ আছে যেখানে মানুষের সাস্তুনা কোনোকালে প্রবেশও করে না, অথচ কত জায়গা আছে যেখানে ভালোবাসার অনাবশ্যক অতিবৃষ্টি হইয়া যায় ! যখন দেখি আমার ঐ বেহারা ধৈর্যসহকারে মূকভাবে পাখা টানিয়া যাইতেছে, ছেলেদুটো উঠানে গড়াইতেছে, পড়িয়া গিয়া চীৎকারপূর্বক কাঁদিয়া উঠিতেছে, বাপ মুখ ফিরাইয়া কারণ জানিবার চেষ্টা করিতেছে, পাখা ছাড়িয়া উঠিয়া যাইতে পারিতেছে না— জীবনে আনন্দ অল্প, অথচ পেটের জ্বালা কম নহে, জীবনে যতবড়ো দুর্ঘটনাই ঘটুক দুই মুষ্টি অন্নের জন্য নিয়মিত কাজ চালাইতেই হইবে, কোনো ক্রটি হইলে কেহ মাপ করিবে না— যখন ভাবিয়া দেখি এমন অসংখ্য লোক আছে যাহাদের দুঃখকষ্ট যাহাদের মনুষ্যত্ব আমাদের কাছে যেন অনাবিষ্কৃত, যাহাদিগকে আমরা কেবল ব্যবহারে লাগাই এবং বেতন দিই, স্নেহ দিই না, সাস্তুনা দিই না, শ্রদ্ধা দিই না— তখন বাস্তবিকই মনে হয় পৃথিবীর অনেকখানি যেন নিবিড় অন্ধকারে আবৃত, আমাদের দৃষ্টির একেবারে অগোচর । কিন্তু সেই অজ্ঞাতনামা দীপ্তিহীন দেশের লোকেরাও ভালোবাসে এবং ভালোবাসার যোগ্য ! আমার মনে হয়, যাহাদের মহিমা নাই, যাহারা একটা অস্বচ্ছ আবরণের মধ্যে বদ্ধ হইয়া আপনাকে ভালোরূপ ব্যক্ত করিতে পারে না, এমন-কি, নিজেকেও ভালোরূপ চেনে না, মূকমুগ্ধভাবে সুখদুঃখবেদনা সহ্য করে, তাহাদিগকে মানবরূপে প্রকাশ করা, তাহাদিগকে আমাদের আত্মীয়রূপে পরিচিত করাইয়া দেওয়া, তাহাদের উপরে কাব্যের আলো নিষ্ক্ষেপ করা, আমাদের এখনকার কবিদের কর্তব্য ।

ক্ষিতি কহিল— পূর্বকালে এক সময়ে সকল বিষয়ে প্রবলতার আদর কিছু অধিক ছিল । তখন মনুষ্যসমাজ অনেকটা অসহায় অরক্ষিত ছিল ; যে প্রতিভাশালী, যে ক্ষমতাশালী, সেই তখনকার সমস্ত স্থান অধিকার করিয়া লইত । এখন সভ্যতার সুশাসনে সুশৃঙ্খলায় বিঘ্নবিপদ দূর হইয়া প্রবলতার অত্যধিক মর্যাদা হ্রাস হইয়া গিয়াছে । এখন অকৃতী অক্ষমেরাও সংসারের খুব একটা বৃহৎ অংশের শরিক হইয়া দাঁড়াইয়াছে । এখনকার কাব্য-উপন্যাসও ভীষ্মদ্রোণকে ছাড়িয়া এই-সমস্ত মূক-জাতির ভাষা, এই-সমস্ত ভস্মাচ্ছন্ন অঙ্গারের আলোক প্রকাশ করিতে প্রবৃত্ত হইয়াছে ।

সমীর কহিল— নবোদিত সাহিত্যসূর্যের আলোক প্রথমে অত্যুচ্চ পর্বতশিখরের উপরেই পতিত হইয়াছিল, এখন ক্রমে নিম্নবর্তী উপত্যকার মধ্যে প্রসারিত হইয়া ক্ষুদ্র দরিদ্র কুটিরগুলিকেও প্রকাশমান করিয়া তুলিতেছে ।

বৈশাখ ১৩০০

মন

এই-যে মধ্যাহ্নকালে নদীর ধারে পাড়াগাঁয়ের একটি একতলা ঘরে বসিয়া আছি, টিকটিকি ঘরের কোণে টিকটিক করিতেছে, দেয়ালে পাখা টানিবার ছিদ্রের মধ্যে একজোড়া চড়ুই পাখি বাসা তৈরি করিবার অভিপ্রায়ে বাহির হইতে কুটা সংগ্রহ করিয়া কিচ্ছ শব্দে মহাব্যস্তভাবে ক্রমাগত যাতায়াত করিতেছে— নদীর মধ্যে নৌকা ভাসিয়া চলিয়াছে, উচ্চতটের অন্তরালে নীলাকাশে তাহাদের মাস্তুল এবং স্ফীত পালের কিয়দংশ দেখা যাইতেছে— বাতাসটি স্নিগ্ধ, আকাশটি পরিষ্কার, পরপারের অতিদূর তীররেখা হইতে আর আমার বারান্দার সম্মুখবর্তী বেড়া-দেওয়া ছোটো বাগানটি পর্যন্ত উজ্জ্বল রৌদ্রে একখণ্ড ছবির মতো দেখাইতেছে— এই তো বেশ আছি ; মায়ের কোলের মধ্যে সন্তান যেমন একটি উদ্ভাপ, একটি আরাম, একটি স্নেহ পায়, তেমনি এই পুরাতন প্রকৃতির কোল ঘেষিয়া বসিয়া একটি

জীবনপূর্ণ আদরপূর্ণ মৃদু উত্তাপ চতুর্দিক হইতে আমার সর্বাপেক্ষে প্রবেশ করিতেছে। তবে এই ভাবে থাকিয়া গেলে ক্ষতি কী? কাগজ-কলম লইয়া বসিবার জন্য কে তোমাকে খোঁচাইতেছিল? কোন বিষয়ে তোমার কী মত, কিসে তোমার সম্মতি বা অসম্মতি, সে কথা লইয়া হঠাৎ ধুমধাম করিয়া কোমর বাঁধিয়া বসিবার কী দরকার ছিল? ঐ দেখো, মাঠের মাঝখানে, কোথাও কিছু নাই, একটা ঘূর্ণ বাতাস খানিকটা ধূলা এবং শূন্য পাতার ওড়না উড়াইয়া কেমন চমৎকার ভাবে ঘুরিয়া নাচিয়া গেল! পদাঙ্গুলিমাত্রের উপর ভর করিয়া দীর্ঘ সরল হইয়া কেমন ভঙ্গিটি করিয়া মুহূর্তকাল দাঁড়াইল, তাহার পর হুস্‌হাস করিয়া সমস্ত উড়াইয়া ছড়াইয়া দিয়া কোথায় চলিয়া গেল তাহার ঠিকানা নাই। সম্বল তো ভারি! গোটাকতক খড়কুটা ধূলাবালি, সুবিধামত যাহা হাতের কাছে আসে তাহাই লইয়া বেশ একটু ভাবভঙ্গি করিয়া কেমন একটা খেলা খেলিয়া লইল। এমনি করিয়া জনহীন মধ্যাহ্নে সমস্ত মাঠ-ময় নাচিয়া বেড়ায়। না আছে তাহার কোনো উদ্দেশ্য, না আছে তাহার কেহ দর্শক। না আছে তাহার মত, না আছে তাহার তত্ত্ব; না আছে সমাজ এবং ইতিহাস সম্বন্ধে অতিসমীচীন উপদেশ। পৃথিবীতে যাহা-কিছু সর্বাপেক্ষা অনাবশ্যক সেই-সমস্ত বিস্মৃত পরিত্যক্ত পদার্থগুলির মধ্যে একটি উত্তপ্ত ফুৎকার দিয়া তাহাদিগকে মুহূর্তকালের জন্য জীবিত জাগ্রত সুন্দর করিয়া তোলে।

অমনি যদি অত্যন্ত সহজে এক নিশ্বাসে কতকগুলো যাহা-তাহা খাড়া করিয়া সুন্দর করিয়া ঘুরাইয়া উড়াইয়া লাঠিম খেলাইয়া চলিয়া যাইতে পারিতাম। অমনি অবলীলাক্রমে সৃজন করিতাম, অমনি ফুঁ দিয়া ভাঙিয়া ফেলিতাম। চিন্তা নাই, চেষ্টা নাই, লক্ষ্য নাই; শুধু একটা নৃত্যের আনন্দ, শুধু একটা সৌন্দর্যের আবেগ, শুধু একটা জীবনের ঘূর্ণা! অব্যবহিত প্রাপ্ত, অনাবৃত আকাশ, পরিব্যাপ্ত সূর্যালোক— তাহারই মাঝখানে মুঠা মুঠা ধূলি লইয়া ইন্দ্রজাল নির্মাণ করা, সে কেবল খ্যাপা হৃদয়ের উদার উল্লাসে।

এ হইলে তো বুঝা যায়। কিন্তু বসিয়া বসিয়া পাথরের উপর পাথর চাপাইয়া গলদঘর্ম হইয়া কতকগুলো নিশ্চল মতামত উচ্চ করিয়া তোলা! তাহার মধ্যে না আছে গতি, না আছে প্রীতি, না আছে প্রাণ! কেবল একটা কঠিন কীর্তি। তাহাকে কেহ বা হাঁ করিয়া দেখে কেহ বা পা দিয়া ঠেলে— যোগ্যতা যেমনি থাক!

কিন্তু ইচ্ছা করিলেও এ কাজে ক্ষান্ত হইতে পারি কই। সভ্যতার খাতিরে মানুষ মন-নামক আপনার এক অংশকে অপরিমিত প্রশ্রয় দিয়া অত্যন্ত বাড়াইয়া তুলিয়াছে, এখন তুমি যদি তাহাকে ছাড়িতে চাও সে তোমাকে ছাড়ে না।

লিখিতে লিখিতে আমি বাহিরে চাহিয়া দেখিতেছি ঐ একটি লোক রৌদ্রনিবারণের জন্য মাথায় একটি চাদর চাপাইয়া দক্ষিণ হস্তে শালপাতের ঠোঙায় খানিকটা দহি লইয়া রন্ধনশালা অভিমুখে চলিয়াছে। ওটি আমার ভৃত্য, নাম নারায়ণসিং। দিব্য হৃষ্টপুষ্ট, নিশ্চিন্ত, প্রফুল্লচিত্ত। উপযুক্ত সারপ্রাপ্ত পর্যাপ্ত পল্লবপূর্ণ মসৃণ চিক্কণ কাঁঠালগাছটির মতো। এইরূপ মানুষ এই বহিঃপ্রকৃতির সহিত ঠিক মিশ খায়। প্রকৃতি এবং ইহার মাঝখানে বড়ো একটা বিচ্ছেদচিহ্ন নাই। এই জীবধাত্রী শস্যশালিনী বৃহৎ বসুন্ধরার অঙ্গসংলগ্ন হইয়া এ লোকটি বেশ সহজে বাস করিতেছে, ইহার নিজের মধ্যে নিজের তিলমাত্র বিরোধ-বিসংবাদ নাই। ঐ গাছটি যেমন শিকড় হইতে পল্লববাণ পর্যন্ত কেবল একটি আতাগাছ হইয়া উঠিয়াছে, তাহার আর-কিছুর জন্য কোনো মাথাব্যথা নাই, আমার হৃষ্টপুষ্ট নারায়ণসিংটি তেমনি আদ্যোপান্ত কেবলমাত্র একখানি আস্ত নারায়ণসিং।

কোনো কৌতুকপ্রিয় শিশু-দেবতা যদি দুষ্টামি করিয়া ঐ আতাগাছটির মাঝখানে কেবল একটা ফোঁটা মন ফেলিয়া দেয়! তবে ঐ সরস শ্যামল দারুজীবনের মধ্যে কী এক বিষম উপদ্রব বাধিয়া যায়! তবে চিন্তায় উহার চিকন সবুজ পাতাগুলি ভূর্জপত্রের মতো পাণ্ডুবর্ণ হইয়া যায়, এবং গুঁড়ি হইতে প্রশাখা পর্যন্ত বৃদ্ধের ললাটের মতো কুণ্ঠিত হইয়া আসে। তখন বসন্তকালে আর কি অমন দুই-চারি দিনের মধ্যে সর্বাপেক্ষা কচিপাতায় পুলকিত হইয়া উঠে? ঐ গুঁটি-আঁকা গোল গোল গুচ্ছ গুচ্ছ ফলে প্রত্যেক শাখা ভারিয়া যায়? তখন সমস্ত দিন এক পায়ের উপর দাঁড়াইয়া দাঁড়াইয়া ভাবিতে

থাকে, আমার কেবল কতকগুলো পাতা হইল কেন, পাখা হইল না কেন ? প্রাণপণে সিধা হইয়া এত উচু হইয়া দাঁড়াইয়া আছি, তবু কেন যথেষ্ট পরিমাণে দেখিতে পাইতেছি না ? ঐ দিগন্তের পরপারে কী আছে ? ঐ আকাশের তারাগুলি যে গাছের শাখায় ফুটিয়া আছে সে গাছের কেমন করিয়া নাগাল পাইব ? আমি কোথা হইতে আসিলাম, কোথায় যাইব, এ কথা যতক্ষণ না স্থির হইবে ততক্ষণ আমি পাতা ঝরাইয়া, ডাল শুকাইয়া, কাঠ হইয়া, দাঁড়াইয়া ধ্যান করিতে থাকিব । আমি আছি অথবা আমি নাই, অথবা আমি আছিও বটে নাইও বটে, এ প্রশ্নের যতক্ষণ মীমাংসা না হয় ততক্ষণ আমার জীবনে কোনো সুখ নাই । দীর্ঘ বর্ষার পর যেদিন প্রাতঃকালে প্রথম সূর্য ওঠে সেদিন আমার মজ্জার মধ্যে যে-একটি পুলক-সঞ্চারণ হয় সেটা আমি ঠিক কেমন করিয়া প্রকাশ করিব, এবং শীতান্তে ফাল্গুনের মাঝামাঝি যেদিন হঠাৎ সায়ংকালে একটা দক্ষিণের বাতাস উঠে সেদিন ইচ্ছা করে— কী ইচ্ছা করে কে আমাকে বুঝাইয়া দিবে !

এই-সমস্ত কাণ্ড ! গেল বেচারার ফুল ফোটানো, রসশস্যপূর্ণ আতাফল পাকানো । যাহা আছে তাহা অপেক্ষা বেশি হইবার চেষ্টা করিয়া, যেরকম আছে আর-একরকম হইবার ইচ্ছা করিয়া, না হয় এ দিক, না হয় ও দিক । অবশেষে একদিন হঠাৎ অন্তর্বেদনায় গুঁড়ি হইতে অগ্রশাখা পর্যন্ত বিদীর্ণ হইয়া বাহির হয়— একটা সাময়িক পত্রে প্রবন্ধ, একটা সমালোচনা, আরণ্যসমাজ সম্বন্ধে একটা অসাময়িক তত্ত্বোপদেশ । তাহার মধ্যে না থাকে সেই পল্লবমর্মর, না থাকে সেই ছায়া, না থাকে সর্বাস্বব্যাপ্ত সরস সম্পূর্ণতা ।

যদি কোনো প্রবল শয়তান সরীসৃপের মতো লুকাইয়া মাটির নীচে প্রবেশ করিয়া শতলক্ষ আকাবাকা শিকড়ের ভিতর দিয়া পৃথিবীর সমস্ত তরুলতা তৃণগুল্মের মধ্যে মনঃসঞ্চারণ করিয়া দেয় তাহা হইলে পৃথিবীতে কোথায় জুড়াইবার স্থান থাকে ! ভাগ্যে বাগানে আসিয়া পাখির গানের মধ্যে কোনো অর্থ পাওয়া যায় না এবং অক্ষরহীন সবুজ পত্রের পরিবর্তে শাখায় শাখায় শুষ্ক শ্বেতবর্ণ মাসিক পত্র, সংবাদপত্র এবং বিজ্ঞাপন বুলিতে দেখা যায় না !

ভাগ্যে গাছেদের মধ্যে চিন্তাশীলতা নাই ! ভাগ্যে ধূতুরাগাছ কামিনীগাছকে সমালোচনা করিয়া বলে না ‘তোমার ফুলের মধ্যে কোমলতা আছে কিন্তু ওজস্বিতা নাই’ এবং কুলফল কাঠালকে বলে না ‘তুমি আপনাকে বড়ো মনে কর কিন্তু আমি তোমা অপেক্ষা কুণ্ডাণ্ডকে ঢের উচ্চ আসন দিই’ । কদলী বলে না ‘আমি সর্বাপেক্ষা অল্প মূল্যে সর্বাপেক্ষা বৃহৎ পত্র প্রচার করি’ এবং কচু তাহার প্রতিযোগিতা করিয়া তদপেক্ষা সুলভ মূল্যে তদপেক্ষা বৃহৎ পত্রের আয়োজন করে না !

তর্কতাড়িত চিন্তাতাপিত বক্তৃতাশ্রান্ত মানুষ উদার উন্মুক্ত আকাশের চিন্তারেখাহীন জ্যোতির্ময় প্রশস্ত ললাট দেখিয়া, অরণ্যের ভাষাহীন মর্মর ও তরঙ্গের অর্থহীন কলধ্বনি শুনিয়া, এই মনোবিহীন অগাধ প্রশান্ত প্রকৃতির মধ্যে অবগাহন করিয়া তবে কতকটা স্নিগ্ধ ও সংযত হইয়া আছে । ঐ একটুখানি মনঃস্ফুলিঙ্গের দাহ-নিবৃত্তি করিবার জন্য এই অনন্ত প্রসারিত অমনঃসমুদ্রের প্রশান্ত নীলাশুরাশির আবশ্যক হইয়া পড়িয়াছে ।

আসল কথা পূর্বেই বলিয়াছি, আমাদের ভিতরকার সমস্ত সামঞ্জস্য নষ্ট করিয়া আমাদের মনটা অত্যন্ত বৃহৎ হইয়া পড়িয়াছে । তাহাকে কোথাও আর কুলাইয়া উঠিতেছে না । খাইবার, পরিবার, জীবনধারণ করিবার, সুখে স্বচ্ছন্দে থাকিবার পক্ষে যতখানি আবশ্যিক মনটা তাহার অপেক্ষা ঢের বেশি বড়ো হইয়া পড়িয়াছে ; এইজন্য, প্রয়োজনীয় সমস্ত কাজ সারিয়া ফেলিয়াও চতুর্দিকে অনেকখানি মন বাকি থাকে । কাজেই সে বসিয়া বসিয়া ডায়ারি লেখে, তর্ক করে, সংবাদপত্রের সংবাদদাতা হয়, যাহাকে সহজে বোঝা যায় তাহাকে কঠিন করিয়া তুলে, যাহাকে এক ভাবে বোঝা উচিত তাহাকে আর-এক ভাবে দাঁড় করায়, যাহা কোনো কালে কিছুতেই বোঝা যায় না অন্য-সমস্ত ফেলিয়া তাহা লইয়াই লাগিয়া থাকে, এমন-কি, এ-সকল অপেক্ষাও অনেক গুরুতর গর্হিত কার্য করে ।

কিন্তু আমার ঐ অনতিসভ্য নারায়ণসিংহের মনটি উহার শরীরের মাপে ; উহার আবশ্যিকের গায়ে গায়ে ঠিক ফিট করিয়া লাগিয়া আছে । উহার মনটি উহার জীবনকে শীতাতপ অসুখ অস্বাস্থ্য এবং

লজ্জা হইতে রক্ষা করে, কিন্তু যখন-তখন উনপঞ্চাশ বায়ু-বেগে চতুর্দিকে উড়ু-উড়ু করে না। এক-আধটা বোতামের ছিদ্র দিয়া বাহিরের চোরা হাওয়া উহার মানস-আবরণের ভিতরে প্রবেশ করিয়া, তাহাকে যে কখনো একটু-আধটু স্ফীত করিয়া তোলে না তাহা বলিতে পারি না, কিন্তু ততটুকু মনশ্চাঞ্চল্য তাহার জীবনের স্বাস্থ্যের পক্ষেই বিশেষ আবশ্যিক।

জ্যৈষ্ঠ ১৩০০

অখণ্ডতা

দীপ্তি কহিল— সত্য কথা বলিতেছি, আমার তো মনে হয় আজকাল প্রকৃতির স্তব লইয়া তোমরা সকলে কিছু বাড়াবাড়ি আরম্ভ করিয়াছ।

আমি কহিলাম— দেবী, আর-কাহারও স্তব বুঝি তোমাদের গায়ে সহে না?

দীপ্তি কহিল— যখন স্তব ছাড়া আর বেশি কিছু পাওয়া যায় না, তখন ওটার অপব্যয় দেখিতে পারি না।

সমীর অত্যন্ত বিনম্রমনোহর হাস্যে গ্রীবা আনমিত করিয়া কহিল— ভগবতী, প্রকৃতির স্তব এবং তোমাদের স্তবে বড়ো একটা প্রভেদ নাই। ইহা বোধ হয় লক্ষ্য করিয়া দেখিয়া থাকিবে, যাহারা প্রকৃতির স্তবগান রচনা করিয়া থাকে তাহারা তোমাদেরই মন্দিরের প্রধান পূজারি।

দীপ্তি অভিমানভরে কহিল— অর্থাৎ যাহারা জড়ের উপাসনা করে তাহারাই আমাদের ভক্ত।

সমীর কহিল— এত বড়ো ভুলটা বুঝিলে, কাজেই একটা সুদীর্ঘ কৈফিয়ত দিতে হয়। আমাদের ভূতসভার বর্তমান সভাপতি শ্রদ্ধাস্পদ শ্রীযুক্ত ভূতনাথবাবু তাঁর ডায়ারিতে মন-নামক একটা দূরন্ত পদার্থের উপদ্রবের কথা বর্ণনা করিয়া যে-একটি প্রবন্ধ লিখিয়াছেন সে তোমরা সকলেই পাঠ করিয়াছ। আমি তাহার নীচেই গুটিকতক কথা লিখিয়া রাখিয়াছি, যদি সভ্যগণ অনুমতি করেন তবে পাঠ করি— আমার মনের ভাবটা তাহাতে পরিষ্কার হইবে।

ক্ষিতি করজোড়ে কহিল— দেখো ভাই সমীরণ, লেখক এবং পাঠকে যে সম্পর্ক সেইটেই স্বাভাবিক সম্পর্ক— তুমি ইচ্ছা করিয়া লিখিলে, আমি ইচ্ছা করিয়া পড়িলাম, কোনো পক্ষে কিছু বলিবার রহিল না। যেন খাপের সহিত তরবারি মিলিয়া গেল। কিন্তু তরবারি যদি অনিচ্ছুক অস্থিচর্মের মধ্যে সেইপ্রকার সুগভীর আত্মীয়তা স্থাপনে প্রবৃত্ত হয় তবে সেটা তেমন বেশ স্বাভাবিক এবং মনোহররূপে সম্পন্ন হয় না। লেখক এবং শ্রোতার সম্পর্কটাও সেইরূপ অস্বাভাবিক, অসদৃশ। হে চতুরানন, পাপের যেমন শাস্তিই বিধান কর, যেন আর-জন্মে ডাক্তারের ঘোড়া, মাতালের স্ত্রী এবং প্রবন্ধলেখকের বন্ধু হইয়া জন্মগ্রহণ না করি।

ব্যোম একটা পরিহাস করিতে চেষ্টা করিল, কহিল— একে তো বন্ধু অর্থেই বন্ধন, তাহার উপরে প্রবন্ধবন্ধন হইলে ফাঁসের উপরে ফাঁস হয় : গণ্ডস্যোপরি বিষ্ণোটকম্।

দীপ্তি কহিল— হাসিবার জন্য দুইটি বৎসর সময় প্রার্থনা করি ; ইতিমধ্যে পাণিনি অমরকোষ এবং ধাতুপাঠ আয়ত্ত করিয়া লইতে হইবে।

শুনিয়া ব্যোম অত্যন্ত কৌতুকলাভ করিল। হাসিতে হাসিতে কহিল— বড়ো চমৎকার বলিয়াছ ; আমার একটা গল্প মনে পড়িতেছে—

শ্রোতস্বিনী কহিল— তোমরা সমীরের লেখাটা আজ আর শুনিতে দিবে না দেখিতেছি। সমীর, তুমি পড়ো, উহাদের কথায় কর্ণপাত করিয়ো না।

শ্রোতস্বিনীর আদেশের বিরুদ্ধে কেহ আর আপত্তি করিল না। এমন-কি, স্বয়ং ক্ষিতি শেল্ফের উপর হইতে ডায়ারির খাতাটি পাড়িয়া আনিল এবং নিতান্ত নিরীহ নিরুপায়ের মতো সংযত হইয়া বসিয়া রহিল।

সমীর পড়িতে লাগিল— মানুষকে বাধ্য হইয়া পদে পদে মনের সাহায্য লইতে হয়, এইজন্য

ভিতরে ভিতরে আমরা সেটাকে দেখিতে পারি না। মন আমাদের অনেক উপকার করে, কিন্তু তাহার স্বভাব এমনই যে, আমাদের সঙ্গে কিছুতেই সে সম্পূর্ণ মিলিয়া মিশিয়া থাকিতে পারে না। সর্বদা খিটখিট করে, পরামর্শ দেয়, উপদেশ দিতে আসে, সকল কাজেই হস্তক্ষেপ করে। সে যেন একজন বাহিরের লোক ঘরের হইয়া পড়িয়াছে— তাহাকে ত্যাগ করাও কঠিন, তাহাকে ভালোবাসাও দুঃসাধ্য।

সে যেন অনেকটা বাঙালির দেশে ইংরাজের গবর্নেন্টের মতো। আমাদের সরল দিশি রকমের ভাব, আর তাহার জটিল বিদেশী রকমের আইন। উপকার করে, কিন্তু আত্মীয় মনে করে না। সেও আমাদের বুঝিতে পারে না, আমরাও তাহাকে বুঝিতে পারি না। আমাদের যে-সকল স্বাভাবিক সহজ ক্ষমতা ছিল তাহার শিক্ষায় সেগুলি নষ্ট হইয়া গেছে, এখন উঠিতে বসিতে তাহার সাহায্য ব্যতীত আর চলে না।

ইংরাজের সহিত আমাদের মনের আরো কতকগুলি মিল আছে। এতকাল সে আমাদের মধ্যে বাস করিতেছে, তবু সে বাসিন্দা হইল না, তবু সে সর্বদা উড়ুউড়ু করে। যেন কোনো সুযোগে একটা ফলো পাইলেই মহাসমুদ্রপারে তাহার জন্মভূমিতে পাড়ি দিতে পারিলেই বাঁচে। সব চেয়ে আশ্চর্য সাদৃশ্য এই যে, তুমি যতই তাহার কাছে নরম হইবে, যতই 'যো হুজুর খোদাবন্দ' বলিয়া হাত জোড় করিবে ততই তাহার প্রতাপ বাড়িয়া উঠিবে; আর তুমি যদি ফস্ করিয়া হাতের আঙ্গিন গুটাইয়া ঘুঘি উচাইতে পারো, খৃস্টান শাস্ত্রের অনুশাসন অগ্রাহ্য করিয়া চড়টির পরিবর্তে চাপড়টি প্রয়োগ করিতে পারো, তবে সে জল হইয়া যাইবে।

মনের উপর আমাদের বিদ্বেষ এতই সুগভীর যে, যে কাজে তাহার হাত কম দেখা যায় তাহাকেই আমরা সব চেয়ে অধিক প্রশংসা করি। নীতিগ্রন্থে হঠকারিতার নিন্দা আছে বটে কিন্তু প্রকৃতপক্ষে তাহার প্রতি আমাদের আন্তরিক অনুরাগ দেখিতে পাই। যে ব্যক্তি অত্যন্ত বিবেচনাপূর্বক অগ্রপশ্চাৎ ভাবিয়া অতি সতর্কভাবে কাজ করে তাহাকে আমরা ভালোবাসি না; কিন্তু যে ব্যক্তি সর্বদা নিশ্চিত, অল্পানবদনে বেফাঁস কথা বলিয়া বসে এবং অবলীলাক্রমে বেয়াড়া কাজ করিয়া ফেলে লোকে তাহাকে ভালোবাসে। যে ব্যক্তি ভবিষ্যতের হিসাব করিয়া বড়ো সাবধানে অর্থসঞ্চয় করে, লোকে ঋণের আবশ্যক হইলে তাহার নিকট গমন করে এবং তাহাকে মনে মনে অপরাধী করে; আর, যে নির্বোধ নিজের ও পরিবারের ভবিষ্যৎ শুভাশুভ গণনামাত্র না করিয়া যাহা পায় তৎক্ষণাৎ মুক্তহস্তে ব্যয় করিয়া বসে, লোকে অগ্রসর হইয়া তাহাকে ঋণদান করে এবং সকল সময় পরিশোধের প্রত্যাশা রাখে না। অনেক সময় অবিবেচনা অর্থাৎ মনোবিহীনতাকেই আমরা উদারতা বলি এবং যে মনস্বী হিতাহিতজ্ঞানের অনুদেশক্রমে যুক্তির লগ্নন হাতে লইয়া অত্যন্ত কঠিন সংকল্পের সহিত নিয়মের চুল-চেরা পথ ধরিয়া চলে তাহাকে লোকে হিসাবী, বিষয়ী, সংকীর্ণমনা প্রভৃতি অপবাদসূচক কথা বলিয়া থাকে।

মনটা যে আছে এইটুকু যে ভুলাইতে পারে তাহাকেই বলি মনোহর। মনের বোঝাটা যে অবস্থায় অনুভব করি না সেই অবস্থাটাকে বলি আনন্দ। নেশা করিয়া বরং পশুর মতো হইয়া যাই, নিজের সর্বনাশ করি সেও স্বীকার, তবু কিছুক্ষণের জন্য খানার মধ্যে পড়িয়াও সে উল্লাস সংবরণ করিতে পারি না। মন যদি যথার্থ আমাদের আত্মীয় হইত এবং আত্মীয়ের মতো ব্যবহার করিত, তবে কি এমন উপকারী লোকটার প্রতি এতটা দূর অকৃতজ্ঞতার উদয় হইত?

বুদ্ধির অপেক্ষা প্রতিভাকে আমরা উচ্চাসন কেন দিই? বুদ্ধি প্রতিদিন প্রতিমুহূর্তে আমাদের সহস্র কাজ করিয়া দিতেছে, সে না হইলে আমাদের জীবন রক্ষা করা দুঃসাধ্য হইত, আর প্রতিভা কালেভদ্রে আমাদের কাজে আসে এবং অনেক সময় অকাজেও আসে। কিন্তু বুদ্ধিটা হইল মনের, তাহাকে পদক্ষেপ গণনা করিয়া চলিতে হয়, আর প্রতিভা মনের নিয়মাবলী রক্ষা না করিয়া হাওয়ার মতো আসে— কাহারও আহ্বানও মানে না, নিষেধও অগ্রাহ্য করে।

প্রকৃতির মধ্যে সেই মন নাই, এইজন্য প্রকৃতি আমাদের কাছে এমন মনোহর। প্রকৃতিতে একটার ভিতরে আর-একটা নাই। আরসোলার স্কন্ধে কাঁচপোকা বসিয়া তাহাকে শুষিয়া খাইতেছে না। মৃত্তিকা

হইতে আর ঐ জ্যোতিঃসিঞ্চিত আকাশ পর্যন্ত তাহার এই প্রকাণ্ড ঘরকন্নার মধ্যে একটা ভিন্নদেশী পরের ছেলে প্রবেশ লাভ করিয়া দৌরাণ্য করিতেছে না।

সে একাকী, অখণ্ডসম্পূর্ণ, নিশ্চিন্ত, নিরুদ্বিগ্ন। তাহার অসীমনীল ললাটে বুদ্ধির রেখামাত্র নাই, কেবল প্রতিভার জ্যোতি চিরদীপ্যমান। যেমন অনায়াসে একটি সর্বাঙ্গসুন্দরী পুষ্পমঞ্জরী বিকশিত হইয়া উঠিতেছে তেমনি অবহেলে একটা দুর্দান্ত ঝড় আসিয়া সুখস্বপ্নের মতো সমস্ত ভাঙিয়া দিয়া চলিয়া যাইতেছে। সকলই যেন ইচ্ছায় হইতেছে, চেষ্টায় হইতেছে না। সে ইচ্ছা কখনো আদর করে, কখনো আঘাত করে। কখনো প্রেয়সী অঙ্গুরীর মতো গান করে, কখনো ক্ষুধিত রাক্ষসীর ন্যায় গর্জন করে।

চিন্তাপীড়িত সংশয়াপন্ন মানুষের কাছে এই দ্বিধাশূন্য অব্যবস্থিত ইচ্ছাশক্তির বড়ো একটা প্রচণ্ড আকর্ষণ আছে। রাজভক্তি, প্রভুভক্তি তাহার একটা নিদর্শন। যে রাজা ইচ্ছা করিলেই প্রাণ দিতে এবং প্রাণ লইতে পারে তাহার জন্য যত লোক ইচ্ছা করিয়া প্রাণ দিয়াছে, বর্তমান যুগের নিয়মপাশবদ্ধ রাজার জন্য এত লোক স্বেচ্ছাপূর্বক আত্মবিসর্জনে উদ্যত হয় না।

যাহারা মনুষ্যজাতির নেতা হইয়া জন্মিয়াছে তাহাদের মন দেখা যায় না। তাহারা কেন কী ভাবিয়া কী যুক্তি অনুসারে কী কাজ করিতেছে, তৎক্ষণাৎ তাহা কিছুই বুঝা যায় না— এবং মানুষ নিজের সংশয়তিমিরিচ্ছন্ন ক্ষুদ্র গহ্বর হইতে বাহির হইয়া পতঙ্গের মতো ঝাঁকে-ঝাঁকে তাহাদের মহত্বশিখার মধ্যে আত্মঘাতী হইয়া ঝাঁপ দেয়।

রমণীও প্রকৃতির মতো। মন আসিয়া তাহাকে মাঝখান হইতে দুই ভাগ করিয়া দেয় নাই। সে পুষ্পের মতো আগাগোড়া একখানি। এইজন্য তাহার গতিবিধি আচারব্যবহার এমন সহজসম্পূর্ণ। এইজন্য দ্বিধান্দোলিত পুরুষের পক্ষে রমণী 'মরণং ধুবং'।

প্রকৃতির ন্যায় রমণীরও কেবল ইচ্ছাশক্তি— তাহার মধ্যে যুক্তিতর্ক বিচার-আলোচনা কেন-কি-বৃত্তান্ত নাই। কখনো সে চারি হস্তে অন্ন বিতরণ করে, কখনো সে প্রলয়মূর্তিতে সংহার করিতে উদ্যত হয়। ভক্তেরা করজোড়ে বলে, তুমি মহামায়া, তুমি ইচ্ছাময়ী, তুমি প্রকৃতি, তুমি শক্তি!

সমীর হাঁপ ছাড়িবার জন্য একটু থামিবামাত্র ক্ষিতি গম্ভীর মুখ করিয়া কহিল— বাঃ! চমৎকার! কিন্তু তোমার গা ঝুঁইয়া বলিতেছি, এক বর্ণ যদি বুঝিয়া থাকি! বোধ করি তুমি যাহাকে মন ও বুদ্ধি বলিতেছ প্রকৃতির মতো আমার মধ্যেও সে জিনিসটার অভাব আছে, কিন্তু তৎপরিবর্তে প্রতিভার জন্যও কাহারও নিকট হইতে প্রশংসা পাই নাই এবং আকর্ষণশক্তিও যে অধিক আছে তাহার কোনো প্রত্যক্ষ প্রমাণ পাওয়া যায় না।

দীপ্তি সমীরকে কহিল— তুমি যে মুসলমানের মতো কথা কহিলে, তাহাদের শাস্ত্রেই তো বলে মেয়েদের আত্মা নাই।

শ্রোতস্বিনী চিন্তাশ্চিত্তভাবে কহিল— মন এবং বুদ্ধি শব্দটা যদি তুমি একই অর্থে ব্যবহার কর আর যদি বল আমরা তাহা হইতে বঞ্চিত, তবে তোমার সহিত আমার মতের মিল হইল না।

সমীর কহিল— আমি যে কথাটা বলিয়াছি তাহা রীতিমত তর্কের যোগ্য নহে। প্রথম বর্ষায় পদ্মা যে চরটা গড়িয়া দিয়া গেল, তাহা বালি, তাহার উপরে লাঙল লইয়া পড়িয়া তাহাকে ছিন্নবিচ্ছিন্ন করিলে কোনো ফল পাওয়া যায় না; ক্রমে ক্রমে দুই-তিন বর্ষায় স্তরে স্তরে যখন তাহার উপর মাটি পড়িবে তখন সে কর্ষণ সহিবে। আমিও তেমনি চলিতে চলিতে শ্রোতোবেগে একটা কথাকে কেবল প্রথম দাঁড় করাইলাম মাত্র। হয়তো দ্বিতীয় শ্রোতে একেবারে ভাঙিতেও পারে, অথবা পলি পড়িয়া উর্বরা হইতেও আটক নাই। যাহা হউক, আসামির সমস্ত কথাটা শুনিয়া তার পর বিচার করা হউক।—

মানুষের অন্তঃকরণের দুই অংশ আছে। একটা অচেতন বৃহৎ গুপ্ত এবং নিশ্চেষ্ট, আর-একটা সচেতন সংক্রিয় চঞ্চল পরিবর্তনশীল। যেমন মহাদেশ এবং সমুদ্র। সমুদ্র চঞ্চলভাবে যাহা-কিছু সঞ্চয় করিতেছে, ত্যাগ করিতেছে, গোপন-তলদেশে তাহাই দৃঢ় নিশ্চল আকারে উত্তরোত্তর রাশীকৃত হইয়া

উঠিতেছে। সেইরূপ আমাদের চেতনা প্রতিদিন যাহা-কিছু আনিতেছে, ফেলিতেছে, সেই-সমস্ত ক্রমে সংস্কার স্মৃতি অভ্যাস-আকারে একটি বৃহৎ গোপন আধারে অচেতন ভাবে সঞ্চিত হইয়া উঠিতেছে। তাহাই আমাদের জীবনের ও চরিত্রের স্থায়ী ভিত্তি। সম্পূর্ণ তলাইয়া তাহার সমস্ত স্তরপর্যায় কেহ আবিষ্কার করিতে পারে না। উপর হইতে যতটা দৃশ্যমান হইয়া উঠে, অথবা আকস্মিক ভূমিকম্পবেগে যে নিগূঢ় অংশ উর্ধ্ব উৎক্ষিপ্ত হয় তাহাই আমরা দেখিতে পাই।

এই মহাদেশেই শস্য পুষ্প ফল, সৌন্দর্য ও জীবন, অতি সহজে উদ্ভিন্ন হইয়া উঠে। ইহা দৃশ্যত স্থির ও নিষ্ক্রিয়, কিন্তু ইহার ভিতরে একটি অনায়াসনৈপুণ্য, একটি গোপন জীবনীশক্তি নিগূঢ়ভাবে কাজ করিতেছে। সমুদ্র কেবল ফুলিতেছে এবং দুলিতেছে, বাণিজ্যতরী ভাসাইতেছে এবং ডুবাইতেছে, অনেক আহরণ এবং সংহরণ করিতেছে, তাহার বলের সীমা নাই, কিন্তু তাহার মধ্যে জীবনীশক্তি ও ধারণীশক্তি নাই— সে কিছুই জন্ম দিতে ও পালন করিতে পারে না।

রূপকে যদি কাহারও আপত্তি না থাকে তবে আমি বলি আমাদের এই চঞ্চল বহিরংশ পুরুষ, এবং এই বৃহৎ গোপন অচেতন অন্তরংশ নারী।

এই স্থিতি এবং গতি সমাজে স্ত্রী ও পুরুষের মধ্যে ভাগ হইয়া গিয়াছে। সমাজের সমস্ত আহরণ, উপার্জন, জ্ঞান ও শিক্ষা স্ত্রীলোকের মধ্যে গিয়া নিশ্চল স্থিতি লাভ করিতেছে। এইজন্য তাহার এমন সহজ বুদ্ধি, সহজ শোভা, অশিক্ষিতপটুতা। মনুষ্যসমাজে স্ত্রীলোক বহুকালের রচিত; এইজন্য তাহার সংস্কারগুলি এমন দৃঢ় ও পুরাতন, তাহার সকল কর্তব্য এমন চিরাভ্যস্ত সহজসাধ্যের মতো হইয়া চলিতেছে। পুরুষ উপস্থিত আবশ্যিকের সন্ধানে সময়শ্রোতে অনুক্ষণ পরিবর্তিত হইয়া চলিতেছে, কিন্তু সেই সমুদয় চঞ্চল প্রাচীন পরিবর্তনের ইতিহাস স্ত্রীলোকের মধ্যে স্তরে স্তরে নিত্য ভাবে সঞ্চিত হইতেছে।

পুরুষ আংশিক, বিচ্ছিন্ন, সামঞ্জস্যবিহীন। আর স্ত্রীলোক এমন একটি সংগীত যাহা সমে আসিয়া সুন্দর সুগোল ভাবে সম্পূর্ণ হইতেছে; তাহাতে উত্তরোত্তর যতই পদ সংযোগ ও নব নব তান যোজন্য করো-না কেন, সেই সমষ্টি আসিয়া সমস্তটিকে একটি সুগোল সম্পূর্ণ গণ্ডি দিয়া ঘিরিয়া লয়। মাঝখানে একটি স্থির কেন্দ্র অবলম্বন করিয়া আবর্ত আপনার পরিধিবিস্তার করে, সেইজন্য হাতের কাছে যাহা আছে তাহা সে এমন সুনিপুণ সুন্দর-ভাবে টানিয়া আপনার করিয়া লইতে পারে।

এই-যে কেন্দ্রটি ইহা বুদ্ধি নহে, ইহা একটি সহজ আকর্ষণশক্তি। ইহা একটি ঐক্যবিন্দু। মনঃপদার্থটি যেখানে আসিয়া উকি মারেন সেখানে এই সুন্দর ঐক্য শতধা বিক্ষিপ্ত হইয়া যায়।

ব্যোম অধীরের মতো হইয়া হঠাৎ আরম্ভ করিয়া দিল— তুমি যাহাকে ঐক্য বলিতেছ আমি তাহাকে আত্মা বলি; তাহার ধর্মই এই, সে পাঁচটা বস্তুকে আপনার চারি দিকে টানিয়া আনিয়া একটা গঠন দিয়া গড়িয়া তোলে; আর যাহাকে মন বলিতেছ সে পাঁচটা বস্তুর প্রতি আকৃষ্ট হইয়া আপনাকে এবং তাহাদিগকে ভাঙিয়া ভাঙিয়া ফেলে। সেইজন্য আত্মযোগের প্রধান সোপান হইতেছে মনটাকে অবরুদ্ধ করা।

ইংরাজের সহিত সমীর মনের যে তুলনা করিয়াছেন এখানেও তাহা খাটে। ইংরাজ সকল জিনিসকেই অগ্রসর হইয়া, তাড়াইয়া, খেদাইয়া ধরে। তাহার 'আশাবধিং কো গতঃ', শুনিয়াছি সূর্যদেবও নহেন— তিনি তাহার রাজ্যে উদয় হইয়া এ পর্যন্ত অস্ত হইতে পারিলেন না। আর আমরা আত্মার ন্যায় কেন্দ্রগত হইয়া আছি; কিছু হরণ করিতে চাহি না, চতুর্দিকে যাহা আছে তাহাকে ঘনিষ্ঠ ভাবে আকৃষ্ট করিয়া গঠন করিয়া তুলিতে চাই। এইজন্য আমাদের সমাজের মধ্যে, গৃহের মধ্যে, ব্যক্তিগত জীবনযাত্রার মধ্যে, এমন একটা রচনার নিবিড়তা দেখিতে পাওয়া যায়। আহরণ করে মন, আর সৃজন করে আত্মা।

যোগের সকল তথ্য জানি না, কিন্তু শোনা যায় যোগবলে যোগীরা সৃষ্টি করিতে পারিতেন। প্রতিভার সৃষ্টিও সেইরূপ। কবিরা সহজ ক্ষমতাবলে মনটাকে নিরস্ত করিয়া দিয়া অর্ধ-অচেতনভাবে যেন একটা আত্মার আকর্ষণে ভাব রস দৃশ্য বর্ণ ধ্বনি কেমন করিয়া সঞ্চিত করিয়া, পুঞ্জিত করিয়া,

জীবনে সুগঠনে মণ্ডিত করিয়া, খাড়া করিয়া তুলেন ।

বড়ো বড়ো লোকেরা যে বড়ো বড়ো কাজ করেন সেও এই ভাবে । যেখানকার যেটি সে যেন একটি দৈবশক্তিপ্রভাবে আকৃষ্ট হইয়া রেখায় রেখায় বর্ণে বর্ণে মিলিয়া যায়, একটি সুসম্পন্ন সুসম্পূর্ণ কার্যরূপে দাঁড়াইয়া যায় । প্রকৃতির সর্বকনিষ্ঠজাত মন-নামক দুরন্ত বালকটি যে একেবারে তিরস্কৃত বহিস্কৃত হয় তাহা নহে, কিন্তু সে তদপেক্ষা উচ্চতর মহত্তর প্রতিভার অমোঘমায়ামন্ত্রবলে মুঞ্চের মতো কাজ করিয়া যায় ; মনে হয় সমস্তই যেন জাদুতে হইতেছে ; যেন সমস্ত ঘটনা, যেন বাহ্য অবস্থাগুলিও, যোগবলে যথেষ্টমত যথাস্থানে বিন্যস্ত হইয়া যাইতেছে । গারিবাল্ডি এমনি করিয়া ভাঙাচোরা ইটালিকে নূতন করিয়া প্রতিষ্ঠা করেন, ওয়াশিংটন অরণ্যপর্বতবিক্ষিপ্ত আমেরিকাকে আপনার চারি দিকে টানিয়া আনিয়া একটি সাম্রাজ্যরূপে গড়িয়া দিয়া যান ।

এই-সমস্ত কার্য এক-একটি যোগসাধন ।

কবি যেমন কাব্য গঠন করেন, তানসেন যেমন তান লয় ছন্দে এক-একটি গান সৃষ্টি করিতেন, রমণী তেমনি আপনার জীবনটি রচনা করিয়া তোলে । তেমনি অচেতনভাবে, তেমনি মায়ামন্ত্রবলে । পিতাপুত্র ভ্রাতাভগ্নী অতিথিঅভ্যাগতকে সুন্দর বন্ধনে বাঁধিয়া সে আপনার চারি দিকে গঠিত সজ্জিত করিয়া তোলে ; বিচিত্র উপাদান লইয়া বড়ো সুনিপুণ হস্তে একখানি গৃহ নির্মাণ করে ; কেবল গৃহ কেন, রমণী যেখানে যায় আপনার চারি দিককে একটি সৌন্দর্যসংঘমে বাঁধিয়া আনে । নিজের চলাফেরা বেশভূষা কথাবার্তা আকার-ইঙ্গিতকে একটি অনির্বচনীয় গঠন দান করে । তাহাকে বলে শ্রী । ইহা তো বুদ্ধির কাজ নহে, অনির্দেশ্য প্রতিভার কাজ ; মনের শক্তি নহে, আত্মার অভ্রান্ত নিগূঢ় শক্তি । এই-যে ঠিক সুরটি ঠিক জায়গায় গিয়া লাগে, ঠিক কথাটি জায়গায় আসিয়া বসে, ঠিক কাজটি ঠিক সময়ে নিষ্পন্ন হয়— ইহা একটি মহারহস্যময় নিখিলজগৎকেন্দ্রভূমি হইতে স্বাভাবিক স্ফটিকধারার ন্যায় উচ্ছ্বসিত উৎস । সেই কেন্দ্রভূমিটিকে অচেতন না বলিয়া অতিচেতন নাম দেওয়া উচিত ।

প্রকৃতিতে যাহা সৌন্দর্য, মহৎ ও গুণী লোকে তাহাই প্রতিভা, এবং নারীতে তাহাই শ্রী, তাই নারীত্ব । ইহা কেবল পাত্রভেদে ভিন্ন বিকাশ ।

অতঃপর ব্যোম সমীরের মুখের দিকে চাহিয়া কহিল— তার পরে ? তোমার লেখাটা শেষ করিয়া ফেলো ।

সমীর কহিল— আর আবশ্যিক কী ? আমি যাহা আরম্ভ করিয়াছি তুমি তো তাহার একপ্রকার উপসংহার করিয়া দিয়াছ ।

ক্ষিতি কহিল— কবিরাজ মহাশয় শুরু করিয়াছিলেন, ডাক্তার মহাশয় সাদ্র করিয়া গেলেন, এখন আমরা হরি হরি বলিয়া বিদায় হই । মন কী, বুদ্ধি কী, আত্মা কী, সৌন্দর্য কী এবং প্রতিভাই বা কাহাকে বলে, এ-সকল তত্ত্ব কস্মিনকালে বুঝি নাই, কিন্তু বুঝিবার আশা ছিল, আজ সেটুকুও জলাঞ্জলি দিয়া গেলাম ।

পশমের গুটিতে জটা পাকাইয়া গেলে যেমন নতমুখে সতর্ক অঙ্গুলিতে ধীরে ধীরে খুলিতে হয়, স্রোতস্বিনী চূপ করিয়া বসিয়া যেন তেমনি ভাবে মনে মনে কথাগুলিকে বহুযত্নে ছাড়াইতে লাগিল ।

দীপ্তিও মৌনভাবে ছিল ; সমীর তাহাকে জিজ্ঞাসা করিল— কী ভাবিতেছ ?

দীপ্তি কহিল— বাঙালির মেয়েদের প্রতিভাবলে বাঙালির ছেলেদের মতো এমন অপরূপ সৃষ্টি কী করিয়া হইল তাই ভাবিতেছি ।

আমি কহিলাম— মাটির গুণে সকল সময়ে শিব গড়িতে কৃতকার্য হওয়া যায় না ।

গদ্য ও পদ্য

আমি বলিতেছিলাম— ঝাঁশির শব্দে পূর্ণিমার জ্যোৎস্নায়, কবির বালেন, হৃদয়ের মধ্যে স্মৃতি জাগিয়া উঠে । কিন্তু কিসের স্মৃতি তাহার কোনো ঠিকানা নাই । যাহার কোনো নির্দিষ্ট আকার নাই তাহাকে এত দেশ থাকিতে স্মৃতিই বা কেন বলিব, বিস্মৃতিই বা না বলিব কেন, তাহার কোনো কারণ পাওয়া যায় না । কিন্তু ‘বিস্মৃতি জাগিয়া ওঠে’ এমন একটা কথা ব্যবহার করিলে শুনিতে বড়ো অসংগত বোধ হয় । অথচ কথাটা নিতান্ত অমূলক নহে । অতীত জীবনের যে-সকল শত সহস্র স্মৃতি স্বাতন্ত্র্য পরিহার করিয়া একাকার হইয়াছে, যাহাদের প্রত্যেককে পৃথক করিয়া চিনিবার জো নাই, আমাদের হৃদয়ের চেতন মহাদেশের চতুর্দিক বেষ্টন করিয়া যাহারা বিস্মৃতিমহাসাগররূপে নিস্তব্ধ হইয়া শয়ান আছে, তাহারা কোনো কোনো সময়ে চন্দ্রোদয়ে অথবা দক্ষিণের বায়ুবেগে একসঙ্গে চঞ্চল ও তরঙ্গিত হইয়া উঠে, তখন আমাদের চেতন হৃদয় সেই বিস্মৃতিতরঙ্গের আঘাত-অভিঘাত অনুভব করিতে থাকে, তাহাদের রহস্যপূর্ণ অগাধ অস্তিত্ব উপলব্ধ হয়, সেই মহাবিস্মৃত অতিবিস্মৃত বিপুলতার একতান ক্রন্দনধ্বনি শুনিতে পাওয়া যায় ।

শ্রীযুক্ত ক্ষিতি আমার এই আকস্মিক ভাবোচ্ছ্বাসে হাস্যসংবরণ করিতে না পারিয়া কহিলেন— ভ্রাতঃ, করিতেছ কী ! এইবেলা সময় থাকিতে ক্ষান্ত হও । কবিতা ছন্দে শুনিতেই ভালো লাগে, তাহাও সকল সময়ে নহে । কিন্তু সরল গদ্যের মধ্যে যদি তোমরা পাঁচজনে পড়িয়া কবিতা মিশাইতে থাক, তবে তাহা প্রতিদিনের ব্যবহারের পক্ষে অযোগ্য হইয়া উঠে । বরং দুধে জল মিশাইলে চলে, কিন্তু জলে দুধ মিশাইলে তাহাতে প্রাত্যহিক স্নান-পান চলে না । কবিতার মধ্যে কিয়ৎপরিমাণে গদ্য মিশ্রিত করিলে আমাদের মতো গদ্যজীবী লোকের পরিপাকের পক্ষে সহজ হয়— কিন্তু গদ্যের মধ্যে কবিত্ব একেবারে অচল ।

বাস্ । মনের কথা আর নহে । আমার শরৎপ্রভাতের নবীন ভাবাঙ্কুরটি প্রিয়বন্ধু ক্ষিতি তাঁহার তীক্ষ্ণ নিড়ানির একটি খোঁচায় একেবারে সমূলে উৎপাটিত করিয়া দিলেন । একটা তর্কের কথায় সহসা বিরুদ্ধ মত শুনিলে মানুষ তেমন অসহায় হইয়া পড়ে না, কিন্তু ভাবের কথায় কেহ মাঝখানে ব্যাঘাত করিলে বড়োই দুর্বল হইয়া পড়িতে হয় । কারণ, ভাবের কথায় শ্রোতার সহানুভূতির প্রতিই একমাত্র নির্ভর । শ্রোতা যদি বলিয়া উঠে ‘কী পাগলামি করিতেছ’, তবে কোনো যুক্তিশাস্ত্রে তাহার কোনো উত্তর খুঁজিয়া পাওয়া যায় না ।

এইজন্য ভাবের কথা পাড়িতে হইলে প্রাচীন গুণীরা শ্রোতাদের হাতে-পায়ে ধরিয়া কাজ আরম্ভ করিতেন । বলিতেন, সুধীগণ মরালের মতো নীর পরিত্যাগ করিয়া ক্ষীর গ্রহণ করেন । নিজের অক্ষমতা স্বীকার করিয়া সভাস্থ লোকের গুণগ্রাহিতার প্রতি একান্ত নির্ভর প্রকাশ করিতেন । কখনো বা ভবভূতির ন্যায় সুমহৎ দণ্ডের দ্বারা আরম্ভ হইতেই সকলকে অভিভূত করিয়া রাখিবার চেষ্টা করিতেন । এবং এত করিয়াও ঘরে ফিরিয়া আপনাকে ধিক্কার দিয়া বলিতেন, যে দেশে কাচ এবং মানিকের এক দর, সে দেশকে নমস্কার । দেবতার কাছে প্রার্থনা করিতেন, ‘হে চতুর্মুখ, পাপের ফল আর যেমনই দাও সহ্য করিতে প্রস্তুত আছি, কিন্তু অরসিকের কাছে রসের কথা বলা এ কপালে লিখিয়ো না, লিখিয়ো না, লিখিয়ো না ।’ বাস্তবিক এমন শাস্তি আর নাই । জগতে অরসিক না থাকুক, এতবড়ো প্রার্থনা দেবতার কাছে করা যায় না, কারণ তাহা হইলে জগতের জনসংখ্যা অত্যন্ত হ্রাস হইয়া যায় । অরসিকের দ্বারাই পৃথিবীর অধিকাংশ কার্য সম্পন্ন হয়, তাঁহারা জনসমাজের পক্ষে অত্যন্ত প্রয়োজনীয় ; তাঁহারা না থাকিলে সভা বন্ধ, কমিটি অচল, সংবাদপত্র নীরব, সমালোচনার কোটা একেবারে শূন্য ; এজন্য তাঁহাদের প্রতি আমার যথেষ্ট সম্মান আছে । কিন্তু ঘানিয়ন্ত্রে সর্ষপ ফেলিলে অজস্রধারে তৈল বাহির হয় বলিয়া তাহার মধ্যে ফুল ফেলিয়া কেহ মধুর প্রত্যাশা করিতে পারে না— অতএব হে চতুর্মুখ, ঘানিকে চিরদিন সংসারে রক্ষা করিয়ো, কিন্তু তাহার মধ্যে ফুল ফেলিয়ো না এবং গুণীজনের হৃৎপিণ্ড নিক্ষেপ করিয়ো না ।

শ্রীমতী শ্রোতস্বিনীর কোমল হৃদয় সর্বদাই আর্তের পক্ষে । তিনি আমার দুরবস্থায় কিঞ্চিৎ কাতর হইয়া কহিলেন— কেন, গদ্যে পদ্যে এতই কি বিচ্ছেদ ?

আমি কহিলাম— পদ্য অন্তঃপুর, গদ্য বহির্ভবন । উভয়ের ভিন্ন স্থান নির্দিষ্ট আছে । অবলা বাহিরে বিচরণ করিলে তাহার বিপদ ঘটবেই এমন কোনো কথা নাই । কিন্তু যদি কোনো রূঢ়স্বভাব ব্যক্তি তাহাকে অপমান করে, তবে ক্রন্দন ছাড়া তাহার আর কোনো অস্ত্র নাই । এইজন্য অন্তঃপুর তাহার পক্ষে নিরাপদ দুর্গ । পদ্য কবিতার সেই অন্তঃপুর । ছন্দের প্রাচীরের মধ্যে সহসা কেহ তাহাকে আক্রমণ করে না । প্রত্যহের এবং প্রত্যেকের ভাষা হইতে স্বতন্ত্র করিয়া সে আপনার জন্য একটি দুর্গ অথচ সুন্দর সীমা রচনা করিয়া রাখিয়াছে । আমার হৃদয়ের ভাবটিকে যদি সেই সীমার মধ্যে প্রতিষ্ঠিত করিতে পারিতাম, তবে ক্ষিতি কেন, কোনো ক্ষিতিপতির সাধ্য ছিল না তাহাকে সহসা আসিয়া পরিহাস করিয়া যায় ।

ব্যোম গুড়গুড়ির নল মুখ হইতে নামাইয়া নিম্নলিখনে কহিলেন— আমি ঐক্যবাদী । একা গদ্যের দ্বারাই আমাদের সকল আবশ্যক সুসম্পন্ন হইতে পারিত, মাঝ হইতে পদ্য আসিয়া মানুষের মনোরাজ্যে একটা অনাবশ্যক বিচ্ছেদ আনয়ন করিয়াছে ; কবি-নামক একটা স্বতন্ত্র জাতির সৃষ্টি করিয়াছে । সম্প্রদায়-বিশেষের হস্তে যখন সাধারণের সম্পত্তি অর্পিত হয়, তখন তাহার স্বার্থ হয় যাহাতে সেটা অন্যের অনায়ত্ত্ব হইয়া উঠে । কবিরাও ভাবের চতুর্দিকে কঠিন বাধা নির্মাণ করিয়া কবিত্ব-নামক একটা কৃত্রিম পদার্থ গড়িয়া তুলিয়াছে । কৌশলবিমুক্ত জনসাধারণ বিস্ময় রাখিবার স্থান পায় না । এমনি তাহাদের অভ্যাস বিকৃত হইয়া গিয়াছে যে, ছন্দ মিল আসিয়া ক্রমাগত হাতুড়ি না পিটাইলে তাহাদের হৃদয়ের চেতন্য হয় না, স্বাভাবিক সরল ভাষা ত্যাগ করিয়া ভাবকে পাঁচরঙা ছদ্মবেশ ধারণ করিতে হয় । ভাবের পক্ষে এমন হীনতা আর-কিছুই হইতে পারে না । পদ্যটা নাকি আধুনিক সৃষ্টি, সেইজন্য সে হঠাৎ-নবাবের মতো সর্বদাই পেখম তুলিয়া নাচিয়া নাচিয়া বেড়ায়, আমি তাহাকে দু চক্ষে দেখিতে পারি না !

এই বলিয়া ব্যোম পুনর্বার গুড়গুড়ি মুখে দিয়া টানিতে লাগিলেন ।

শ্রীমতী দীপ্তি ব্যোমের প্রতি অবজ্ঞাকটাক্ষপাত করিয়া কহিলেন— বিজ্ঞানে প্রাকৃতিক নির্বাচন বলিয়া একটা তত্ত্ব বাহির হইয়াছে । সেই প্রাকৃতিক নির্বাচনের নিয়ম কেবল জন্তুদের মধ্যে নহে, মানুষের রচনার মধ্যেও খাটে । সেই প্রাকৃতিক নির্বাচনের প্রভাবেই ময়ূরীর কলাপের আবশ্যক হয় নাই, ময়ূরের পেখম ক্রমে প্রসারিত হইয়াছে । কবিতার পেখমও সেই প্রাকৃতিক নির্বাচনের ফল, কবিদিগের ষড়যন্ত্র নহে । অসভ্য হইতে সভ্য এমন কোন্ দেশ আছে যেখানে কবিত্ব স্বভাবতই ছন্দের মধ্যে বিকশিত হইয়া উঠে নাই ।

শ্রীযুক্ত সমীর এতক্ষণ মৃদুহাস্যমুখে চুপ করিয়া বসিয়া শুনিতেছিলেন । দীপ্তি যখন আমাদের আলোচনায় যোগ দিলেন, তখন তাঁহার মাথায় একটা ভাবের উদয় হইল । তিনি একটা সৃষ্টিছাড়া কথার অবতারণা করিলেন । তিনি বলিলেন— কৃত্রিমতাই মানুষের সর্বপ্রধান গৌরব । মানুষ ছাড়া আর-কাহারও কৃত্রিম হইবার অধিকার নাই । গাছকে আপনার পল্লব প্রস্তুত করিতে হয় না, আকাশকে আপনার নীলিমা নির্মাণ করিতে হয় না, ময়ূরের পুচ্ছ প্রকৃতি স্বহস্তে চিত্রিত করিয়া দেন । কেবল মানুষকেই বিধাতা আপনার সৃজনকার্যের অ্যাপ্রেন্টিস করিয়া দিয়াছেন, তাহার প্রতি ছোটোখাটো সৃষ্টির ভার দিয়াছেন । সেই কার্যে যে যত দক্ষতা দেখাইয়াছে সে তত আদর পাইয়াছে । পদ্য গদ্য অপেক্ষা অধিক কৃত্রিম বটে ; তাহাতে মানুষের সৃষ্টি বেশি আছে ; তাহাতে বেশি রঙ ফলাইতে হইয়াছে, বেশি যত্ন করিতে হইয়াছে । আমাদের মনের মধ্যে যে বিশ্বকর্মা আছেন, যিনি আমাদের অন্তরের নিভৃত সৃজনক্ষেত্র বসিয়া নানা গঠন নানা বিন্যাস নানা প্রয়াস নানা প্রকাশচেষ্টায় সর্বদা নিযুক্ত আছেন, পদ্যে তাঁহারই নিপুণ হস্তের কারুকার্য অধিক আছে । সেই তাঁহার প্রধান গৌরব । অকৃত্রিম ভাষা জলকল্লোলের, অকৃত্রিম ভাষা পল্লবমর্মরের, কিন্তু মন যেখানে আছে সেখানে বহুযত্নরচিত কৃত্রিম ভাষা ।

শ্রোতস্বিনী অবহিত ছাত্রীর মতো সমীরের সমস্ত কথা শুনিলেন। তাঁহার সুন্দর নম্র মুখের উপর একটা যেন নূতন আলোক আসিয়া পড়িল। অন্য দিন নিজের একটা মত বলিতে যেরূপ ইতস্তত করিতেন, আজ সেরূপ না করিয়া একেবারে আরম্ভ করিলেন— সমীরের কথায় আমার মনে একটা ভাবের উদয় হইয়াছে, আমি ঠিক পরিষ্কার করিয়া বলিতে পারিব কি না জানি না। সৃষ্টির যে অংশের সহিত আমাদের হৃদয়ের যোগ— অর্থাৎ, সৃষ্টির যে অংশ শুদ্ধমাত্র আমাদের মনে জ্ঞান সঞ্চারণ করে না, হৃদয়ে ভাব সঞ্চারণ করে— যেমন ফুলের সৌন্দর্য, পর্বতের মহত্ব— সেই অংশে কতই নৈপুণ্য খেলাইতে হইয়াছে, কতই রঙ ফলাইতে কত আয়োজন করিতে হইয়াছে! ফুলের প্রত্যেক পাপড়িটিকে কত যত্নে সুগোল সুডোল করিতে হইয়াছে, তাহাকে বৃন্তের উপর কেমন সুন্দর বক্ষিম ভঙ্গিতে দাঁড় করাইতে হইয়াছে, পর্বতের মাথায় চিরতুষারমুকুট পরাইয়া তাহাকে নীলাকাশের মধ্যে কেমন মহিমার সহিত আসীন করা হইয়াছে, পশ্চিমসমুদ্রতীরের সূর্যাস্তপটের উপর কত রঙের কত তুলি পড়িয়াছে। ভূতল হইতে নভস্তল পর্যন্ত কত সাজসজ্জা, কত রঙচঙ, কত ভাবভঙ্গি, তবে আমাদের এই ক্ষুদ্র মানুষের মন ভুলিয়াছে। ঈশ্বর তাঁহার রচনায় যেখানে প্রেম সৌন্দর্য মহত্ব প্রকাশ করিয়াছেন, সেখানে তাঁহাকেও গুণপনা করিতে হইয়াছে। সেখানে তাঁহাকেও ধ্বনি এবং ছন্দ, বর্ণ এবং গন্ধ বহুযত্নে বিন্যাস করিতে হইয়াছে। অরণ্যের মধ্যে যে ফুল ফুটাইয়াছেন তাহাতে কত পাপড়ির অনুপ্রাস ব্যবহার করিয়াছেন এবং আকাশপটে একটিমাত্র জ্যোতিঃপাত করিতে তাঁহাকে যে কেমন সুনির্দিষ্ট সুসংযত ছন্দ রচনা করিতে হইয়াছে বিজ্ঞান তাহার পদ ও অক্ষর গণনা করিতেছে। ভাব প্রকাশ করিতে মানুষকেও নানা নৈপুণ্য অবলম্বন করিতে হয়, শব্দের মধ্যে সংগীত আনিতে হয়, ছন্দ আনিতে হয়, সৌন্দর্য আনিতে হয়, তবে মনের কথা মনের মধ্যে গিয়া প্রবেশ করে। ইহাকে যদি কৃত্রিমতা বলে, তবে সমস্ত বিশ্বরচনা কৃত্রিম।

এই বলিয়া শ্রোতস্বিনী আমার মুখের দিকে চাহিয়া যেন সাহায্য প্রার্থনা করিল— তাহার চোখের ভাবটা এই, আমি কী কতকগুলো বকিয়া গেলাম তাহার ঠিক নাই, তুমি ঐটেকে আর-একটু পরিষ্কার করিয়া বলো-না। এমন সময় ব্যোম হঠাৎ বলিয়া উঠিল— সমস্ত বিশ্বরচনা যে কৃত্রিম এমন মতও আছে। শ্রোতস্বিনী যোঁটাকে ভাবের প্রকাশ বলিয়া বর্ণনা করিতেছেন, অর্থাৎ দৃশ্য শব্দ গন্ধ ইত্যাদি, সেটা যে মায়ামাত্র, অর্থাৎ আমাদের মনের কৃত্রিম রচনা এ কথা অপ্রমাণ করা বড়ো কঠিন।

ক্ষিত্তি মহা বিরক্ত হইয়া উঠিয়া কহিলেন— তোমরা সকলে মিলিয়া ধান ভানিতে শিবের গান তুলিয়াছ। কথাটা ছিল এই, ভাব প্রকাশের জন্য পদ্যের কোনো আবশ্যক আছে কি না। তোমরা তাহা হইতে একেবারে সমুদ্র পার হইয়া সৃষ্টিতত্ত্ব লয়তত্ত্ব মায়াবাদ প্রভৃতি চোরাবালির মধ্যে গিয়া উত্তীর্ণ হইয়াছ। আমার বিশ্বাস, ভাবপ্রকাশের জন্য ছন্দের সৃষ্টি হয় নাই। ছোটো ছেলেরা যেমন ছড়া ভালোবাসে তাহার ভাবমাধুর্যের জন্য নহে, কেবল তাহার ছন্দোবদ্ধ ধ্বনির জন্য, তেমনি অসভ্য অবস্থায় অর্থহীন কথার ঝংকারমাত্রই কানে ভালো লাগিত। এইজন্য অর্থহীন ছড়াই মানুষের সর্বপ্রথম কবিত্ব। মানুষের এবং জাতির বয়স ক্রমে যতই বাড়িতে থাকে, ততই ছন্দের সঙ্গে অর্থের সংযোগ না করিলে তাহার সম্পূর্ণ তৃপ্তি হয় না। কিন্তু বয়ঃপ্রাপ্ত হইলেও অনেক সময়ে মানুষের মধ্যে দুই-একটা গোপন ছায়াময় স্থানে বালক-অংশ থাকিয়া যায়; ধ্বনিপ্রিয়তা, ছন্দঃপ্রিয়তা সেই গুপ্ত বালকের স্বভাব। আমাদের বয়ঃপ্রাপ্ত অংশ অর্থ চাহে, ভাব চাহে; আমাদের অপরিণত অংশ ধ্বনি চাহে, ছন্দ চাহে।

দীপ্তি গ্রীবা বক্র করিয়া কহিলেন— ভাগ্যে আমাদের সমস্ত অংশ বয়ঃপ্রাপ্ত হইয়া উঠে না। মানুষের নাবালক-অংশটিকে আমি অন্তরের সহিত ধন্যবাদ দিই, তাহারই কল্যাণে জগতে যা কিছু মিষ্টত্ব আছে।

সমীর কহিলেন— যে ব্যক্তি একেবারে পুরোপুরি পাকিয়া গিয়াছে সেই জগতের জ্যাঠা ছেলে। কোনো রকমের খেলা, কোনো রকমের ছেলেমানুষি তাহার পছন্দসই নহে। আমাদের আধুনিক হিন্দুজাতটা পৃথিবীর মধ্যে সব চেয়ে জ্যাঠা জাত, অত্যন্ত বেশি মাত্রায় পাকামি করিয়া থাকে, অথচ

নানান বিষয়ে কাঁচা । জ্যাঠা ছেলের এবং জ্যাঠা জাতির উন্নতি হওয়া বড়ো দুঃখ ; কারণ, তাহার মনের মধ্যে নম্রতা নাই । আমার এ কথাটা প্রাইভেট । কোথাও যেন প্রকাশ না হয় । আজকাল লোকের মেজাজ ভালো নয় ।

আমি কহিলাম— যখন কলের জাঁতা চলাইয়া শহরের রাস্তা মেরামত হয়, তখন কাষ্ঠফলকে লেখা থাকে— কল চলিতেছে ! সাবধান ! আমি ক্ষিতিকে পূর্বে হইতে সাবধান করিয়া দিতেছি, আমি কল চলাইব । বাষ্পযানকে তিনি সর্বাপেক্ষা ভয় করেন, কিন্তু সেই কল্পনাবাষ্প-যোগে গতিবিধিই আমার সহজসাধ্য বোধ হয় । গদ্যপদ্যের প্রসঙ্গে আমি আর-একবার শিবের গান গাহিব । ইচ্ছা হয় শোনো ।

গতির মধ্যে খুব একটা পরিমাণ-করা নিয়ম আছে । পেডুলম নিয়মিত তালে দুলিয়া থাকে । চলিবার সময় মানুষের পা মাত্রা রক্ষা করিয়া উঠে পড়ে এবং সেইসঙ্গে তাহার সমস্ত অঙ্গপ্রত্যঙ্গ সমান তাল ফেলিয়া গতির সামঞ্জস্য বিধান করিতে থাকে । সমুদ্রতরঙ্গের মধ্যে একটা প্রকাণ্ড লয় আছে । এবং পৃথিবী এক মহাছন্দে সূর্যকে প্রদক্ষিণ করে—

ব্যোমচন্দ্র অকস্মাৎ আমাকে কথার মাঝখানে থামাইয়া বলিতে আরম্ভ করিলেন— স্থিতিই যথার্থ স্বাধীন, সে আপনার অটল গাভীর্যে বিরাজ করে, কিন্তু গতিকে প্রতিপদে আপনাকে নিয়মে বাঁধিয়া চলিতে হয় । অথচ সাধারণের মধ্যে একটা ভ্রান্ত সংস্কার আছে যে, গতিই স্বাধীনতার যথার্থ স্বরূপ এবং স্থিতিই বন্ধন । তাহার কারণ, ইচ্ছাই মনের একমাত্র গতি এবং ইচ্ছা-অনুসারে চলাকেই মূঢ় লোকে স্বাধীনতা বলে । কিন্তু আমাদের পণ্ডিতেরা জানিতেন, ইচ্ছাই আমাদের সকল গতির কারণ, সকল বন্ধনের মূল ; এইজন্য মুক্তি অর্থাৎ চরম স্থিতি লাভ করিতে হইলে ঐ ইচ্ছাটাকে গোড়া ঘেঁষিয়া কাটিয়া ফেলিতে তাঁহারা বিধান দেন, দেহমনের সর্বপ্রকার গতিরোধ করাই যোগসাধন ।

সমীর ব্যোমের পৃষ্ঠে হাত দিয়া সহাস্যে কহিলেন— একটা মানুষ যখন একটা প্রসঙ্গ উত্থাপন করিয়াছে, তখন মাঝখানে তাহার গতিরোধ করার নাম গোলযোগ-সাধন ।

আমি কহিলাম— বৈজ্ঞানিক ক্ষিতির নিকট অবিদিত নাই যে, গতির সহিত গতির, এক কম্পনের সহিত অন্য কম্পনের ভারি একটা কুটুস্থিতা আছে । সা সুরের তার বাজিয়া উঠিলে মা সুরের তার কাঁপিয়া উঠে । আলোকতরঙ্গ, উত্তাপতরঙ্গ, ধ্বনিতরঙ্গ, স্নায়ুতরঙ্গ প্রভৃতি সকলপ্রকার তরঙ্গের মধ্যে এইরূপ একটা আত্মীয়তার বন্ধন আছে । আমাদের চেতনাও একটা তরঙ্গিত কম্পিত অবস্থা । এইজন্য বিশ্বসংসারের বিচিত্র কম্পনের সহিত তাহার যোগ আছে । ধ্বনি আসিয়া তাহার স্নায়ুদোলায় দোল দিয়া যায়, আলোকরশ্মি আসিয়া তাহার স্নায়ুতন্ত্রীতে অলৌকিক অঙ্গুলি আঘাত করে । তাহার চিরকম্পিত স্নায়ুজাল তাহাকে জগতের সমুদয় স্পন্দনের ছন্দে নানাসূত্রে বাঁধিয়া জাগ্রত করিয়া রাখিয়াছে ।

হৃদয়ের বৃত্তি, ইংরাজিতে যাহাকে ইমোশন বলে, তাহা আমাদের হৃদয়ের আবেগ, অর্থাৎ গতি ; তাহার সহিতও অন্যান্য বিশ্বকম্পনের একটা মহা ঐক্য আছে । আলোকের সহিত, বর্ণের সহিত, ধ্বনির সহিত তাহার একটা স্পন্দনের যোগ, একটা সুরের মিল আছে ।

এইজন্য সংগীত এমন অব্যবহিতভাবে আমাদের হৃদয়কে স্পর্শ করিতে পারে, উভয়ের মধ্যে মিলন হইতে অধিক বিলম্ব হয় না । ঝড়ে এবং সমুদ্রে যেমন মাতামাতি হয়, গানে এবং প্রাণে তেমনি একটি নিবিড় সংঘর্ষ হইতে থাকে ।

কারণ, সংগীত আপনার কম্পন সঞ্চারণ করিয়া আমাদের সমস্ত অন্তরকে চঞ্চল করিয়া তোলে । একটা অনির্দেশ্য আবেগে আমাদের প্রাণকে পূর্ণ করিয়া দেয় । মন উদাস হইয়া যায় । অনেক কবি এই অপরূপ ভাবে অনন্তের জন্য আকাঙ্ক্ষা বলিয়া নাম দিয়া থাকেন । আমিও কখনো কখনো এমনতরো ভাব অনুভব করিয়াছি এবং এমনতরো ভাষাও প্রয়োগ করিয়া থাকিব । কেবল সংগীত কেন, সঙ্ঘাতিকাশের সূর্যাস্তচ্ছটাও কতবার আমার অন্তরের মধ্যে অনন্ত বিশ্বজগতের হৃৎস্পন্দন সঞ্চারণ করিয়া দিয়াছে ; যে-একটি অনির্বচনীয় বৃহৎ সংগীত ধ্বনিত করিয়াছে তাহার সহিত আমার প্রতিদিনের সুখদুঃখের কোনো যোগ নাই, তাহা বিশ্বেশ্বরের মন্দির প্রদক্ষিণ করিতে করিতে নিখিল

চরাচরের সামগান । কেবল সংগীত এবং সূর্যাস্ত কেন, যখন কোনো প্রেম আমাদের সমস্ত অস্তিত্বকে বিচলিত করিয়া তোলে, তখন তাহাও আমাদের সংসারের ক্ষুদ্র বন্ধন হইতে বিচ্ছিন্ন করিয়া অনন্তের সহিত যুক্ত করিয়া দেয় । তাহা একটা বৃহৎ উপাসনার আকার ধারণ করে, দেশকালের শিলামুখ বিদীর্ণ করিয়া উৎসের মতো অনন্তের দিকে উৎসারিত হইতে থাকে ।

এইরূপে প্রবল স্পন্দনে আমাদের বিশ্বস্পন্দনের সহিত যুক্ত করিয়া দেয় । বৃহৎ সৈন্য যেমন পরস্পরের নিকট হইতে ভাবের উন্মত্ততা আকর্ষণ করিয়া লইয়া একপ্রাণ হইয়া উঠে, তেমনি বিশ্বের কম্পন সৌন্দর্যযোগে যখন আমাদের হৃদয়ের মধ্যে সঞ্চারিত হয় তখন আমরা সমস্ত জগতের সহিত এক তালে পা ফেলিতে থাকি, নিখিলের প্রত্যেক কম্পমান পরমাণুর সহিত এক দলে মিশিয়া অনিবার্য আবেগে অনন্তের দিকে ধাবিত হই ।

এই ভাবে কবিরা কত ভাষায় কত উপায়ে প্রকাশ করিতে চেষ্টা করিয়াছেন এবং কত লোকে তাহা কিছুই বুঝিতে পারে নাই, মনে করিয়াছে উহা কবিদের কাব্যকুয়াশা মাত্র ।

কারণ, ভাষার তো হৃদয়ের সহিত প্রত্যক্ষ যোগ নাই, তাহাকে মস্তিষ্ক ভেদ করিয়া অন্তরে প্রবেশ করিতে হয় । সে দূতমাত্র, হৃদয়ের খাস-মহলে তাহার অধিকার নাই, আম দরবারে আসিয়া সে আপনার বার্তা জানাইয়া যায় মাত্র । তাহাকে বুঝিতে অর্থ করিতে অনেকটা সময় যায় । কিন্তু সংগীত একেবারে এক ইঙ্গিতেই হৃদয়কে আলিঙ্গন করিয়া ধরে ।

এইজন্য কবিরা ভাষার সঙ্গে সঙ্গে একটা সংগীত নিযুক্ত করিয়া দেন । সে আপন মায়াস্পর্শে হৃদয়ের দ্বার মুক্ত করিয়া দেয় । ছন্দে এবং ধ্বনিতে যখন হৃদয় স্বতই বিচলিত হইয়া উঠে তখন ভাষার কার্য অনেক সহজ হইয়া আসে । দূরে যখন বাঁশি বাজিতেছে, পুষ্পকানন যখন চোখের সম্মুখে বিকশিত হইয়া উঠিয়াছে, তখন প্রেমের কথার অর্থ কত সহজে বোঝা যায় । সৌন্দর্য যেমন মুহূর্তের মধ্যে হৃদয়ের সহিত ভাবের পরিচয় সাধন করিতে পারে এমন আর কেহ নয় ।

সুর এবং তাল, ছন্দ এবং ধ্বনি, সংগীতের দুই অংশ । গ্রীকরা 'জ্যোতিষ্কমণ্ডলীর সংগীত' বলিয়া একটা কথা বলিয়া গিয়াছেন, শেক্সপিয়ারেও তাহার উল্লেখ আছে । তাহার কারণ পূর্বেই বলিয়াছি যে, একটা গতির সঙ্গে আর-একটা গতির বড়ো নিকট সম্বন্ধ । অনন্ত আকাশ জুড়িয়া চন্দ্রসূর্য গ্রহতারা তালে তালে নৃত্য করিয়া চলিয়াছে । তাহার বিশ্বব্যাপী মহাসংগীতটি যেন কানে শোনা যায় না, চোখে দেখা যায় । ছন্দ সংগীতের একটা রূপ । কবিতায় সেই ছন্দ এবং ধ্বনি দুই মিলিয়া ভাবকে কম্পাঙ্কিত এবং জীবন্ত করিয়া তোলে, বাহিরের ভাষাকেও হৃদয়ের ধন করিয়া দেয় । যদি কৃত্রিম কিছু হয় তো ভাষাই কৃত্রিম, সৌন্দর্য কৃত্রিম নহে । ভাষা মানুষের, সৌন্দর্য সমস্ত জগতের এবং জগতের সৃষ্টিকর্তার ।

শ্রীমতী শ্রোতস্বিনী আনন্দোজ্জ্বলমুখে কহিলেন— নাট্যাভিনয়ে আমাদের হৃদয় বিচলিত করিবার অনেকগুলি উপকরণ একত্রে বর্তমান থাকে । সংগীত, আলোক, দৃশ্যপট, সুন্দর সাজসজ্জা, সকলে মিলিয়া নানা দিক হইতে আমাদের চিত্তকে আঘাত করিয়া চঞ্চল করে ; তাহার মধ্যে একটা অবিশ্রাম ভাবশ্রোত নানা মূর্তি ধারণ করিয়া, নানা কার্যরূপে প্রবাহিত হইয়া চলে— আমাদের মনটা নাট্যপ্রবাহের মধ্যে একেবারে নিরুপায় হইয়া আত্মবিসর্জন করে এবং দ্রুতবেগে ভাসিয়া চলিয়া যায় । অভিনয়স্থলে দেখা যায়, ভিন্ন ভিন্ন আর্টের মধ্যে কতটা সহযোগিতা আছে, সেখানে সংগীত সাহিত্য চিত্রবিদ্যা এবং নাট্যকলা এক উদ্দেশ্য-সাধনের জন্য সম্মিলিত হয়, বোধ হয় এমন আর কোথাও দেখা যায় না ।

কাব্যের তাৎপর্য

শ্রোতস্বিনী আমাকে কহিলেন— কচদেবযানীসংবাদ সম্বন্ধে তুমি যে কবিতা লিখিয়াছ তাহা তোমার মুখে শুনিতে ইচ্ছা করি।

শুনিয়া আমি মনে মনে কিঞ্চিৎ গর্ব অনুভব করিলাম, কিন্তু দর্পহারী মধুসূদন তখন সজাগ ছিলেন, তাই দীপ্তি অধীর হইয়া বলিয়া উঠিলেন— তুমি রাগ করিয়ো না, সে কবিতাটার কোনো তাৎপর্য কিংবা উদ্দেশ্য আমি তো কিছুই বুঝিতে পারিলাম না। ও লেখাটা ভালো হয় নাই।

আমি চুপ করিয়া রহিলাম ; মনে মনে কহিলাম, আর-একটু দিনের সহিত মত প্রকাশ করিলে সংসারের বিশেষ ক্ষতি অথবা সত্যের বিশেষ অপলাপ হইত না, কারণ, লেখার শেষ থাকাও যেমন আশ্চর্য নহে তেমনি পাঠকের কাব্যবোধশক্তির খর্বতাও নিতান্তই অসম্ভব বলিতে পারি না। মুখে বলিলাম— যদিও নিজের রচনা সম্বন্ধে লেখকের মনে অনেক সময়ে অসান্দ্বন্ধ মত থাকে, তথাপি তাহা যে ভ্রান্ত হইতে পারে ইতিহাসে এমন অনেক প্রমাণ আছে ; অপর পক্ষে সমালোচক-সম্প্রদায়ও যে সম্পূর্ণ অভ্রান্ত নহে ইতিহাসে সে প্রমাণেরও কিছুমাত্র অসম্ভাব নাই। অতএব কেবল এইটুকু নিঃসংশয়ে বলা যাইতে পারে যে, আমার এ লেখা ঠিক তোমার মনের মতো হয় নাই ; সে নিশ্চয় আমার দুর্ভাগ্য, হয়তো তোমার দুর্ভাগ্যও হইতে পারে।

দীপ্তি গম্ভীরমুখে অত্যন্ত সংক্ষেপে কহিলেন— তা হইবে। বলিয়া একখানা বই টানিয়া লইয়া পড়িতে লাগিলেন।

ইহার পরে শ্রোতস্বিনী আমায় সেই কবিতা পড়িবার জন্য আর দ্বিতীয়বার অনুরোধ করিলেন না।

ব্যোম জানালার বাহিরের দিকে দৃষ্টিক্ষেপ করিয়া যেন সুদূর আকাশতলবর্তী কোনো-এক কাল্পনিক পুরুষকে সম্বোধন করিয়া কহিল— যদি তাৎপর্যের কথা বলো, তোমার এবারকার কবিতার আমি একটা তাৎপর্য গ্রহণ করিয়াছি।

ক্ষিতি কহিল— আগে বিষয়টা কী বলো দেখি। কবিতাটা পড়া হয় নাই সে কথাটা কবিবরের ভয়ে এতক্ষণ গোপন করিয়াছিলাম, এখন ফাঁস করিতে হইল।

ব্যোম কহিল— শুক্রাচার্যের নিকট হইতে সঞ্জীবনী বিদ্যা শিখিবার নিমিত্ত বৃহস্পতির পুত্র কচকে দেবতারা দৈত্যগুরুর আশ্রমে প্রেরণ করেন। সেখানে কচ সহস্রবর্ষ নৃত্যগীতবাদ্য-দ্বারা শুক্রতনয়া দেবযানীর মনোরঞ্জন করিয়া সঞ্জীবনী বিদ্যা লাভ করিলেন। অবশেষে যখন বিদায়ের সময় উপস্থিত হইল তখন দেবযানী তাহাকে প্রেম জানাইয়া আশ্রম ত্যাগ করিয়া যাইতে নিষেধ করিলেন। দেবযানীর প্রতি অন্তরের আসক্তি-সত্ত্বেও কচ নিষেধ না মানিয়া দেবলোকে গমন করিলেন। গল্পটুকু এই। মহাভারতের সহিত একটুখানি অনৈক্য আছে, কিন্তু সে সামান্য।

ক্ষিতি কিঞ্চিৎ কাতরমুখে কহিল— গল্পটি বারো হাত কাঁকুড়ের অপেক্ষা বড়ো হইবে না, কিন্তু আশঙ্কা করিতেছি ইহা হইতে তেরো হাত পরিমাণের তাৎপর্য বাহির হইয়া পড়িবে।

ব্যোম ক্ষিতির কথায় কর্ণপাত না করিয়া বলিয়া গেল— কথাটা দেহ এবং আত্মা লইয়া। শুনিয়া সকলেই সশঙ্কিত হইয়া উঠিল।

ক্ষিতি কহিল— আমি এইবেলা আমার দেহ এবং আত্মা লইয়া মানে মানে বিদায় হইলাম।

সমীর দুই হাতে তাহার জামা ধরিয়া টানিয়া বসাইয়া কহিল— সংকটের সময় আমাদিগকে একলা ফেলিয়া যাও কোথায় ?

ব্যোম কহিল— জীব স্বর্গ হইতে এই সংসারশ্রমে আসিয়াছে। সে এখানকার সুখদুঃখ বিপদ-সম্পদ হইতে শিক্ষা লাভ করে। যতদিন ছাত্র-অবস্থায় থাকে ততদিন তাহাকে এই আশ্রমকন্যা দেহটার মন জোগাইয়া চলিতে হয়। মন জোগাইবার অপূর্ব বিদ্যা সে জানে। দেহের ইন্দ্রিয়বীণায় সে এমন স্বর্গীয় সংগীত বাজাইতে থাকে যে, ধরাতলে সৌন্দর্যের নন্দনমরীচিকা বিস্তারিত হইয়া যায় এবং সমুদয় শব্দ-গন্ধ-স্পর্শ আপন জড়শক্তির যন্ত্রনিয়ম পরিহারপূর্বক অপরূপ স্বর্গীয় নৃত্যে স্পন্দিত হইতে থাকে।

বলিতে বলিতে স্বপ্নাবিষ্ট শূন্যদৃষ্টি ব্যোম উৎফুল্ল হইয়া উঠিল, চৌকিতে সরল হইয়া উঠিয়া বসিয়া কহিল— যদি এমনভাবে দেখো, তবে প্রত্যেক মানুষের মধ্যে একটা অনন্তকালীন প্রেমাভিনয় দেখিতে পাইবে । জীব তাহার মূঢ় অবোধ নির্ভরপরায়ণা সঙ্গিনীটিকে কেমন করিয়া পাগল করিতেছে দেখো । দেহের প্রত্যেক পরমাণুর মধ্যে এমন একটি আকাঙ্ক্ষার সঞ্চারণ করিয়া দিতেছে, দেহধর্মের দ্বারা যে আকাঙ্ক্ষার পরিতৃপ্তি নাই । তাহার চক্ষে যে সৌন্দর্য আনিয়া দিতেছে, দৃষ্টিশক্তির দ্বারা তাহার সীমা পাওয়া যায় না, তাই সে বলিতেছে ‘জনম অবধি হম রূপ নেহারনু নয়ন না তিরপিত ভেল’ ; তাহার কর্ণে যে সংগীত আনিয়া দিতেছে শ্রবণশক্তির দ্বারা তাহার আয়ত্ত হইতে পারে না, তাই সে ব্যাকুল হইয়া বলিতেছে ‘সেই মধুর বোল শ্রবণহি শুনলু শ্রুতিপথে পরশ না গেল’ । আবার এই প্রাণপ্রদীপ্ত মূঢ় সঙ্গিনীটিও লতার ন্যায় সহস্র শাখাপ্রশাখা বিস্তার করিয়া প্রেমপ্রতাপ সুকোমল আলিঙ্গনপাশে জীবকে আচ্ছন্ন প্রচ্ছন্ন করিয়া ধরে ; অল্পে অল্পে তাহাকে মুগ্ধ করিয়া আনে ; অশ্রান্ত যত্নে ছায়ার মতো সঙ্গে থাকিয়া বিবিধ উপচারে তাহার সেবা করে ; প্রবাসকে যাহাতে প্রবাস জ্ঞান না হয়, যাহাতে আতিথ্যের ক্রটি না হইতে পারে, সেজন্য সর্বদাই সে তাহার চক্ষুকর্ণহস্তপদকে সতর্ক করিয়া রাখে । এত ভালোবাসার পরে তবু একদিন জীব এই চিরানুগতা অনন্যাসক্তা দেহলতাকে ধূলিশায়িনী করিয়া দিয়া চলিয়া যায় । বলে, প্রিয়ে, তোমাকে আমি আত্মনির্বিশেষে ভালোবাসি, তবু আমি কেবল একটি দীর্ঘনিশ্বাসমাত্র ফেলিয়া তোমাকে ত্যাগ করিয়া যাইব । কায়া তখন তাহার চরণ জড়াইয়া বলে, বন্ধু, অবশেষে আজ যদি আমাকে ধূলিতলে ধূলিমুষ্টির মতো ফেলিয়া দিয়া চলিয়া যাইবে, তবে এতদিন তোমার প্রেমে কেন আমাকে এমন মহিমাশালিনী করিয়া তুলিয়াছিলে ? হায়, আমি তোমার যোগ্য নই, কিন্তু তুমি কেন আমার এই প্রাণপ্রদীপ্ত নিভৃত সোনার মন্দিরে একদা রহস্যাকার নিশীথে অনন্ত সমুদ্র পার হইয়া অভিসারে আসিয়াছিলে ? আমার কোন্ গুণে তোমাকে মুগ্ধ করিয়াছিলাম ? এই করুণ প্রশ্নের কোনো উত্তর না দিয়া এই বিদেশী কোথায় চলিয়া যায় তাহা কেহ জানে না । সেই আজন্মমিলনবন্ধনের অবসান, সেই মাথুরযাত্রার বিদায়ের দিন, সেই কায়ার সহিত কায়াধিরাজের শেষ সম্ভাষণ, তাহার মতো এমন শোচনীয় বিরহদৃশ্য কোন্ প্রেমকাব্যে বর্ণিত আছে !

ক্ষিতির মুখভাব হইতে একটা আসন্ন পরিহাসের আশঙ্কা করিয়া ব্যোম কহিল— তোমরা ইহাকে প্রেম বলিয়া মনে কর না ; মনে করিতেছ আমি কেবল রূপক-অবলম্বনে কথা কহিতেছি । তাহা নহে । জগতে ইহাই সর্বপ্রথম প্রেম এবং জীবনের সর্বপ্রথম প্রেম সর্বাপেক্ষা যেমন প্রবল হইয়া থাকে জগতের সর্বপ্রথম প্রেমও সেইরূপ সরল অথচ সেইরূপ প্রবল । এই আদিপ্রেম, এই দেহের ভালোবাসা, যখন সংসারে দেখা দিয়াছিল তখনো পৃথিবীতে জলে স্থলে বিভাগ হয় নাই । সেদিন কোনো কবি উপস্থিত ছিল না, কোনো ঐতিহাসিক জন্মগ্রহণ করে নাই, কিন্তু সেইদিন এই জলময় পঙ্কময় অপরিণত ধরাতলে প্রথম ঘোষিত হইল যে, এ জগৎ যন্ত্রজগৎমাত্র নহে ; প্রেম-নামক এক অনির্বচনীয় আনন্দময় বেদনাময় ইচ্ছাশক্তি পঙ্কের মধ্য হইতে পঙ্কজবন জাগ্রত করিয়া তুলিতেছেন, এবং সেই পঙ্কজবনের উপরে আজ ভক্তের চক্ষে সৌন্দর্যরূপা লক্ষ্মী এবং ভাবরূপা সরস্বতীর অধিষ্ঠান হইয়াছে ।

ক্ষিতি কহিল— আমাদের প্রত্যেকের ভিতরে যে এমন একটা বৃহৎ কাব্যকাণ্ড চলিতেছে শুনিয়া পুলকিত হইলাম, কিন্তু সরলা কায়াটির প্রতি চঞ্চলস্বভাব আত্মটার ব্যবহার সম্ভোষজনক নহে ইহা স্বীকার করিতেই হইবে । আমি একান্তমনে আশা করি যেন আমার জীবাত্মা এরূপ চপলতা প্রকাশ না করিয়া অন্তত কিছু দীর্ঘকাল দেহ-দেবযানীর আশ্রমে স্থায়ীভাবে বাস করে । তোমরাও সেই আশীর্বাদ করো ।

সমীর কহিল— ভ্রাতঃ ব্যোম, তোমার মুখে তো কখনো শাস্ত্রবিরুদ্ধ কথা শুনি নাই । তুমি কেন আজ এমন খৃস্টানের মতো কথা কহিলে ? জীবাত্মা স্বর্গ হইতে সংসারাত্মমে প্রেরিত হইয়া দেহের সঙ্গলাভ করিয়া সুখদুঃখের মধ্য দিয়া পরিণতি প্রাপ্ত হইতেছে, এ-সকল মত তো তোমার পূর্বমতের সহিত মিলিতেছে না ।

ব্যোম কহিল— এ-সকল কথায় মতের মিল করিবার চেষ্টা করিয়ো না । এ-সকল গোড়াকার কথা লইয়া আমি কোনো মতের সহিতই বিবাদ করি না । জীবনযাত্রার ব্যবসায় প্রত্যেক জাতিই নিজরাজ্য-প্রচলিত মুদ্রা লইয়া মূলধন সংগ্রহ করে— কথাটা এই, দেখিতে হইবে ব্যাবসা চলে কি না । জীব সুখদুঃখ বিপদ-সম্পদের মধ্যে শিক্ষালাভ করিবার জন্য সংসারশিক্ষাশালায় প্রেরিত হইয়াছে এই মতটিকে মূলধন করিয়া লইয়া জীবনযাত্রা সুচারুরূপে চলে, অতএব আমার মতে এ মুদ্রাটি মেকি নহে । আবার যখন প্রসঙ্গক্রমে অবসর উপস্থিত হইবে তখন দেখাইয়া দিব যে, আমি যে ব্যাঙ্ক-নোটটি লইয়া জীবনবাণিজ্যে প্রবৃত্ত হইয়াছি বিশ্ববিধাতার ব্যাঙ্কে সে নোটও গ্রাহ্য হইয়া থাকে ।

ক্ষিতি করুণস্বরে কহিল— দোহাই ভাই, তোমার মুখে প্রেমের কথাই যথেষ্ট কঠিন বোধ হয়, অতঃপর বাণিজ্যের কথা যদি অবতারণ কর তবে আমাকেও এখান হইতে অবতারণ করিতে হইবে ; আমি অত্যন্ত দুর্বল বোধ করিতেছি । যদি অবসর পাই তবে আমিও একটা তাৎপর্য শুনাইতে পারি ।

ব্যোম চৌকিতে ঠেসান দিয়া বসিয়া জানলার উপর দুই পা তুলিয়া দিল । ক্ষিতি কহিল— আমি দেখিতেছি এভোল্যুশন থিয়োরি অর্থাৎ অভিব্যক্তিবাদের মোট কথাটা এই কবিতার মধ্যে রহিয়া গিয়াছে । সঞ্জীবনী বিদ্যাটার অর্থ, বাঁচিয়া থাকিবার বিদ্যা । সংসারে স্পষ্টই দেখা যাইতেছে একটা লোক সেই বিদ্যাটা অহরহ অভ্যাস করিতেছে— সহস্র বৎসর কেন, লক্ষসহস্র বৎসর ধরিয়। কিন্তু যাহাকে অবলম্বন করিয়া সে সেই বিদ্যা অভ্যাস করিতেছে সেই প্রাণীবংশের প্রতি তাহার কেবল ক্ষণিক প্রেম দেখা যায় । যেই একটা পরিচ্ছেদ সমাপ্ত হইয়া যায় অমনি নিষ্ঠুর প্রেমিক চঞ্চল অতিথি তাহাকে অকাতরে ধ্বংসের মুখে ফেলিয়া দিয়া চলিয়া যায় । পৃথিবীর স্তরে স্তরে এই নির্দয় বিদায়ের বিলাপগান প্রসুরপটে অঙ্কিত রহিয়াছে ।—

দীপ্তি ক্ষিতির কথা শেষ না হইতে হইতেই বিরক্ত হইয়া কহিল— তোমরা এমন করিয়া যদি তাৎপর্য বাহির করিতে থাক তাহা হইলে তাৎপর্যের সীমা থাকে না । কাষ্ঠকে দগ্ধ করিয়া দিয়া অগ্নির বিদায়গ্রহণ, গুটি কাটিয়া ফেলিয়া প্রজাপতির পলায়ন, ফুলকে বিশীর্ণ করিয়া ফলের বহিরাগমন, বীজকে বিদীর্ণ করিয়া অঙ্কুরের উদ্গম, এমন রাশি রাশি তাৎপর্য স্তূপাকার করা যাইতে পারে ।

ব্যোম গম্ভীরভাবে কহিতে লাগিল— ঠিক বটে । ওগুলো তাৎপর্য নহে, দৃষ্টান্ত মাত্র । উহাদের ভিতরকার আসল কথাটা এই, সংসারে আমরা অন্তত দুই পা ব্যবহার না করিয়া চলিতে পারি না । বাম পদ যখন পশ্চাতে আবদ্ধ থাকে দক্ষিণ পদ সম্মুখে অগ্রসর হইয়া যায়, আবার দক্ষিণ পদ সম্মুখে আবদ্ধ হইলে পর বাম পদ আপন বন্ধন ছেদন করিয়া অগ্রে ধাবিত হয় । আমরা একবার করিয়া আপনাকে বাঁধি, আবার পরক্ষণেই সেই বন্ধন ছেদন করি । আমরাইগকে ভালোবাসিতেও হইবে এবং সে ভালোবাসা কাটিতেও হইবে— সংসারের এই মহত্তম দুঃখ, এবং এই মহৎ দুঃখের মধ্য দিয়াই আমরাইগকে অগ্রসর হইতে হয় । সমাজ সম্বন্ধেও এ কথা খাটে । নূতন নিয়ম যখন কালক্রমে প্রাচীন প্রথারূপে আমরাইগকে একস্থানে আবদ্ধ করে তখন সমাজবিপ্লব আসিয়া তাহাকে উৎপাটন-পূর্বক আমরাইগকে মুক্তিদান করে । যে পা ফেলি সে পা পরক্ষণে তুলিয়া লইতে হয় নতুবা চলা হয় না, অতএব অগ্রসর হওয়ার মধ্যে পদে পদে বিচ্ছেদবেদনা, ইহা বিধাতার বিধান ।

সমীর কহিল— গল্পটার সর্বশেষে যে-একটি অভিশাপ আছে তোমরা কেহ সেটার উল্লেখ কর নাই । কচ যখন বিদ্যালাভ করিয়া দেবযানীর প্রেমবন্ধন বিচ্ছিন্ন করিয়া যাত্রা করেন তখন দেবযানী তাঁহাকে অভিশাপ দিলেন যে, তুমি যে বিদ্যা শিক্ষা করিলে সে বিদ্যা অন্যকে শিক্ষা দিতে পারিবে, কিন্তু নিজে ব্যবহার করিতে পারিবে না ; আমি সেই অভিশাপ-সমেত একটা তাৎপর্য বাহির করিয়াছি, যদি ধৈর্য থাকে তো বলি ।

ক্ষিতি কহিল— ধৈর্য থাকিবে কি না পূর্বে হইতে বলিতে পারি না । প্রতিজ্ঞা করিয়া বসিয়া শেষে প্রতিজ্ঞা রক্ষা না হইতেও পারে । তুমি তো আরম্ভ করিয়া দাও, শেষে যদি অবস্থা বুঝিয়া তোমার দয়ার সঞ্চারণ হয় থামিয়া গেলেই হইবে ।

সমীর কহিল— ভালো করিয়া জীবন ধারণ করিবার বিদ্যাকে সঞ্জীবনী বিদ্যা বলা যাক । মনে করা

যাক কোনো কবি সেই বিদ্যা নিজে শিখিয়া অন্যকে দান করিবার জন্য জগতে আসিয়াছে। সে তাহার সহজ স্বর্গীয় ক্ষমতায় সংসারকে বিমুক্ত করিয়া সংসারের কাছ হইতে সেই বিদ্যা উদ্ধার করিয়া লইল। সে যে সংসারকে ভালোবাসিল না তাহা নহে, কিন্তু সংসার যখন তাহাকে বলিল, তুমি আমার বন্ধনে ধরা দাও, সে কহিল, ধরা যদি দিই, তোমার আবর্তের মধ্যে যদি আকৃষ্ট হই, তাহা হইলে এ সঞ্জীবনী বিদ্যা আমি শিখাইতে পারিব না ; সংসারে সকলের মধ্যে থাকিয়াও আপনাকে বিচ্ছিন্ন রাখিতে হইবে। তখন সংসার তাহাকে অভিশাপ দিল, তুমি যে বিদ্যা আমার নিকট হইতে প্রাপ্ত হইয়াছ সে বিদ্যা অন্যকে দান করিতে পারিবে, কিন্তু নিজে ব্যবহার করিতে পারিবে না। সংসারের এই অভিশাপ থাকাতে প্রায়ই দেখিতে পাওয়া যায় যে, গুরুর শিক্ষা ছাত্রের কাজে লাগিতেছে, কিন্তু সংসারজ্ঞান নিজের জীবনে ব্যবহার করিতে তিনি বালকের ন্যায় অপটু। তাহার কারণ, নির্লিপ্তভাবে বাহির হইতে বিদ্যা শিখিলে বিদ্যাটা ভালো করিয়া পাওয়া যাইতে পারে, কিন্তু সর্বদা কাজের মধ্যে লিপ্ত হইয়া না থাকিলে তাহার প্রয়োগ-শিক্ষা হয় না। সেইজন্য পুরাকালে ব্রাহ্মণ ছিলেন মন্ত্রী, কিন্তু ক্ষত্রিয় রাজা তাঁহার মন্ত্রণা কাজে প্রয়োগ করিতেন। ব্রাহ্মণকে রাজাসনে বসাইয়া দিলে ব্রাহ্মণও অগাধ জলে পড়িত এবং রাজ্যকেও অকূল পাথারে ভাসাইয়া দিত।

তোমরা যে-সকল কথা তুলিয়াছিলে সেগুলো বড়ো বেশি সাধারণ কথা। মনে করো যদি বলা যায়, রামায়ণের তাৎপর্য এই যে রাজার গৃহে জন্মিয়া অনেকে দুঃখ ভোগ করিয়া থাকে, অথবা শকুন্তলার তাৎপর্য এই যে, উপযুক্ত অবসরে স্ত্রীপুরুষের চিত্তে পরস্পরের প্রতি প্রেমের সঞ্চারণ হওয়া অসম্ভব নহে, তবে সেটাকে একটা নূতন শিক্ষা বা বিশেষ বার্তা বলা যায় না।

শ্রোতস্বিনী কিঞ্চিৎ ইতস্তত করিয়া কহিল— আমার তো মনে হয় সেই-সকল সাধারণ কথাই কবিতার কথা। রাজগৃহে জন্মগ্রহণ করিয়াও, সর্বপ্রকার সুখের সম্ভাবনাসত্ত্বেও, আমৃত্যুকাল অসীম দুঃখ রাম সীতাকে সংকট হইতে সংকটান্তরে ব্যাধের ন্যায় অনুসরণ করিয়া ফিরিয়াছে ; সংসারের এই অত্যন্ত সম্ভবপর, মানবাদৃষ্টের এই অত্যন্ত পুরাতন দুঃখকাহিনীতেই পাঠকের চিত্ত আকৃষ্ট এবং আর্দ্র হইয়াছে। শকুন্তলার প্রেমদৃশ্যের মধ্যে বাস্তবিকই কোনো নূতন শিক্ষা বা বিশেষ বার্তা নাই, কেবল এই নিরতিশয় প্রাচীন এবং সাধারণ কথাটি আছে যে, শুভ অথবা অশুভ অবসরে প্রেম অলক্ষিতে অনিবার্য বেগে আসিয়া দৃঢ়বন্ধনে স্ত্রীপুরুষের হৃদয় এক করিয়া দেয় ; এই অত্যন্ত সাধারণ কথা থাকাতেই সর্বসাধারণে উহার রসভোগ করিয়া আসিতেছে। কেহ কেহ বলিতে পারেন, দ্রৌপদীর বস্ত্রহরণের বিশেষ অর্থ এই যে, মৃত্যু এই জীবজন্তু-তরুলতা-তৃণাচ্ছাদিত বসুমতীর বস্ত্র আকর্ষণ করিতেছে, কিন্তু বিধাতার আশীর্বাদে কোনোকালে তাহার বসনাঞ্চলের অন্ত হইতেছে না, চিরদিনই সে প্রাণময় সৌন্দর্যময় নববস্ত্রে ভূষিত থাকিতেছে। কিন্তু সভাপর্বে যেখানে আমাদের হৃৎপিণ্ডের রক্ত তরঙ্গিত হইয়া উঠিয়াছিল এবং অবশেষে সংকটাপন্ন ভক্তের প্রতি দেবতার কৃপায় দুই চক্ষু অশ্রুজলে প্লাবিত হইয়াছিল, সে কি এই নূতন এবং বিশেষ অর্থ গ্রহণ করিয়া ? না, অত্যাচারপীড়িত রমণীর লজ্জা ও সেই লজ্জা-নিবারণ-নামক অত্যন্ত সাধারণ স্বাভাবিক এবং পুরাতন কথায় ? কচ-দেবযানী-সংবাদেও মানবহৃদয়ের এক অতি চিরন্তন এবং সাধারণ বিষাদকাহিনী বিবৃত আছে, সেটাকে যাহারা অকিঞ্চিৎকর জ্ঞান করেন এবং বিশেষ তত্ত্বকেই প্রাধান্য দেন তাঁহারা কাব্যরসের অধিকারী নহেন।

সমীর হাসিয়া আমাকে সম্বোধন করিয়া কহিলেন— শ্রীমতী শ্রোতস্বিনী আমাদিগকে কাব্যরসের অধিকার-সীমা হইতে একেবারে নির্বাসিত করিয়া দিলেন, এক্ষণে স্বয়ং কবি কী বিচার করেন একবার শুনা যাক।

শ্রোতস্বিনী অত্যন্ত লজ্জিত ও অনুতপ্ত হইয়া বারংবার এই অপবাদের প্রতিবাদ করিলেন।

আমি কহিলাম— এই পর্যন্ত বলিতে পারি, যখন কবিতাটি লিখিতে বসিয়াছিলাম তখন কোনো অর্থই মাথায় ছিল না, তোমাদের কল্যাণে এখন দেখিতেছি লেখাটা বড়ো নিরর্থক হয় নাই— অর্থ অভিধানে কুলাইয়া উঠিতেছে না। কাব্যের একটা গুণ এই যে, কবির সৃজনশক্তি পাঠকের সৃজনশক্তি উদ্রেক করিয়া দেয় ; তখন স্ব স্ব প্রকৃতি-অনুসারে কেহ বা সৌন্দর্য, কেহ বা নীতি, কেহ বা তত্ত্ব সৃজন

করিতে থাকেন। এ যেন আতশবাজিতে আগুন ধরাইয়া দেওয়া— কাব্য সেই অগ্নিশিখা, পাঠকদের মন ভিন্ন ভিন্ন প্রকারের আতশবাজি। আগুন ধরিয়া মাত্র কেহ বা হাউইয়ের মতো একেবারে আকাশে উড়িয়া যায়, কেহ বা তুবড়ির মতো উচ্ছ্বসিত হইয়া উঠে, কেহ বা বোমার মতো আওয়াজ করিতে থাকে। তথাপি মোটের উপর শ্রীমতী শ্রোতস্বিনীর সহিত আমার মতবিরোধ দেখিতেছি না। অনেকে বলেন, আঁঠিই ফলের প্রধান অংশ, এবং বৈজ্ঞানিক যুক্তির দ্বারা তাহার প্রমাণ করাও যায়। কিন্তু তথাপি অনেক রসজ্ঞ ব্যক্তি ফলের শস্যটি খাইয়া তাহার আঁঠি ফেলিয়া দেন। তেমনি কোনো কাব্যের মধ্যে যদি বা কোনো বিশেষ শিক্ষা থাকে তথাপি কাব্যরসজ্ঞ ব্যক্তি তাহার রসপূর্ণ কাব্যংশটুকু লইয়া শিক্ষাংশটুকু ফেলিয়া দিলে কেহ তাঁহাকে দোষ দিতে পারে না। কিন্তু যাহারা আগ্রহসহকারে কেবল ঐ শিক্ষাংশটুকুই বাহির করিতে চাহেন আশীর্বাদ করি তাঁহারাও সফল হউন এবং সুখে থাকুন। আনন্দ কাহাকেও বলপূর্বক দেওয়া যায় না। কুসুমফুল হইতে কেহ বা তাহার রঙ বাহির করে, কেহ বা তৈলের জন্য তাহার বীজ বাহির করে, কেহ বা মুগ্ধনেত্রে তাহার শোভা দেখে। কাব্য হইতে কেহ বা ইতিহাস আকর্ষণ করেন, কেহ বা দর্শন উৎপাটন করেন, কেহ বা নীতি কেহ বা বিষয়জ্ঞান উদ্ঘাটন করিয়া থাকেন, আবার কেহ বা কাব্য হইতে কাব্য ছাড়া আর কিছুই বাহির করিতে পারেন না— যিনি যাহা পাইলেন তাহাই লইয়া সঙ্কটচিন্তে ঘরে ফিরিতে পারেন, কাহারও সহিত বিরোধের আবশ্যক দেখি না— বিরোধে ফলও নাই।

অগ্রতায়ণ ১৩০১

প্রাঞ্জলতা

শ্রোতস্বিনী কোনো-এক বিখ্যাত ইংরাজ কবির উল্লেখ করিয়া বলিলেন— কে জানে, তাঁহার রচনা আমার কাছে ভালো লাগে না।

দীপ্তি আরো প্রবলতরভাবে শ্রোতস্বিনীর মত সমর্থন করিলেন।

সমীর কখনো পারতপক্ষে মেয়েদের কোনো কথার স্পষ্ট প্রতিবাদ করে না। তাই সে একটু হাসিয়া ইতস্তত করিয়া কহিল— কিন্তু অনেক বড়ো বড়ো সমালোচক তাঁহাকে খুব উচ্চ আসন দিয়া থাকেন।

দীপ্তি কহিলেন— আগুন যে পোড়ায় তাহা ভালো করিয়া বৃষ্টির জন্য কোনো সমালোচকের সাহায্য আবশ্যক করে না, তাহা নিজের বাম হস্তের কড়ে আঙুলের ডগার দ্বারাও বোঝা যায়; ভালো কবিতার ভালোত্ব যদি তেমনি অবহেলে না বৃষ্টিতে পারি তবে আমি তাহার সমালোচনা পড়া আবশ্যক বোধ করি না।

আগুনের যে পোড়াইবার ক্ষমতা আছে সমীর তাহা জানিত, এইজন্য সে চুপ করিয়া রহিল; কিন্তু ব্যোম বেচারার সে-সকল বিষয়ে কোনোরূপ কাণ্ডজ্ঞান ছিল না, এইজন্য সে উচ্চস্বরে আপন স্বগত-উক্তি আরম্ভ করিয়া দিল।

সে বলিল— মানুষের মন মানুষকে ছাড়াইয়া চলে, অনেক সময় তাহাকে নাগাল পাওয়া যায় না—

ক্ষিতি তাহাকে বাধা দিয়া কহিল— ত্রেতাযুগে হনুমানের শতযোজন লাঙ্গুল শ্রীমান হনুমানজিউকে ছাড়াইয়া বহু দূরে গিয়া পৌঁছিত; লাঙ্গুলের ডগাটুকুতে যদি উকুন বসিত তবে তাহা চুলকাইয়া আসিবার জন্য ঘোড়ার ডাক বসাইতে হইত। মানুষের মন হনুমানের লাঙ্গুলের অপেক্ষাও সুদীর্ঘ, সেইজন্য এক-এক সময়ে মন যেখানে গিয়া পৌঁছায়, সমালোচকের ঘোড়ার ডাক ব্যতীত সেখানে হাত পৌঁছে না। লেজের সঙ্গে মনের প্রভেদ এই যে, মনটা আগে আগে চলে এবং লেজটা পশ্চাতে পড়িয়া থাকে। এইজন্যই জগতে লেজের এত লাঞ্ছনা এবং মনের এত মাহাত্ম্য।

ক্ষিতির কথা শেষ হইলে ব্যোম পুনশ্চ আরম্ভ করিল— বিজ্ঞানের উদ্দেশ্য জানা, এবং দর্শনের উদ্দেশ্য বোঝা, কিন্তু কাণ্ডটি এমনি হইয়া দাঁড়াইয়াছে যে, বিজ্ঞানটি জানা এবং দর্শনটি বোঝাই অন্য সকল জানা এবং অন্য সকল বোঝার অপেক্ষা শক্ত হইয়া উঠিয়াছে। ইহার জন্য কত ইস্কুল, কত কেতাব, কত আয়োজন আবশ্যক হইয়াছে। সাহিত্যের উদ্দেশ্য আনন্দ দান করা, কিন্তু সে আনন্দটি

গ্রহণ করাও নিতান্ত সহজ নহে ; তাহার জন্যও বিবিধ প্রকার শিক্ষা এবং সাহায্যের প্রয়োজন । সেইজন্যই বলিতেছিলাম, দেখিতে দেখিতে মন এতটা অগ্রসর হইয়া যায় যে, তাহার নাগাল পাইবার জন্য সিঁড়ি লাগাইতে হয় । যদি কেহ অভিমান করিয়া বলেন, যাহা বিনা শিক্ষায় না জানা যায় তাহা বিজ্ঞান নহে, যাহা বিনা চেষ্টায় না বোঝা যায় তাহা দর্শন নহে এবং যাহা বিনা সাধনায় আনন্দ দান না করে তাহা সাহিত্য নহে, তবে কেবল খনার বচন, প্রবাদবাক্য এবং পাঁচালি অবলম্বন করিয়া তাঁহাকে অনেক পশ্চাতে পড়িয়া থাকিতে হইবে ।

সমীর কহিল— মানুষের হাতে সব জিনিসই ক্রমশ কঠিন হইয়া উঠে । অসভ্যেরা যেমন-তেমন চীৎকার করিয়াই উত্তেজনা অনুভব করে, অথচ আমাদের এমনি গ্রহ যে বিশেষ অভ্যাসসাধ্য শিক্ষাসাধ্য সংগীত ব্যতীত আমাদের সুখ নাই, আরো গ্রহ এই যে ভালো গান করাও যেমন শিক্ষাসাধ্য, ভালো গান হইতে সুখ অনুভব করাও তেমনি শিক্ষাসাধ্য । তাহার ফল হয় এই যে, এক সময়ে যাহা সাধারণের ছিল, ক্রমেই তাহা সাধকের হইয়া আসে । চীৎকার সকলেই করিতে পারে এবং চীৎকার করিয়া অসভ্য সাধারণে সকলেই উত্তেজনাসুখ অনুভব করে, কিন্তু গান সকলে করিতে পারে না এবং গানে সকলে সুখও পায় না । কাজেই সমাজ যতই অগ্রসর হয় ততই অধিকারী এবং অনধিকারী, রসিক এবং অরসিক, এই দুই সম্প্রদায়ের সৃষ্টি হইতে থাকে ।

ক্ষিতি কহিল— মানুষ বেচারাকে এমনি করিয়া গড়া হইয়াছে যে, সে যতই সহজ উপায় অবলম্বন করিতে যায় ততই দুরূহতার মধ্যে জড়ীভূত হইয়া পড়ে । সে সহজে কাজ করিবার জন্য কল তৈরি করে, কিন্তু কল জিনিসটা নিজে এক বিষম দুরূহ ব্যাপার ; সে সহজে সমস্ত প্রাকৃত জ্ঞানকে বিধিবদ্ধ করিবার জন্য বিজ্ঞান সৃষ্টি করে, কিন্তু সেই বিজ্ঞানটাই আয়ত্ত করা কঠিন কাজ ; সুবিচার করিবার সহজ প্রণালী বাহির করিতে গিয়া আইন বাহির হইল, শেষকালে আইনটা ভালো করিয়া বুঝিতেই দীর্ঘজীবী লোকের বারো-আনা জীবন দান করা আবশ্যিক হইয়া পড়ে ; সহজে আদানপ্রদান চালাইবার জন্য টাকার সৃষ্টি হইল, শেষকালে টাকার সমস্যা এমনি একটা সমস্যা হইয়া উঠিয়াছে যে, মীমাংসা করে কাহার সাধ্য ! সমস্ত সহজ করিতে হইবে এই চেষ্টায় মানুষের জানাশোনা খাওয়াদাওয়া আমোদপ্রমোদ সমস্তই অসম্ভব শব্দ হইয়া উঠিয়াছে ।

স্রোতস্বিনী কহিলেন— সেই হিসাবে কবিতাও শব্দ হইয়া উঠিয়াছে । এখন মানুষ খুব স্পষ্টত দুই ভাগ হইয়া গিয়াছে— এখন অল্প লোকে ধনী এবং অনেকে নির্ধন, অল্প লোকে গুণী এবং অনেকে নিগুণ— এখন কবিতাও সর্বসাধারণের নহে, তাহা বিশেষ লোকের । সকলই বুঝিলাম । কিন্তু কথাটা এই যে, আমরা যে বিশেষ কবিতার প্রসঙ্গে এই কথাটা তুলিয়াছি সে কবিতাটা কোনো অংশেই শব্দ নহে, তাহার মধ্যে এমন কিছুই নাই যাহা আমাদের মতো লোকও বুঝিতে না পারে, তাহা নিতান্তই সরল— অতএব তাহা যদি ভালো না লাগে তবে সে আমাদের বুঝিবার দোষে নহে ।

ক্ষিতি এবং সমীর ইহার পরে আর কোনো কথা বলিতে ইচ্ছা করিল না । কিন্তু ব্যোম অম্লানমুখে বলিতে লাগিল— যাহা সরল তাহাই যে সহজ এমন কোনো কথা নাই । অনেক সময় তাহাই অত্যন্ত কঠিন ; কারণ, সে নিজেকে বুঝাইবার জন্য কোনোপ্রকার বাজে উপায় অবলম্বন করে না, সে চুপ করিয়া দাঁড়াইয়া থাকে ; তাহাকে না বুঝিয়া চলিয়া গেলে সে কোনোরূপ কৌশল করিয়া ফিরিয়া ডাকে না । প্রাঞ্জলতার প্রধান গুণ এই যে, সে একেবারে অব্যবহিত ভাবে মনের সহিত সম্বন্ধ স্থাপন করে, তাহার কোনো মধ্যস্থ নাই । কিন্তু যে-সকল মন মধ্যস্থের সাহায্য ব্যতীত কিছু গ্রহণ করিতে পারে না, যাহাদিগকে ভুলাইয়া আকর্ষণ করিতে হয়, প্রাঞ্জলতা তাহাদের নিকট বড়োই দুর্বোধ । কৃষ্ণনগরের কারিগরের রচিত ভিস্তি তাহার সমস্ত রঙ-চঙ মশক এবং অঙ্গভঙ্গি-দ্বারা আমাদের ইন্দ্রিয় এবং অভ্যাসের সাহায্যে চট করিয়া আমাদের মনের মধ্যে প্রবেশ করিতে পারে— কিন্তু গ্রীক প্রস্তরমূর্তিতে রঙ-চঙ রকম-সকম নাই, তাহা প্রাঞ্জল এবং সর্বপ্রকার-প্রয়াস-বিহীন । কিন্তু সরল বলিয়া তাহা সহজ নহে । সে কোনোপ্রকার তুচ্ছ বাহ্য কৌশল অবলম্বন করে না বলিয়াই ভাবসম্পদ তাহার অধিক থাকা চাই ।

দীপ্তি বিশেষ একটু বিরক্ত হইয়া কহিল— তোমার গ্রীক প্রস্তরমূর্তির কথা ছাড়িয়া দাও । ও সম্বন্ধে অনেক কথা শুনিয়াছি এবং বাঁচিয়া থাকিলে আরো অনেক কথা শুনিতে হইবে । ভালো জিনিসের দোষ এই যে, তাহাকে সর্বদাই পৃথিবীর চোখের সামনে থাকিতে হয়, সকলেই তাহার সম্বন্ধে কথা কহে, তাহার আর পর্দা নাই, আব্রু নাই ; তাহাকে আর কাহারও আবিষ্কার করিতে হয় না, বুঝিতে হয় না, ভালো করিয়া চোখ মেলিয়া তাহার প্রতি তাকাইতেও হয় না, কেবল তাহার সম্বন্ধে বাঁধি গৎ শুনিতে এবং বলিতে হয় । সূর্যের যেমন মাঝে মাঝে মেঘগ্রস্ত থাকা উচিত, নতুবা মেঘমুক্ত সূর্যের গৌরব বুঝা যায় না, আমার বোধ হয় পৃথিবীর বড়ো বড়ো খ্যাতির উপরে মাঝে মাঝে সেইরূপ অবহেলার আড়াল পড়া উচিত— মাঝে মাঝে গ্রীক মূর্তির নিন্দা করা ফেশান হওয়া ভালো, মাঝে মাঝে সর্বলোকের নিকট প্রমাণ হওয়া উচিত যে, কালিদাস অপেক্ষা চাণক্য বড়ো কবি । নতুবা আর সহ্য হয় না । যাহা হউক, ওটা একটা অপ্ৰাসঙ্গিক কথা । আমার বক্তব্য এই যে, অনেক সময়ে ভাবের দারিদ্র্যকে, আচারের বর্বরতাকে, সরলতা বলিয়া ভ্রম হয়— অনেক সময়ে প্রকাশক্ষমতার অভাবকে ভাবাধিক্যের পরিচয় বলিয়া কল্পনা করা হয়— সে কথাটাও মনে রাখা কর্তব্য ।

আমি কহিলাম— কলাবিদ্যায় সরলতা উচ্চ অঙ্গের মানসিক উন্নতির সহচর । বর্বরতা সরলতা নহে । বর্বরতার আড়ম্বর-আয়োজন অত্যন্ত বেশি । সভ্যতা অপেক্ষাকৃত নিরলংকার । অধিক অলংকার আমাদের দৃষ্টি আকর্ষণ করে, কিন্তু মনকে প্রতিহত করিয়া দেয় । আমাদের বাংলা ভাষায়, কি খবরের কাগজে কি উচ্চশ্রেণীর সাহিত্যে, সরলতা এবং অপ্রমত্ততার অভাব দেখা যায়— সকলেই অধিক করিয়া, চীৎকার করিয়া এবং ভঙ্গিমা করিয়া বলিতে ভালোবাসে ; বিনা আড়ম্বরে সত্য কথাটি পরিষ্কার করিয়া বলিতে কাহারও প্রবৃত্তি হয় না । কারণ, এখনো আমাদের মধ্যে একটা আদিম বর্বরতা আছে ; সত্য প্রাঞ্জল বেশে আসিলে তাহার গভীরতা এবং অসামান্যতা আমরা দেখিতে পাই না, ভাবের সৌন্দর্য কৃত্রিম ভূষণে এবং সর্বপ্রকার আতিশয্যে ভারাক্রান্ত হইয়া না আসিলে আমাদের নিকট তাহার মর্যাদা নষ্ট হয় ।

সমীর কহিল— সংযম ভদ্রতার একটি প্রধান লক্ষণ । ভদ্রলোকেরা কোনোপ্রকার গায়ে-পড়া আতিশয্য-দ্বারা আপন অস্তিত্ব উৎকট ভাবে প্রচার করে না ; বিনয় এবং সংযমের দ্বারা তাহারা আপন মর্যাদা রক্ষা করিয়া থাকে । অনেক সময় সাধারণ লোকের নিকট সংযত সুসমাহিত ভদ্রতার অপেক্ষা আড়ম্বর এবং আতিশয্যের ভঙ্গিমা অধিকতর আকর্ষণজনক হয়, কিন্তু সেটা ভদ্রতার দুর্ভাগ্য নহে, সে সাধারণের ভাগ্যদোষ । সাহিত্যে সংযম এবং আচারব্যবহারে সংযম উন্নতির লক্ষণ— আতিশয্যের দ্বারা দৃষ্টি আকর্ষণের চেষ্টাই বর্বরতা ।

আমি কহিলাম— এক-আধটা ইংরাজি কথা মাপ করিতে হইবে । যেমন ভদ্রলোকের মধ্যে তেমনি ভদ্র সাহিত্যেও ম্যানার আছে, কিন্তু ম্যানারিজ্‌ম্ নাই । ভালো সাহিত্যের বিশেষ একটি আকৃতিপ্রকৃতি আছে সন্দেহ নাই ; কিন্তু তাহার এমন একটি পরিমিত সুষমা যে, আকৃতিপ্রকৃতির বিশেষত্বটাই বিশেষ করিয়া চোখে পড়ে না । তাহার মধ্যে একটা ভাব থাকে, একটা গূঢ় প্রভাব থাকে, কিন্তু কোনো অপূর্ব ভঙ্গিমা থাকে না । তরঙ্গভঙ্গের অভাবে অনেক সময়ে পরিপূর্ণতাও লোকের দৃষ্টি এড়াইয়া যায়, আবার পরিপূর্ণতার অভাবে অনেক সময়ে তরঙ্গভঙ্গও লোককে বিচলিত করে, কিন্তু তাই বলিয়া এ ভ্রম যেন কাহারও না হয় যে, পরিপূর্ণতার প্রাঞ্জলতাই সহজ এবং অগভীরতার ভঙ্গিমাই দুরূহ ।

শ্রোতস্বিনীর দিকে ফিরিয়া কহিলাম— উচ্চশ্রেণীর সরল সাহিত্য বুঝা অনেক সময় এইজন্য কঠিন যে, মন তাহাকে বুঝিয়া লয়, কিন্তু সে আপনাকে বুঝাইতে থাকে না ।

দীপ্তি কহিল— নমস্কার করি ! আজ আমাদের যথেষ্ট শিক্ষা হইয়াছে । আর কখনো উচ্চ অঙ্গের পণ্ডিতদিগের নিকট উচ্চ অঙ্গের সাহিত্য সম্বন্ধে মত ব্যক্ত করিয়া বর্বরতা প্রকাশ করিব না ।

শ্রোতস্বিনী সেই ইংরাজ কবির নাম করিয়া কহিল— তোমরা যতই তর্ক কর এবং যতই গালি দাও, সে কবির কবিতা আমার কিছুতেই ভালো লাগে না ।

কৌতুকহাস্য

শীতের সকালে রাস্তা দিয়া খেজুর-রস হাঁকিয়া যাইতেছে। ভোরের দিককার ঝাপসা কুয়াশাটা কাটিয়া গিয়া তরুণ রৌদ্রে দিনের আরম্ভ-বেলাটা একটু উপভোগযোগ্য আতপ্ত হইয়া আসিয়াছে। সমীর চা খাইতেছে, ক্ষিতি খবরের কাগজ পড়িতেছে এবং ব্যোম মাথার চারি দিকে একটা অত্যন্ত উজ্জ্বল নীলে সবুজে মিশ্রিত গলাবন্ধের পাক জড়াইয়া একটা অসংগত মোটা লাঠি হস্তে সম্প্রতি আসিয়া উপস্থিত হইয়াছে।

অদূরে দ্বারের নিকট দাঁড়াইয়া শ্রোতস্বিনী এবং দীপ্তি পরস্পরের কটিবেষ্টন করিয়া কী-একটা রহস্যপ্রসঙ্গে বারংবার হাসিয়া অস্থির হইতেছিল। ক্ষিতি এবং সমীর মনে করিতেছিল এই উৎকট নীলহরিৎ-পশমরাশি-পরিবৃত সুখাসীন নিশ্চিত্তচিত্ত ব্যোমই ঐ হাস্যরসোচ্ছ্বাসের মূল কারণ।

এমন সময় অন্যমনস্ক ব্যোমের চিত্তও সেই হাস্যরবে আকৃষ্ট হইল। সে চৌকিটা আমাদের দিকে ঈষৎ ফিরাইয়া কহিল— দূর হইতে একজন পুরুষ-মানুষের হঠাৎ ভ্রম হইতে পারে যে, ঐ দুটি সখী বিশেষ কোনো একটা কৌতুককথা অবলম্বন করিয়া হাসিতেছেন। কিন্তু সেটা মায়া। পুরুষজাতিকে পক্ষপাতী বিধাতা বিনা কৌতুকে হাসিবার ক্ষমতা দেন নাই, কিন্তু মেয়েরা হাসে কী জন্য তাহা দেবা ন জানন্তি কুতো মনুষ্যাঃ। চকমকি পাথর স্বভাবত আলোকহীন; উপযুক্ত সংঘর্ষ প্রাপ্ত হইলে সে অটুশব্দে জ্যোতিঃস্ফুলিঙ্গ নিক্ষেপ করে, আর মানিকের টুকরা আপনা-আপনি আলোয় ঠিকরিয়া পড়িতে থাকে, কোনো-একটা সংগত উপলক্ষের অপেক্ষা রাখে না। মেয়েরা অল্প কারণে কাঁদিতে জানে এবং বিনা কারণে হাসিতে পারে; কারণ ব্যতীত কার্য হয় না, জগতের এই কড়া নিয়মটা কেবল পুরুষের পক্ষেই খাটে।

সমীর নিঃশেষিত পাত্রে দ্বিতীয় বার চা ঢালিয়া কহিল— কেবল মেয়েদের হাসি নয়, হাস্যরসটাই আমার কাছে কিছু অসংগত ঠেকে। দুঃখে কাঁদি সুখে হাসি, এটুকু বুঝিতে বিলম্ব হয় না। কিন্তু কৌতুকে হাসি কেন? কৌতুক তো ঠিক সুখ নয়। মোটা মানুষ চৌকি ভাঙিয়া পড়িয়া গেলে আমাদের কোনো সুখের কারণ ঘটে এ কথা বলিতে পারি না, কিন্তু হাসির কারণ ঘটে ইহা পরীক্ষিত সত্য। ভাবিয়া দেখিলে ইহার মধ্যে আশ্চর্যের বিষয় আছে।

ক্ষিতি কহিল— রক্ষা করো ভাই। না ভাবিয়া আশ্চর্য হইবার বিষয় জগতে যথেষ্ট আছে; আগে সেইগুলো শেষ করো, তার পরে ভাবিতে শুরু করিয়ো। একজন পাগল তাহার উঠানকে ধূলিশূন্য করিবার অভিপ্রায়ে প্রথমত ঝাঁটা দিয়া আচ্ছা করিয়া ঝাঁটাইল, তাহাতেও সম্পূর্ণ সন্তোষজনক ফল না পাইয়া কোদাল দিয়া মাটি চাঁচিতে আরম্ভ করিল। সে মনে করিয়াছিল এই ধুলোমাটির পৃথিবীটাকে সে নিঃশেষে আকাশে ঝাঁটাইয়া ফেলিয়া অবশেষে দিব্য একটি পরিষ্কার উঠান পাইবে; বলা বাহুল্য, বিস্তর অধ্যবসায়েও কৃতকার্য হইতে পারে নাই। ভ্রাতঃ সমীর, তুমি যদি আশ্চর্যের উপরিস্তর ঝাঁটাইয়া অবশেষে ভাবিয়া আশ্চর্য হইতে আরম্ভ কর তবে আমরা বন্ধুগণ বিদায় লই। কালোহয়ং নিরবধিঃ, কিন্তু সেই নিরবধি কাল আমাদের হাতে নাই।

সমীর হাসিয়া কহিল— ভাই ক্ষিতি, আমার অপেক্ষা ভাবনা তোমারই বেশি। অনেক ভাবিলে তোমাকেও সৃষ্টির একটা মহাশ্চর্য ব্যাপার মনে হইতে পারিত, কিন্তু আরো ঢের বেশি না ভাবিলে আমার সহিত তোমার সেই উঠান-মার্জন-কারী আদর্শটির সাদৃশ্য কল্পনা করিতে পারিতে না।

ক্ষিতি কহিল— মাপ করো ভাই; তুমি আমার অনেক কালের বিশেষ পরিচিত বন্ধু, সেইজন্যই আমার মনে এতটা আশঙ্কার উদয় হইয়াছিল— যাহা হউক, কথাটা এই যে কৌতুকে আমরা হাসি কেন। ভারি আশ্চর্য! কিন্তু তাহার পরের প্রশ্ন এই যে, যে কারণেই হউক হাসি কেন? একটা কিছু ভালো লাগিবার বিষয় যেই আমাদের সম্মুখে উপস্থিত হইল গমনি আমাদের গলার ভিতর দিয়া একটা অদ্ভুত প্রকারের শব্দ বাহির হইতে লাগিল এবং আমাদের মুখের সমস্ত মাংসপেশী বিকৃত হইয়া

সম্মুখের দৃষ্টপঞ্জি বাহির হইয়া পড়িল, মনুষ্যের মতো ভদ্র জীবের পক্ষে এমন একটা অসংযত অসংগত ব্যাপার কি সামান্য অদ্ভুত এবং অবমানজনক ? যুরোপের ভদ্রলোক ভয়ের চিহ্ন দুঃখের চিহ্ন প্রকাশ করিতে লজ্জা বোধ করেন, আমরা প্রাচ্যজাতীয়েরা সভ্যসমাজে কৌতুকের চিহ্ন প্রকাশ করাটাকে নিতান্ত অসংযমের পরিচয় জ্ঞান করি।

সমীর ক্ষিতিকে কথা শেষ করিতে না দিয়া কহিল— তাহার কারণ, আমাদের মতে কৌতুকে আমোদ অনুভব করা নিতান্ত অযৌক্তিক। উহা ছেলেমানুষেরই উপযুক্ত। এইজন্য কৌতুকরসকে আমাদের প্রবীণ লোকমাত্রেরই ছাবলামি বলিয়া ঘৃণা করিয়া থাকেন। একটা গানে শুনিয়াছিলাম, শ্রীকৃষ্ণ নিদ্রাভঙ্গে প্রাতঃকালে হুঁকা-হস্তে রাধিকার কুটিরে কিঞ্চিৎ অঙ্গারের প্রার্থনায় আগমন করিয়াছিলেন, শুনিয়া শ্রোতামাত্রের হাস্য উদ্বেক করিয়াছিল। কিন্তু হুঁকা-হস্তে শ্রীকৃষ্ণের কল্পনা সুন্দরও নহে কাহারও পক্ষে আনন্দজনকও নহে— তবুও যে আমাদের হাসি ও আমোদের উদয় হয় তাহা অদ্ভুত ও অমূলক নহে তো কী ? এইজন্যই এরূপ চাপল্য আমাদের বিজ্ঞসমাজের অনুমোদিত নহে। ইহা যেন অনেকটা পরিমাণে শারীরিক ; কেবল স্নায়ুর উত্তেজনা মাত্র। ইহার সহিত আমাদের সৌন্দর্যবোধ, বুদ্ধিবৃত্তি, এমন-কি, স্বার্থবোধেরও যোগ নাই। অতএব অনর্থক সামান্য কারণে ক্ষণকালের জন্য বুদ্ধির এরূপ অনিবার্য পরাভব, স্বেয়ের এরূপ সম্যক বিচ্যুতি, মনস্বী জীবের পক্ষে লজ্জাজনক সন্দেহ নাই।

ক্ষিতি একটু ভাবিয়া কহিল— সে কথা সত্য। কোনো অখ্যাতনামা কবি-বিরচিত এই কবিতাটি বোধ হয় জানা আছে—

তৃষার্ত হইয়া চাহিলাম এক ঘটি জল।

তাড়াতাড়ি এনে দিলে আধখানা বেল ॥

তৃষার্ত ব্যক্তি যখন এক ঘটি জল চাহিতেছে তখন অত্যন্ত তাড়াতাড়ি করিয়া আধখানা বেল আনিয়া দিলে অপরাপর ব্যক্তির তাহাতে আমোদ অনুভব করিবার কোনো ধর্মসংগত অথবা যুক্তিসংগত কারণ দেখা যায় না। তৃষিত ব্যক্তির প্রার্থনামতে তাহাকে এক ঘটি জল আনিয়া দিলে সমবেদনাবৃত্তি-প্রভাবে আমরা সুখ পাই— কিন্তু তাহাকে হঠাৎ আধখানা বেল আনিয়া দিলে, জানি না কী বৃত্তি-প্রভাবে আমাদের প্রচুর কৌতুক বোধ হয়। এই সুখ এবং কৌতুকের মধ্যে যখন শ্রেণীগত প্রভেদ আছে তখন দুইয়ের ভিন্নবিধ প্রকাশ হওয়া উচিত ছিল। কিন্তু প্রকৃতির গৃহিণীপনাই এইরূপ— কোথাও বা অনাবশ্যক অপব্যয়, কোথাও অত্যাৱশ্যকের বেলায় টানাটানি। এক হাসির দ্বারা সুখ এবং কৌতুক দুটোকে সারিয়া দেওয়া উচিত হয় নাই।

ব্যোম কহিল— প্রকৃতির প্রতি অন্যায় অপবাদ আরোপ হইতেছে। সুখে আমরা স্মিতহাস্য হাসি, কৌতুকে আমরা উচ্চহাস্য হাসিয়া উঠি। ভৌতিক জগতে আলোক এবং বজ্র ইহার তুলনা। একটা আন্দোলনজনিত স্থায়ী, অপরটি সংঘর্ষজনিত আকস্মিক। আমি বোধ করি, যে কারণভেদে একই ঈশ্বরে আলোক ও বিদ্যুৎ উৎপন্ন হয় তাহা আবিষ্কৃত হইলে তাহার তুলনায় আমাদের সুখহাস্য এবং কৌতুকহাস্যের কারণ বাহির হইয়া পড়িবে।

সমীর ব্যোমের কথায় কর্ণপাত না করিয়া কহিল— আমোদ এবং কৌতুক ঠিক সুখ নহে বরঞ্চ তাহা নিম্নমাত্রার দুঃখ। স্বল্পপরিমাণে দুঃখ ও পীড়ন আমাদের চেতনার উপর যে আঘাত করে তাহাতে আমাদের সুখ হইতেও পারে। প্রতিদিন নিয়মিত সময়ে বিনা কষ্টে আমরা পাচকের প্রস্তুত অন্ন খাইয়া থাকি, তাহাকে আমরা আমোদ বলি না— কিন্তু যেদিন চড়িভাতি করা যায় সেদিন নিয়ম ভঙ্গ করিয়া, কষ্ট স্বীকার করিয়া, অসময়ে সম্ভবত অখাদ্য আহার করি, কিন্তু তাহাকে বলি আমোদ। আমাদের জন্য আমরা ইচ্ছাপূর্বক যে পরিমাণে কষ্ট ও অশান্তি জাগ্রত করিয়া তুলি তাহাতে আমাদের চেতনশক্তিকে উত্তেজিত করিয়া দেয়। কৌতুকও সেইজাতীয় সুখবহ দুঃখ। শ্রীকৃষ্ণ সম্বন্ধে আমাদের চিরকাল যেরূপ ধারণা আছে তাহাকে হুঁকা-হস্তে রাধিকার কুটিরে আনিয়া উপস্থিত করিলে হঠাৎ আমাদের সেই

ধারণায় আঘাত করে । সেই আঘাত ঈষৎ পীড়াজনক ; কিন্তু সেই পীড়ার পরিমাণ এমন নিয়মিত যে, তাহাতে আমাদিগকে যে পরিমাণে দুঃখ দেয়, আমাদের চেতনাকে অকস্মাৎ চঞ্চল করিয়া তুলিয়া তদপেক্ষা অধিক সুখী করে । এই সীমা ঈষৎ অতিক্রম করিলেই কৌতুক প্রকৃত পীড়ায় পরিণত হইয়া উঠে । যদি যথার্থ ভক্তির কীর্তনের মাঝখানে কোনো রসিকতাবায়ুগ্রস্ত ছোকরা হঠাৎ শ্রীকৃষ্ণের ঐ তাম্রকূটধূমপিপাসুতার গান গাহিত তবে তাহাতে কৌতুক বোধ হইত না ; কারণ আঘাতটা এত গুরুতর হইত যে, তৎক্ষণাৎ তাহা উদ্যত মুষ্টি-আকার ধারণ করিয়া উক্ত রসিক ব্যক্তির পৃষ্ঠাভিমুখে প্রবল প্রতিঘাতস্বরূপে ধাবিত হইত । অতএব, আমার মতে কৌতুক— চেতনাকে পীড়ন, আমোদও তাই । এইজন্য প্রকৃত আনন্দের প্রকাশ স্মিতহাস্য এবং আমোদ ও কৌতুকের প্রকাশ উচ্চহাস্য ; সে হাস্য যেন হঠাৎ একটা দ্রুত আঘাতের পীড়নবেগে সশব্দে উর্ধ্বে উদ্গীর্ণ হইয়া উঠে ।

ক্ষিতি কহিল— তোমরা যখন একটা মনের মতো থিয়োরির সঙ্গে একটা মনের মতো উপমা জুড়িয়া দিতে পার, তখন আনন্দে আর সত্যাসত্য জ্ঞান থাকে না । ইহা সকলেরই জানা আছে কৌতুকে যে কেবল আমরা উচ্চহাস্য হাসি তাহা নহে, মৃদুহাস্যও হাসি, এমন-কি, মনে মনেও হাসিয়া থাকি । কিন্তু ওটা একটা অবাস্তুর কথা । আসল কথা এই যে, কৌতুক আমাদের চিত্তের উত্তেজনার কারণ, এবং চিত্তের অনতিপ্রবল উত্তেজনা আমাদের পক্ষে সুখজনক । আমাদের অন্তরে বাহিরে একটি সুযুক্তিসংগত নিয়মশৃঙ্খলার আধিপত্য ; সমস্তই চিরাভ্যস্ত চিরপ্রত্যাশিত ; এই সুনিয়মিত যুক্তিরাজ্যের সমভূমিমধ্যে যখন আমাদের চিত্ত অবাধে প্রবাহিত হইতে থাকে তখন তাহাকে বিশেষরূপে অনুভব করিতে পারি না— ইতিমধ্যে হঠাৎ সেই চারি দিকের যথাযোগ্যতা ও যথাপরিমিততার মধ্যে যদি একটা অসংগত ব্যাপারের অবতারণা হয় তবে আমাদের চিত্তপ্রবাহ অকস্মাৎ বাধা পাইয়া দুর্নিবার হাস্যতরঙ্গে বিক্ষুব্ধ হইয়া উঠে । সেই বাধা সুখের নহে, সৌন্দর্যের নহে, সুবিধার নহে, তেমনি আবার অতিদুঃখেরও নহে, সেইজন্য কৌতুকের সেই বিশুদ্ধ অমিশ্র উত্তেজনায় আমাদের আমোদ বোধ হয় ।

আমি কহিলাম— অনুভবক্রিয়ামাত্রই সুখের, যদি না তাহার সহিত কোনো গুরুতর দুঃখভয় ও স্বার্থহানি মিশ্রিত থাকে । এমন-কি, ভয় পাইতেও সুখ আছে, যদি তাহার সহিত বাস্তবিক ভয়ের কোনো কারণ জড়িত না থাকে । ছেলেরা ভূতের গল্প শুনিতে একটা বিষম আকর্ষণ অনুভব করে, কারণ, হৃৎকম্পের উত্তেজনায় আমাদের যে চিত্তচাঞ্চল্য জন্মে তাহাতেও আনন্দ আছে । রামায়ণে সীতাবিযোগে রামের দুঃখে আমরা দুঃখিত হই, ওথেলোর অমূলক অসূয়া আমাদিগকে পীড়িত করে, দুহিতার কৃতঘ্নতাশরবিদ্ধ উন্মাদ লিয়রের মর্মযাতনায় আমরা ব্যথা বোধ করি— কিন্তু সেই দুঃখপীড়া বেদনা উদ্বেক করিতে না পারিলে সে-সকল কাব্য আমাদের নিকট তুচ্ছ হইত । বরঞ্চ দুঃখের কাব্যকে আমরা সুখের কাব্য অপেক্ষা অধিক সমাদর করি ; কারণ, দুঃখানুভবে আমাদের চিত্তে অধিকতর আন্দোলন উপস্থিত করে । কৌতুক মনের মধ্যে হঠাৎ আঘাত করিয়া আমাদের সাধারণ অনুভবক্রিয়া জাগ্রত করিয়া দেয় । এইজন্য অনেক রসিক লোক হঠাৎ শরীরে একটা আঘাত করাকে পরিহাস জ্ঞান করেন ; অনেকে গালিকে ঠাট্টার স্বরূপে ব্যবহার করিয়া থাকেন ; বাসরঘরে কর্ণমর্দন এবং অন্যান্য পীড়ননৈপুণ্যকে বঙ্গসীমন্তিনীগণ এক শ্রেণীর হাস্যরস বলিয়া স্থির করিয়াছেন ; হঠাৎ উৎকট বোমার আওয়াজ করা আমাদের দেশে উৎসবের অঙ্গ এবং কর্ণবধিরকর খোল-করতালের শব্দ-দ্বারা চিত্তকে ধূমপীড়িত মৌচাকের মৌমাছির মতো একান্ত উদ্ভ্রান্ত করিয়া ভক্তিরসের অবতারণা করা হয় ।

ক্ষিতি কহিল— বন্ধুগণ, ক্ষান্ত হও । কথাটা একপ্রকার শেষ হইয়াছে । যতটুকু পীড়নে সুখ বোধ হয় তাহা তোমরা অতিক্রম করিয়াছ, এক্ষণে দুঃখ ক্রমে প্রবল হইয়া উঠিতেছে । আমরা বেশ বুঝিয়াছি যে, কমেডির হাস্য এবং ট্র্যাজেডির অশ্রুজল দুঃখের তারতম্যের উপর নির্ভর করে—

ব্যোম কহিল— যেমন বরফের উপর প্রথম রৌদ্র পড়িলে তাহা ঝিকমিক করিতে থাকে এবং রৌদ্রের তাপ বাড়িয়া উঠিলে তাহা গলিয়া পড়ে । তুমি কতকগুলি প্রহসন ও ট্র্যাজেডির নাম করো, আমি তাহা হইতে প্রমাণ করিয়া দিতেছি—

এমন সময় দীপ্তি ও স্রোতস্বিনী হাসিতে হাসিতে আসিয়া উপস্থিত হইলেন ।

দীপ্তি কহিলেন— তোমরা কী প্রমাণ করিবার জন্য উদ্যত হইয়াছ ?

ক্ষিতি কহিল— আমরা প্রমাণ করিতেছিলাম যে, তোমরা এতক্ষণ বিনা কারণে হাসিতেছিলে ।

শুনিয়া দীপ্তি শ্রোতস্বিনীর মুখের দিকে চাহিলেন, শ্রোতস্বিনী দীপ্তির মুখের দিকে চাহিলেন এবং উভয়ে পুনরায় কলকণ্ঠে হাসিয়া উঠিলেন ।

ব্যোম কহিল— আমি প্রমাণ করিতে যাইতেছিলাম যে, কমেডিতে পরের অল্প পীড়া দেখিয়া আমরা হাসি এবং ট্রাজেডিতে পরের অধিক পীড়া দেখিয়া আমরা কাঁদি ।

দীপ্তি ও শ্রোতস্বিনীর সুমিষ্ট সম্মিলিত হাস্যরবে পুনশ্চ গৃহ কুজিত হইয়া উঠিল, এবং অনর্থক হাস্য উদ্বেকের জন্য উভয়ে উভয়কে দোষী করিয়া পরস্পরকে তর্জনপূর্বক হাসিতে হাসিতে সলজ্জভাবে দুই সখী গৃহ হইতে প্রস্থান করিলেন ।

পুরুষ সভ্যগণ এই অকারণ হাস্যোচ্ছ্বাসদৃশ্যে স্মিতমুখে অবাক হইয়া রহিল । কেবল সমীর কহিল— ব্যোম, বেলা অনেক হইয়াছে, এখন তোমার ঐ বিচিত্রবর্ণের নাগপাশবন্ধনটা খুলিয়া ফেলিলে স্বাস্থ্যহানির সম্ভাবনা দেখি না ।

ক্ষিতি ব্যোমের লাঠিগাছটি তুলিয়া অনেকক্ষণ মনোযোগের সহিত নিরীক্ষণ করিয়া কহিল— ব্যোম, তোমার এই গদাখানি কি কমেডির বিষয় না ট্রাজেডির উপকরণ ?

পৌষ ১৩০১

কৌতুকহাস্যের মাত্রা

সেদিনকার ডায়ারিতে কৌতুকহাস্য সম্বন্ধে আমাদের আলোচনা পাঠ করিয়া শ্রীমতী দীপ্তি লিখিয়া পাঠাইয়াছেন :

একদিন প্রাতঃকালে শ্রোতস্বিনীতে আমাতে মিলিয়া হাসিয়াছিলাম । ধন্য সেই প্রাতঃকাল এবং ধন্য দুই সখীর হাস্য । জগৎসৃষ্টি অবধি এমন চাপল্য অনেক রমণীই প্রকাশ করিয়াছে, এবং ইতিহাসে তাহার ফলাফল ভালোমন্দ নানা আকারে স্থায়ী হইয়াছে । নারীর হাসি অকারণ হইতে পারে, কিন্তু তাহা অনেক মন্দাক্রান্তা, উপেন্দ্রবজ্রা, এমন-কি, শার্দূলবিক্রীড়িতচ্ছন্দ, অনেক ত্রিপদী, চতুষ্পদী এবং চতুর্দশপদীর আদিকারণ হইয়াছে এইরূপ শুনা যায় । রমণী তরলস্বভাববশত অনর্থক হাসে, মাঝের হইতে তাহা দেখিয়া অনেক পুরুষ অনর্থক কাঁদে, অনেক পুরুষ ছন্দ মিলাইতে বসে, অনেক পুরুষ গলায় দড়ি দিয়া মরে— আবার এইবার দেখিলাম নারীর হাস্যে প্রবীণ ফিলজফরের মাথায় নবীন ফিলজফি বিকশিত হইয়া উঠে । কিন্তু সত্য কথা বলিতেছি, তত্ত্বনির্ণয় অপেক্ষা পূর্বোক্ত তিন প্রকারের অবস্থাটা আমরা পছন্দ করি ।

এই বলিয়া সেদিন আমরা হাস্য সম্বন্ধে যে সিদ্ধান্তে উপনীত হইয়াছিলাম শ্রীমতী দীপ্তি তাহাকে যুক্তিহীন অপ্ৰামাণিক বলিয়া প্রমাণ করিয়াছেন ।

আমার প্রথম কথা এই যে, আমাদের সেদিনকার তত্ত্বের মধ্যে যে যুক্তির প্রাবল্য ছিল না, সেজন্য শ্রীমতী দীপ্তির রাগ করা উচিত হয় না । কারণ, নারীহাস্যে পৃথিবীতে যত প্রকার অনর্থপাত করে তাহার মধ্যে বুদ্ধিমানের বুদ্ধিভ্রংশও একটি । যে অবস্থায় আমাদের ফিলজফি প্রলাপ হইয়া উঠিয়াছিল সে অবস্থায় নিশ্চয়ই মনে করিলেই কবিতা লিখিতেও পারিতাম, এবং গলায় দড়ি দেওয়াও অসম্ভব হইত না ।

দ্বিতীয় কথা এই যে, তাঁহাদের হাস্য হইতে আমরা তত্ত্ব বাহির করিব এ কথা তাঁহারা যেমন কল্পনা করেন নাই, আমাদের তত্ত্ব হইতে তাঁহারা যে যুক্তি বাহির করিতে বসিবেন তাহাও আমরা কল্পনা করি নাই ।

নিউটন আজন্ম সত্যাস্থেষণের পর বলিয়াছেন, আমি জ্ঞানসমুদ্রের কূলে কেবল নুড়ি কুড়াইয়াছি । আমরা চার বুদ্ধিমানের ক্ষণকালের কথোপকথনে নুড়ি কুড়াইবার ভরসাও রাখি না— আমরা বালির ঘর

বাধি মাত্র । ঐ খেলাটার উপলক্ষ করিয়া জ্ঞানসমুদ্র হইতে খানিকটা সমুদ্রের হাওয়া খাইয়া আসা আমাদের উদ্দেশ্য । রত্ন লইয়া আসি না, খানিকটা স্বাস্থ্য লইয়া আসি, তাহার পর সে বালির ঘর ভাঙে কি থাকে তাহাতে কাহারও কোনো ক্ষতিবৃদ্ধি নাই ।

রত্ন অপেক্ষা স্বাস্থ্য যে কম বহুমূল্য আমি তাহা মনে করি না । রত্ন অনেক সময় ঝুঁটা প্রমাণ হয়, কিন্তু স্বাস্থ্যকে স্বাস্থ্য ছাড়া আর-কিছু বলিবার জো নাই । আমরা পাঞ্চভৌতিক সভার পাঁচ ভূতে মিলিয়া এ-পর্যন্ত একটা কানাকড়ি দামের সিদ্ধান্তও সংগ্রহ করিতে পারিয়াছি কি না সন্দেহ, কিন্তু, তবু যতবার আমাদের সভা বসিয়াছে আমরা শূন্যহস্তে ফিরিয়া আসিলেও আমাদের সমস্ত মনের মধ্যে যে সবেগে রক্তসঞ্চালন হইয়াছে এবং সেজন্য আনন্দ এবং আরোগ্য লাভ করিয়াছি তাহাতে সন্দেহমাত্র নাই ।

গড়ের মাঠে এক ছটাক শস্য জন্মে না, তবু অতটা জমি অনাবশ্যক নহে । আমাদের পাঞ্চভৌতিক সভাও আমাদের পাঁচজনের গড়ের মাঠ, এখানে সত্যের শস্যলাভ করিতে আসি না, সত্যের আনন্দলাভ করিতে মিলি ।

সেইজন্য এ সভায় কোনো কথার পুরা মীমাংসা না হইলেও ক্ষতি নাই, সত্যের কিয়দংশ পাইলেও আমাদের চলে । এমন-কি, সত্যক্ষেত্র গভীররূপে কর্ষণ না করিয়া তাহার উপর দিয়া লঘুপদে চলিয়া যাওয়াই আমাদের উদ্দেশ্য ।

আর-এক দিক হইতে আর-এক রকমের তুলনা দিলে কথাটা পরিষ্কার হইতে পারে । রোগের সময় ডাক্তারের ঔষধ উপকারী, কিন্তু আত্মীয়ের সেবাটা বড়ো আরামের । জার্মান পণ্ডিতের কেতাবে তত্ত্বজ্ঞানের যে-সকল চরম সিদ্ধান্ত আছে তাহাকে ঔষধের বটিকা বলিতে পারো, কিন্তু মানসিক শুশ্রূষা তাহার মধ্যে নাই । পাঞ্চভৌতিক সভায় আমরা যেভাবে সত্যালোচনা করিয়া থাকি তাহাকে রোগের চিকিৎসা বলা না যাক, তাহাকে রোগীর শুশ্রূষা বলা যাইতে পারে ।

আর অধিক তুলনা প্রয়োগ করিব না । মোট কথা এই, সেদিন আমরা চার বুদ্ধিমান মিলিয়া হাসি সম্বন্ধে যে-সকল কথা তুলিয়াছিলাম তাহার কোনোটাই শেষ কথা নহে । যদি শেষ কথার দিকে যাইবার চেষ্টা করিতাম তাহা হইলে কথোপকথনসভার প্রধান নিয়ম লঙ্ঘন করা হইত ।

কথোপকথনসভার একটি প্রধান নিয়ম— সহজে এবং দ্রুতবেগে অগ্রসর হওয়া । অর্থাৎ মানসিক পায়চারি করা । আমাদের যদি পদতল না থাকিত, দুই পা যদি দুটো তীক্ষ্ণাগ্র শলাকার মতো হইত, তাহা হইলে মাটির ভিতর দিকে সুগভীর ভাবে প্রবেশ করার সুবিধা হইত, কিন্তু এক পা অগ্রসর হওয়া সহজ হইত না । কথোপকথনসমাজে আমরা যদি প্রত্যেক কথার অংশকে শেষ পর্যন্ত তলাইবার চেষ্টা করিতাম তাহা হইলে একটা জায়গাতেই এমন নিরুপায়ভাবে বিদ্ধ হইয়া পড়া যাইত যে, আর চলাফেরার উপায় থাকিত না । এক-একবার এমন অবস্থা হয়, চলিতে চলিতে হঠাৎ কাদার মধ্যে গিয়া পড়ি ; সেখানে যেখানেই পা ফেলি হাঁটু পর্যন্ত বসিয়া যায়, চলা দায় হইয়া উঠে । এমন-সকল বিষয় আছে যাহাতে প্রতি পদে গভীরতার দিকে তলাইয়া যাইতে হয় ; কথোপকথনকালে সেই-সকল অনিশ্চিত সন্দেহতরল বিষয়ে পদার্পণ না করাই ভালো । সে-সব জমি বায়ুসেবী পর্যটনকারীদের উপযোগী নহে, কৃষি যাহাদের ব্যবসায় তাহাদের পক্ষেই ভালো ।

যাহা হউক, সেদিন মোটের উপরে আমরা প্রশ্নটা এই তুলিয়াছিলাম যে, যেমন দুঃখের কান্না, তেমনি সুখের হাসি আছে— কিন্তু মাঝে হইতে কৌতুকের হাসিটা কোথা হইতে আসিল ? কৌতুক জিনিসটা কিছু রহস্যময় । জন্তুরাও সুখ দুঃখ অনুভব করে, কিন্তু কৌতুক অনুভব করে না । অলংকারশাস্ত্রে যে-কটা রসের উল্লেখ আছে সব রসই জন্তুদের অপরিণত অপরিষ্কৃত সাহিত্যের মধ্যে আছে, কেবল হাস্যরসটা নাই । হয়তো বানরের প্রকৃতির মধ্যে এই রসের কথঞ্চিৎ আভাস দেখা যায়, কিন্তু বানরের সহিত মানুষের আরো অনেক বিষয়েই সাদৃশ্য আছে ।

যাহা অসংগত তাহাতে মানুষের দুঃখ পাওয়া উচিত ছিল, হাসি পাইবার কোনো অর্থই নাই । পশ্চাতে যখন চৌকি নাই তখন চৌকিতে বসিতেছি মনে করিয়া কেহ যদি মাটিতে পড়িয়া যায় তবে

তাহাতে দর্শকবৃন্দের সুখানুভব করিবার কোনো যুক্তিসংগত কারণ দেখা যায় না। এমন একটা উদাহরণ কেন, কৌতুকমাত্রেরই মধ্যে এমন একটা পদার্থ আছে যাহাতে মানুষের সুখ না হইয়া দুঃখ হওয়া উচিত।

আমরা কথায় কথায় সেদিন ইহার একটা কারণ নির্দেশ করিয়াছিলাম। আমরা বলিয়াছিলাম, কৌতুকের হাসি এবং আমোদের হাসি একজাতীয়, উভয় হাস্যের মধ্যেই একটা প্রবলতা আছে। তাই আমাদের সন্দেহ হইয়াছিল যে, হয়তো আমোদ এবং কৌতুকের মধ্যে একটা প্রকৃতিগত সাদৃশ্য আছে; সেইটে বাহির করিতে পারিলেই কৌতুকহাস্যের রহস্যভেদ হইতে পারে।

সাধারণ ভাবের সুখের সহিত আমোদের একটা প্রভেদ আছে। নিয়মভঙ্গে যে একটু পীড়া আছে সেই পীড়াটুকু না থাকিলে আমোদ হইতে পারে না। আমোদ জিনিসটা নিত্যনৈমিত্তিক সহজ নিয়মসংগত নহে; তাহা মাঝে মাঝে এক-এক দিনের; তাহাতে প্রয়াসের আবশ্যিক। সেই পীড়ন এবং প্রয়াসের সংঘর্ষে মনের যে-একটা উত্তেজনা হয় সেই উত্তেজনাই আমাদের প্রধান উপকরণ।

আমরা বলিয়াছিলাম, কৌতুকের মধ্যেও নিয়মভঙ্গজনিত একটা পীড়া আছে; সেই পীড়াটা অতি অধিক মাত্রায় না গেলে আমাদের মনে যে একটা সুখকর উত্তেজনার উদ্রেক করে, সেই আকস্মিক উত্তেজনার আঘাতে আমরা হাসিয়া উঠি। যাহা সুসংগত তাহা চিরদিনের নিয়মসম্মত, যাহা অসংগত তাহা ক্ষণকালের নিয়মভঙ্গ। যেখানে যাহা হওয়া উচিত সেখানে তাহা হইলে তাহাতে আমাদের মনের কোনো উত্তেজনা নাই, হঠাৎ না হইলে কিংবা আর-একরূপ হইলে সেই আকস্মিক অনতিপ্রবল উৎপীড়নে মনটা একটা বিশেষ চেতনা অনুভব করিয়া সুখ পায় এবং আমরা হাসিয়া উঠি।

সেদিন আমরা এই পর্যন্ত গিয়াছিলাম— আর বেশি দূর যাই নাই। কিন্তু তাই বলিয়া আর যে যাওয়া যায় না তাহা নহে। আরো বলিবার কথা আছে।

শ্রীমতী দীপ্তি প্রশ্ন করিয়াছেন যে, আমাদের চার পণ্ডিতের সিদ্ধান্ত যদি সত্য হয় তবে চলিতে চলিতে হঠাৎ অল্প হুঁচট খাইলে কিংবা রাস্তায় যাইতে অকস্মাৎ অল্পমাত্রায় দুর্গন্ধ নাকে আসিলে আমাদের হাসি পাওয়া, অন্তত, উত্তেজনাজনিত সুখ অনুভব করা উচিত।

এ প্রশ্নের দ্বারা আমাদের মীমাংসা খণ্ডিত হইতেছে না, সীমাবদ্ধ হইতেছে মাত্র। ইহাতে কেবল এইটুকু দেখা যাইতেছে যে, পীড়নমাত্রেরই কৌতুকজনক উত্তেজনা জন্মায় না; অতএব, এক্ষণে দেখা আবশ্যিক, কৌতুকপীড়নের বিশেষ উপকরণটা কী?

জড়প্রকৃতির মধ্যে করুণরসও নাই, হাস্যরসও নাই। একটা বড়ো পাথর ছোটো পাথরকে গুঁড়াইয়া ফেলিলেও আমাদের চোখে জল আসে না, এবং সমতল ক্ষেত্রের মধ্যে চলিতে চলিতে হঠাৎ একটা খাপছাড়া গিরিশৃঙ্গ দেখিতে পাইলে তাহাতে আমাদের হাসি পায় না। নদী-নির্মল পর্বত-সমুদ্রের মধ্যে মাঝে মাঝে আকস্মিক অসামঞ্জস্য দেখিতে পাওয়া যায়— তাহা বাধাজনক বিরক্তিজনক পীড়াজনক হইতে পারে, কিন্তু কোনো স্থানেই কৌতুকজনক হয় না। সচেতন পদার্থসম্বন্ধীয় খাপছাড়া ব্যাপার ব্যতীত শুদ্ধ জড়পদার্থে আমাদের হাসি আনিতে পারে না।

কেন, তাহা ঠিক করিয়া বলা শক্ত, কিন্তু আলোচনা করিয়া দেখিতে দোষ নাই।

আমাদের ভাষায় কৌতুক এবং কৌতুহল শব্দের অর্থের যোগ আছে। সংস্কৃত সাহিত্যে অনেক স্থলে একই অর্থে বিকল্পে উভয় শব্দেরই প্রয়োগ হইয়া থাকে। ইহা হইতে অনুমান করি, কৌতুহলবৃত্তির সহিত কৌতুকের বিশেষ সম্বন্ধ আছে।

কৌতুহলের একটা প্রধান অঙ্গ নূতনত্বের লালসা, কৌতুকেরও একটা প্রধান উপাদান নূতনত্ব। অসংগতের মধ্যে যেমন নিছক বিশুদ্ধ নূতনত্ব আছে সংগতের মধ্যে তেমন নাই।

কিন্তু প্রকৃত অসংগতি ইচ্ছাশক্তির সহিত জড়িত, তাহা জড়পদার্থের মধ্যে নাই। আমি যদি পরিষ্কার পথে চলিতে চলিতে হঠাৎ দুর্গন্ধ পাই তবে আমি নিশ্চয় জানি, নিকটে কোথাও এক জায়গায় দুর্গন্ধ বস্তু আছে, তাই এইরূপ ঘটিল; ইহাতে কোনোরূপ নিয়মের ব্যতিক্রম নাই, ইহা অবশ্যস্বাভাবী। জড়প্রকৃতিতে যে কারণে যাহা হইতেছে তাহা ছাড়া আর-কিছু হইবার জো নাই, ইহা নিশ্চয়।

কিন্তু পথে চলিতে চলিতে যদি হঠাৎ দেখি একজন মান্য বৃদ্ধ ব্যক্তি খেমটা নাচ নাচিতেছে, তবে সেটা প্রকৃতই অসংগত ঠেকে ; কারণ, তাহা অনিবার্য নিয়মসংগত নহে । আমরা বৃদ্ধের নিকট কিছুতেই এরূপ আচরণ প্রত্যাশা করি না, কারণ সে ইচ্ছাশক্তিসম্পন্ন লোক— সে ইচ্ছা করিয়া নাচিতেছে, ইচ্ছা করিলে না নাচিতে পারিত । জড়ের নাকি নিজের ইচ্ছামত কিছু হয় না, এইজন্য জড়ের পক্ষে কিছুই অসংগত কৌতুকবহু হইতে পারে না । এইজন্য অনপেক্ষিত হুঁচট বা দুর্গন্ধ হাস্যজনক নহে । চায়ের চামচ যদি দৈবাৎ চায়ের পেয়ালা হইতে চ্যুত হইয়া দোয়াতের কালির মধ্যে পড়িয়া যায় তবে সেটা চামচের পক্ষে হাস্যকর নহে ; ভারাকর্ষণের নিয়ম তাহার লঙ্ঘন করিবার জো নাই ; কিন্তু অনামনস্ক লেখক যদি তাহার চায়ের চামচ দোয়াতের মধ্যে ডুবাইয়া চা খাইবার চেষ্টা করেন তবে সেটা কৌতুকের বিষয় বটে । নীতি যেমন জড়ে নাই, অসংগতিও সেইরূপ জড়ে নাই । মনঃপদার্থ প্রবেশ করিয়া যেখানে দ্বিধা জন্মাইয়া দিয়াছে সেইখানেই উচিত এবং অনুচিত, সংগত এবং অদ্ভুত ।

কৌতূহল জিনিসটা অনেক স্থলে নিষ্ঠুর ; কৌতুকের মধ্যেও নিষ্ঠুরতা আছে । সিরাজউদ্দৌলা দুইজনের দাড়িতে দাড়িতে বাঁধিয়া উভয়ের নাকে নস্য পুরিয়া দিতেন এইরূপ প্রবাদ শুনা যায়— উভয়ে যখন হাঁচিতে আরম্ভ করিত তখন সিরাজউদ্দৌলা আমোদ অনুভব করিতেন । ইহার মধ্যে অসংগতি কোনখানে ? নাকে নস্য দিলে তো হাঁচি আসিবারই কথা । কিন্তু এখানেও ইচ্ছার সহিত কার্যের অসংগতি । যাহাদের নাকে নস্য দেওয়া হইতেছে তাহাদের ইচ্ছা নয় যে তাহারা হাঁচে, কারণ, হাঁচিলেই তাহাদের দাড়িতে অকস্মাৎ টান পড়িবে, কিন্তু তথাপি তাহাদিগকে হাঁচিতেই হইতেছে ।

এইরূপ ইচ্ছার সহিত অবস্থার অসংগতি, উদ্দেশ্যের সহিত উপায়ের অসংগতি, কথার সহিত কার্যের অসংগতি, এগুলোর মধ্যে নিষ্ঠুরতা আছে । অনেক সময় আমরা যাহাকে লইয়া হাসি সে নিজের অবস্থাকে হাস্যের বিষয় জ্ঞান করে না । এইজন্যই পাঞ্চভৌতিক সভায় ব্যোম বলিয়াছিলেন যে, কমেডি এবং ট্রাজেডি কেবল পীড়নের মাত্রাভেদ মাত্র । কমেডিতে যতটুকু নিষ্ঠুরতা প্রকাশ হয় তাহাতে আমাদের হাসি পায় এবং ট্রাজেডিতে যতদূর পর্যন্ত যায় তাহাতে আমাদের চোখে জল আসে । গর্দভের নিকট অনেক টাইটিনিয়া অপূর্বমোহবশত যে আত্মবিসর্জন করিয়া থাকে তাহা মাত্রাভেদে এবং পাত্রভেদে মর্মভেদী শোকের কারণ হইয়া উঠে ।

অসংগতি কমেডিরও বিষয়, অসংগতি ট্রাজেডিরও বিষয় । কমেডিতেও ইচ্ছার সহিত অবস্থার অসংগতি প্রকাশ পায় । ফল্‌স্টাফ উইল্ডসর-বাসিনী রঙ্গিনীর প্রেমলালসায় বিশ্বস্তচিত্তে অগ্রসর হইলেন, কিন্তু দুর্গতির একশেষ লাভ করিয়া বাহির হইয়া আসিলেন । রামচন্দ্র যখন রাবণবধ করিয়া, বনবাসপ্রতিজ্ঞা পূরণ করিয়া, রাজ্যে ফিরিয়া আসিয়া, দাম্পত্যসুখের চরম শিখরে আরোহণ করিয়াছেন, এমন সময় অকস্মাৎ বিনা মেঘে বজ্রাঘাত হইল, গর্ভবতী সীতাকে অরণ্যে নির্বাসিত করিতে বাধ্য হইলেন । উভয় স্থলেই আশার সহিত ফলের, ইচ্ছার সহিত অবস্থার অসংগতি প্রকাশ পাইতেছে । অতএব স্পষ্ট দেখা যাইতেছে, অসংগতি দুই শ্রেণীর আছে ; একটা হাস্যজনক, আর-একটা দুঃখজনক । বিরক্তিজনক, বিস্ময়জনক, রোষজনক-কেও আমরা শেষ শ্রেণীতে ফেলিতেছি ।

অর্থাৎ অসংগতি যখন আমাদের মনের অনতিগভীর স্তরে আঘাত করে তখনই আমাদের কৌতুক বোধ হয়, গভীরতর স্তরে আঘাত করিলে আমাদের দুঃখ বোধ হয় । শিকারী যখন অনেকক্ষণ অনেক তাক করিয়া হংসভ্রমে একটা দূরস্থ শ্বেত পদার্থের প্রতি গুলি বর্ষণ করে এবং ছুটিয়া কাছে গিয়া দেখে সেটা একটা ছিন্ন বস্ত্রখণ্ড, তখন তাহার সেই নৈরাশ্যে আমাদের হাসি পায় ; কিন্তু কোনো লোক যাহাকে আপন জীবনের পরম পদার্থ মনে করিয়া একাগ্রচিত্তে একান্ত চেষ্টায় আজন্মকাল তাহার অনুসরণ করিয়াছে এবং অবশেষে সিদ্ধকাম হইয়া তাহাকে হাতে লইয়া দেখিয়াছে সে তুচ্ছ প্রবঞ্চনামাত্র, তখন তাহার সেই নৈরাশ্যে অস্তঃকরণ ব্যথিত হয় ।

দুর্ভিক্ষে যখন দলে দলে মানুষ মরিতেছে তখন সেটাকে প্রহসনের বিষয় বলিয়া কাহারও মনে হয় না । কিন্তু আমরা অনায়াসে কল্পনা করিতে পারি, একটা রসিক শয়তানের নিকট ইহা পরমকৌতুকবহু

দৃশ্য ; সে তখন এই-সকল অমর-আত্মা-ধারী জীর্ণকলেবরগুলির প্রতি সহাস্য কটাক্ষপাত করিয়া বলিতে পারে, ঐ তো তোমাদের ষড়্দর্শন, তোমাদের কালিদাসের কাব্য, তোমাদের তেত্রিশ কোটি দেবতা পড়িয়া আছে, নাই শুধু দুই মুষ্টি তুচ্ছ তণ্ডুলকণা, অমনি তোমাদের অমর আত্মা, তোমাদের জগদ্বিজয়ী মনুষ্যত্ব, একেবারে কণ্ঠের কাছটিতে আসিয়া ধুক্ধুক করিতেছে।

স্থূল কথাটা এই যে, অসংগতির তার অল্পে অল্পে চড়াইতে চড়াইতে বিস্ময় ক্রমে হাস্যে এবং হাস্য ক্রমে অশ্রুজলে পরিণত হইতে থাকে।

ফাল্গুন ১৩০১

সৌন্দর্য সম্বন্ধে সন্তোষ

দীপ্তি এবং শ্রোতস্বিনী উপস্থিত ছিলেন না, কেবল আমরা চারিজন ছিলাম।

সমীর বলিল— দেখো, সেদিনকার সেই কৌতুকহাস্যের প্রসঙ্গে আমার একটা কথা মনে উদয় হইয়াছে। অধিকাংশ কৌতুক আমাদের মনে একটা-কিছু অদ্ভুত ছবি আনয়ন করে এবং তাহাতেই আমাদের হাসি পায়। কিন্তু যাহারা স্বভাবতই ছবি দেখিতে পায় না, যাহাদের বুদ্ধি অ্যাবস্ট্রাক্ট বিষয়ের মধ্যে ভ্রমণ করিয়া থাকে, কৌতুক তাহাদিগকে সহসা বিচলিত করিতে পারে না।

ক্ষিত্তি কহিল— প্রথমত তোমার কথাটা স্পষ্ট বুঝা গেল না, দ্বিতীয়ত অ্যাবস্ট্রাক্ট শব্দটা ইংরাজি।

সমীর কহিল— প্রথম অপরাধটা খণ্ডন করিবার চেষ্টা করিতেছি, কিন্তু দ্বিতীয় অপরাধ হইতে নিষ্কৃতির উপায় দেখি না, অতএব সুধীগণকে ওটা নিজগুণে মার্জনা করিতে হইবে। আমি বলিতেছিলাম, যাহারা দ্রব্যটাকে সম্পূর্ণ বাদ দিয়া তাহার গুণটাকে অনায়াসে গ্রহণ করিতে পারে তাহারা স্বভাবত হাস্যরসরসিক হয় না।

ক্ষিত্তি মাথা নাড়িয়া কহিল— উহু, এখনো পরিষ্কার হইল না।

সমীর কহিল— একটা উদাহরণ দিই। প্রথমত দেখো, আমাদের সাহিত্যে কোনো সুন্দরীর বর্ণনাকালে ব্যক্তিবিশেষের ছবি আঁকিবার দিকে লক্ষ্য নাই ; সুমেরু দাড়িম্ব কদম্ব বিশ্ব প্রভৃতি হইতে কতকগুলি গুণ বিচ্ছিন্ন করিয়া লইয়া তাহারই তালিকা দেওয়া হয় এবং সুন্দরীমাত্রেরই প্রতি তাহার আরোপ হইয়া থাকে। আমরা ছবির মতো স্পষ্ট করিয়া কিছু দেখি না এবং ছবি আঁকি না— সেইজন্য কৌতুকের একটি প্রধান অঙ্গ হইতে আমরা বঞ্চিত। আমাদের প্রাচীন কাব্যে প্রশংসাসাচ্ছলে গজেন্দ্রগমনের সহিত সুন্দরীর মন্দগতির তুলনা হইয়া থাকে। এ তুলনাটি অন্যদেশীয় সাহিত্যে নিশ্চয়ই হাস্যকর বলিয়া গণ্য হইত। কিন্তু এমন একটা অদ্ভুত তুলনা আমাদের দেশে উদ্ভূত এবং সাধারণের মধ্যে প্রচলিত হইল কেন ? তাহার প্রধান কারণ, আমাদের দেশের লোকেরা দ্রব্য হইতে তাহার গুণটা অনায়াসে বিশ্লিষ্ট করিয়া লইতে পারে। ইচ্ছামত হাতি হইতে হাতির সমস্তটাই লোপ করিয়া দিয়া কেবলমাত্র তাহার মন্দগমনটুকু বাহির করিতে পারে, এইজন্য ষোড়শী সুন্দরীর প্রতি যখন গজেন্দ্রগমন আরোপ করে তখন সেই বৃহদাকার জন্তুটাকে একেবারেই দেখিতে পায় না। যখন একটা সুন্দর বস্তুর সৌন্দর্য বর্ণনা করা কবির উদ্দেশ্য হয় তখন সুন্দর উপমা নির্বাচন করা আবশ্যিক, কারণ, উপমার কেবল সাদৃশ্য-অংশ নহে, অন্যান্য অংশও আমাদের মনে উদয় না হইয়া থাকিতে পারে না। সেইজন্য হাতির ঠুঁড়ের সহিত স্ত্রীলোকের হাত-পায়ের বর্ণনা করা সামান্য দুঃসাহসিকতা নহে। কিন্তু আমাদের দেশের পাঠক এ তুলনায় হাসিল না, বিরক্ত হইল না। তাহার কারণ, হাতির ঠুঁড় হইতে কেবল তাহার গোলত্বটুকু লইয়া আর-সমস্তই আমরা বাদ দিতে পারি, আমাদের সেই আশ্চর্য ক্ষমতাটি আছে। গৃধিনীর সহিত কানের কী সাদৃশ্য আছে বলিতে পারি না, আমার তদুপযুক্ত কল্পনাশক্তি নাই ; কিন্তু সুন্দর মুখের দুই পাশে দুই গৃধিনী ঝুলিতেছে মনে করিয়া হাসি পায় না কল্পনাশক্তির এত অসাড়াও আমার নাই। বোধ করি ইংরাজি পড়িয়া আমাদের না-হাসিবার স্বাভাবিক ক্ষমতা বিকৃত হইয়া যাওয়াতেই এরূপ দুর্ঘটনা ঘটে।

ক্ষিত্তি কহিল— আমাদের দেশের কাব্যে নারীদেহের বর্ণনায় যেখানে উচ্চতা বা গোলতা বুঝাইবার আবশ্যিক হইয়াছে সেখানে কবির অনায়াসে গস্তীর মুখে সুমেরু এবং মেদিনীর অবতারণা করিয়াছেন, তাহার কারণ, অ্যাবস্ট্রাক্টের দেশে পরিমাণ-বিচারের আবশ্যিকতা নাই ; গোকুর পিঠের কুঁজও উচ্চ, কাঞ্চনজঙ্ঘার শিখরও উচ্চ ; অতএব অ্যাবস্ট্রাক্ট উচ্চতাটুকু মাত্র ধরিতে গেলে গোকুর পিঠের কুঁজের সহিত কাঞ্চনজঙ্ঘার তুলনা করা যাইতে পারে ; কিন্তু যে হতভাগ্য কাঞ্চনজঙ্ঘার উপমা শুনিবামাত্র কল্পনাপটে হিমালয়ের শিখর চিত্রিত দেখিতে পায়, যে বেচারা গিরিচূড়া হইতে আলগোছে কেবল তাহার উচ্চতাটুকু লইয়া বাকি আর-সমস্তই আড়াল করিতে পারে না, তাহার পক্ষে বড়োই মুশকিল । ভাই সমীর, তোমার আজিকার এই কথাটা ঠিক মনে লাগিতেছে— প্রতিবাদ না করিতে পারিয়া অত্যন্ত দুঃখিত আছি ।

ব্যোম কহিল— কিছু প্রতিবাদ করিবার নাই তাহা বলিতে পারি না । সমীরের মতটা কিঞ্চিৎ পরিবর্তিত আকারে বলা আবশ্যিক । আসল কথাটা এই, আমরা অন্তর্জগৎবিহারী । বাহিরের জগৎ আমাদের নিকট প্রবল নহে । আমরা যাহা মনের মধ্যে গড়িয়া তুলি বাহিরের জগৎ তাহার প্রতিবাদ করিলে সে প্রতিবাদ গ্রাহ্যই করি না । যেমন ধূমকেতুর লঘু পুচ্ছটা কোনো গ্রহের পথে আসিয়া পড়িলে তাহার পুচ্ছেরই ক্ষতি হইতে পারে কিন্তু গ্রহ অপ্রতিহত ভাবে অনায়াসে চলিয়া যায়, তেমনি বহির্জগতের সহিত আমাদের অন্তর্জগতের রীতিমত সংঘাত কোনোকালে হয় না ; হইলে বহির্জগৎটাই হঠিয়া যায় । যাহাদের কাছে হাতিটা অত্যন্ত প্রত্যক্ষ প্রবল সত্য, তাহারা গজেন্দ্রগমনের উপমায় গজেন্দ্রটাকে বেমালুম বাদ দিয়া কেবল গমনটুকুকে রাখিতে পারে না— গজেন্দ্র বিপুল দেহ বিস্তারপূর্বক অটলভাবে কাব্যের পথরোধ করিয়া দাঁড়াইয়া থাকে । কিন্তু আমাদের কাছে গজ বলো, গজেন্দ্র বলো, কিছুই কিছু নয় । সে আমাদের কাছে এত অধিক জাজ্বল্যমান নহে যে, তাহার গমনটুকু রাখিতে হইলে তাহাকে সুদূর পুষ্টিতে হইবে ।

ক্ষিত্তি কহিল— আমরা অন্তরে বাঁশের কেলা বাঁধিয়া তীতুমীরের মতো বহিঃপ্রকৃতির সমস্ত ‘গোলা খা ডালা’— সেইজন্য গজেন্দ্র বলো, সুমেরু বলো, মেদিনী বলো, কিছুতেই আমাদের হঠাইতে পারে না । কাব্যে কেন, জ্ঞানরাজ্যেও আমরা বহির্জগৎকে খাতিরমাত্র করি না । একটা সহজ উদাহরণ মনে পড়িতেছে । আমাদের সাত সুর ভিন্ন ভিন্ন পশুপক্ষীর কণ্ঠস্বর হইতে প্রাপ্ত, ভারতবর্ষীয় সংগীতশাস্ত্রে এই প্রবাদ বহুকাল চলিয়া আসিতেছে— এ পর্যন্ত আমাদের ওস্তাদদের মনে এ সম্বন্ধে কোনো সন্দেহমাত্র উদয় হয় নাই, অথচ বহির্জগৎ হইতে প্রতিদিনই তাহার প্রতিবাদ আমাদের কানে আসিতেছে । স্বরমালার প্রথম সুরটা যে গাধার সুর হইতে চুরি একরূপ পরমাশ্চর্য কল্পনা কেমন করিয়া যে কোনো সুরজ্ঞ ব্যক্তির মনে উদয় হইল তাহা আমাদের পক্ষে স্থির করা দুর্লভ ।

ব্যোম কহিল— গ্রীকদের নিকট বহির্জগৎ বাষ্পবৎ মরীচিকাবৎ ছিল না, তাহা প্রত্যক্ষ জাজ্বল্যমান ছিল, এইজন্য অত্যন্ত যত্নসহকারে তাঁহাদিগকে মনের সৃষ্টির সহিত বাহিরের সৃষ্টির সামঞ্জস্য রক্ষা করিতে হইত । কোনো বিষয়ে পরিমাণ লঙ্ঘন হইলে বাহিরের জগৎ আপন মাপকাঠি লইয়া তাঁহাদিগকে লজ্জা দিত । সেইজন্য তাঁহারা আপন দেব-দেবীর মূর্তি সুন্দর এবং স্বাভাবিক করিয়া গড়িতে বাধ্য হইয়াছিলেন— নতুবা জাগতিক সৃষ্টির সহিত তাঁহাদের মনের সৃষ্টির একটা প্রবল সংঘাত বাধিয়া তাঁহাদের ভক্তির ও আনন্দের ব্যাঘাত করিত । আমাদের সে ভাবনা নাই । আমরা আমাদের দেবতাকে যে মূর্তিই দিই-না কেন, আমাদের কল্পনার সহিত বা বহির্জগতের সহিত তাহার কোনো বিরোধ ঘটে না । মূষিকবাহন চতুর্ভুজ একদন্ত লম্বোদর গজানন মূর্তি আমাদের নিকট হাস্যজনক নহে, কারণ আমরা সেই মূর্তিকে আমাদের মনের ভাবের মধ্যে দেখি, বাহিরের জগতের সহিত, চারি দিকের সত্যের সহিত তাহার তুলনা করি না । কারণ, বাহিরের জগৎ আমাদের নিকট তেমন প্রবল নহে, প্রত্যক্ষ সত্য আমাদের নিকট তেমন সুদৃঢ় নহে, আমরা যে-কোনো একটা উপলক্ষ অবলম্বন করিয়া নিজের মনের ভাবটাকে জাগ্রত করিয়া রাখিতে পারি ।

সমীর কহিল— যেটাকে উপলক্ষ করিয়া আমরা প্রেম বা ভক্তির উপভোগ অথবা সাধনা করিয়া

থাকি, সেই উপলক্ষটাকে সম্পূর্ণতা বা সৌন্দর্য বা স্বাভাবিকতায় ভূষিত করিয়া তোলা আমরা অনাবশ্যক মনে করি। আমরা সম্মুখে একটা কুগঠিত মূর্তি দেখিয়াও মনে তাহাকে সুন্দর বলিয়া অনুভব করিতে পারি। মানুষের ঘননীলবর্ণ আমাদের নিকট স্বভাবত সুন্দর মনে না হইতে পারে, অথচ ঘননীলবর্ণে চিত্রিত কৃষ্ণের মূর্তিকে সুন্দর বলিয়া ধারণা করিতে আমাদের কিছুমাত্র প্রয়াস পাইতে হয় না। বহির্জগতের আদর্শকে যাহারা নিজের ইচ্ছামতে লোপ করিতে জানে না, তাহারা মনের সৌন্দর্যভাবকে মূর্তি দিতে গেলে কখনোই কোনো অস্বাভাবিকতা বা অসৌন্দর্যের সমাবেশ করিতে পারে না। গ্রীকদের চক্ষে এই নীলবর্ণ অত্যন্ত অধিক পীড়া উৎপাদন করিত।

ব্যোম কহিল— আমাদের ভারতবর্ষীয় প্রকৃতির এই বিশেষত্বটি উচ্চ অঙ্গের কলাবিদ্যার ব্যাঘাত করিতে পারে, কিন্তু ইহার একটু সুবিধাও আছে। ভক্তি স্নেহ প্রেম, এমন-কি, সৌন্দর্যভোগের জন্য আমাদের বাহিরের দাসত্ব করিতে হয় না, সুবিধা-সুযোগের প্রতীক্ষা করিয়া বসিয়া থাকিতে হয় না। আমাদের দেশের স্ত্রী স্বামীকে দেবতা বলিয়া পূজা করে— কিন্তু সেই ভক্তিভাব উদ্বেক করিবার জন্য স্বামীর দেবত্ব বা মহত্ব থাকিবার কোনো আবশ্যক করে না, এমন-কি, ঘোরতর পশুত্ব থাকিলেও পূজার ব্যাঘাত হয় না। তাহারা এক দিকে স্বামীকে মানুষভাবে লাঞ্ছনা গঞ্জনা করিতে পারে, আবার অন্য দিকে দেবতাভাবে পূজাও করিয়া থাকে। একটাতে অন্যটা অভিভূত হয় না। কারণ, আমাদের মনোজগতের সহিত বাহ্যজগতের সংঘাত তেমন প্রবল নহে।

সমীর কহিল— কেবল স্বামীদেবতা কেন, পৌরাণিক দেবদেবী সম্বন্ধেও আমাদের মনের এইরূপ দুই বিরোধী ভাব আছে— তাহারা পরস্পর পরস্পরকে দূরীকৃত করিতে পারে না। আমাদের দেবতাদের সম্বন্ধে যে-সকল শাস্ত্রকাহিনী ও জনপ্রবাদ প্রচলিত আছে তাহা আমাদের ধর্মবুদ্ধির উচ্চ-আদর্শ-সংগত নহে, এমন-কি, আমাদের সাহিত্যে আমাদের সংগীতে সেই-সকল দেবকুৎসার উল্লেখ করিয়া বিস্তর তিরস্কার ও পরিহাসও আছে— কিন্তু ব্যঙ্গ ও ভৎসনা করি বলিয়া যে ভক্তি করি না তাহা নহে। গাভীকে জন্তু বলিয়া জানি, তাহার বুদ্ধিবিবেচনার প্রতিও কটাক্ষপাত করিয়া থাকি, খেতের মধ্যে প্রবেশ করিলে লাঠি হাতে তাহাকে তাড়াও করি, গোয়ালঘরে তাহাকে একইটু গোময়পঙ্কের মধ্যে দাঁড় করাইয়া রাখি ; কিন্তু ভগবতী বলিয়া ভক্তি করিবার সময় সে-সব কথা মনেও উদয় হয় না।

ক্ষিত্তি কহিল— আবার দেখো, আমরা চিরকাল বেসুরো লোককে গাধার সহিত তুলনা করিয়া আসিতেছি, অথচ বলিতেছি গাধাই আমাদের প্রথম সুর ধরাইয়া দিয়াছে। যখন এটা বলি তখন ওটা মনে আনি না, যখন ওটা বলি তখন এটা মনে আনি না। ইহা আমাদের একটা বিশেষ ক্ষমতা সন্দেহ নাই, কিন্তু এই বিশেষ ক্ষমতাবশত ব্যোম যে সুবিধার উল্লেখ করিতেছেন আমি তাহাকে সুবিধা মনে করি না। কাল্পনিক সৃষ্টি বিস্তার করিতে পারি বলিয়া অর্থলাভ জ্ঞানলাভ এবং সৌন্দর্যভোগ সম্বন্ধে আমাদের একটা ঔদাসীন্যজড়িত সন্তোষের ভাব আছে। আমাদের বিশেষ-কিছু আবশ্যক নাই। যুরোপীয়েরা তাঁহাদের বৈজ্ঞানিক অনুমানকে কঠিন প্রমাণের দ্বারা সহস্র বার করিয়া পরীক্ষা করিয়া দেখেন, তথাপি তাঁহাদের সন্দেহ মিটিতে চায় না— আমরা মনের মধ্যে যদি বেশ একটা সুসংগত এবং সুগঠিত মত খাড়া করিতে পারি তবে তাহার সুসংগতি এবং সুষমাই আমাদের নিকট সর্বোৎকৃষ্ট প্রমাণ বলিয়া গণ্য হয়, তাহাকে বহির্জগতে পরীক্ষা করিয়া দেখা বাহুল্য বোধ করি। জ্ঞানবৃত্তি সম্বন্ধে যেমন, হৃদয়বৃত্তি সম্বন্ধেও সেইরূপ। আমরা সৌন্দর্যরসের চর্চা করিতে চাই, কিন্তু সেজন্য অতি যত্নসহকারে মনের আদর্শকে বাহিরে মূর্তিমান করিয়া তোলা আবশ্যক বোধ করি না— যেমন-তেমন একটা-কিছু হইলেই সন্তুষ্ট থাকি ; এমন-কি, আলংকারিক অতুষ্টির অনুসরণ করিয়া একটা বিকৃত মূর্তি খাড়া করিয়া তুলি এবং সেই অসংগত বিরূপ বিসদৃশ ব্যাপারকে মনে মনে আপন ইচ্ছামত ভাবে পরিণত করিয়া তাহাতেই পরিতৃপ্ত হই ; আপন দেবতাকে, আপন সৌন্দর্যের আদর্শকে প্রকৃতরূপে সুন্দর করিয়া তুলিবার চেষ্টা করি না। ভক্তিরসের চর্চা করিতে চাই, কিন্তু যথার্থ ভক্তির পাত্র অন্বেষণ করিবার কোনো আবশ্যিকতা বোধ করি না— অপাত্রে ভক্তি করিয়াও আমরা সন্তোষে থাকি।

সেইজন্য আমরা বলি গুরুদেব আমাদের পূজনীয়, এ কথা বলি না যে যিনি পূজনীয় তিনি আমাদের গুরু । হয়তো গুরু আমার কানে যে মন্ত্র দিয়াছেন তাহার অর্থ তিনি কিছুই বুঝেন না, হয়তো গুরুঠাকুর আমার মিথ্যা মোকদ্দমায় প্রধান মিথ্যাসাক্ষী, তথাপি তাঁহার পদধূলি আমার শিরোধার্য— এরূপ মত গ্রহণ করিলে ভক্তির জন্য ভক্তিভাজনকে খুঁজিতে হয় না, দিব্য আরামে ভক্তি করা যায় ।

সমীর কহিল— ইংরাজি শিক্ষার প্রভাবে আমাদের মধ্যে ইহার ব্যতিক্রম ঘটিতেছে । বঙ্কিমের কৃষ্ণচরিত্র তাহার একটি উদাহরণ । বঙ্কিম কৃষ্ণকে পূজা করিবার এবং কৃষ্ণপূজা প্রচার করিবার পূর্বে কৃষ্ণকে নির্মল এবং সুন্দর করিয়া তুলিবার চেষ্টা করিয়াছেন । এমন-কি, কৃষ্ণের চরিত্রে অনৈসর্গিক যাহা-কিছু ছিল তাহাও তিনি বর্জন করিয়াছেন । তিনি কৃষ্ণকে তাঁহার নিজের উচ্চতম আদর্শের উপর প্রতিষ্ঠিত করিবার চেষ্টা করিয়াছেন । তিনি এ কথা বলেন নাই যে, দেবতার কোনো কিছুতেই দোষ নাই, তেজীয়ানের পক্ষে সমস্ত মার্জনীয় । তিনি এক নূতন অসন্তোষের সূত্রপাত করিয়াছেন ; তিনি পূজা-বিতরণের পূর্বে প্রাণপণ চেষ্টায় দেবতাকে অশ্বেষণ করিয়াছেন ও হাতের কাছে যাহাকে পাইয়াছেন তাহাকেই নমোনমঃ করিয়া সন্তুষ্ট হন নাই ।

ক্ষিতি কহিল— এই অসন্তোষটি না থাকাতে বহুকাল হইতে আমাদের সমাজে দেবতাকে দেবতা হইবার, পূজ্যকে উন্নত হইবার, মূর্তিকে ভাবের অনুরূপ হইবার প্রয়োজন হয় নাই । ব্রাহ্মণকে দেবতা বলিয়া জানি, সেইজন্য বিনা চেষ্টায় তিনি পূজা প্রাপ্ত হন, এবং আমাদেরও ভক্তিবৃত্তি অতি অনায়াসে চরিতার্থ হয় । স্বামীকে দেবতা বলিলে স্ত্রীর ভক্তি পাইবার জন্য স্বামীর কিছুমাত্র যোগ্যতালাভের আবশ্যিক হয় না, এবং স্ত্রীকেও যথার্থ ভক্তির যোগ্য স্বামী-অভাবে অসন্তোষ অনুভব করিতে হয় না । সৌন্দর্য অনুভব করিবার জন্য সুন্দর জিনিসের আবশ্যিকতা নাই, ভক্তি বিতরণ করিবার জন্য ভক্তিভাজনের প্রয়োজন নাই, এরূপ পরমসন্তোষের অবস্থাকে আমি সুবিধা মনে করি না । ইহাতে কেবল সমাজের দীনতা, শ্রীহীনতা এবং অবনতি ঘটিতে থাকে । বহির্জগৎটাকে উত্তরোত্তর বিলুপ্ত করিয়া দিয়া মনোজগৎকেই সর্বপ্রাধান্য দিতে গেলে যে ডালে বসিয়া আছি সেই ডালকেই কুঠারাঘাত করা হয় ।

মাঘ ১৩০১

ভদ্রতার আদর্শ

শ্রোতস্বিনী কহিল— দেখো, বাড়িতে ক্রিয়াকর্ম আছে, তোমরা ব্যোমকে একটু ভদ্রবেশ পরিয়া আসিতে বলিয়ে ।

শুনিয়া আমরা সকলে হাসিতে লাগিলাম । দীপ্তি একটু রাগ করিয়া বলিল— না, হাসিবার কথা নয় ; তোমরা ব্যোমকে সাবধান করিয়া দাও না বলিয়া সে ভদ্রসমাজে এমন উন্মাদের মতো সাজ করিয়া আসে । এ-সকল বিষয়ে একটু সামাজিক শাসন থাকা দরকার ।

সমীর কথাটাকে ফলাইয়া তুলিবার অভিপ্রায়ে জিজ্ঞাসা করিল— কেন দরকার ?

দীপ্তি কহিল— কাব্যরাজ্যে কবির শাসন যেমন কঠিন— কবি যেমন ছন্দের কোনো শৈথিল্য, মিলের কোনো ত্রুটি, শব্দের কোনো ক্লান্ততা মার্জনা করিতে চাহে না— আমাদের আচারব্যবহার বসনভূষণ সম্বন্ধে সমাজ-পুরুষের শাসন তেমনি কঠিন হওয়া উচিত, নতুবা সমগ্র সমাজের ছন্দ এবং সৌন্দর্য কখনোই রক্ষা হইতে পারে না ।

ক্ষিতি কহিল— ব্যোম বেচারী যদি মানুষ না হইয়া শব্দ হইত তাহা হইলে এ কথা নিশ্চয় বলিতে পারি, ভট্টিকাব্যেও তাহার স্থান হইত না ; নিঃসন্দেহ তাহাকে মুক্তবোধের সূত্র অবলম্বন করিয়া বাস করিতে হইত ।

আমি কহিলাম— সমাজকে সুন্দর সুশিষ্ট সুশৃঙ্খল করিয়া তোলা আমাদের সকলেরই কর্তব্য সে

কথা মানি, কিন্তু অন্যমনস্ক ব্যোম বেচারা যখন সে কর্তব্য বিস্মৃত হইয়া দীর্ঘ পদবিক্ষেপে চলিয়া যায় তখন তাহাকে মন্দ লাগে না।

দীপ্তি কহিল— ভালো কাপড় পরিলে তাহাকে আরো ভালো লাগিত।

ক্ষিত্তি কহিল— সত্য বলো দেখি, ভালো কাপড় পরিলে ব্যোমকে কি ভালো দেখাইত? হাতির যদি ঠিক ময়ূরের মতো পেখম হয় তাহা হইলে কি তাহার সৌন্দর্যবৃদ্ধি হয়? আবার ময়ূরের পক্ষেও হাতির লেজ শোভা পায় না— তেমনি আমাদের ব্যোমকে সমীরের পোশাকে মানায় না, আবার সমীর যদি ব্যোমের পোশাক পরিয়া আসে উহাকে ঘরে ঢুকিতে দেওয়া যায় না।

সমীর কহিল— আসল কথা, বেশভূষা আচারব্যবহারের স্বলন যেখানে শৈথিল্য অজ্ঞতা ও জড়ত্ব সূচনা করে সেইখানেই তাহা কদর্য দেখিতে হয়। সেইজন্য আমাদের বাঙালিসমাজ এমন শ্রীবিহীন। লক্ষ্মীছাড়া যেমন সমাজছাড়া, তেমনি বাঙালিসমাজ যেন পৃথ্বীসমাজের বাহিরে। হিন্দুস্থানীর সেলামের মতো বাঙালির কোনো সাধারণ অভিবাদন নাই। তাহার কারণ, বাঙালি কেবল ঘরের ছেলে, কেবল গ্রামের লোক; সে কেবল আপনার গৃহসম্পর্ক এবং গ্রামসম্পর্ক জানে, সাধারণ পৃথিবীর সহিত তাহার কোনো সম্পর্ক নাই— এজন্য অপরিচিত সমাজে সে কোনো শিষ্টাচারের নিয়ম খুঁজিয়া পায় না। একজন হিন্দুস্থানি ইংরাজকেই হউক আর চীনেম্যানকেই হউক ভদ্রতাস্থলে সকলকেই সেলাম করিতে পারে— আমরা সে স্থলে নমস্কার করিতেও পারি না, সেলাম করিতেও পারি না, আমরা সেখানে বর্বর। বাঙালি স্ত্রীলোক যথেষ্ট আবৃত নহে এবং সর্বদাই অসম্বৃত— তাহার কারণ, সে ঘরেই আছে, এইজন্য ভাঙুর-শ্বশুর-সম্পর্কীয় গৃহপ্রচলিত যে-সকল কৃত্রিম লজ্জা তাহা তাহার প্রচুর পরিমাণেই আছে, কিন্তু সাধারণ ভদ্রসমাজসংগত লজ্জা সম্বন্ধে তাহার সম্পূর্ণ শৈথিল্য দেখা যায়। গায়ে কাপড় রাখা বা না-রাখার বিষয়ে বাঙালি পুরুষদেরও অপরিপূর্ণ ঔদাসীণ্য; চিরকাল অধিকাংশ সময় আত্মীয়সমাজে বিচরণ করিয়া এ সম্বন্ধে একটা অবহেলা তাহার মনে দৃঢ় বদ্ধমূল হইয়া গিয়াছে। অতএব বাঙালির বেশভূষা চাল-চলনের অভাবে একটা অপরিমিত আলস্য শৈথিল্য স্বেচ্ছাচার ও আত্মসম্মানের অভাব প্রকাশ পায়, সুতরাং তাহা যে বিশুদ্ধ বর্বরতা তাহাতে আর সন্দেহ নাই।

আমি কহিলাম— কিন্তু সেজন্য আমরা লজ্জিত নহি। যেমন রোগবিশেষে মানুষ যাহা খায় তাহাই শরীরের মধ্যে শর্করা হইয়া উঠে, তেমনি আমাদের দেশের ভালোমন্দ সমস্তই আশ্চর্য মানসিক-বিকার-বশত কেবল অতিমিষ্ট অহংকারের বিষয়েই পরিণত হইতেছে। আমরা বলিয়া থাকি আমাদের সভ্যতা আধ্যাত্মিক সভ্যতা, অশনবসনগত সভ্যতা নহে, সেইজন্যই এই-সকল জড় বিষয়ে আমাদের এত অনাসক্তি।

সমীর কহিল— উচ্চতম বিষয়ে সর্বদা লক্ষ্য স্থির রাখাতে নিম্নতম বিষয়ে যঁহাদের বিস্মৃতি ও ঔদাসীণ্য জন্মে তাঁহাদের সম্বন্ধে নিন্দার কথা কাহারও মনেও আসে না। সকল সভ্যসমাজেই একরূপ এক সম্প্রদায়ের লোক সমাজের বিরল উচ্চশিখরে বাস করিয়া থাকেন। অতীত ভারতবর্ষে অধ্যয়ন-অধ্যাপন-শীল ব্রাহ্মণ এই-শ্রেণী-ভুক্ত ছিলেন; তাঁহারা যে ক্ষত্রিয়-বৈশ্যের ন্যায় সাজসজ্জা ও কাজকর্মে নিরত থাকিবেন এমন কেহ আশা করিত না। যুরোপেও সে সম্প্রদায়ের লোক ছিল এবং এখনো আছে। মধ্যযুগের আচার্যদের কথা ছাড়িয়া দেওয়া যাক, আধুনিক যুরোপেও নিউটনের মতো লোক যদি নিতান্ত হাল-ফ্যাশানের সাক্ষ্যবেশ না পরিয়াও নিমন্ত্রণে যান এবং লৌকিকতার সমস্ত নিয়ম অক্ষরে অক্ষরে পালন না করেন, তথাপি সমাজ তাঁহাকে শাসন করে না, উপহাস করিতেও সাহস করে না। সর্বদেশে সর্বকালেই স্বল্পসংখ্যক মহাত্মা লোকসমাজের মধ্যে থাকিয়াও সমাজের বাহিরে থাকেন, নতুবা তাঁহারা কাজ করিতে পারেন না এবং সমাজও তাঁহাদের নিকট হইতে সামাজিকতার ক্ষুদ্র শুল্কগুলি আদায় করিতে নিরস্ত থাকে। কিন্তু আশ্চর্যের বিষয় এই যে বাংলাদেশে, কেবল কতকগুলি লোক নহে, আমরা দেশসুদ্ধ সকলেই সকল প্রকার স্বভাববৈচিত্র্য ভুলিয়া সেই সমাজাতীত আধ্যাত্মিক শিখরে অবহেলে চড়িয়া বসিয়া আছি। আমরা টিলা কাপড় এবং অত্যন্ত টিলা আদব-কায়দা লইয়া দিবা আরামে ছুটি ভোগ করিতেছি— আমরা যেমন করিয়াই থাকি আর যেমন করিয়াই চলি তাহাতে

কাহারও সমালোচনা করিবার কোনো অধিকার নাই— কারণ, আমরা উত্তম মধ্যম অধম সকলেই খাটো ধুতি ও ময়লা চাদর পরিয়া নির্গুণ ব্রহ্মে লয় পাইবার জন্য প্রস্তুত হইয়া বসিয়া আছি।

হেনকালে ব্যোম তাহার বৃহৎ লগুড়খানি হাতে করিয়া আসিয়া উপস্থিত। তাহার বেশ অন্য দিনের অপেক্ষাও অদ্ভুত; তাহার কারণ, আজ ক্রিয়াকর্মের বাড়ি বলিয়াই তাহার প্রাত্যহিক বেশের উপরে বিশেষ করিয়া একখানা অনির্দিষ্ট-আকৃতি চাপকান গোছের পদার্থ চাপাইয়া আসিয়াছে; তাহার আশপাশ হইতে ভিতরকার অসংগত কাপড়গুলার প্রান্ত স্পষ্ট দেখা যাইতেছে— দেখিয়া আমাদের হাস্য সংবরণ করা দুঃসাধ্য হইয়া উঠিল এবং দীপ্তি ও স্রোতস্বিনীর মনে যথেষ্ট অবজ্ঞার উদয় হইল।

ব্যোম জিজ্ঞাসা করিল— তোমাদের কী বিষয়ে আলাপ হইতেছে?

সমীর আমাদের আলোচনার কিয়দংশ সংক্ষেপে বলিয়া কহিল— আমরা দেশসুদ্ধ সকলেই বৈরাগ্যের 'ভেক' ধারণ করিয়াছি।

ব্যোম কহিল— বৈরাগ্য ব্যতীত কোনো বৃহৎ কর্ম হইতেই পারে না। আলোকের সহিত যেমন ছায়া, কর্মের সহিত তেমনি বৈরাগ্য নিয়ত সংযুক্ত হইয়া আছে। যাহার যে পরিমাণে বৈরাগ্যে অধিকার পৃথিবীতে সে সেই পরিমাণে কাজ করিতে পারে।

ক্ষিতি কহিল— সেইজন্য পৃথিবীসুদ্ধ লোক যখন সুখের প্রত্যাশায় সহস্র চেষ্টায় নিযুক্ত ছিল তখন বৈরাগী ডারুয়িন সংসারের সহস্র চেষ্টা পরিত্যাগ করিয়া কেবল প্রমাণ করিতেছিলেন যে, মানুষের আদিপুরুষ বানর ছিল। এই সমাচারটি আহরণ করিতে ডারুয়িনকে অনেক বৈরাগ্য সাধন করিতে হইয়াছিল।

ব্যোম কহিল— বহুতর আসক্তি হইতে গারিবাল্ডি যদি আপনাকে স্বাধীন করিতে না পারিতেন তবে ইটালিকেও তিনি স্বাধীন করিতে পারিতেন না। যে-সকল জাতি কনিষ্ঠ জাতি তাহারাই যথার্থ বৈরাগ্য জানে। যাহারা জ্ঞানলাভের জন্য জীবন ও জীবনের সমস্ত আরাম তুচ্ছ করিয়া মেরুপ্রদেশের হিমশীতল মৃত্যুশালার তুষাররুদ্ধ কঠিন দ্বারদেশে বারংবার আঘাত করিতে ধাবিত হইতেছে, যাহারা ধর্মবিতরণের জন্য নরমাংসভুক রাক্ষসের দেশে চিরনির্বাসন বহন করিতেছে, যাহারা মাতৃভূমির আহ্বানে মুহূর্তকালের মধ্যেই ধনজনযৌবনের সুখশয্যা হইতে গাত্রোথান করিয়া দুঃসহ ক্রেশ এবং অতি নিষ্ঠুর মৃত্যুর মধ্যে ঝাঁপ দিয়া পড়ে, তাহারাই জানে যথার্থ বৈরাগ্য কাহাকে বলে। আর আমাদের এই কর্মহীন শ্রীহীন নিশ্চেষ্ট নির্জীব বৈরাগ্য কেবল অধঃপতিত জাতির মূর্ছাবস্থামাত্র— উহা জড়ত্ব, উহা অহংকারের বিষয় নহে।

ক্ষিতি কহিল— আমাদের এই মূর্ছাবস্থাকে আমরা আধ্যাত্মিক 'দশা' পাওয়ার অবস্থা মনে করিয়া নিজের প্রতি নিজে ভক্তিতে বিহ্বল হইয়া বসিয়া আছি।

ব্যোম কহিল— কর্মীকে কর্মের কঠিন নিয়ম মানিয়া চলিতে হয়, সেইজন্যেই সে আপন কর্মের নিয়মপালন উপলক্ষে সমাজের অনেক ছোটো কর্তব্য উপেক্ষা করিতে পারে— কিন্তু অকর্মণ্যের সে অধিকার থাকিতে পারে না। যে লোক তাড়াতাড়ি আপিসে বাহির হইতেছে তাহার নিকটে সমাজ সুদীর্ঘ সুসম্পূর্ণ শিষ্টালাপ প্রত্যাশা করে না। ইংরাজ মালী যখন গায়ের কোর্তা খুলিয়া হাতের আস্তিন গুটাইয়া বাগানের কাজ করে তখন তাহাকে দেখিয়া তাহার অভিজাতবংশীয়া প্রভুমহিলার লজ্জা পাইবার কোনো কারণ নাই। কিন্তু আমরা যখন কোনো কাজ নাই, কর্ম নাই, দীর্ঘ দিন রাজপথপার্শ্বে নিজের গৃহদ্বারপ্রান্তে স্থূল বর্তূল উদর উদ্ঘাটিত করিয়া, হাঁটুর উপর কাপড় গুটাইয়া, নির্বোধের মতো তামাক টানি, তখন বিশ্বজগতের সম্মুখে কোন্ মহৎ বৈরাগ্যের কোন্ উন্নত আধ্যাত্মিকতার দোহাই দিয়া এই কুশ্রী বর্বরতা প্রকাশ করিয়া থাকি! যে বৈরাগ্যের সঙ্গে কোনো মহত্তর সচেষ্ট সাধনা সংযুক্ত নাই তাহা অসভ্যতার নামান্তর মাত্র।

ব্যোমের মুখে এই-সকল কথা শুনিয়া স্রোতস্বিনী আশ্চর্য হইয়া গেল। কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া বলিল— আমরা সকল ভদ্রলোকেই যত দিন না আপন ভদ্রতা রক্ষার কর্তব্য সর্বদা মনে রাখিয়া আপনাদিগকে বেশে ব্যবহারে বাসস্থানে সর্বতোভাবে ভদ্র করিয়া রাখিবার চেষ্টা করিব তত দিন আমরা

আত্মসম্মান লাভ করিব না এবং পরের নিকট সম্মান প্রাপ্ত হইব না । আমরা নিজের মূল্য নিজে অত্যন্ত কমাইয়া দিয়াছি ।

ক্ষিতি কহিল— সে মূল্য বাড়াইতে হইলে এ দিকে বেতনবৃদ্ধি করিতে হয়, সেটা প্রভুদের হাতে ।

দীপ্তি কহিল— বেতনবৃদ্ধি নহে, চেতনবৃদ্ধির আবশ্যিক । আমাদের দেশের ধনীরাও যে অশোভন ভাবে থাকে সেটা কেবল জড়তা এবং মূঢ়তা বশত, অর্থের অভাবে নহে । যাহার টাকা আছে সে মনে করে জুড়িগাড়ি না হইলে তাহার ঐশ্বর্য প্রমাণ হয় না, কিন্তু তাহার অন্তঃপুরে প্রবেশ করিলে দেখা যায় যে, তাহা ভদ্রলোকের গোশালারও অযোগ্য । অহংকারের পক্ষে যে আয়োজন আবশ্যিক তাহার প্রতি আমাদের দৃষ্টি আছে, কিন্তু আত্মসম্মানের জন্য স্বাস্থ্যশোভার জন্য যাহা আবশ্যিক তাহার বেলায় আমাদের টাকা কুলায় না । আমাদের মেয়েরা এ কথা মনেও করে না যে, সৌন্দর্যবৃদ্ধির জন্য যতটুকু অলংকার আবশ্যিক তাহার অধিক পরিয়া ধনগর্ব প্রকাশ করিতে যাওয়া ইতরজনোচিত অভদ্রতা— এবং সেই অহংকারতৃপ্তির জন্য টাকার অভাব হয় না, কিন্তু প্রাক্ষণপূর্ণ আবর্জনা এবং শয়নগৃহভিত্তির তৈলকঙ্জলময় মলিনতা -মোচনের জন্য তাহাদের কিছুমাত্র সত্বরতা নাই । টাকার অভাব নহে, আমাদের দেশে যথার্থ ভদ্রতার আদর্শ এখনো প্রতিষ্ঠিত হয় নাই ।

শ্রোতস্বিনী কহিল— তাহার প্রধান কারণ, আমরা অলস । টাকা থাকিলেই বড়োমানুষি করা যায়, টাকা না থাকিলেও ধার করিয়া নবাবি করা চলে, কিন্তু ভদ্র হইতে গেলে আলস্য-অবহেলা বিসর্জন করিতে হয়, সর্বদা আপনাকে উন্নত সামাজিক আদর্শের উপযোগী করিয়া প্রস্তুত রাখিতে হয়, নিয়ম স্বীকার করিয়া আত্মবিসর্জন করিতে হয় ।

ক্ষিতি কহিল— কিন্তু আমরা মনে করি আমরা স্বভাবের শিশু, অতএব অত্যন্ত সরল । ধুলায় কাদায় নগ্নতায়, সর্বপ্রকার নিয়মহীনতায় আমাদের কোনো লজ্জা নাই— আমাদের সকলই অকৃত্রিম এবং সকলই আধ্যাত্মিক ।

শ্রাবণ ১৩০২

অপূর্ব রামায়ণ

বাড়িতে একটা শুভকার্য ছিল, তাই বিকালের দিকে অদূরবর্তী মঞ্চের উপর হইতে বারোয়া রাগিণীতে নহবত বাজিতেছিল । ব্যোম অনেকক্ষণ মুদ্রিতচক্ষে থাকিয়া হঠাৎ চক্ষু খুলিয়া বলিতে আরম্ভ করিল—

আমাদের এই-সকল দেশীয় রাগিণীর মধ্যে একটা পরিব্যাপ্ত মৃত্যুশোকের ভাব আছে ; সুরগুলি কাঁদিয়া কাঁদিয়া বলিতেছে, সংসারে কিছুই স্থায়ী হয় না । সংসারে সকলই অস্থায়ী, এ কথাটা সংসারীর পক্ষে নূতন নহে, প্রিয়ও নহে, ইহা একটা অটল কঠিন সত্য ; কিন্তু তবু এটা বাঁশির মুখে শুনিতে এত ভালো লাগিতেছে কেন ? কারণ, বাঁশিতে জগতের এই সর্বাপেক্ষা সুকঠোর সত্যটাকে সর্বাপেক্ষা সুমধুর করিয়া বলিতেছে— মনে হইতেছে, মৃত্যুটা এই রাগিণীর মতো সক্রমণ বটে, কিন্তু এই রাগিণীর মতোই সুন্দর । জগৎসংসারের বক্ষের উপরে সর্বাপেক্ষা গুরুতম যে জগদ্দল পাথরটা চাপিয়া আছে এই গানের সুরে সেইটাকে কী-এক মন্ত্রবলে লঘু করিয়া দিতেছে । একজনের হৃদয়কুহর হইতে উচ্ছ্বসিত হইয়া উঠিলে যে বেদনা চীৎকার হইয়া বাজিয়া উঠিত, ক্রন্দন হইয়া ফাটিয়া পড়িত, বাঁশি তাহাই সমস্ত জগতের মুখ হইতে ধ্বনিত করিয়া তুলিয়া এমন অগাধকরণাপূর্ণ অথচ অনন্তসাস্তুনাময় রাগিণীর সৃষ্টি করিতেছে ।

দীপ্তি এবং শ্রোতস্বিনী আতিথ্যের কাজ সারিয়া সবেমাত্র আসিয়া বসিয়াছিল, এমন সময় আজিকার এই মঙ্গলকার্যের দিনে ব্যোমের মুখে মৃত্যুসম্বন্ধীয় আলোচনায় অত্যন্ত বিরক্ত হইয়া উঠিয়া গেল । ব্যোম তাহাদের বিরক্তি না বুঝিতে পারিয়া অবিচলিত অল্লানমুখে বলিয়া যাইতে লাগিল । নহবতটা বেশ লাগিতেছিল, আমরা আর সেদিন বড়ো তর্ক করিলাম না ।

ব্যোম কহিল— আজিকার এই ঝাঁশি শুনিতে শুনিতে একটা কথা বিশেষ করিয়া আমার মনে উদয় হইতেছে। প্রত্যেক কবিতার মধ্যে একটি বিশেষ রস থাকে— অলংকারশাস্ত্রে যাহাকে আদি করুণ শাস্তি-নামক ভিন্ন ভিন্ন নামে ভাগ করিয়াছে; আমার মনে হইতেছে, জগৎরচনাকে যদি কাব্যহিসাবে দেখা যায় তবে মৃত্যুই তাহার সেই প্রধান রস, মৃত্যুই তাহাকে যথার্থ কবিত্ব অর্পণ করিয়াছে। যদি মৃত্যু না থাকিত, জগতের যেখানকার যাহা তাহা চিরকাল সেইখানেই যদি অবিকৃত ভাবে দাঁড়াইয়া থাকিত, তবে জগৎটা একটা চিরস্থায়ী সমাধিমন্দিরের মতো অত্যন্ত সংকীর্ণ, অত্যন্ত কঠিন, অত্যন্ত বদ্ধ হইয়া রহিত। এই অনন্ত নিশ্চলতার চিরস্থায়ী ভার বহন করা প্রাণীদের পক্ষে বড়ো দুরূহ হইত। মৃত্যু এই অস্তিত্বের ভীষণ ভারকে সর্বদা লঘু করিয়া রাখিয়াছে, এবং জগৎকে বিচরণ করিবার অসীম ক্ষেত্র দিয়াছে। যে দিকে মৃত্যু সেই দিকেই জগতের অসীমতা। সেই অনন্ত রহস্যভূমির দিকেই মানুষের সমস্ত কবিতা, সমস্ত সংগীত, সমস্ত ধর্মতত্ত্ব, সমস্ত তৃপ্তিহীন বাসনা সমুদ্রপারগামী পক্ষীর মতো নীড় অশ্বেষণে উড়িয়া চলিয়াছে। একে, যাহা প্রত্যক্ষ, যুগ্ম বর্তমান, তাহা আমাদের পক্ষে অত্যন্ত প্রবল, আবার তাহাই যদি চিরস্থায়ী হইত তবে তাহার একেশ্বর দৌরাণ্যের আর শেষ থাকিত না— তবে তাহার উপরে আর আপিল চলিত কোথায়? তবে কে নির্দেশ করিয়া দিত ইহার বাহিরেও অসীমতা আছে? অনন্তের ভার এ জগৎ কেমন করিয়া বহন করিত মৃত্যু যদি সেই অনন্তকে আপনার চিরপ্রবাহে নিত্যকাল ভাসমান করিয়া না রাখিত?

সমীর কহিল— মরিতে না হইলে ঝাঁশিয়া থাকিবার কোনো মর্যাদাই থাকিত না। এখন জগৎসুন্দর লোক যাহাকে অবজ্ঞা করে সেও মৃত্যু আছে বলিয়াই জীবনের গৌরবে গৌরবান্বিত।

ক্ষিত্তি কহিল— আমি সেজন্য বেশি চিন্তিত নহি; আমার মতে মৃত্যুর অভাবে কোনো বিষয়ে কোথাও দাঁড়ি দিবার জো থাকিত না সেইটাই সব চেয়ে চিন্তার কারণ। সে অবস্থায় ব্যোম যদি অদ্বৈততত্ত্ব সম্বন্ধে আলোচনা উত্থাপন করিত কেহ জোড়হাত করিয়া এ কথা বলিতে পারিত না যে, ভাই, এখন আর সময় নাই, অতএব ক্ষান্ত হও। মৃত্যু না থাকিলে অবসরের অন্ত থাকিত না। এখন মানুষ নিদেন সাত-আট বৎসর বয়সে অধ্যয়ন আরম্ভ করিয়া পঁচিশ বৎসর বয়সের মধ্যে কলেজের ডিগ্রি লইয়া অথবা দিব্য ফেল করিয়া নিশ্চিন্ত হয়.; তখন কোনো বিশেষ বয়সে আরম্ভ করারও কারণ থাকিত না, কোনো বিশেষ বয়সে শেষ করিবারও তাড়া থাকিত না। সকলপ্রকার কাজকর্ম ও জীবনযাত্রার কমা সেমিকোলন দাঁড়ি একেবারেই উঠিয়া যাইত।

ব্যোম এ-সকল কথায় যথেষ্ট কর্ণপাত না করিয়া নিজের চিন্তাসূত্র অনুসরণ করিয়া বলিয়া গেল— জগতের মধ্যে মৃত্যুই কেবল চিরস্থায়ী— সেইজন্য আমাদের সমস্ত চিরস্থায়ী আশা ও বাসনাকে সেই মৃত্যুর মধ্যেই প্রতিষ্ঠিত করিয়াছি। আমাদের স্বর্গ, আমাদের পুণ্য, আমাদের অমরতা সব সেইখানেই। যে-সব জিনিস আমাদের এত প্রিয় যে, কখনো তাহাদের বিনাশ কল্পনাও করিতে পারি না, সেগুলিকে মৃত্যুর হস্তে সমর্পণ করিয়া দিয়া জীবনান্ত কাল অপেক্ষা করিয়া থাকি। পৃথিবীতে বিচার নাই, সুবিচার মৃত্যুর পরে; পৃথিবীতে প্রাণপণ বাসনা নিষ্ফল হয়, সফলতা মৃত্যুর কল্পতরুতলে। জগতের আর-সকল দিকেই কঠিন স্থূল বস্তুরাশি আমাদের মানস আদর্শকে প্রতিহত করে, আমাদের অমরতা অসীমতাকে অপ্রমাণ করে— জগতের যে সীমায় মৃত্যু, যেখানে সমস্ত বস্তুর অবসান, সেইখানেই আমাদের প্রিয়তম প্রবলতম বাসনার, আমাদের শুচিতম সুন্দরতম কল্পনার, কোনো প্রতিবন্ধক নাই। আমাদের শিব শ্মশানবাসী— আমাদের সর্বোচ্চ মঙ্গলের আদর্শ মৃত্যুনিকেতনে।

মুলতান-বারোয়া শেষ করিয়া সূর্যাস্তকালের স্বর্ণাভ অন্ধকারের মধ্যে নহবতে পূর্বী বাজিতে লাগিল। সমীর বলিল— মানুষ মৃত্যুর পারে যে-সকল আশা-আকাঙ্ক্ষাকে নির্বাসিত করিয়া দিয়াছে, এই ঝাঁশির সুরে সেই-সকল চিরাশ্রুসজল হৃদয়ের ধনগুলিকে পুনর্বার মনুষ্যলোকে ফিরাইয়া আনিতেছে। সাহিত্য এবং সংগীত এবং সমস্ত ললিতকলা, মনুষ্যহৃদয়ের সমস্ত নিত্য পদার্থকে মৃত্যুর পরকালপ্রাপ্ত হইতে ইহজীবনের মাঝখানে আনিয়া প্রতিষ্ঠিত করিতেছে। বলিতেছে, পৃথিবীকে স্বর্গ, বাস্তবকে সুন্দর এবং এই ক্ষণিক জীবনকেই অমর করিতে হইবে। মৃত্যু যেমন জগতের অসীম রূপ

ব্যক্ত করিয়া দিয়াছে, তাহাকে এক অনন্ত বাসরশয্যায় এক পরমরহস্যের সহিত পরিণয়পাশে বদ্ধ করিয়া রাখিয়াছে, সেই রুদ্ধদ্বার বাসরগৃহের গোপন বাতায়নপথ হইতে অনন্ত সৌন্দর্যের সৌগন্ধ এবং সংগীত আসিয়া আমাদের স্পর্শ করিতেছে, তেমনি সাহিত্যরস এবং কলারস আমাদের জড়ভারগ্রস্ত বিক্ষিপ্ত প্রাত্যহিক জীবনের মধ্যে প্রত্যক্ষের সহিত অপ্রত্যক্ষের, অনিত্যের সহিত নিত্যের, তুচ্ছের সহিত সুন্দরের, ব্যক্তিগত ক্ষুদ্র সুখদুঃখের সহিত বিশ্বব্যাপী বৃহৎ রাগিণীর যোগসাধন করিয়া তুলিতেছে। আমাদের সমস্ত প্রেমকে পৃথিবী হইতে প্রত্যাহরণ করিয়া মৃত্যুর পারে পাঠাইয়া দিব, না, এই পৃথিবীতেই রাখিব, ইহা লইয়াই তর্ক। আমাদের প্রাচীন বৈরাগ্যধর্ম বলিতেছে, পরকালের মধ্যেই প্রকৃত প্রেমের স্থান; নবীন সাহিত্য এবং ললিতকলা বলিতেছে, ইহলোকেই আমরা তাহার স্থান দেখাইয়া দিতেছি।

ক্ষিত্তি কহিল— এই প্রসঙ্গে আমি এক অপূর্ব রামায়ণ-কথা বলিয়া সভাভঙ্গ করিতে ইচ্ছা করি।

রাজা রামচন্দ্র— অর্থাৎ মানুষ— প্রেম-নামক সীতাকে নানা রাক্ষসের হাত হইতে রক্ষা করিয়া আনিয়া নিজের অযোধ্যাপুরীতে পরমসুখে বাস করিতেছিলেন। এমন সময় কতকগুলি ধর্মশাস্ত্র দল বাধিয়া এই প্রেমের নামে কলঙ্ক রটনা করিয়া দিল। বলিল, উনি অনিত্য পদার্থের সহিত একত্র বাস করিয়াছেন, উহাকে পরিত্যাগ করিতে হইবে। বাস্তবিক অনিত্যের ঘরে রুদ্ধ থাকিয়াও এই দেবাংশজাত রাজকুমারীকে যে কলঙ্ক স্পর্শ করিতে পারে নাই, সে কথা এখন কে প্রমাণ করিবে? এক, অগ্নিপরীক্ষা আছে, সে তো দেখা হইয়াছে— অগ্নিতে ইহাকে নষ্ট না করিয়া আরো উজ্জ্বল করিয়া দিয়াছে। তবু শাস্ত্রের কানাকানিতে অবশেষে এই রাজা প্রেমকে একদিন মৃত্যু-তমসার তীরে নির্বাসিত করিয়া দিলেন! ইতিমধ্যে মহাকবি এবং তাঁহার শিষ্যবৃন্দের আশ্রয়ে থাকিয়া এই অনাথিনী কুশ এবং লব, কাব্য এবং ললিতকলা-নামক যুগল-সন্তান, প্রসব করিয়াছেন। সেই দুটি শিশুই কবির কাছে রাগিণী শিক্ষা করিয়া রাজসভায় আজ তাহাদের পরিত্যক্ত জননীর যশোগান করিতে আসিয়াছে। এই নবীন গায়কের গানে বিরহী রাজার চিত্ত চঞ্চল এবং তাঁহার চক্ষু অশ্রুসিক্ত হইয়া উঠিয়াছে। এখনো উত্তরকাণ্ড সম্পূর্ণ শেষ হয় নাই। এখনো দেখিবার আছে— জয় হয় ত্যাগপ্রচারক প্রবীণ বৈরাগ্যধর্মের, না, প্রেমমঙ্গল-গায়ক দুটি অমর শিশুর।

আষাঢ় ১৩০২

বৈজ্ঞানিক কৌতূহল

বিজ্ঞানের আদিম উৎপত্তি এবং চরম লক্ষ্য লইয়া ব্যোম এবং ক্ষিত্তির মধ্যে মহা তর্ক বাধিয়া গিয়াছিল। তদুপলক্ষে ব্যোম কহিল— যদিও আমাদের কৌতূহলবৃত্তি হইতেই বিজ্ঞানের উৎপত্তি, তথাপি, আমার বিশ্বাস, আমাদের কৌতূহলটা ঠিক বিজ্ঞানের তল্লাশ করিতে বাহির হয় নাই; বরঞ্চ তাহার আকাঙ্ক্ষাটা সম্পূর্ণ অবৈজ্ঞানিক। সে খুঁজিতে যায় পরশপাথর, বাহির হইয়া পড়ে একটা প্রাচীন জীবের জীর্ণ বৃদ্ধাঙ্গুষ্ঠ; সে চায় আলাদিনের আশ্চর্য প্রদীপ, পায় দেশলাইয়ের বাস্ব; আল্‌কিমিটাই তাহার মনোগত উদ্দেশ্য, কেমিস্ট্রি তাহার অপ্ৰার্থিত সিদ্ধি; অ্যান্টিলজির জন্য সে আকাশ ঘিরিয়া জাল ফেলে, কিন্তু হাতে উঠিয়া আসে অ্যান্টিনমি। সে নিয়ম খোঁজে না, সে কার্যকারণশৃঙ্খলের নব নব অঙ্গুরী গণনা করিতে চায় না; সে খোঁজে নিয়মের বিচ্ছেদ; সে মনে করে কোন্ সময়ে এক জায়গায় আসিয়া হঠাৎ দেখিতে পাইবে সেখানে কার্যকারণের অনন্ত পুনরুক্তি নাই। সে চায় অভূতপূর্ব নূতনত্ব— কিন্তু বৃদ্ধ বিজ্ঞান নিঃশব্দে তাহার পশ্চাৎ পশ্চাৎ আসিয়া তাহার সমস্ত নূতনকে পুরাতন করিয়া দেয়, তাহার ইন্দ্রধনুকে পরকলা-বিচ্ছুরিত বর্ণমালার পরিবর্তিত সংস্করণ এবং পৃথিবীর গতিকে পৃথিবীতলফলপতনের সমশ্রেণীয় বলিয়া প্রমাণ করে।

যে নিয়ম আমাদের ধূলিকণার মধ্যে, অনন্ত আকাশ ও অনন্ত কালের সর্বত্রই সেই এক নিয়ম

প্রসারিত ; এই আবিষ্কারটি লইয়া আমরা আজকাল আনন্দ ও বিস্ময় প্রকাশ করিয়া থাকি । কিন্তু এই আনন্দ এই বিস্ময় মানুষের যথার্থ স্বাভাবিক নহে । সে অনন্ত আকাশে জ্যোতিষ্করাজ্যের মধ্যে যখন অনুসন্ধানদূত প্রেরণ করিয়াছিল তখন বড়ো আশা করিয়াছিল যে, ঐ জ্যোতির্ময় অন্ধকারময় ধামে ধূলিকণার নিয়ম নাই, সেখানে অত্যাশ্চর্য একটা স্বর্গীয় অনিয়মের উৎসব, কিন্তু এখন দেখিতেছে ঐ চন্দ্রসূর্য গ্রহনক্ষত্র, ঐ সপ্তর্ষিমণ্ডল, ঐ অশ্বিনী ভরণী কৃত্তিকা আমাদের এই ধূলিকণারই জ্যেষ্ঠ কনিষ্ঠ সহোদর-সহোদরা । এই নূতন তথ্যটি লইয়া আমরা যে আনন্দ প্রকাশ করি, তাহা আমাদের একটা নূতন কৃত্রিম অভ্যাস, তাহা আমাদের আদিম প্রকৃতিগত নহে ।

সমীর কহিল— সে কথা বড়ো মিথ্যা নহে । পরশপাথর এবং আলাদিনের প্রদীপের প্রতি প্রকৃতিস্থ মানুষমাত্রেরই একটা নিগূঢ় আকর্ষণ আছে । ছেলেবেলায় কথামালার এক গল্প পড়িয়াছিলাম যে, কোনো কৃষক মরিবার সময় তার পুত্রকে বলিয়া গিয়াছিল যে, অমুক ক্ষেত্রে তোমার জন্য আমি গুপ্তধন রাখিয়া গেলাম । সে বেচারি বিস্তর খুঁড়িয়া গুপ্তধন পাইল না, কিন্তু প্রচুর খননের গুণে সে জমিতে এত শস্য জন্মিল যে তাহার আর অভাব রহিল না । বালকপ্রকৃতি বালকমাত্রেরই এ গল্পটি পড়িয়া কষ্ট বোধ হইয়া থাকে । চাষ করিয়া শস্য তো পৃথিবী-সুন্দর সকল চাষাই পাইতেছে, কিন্তু গুপ্তধনটা গুপ্ত বলিয়াই পায় না ; তাহা বিশ্বব্যাপী নিয়মের একটা ব্যভিচার, তাহা আকস্মিক, সেইজন্যই তাহা স্বভাবত মানুষের কাছে এত বেশি প্রার্থনীয় । কথামালা যাহাই বলুন, কৃষকের পুত্র তাহার পিতার প্রতি কৃতজ্ঞ হয় নাই সে বিষয়ে কোনো সন্দেহ নাই । বৈজ্ঞানিক নিয়মের প্রতি অবজ্ঞা মানুষের পক্ষে কত স্বাভাবিক আমরা প্রতিদিনই তাহার প্রমাণ পাই । 'যে ডাক্তার নিপুণ চিকিৎসার দ্বারা অনেক রোগীর আরোগ্য করিয়া থাকেন, তাঁহার সম্বন্ধে আমরা বলি লোকটার হাতযশ আছে । শাস্ত্রসংগত চিকিৎসার নিয়মে ডাক্তার রোগ আরাম করিতেছে এ কথায় আমাদের আন্তরিক তৃপ্তি নাই ; উহার মধ্যে সাধারণ নিয়মের ব্যতিক্রমস্বরূপ একটা রহস্য আরোপ করিয়া তবে আমরা সন্তুষ্ট থাকি ।

আমি কহিলাম— তাহার কারণ এই যে, নিয়ম অনন্ত কাল ও অনন্ত দেশে প্রসারিত হইলেও তাহা সীমাবদ্ধ, সে আপন চিহ্নিত রেখা হইতে অণুপরিমাণ ইতস্তত করিতে পারে না, সেইজন্যই তাহার নাম নিয়ম এবং সেইজন্যই মানুষের কল্পনাকে সে পীড়া দেয় । শাস্ত্রসংগত চিকিৎসার কাছে আমরা অধিক আশা করিতে পারি না— এমন রোগ আছে যাহা চিকিৎসার অসাধ্য ; কিন্তু এ পর্যন্ত হাতযশ-নামক একটা রহস্যময় ব্যাপারের ঠিক সীমানির্ণয় হয় নাই ; এইজন্য সে আমাদের আশাকে কল্পনাকে কোথাও কঠিন বাধা দেয় না । এইজন্যই ডাক্তারি ঔষধের চেয়ে অবধৌতিক ঔষধের আকর্ষণ অধিক । তাহার ফল যে কত দূর পর্যন্ত হইতে পারে তৎসম্বন্ধে আমাদের প্রত্যাশা সীমাবদ্ধ নহে । মানুষের যত অভিজ্ঞতা বৃদ্ধি হইতে থাকে, অমোঘ নিয়মের লৌহপ্রাচীরে যতই সে আঘাত প্রাপ্ত হয়, ততই মানুষ নিজের স্বাভাবিক অনন্ত আশাকে সীমাবদ্ধ করিয়া আনে, কৌতূহলবৃত্তির স্বাভাবিক নূতনত্বের আকাঙ্ক্ষা সংযত করিয়া আনে, নিয়মকে রাজপদে প্রতিষ্ঠিত করে এবং প্রথমে অনিচ্ছাক্রমে পরে অভ্যাসক্রমে তাহার প্রতি একটা রাজভক্তির উদ্বেক করিয়া তোলে ।

বোয়াম কহিল— কিন্তু সে ভক্তি যথার্থ অন্তরের ভক্তি নহে, তাহা কাজ আদায়ের ভক্তি । যখন নিতান্ত নিশ্চয় জানা যায় যে, জগৎকার্য অপরিবর্তনীয় নিয়মে বদ্ধ, তখন কাজেই পেটের দায়ে প্রাণের দায়ে তাহার নিকট ঘাড় হেঁট করিতে হয় ; তখন বিজ্ঞানের বাহিরে অনিশ্চয়ের হস্তে আত্মসমর্পণ করিতে সাহস হয় না ; তখন মাদুলি তাগা জল-পড়া প্রভৃতিকে গ্রহণ করিতে হইলে ইলেকট্রিসিটি ম্যাগ্নেটিজম হিপনটিজম প্রভৃতি বিজ্ঞানের জাল মার্কা দেখিয়া আপনাকে ভুলাইতে হয় । আমরা নিয়ম অপেক্ষা অনিয়মকে যে ভালোবাসি তাহার একটা গোড়ার কারণ আছে । আমাদের নিজের মধ্যে এক জায়গায় আমরা নিয়মের বিচ্ছেদ দেখিতে পাই । আমাদের ইচ্ছাশক্তি সকল নিয়মের বাহিরে— সে স্বাধীন ; অন্তত আমরা সেইরূপ অনুভব করি । আমাদের অন্তরপ্রকৃতিগত সেই স্বাধীনতার সাদৃশ্য বাহ্যপ্রকৃতির মধ্যে উপলব্ধি করিতে স্বভাবতই আমাদের আনন্দ হয় । ইচ্ছার প্রতি ইচ্ছার আকর্ষণ

অত্যন্ত প্রবল ; ইচ্ছার সহিত যে দান আমরা প্রাপ্ত হই সে দান আমাদের কাছে অধিকতর প্রিয় ; সেবা যতই পাই তাহার সহিত ইচ্ছার যোগ না থাকিলে তাহা আমাদের নিকট রুচিকর বোধ হয় না । সেইজন্য, যখন জানিতাম যে, ইন্দ্র আমাদের বৃষ্টি দিতেছেন, মরুৎ আমাদের বায়ু জোগাইতেছেন, অগ্নি আমাদের দীপ্তি দান করিতেছেন, তখন সেই জ্ঞানের মধ্যে আমাদের একটা আন্তরিক তৃপ্তি ছিল । এখন জানি, রৌদ্রবৃষ্টিবায়ুর মধ্যে ইচ্ছা-অনিচ্ছা নাই, তাহারা যোগ্য-অযোগ্য প্রিয়-অপ্রিয় বিচার না করিয়া নির্বিকারে যথানিয়মে কাজ করে ; আকাশে জলীয় অণু শীতলবায়ুসংযোগে সংহত হইলেই সাধুর পবিত্রমস্তকে বর্ষিত হইয়া সর্দি উৎপাদন করিবে এবং অসাধুর কুস্মাণ্ডমধ্যে জলসিঞ্চন করিতে কুণ্ঠিত হইবে না— বিজ্ঞান আলোচনা করিতে করিতে ইহা আমাদের ক্রমে একরূপ সহ্য হইয়া আসে, কিন্তু বস্তুত ইহা আমাদের ভালোই লাগে না ।

আমি কহিলাম— পূর্বে আমরা যেখানে স্বাধীন ইচ্ছার কর্তৃত্ব অনুমান করিয়াছিলাম, এখন সেখানে নিয়মের অঙ্ক শাসন দেখিতে পাই, সেইজন্য বিজ্ঞান আলোচনা করিলে জগৎকে নিরানন্দ ইচ্ছাসম্পর্কবিহীন বলিয়া মনে হয় । কিন্তু ইচ্ছা এবং আনন্দ যতক্ষণ আমার অন্তরে আছে, ততক্ষণ জগতের অন্তরে তাহাকে অনুভব করিতেই হইবে— পূর্বে তাহাকে যেখানে কল্পনা করিয়াছিলাম সেখানে না হউক, তাহার অন্তরতর অন্তরতম স্থানে তাহাকে প্রতিষ্ঠিত না জানিলে আমাদের অন্তরতম প্রকৃতির প্রতি ব্যভিচার করা হয় । আমার মধ্যে সমস্ত বিশ্বনিয়মের যে-একটি ব্যতিক্রম আছে, জগতে কোথাও তাহার একটা মূল আদর্শ নাই, ইহা আমাদের অন্তরাত্মা স্বীকার করিতে চাহে না । এইজন্য আমাদের ইচ্ছা একটা বিশ্ব-ইচ্ছার, আমাদের প্রেম একটা বিশ্বপ্রেমের নিগূঢ় অপেক্ষা না রাখিয়া বাঁচিতে পারে না ।

সমীর কহিল— জড়প্রকৃতির সর্বত্রই নিয়মের প্রাচীর চীনদেশের প্রাচীরের অপেক্ষা দৃঢ়, প্রশস্ত ও অভ্রভেদী ; হঠাৎ মানবপ্রকৃতির মধ্যে একটা ক্ষুদ্র ছিদ্র বাহির হইয়াছে, সেইখানে চক্ষু দিয়াই আমরা এক আশ্চর্য আবিষ্কার করিয়াছি, দেখিয়াছি প্রাচীরের পরপারে এক অনন্ত অনিয়ম রহিয়াছে ; এই ছিদ্রপথে তাহার সহিত আমাদের যোগ ; সেইখান হইতেই সমস্ত সৌন্দর্য স্বাধীনতা প্রেম আনন্দ প্রবাহিত হইয়া আসিতেছে । সেইজন্য এই সৌন্দর্য ও প্রেমকে কোনো বিজ্ঞানের নিয়মে বাঁধিতে পারিল না ।

এমন সময়ে স্রোতস্বিনী গৃহে প্রবেশ করিয়া সমীরকে কহিল— সেদিন দীপ্তির পিয়ানো বাজাইবার স্বরলিপি-বইখানা তোমরা এত করিয়া খুঁজিতেছিলে, সেটার কী দশা হইয়াছে জান ?

সমীর কহিল— না ।

স্রোতস্বিনী কহিল— রাতে ইঁদুরে তাহা কুটি কুটি করিয়া কাটিয়া পিয়ানোর তারের মধ্যে ছড়াইয়া রাখিয়াছে । এরূপ অনাবশ্যক ক্ষতি করিবার তো কোনো উদ্দেশ্য খুঁজিয়া পাওয়া যায় না ।

সমীর কহিল— উক্ত ইঁদুরটি বোধ করি ইন্দুরবংশে একটি বিশেষক্ষমতাসম্পন্ন বৈজ্ঞানিক ; বিস্তর গবেষণায় সে বাজনার বহির সহিত বাজনার তারের একটা সম্বন্ধ অনুমান করিতে পারিয়াছে । এখন সমস্ত রাত ধরিয়া পরীক্ষা চালাইতেছে । বিচিত্র ঐকতানপূর্ণ সংগীতের আশ্চর্য রহস্য ভেদ করিবার চেষ্টা করিতেছে । তীক্ষ্ণ দস্তাগ্রভাগ-দ্বারা বাজনার বহির ক্রমাগত বিশ্লেষণ করিতেছে, পিয়ানোর তারের সহিত তাহাকে নানাভাবে একত্র করিয়া দেখিতেছে । এখন বাজনার বই কাটিতে শুরু করিয়াছে, ক্রমে বাজনার তার কাটিবে, কাঠ কাটিবে, বাজনাটাকে শতছিদ্র করিয়া সেই ছিদ্রপথে আপন সূক্ষ্ম নাসিকা ও চঞ্চল কৌতূহল প্রবেশ করাইয়া দিবে— মাঝে হইতে সংগীতও ততই উত্তরোত্তর সুদূরপর্যায় হইবে । আমার মনে এই তর্ক উদয় হইতেছে যে ইন্দুরকুলতিলক যে উপায় অবলম্বন করিয়াছে তাহাতে তার এবং কাগজের উপাদান সম্বন্ধে নূতন তত্ত্ব আবিষ্কৃত হইতে পারে, কিন্তু উক্ত কাগজের সহিত উক্ত তারের যথার্থ যে সম্বন্ধ তাহা কি শতসহস্র বৎসরেও বাহির হইবে । অবশেষে কি সংশয়পরায়ণ নব্য ইন্দুরদিগের মনে এইরূপ একটা বিতর্ক উপস্থিত হইবে না যে, কাগজ কেবল কাগজ মাত্র, এবং তার কেবল তার— কোনো জ্ঞানবান জীব-কর্তৃক উহাদের মধ্যে যে একটা আনন্দজনক

উদ্দেশ্যবন্ধন বন্ধ হইয়াছে তাহা কেবল প্রাচীন ইন্দুরদিগের যুক্তিহীন সংস্কার, সেই সংস্কারের কেবল একটা এই শুভফল দেখা যাইতেছে যে তাহারই প্রবর্তনায় অনুসন্ধান প্রবৃত্ত হইয়া তার এবং কাগজের আপেক্ষিক কঠিনতা সম্বন্ধে অনেক পরীক্ষা সম্পন্ন হইয়াছে।

কিন্তু এক-এক দিন গহ্বরের গভীরতলে দস্তচালনকার্যে নিযুক্ত থাকিয়া মাঝে মাঝে অপূর্ব সংগীতধ্বনি কর্ণকুহরে প্রবেশ করে এবং অন্তঃকরণকে ক্ষণকালের জন্য মোহাবিষ্ট করিয়া দেয়। সেটা ব্যাপারটা কী? সে একটা রহস্য বটে। কিন্তু সে রহস্য নিশ্চয়ই কাগজ এবং তার সম্বন্ধে অনুসন্ধান করিতে করিতে ক্রমশ শতছিদ্র আকারে উদ্ঘাটিত হইয়া যাইবে।

ভাদ্র-কার্তিক ১৩০২

গ্রন্থপরিচয়

রচনাবলীর বর্তমান খণ্ডে মুদ্রিত গ্রন্থগুলির প্রথম সংস্করণ, বর্তমানে স্বতন্ত্র গ্রন্থাকারে প্রচলিত সংস্করণ, রচনাবলী-সংস্করণ, এই তিনের পার্থক্য সংক্ষেপে ও সাধারণভাবে নির্দেশ করা গেল।

বর্তমান রবীন্দ্র-রচনাবলীর বিভিন্ন গ্রন্থে ভূমিকা ও সূচনাগুলি রবীন্দ্র-রচনাবলীর জন্য কবি-কর্তৃক নূতন লিখিত।

বিশ্বভারতী-প্রচলিত রবীন্দ্র-রচনাবলীর প্রথম ও দ্বিতীয় খণ্ড বর্তমান গ্রন্থের অন্তর্ভুক্ত হইল।

সন্ধ্যাসংগীত

‘সন্ধ্যাসংগীত’ ১২৮৮ সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়। প্রথম সংস্করণে গ্রন্থাকারের বিজ্ঞাপনে লিখিত আছে—

“আমার রচিত কবিতার মধ্যে যেগুলি সন্ধ্যাসংগীত নামে উক্ত হইতে পারে, সেইগুলিই এই পুস্তকে প্রকাশিত হইল। ইহার অধিকাংশ কবিতাই গত দুই বৎসরের মধ্যে রচিত হইয়াছে, কেবল ‘বিষ ও সুধা’ নামক দীর্ঘ কবিতাটি বাল্যকালের রচনা।”

পরবর্তীকালে ‘বিষ ও সুধা’ কবিতাটি ও প্রথম সংস্করণে প্রকাশিত ‘কেন গান গাই’ ‘কেন গান শুনাই’ কবিতা দুইটি বর্জিত এবং অন্য কবিতাগুলি অল্পবিস্তর খণ্ডিতভাবে গৃহীত হয়। রবীন্দ্র-রচনাবলী-পূর্ব শেষ সংস্করণের (ভাদ্র ১৩৩৪) ‘বাথা বড়ো বাজিয়াছে প্রাণে’ (‘সন্ধ্যা’) কবিতাটি “পুনরাবৃত্তি” বলিয়া বর্তমান রচনাবলীতে কবি বর্জন করিয়াছেন, অন্য অনেক কবিতারও কোনো কোনো অংশ বর্জিত হইয়াছে। সন্ধ্যাসংগীতের পাঠান্তর-সংবলিত সংস্করণে (১৯৬৯) এই বর্জিত কবিতাটি স্বতন্ত্র অধ্যায়ে সংকলিত।

সন্ধ্যাসংগীতের প্রথম সংস্করণে মূলগ্রন্থের ভূমিকারূপে ও গ্রন্থ “সমাপ্ত” হইবার পর ‘উপহার’-শীর্ষক দুইটি কবিতা মুদ্রিত আছে। প্রথম ‘উপহার’ কবিতাটি মোহিতচন্দ্র সেন-সম্পাদিত কাব্যগ্রন্থ, প্রথম খণ্ডে (১৩১০), ‘সন্ধ্যা’ নামে মুদ্রিত হয়; বর্তমান রচনাবলীতেও ‘সন্ধ্যা’ নামে মুদ্রিত, দ্বিতীয়টি ‘উপহার’ নামেই মুদ্রিত আছে; দ্বিতীয়টিকেই এই গ্রন্থের উপহার বা উৎসর্গ বলিয়া গণ্য করা যাইতে পারে।

১৯১৫ সালে ইণ্ডিয়ান পাবলিশিং হাউস-কর্তৃক প্রকাশিত কাব্যগ্রন্থের ভূমিকায় রবীন্দ্রনাথ সন্ধ্যাসংগীত সম্বন্ধে লিখিয়াছেন—

“সন্ধ্যাসংগীতের পূর্ববর্তী আমার সমস্ত কবিতা আমার কাব্যগ্রন্থাবলী হইতে বাদ দিয়াছি। যদি সুযোগ পাইতাম তবে সন্ধ্যাসংগীতকেও বাদ দিতাম। কিন্তু সকল জিনিসেরই একটা আরম্ভ তো আছেই। সে আরম্ভ কাঁচা এবং দুর্বল, কিন্তু সম্পূর্ণতার খাতিরে তাহাকেও স্থান দিতে হয়।

“সন্ধ্যাসংগীত হইতেই আমার কাব্যশ্রোত ক্ষীণভাবে শুরু হইয়াছে। এইখান হইতেই আমার লেখা নিজের পথ ধরিয়াছে। পথ যে তৈরি ছিল তাহা নহে— গতিবেগে আপনি পথ তৈরি হইয়া উঠিয়াছে। তখন শক্তি অল্প, বাধা বিস্তর, নিজের কাব্যরূপকে তখনো স্পষ্ট করিয়া দেখিতে পাই নাই, ভালোমন্দ বিচার করিবার কোনো আদর্শ মনের মধ্যে ছিল না। তাহা ছাড়া, প্রথম

১ রবীন্দ্র-রচনাবলী প্রকাশকালে রবীন্দ্রনাথ বিভিন্ন গ্রন্থের যে ‘সূচনা’ বা প্রবেশক লেখেন তাহা একত্র পাওয়া যাইবে ‘কবির ভণিতা’ (বৈশাখ ১৩৭৫) গ্রন্থে।

পুলিনবিহারী সেন-সংকলিত প্রথম খণ্ড ‘রবীন্দ্রগ্রন্থপঞ্জী’তে (১৩৮০) ‘কবিকাহিনী’ হইতে ‘রাজা ও রানী’ অবধি রবীন্দ্রনাথের সকল গ্রন্থ সম্পর্কেই জ্ঞাতব্য বহু তথ্য একত্র সমাহৃত হইয়াছে।

রচনার সকলের চেয়ে মস্ত দোষ এই যে তাহার মধ্যে সত্যের অভাব থাকে। কেননা সত্যকে মানুষ ক্রমে ক্রমে পায়— অথচ সত্যকে পাইবার পূর্বেই তাহার কর্ম আরম্ভ হইয়া থাকে ; সেই কর্মের মধ্যে আবর্জনার ভাগই বেশি থাকে।

“মানুষের জীবন তাহার প্রতিদিনের আবর্জনা প্রতিদিন মোচন করিয়া তাহা মার্জনা করিয়া চলে। যুবা আপনার শৈশবের হামাগুড়িকে জমাইয়া রাখে না। দুর্ভাগ্যক্রমে সাহিত্যভাণ্ডারে আবর্জনাগুলোকে একেবারে দূর করিয়া দেওয়া যায় না। যাহা একবার প্রকাশ হইয়াছে তাহাকে বিদায় করা কঠিন।

“অতএব সঙ্খ্যাসংগীতকে দিয়া কাব্যগ্রন্থাবলী আরম্ভ করা গেল। ইহার কবিতাগুলির মধ্যে কবির লজ্জার কারণ যথেষ্ট আছে। কিন্তু যদি তাহার পরবর্তী রচনায় কোনো গৌরবের বিষয় থাকে তবে এই প্রথম প্রয়াসের নিকট সেজন্য ঋণ স্বীকার করিতেই হইবে।”

প্রভাতসংগীত

‘প্রভাতসংগীত’ ১২৯০ সালের বৈশাখে গ্রন্থাকারে প্রকাশিত হয়। প্রথম সংস্করণে গ্রন্থাকারের বিজ্ঞাপনে লিখিত আছে—

“প্রভাতসংগীত প্রকাশিত হইল। ‘অভিমানিনী নিঝরিণী’-নামক কবিতাটি আমার লিখিত নহে। ‘নিঝরের স্বপ্নভঙ্গ’ রচিত হইলে পর আমার কোনো শ্রদ্ধেয় বন্ধু তাহারই প্রসঙ্গক্রমে ‘অভিমানিনী নিঝরিণী’ রচনা করেন। উভয় কবিতাই ভারতীতে একত্রে প্রকাশিত হইয়াছিল। অতএব উভয়ের মধ্যে যে একটি আজন্মবন্ধন স্থাপিত হইয়াছে, তাহা বিচ্ছিন্ন না করিয়া দুটিকেই একত্র রক্ষা করিলাম।

“‘শরতে প্রকৃতি’, ‘শীত’ ও গুটিকতক অনুবাদ ব্যতীত প্রভাতসংগীতের আর সমুদয় কবিতাগুলিই সম্প্রতি লিখিত হইয়াছে।”

‘অভিমানিনী নিঝরিণী’ কবিতাটি অক্ষয়চন্দ্র চৌধুরীর রচনা। জীবনস্মৃতিতে রবীন্দ্রনাথ তাহার “বাল্যকালে কাব্যালোচনার মস্ত একজন অনুকূল সুহৃদ” অক্ষয়চন্দ্র চৌধুরীর উদ্দেশে শ্রদ্ধা নিবেদন করিয়াছেন।

‘অভিমানিনী নিঝরিণী’, শ্রীমতী ইন্দিরা দেবীর উদ্দেশে লিখিত ‘স্নেহ-উপহার’ ‘শরতে প্রকৃতি’ ও ‘শীত’, প্রথম-সংস্করণে-প্রকাশিত এই কয়টি কবিতা ১৮১৩ শকে প্রকাশিত দ্বিতীয় সংস্করণে বর্জিত হয় এবং ‘শীত’ কবিতাটি মোহিতচন্দ্র সেন-সম্পাদিত কাব্যগ্রন্থের (১৩১০) সপ্তম ভাগে ‘শিশু’ গ্রন্থে খণ্ডিত ভাবে সংকলিত। প্রথম সংস্করণের অন্য কবিতাগুলি প্রভাতসংগীতের শেষ সংস্করণে (অগ্রহায়ণ ১৩৪৫) মুদ্রিত আছে। ঐ সংস্করণ হইতে ‘কবি’, ‘তারা ও আঁখি’, ‘বিসর্জন’, ‘সূর্য ও ফুল’ (সব-কটি ভিক্টোর ছগোর কবিতা হইতে অনূদিত) ও ‘সন্মিলন’ (শেলির অনুবাদ) বর্তমান রচনাবলীতে বর্জিত হইলেও, ছগোর শেষোক্ত কাব্যানুবাদ দুইটি প্রচলিত শিশু কাব্যে সংকলিত। প্রভাতসংগীত রবীন্দ্র-রচনাবলীতে সংকলনের প্রাক্কালে, কবি কোনো কোনো কবিতায় অল্পবিস্তর পরিবর্তন করিয়াছেন।

ছবি ও গান

‘ছবি ও গান’ ১২৯০ সালের ফাল্গুনে গ্রন্থাকারে প্রকাশিত হয়। প্রথম সংস্করণে গ্রন্থাকারের বিজ্ঞাপনে লিখিত আছে—

“এই গ্রন্থে প্রকাশিত ছোটো ছোটো কবিতাগুলি গত বৎসরে লিখিত হয়— কেবল শেষ তিনটি কবিতা পূর্বকার লেখা, এই নিমিত্ত তাহারা কিছু স্বতন্ত্র হইয়া পড়িয়াছে।

“ছন্দের সম্বন্ধে কিছু বলা আবশ্যিক । এই পুস্তকের কোনো কোনো গানে ছন্দ নাই বলিয়া মনে হইতে পারে, কিন্তু বাস্তবিক তাহা নহে । যে-সকল পাঠকের কান আছে, তাঁহারা ছন্দ খুঁজিয়া লইবেন, দেখিতে পাইবেন ঝাঁঝাঝাঁঝি ছন্দ অপেক্ষা তাহা শুনিতে মধুর ; হসন্ত বর্ণকে অকারান্ত করিয়া পড়িলে কোনো কোনো স্থলে ছন্দের ব্যাঘাত হইবে ।”

প্রমথ চৌধুরীকে লিখিত একটি পত্রে (১৮৯০) রবীন্দ্রনাথ ছবি ও গান সম্বন্ধে লিখিতেছেন—

“আমার ছবি ও গান আমি যে কী মাতাল হয়ে লিখেছিলুম... আমি তখন দিনরাত পাগল হয়ে ছিলাম । আমার সমস্ত বাহ্যলক্ষণে এমন-সকল মনোবিকার প্রকাশ পেত যে, তখন যদি তোমরা আমাকে প্রথম দেখতে তো মনে করতে এ ব্যক্তি কবিত্বের খেপামি দেখিয়ে বেড়াচ্ছে । আমার সমস্ত শরীরে মনে নবযৌবন যেন একেবারে হঠাৎ বন্যার মতো এসে পড়েছিল । আমি জানতুম না আমি কোথায় যাচ্ছি, আমাকে কোথায় নিয়ে যাচ্ছে । একটা বাতাসের হিল্লোলে একরাত্রির মধ্যে কতকগুলো ফুল মায়ামন্ত্রবলে ফুটে উঠেছিল, তার মধ্যে ফলের লক্ষণ কিছু ছিল না । কেবলই একটা সৌন্দর্যের পুলক, তার মধ্যে পরিণাম কিছুই ছিল না । তোমাদেরও বোধ হয় এরকম অবস্থা হয়—

উড়িতেছে কেশ, উড়িতেছে বেশ,
উদাস পরান কোথা নিরুদ্দেশ,
হাতে লয়ে ঝাঁশি মুখে লয়ে হাসি
ভ্রমিতেছি আনমনে ।
চারি দিকে মোর বসন্ত হসিত,
যৌবনমুকুল প্রাণে বিকশিত,
সৌরভ তাহার বাহিরে আসিয়া
রটিতেছে বনে বনে ।

“সত্যি কথা বলতে কি, সেই নবযৌবনের নেশা এখনো আমার হৃদয়ের মধ্যে লেগে রয়েছে । ছবি ও গান পড়তে পড়তে আমার মন যেমন চঞ্চল হয়ে ওঠে, এমন আমার কোনো পুরোনো লেখায় হয় না ।”

ছবি ও গানের প্রথম সংস্করণের প্রথম ও শেষ কবিতা দুইটি (‘আজু সখি মুছ মুছ’ ও ‘মরণ রে তুঁছ মম শ্যামসমান’) পরে ভানুসিংহ ঠাকুরের পদাবলীর অন্তর্গত হয় । প্রথম সংস্করণের অন্য কবিতাগুলি ছবি ও গানের শেষ স্বতন্ত্র সংস্করণে (১৩৩৫) মুদ্রিত আছে । এই শেষোক্ত সংস্করণ হইতে ‘ধীরে ধীরে প্রভাত হল’ (‘বিরহ’) কবিতাটি বর্তমান রচনাবলীতে কবির নির্দেশে বর্জিত ও অন্যগুলি গৃহীত হইয়াছে ।

ছবি ও গানের ‘রাহুর প্রেম’ কবিতাটি সঞ্চয়িতার বহুলাংশে পরিবর্তিত হইয়াছে ।

ভানুসিংহ ঠাকুরের পদাবলী

‘ভানুসিংহ ঠাকুরের পদাবলী’ ১২৯১ সালে গ্রন্থাকারে প্রকাশিত হয় । প্রথম সংস্করণের আখ্যাপত্রে রবীন্দ্রনাথ নিজেকে প্রকাশকরূপে বিজ্ঞাপিত করিয়াছিলেন । প্রকাশকের বিজ্ঞাপনে লিখিত হইয়াছে—

“ভানুসিংহের পদাবলী শৈশব সঙ্গীতের আনুষঙ্গিক স্বরূপে প্রকাশিত হইল । ইহার অধিকাংশই পুরাতন কালের খাতা হইতে সন্ধান করিয়া বাহির করিয়াছি । প্রকাশক”

ভানুসিংহ ঠাকুরের পদাবলীতে প্রকাশিত দুইটি কবিতা ‘আজু সখি মুছ মুছ’ ও ‘মরণ রে তুঁছ মম শ্যামসমান’ পূর্বে ‘ছবি ও গান’ এর প্রথম সংস্করণে সন্নিবিষ্ট হইয়াছিল, পরে ‘ছবি ও গান’

দ্বিতীয় সংস্করণ হইতে (১৩০১) বর্জিত হয়। 'কো তুঁছ বোলবি মোয়' কবিতাটি প্রথমে 'কড়ি ও কোমল'-এর প্রথম সংস্করণে সংকলিত হইয়াছিল, পরে 'কড়ি ও কোমল' হইতে বর্জিত ও পদাবলীতে সংকলিত হয় (সত্যপ্রসাদ গঙ্গোপাধ্যায় -সম্পাদিত কাব্যগ্রন্থাবলী, ১৩০৩)।

ভানুসিংহ ঠাকুরের পদাবলীর প্রথম সংস্করণে ১৫-সংখ্যক কবিতা 'সখি রে পিরীত বুঝবে কে' ও ১৬-সংখ্যক কবিতা 'হম সখি দারিদ নারী' পরবর্তী কালে বর্জিত হয়। এই দুইটি ব্যতীত প্রথম সংস্করণের অন্যান্য কবিতা ও 'কো তুঁছ' কবিতা বিশ্বভারতী সংস্করণে (ফাল্গুন ১৩৩৫) মুদ্রিত আছে, তবে অনেকগুলি অল্পবিস্তর পরিবর্তিত বা খণ্ডিত হইয়াছে। রচনাবলীতে উক্ত সংস্করণ অনুসৃত হইয়াছে।

জীবনস্মৃতিতে 'ভানুসিংহের কবিতা'-শীর্ষক প্রবন্ধে কবি 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী' সম্বন্ধে আলোচনা করিয়াছেন। এই গ্রন্থের মাত্র দুইটি কবিতা ('মরণ রে তুঁছ মম শ্যামসমান' ও 'কো তুঁছ বোলবি মোয়') স্বীকারযোগ্য— সঞ্চয়িতার ভূমিকায় রবীন্দ্রনাথ এইরূপ মন্তব্য করিয়াছেন।

'ভানুসিংহ ঠাকুরের পদাবলী', 'সঙ্ক্যাসংগীত' কাব্যের পূর্বে রচিত হইলেও, গ্রন্থপ্রকাশকালের ক্রম-অনুযায়ী রচনাবলীতে ইহা পরে স্থান পাইয়াছে।

'ভানুসিংহ ঠাকুরের পদাবলী' গ্রন্থের প্রথম সংস্করণে কবিতাগুলির পাদটীকায় দুঃহ শব্দের অর্থনির্দেশ ও আরম্ভে সুরনির্দেশ করিয়া দেওয়া হইয়াছিল।

বিস্তারিত গ্রন্থপরিচয়ার্থে দ্রষ্টব্য, শ্রীশুভেন্দুশেখর মুখোপাধ্যায় -কর্তৃক সংকলিত ও সম্পাদিত পাঠান্তর-সংবলিত ভানুসিংহ ঠাকুরের পদাবলী : আশ্বিন ১৩৭৬।

কড়ি ও কোমল

'কড়ি ও কোমল' আশুতোষ চৌধুরী মহাশয় -কর্তৃক সম্পাদিত হইয়া ১২৯৩ সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়। আশুতোষ চৌধুরী এই কবিতাগুলি 'যথোচিত পর্যায়ে সাজাইয়া' প্রকাশ করিয়াছিলেন।—

"ঠাহারই 'পরে প্রকাশের ভার দেওয়া হইয়াছিল। 'মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে'— এই চতুর্দশপদী কবিতাটি তিনিই গ্রন্থের প্রথমেই [গ্রন্থারম্ভের পূর্বে প্রবেশকরূপে] বসাইয়া দিলেন। ঠাহার মতে এই কবিতাটির মধ্যেই সমস্ত গ্রন্থের মর্মকথাটি আছে।"

—জীবনস্মৃতি

জীবনস্মৃতিতে 'শ্রীযুক্ত আশুতোষ চৌধুরী' ও 'কড়ি ও কোমল' অধ্যায় দুইটিতে কবি 'কড়ি ও কোমল' সম্বন্ধে বিস্তারিত আলোচনা করিয়াছেন। সঞ্চয়িতার ভূমিকায় 'কড়ি ও কোমল' সম্বন্ধে তিনি মন্তব্য করিয়াছেন—

"কড়ি ও কোমলে অনেক ত্যাজ্য জিনিস আছে, কিন্তু সেই পর্বে আমার কাব্যভূসংস্থানে ডাঙা জেগে উঠতে আরম্ভ করেছে।"

—সঞ্চয়িতা, পৌষ ১৩৩৮

'কড়ি ও কোমল'এর বর্তমান ভূমিকাটি রচনাবলী সংস্করণের জন্য নূতন লিখিত। 'কড়ি ও কোমল'এর প্রথম সংস্করণে মুদ্রিত নিম্নোক্ত কবিতাগুলি পরবর্তীকালে এই গ্রন্থ হইতে বর্জিত হইয়াছে। তন্মধ্যে প্রথম চারিটি কবিতা শ্রীমতী ইন্দ্রিমা দেবীকে পত্ররূপে লিখিত হইয়াছিল।—

পত্র : মাগো আমার লক্ষ্মী

পত্র : বসে বসে লিখলেম চিঠি

জন্মতিথির উপহার : একটি কাঠের বাস : স্নেহ উপহার এনেছি রে

চিঠি : চিঠি লিখব কথা ছিল

শরতের শুকতারা : একাদশী রজনী পোহায় ধীরে ধীরে
কো তুঁছ : কো তুঁছ বোলবি মোয়
পত্র : দামু বোস আর চামু বোসে কাগজ বেনিয়েছে

উল্লিখিত কবিতাগুলির মধ্যে 'কো তুঁছ' পরে 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী'তে সংকলিত হইয়াছে, এ কথা পূর্বেই উল্লেখ করা হইয়াছে। 'পত্র' (মা গো আমার লক্ষ্মী ইত্যাদি), 'জন্মতিথির উপহার', 'চিঠি' ও 'শরতের শুকতারা' 'শিশু' গ্রন্থে পরিবর্তিত আকারে 'বিচ্ছেদ', 'উপহার', 'পরিচয়' ও 'অস্তসখী' নামে সংকলিত। পূর্বোল্লিখিত কয়েকটি কবিতা ব্যতীত, প্রথম সংস্করণের অন্য কবিতাগুলি বর্তমানে প্রচলিত স্বতন্ত্র সংস্করণের অন্তর্গত আছে।

বর্তমান স্বতন্ত্র সংস্করণের কয়েকটি কবিতা রচনাবলী-সংস্করণ 'কড়ি ও কোমল' হইতে পরিত্যক্ত হইয়াছে ; তাহার বিবরণ—

'বিদেশী ফুলের গুচ্ছ' শীর্ষক কবিতাগুলি (এবং ইহার পূর্ব ও পরবর্তী কালে রচিত অনুবাদ-কবিতাগুলি) রচনাবলীতে স্বতন্ত্র অনুবাদ-বিভাগে সংকলিত হইবে।

নিম্নলিখিত কবিতাগুলি পরবর্তীকালে 'শিশু' গ্রন্থে মুদ্রিত হইয়াছিল, বর্তমানেও মুদ্রিত আছে। রচনাবলীতে সেগুলি 'কড়ি ও কোমল' হইতে বর্জিত ; রচনাবলীর পরবর্তী পঞ্চম খণ্ডে (প্রচলিত বিশ্বভারতী সংস্করণের নবম খণ্ডে) 'শিশু'রই অঙ্গীভূত।

বিষ্টি পড়ে টাপুর টুপুর : দিনের আলো নিবে এল
সাত ভাই চম্পা : সাতটি চাঁপা সাতটি গাছে
পুরানো বট : লুটিয়ে পড়ে জটিল জটা
হাসিরাশি : নাম রেখেছি বাবলারানী
মা লক্ষ্মী : কার পানে মা, চেয়ে আছ
আকুল আহ্বান : অভিমান করে কোথায় গেলি
মায়ের আশা : ফুলের দিনে সে যে চলে গেল
পাখির পালক : খেলাধুলো সব রহিল পড়িয়া
আশীর্বাদ : ইহাদের করো আশীর্বাদ

এই প্রসঙ্গে বলা আবশ্যিক যে, উল্লিখিত কবিতাগুলি ব্যতীত 'কড়ি ও কোমল'এর আরো কতকগুলি কবিতা 'শিশু'তে সংকলিত। রচনাবলীতে যেগুলি 'কড়ি ও কোমল'এরই অন্তর্ভুক্ত রাখা হইল, রচনাবলী-সংস্করণ 'শিশু' হইতে সেগুলি পরিত্যক্ত।

'বিদায় করেছ যারে নয়নজলে' এই গানটি 'মায়ার খেলা'তে মুদ্রিত হইয়াছে বলিয়া রচনাবলীতে 'কড়ি ও কোমল' হইতে পরিত্যক্ত হইল।

'কড়ি ও কোমল'এর অন্তর্গত কবিতাগুলির সাময়িক পত্রে প্রকাশের সূচী ও পূর্ণতর তথ্যাদির জন্য দ্রষ্টব্য, স্বতন্ত্র গ্রন্থের ষষ্ঠ সংস্করণ (১৩৭৬), অপিচ পুলিনবিহারী সেন-প্রণীত রবীন্দ্রগ্রন্থপঞ্জী, প্রথম খণ্ড (১৩৮০)।

মানসী

'মানসী' ১২৯৭ সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

রবীন্দ্রনাথের মতে মানসী তাঁহার সর্বপ্রথম কাব্যপদবাচ্য রচনা। সঞ্চয়িতার ভূমিকায় (পৌষ ১৩৩৮) তিনি লেখেন : "মানসী থেকে আরম্ভ করে বাকি বইগুলির কবিতায় ভালো মন্দ মাঝারির ভেদ আছে, কিন্তু আমার আদর্শ অনুসারে ওরা প্রবেশিকা অতিক্রম করে কবিতার শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।"

মানসীর ‘গুরুগোবিন্দ’ ও ‘নিষ্ফল উপহার’ কবিতা দুইটি ‘কথা ও কাহিনী’ কাব্যেও সংকলিত হয় ; রচনাবলীতে ঐ দুইটি কবিতা মানসী হইতে পরিত্যক্ত হইল, ‘কথা ও কাহিনী’র অন্তর্ভুক্ত হইয়া বর্তমান সুলভ রবীন্দ্র-রচনাবলী চতুর্থ খণ্ডে প্রকাশিতব্য (প্রচলিত বিশ্বভারতী রচনাবলী সপ্তম খণ্ডে মুদ্রিত)।

‘শেষ উপহার’ কবিতাটি সম্বন্ধে প্রথম-প্রকাশ-কালীন গ্রন্থকারের ‘ভূমিকা’য় (১২৯৭) লিখিত আছে : “শেষ উপহার -নামক কবিতাটি আমার কোনো বন্ধুর রচিত এক ইংরাজি কবিতা অবলম্বন করিয়া রচনা করিয়াছি। মূল কবিতাটি এখানে উদ্ধৃত করিবার ইচ্ছা ছিল— কিন্তু আমার বন্ধু সম্প্রতি সুদূর প্রবাসে থাকা -প্রযুক্ত তাহা পারিলাম না।”

লোকেন্দ্রনাথ পালিত মহাশয়ের একটি ইংরেজি কবিতা পড়িয়া শেষ উপহার কবিতার ভাব কবির মনে উদিত হইয়াছিল, রবীন্দ্রনাথ এইরূপ বলিয়াছেন। অদ্যাবধি মূল ইংরাজি কবিতার সন্ধান পাওয়া যায় নাই।

‘তবু’ কবিতাটিকে কবি কিছু পরিবর্তন করিয়া গীতরূপ দিয়াছেন।

‘পত্র’ (পৃ ২৫৮-৬০) ও ‘শ্রাবণের পত্র’ (পৃ ২৬৩-৬৪) কবিতা দুইটি শ্রীশচন্দ্র মজুমদার মহাশয়কে লিখিত। কাব্য-ধৃত পাঠের অতিরিক্ত কতকগুলি ছত্র দেখা যাইবে ‘ভারতী ও বালক’ পত্রিকায় (শ্রাবণ ১২৯৪) তথা ছিন্নপত্র গ্রন্থে।

‘ধর্মপ্রচার’ কবিতাটি সমসাময়িক ঘটনা অবলম্বনে লিখিত হইয়াছিল। “২৮ জ্যৈষ্ঠ সঞ্জীবনীতে ‘এই কি পুরুষার্থ’ প্রবন্ধ পাঠ করিয়া”— এইরূপ মন্তব্য কবিতাটির পাণ্ডুলিপিতে লিখিত আছে।

মানসী কাব্য ও মানসী -ধৃত ‘মেঘদূত’ কবিতা সম্পর্কে রবীন্দ্রনাথ প্রমথ চৌধুরী মহাশয়কে যাহা লেখেন (২৪ মে ১৮৯০/২৯ জানুয়ারি ১৮৯৮), চিঠিপত্র গ্রন্থের পঞ্চম ভাগে সংকলিত আর মানসী কাব্যের প্রচল সংস্করণে পরিশিষ্টে দেখা যাইবে।

মানসীর যে কবিতাগুলি ‘ভারতী ও বালক’ পত্রিকায় প্রকাশিত, তাহার তালিকা নিম্নে দেওয়া গেল—

কবিতা	প্রথম প্রকাশ	পত্রিকায় নামান্তর
ভূলে	আষাঢ় ১২৯৪ পৃ ১৬৪	এসেছি ভূলে
বিরহানন্দ	জ্যৈষ্ঠ ১২৯৪ পৃ ৮৩	বিফল মিলন ^১
ক্ষণিক মিলন	জ্যৈষ্ঠ ১২৯৪ পৃ ৮৩	বিফল মিলন ^২
শূন্য হৃদয়ের আকাঙ্ক্ষা	শ্রাবণ ১২৯৪ পৃ ২০৩	নূতন প্রেম ^৩
পত্র	বৈশাখ ১২৯৪ পৃ ৫৬	
সিদ্ধুতরঙ্গ	শ্রাবণ ১২৯৪ পৃ ২৩০	মগ্ন তরী ^৪
শ্রাবণের পত্র	আশ্বিন ১২৯৪ পৃ ৩৫২	শ্রাবণে পত্র ^৫
জীবনমধ্যাহ্ন	বৈশাখ ১২৯৬ পৃ ৫৩	

১ ‘বিরহানন্দ’ কবিতায় ‘বিফল মিলন’ রচনাটির প্রথম ও দ্বিতীয় স্তবক বর্জন করিয়া অবশিষ্ট অংশ কিছু কিছু পরিবর্তনসহ গৃহীত হইয়াছে।

২ ‘বিফল মিলন’এর দ্বিতীয় স্তবকটির সহিত ‘ক্ষণিক মিলন’ কবিতার তৃতীয় স্তবকের যথেষ্ট মিল আছে।

৩ ‘মানসী’তে সংকলন-কালে ‘নূতন প্রেম’এর তৃতীয় পঞ্চম ও সপ্তম স্তবক বর্জন ও অল্পস্বল্প পাঠ-পরিবর্তন করা হইয়াছে।

৪ ‘মানসী’র পাঠ পত্রিকায় প্রকাশিত পাঠ হইতে বহুশঃ ভিন্ন।

৫ ছিন্নপত্র গ্রন্থের অষ্টম পত্রে এই কবিতাটি আছে ; মানসী কাব্যে কবিতাটির ৮টি ছত্র বর্জিত।

প্রকৃতির প্রতিশোধ

‘প্রকৃতির প্রতিশোধ’ ১২৯১ সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

প্রকৃতির প্রতিশোধের ভাদ্র ১৩৩৫ সালে প্রকাশিত স্বতন্ত্র সংস্করণে প্রথম সংস্করণের চতুর্দশ দৃশ্যটি নাই। ইহা ছাড়াও অনেক অংশ পরিবর্তিত ও পরিমার্জিত। রবীন্দ্র-রচনাবলী -ধৃত প্রকৃতির প্রতিশোধ এই ভাদ্র ১৩৩৫ সংস্করণের আধারে প্রস্তুত হইয়াছে।

প্রকৃতির প্রতিশোধের সমসাময়িক ‘আলোচনা’ (দ্র. রবীন্দ্র-রচনাবলী, অচলিত সংগ্রহ) গ্রন্থে কবি প্রকৃতির প্রতিশোধের অন্তর্নিহিত ভাবটির ব্যাখ্যা করিয়াছেন। (আলোচনা গ্রন্থ এখন অপ্রচলিত।) জীবনস্মৃতিতে এ-সম্বন্ধে কবি লিখিয়াছেন—

“আলোচনা নাম দিয়া যে ছোটো ছোটো গদ্য প্রবন্ধ বাহির করিয়াছিলাম তাহার গোড়ার দিকেই প্রকৃতির প্রতিশোধের ভিতরকার ভাবটির একটি তত্ত্বব্যাখ্যা লিখিতে চেষ্টা করিয়াছিলাম। সীমা যে সীমাবদ্ধ নহে, তাহা যে অতলস্পর্শ গভীরতাকে এক কণার মধ্যে সংহত করিয়া দেখাইতেছে, ইহা লইয়া আলোচনা করা হইয়াছে। তত্ত্বহিসাবে সে ব্যাখ্যার কোনো মূল্য আছে কিনা এবং কাব্যহিসাবে প্রকৃতির প্রতিশোধের স্থান কী তাহা জানি না, কিন্তু আজ স্পষ্ট দেখা যাইতেছে, এই একটিমাত্র আইডিয়া অলক্ষ্যভাবে নানা বেশে আজ পর্যন্ত আমার সমস্ত রচনাকে অধিকার করিয়া আসিয়াছে।”

‘বঙ্গভাষার লেখক’ (১৯১১) গ্রন্থে ‘প্রকৃতির প্রতিশোধ’ সম্বন্ধে রবীন্দ্রনাথ লিখিয়াছেন—

“আমি বালকবয়সে প্রকৃতির প্রতিশোধ লিখিয়াছিলাম... তাহাতে এই কথা ছিল যে, এই বিশ্বকে গ্রহণ করিয়া, এই সংসারকে বিশ্বাস করিয়া, এই প্রত্যক্ষকে শ্রদ্ধা করিয়া, আমরা যথার্থভাবে অনন্তকে উপলব্ধি করিতে পারি। যে জাহাজে অনন্তকোটি লোক যাত্রা করিয়া বাহির হইয়াছে তাহা হইতে লাফ দিয়া পড়িয়া সাঁতারের জোরে সমুদ্র পার হইবার চেষ্টা সফল হইবার নহে।”

‘প্রকৃতির প্রতিশোধ’এর পাঠপঞ্জীকৃত নূতন সংস্করণ (বৈশাখ ১৩৮৪) ও পুলিনবিহারী সেন-প্রণীত রবীন্দ্রগ্রন্থপঞ্জী, প্রথম খণ্ড (১৩৮০) গ্রন্থে প্রাসঙ্গিক অন্যান্য তথ্য সংকলিত।

বাল্মীকিপ্রতিভা

‘বাল্মীকিপ্রতিভা’ ১২৮৭ সালের ফাল্গুনে পুস্তকাকারে প্রকাশিত হয়। “দ্বিতীয় সংস্করণ” (ফাল্গুন ১২৯২) গ্রন্থের দ্বিতীয় পৃষ্ঠার পাদটীকায় লিখিত আছে—

“অনেকগুলি গান পরিবর্তিত আকারে অথবা বিশুদ্ধ আকারে কালমৃগয়া গীতিনাট্য হইতে গৃহীত।”

কালমৃগয়ার অনেকটা অংশ বাল্মীকিপ্রতিভায় গৃহীত হইয়াছে বলিয়া কালমৃগয়া পরে আর ছাপানো হয় নাই, এ কথা জীবনস্মৃতিতে উল্লিখিত আছে। কালমৃগয়া হইতে নিম্নোক্ত গানগুলি বাল্মীকিপ্রতিভার দ্বিতীয় সংস্করণে ঈষৎ পরিবর্তিত অথবা যথার্থ আকারে গৃহীত হয়—

আঃ, বেঁচেছি এখন

এনেছি মোরা, এনেছি মোরা

রিম্ রিম্ ঘন ঘন রে বরষে

এই বেলা সবে মিলে চলো হো

গহনে গহনে যা রে তোরা

চল্ চল্ ভাই, ত্বরা করে মোরা আগে যাই

কে এল আজি এ ঘোর নিশীথে

প্রাণ নিয়ে তো সটকেছি রে
সর্দারমশায়, দেরি না সয়

দ্বিতীয় সংস্করণে প্রথম সংস্করণের “নিশুভমর্দিনী অশ্বে” গানটি বর্জিত হয় ও নিম্নোক্ত গানগুলি
নূতন সন্নিবিষ্ট হয়—

সহে না, সহে না, কাঁদে পরান
ওই মেঘ করে বুঝি গগনে
মরি, ও কাহার বাছা
ছাড়ব না ভাই, ছাড়ব না
এত রঙ্গ শিখেছ কোথায়
রাঙাপদপদ্মযুগে
কী দোষে বাঁধিলে আমায়
রাজা মহারাজা কে জানে
আছে তোমার বিদ্যোসাধি জানা
আঃ কাজ কী গোলমালে
অহো, আস্পর্ধা এ কী তোদের
আয় মা, আমার সাথে
কোথায় জুড়াতে আছে ঠাই
কেন রাজা, ডাকিস কেন
বলব কী আর বলব খুড়ো
রাখ রাখ ফেল ধনু
দেখ দেখ দুটো পাখি
নমি নমি ভারতী
শ্যামা, এবার ছেড়ে চলেছি মা
বাণী বীণাপাণি করুণাময়ী

বাল্মীকিপ্রতিভার প্রথম এবং দ্বিতীয় সংস্করণে, গ্রন্থশেষে সরস্বতীর আশিসবচনের পূর্বে
বাল্মীকির একটি সরস্বতী-বন্দনা ছিল (‘হৃদয়ে রাখ গো দেবী’)। ‘গান’ গ্রন্থের প্রথম প্রকাশকালে
(সেপ্টেম্বর ১৯০৮) উহা বাল্মীকিপ্রতিভা হইতে বর্জিত হয় ; বর্তমান গ্রন্থেও নাই। সামান্য
আরো দু-একটি পরিবর্তন ব্যতীত, বর্তমান মুদ্রণ দ্বিতীয় সংস্করণের অনুবৃত্তি বলা যায়।

বাল্মীকিপ্রতিভার দ্বিতীয় (১২৯২) সংস্করণকে, প্রথম সংস্করণ বাল্মীকিপ্রতিভা ও
কালমৃগয়ার যোগে পুনর্লিখিত গ্রন্থ বলিয়া গ্রহণ করা অসংগত নহে। এইজন্য বর্তমান
রচনাবলীর গ্রন্থানুক্রমে ইহাকে প্রকৃতির প্রতিশোধের পরে বসানো হইয়াছে।

মায়ার খেলা

মায়ার খেলা ১২৯৫ সালের অগ্রহায়ণে গ্রন্থাকারে প্রকাশিত হয়। প্রথম সংস্করণের বিজ্ঞাপন
ও তাহার সহিত মুদ্রিত নাটোর সংক্ষিপ্ত আখ্যায়িকা, পাঠকসাধারণের সুবিধার জন্য বর্তমান
রচনাবলীতে পুনর্মুদ্রিত হইল। এগুলি প্রচলিত সংস্করণে ছিল না।

প্রথম সংস্করণের বিজ্ঞাপনে গ্রন্থকার লিখিয়াছেন, ‘আমার পূর্বরচিত একটি অকিঞ্চিৎকর
গদ্য-নাটিকার সহিত এই গ্রন্থের কিঞ্চিৎ সাদৃশ্য আছে।’ এই গদ্য-নাটিকা ‘নলিনী’ (১২৯১)।

মায়ার খেলার প্রথম ও প্রচল সংস্করণে (গীতবিতান ৩ বা স্বরবিতান ৪৮-ধৃত) প্রভেদ
সামান্য। বর্তমান রচনাবলীতে ‘মায়ার খেলা’ গীতবিতান (১৩৩৮) অনুযায়ী মুদ্রিত।

রাজা ও রানী

‘রাজা ও রানী’ ১২৯৬ সালের শ্রাবণে গ্রন্থাকারে প্রকাশিত হয়। প্রথম সংস্করণ ও অধুনা প্রচলিত (বিশ্বভারতী পুনর্মুদ্রণ, ১৩৩৪) সংস্করণের মধ্যে কতকগুলি প্রভেদ সাধারণ ভাবে নির্দেশ করা গেল। স্থানে স্থানে সামান্য পরিবর্তন ব্যতীত, প্রচলিত সংস্করণই রচনাবলীতে অনুসৃত হইয়াছে।

প্রথম সংস্করণের প্রথম অঙ্কে পঞ্চম দৃশ্যে “নারায়ণী ॥ মিছে না। টেকির স্বর্গেও সুখ নেই।”— এই ছত্রের পর অতিথির প্রবেশ ও অতিথি (রামচরণ), নারায়ণী ও দেবদত্তের কথোপকথন ছিল। ইহা বর্তমানে নাই।

বর্তমানে দ্বিতীয় অঙ্কের তৃতীয় দৃশ্যের শেষে যে ত্রিবেদীর প্রবেশ ও উক্তি আছে, প্রথম সংস্করণে তাহা সম্পূর্ণ স্বতন্ত্র দৃশ্য (দ্বিতীয় অঙ্কের চতুর্থ দৃশ্য) ছিল।

প্রথম সংস্করণের চতুর্থ অঙ্কের দ্বিতীয় দৃশ্য ছিল, জালন্ধর রণক্ষেত্রে বিক্রমদেবের শিবিরদ্বারে সুমিত্রা ও সেনাপতির কথোপকথন। শিবিরপ্রবেশার্থিনী সুমিত্রাকে সেনাপতি বাধা দিতেছেন, ইহাই এই দৃশ্যে বর্ণিত ছিল। এই দৃশ্য বর্তমান সংস্করণে নাই।

প্রথম সংস্করণের পঞ্চম অঙ্কের সপ্তম দৃশ্য ছিল কাশ্মীর প্রাসাদে রেবতী, যুধাজিৎ, প্রহরী ও চন্দ্রসেনের কথোপকথন। কুমারকে বন্দী করিবার উদ্যমে রেবতী যুধাজিৎকে উত্তেজিত করিতেছেন, ইহাই এই দৃশ্যের প্রধান বিষয় ছিল। এই দৃশ্য বর্তমান সংস্করণে নাই।

প্রথম সংস্করণের পঞ্চম অঙ্কের দশম দৃশ্য ছিল কাশ্মীরে বৃদ্ধ করমচাঁদ, হনুমন্ত ও অন্যান্যের কথোপকথন। কুমার কাশ্মীরে ফিরিয়া আসিবেন, বিক্রমজিৎ স্বয়ং তাঁহাকে রাজটিকা পরাইবেন, এইরূপ সংবাদ শুনিয়া স্ত্রীপুরুষ-সাধারণের আনন্দপ্রকাশ ও উৎসবের আয়োজন এই দৃশ্যে বর্ণিত আছে। এই দৃশ্য বর্তমান সংস্করণে নাই।

ইহা ছাড়া অন্যান্য দৃশ্যেও মাঝে মাঝে অংশবিশেষ পরিবর্তিত ও পরিবর্তিত।

রাজা ও রানীর কাহিনী লইয়া কবি উত্তরকালে গদ্যনাট্য ‘তপতী’ (১৩৩৬) রচনা করেন। তপতীর ভূমিকায় তিনি রাজা ও রানী সম্বন্ধে লিখিয়াছেন—

“রাজা ও রানী আমার অল্প বয়সের রচনা, সেই আমার প্রথম নাটক লেখার চেষ্টা।

“সুমিত্রা ও বিক্রমের সম্বন্ধের মধ্যে একটি বিরোধ আছে— সুমিত্রার মৃত্যুতে সেই বিরোধের সমাধা হয়। বিক্রমের যে প্রচণ্ড আসক্তি পূর্ণভাবে সুমিত্রাকে গ্রহণ করবার অন্তরায় ছিল, সুমিত্রার মৃত্যুতে সেই আসক্তির অবসান হওয়াতে সেই শান্তির মধোই সুমিত্রার সত্য-উপলব্ধি বিক্রমের পক্ষে সম্ভব হল, এইটেই রাজা ও রানীর মূলকথা।

“রচনার দোষে এই ভাবটি পরিস্ফুট হয় নি। কুমার ও ইলার প্রেমের বৃত্তান্ত অপ্রাসঙ্গিকতার দ্বারা নাটককে বাধা দিয়েছে এবং নাটকের শেষ অংশে কুমার যে অসংগত প্রাধান্য লাভ করেছে তাতে নাট্যের বিষয়টি হয়েছে ভারগ্রস্ত ও দ্বিধাবিভক্ত। এই নাটকের অন্তিমে কুমারের মৃত্যু-দ্বারা চমৎকার-উৎপাদনের চেষ্টা প্রকাশ পেয়েছে— এই মৃত্যু আখ্যানধারার অনিবার্য পরিণাম নয়।

“অনেক দিন ধরে রাজা ও রানীর ত্রুটি আমাকে পীড়া দিয়েছে। কিছুদিন পূর্বে শ্রীমান গগনেন্দ্রনাথ যখন এই নাটকটি অভিনয়ের উদ্যোগ করেন তখন এটাকে যথাসম্ভব সংক্ষিপ্ত ও পরিবর্তিত করে একে অভিনয়যোগ্য করবার চেষ্টা করেছিলেন। দেখলুম এমনতরো অসম্পূর্ণ সংস্কারের দ্বারা সংশোধন সম্ভব নয়। তখনই স্থির করেছিলেন এ নাটক আগাগোড়া নূতন করে না লিখলে এর সদগতি হতে পারে না। লিখে বইটার সম্বন্ধে আমার সাধ্যমত দায়িত্ব শোধ করেছি।”

তপতী-রচনার কিছুদিন পূর্বে রাজা ও রানী অভিনয়ের জন্য সংক্ষিপ্ত ও পরিবর্তিত করিবার

কথা কবি যে উল্লেখ করিয়াছেন, সেই অভিনয়-কালে (১৯২৯) এই সংস্করণের নাম ছিল 'ভৈরবের বলি'। ভৈরবের বলির অভিনয়পত্রীতে উহাকে 'রবীন্দ্রনাথের রাজা ও রানীর কবি-কৃত নূতন সংস্করণ' বলিয়া উল্লেখ করা হইয়াছে। এই সংক্ষেপণ ও পরিবর্তন পাণ্ডুলিপি-আকারে রক্ষিত আছে। সম্প্রতি রাজা ও রানীর পাঠান্তর-সংবলিত সংস্করণে ভৈরবের বলি প্রসঙ্গে বিস্তারিত তথ্য সন্নিবিষ্ট হইয়াছে। রাজা ও রানী নাটক সম্পর্কে প্রাসঙ্গিক অন্যান্য তথ্যের জন্য দ্রষ্টব্য, পাঠান্তর-সংবলিত সংস্করণ রাজা ও রানী (১৩৯৩) এবং পুলিনবিহারী সেন-প্রণীত রবীন্দ্রগ্রন্থপঞ্জী, প্রথম খণ্ড (১৩৮০)।

বিসর্জন

'বিসর্জন' 'রাজর্ষি উপন্যাসের প্রথমাংশ হইতে নাট্যাকারে রচিত' ও ১২৯৭ সালে গ্রন্থাকারে প্রথম প্রকাশিত হয়।

১৩০৩ সালে প্রকাশিত 'কাব্যগ্রন্থাবলী'র সংকলনে বিসর্জনের বহুল পরিবর্তন সাধিত হয়; অনেকগুলি দৃশ্য সংক্ষিপ্ত হয়, নূতন-লিখিত কোনো কোনো অংশ যোজিত হয়, কোনো কোনো অংশ পরিবর্তিত হয়, ও কয়েকটি দৃশ্য সম্পূর্ণ বর্জিত হয়। এই-সকল পরিবর্তনের ফলে প্রথম সংস্করণে প্রকটিত অনেকগুলি চরিত্রও সম্পূর্ণ পরিত্যক্ত হয়, যথা— হাসি, হাসির কাকা কেদারেশ্বর, অপর্ণার অঙ্ক পিতা ইত্যাদি।

১৩০৬ সালে বিসর্জনের 'দ্বিতীয় সংস্করণ' প্রকাশিত হয়। এই সংস্করণের প্রধান পরিবর্তন— পঞ্চম অঙ্কের শেষ দৃশ্যে 'পুষ্প-অর্ঘ্য লইয়া গোবিন্দমাণিক্যের প্রবেশ' ও তৎপরবর্তী অংশের যোজনা।

'কাব্যগ্রন্থাবলী' সংস্করণ ও দ্বিতীয় সংস্করণের উল্লেখযোগ্য অন্য পার্থক্য পঞ্চম অঙ্কের দৃশ্যবিভাগ-গত। 'কাব্যগ্রন্থাবলী' সংস্করণের পঞ্চম অঙ্কের চারিটি স্বতন্ত্র দৃশ্য দ্বিতীয় সংস্করণে দুইটি দৃশ্যে পরিণত হয়; 'কাব্যগ্রন্থাবলী' সংস্করণের পঞ্চম অঙ্কের প্রথম ও চতুর্থ দৃশ্য যুক্ত করিয়া দ্বিতীয় সংস্করণে পঞ্চম অঙ্কের দ্বিতীয় (বা শেষ) দৃশ্য করা হয়; 'কাব্যগ্রন্থাবলী' সংস্করণের পঞ্চম অঙ্কের দ্বিতীয় ও তৃতীয় দৃশ্য যুক্ত করিয়া দ্বিতীয় সংস্করণে প্রথম দৃশ্য করা হয়। পঞ্চম অঙ্কের এই দৃশ্যবিভাগে প্রচলিত সংস্করণ ও রচনাবলী-সংস্করণ 'কাব্যগ্রন্থাবলী' সংস্করণেরই অনুরূপ, দ্বিতীয় সংস্করণের শেষ দৃশ্যে নূতন-যোজিত অংশটি প্রচলিত সংস্করণে ও রচনাবলীতে মুদ্রিত আছে।

১৩৩৩ সালে বিসর্জনের একটি নূতন সংস্করণ প্রকাশিত হয়। ইহাতে 'প্রথম সংস্করণের অনেকগুলি পরিত্যক্ত অংশ [দৃশ্য চরিত্র ও সংলাপ] পুনরুদ্ধার করা হইয়াছে; এবং ১৩৩০ সালে লেখা সম্পূর্ণ নূতন একটি অংশও যোগ করিয়া দেওয়া হইয়াছে। সেইজন্য [এই] সংস্করণে কবি অঙ্ক ও দৃশ্য বিভাগ সম্পূর্ণ নূতন করিয়া সাজাইয়াছেন।' এই সংস্করণ পরে পরিত্যক্ত হয় এবং 'কাব্যগ্রন্থাবলী' সংস্করণ ও দ্বিতীয় সংস্করণ অবলম্বনে একটি নূতন সংস্করণ (জ্যেষ্ঠ ১৩৩৮?) প্রকাশিত হয়, উহাই বর্তমানে প্রচলিত।

রবীন্দ্র-রচনাবলীতে প্রচলিত সংস্করণই অনুসৃত হইয়াছে, তবে পুরাতন সংস্করণগুলির সহায়তায় বিভিন্ন স্থানে পাঠসংশোধন করা হইয়াছে। শেষ দৃশ্যের বিশেষ একটি সংশোধন রবীন্দ্র-পাণ্ডুলিপির সাহায্যে।

বিসর্জনের প্রচলিত (১৩৮১) সংস্করণে গ্রন্থপরিচয় অংশে এই নাটক সম্পর্কে কবির উক্তি যেমন বহুশঃ উদ্ধৃত হইয়াছে, তেমনি ইহার বিভিন্ন-সংস্করণ-গত বৈশিষ্ট্যের বিষয়েও অপেক্ষাকৃত বিস্তারিত আলোচনা আছে।

বউ-ঠাকুরানীর হাট

‘বউ-ঠাকুরানীর হাট’ ১২৮৯ সালের পৌষে গ্রন্থাকারে প্রথম প্রকাশিত হয়। রবীন্দ্র-রচনাবলীতে পরবর্তী শ্রাবণ ১৩৩৯-এ মুদ্রিত স্বতন্ত্র সংস্করণের পাঠ অনুসৃত। প্রথম ও প্রচল সংস্করণের কতকগুলি সাধারণ পার্থক্য নির্দেশ করা গেল—

প্রথম সংস্করণের প্রথম পরিচ্ছেদ বর্তমান সংস্করণে নাই। কাহিনীর শেষ দৃশ্যের এক অংশ প্রথম পরিচ্ছেদে নিবন্ধ করিয়া, পূর্বে তাহা চত্বারিংশ পরিচ্ছেদেও অন্যভাবে লেখা হইয়াছিল।

প্রথম সংস্করণের সপ্তদশ পরিচ্ছেদ বর্তমান স্বতন্ত্র সংস্করণে নাই।

প্রথম সংস্করণের ষড়্বিংশ পরিচ্ছেদের প্রথমাংশ পূর্বতন (প্রথম সংস্করণে ২৫শ ও বর্তমান সংস্করণে ২৩শ) পরিচ্ছেদের শেষে যুক্ত হইয়াছে, অবশিষ্ট অংশ বর্জিত।

এতদ্ব্যতীত, বিভিন্ন পরিচ্ছেদে অনেক অংশ পরিবর্জিত ও পরিবর্ধিত।

বউ-ঠাকুরানীর হাটের কাহিনী অবলম্বনে কবি ‘প্রায়শ্চিত্ত’ (১৩১৬) নাটক রচনা করেন; ‘প্রায়শ্চিত্ত’ পরে ‘পরিব্রাজ’ (১৩৩৬) নাটকে পরিবর্তিত হয়।

রাজর্ষি

‘রাজর্ষি’ ১২৯৩ সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়। রাজর্ষির গল্পটি অংশতঃ স্বপ্নলব্ধ, ঐ স্বপ্নের সহিত ত্রিপুরার পুরাবৃত্ত-যোগে ইহার রচনা। এই স্বপ্ন সম্বন্ধে রবীন্দ্রনাথ জীবনস্মৃতিতে লিখিয়াছেন—

“ছবি ও গান এবং কড়ি ও কোমল -এর মাঝখানে বালক নামে একখানি মাসিক পত্র এক বৎসরের ওষধির মতো ফসল ফলাইয়া লীলাসম্বরণ করিল।... দুই-এক সংখ্যা বালক বাহির হইবার পর দুই-এক দিনের জন্য দেওঘরে রাজনারায়ণ বাবুকে দেখিতে যাই। কলিকাতায় ফিরিবার সময় রাত্রের গাড়িতে ভিড় ছিল; ভালো করিয়া ঘুম হইতেছিল না— ঠিক চোখের উপরে আলো জ্বলিতেছিল। মনে করিলাম ঘুম যখন হইবেই না তখন এই সুযোগে বালকের জন্য একটা গল্প ভাবিয়া রাখি। গল্প ভাবিবার ব্যর্থ চেষ্টার টানে গল্প আসিল না, ঘুম আসিয়া পড়িল। স্বপ্ন দেখিলাম, কোন্ এক মন্দিরের সিঁড়ির উপর বলির রক্তচিহ্ন দেখিয়া একটি বালিকা অত্যন্ত করুণ ব্যাকুলতার সঙ্গে তাহার বাপকে জিজ্ঞাসা করিতেছে— বাবা, একি ! এ যে রক্ত ! বালিকার এই কাতরতায় তাহার বাপ অন্তরে ব্যথিত হইয়া অথচ বাহিরে রাগের ভান করিয়া কোনোমতে তার প্রশ্নটাকে চাপা দিতে চেষ্টা করিতেছে। জাগিয়া উঠিয়াই মনে হইল এটি আমার স্বপ্নলব্ধ গল্প। এমন স্বপ্নে পাওয়া গল্প এবং অন্য লেখা আমার আরো আছে। এই স্বপ্নটির সঙ্গে ত্রিপুরার রাজা গোবিন্দমাণিক্যের পুরাবৃত্ত মিশাইয়া রাজর্ষি গল্প মাসে মাসে লিখিতে লিখিতে বালকে বাহির করিতে লাগিলাম।”

—বালক অধ্যায়। জীবনস্মৃতি

ত্রিপুরার মহারাজ বীরচন্দ্রমাণিক্য কবিকে গোবিন্দমাণিক্যের ইতিহাস পাঠাইয়াছিলেন; তাহা রাজর্ষির প্রথম সংস্করণে পরিশিষ্টরূপে প্রকাশিত। নক্ষত্রায়ের ত্রিপুরা অধিকার ও গোবিন্দমাণিক্যের স্ব-ইচ্ছায় সিংহাসনত্যাগ এবং নক্ষত্রায়ের মৃত্যুর পর গোবিন্দমাণিক্যের রাজ্যভার-পুনর্গ্রহণ প্রভৃতি এই ইতিবৃত্তে বর্ণিত আছে।

বিভিন্ন সংস্করণে রাজর্ষির অনেকাংশ বর্জিত এবং চত্বারিংশ ও একচত্বারিংশ পরিচ্ছেদ সম্পূর্ণ বর্জিত হয়। ১৩৩১ সালের বিশ্বভারতী-সংস্করণে ঐ দুইটি পরিচ্ছেদ ও অন্যান্য অনেক বর্জিত

অংশ পুনঃসংকলিত হয়। রচনাবলী-সংস্করণ প্রথম ও দ্বিতীয় সংস্করণের সহায়তায় নূতন প্রস্তুত হইল; ইহাতে উক্ত বর্জিত পরিচ্ছেদগুলি সংগৃহীত, অন্যান্য বর্জিত অংশ প্রয়োজনমতে সংকলিত এবং প্রথম দ্বিতীয় ও আধুনিক সংস্করণের সহায়তায় বিভিন্ন স্থলে পাঠ সংশোধিত হইয়াছে। উত্তরকালে 'রাজর্ষি'র গল্পাংশ লইয়াই 'বিসর্জন' নাটক (প্রকাশ ১২৯৭) রচিত হয়।

যুরোপ-প্রবাসীর পত্র

'যুরোপ-প্রবাসীর পত্র' ১২৮৮ সালে গ্রন্থাকারে প্রকাশিত। প্রথম সংস্করণে গ্রন্থকারের ভূমিকায় লিখিত আছে—

“বন্ধুদের দ্বারা অনুরুদ্ধ হইয়া এই পত্রগুলি প্রকাশ করিলাম। প্রকাশ করিতে আপত্তি ছিল— কারণ কয়েকটি ছাড়া বাকি পত্রগুলি ভারতীর উদ্দেশে লিখিত হয় নাই, সুতরাং সে সমুদয়ে যথেষ্ট সাবধানের সহিত মত প্রকাশ করা যায় নাই; বিদেশীয় সমাজ প্রথম দেখিয়াই যাহা মনে হইয়াছে তাহাই ব্যক্ত করা গিয়াছে। কিন্তু ইহাতে, আর কোনো উপকার হউক বা না হউক, একজন বাঙালি ইংলণ্ডে গেলে কিরূপে তাহার মত গঠিত ও পরিবর্তিত হয় তাহার একটা ইতিহাস পাওয়া যায়।

“আমার মতে যে ভাষায় চিঠি লেখা উচিত সেই ভাষাতেই লেখা হইয়াছে। আত্মীয়স্বজনদের সহিত মুখামুখি একপ্রকার ভাষায় কথা কহা ও তাঁহারা চোখের আড়াল হইবামাত্র আর-একপ্রকার ভাষায় কথা কহা কেমন অসংগত বলিয়া বোধ হয়।

“পূজনীয় ভারতীর সম্পাদক মহাশয় আমার পত্রের উত্তরে তাঁহার যে-সকল অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন তাহাও পুস্তকে নিবিষ্ট হইল। সকল বিষয়েরই দুই পক্ষ আছে। উভয় পক্ষই পাঠকদের দেখা আবশ্যিক।”

এই গ্রন্থের প্রকাশে পরে কবির অনিচ্ছা ছিল, এইজন্য বহুকাল ইহা গ্রন্থাকারে প্রচারিত হয় নাই। বহুকাল পরে 'পাশ্চাত্য ভ্রমণ' (আশ্বিন ১৩৪৩) গ্রন্থে পরিবর্তিত রূপে ইহা 'যুরোপ-যাত্রীর ডায়ারি'র দ্বিতীয় খণ্ডের সহিত প্রকাশিত হয়। বর্তমান রচনাবলীতে পাশ্চাত্য ভ্রমণের পাঠ অনুসৃত। যুরোপ-প্রবাসীর পত্র পুনঃপ্রকাশে কবির অনভিকর্ষিত ও পরে সম্মতির কারণ তিনি পাশ্চাত্য ভ্রমণের ভূমিকায় বিস্তারিত ভাবে আলোচনা করিয়াছেন এবং প্রথম সংস্করণের ভূমিকার প্রথম কয় ছত্রেও সে সম্বন্ধে ইঙ্গিত আছে। পাশ্চাত্য ভ্রমণের ভূমিকাটি বর্তমান রচনাবলীতে সংকলিত।

যুরোপ-প্রবাসীর পত্রগুলি যখন ভারতীতে প্রকাশিত হয় তখন ভারতী-সম্পাদক দ্বিজেন্দ্রনাথ ঠাকুর ঐ পত্রগুলির কোনো কোনোটিতে প্রকাশিত মন্তব্যের বিশেষ সমালোচনা করেন। রবীন্দ্রনাথ তাঁহার পত্রগুলিতে “ইঙ্গবঙ্গ”দের সম্বন্ধে যেমন কঠিন সমালোচনা ও ব্যঙ্গ করিয়াছিলেন, বিলাতের ধনীসমাজের মহিলাদের “বিলাসিনী” শ্রেণীর সম্বন্ধে যেমন পরিহাস করিয়াছিলেন, বিদেশের তুলনায় দেশের সামাজিক রীতি ও প্রথার (বিশেষত স্ত্রীস্বাধীনতার অভাব ও গুরুজনদের সহিত ব্যবহারের প্রচলিত রীতির) সম্বন্ধেও তেমনিই বিরূপ মন্তব্য প্রকাশ করিয়াছিলেন। ভারতী-সম্পাদক দেশীয় প্রথা ও রীতির সমর্থন ও রবীন্দ্রনাথের মন্তব্যের প্রতিবাদ করিয়া টিপ্পনী প্রকাশ করেন, রবীন্দ্রনাথ পরবর্তী পত্রে তাহার উত্তর দেন। এইরূপে বাদপ্রতিবাদ চলে। প্রথম সংস্করণে তাহা মুদ্রিত আছে। পাশ্চাত্য ভ্রমণে এই বাদপ্রতিবাদ সম্পূর্ণ ভাবে বর্জিত। প্রথম সংস্করণের ষষ্ঠ পত্রের অংশ, সপ্তম নবম ও দশম পত্র, এবং তৎসহ ভারতী-সম্পাদকের মন্তব্যগুলিও, পরিত্যক্ত হইয়াছে। অন্য পত্রগুলিতেও বহুলাংশ বর্জিত।

যুরোপ-যাত্রীর ডায়ারি

‘যুরোপ-যাত্রীর ডায়ারি’ প্রথমে দুই খণ্ডে গ্রন্থাকারে প্রকাশিত হয় (বৈশাখ ১২৯৮, আশ্বিন ১৩০০)। ইহার প্রথম খণ্ড “ভূমিকা”, তাহাতে যুরোপ ও ভারতবর্ষের সমাজ সংস্কৃতি জীবনদর্শন প্রভৃতির তুলনা ও আলোচনা আছে ; ভ্রমণবৃত্তান্ত নাই। দ্বিতীয় খণ্ড ভ্রমণের ডায়ারি।

যুরোপ-যাত্রীর ডায়ারির কোনো খণ্ডই পরবর্তীকালে স্বতন্ত্র গ্রন্থাকারে প্রচলিত ছিল না। প্রথম খণ্ডের প্রথম অংশ ‘স্বদেশ’ গ্রন্থে ‘নূতন ও পুরাতন’ নামে ও দ্বিতীয় অংশ ‘সমাজ’ গ্রন্থে ‘প্রাচ্য ও প্রতীচ্য’ নামে প্রবন্ধাকারে সংকলিত। দ্বিতীয় খণ্ড ‘বিচিত্র প্রবন্ধ’ গ্রন্থে ‘যুরোপ-যাত্রী’ নামে মুদ্রিত হইয়াছিল। দ্বিতীয় খণ্ডটি পরে ‘পাশ্চাত্য ভ্রমণ’ গ্রন্থে যুরোপ-প্রবাসীর পত্রের সহিত মুদ্রিত হয়। রচনাবলীর বর্তমান খণ্ডে এই দ্বিতীয় খণ্ডই পাশ্চাত্য ভ্রমণের পাঠ-অনুসারে মুদ্রিত হইল।

রবীন্দ্র-রচনাবলীতে সংকলনের পরবর্তীকালে, রবীন্দ্র-শতবর্ষ-পূর্তি উপলক্ষে, ‘যুরোপ-প্রবাসীর পত্র’ ও ‘যুরোপ-যাত্রীর ডায়ারি’ উভয় গ্রন্থেরই প্রথম-প্রকাশ-অনুযায়ী পুনর্মুদ্রণ এবং প্রত্যেক গ্রন্থে পরিশিষ্ট ও বিশদ গ্রন্থপরিচয় যুক্ত হইয়াছে। শেষোক্ত গ্রন্থের পরিশিষ্টে ‘যুরোপ-যাত্রীর ডায়ারি : খসড়া’ সংযুক্ত হওয়ায়, রবীন্দ্রনাথের এই প্রথম দিকের রচনায় ভাব ও ভাষা-গত বিবর্তন কিভাবে কতদূর হইয়াছে তাহা লক্ষ্য করিবার বিশেষ সুযোগ ঘটিয়াছে।

চিঠিপত্র

‘চিঠিপত্র’র অন্তর্গত রচনাবলী সমস্তই ১২৯২ সনের ‘বালক’ মাসিক পত্রে প্রথম প্রচারিত হইয়াছিল। গ্রন্থভুক্ত নয়টি নিবন্ধ যথাক্রমে ‘বালক’এর জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ, ভাদ্র, আশ্বিন-কার্তিক, পৌষ, মাঘ ও চৈত্রে (৮ ও ৯-সংখ্যক নিবন্ধ) প্রকাশিত হয়। সেই নিবন্ধসমূহে নানাক্রম পরিবর্তন ও পরিবর্জন করিয়া ‘চিঠিপত্র’ ১২৯৪ সালে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত। পরে ইহা ১৩১৪-১৫ সালে গদ্যগ্রন্থাবলীর অন্তর্গত ‘সমাজ’ গ্রন্থে সংকলিত হয় ; সে সময়েও রবীন্দ্রনাথ নানাভাবে সম্পাদনা করেন। অতঃপর ইহা আর স্বতন্ত্র গ্রন্থাকারে প্রচলিত ছিল না। রবীন্দ্র-রচনাবলীতে পুনঃসংকলন-সময়ে প্রথম প্রচারিত গ্রন্থের পাঠ প্রধানতঃ অনুসৃত হইলেও, সাময়িক পত্রের এবং গদ্যগ্রন্থাবলীর পাঠ মিলাইয়া দেখা হইয়াছে— অনবধানে বা মুদ্রণপ্রমাদে অনভিপ্রেত ‘পাঠান্তর’ সৃষ্ট হইয়া থাকিলে পূর্বতন পাঠ গৃহীত হইয়াছে।

গ্রন্থপ্রকাশের কাল-অনুসারে ‘চিঠিপত্র’ (বর্তমানে ‘সমাজ’ গ্রন্থের অন্তর্গত) যুরোপ-প্রবাসীর পত্রের পরেই ছাপা উচিত ছিল। কিন্তু পাশ্চাত্য ভ্রমণ গ্রন্থে যুরোপ-প্রবাসীর পত্র ও যুরোপ-যাত্রীর ডায়ারি (দ্বিতীয় খণ্ড) একই ভূমিকায় কবি আলোচনা করিয়াছেন বলিয়া এবং ঐ ভূমিকাটি বর্তমান রচনাবলীতেও রক্ষা করা বাঞ্ছনীয় মনে হইয়াছে বলিয়া, যুরোপ-প্রবাসীর পত্র ও যুরোপ-যাত্রীর ডায়ারি (দ্বিতীয় খণ্ড) পর পর মুদ্রিত হইল ; ‘চিঠিপত্র’ তাহার পর মুদ্রিত।

পঞ্চভূত

‘পঞ্চভূত’ ১৩০৪ সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়। পরে স্থানে স্থানে পরিবর্তিত ও পরিবর্তিত হইয়া ইহা গদ্যগ্রন্থাবলীর অন্তর্গত ‘বিচিত্র প্রবন্ধ’ গ্রন্থে স্থান লাভ করে, স্বতন্ত্র গ্রন্থাকারে প্রচলিত ছিল না। ‘বিচিত্র প্রবন্ধ’ হইতে পঞ্চভূত-অংশ বিচ্ছিন্ন করিয়া ১৩৪২ সালে পঞ্চভূতের একটি স্বতন্ত্র নূতন সংস্করণ প্রকাশিত হয় ; প্রথম সংস্করণ হইতে বর্জিত অংশগুলি প্রায় সবই এই

রবীন্দ্র-রচনাবলী

সংস্করণে পুনরায় যোজিত হয় ও নূতন লিখিত কোনো কোনো অংশ সন্নিবিষ্ট হয়। বর্তমানে-প্রচলিত এই সংস্করণই রবীন্দ্র-রচনাবলীতে অনুসৃত হইয়াছে; তবে 'সাধনা' অথবা প্রথম সংস্করণের সহিত মিলাইয়া বিভিন্ন স্থানে পাঠসংশোধন করা হইয়াছে।

এই গ্রন্থের প্রবন্ধগুলি 'ডায়ারি' 'পঞ্চভূতের ডায়ারি' বা অন্য নামে 'সাধনা' মাসিক পত্রে কয়েক বৎসর ধরিয়া (মাঘ ১২৯৯ - কার্তিক ১৩০২) প্রকাশিত হইয়াছিল। রচনাবলীতে প্রত্যেক প্রবন্ধশেষে 'সাধনা'য় প্রকাশের কাল মুদ্রিত হইল।

প্রায় রবীন্দ্র-শতবর্ষ-পূর্তির সমকালে রবীন্দ্র-কাব্যের পাঠভেদ-সংবলিত বা পাঠপঞ্জীকৃত সংস্করণ প্রস্তুত করার কাজ শুরু হয় পত্র-পত্রিকায়।^১ তাহারই ফলস্বরূপ, রবীন্দ্র-রচনাবলীর বর্তমান খণ্ডে সংকলিত সঙ্ক্যাসংগীত কাব্যের 'পাঠান্তর-সংবলিত' এক বিশেষ সংস্করণ প্রকাশিত হইয়াছে ১৯৬৯ খৃস্টাব্দে। অতঃপর ক্রমান্বয়ে ভানুসিংহ ঠাকুরের পদাবলী (১৩৭৬), প্রকৃতির প্রতিশোধ (১৩৮৪) ও রাজা ও রানী (১৩৯৩) গ্রন্থের অনুরূপ পাঠান্তর-সংবলিত সংস্করণ প্রকাশিত হইয়াছে এবং প্রভাতসংগীত কাব্য সম্পর্কে অনুরূপ কাজ চলিতেছে।

রবীন্দ্রনাথ রছ পত্রে, প্রবন্ধে ও ভাষণে স্বীয় রচনার আলোচনা করিয়াছেন; তাহার রচনার মর্মগ্রহণের পক্ষে সেগুলি বিশেষ প্রয়োজনীয়। এই আলোচনার কতকগুলি কোনো কোনো গ্রন্থে সন্নিবিষ্ট আছে। কতকগুলি গ্রন্থের ভূমিকারূপে ব্যবহৃত হইয়াছে। বর্তমান রচনাবলীতেও সেগুলি সেইভাবে মুদ্রিত।

বর্তমান খণ্ডে প্রকাশিত গ্রন্থগুলির মধ্যে সঙ্ক্যাসংগীত, প্রভাতসংগীত, ছবি ও গান, প্রকৃতির প্রতিশোধ, বাল্মীকিপ্রতিভা, মায়ার খেলা, যুরোপ-প্রবাসীর পত্র— এগুলি সম্বন্ধে সংক্ষিপ্ত বা বিস্তারিত আলোচনা জীবনস্মৃতিতে লিপিবদ্ধ আছে। যুরোপ-প্রবাসীর পত্রে বর্ণিত অনেক ব্যক্তির চরিত্র-চিত্র পূর্ণতর ভাবে জীবনস্মৃতিতে লিখিত আছে; বউ-ঠাকুরানীর হাট উপন্যাসের উল্লেখ জীবনস্মৃতিতে আছে। 'মানুষের ধর্ম' (কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কমলা-বড়ুতামালা ১৯৩৩) গ্রন্থের পরিশিষ্টে 'মানবসত্য' প্রবন্ধে রবীন্দ্রনাথ প্রভাতসংগীতের অনেক কবিতা সম্বন্ধে বিস্তারিত আলোচনা করিয়াছেন। কোনো কোনো আলোচনা প্রয়োজনবোধে গ্রন্থপরিচয়ে অংশত সংকলিত হইল।

প্রথম সংস্করণের উৎসর্গপত্রগুলি অনেক গ্রন্থের পরবর্তী সংস্করণে বর্জিত হইয়াছিল। রবীন্দ্র-রচনাবলীতে সেগুলি পুনঃসংকলিত হইল।

১ দ্রষ্টব্য, পুলিনবিহারী সেন ও শ্রীশুভেন্দুশেখর মুখোপাধ্যায় -সংকলিত :

"রবীন্দ্রকাব্যে পাঠভেদ, নির্ঝরের স্বপ্নভঙ্গ"। দেশ, রবীন্দ্রশতবর্ষপূর্তি সংখ্যা, ১৩৬৯

"রবীন্দ্রকাব্যে পাঠভেদ, সঙ্ক্যাসংগীত"। সাহিত্য-পরিষৎ-পত্রিকা, রবীন্দ্রসংখ্যা ১৩৭১

বিজ্ঞপ্তি

সুলভ সংস্করণ

রবীন্দ্রনাথের ১২৫তম জন্মজয়ন্তী উপলক্ষে বিশ্বভারতীর প্রচলিত রবীন্দ্র-রচনাবলীর একটি সুলভ সংস্করণ প্রকাশের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। যতদূর সম্ভব বেশি পাঠকের নিকট যাহাতে রবীন্দ্রনাথের রচনা পৌছাইতে পারে, রবীন্দ্র-অনুরাগী পাঠকের অনেকেই রবীন্দ্র-রচনাবলীর একটি সংগ্রহ নিজস্বরূপে পাইতে পারেন, বর্তমান সুলভ সংস্করণ রবীন্দ্র-রচনাবলী প্রকাশের ইহাই উদ্দেশ্য।

রবীন্দ্র-রচনাবলী যথাসম্ভব সুলভ করিবার অভিপ্রায়ে বিশ্বভারতী-রবীন্দ্র-রচনাবলীর বর্তমান-প্রচলিত ৩০টি খণ্ড (সূচী খণ্ড সহ) ১৫টি খণ্ডে বিন্যস্ত করা হইয়াছে, অর্থাৎ দুইটি খণ্ডের রচনা একত্রে একটি খণ্ডের অন্তর্ভুক্ত হইয়াছে। একই কারণে, এবং খণ্ডগুলি যাহাতে অতি মাত্রায় বৃহৎ ও ব্যবহারের অনুপযোগী না হয়, সেজন্য প্রচলিত কাগজের পরিবর্তে ত্রিবেণী টিসু কাগজ ব্যবহার করা হইয়াছে।

এই উপলক্ষে একটি কথা বলা দরকার যে, সুলভ রবীন্দ্র-রচনাবলী রবীন্দ্র-রচনার সমগ্র সংগ্রহ নয়, বিশ্বভারতী-প্রকাশিত রবীন্দ্র-রচনাবলীর একটি বিশেষ সংস্করণ।

সমগ্র রবীন্দ্র-রচনা সংকলনের কাজ এখনো সম্পূর্ণ হয় নাই। রবীন্দ্রনাথের রচনার ক্ষেত্রে এই কাজ জটিল ও সময়সাধ্য। যথাসম্ভব শীঘ্র এই কাজ সম্পন্ন করিবার জন্য বিশ্বভারতী সম্প্রতি একটি বিশেষ প্রকল্প গ্রহণ করিয়াছেন। এই কাজ সম্পূর্ণ হইতে যে সময় প্রয়োজন তাহার জন্য অপেক্ষা না করিয়া, রবীন্দ্রনাথের প্রকাশিত গ্রন্থের একটি সংগ্রহ আগ্রহী রবীন্দ্র-পাঠকদের যথাসম্ভব স্বল্প মূল্যে দেওয়ার জন্য এই প্রযত্ন।

এই প্রসঙ্গে আর-একটি কথা বলা প্রয়োজন। বিশ্বভারতী গ্রন্থনবিভাগ আর্থিক বিষয়ে একটি স্বয়ংনির্ভর প্রতিষ্ঠান— বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত হওয়া সত্ত্বেও গ্রন্থনবিভাগ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বা সরকারের অনুদান-পুষ্ট নয়। ফলে বিশ্বভারতী গ্রন্থনবিভাগের পক্ষে রবীন্দ্রগ্রন্থের সুলভ সংস্করণ প্রকাশের পরিকল্পনা নেওয়া দুঃসাধ্য। রবীন্দ্রগ্রন্থের স্বত্বাধিকারী বিশ্বভারতী, রবীন্দ্রভারতী সোসাইটি এবং রবীন্দ্রনাথ ঠাকুর এস্টেটের ট্রাস্টীর আনুকূল্যে এই কাজ সহজসাধ্য হইয়াছে।

বর্ণানুক্রমিক সূচী

অকুল সাগর-মাঝে চলেছে ভাসিয়া	...	৩৪৫
অক্ষমতা	...	২১০
অখণ্ডতা	...	৯১৪
অঞ্চলের বাতাস	...	১৯৮
অধরের কানে যেন অধরের ভাষা	...	১৯৫
অধিক করি না আশা, কিসের বিষাদ	...	৫৭
অনন্ত জীবন	...	৫৭
অনন্ত দিবসরাত্রি কালের উচ্ছ্বাস	...	২০৭
অনন্ত প্রেম	...	৩৩২
অনন্ত মরণ	...	৫৯
অনুগ্রহ	...	২২
অন্ধকার তরুশাখা দিয়ে	...	৩৪১
অপূর্ব রামায়ণ	...	৯৪৪
অপেক্ষা	...	২৮৬
অবশ নয়ন নিমীলিয়া	...	১৪
অভিমানিনী	...	১২৪
অয়ি প্রতিধ্বনি, বুঝি আমি তোরে ভালোবাসি	...	৬৫
অয়ি সন্ধ্যা, অনন্ত আকাশতলে	...	৭
অরুণময়ী তরুণী উষা	...	৮০
অলি বার বার ফিরে যায়	...	৪৩৩
অশ্রুশ্রোতে স্ফীত হয়ে বহে বৈতরণী	...	২০৬
অসহ্য ভালোবাসা	...	২০
অস্তমান রবি	...	২০৯
অস্তাচলের পরপারে	...	২০৯
অহল্যার প্রতি	...	৩৩৯
অহো, আস্পর্ধা এ কী তোদের নরাধম	...	৪০৩
আঃ, কাজ কী গোলমালে	...	৪০২
আঃ, বেঁচেছি এখন	...	৩৯৭
আকাঙ্ক্ষা	...	১৯১, ২৪৭
আকাশের দুই দিক হতে	...	১৯৪
আগন্তুক	...	৩৪৪
আচ্ছন্ন	...	১১৩

আছে তোমার বিদ্যে সাধি জানা	...	৪০২
আজ আমি কথা কহিব না	...	৮৩
আজ একেলা বসিয়া আকাশে চাহিয়া	...	৯২
আজ কি, তপন, তুমি যাবে অস্তাচলে	...	২০৯
আজ কিছু করিব না আর	...	১১০
আজ তোমারে দেখতে এলেম	...	৬২৩
আজি আঁখি জুড়ালো	...	৪৩৬
আজি এ প্রভাতে প্রভাতবিহগ	...	৫০
আজি শরততপনে প্রভাতস্বপনে	...	১৯১
আজু সখি, মুহু মুহু	...	১৪৬
আজকে তবে মিলে সবে	...	৩৯৭
আত্ম-অপমান	...	২১৪
আত্মসমর্পণ	...	২৩৯
আত্মাভিমান	...	২১৩
আদরিণী	...	৯৮
আনন্দময়ীর আগমনে	...	১৬৬
আপন প্রাণের গোপন বাসনা	...	৩২৬
আপন মনে বেড়ায় গান গেয়ে	...	১০৫
আপনি কণ্টক আমি, আপনি জর্জর	...	২১৩
আবছায়া	...	১১১
আবার	...	২৫
আবার মোরে পাগল করে দিবে কে	...	২৩৬
আমায় ছজনায় মিলে	...	৭৫২
আমায় বোলো না গাহিতে বোলো না	...	২১৮
আমার এ গান তুমি যাও সাথে করে	...	২০৯
আমার এ গান, মাগো, শুধু কি নিমেষে	...	১৮৪
আমার পরান যাহা চায়	...	৪২১
আমার প্রাণের 'পরে চলে গেল কে	...	৯১
আমার যৌবনস্বপ্নে যেন ছেয়ে আছে	...	১৯৩
আমার সুখ	...	৩৪৯
আমারে কে নিবি ভাই, সঁপিতে চাই	...	৫৬৪
আমারে ডেকো না আজি, এ নহে সময়	...	২১২
আমি এ কেবল মিছে বলি	...	২৩৯
আমি একলা চলেছি এ ভবে	...	৫৪২
আমি করেও বুঝি নে	...	৪৩৪

আমি জেনে শুনে বিষ	...	৪২৫
আমি তো বুঝেছি সব	...	৪৩৭
আমি ধরা দিয়েছি গো আকাশের পাখি	...	১৯৭
আমি নিশিদিন তোমায় ভালোবাসি	...	৫০৬
আমি নিশি-নিশি কত রচিব শয়ন	...	১৮৮
আমি রাত্রি, তুমি ফুল	...	৩৪৭
আমি শুধু মালা গাঁথি ছোটো ছোটো ফুলে	...	১৯৩
আমি-হারা	...	৩৪
আমি হৃদয়ের কথা	...	৪২৯
আয় দুঃখ, আয় তুই	...	১৭
আয় মা, আমার সাথে	...	৪০৩
আর কেন, আর কেন	...	৪৩৭
আর না, আর না, এখানে আর না	...	৪০৭
আরম্ভিছে শীতকাল, পড়িছে নীহারজাল	...	২৯
আরে, কী এত ভাবনা	...	৪০১
আর্তস্বর	...	১০৮
আর্দ্র তীর পূর্ববায়ু বহিতেছে বেগে	...	২৪৭
আশঙ্কা	...	৩৩৩
আশার নৈরাশ্য	...	১২
আহা, আজি এ বসন্তে	...	৪৩৬
আহ্বানগীত	...	২১৮
আহ্বানসংগীত	...	৪৭
উচ্ছ্বল	...	৩৪২
উপকথা	...	১৬৪
উপরে শ্রোতের ভরে ভাসে চরাচর	...	২০৭
উপহার	...	৩৮, ২২৯
উলঙ্গিনী নাচে রণরঙ্গে	...	৫৫৩
এ কি স্বপ্ন	...	৪৩৬
এ কী এ, এ কী এ, স্থিরচপলা	...	৪০৮
এ কী এ ঘোর বন	...	৩৯৯
এ কেমন হল মন আমার	...	৪০১
এ তো খেলা নয়	...	৪৩০
এ ভাঙা সুখের মাঝে	...	৪৩৭
এ মুখের পানে চাহিয়া রয়েছে	...	৩৪২
এ মোহ ক'দিন থাকে, এ মায়া মিলায়	...	২০৩

এ যেন রে অভিশপ্ত প্রেতের পিপাসা	...	২১০
এ শুধু অলস মায়া, এ শুধু মেঘের খেলা	...	২০৫
এইবেলা সবে মিলে চলো হো	...	৪০৪
এই-যে জগৎ হেরি আমি	...	২২
এই-যে হেরি গো দেবী আমারি	...	৪১০
এক ডোরে বাঁধা আছি	...	৩৯৮
একটি মেয়ে একেলা সাঝের বেলা	...	৯৬
একটুখানি সোনার বিন্দু, একটুখানি মুখ	...	৯৮
একদা এলোচুলে কোন্ ভুলে ভুলিয়া	...	২৩৫
একলা ঘরে বসে আছি	...	১০৭
একাকিনী	...	৯৬
একাল ও সেকাল	...	২৪৬
এখন করব কী বল	...	৩৯৮
এত রঙ্গ শিখেছ কোথা মুণ্ডমালিনী	...	৪০৩
এতদিন বুঝি নাই	...	৪৩৭
এতবড়ো এ ধরণী মহাসিন্ধু-ঘেরা	...	১৭৮
এনেছি মোরা, এনেছি মোরা	...	৩৯৭
এমন ক'দিন কাটে আর	...	২১
এমন দিনে তারে বলা যায়	...	৩২৮
এরা পরকে আপন করে	...	৪৮১
এরা সুখের লাগি	...	৪৩৮
এসেছি গো এসেছি	...	৪২৩
এসো এসো, বসন্ত, ধরাতলে	...	৪৩৫
এসো, ছেড়ে এসো, সখী, কুসুমশয়ন	...	২০৪
ও আমার অভিমানী মেয়ে	...	১২৪
ও কী সুরে গান গাস, হৃদয় আমার	...	১৬
ওই আখি রে	...	৪৭৭
ওই কে আমায় ফিরে ডাকে	...	৪৩৩
ওই কে গো হেসে চায়	...	৪২৭
ওই জানালার কাছে বসে আছে	...	৯২
ওই তনুখানি তব আমি ভালোবাসি	...	১৯৮
ওই দেহ-পানে চেয়ে পড়ে মোর মনে	...	১৯৯
ওই বুঝি বাঁশি বাজে	...	৪৮৬
ওই মধুর মুখ জাগে মনে	...	৪৩০
ওই মেঘ করে বুঝি গগনে	...	৩৯৯

ওই শোনো ভাই বিশু	...	৩১৮
ওই-যে সৌন্দর্য লাগি পাগল ভুবন	...	২৬৪
ওকে বলো, সখী, বলো	...	৪২৪
ওকে বোঝা গেল না	...	৪২৮
ওগো এত প্রেম-আশা প্রাণের তিয়াষা	...	১৯০
ওগো, কে তুমি বসিয়া উদাস মুরতি	...	৩১৫
ওগো কে যায় বাঁশরি বাজায়	...	১৯২
ওগো তুমি, অমনি সন্ধ্যার মতো হও	...	৩৪৬
ওগো দেখি, আঁখি তুলে চাও	...	৪২৭
ওগো পুরবাসী	...	৫৬৩
ওগো, ভালো করে বলে যাও	...	৩৩৪
ওগো, শোনো কে বাজায়	...	১৮৮
ওগো সখী, দেখি দেখি মন	...	৪২৯
ওগো সুখী প্রাণ, তোমাদের এই	...	৩৪৪
ওরে আশা, কেন তোর হেন	...	১২
ওরে তুই জগৎ-ফুলের কীট	...	৪৭
ওলো, রেখে দে, সখী	...	৪২২
কখন বসন্ত গেল, এবার হল না গান	...	১৮৭
কত বার মনে করি পূর্ণিমানিশীথে	...	২৭৫
কথা কোস নে লো রাই	...	৩৭৩
কবির, কবে কোন্ কিস্মিত বরষে	...	৩৩৫
কবির অহংকার	...	২১১
কবির প্রতি নিবেদন	...	৩০৯
কল্পনামধুপ	...	২০১
কল্পনার সাথি	...	২০০
কাঙালিনী	...	১৬৬
কাছে আছে দেখিতে না পাও	...	৪২১
কাছে ছিলে দূরে গেলে	...	৪৩২
কাছে যাই, ধরি হাত, বুকে লই টানি	...	২৬৫
কাব্যের তাৎপর্য	...	৯২৪
কালী কালী বলো রে আজ	...	৩৯৯
কাহারে জড়াতে চাহে দুটি বাহুলতা	...	১৯৬
কিসের অশান্তি এই মহাপারাবারে	...	২০৮
কিসের হরষ কোলাহল	...	৬১
কী দোষে বাঁধিলে আমায়	...	৪০১

কী বলিনু আমি	...	৪০৮
কী স্বপ্নে কাটালে তুমি দীর্ঘ দিবানিশি	...	৩৩৯
কুসুমের গিয়েছে সৌরভ	...	১৮৯
কুহুধ্বনি	...	২৫৫
কৃষ্ণপক্ষ প্রতিপদ । প্রথম সঙ্খ্যায়	...	২৫৩
কে ?	...	৯১
কে আমারে যেন এনেছে ডাকিয়া	...	২৩১
কে এল আজি এ ঘোর নিশীথে	...	৪০৫
কে জানে এ কি ভালো	...	৩৩৩
কে ডাকে ! আমি কভু	...	৪২৩
কে তুমি দিয়েছ স্নেহ মানবহৃদয়ে	...	২৭২
কেন	...	২০৩
কেন এলি রে	...	৪৩৮
কেন গো আপন মনে	...	৪০৯
কেন গো এমন স্বরে বাজে তবে বাঁশি	...	২০৩
কেন চেয়ে আছ, গো মা, মুখপানে	...	২১৭
কেন তবে কেড়ে নিলে লাজ-আবরণ	...	২৮২
কেন রাজা ডাকিস কেন	...	৪০৪
কো তুঁহু বোলবি মোয়	...	১৫৩
কোটি কোটি ছোটো ছোটো মরণেরে লয়ে	...	৫৯
কোথা রাত্রি, কোথা দিন, কোথা ফুটে	...	২১৬
কোথা রে তরুর ছায়া বনের শ্যামল স্নেহ	...	১৭১
কোথা লুকাইলে	...	৪০৯
কোথায়	...	১৭২
কোথায় জুড়তে আছে ঠাই	...	৪০৪
কোথায় সে উষাময়ী প্রতিমা	...	৪০৯
কোমল দুখানি বাহু শরমে লতায়	...	১৯৯
কৌতুকহাস্য	...	৯৩১
কৌতুকহাস্যের মাত্রা	...	৯৩৪
কণিক মিলন	...	১৯৪, ২৩৫
কুন্দ্র অনন্ত	...	২০৭
কুন্দ্র আমি	...	২১৪
খেলা	...	৯৯, ১৮৬
গদ্য ও পদ্য	...	৯১৯
গহন কুসুমকুণ্ডলাবে	...	১৪৪

গহনে গহনে যা রে তোরা	...	৪০৫
গান	...	১৯২
গান আরম্ভ	...	৮
গান গাহি বলে কেন অহংকার করা	...	২১১
গান-রচনা	...	২০৫
গান-সমাপন	...	৩৭
গীতোচ্ছ্বাস	...	১৯৪
গুপ্ত প্রেম	...	২৮৪
গোধূলি	...	৩৪১
গ্রামে	...	৯৭
ঘুম	...	১০০
ঘুমা দুঃখ হৃদয়ের ধন	...	১৯
ঘুমিয়ে পড়েছে শিশুগুলি	...	১০০
চরণ	...	১৯৭
চল্ চল্ ভাই, ত্বর করে	...	৪০৫
চলে গেল, আর কিছু নাই কহিবাব	...	১৩
চাঁদ, হাসো হাসো	...	৪৩৭
চারি দিকে কেহ নাই, একা ভাঙা বাড়ি	...	১২৩
চারি দিকে খেলিতেছে মেঘ	...	৮
চারি দিকে তর্ক উঠে সঙ্গ নাহি হয়	...	১৮৩
চিঠি কই ! দিন গেল	...	২৭৭
চিরদিন	...	২১৬
চুম্বন	...	১৯৫
চেয়ে আছে আকাশের পানে	...	১০২
চেয়ে থাকা	...	৭৮
ছাড়ব না ভাই, ছাড়ব না ভাই	...	৪০২
ছিলাম নিশিদিন আশাহীন প্রবাসী	...	২৩৪
ছুঁয়ো না, ছুঁয়ো না ওরে, দাঁড়াও সরিয়া	...	২০৪
ছেলেতে মেয়েতে করে খেলা	...	৯৯
ছোটো ফুল	...	১৯৩
জগৎ-শ্রোতে ভেসে চলো	...	৭৬
জগতের বাতাস করুণা	...	২৭
জগতেরে জড়াইয়া শত পাকে	...	২০৬
জনমিয়া এ সংসারে কিছুই শিখি নি আর	...	৩৭
জন্মেছি নিশীথে আমি, তারার আলোকে	...	১২৫

জলে বাসা বেঁধেছিলেম	...	১৭৫
জাগিবার চেষ্টা	...	২১১
জাগ্রত স্বপ্ন	...	৯২
জীবন আছিল লঘু প্রথম বয়সে	...	২৭৩
জীবনমধ্যাহ্ন	...	২৭৩
জীবনে আজ কি প্রথম এল বসন্ত	...	৪২০
জীবনে জীবন প্রথম মিলন	...	৩২৩
জীবনের কিছু হল না হয়	...	৪০৭
জ্যোতির্ময় তীর হতে আধার সাগরে	...	১০
ঝিকিঝিকি বেলা গাছের ছায়া কাঁপে জলে	...	৯৪
ঢাকো ঢাকো মুখ টানিয়া বসন	...	৩০১
তনু	...	১৯৮
তবু	...	২৪৫
তবু মনে রেখো, যদি দূরে যাই চলি	...	২৪৫
তবে পরানে ভালোবাসা কেন গো দিলে	...	২৮৪
তবে সুখে থাকো সুখে থাকো	...	৪৩১
তারকার আত্মহত্যা	...	১০
তারা সেই ধীরে ধীরে আসিত	...	১১১
তারে কেমনে ধরিবে	...	৪৩১
তারে দেখাতে পারি নে	...	৪২৪
তুমি	...	১৯২
তুমি কাছে নাই ব'লে হেরো, সখা, তাই	...	২১৫
তুমি কে গো, সখীরে কেন	...	৪৩১
তুমি কেন আসিলে হেথায়	...	২৫
তুমি কোন্ কাননের ফুল	...	১৯২
তোমার স্নেহের কোলে	...	৬০৫
তোমারেই যেন ভালোবাসিয়াছি	...	৩৩২
তোরি হাতে বাঁধা খাতা	...	৫৩১
থাক্ থাক্, কাজ নাই	...	৩৪৮
থাক্ থাক্ চুপ কর্ তোরা	...	১৭৩
থাকতে আর তো পারলি নে মা	...	৫৭৫
থাম্ থাম্ কী করিবি বধি	...	৪০৮
দক্ষিণে বেঁধেছি নীড়	...	২৫৮
দাও খুলে দাও, সখী, ওই বাহুপাশ	...	২০২
দিবস রজনী, আমি যেন কার	...	৪২৮

দীন হীন এ অধম আমি	...	৪০৩
দুদিন	...	২৯
দুঃখ-আবাহন	...	১৭
দুখানি চরণ পড়ে ধরণীর গায়	...	১৯৭
দুখের মিলন টুটিবার নয়	...	৪৩৮
দুরন্ত আশা	...	২৯০
দূরে দাঁড়িয়ে আছে	...	৪২৭
দে লো, সখী, দে পরাইয়ে	...	৪২২
দেখ্ দেখ্ দুটো পাখি বসেছে গাছে	...	৪০৭
দেখো চেয়ে দেখো ওই	...	৪২৬
দেখো, সখা, ভুল করে	...	৪৩৩
দেখো হো ঠাকুর, বলি এনেছি মোরা	...	৪০০
দেশশূন্য কালশূন্য জ্যোতিঃশূন্য, মহাশূন্য-'পরি	...	৬৯
দেশের উন্নতি	...	২৯৩
দেহের মিলন	...	১৯৮
দোলা	...	৯৪
দোলে রে প্রলয় দোলে	...	২৬০
ধর্মপ্রচার	...	৩১৮
ধ্যান	...	৩৩০
নববঙ্গদম্পতির প্রেমালাপ	...	৩২৩
নবীন প্রভাত-কনক-কিরণে	...	৯৭
নমি নমি ভারতী, তব কমলচরণে	...	৪০৮
নরনারী	...	৮৯৫
না বুঝে কারে তুমি	...	৪৩৪
নারীর উক্তি	...	২৬৬
নারীর প্রাণের প্রেম মধুর কোমল	...	১৯৫
নিত্য তোমায় চিন্তা ভরিয়া	...	৩৩০
নিদ্রিতার চিত্র	...	২০১
নিন্দুকের প্রতি নিবেদন	...	৩০৬
নিভৃত আশ্রম	...	২৬৫
নিভৃত এ চিন্তমাঝে নিমেষে নিমেষে বাজে	...	২২৯
নিমেষের তরে শরমে বাধিল	...	৪৩২
নিয়ে আয় কৃপাণ	...	৪০১
নির্ঝরের স্বপ্নভঙ্গ	...	৫০
নিশিদিন কাঁদি, সখী, মিলনের তরে	...	২০১

নিশীথচেতনা	...	১২৯
নিশীথজগৎ	...	১২৫
নিশীথে রয়েছি জেগে, দেখি অনিমিখে	...	২০৭
নিষ্ঠুর সৃষ্টি	...	২৪৯
নিষ্ফল কামনা	...	২৪০
নিষ্ফল প্রয়াস	...	২৬৪
নিষ্ফল হয়েছি আমি সংসারের কাজে	...	২১০
নীরব বাঁশরিখানি বেজেছে আবার	...	১৯৪
নূতন	...	১৬২
পত্র	...	১৭৫, ২৫৮
পত্রের প্রত্যাশা	...	২৭৭
পথ ভুলেছিস সতি বটে	...	৪০০
পথহারা তুমি পথিক যেন গো	...	৪২০
পথের ধারে অশথতলে মেয়েটি খেলা করে	...	১৮৬
পবিত্র জীবন	...	২০৪
পবিত্র প্রেম	...	২০৪
পবিত্র সুমেরু বটে এই সে হেথায়	...	১৯৫
পরাজয়-সংগীত	...	৩০
পরিচয়	...	৮৮৫
পরিত্যক্ত	...	১৩, ৩১২
পরিপূর্ণ বরষায় আছি তব ভরসায়	...	২৬৩
পল্লীগ্রামে	...	৯০২
পশ্চিমে ডুবেছে ইন্দু	...	১০৪
পাগল	...	১০৫
পাশ দিয়ে গেল চলি চকিতের প্রায়	...	১৯৮
পাষণী	...	২৭
পাষণী মা	...	১৭৪
পুনর্মিলন	...	৬১
পুরাতন	...	১৬১
পুরুষের উক্তি	...	২৬৮
পূর্ণ করি মহাকাল পূর্ণ করি অনন্ত গগন	...	৬৮
পূর্ণমিলন	...	২০১
পূর্ণিমায়	...	১২২
পূর্বকালে	...	৩৩১
পৃথিবী জুড়িয়া বেজেছে বিষাগ	...	২১৮

পোড়ো বাড়ি	...	১২৩
প্রকাশবেদনা	...	৩২৬
প্রকৃতির প্রতি	...	২৫০
প্রথর মধ্যাহ্নতাপে প্রান্তর ব্যাপিয়া কাঁপে	...	২৫৫
প্রতি অঙ্গ কাঁদে তব প্রতি অঙ্গ-তরে	...	১৯৮
প্রতিদিন প্রাতে শুধু গুন্‌গুন্‌ গান	...	২০১
প্রতিধ্বনি	...	৬৫
প্রত্যাশা	...	২১০
প্রভাত-উৎসব	...	৫৫
প্রভাত হইল নিশি	...	৪৩৪
প্রাঞ্জলতা	...	৯২৮
প্রাণ	...	১৬১
প্রাণ নিয়ে তো সটকেছি রে	...	৪০৬
প্রাণমন দিয়ে ভালোবাসিয়াছে	...	৩৩১
প্রার্থনা	...	২১৫
প্রিয়ে, তোমার টেকি হলে	...	৩৭৩
প্রেমপাশে ধরা পড়েছে দুজনে	...	৪২৮
প্রেমের ফাদ পাতা ভুবনে	...	৪২৪
ফেলো গো বসন ফেলো— ঘুচাও অঞ্চল	...	১৯৬
ঐধু, তোমায় করব রাজা	...	৫১১
ঐধুয়া অসময়ে কেন হে প্রকাশ	...	৬১৭
ঐধুয়া, হিয়া'পর আও রে	...	১৪২
বঙ্কুতাটা লেগেছে বেশ	...	২৯৩
বঙ্গবাসীর প্রতি	...	২১৮
বঙ্গবীর	...	২৯৮
বঙ্গভূমির প্রতি	...	২১৭
বজাও রে মোহন বাঁশি	...	১৪৫
বধু	...	২৭৯
বনে এমন ফুল ফুটেছে	...	৩৭৭
বনের ছায়া	...	১৭১
বন্দী	...	২০২
বর্ষা এলায়েছে তার মেঘময় বেণী	...	২৪৬
বর্ষার দিনে	...	৩২৮
বলব কী আর বলব খুড়ো	...	৪০৬
বসন্ত আওল রে	...	১৩৯

বসন্ত-অবসান	...	১৮৭
বহুদিন পরে আজি মেঘ গেছে চলে	...	১৬৫
বাঁশরি বাজাতে চাহি, বাঁশরি বাজিল কই	...	১৭০
বাঁশি	...	১৮৮
বাকি	...	১৮৯
বাজিবে, সখী, বাঁশি বাজিবে	...	৪৮৬
বাণী বীণাপাণি করুণাময়ী	...	৪০৯
বাদরবরখন নীরদগরজন	...	১৪৮
বাদল	...	১০৭
বার বার সখি, বারণ করনু	...	১৫১
বাসনার ফাঁদ	...	২১৫
বাছ	...	১৯৬
বিচ্ছেদ	...	২৭৬
বিচ্ছেদের শান্তি	...	২৪৪
বিজনে	...	২১২
বিদায়	...	১০১, ৩৪৫
বিদায় করেছ যারে নয়নজলে	...	৪৩৩
বিবসনা	...	১৯৬
বিরহ	...	১৮৮
বিরহানন্দ	...	২৩৪
বিরহীর পত্র	...	১৭৭
বিলাপ	...	১৯০
বুঝি বেলা বহে যায়	...	৩৬৬
বুঝি রে, চাঁদের কিরণ পান করে ওর	...	১০৬
বুঝেছি আমার নিশার স্বপন	...	২৩২
বুঝেছি গো বুঝেছি সজনি	...	২০
বুঝেছি বুঝেছি, সখা, কেন হাহাকার	...	২১৪
বৃথা এ ক্রন্দন	...	২৪০
বৃথা এ বিড়ম্বনা	...	৩২৭
বেলা যে পড়ে এল, জলকে চল	...	২৭৯
বৈজ্ঞানিক কৌতূহল	...	৯৪৬
বৈতরণী	...	২০৬
ব্যস্ত প্রেম	...	২৮২
ব্যাকুল নয়ন মোর, অন্তমান রবি	...	২৭৬
ব্যাকুল হয়ে বনে বনে	...	৪০২

ভদ্রতার আদর্শ	...	৯৪১
ভবিষ্যতের রঙ্গভূমি	...	১৬৯
ভয়ে ভয়ে ভ্রমিতেছি মানবের মাঝে	...	২১৩
ভালো করে যুঝিলি নে, হল তোরি পরাজয়	...	৩০
ভালো করে বলে যাও	...	৩৩৪
ভালোবাস কি না বাস বুঝিতে পারি নে	...	২৪৩
ভালোবাসা-ঘেরা ঘরে কোমল শয়নে তুমি	...	৩৪৯
ভালোবেসে দুখ সেও সুখ	...	৪২৬
ভালোবেসে যদি সুখ নাহি	...	৪২৫
ভিক্ষে দে গো ভিক্ষে দে	...	৩৬৭
ভুল করেছিনু, ভুল ভেঙেছে	...	৪৩৩
ভুল-ভাঙা	...	২৩২
ভুলুবা বু বসি পাশের ঘরেতে	...	২৯৮
ভুলে	...	২৩১
ভুলে গেছি কবে তুমি ছেলেবেলা একদিন	...	৩৮
ভৈরবী গান	...	৩১৫
মঙ্গলগীত	...	১৭৮
মথুরায়	...	১৭০
মধুর বসন্ত এসেছে	...	৪৩৫
মধ্যাহ্নে	...	১১৯
মন	...	৯১১
মনুষ্য	...	৯০৬
মনে আছে সেই প্রথম বয়স	...	৩১২
মনে হয় কী একটি শেষ কথা আছে	...	২২৩
মনে হয় সৃষ্টি বুঝি ঝাঁধা নাই নিয়মনিগড়ে	...	২৪৯
মনে হয় সেও যেন রয়েছে বসিয়া	...	২৭৭
মনেতে সাধ যে দিকে চাই	...	৭৮
মরণ রে, তুঁছ মম শ্যাম সমান	...	১৫২
মরণস্বপ্ন	...	২৫৩
মরি, ও কাহার বাছা	...	৪০০
মরি লো মরি	...	৩৭৮
মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে	...	১৬১
মরীচিকা	...	২০৪
মর্মে যবে মত্ত আশা সর্পসম যোগসে	...	২৯০
মহাস্বপ্ন	...	৬৮


মা কেহ কি আছ মোর, কাছে এসো গবে	...	২১১
মাতাল	...	১০৬
মাধব, না কহ আদরবাণী	...	১৪৯
মানবহৃদয়ের বাসনা	...	২০৭
মানসিক অভিসার	...	২৭৭
মায়া	...	৩২৭
মায়ায় রয়েছে বাধা প্রদোষ-আধার	...	২০১
মিছে ঘুরি এ জগতে	...	৪২৪
মিছে তর্ক— থাক্ তবে থাক্	...	২৬৬
মিছে হাসি, মিছে ঝাঁশি, মিছে এ যৌবন	...	২০৪
মেঘদূত	...	৩৩৫
মেঘের আড়ালে বেলা কখন যে যায়	...	১৬৪
মেঘের খেলা	...	৩২৯
মেঘেরা চলে চলে যায়	...	৩৮০
মোছো তবে অশ্রুজল, চাও হাসিমুখে	...	২১৪
মোরা জলে স্থলে কত ছলে	...	৪১৯
মোহ	...	২০৩
মৌন ভাষা	...	৩৪৮
যখন কুসুমবনে ফির একাকিনী	...	২০০
যদি আসে তবে কেন যেতে চায়	...	৪৮০
যদি কেহ নাহি চায়	...	৪৩৮
যমের দুয়োর খোলা পেয়ে	...	৫০২
যাই যাই ডুবে যাই	...	১২২
যারে চাই তার কাছে আমি দিই ধরা	...	২১৫
যেদিন সে প্রথম দেখিনু	...	২৬৮
যেয়ো না যেয়ো না ফিরে	...	৪২৩
যোগিয়া	...	১৬৫
যোগী	...	১০৪
যোগী হে, কে তুমি হৃদি-আসনে	...	৩৭৮
যৌবনস্বপ্ন	...	১৯৩
রাখ্ রাখ্ ফেল্ ধনু	...	৪০৬
রাঙা-পদ-পদ্যযুগে প্রণমি গো ভবদারা	...	৪০০
রাজা মহারাজা কে জানে	...	৪০২
রাত্রি	...	২০৬
রাহুর প্রেম	...	১১৬

রিম্ ঝিম্ ঘন ঘন রে বরষে	...	৪০৪
লতার লাবণ্য যেন	...	১১৩
শত শত প্রেমপাশে টানিয়া হৃদয়	...	২৫০
শাস্তি	...	১৭৩
শাস্তিগীত	...	১৯
শিশির	...	৩২
শিশির কাঁদিয়া শুধু বলে	...	৩২
শুন সখি, বাজত বাঁশি	...	১৪৩
শুনহ শুনহ বালিকা	...	১৩৯
শুনেছি আমারে ভালোই লাগে না	...	১১৬
শূন্য গৃহে	...	২৭২
শূন্য হৃদয়ের আকাঙ্ক্ষা	...	২৩৬
শেষ উপহার	...	৩৪৭
শেষ কথা	...	২২৩
শোন্, তোরা তবে শোন্	...	৩৯৮
শোন্, তোরা শোন্ এ আদেশ	...	৪০১
শ্যাম, মুখে তব মধুর অধরমে	...	১৪৭
শ্যাম রে, নিপট কঠিন মন তোর	...	১৪১
শ্যামা, এবার ছেড়ে চলেছি মা	...	৪০৮
শ্রাস্তি	...	২০২, ২৭৫
শ্রাবণে গভীর নিশি	...	১০৮
শ্রাবণের পত্র	...	২৬৩
সংগ্রাম-সংগীত	...	৩৩
সংশয়ের আবেগ	...	২৪৩
সকল বেলা কাটিয়া গেল	...	২৮৬
সকল হৃদয় দিয়ে ভালো বেসেছি যারে	...	৪৩১
সকলে আমার কাছে যত কিছু চায়	...	২১০
সখা, আপন মন নিয়ে	...	৪২৫
সখি লো, সখি লো, নিকরুণ মাধব	...	১৫০
সখী, বহে গেল বেলা	...	৪২২
সখী, সাধ করে যাহা দেবে	...	৪২৯
সখী, সে গেল কোথায়	...	৪২১
সজনি গো, শাঙন গগনে যোর ঘনঘটা	...	১৪৭
সজনি সজনি রাধিকা লো	...	১৪২
সতিমির রজনী, সচকিত সজনী	...	১৪৪

সত্য	...	২১৩
সঙ্ক্যা	...	৭
সঙ্ক্যা যায়, সঙ্ক্যা ফিরে চায়	...	২০৫
সঙ্ক্যায়	...	৩৪৬
সঙ্ক্যায় একেলা বসি বিজন ভবনে	...	২৬৫
সঙ্ক্যার বিদায়	...	২০৫
সমাপন	...	৮৩
সমুদ্র	...	২০৮
সম্মুখে রয়েছে পড়ি যুগ-যুগান্তর	...	১৬৯
সর্দার মশায়, দেরি না সয়	...	৪০৬
সহে না, সহে না, কাঁদে পরান	...	৩৯৭
সাধ	...	৮০
সারাবেলা	...	১৯০
সিঙ্কুগর্ভ	...	২০৭
সিঙ্কুতরঙ্গ	...	২৬০
সিঙ্কুতীরে	...	২১২
সুখশ্রমে আমি, সখী, শ্রান্ত অতিশয়	...	২০২
সুখস্বপ্ন	...	৯২
সুখে আছি, সুখে আছি সখা	...	৪২৬
সুখের বিলাপ	...	১৪
সুখের স্মৃতি	...	১০২
সুদূর প্রবাসে আজি কেন রে কী জানি	...	২০০
সুরদাসের প্রার্থনা	...	৩০১
সৃষ্টি স্থিতি প্রলয়	...	৬৯
সে জন কে সখী	...	৪৩০
সে যখন বিদায় নিয়ে গেল	...	১০৯
সেই ভালো, তবে তুমি যাও	...	২৪৪
সেই শান্তিভবন ভুবন	...	৪৩২
সৌন্দর্য সম্বন্ধে সন্তোষ	...	৯৩৮
সৌন্দর্যের সম্বন্ধ	...	৮৯০
স্তন	...	১৯৫
স্তম্ব বাদুড়ের মতো জড়িয়ে অযুত শাখা	...	১২৯
স্নেহময়ী	...	১১৪
স্বপ্ন যদি হ'ত জাগরণ	...	৩২৯
স্বপ্নরুদ্ধ	...	২১০

স্মৃতি	...	১৯৯
স্মৃতি-প্রতিমা	...	১১০
স্রোত	...	৭৬
হউক ধন্য তোমার যশ	...	৩০৬
হম যব না রব সজনী	...	১৫১
হয় কি না হয় দেখা	...	১৭৭
হরি তোমায় ডাকি	...	৭১৪
হলাহল	...	২১
হা, কী দশা হল আমার	...	৪০৩
হায় কোথা যাবে	...	১৭২
হায় হায়, জীবনের তরুণ বেলায়	...	৩৪
হাসি	...	২০০
হাসিতে ভরিয়ে গেছে হাসিমুখখানি	...	১১৪
হৃদয়-আকাশ	...	১৯৭
হৃদয় আজি মোর কেমনে গেল খুলি	...	৫৫
হৃদয়-আসন	...	১৯৯
হৃদয় কেন গো মোরে ছলিছ সতত	...	১৭৪
হৃদয়ক সাধ মিশাওল হৃদয়ে	...	১৪০
হৃদয়ের গীতিধ্বনি	...	১৬
হৃদয়ের ধন	...	২৬৫
হৃদয়ের ভাষা	...	১৭৪
হৃদয়ের সাথে আজি	...	৩৩
হে ধরনী, জীবের জননী	...	১৭৪
হেথা কেন দাঁড়ায়েছ, কবি	...	৩০৯
হেথা নাই ক্ষুদ্র কথা, তুচ্ছ কানাকানি	...	২১২
হেথা হতে যাও, পুরাতন	...	১৬১
হেথাও তো পশে সূর্যকর	...	১৬২
হেদে গো নন্দরানী	...	৩৬৪
হেরো ওই বাড়িতেছে বেলা	...	১১৯
হেলাফেলা সারাবেলা	...	১৯০

सुगत सरकरप



সুভদ্রা সরকার

